Sir, I next come to the refugee problem. It is said in the Governor's speech that because the density of population in West Bengal is 800 per sq. mile, so there is no room for more refugees and they say that more than 31.85 lakhs or roughly 32 lakhs of refugees have come and outside Bengal there has been arrangement for only 20,000 people. At least in the Governor's speech I find it and I do not know anything else. 27,000 refugees were sent to Bihar, 5,392 to Orissa and 871 to Saurastra—altogether only 33,000. There is a promise that 2 lakh acres of land in other States were reported to be fit for rehabilitation. They cannot say exactly whether the land is fit for rehabilitation; they say "reported to be fit for rehabilitation". Let us assume that it is correct that the area is fit for rehabilitation. These 2 lakh acres mean 310 sq. miles and if you put in 500 people per sq. mile—which is more or less the density of population in rural areas of West Bengal, this 800 density per sq. mile is due to high density of population in Calcutta and the suburbs, it is not more than 500 on the average in the rural areas or it may even be a little less—so even if you put in 500 per sq. mile, it will be only 1 lakh 50 thousand. West Bengal cannot accommodate more. In other places also you can accommodate only 1 lakh 50 thousand but where the rest will go? They will either die or they will have to live in air. Neither this Government nor the Government of India has the courage to say "we promised to the East Bengal people that if they come over here, we shall give them whatever we can. We shall give them shelter and they will share the joys and sorrows of the people of India equally". But do they share the joys and sorrows of the people of West Bengal equally? I say "no". Even this book says that 35 per cent of the tubercular patients comes from the refugees and it also admits that 30 per cent. of the beds in hospitals are occupied by refugees. Therefore they have greater share of the sufferings but less share of the joys. I will tell the people of West Bengal and the Government of West Bengal to give them the joys and sorrows equally and the Government of India can also say that these people will share the joys and sorrows of India equally. Then they will have no reason to complain. But they do not say that.

Then I come to the question of the Bettiah camp. There was trouble about the Bettiah camp. I do not want to go into the details. Bettiah is situated in Tirhut division of Bihar. During the inter-State controversy between our Chief Minister, Dr. B. C. Roy and the Chief Minister of Bihar, Dr. Srikrishna Sinha, the latter said that the density of population in Tirhut division was more than one thousand per sq. mile. So you have sent these 27,000 people in an area where the density of population is more than 1,000 per sq. mile. I cannot understand where you will rehabilitate them. If it is the transit camp, you can keep the transit camp here and where there is possibility of rehabilitating, you can send them there for rehabilitation.

Then take the case of the Andamans. I had been to Andamans several years back to see whether there was any possibility of rehabilitation of the refugees there. I even asked the people of East Bengal to go to the Andamans as there was the possibility of rehabilitating at least 50,000 people there, not all on a sudden but gradually, say within five years. But

what has been done by the West Bengal Government? There is no mention of that in the Governor's speech. Although it has given a resume, it has not merely given one year's resume but it has given a resume more or less for the last ten years. They have spent 86 crores altogether. Fifty-thousand people could have been sent to the Andamans by now but they are only trying to place them in Bettiah where the density of population is more than 1,000 per sq. mile. But I am glad about one sentence here in the Governor's speech. It says "arrangements have been made by my Government and also by the Central Rehabilitation Ministry to send different persons to the camp sites in Bettiah to see for themselves the conditions prevailing there". I will tell you now about this. There was a complaint in the past that some refugees deserted a camp in a neighbouring State. I myself wrote a personal letter to the Chief Minister of the State, who was a friend of mine in the Congress, saying that this is the report. "You yourself enquire into the matter personally and let me know whether that report is correct or incorrect. Do not send any officer. Do not send X, Y or Z but you look into the matter personally and let me know whether this is right or not". He did not write a letter to me. When he came to Calcutta, he telephoned me from the Government House saying that he would like to meet me. At that time I was just starting for a meeting and so I told him that I would be back after two hours when we could meet. He said that in two hours he would leave for Delhi. He left for Delhi and so we could not meet. But I never received a reply from him. The conclusion that I can draw from this is that probably there was something which he could not write to me but could only tell me personally. That is the conclusion which I have arrived at. About this Bettiah camp also I told my friend Shri Sibnath Banerjee, who took a leading part in the agitation—when he talked about Satyagraha—that if I were you, I would have gone to Bettiah myself. He said that Dr. Roy did not encourage this idea, did not like this idea. I told him that even if Dr. Roy did not like the idea, in Bettiah Dr. Roy was not the authority. There the authority is either the Central Rehabilitation Ministry or the Chief Minister of Bihar. You should approach them, you should write to them. If they refuse, then you say "what can I do? I have no other alternative but to do this".

[5-35—5-45 p.m.]

So the attitude of the Chief Minister is sometimes not very helpful. But I am glad that even after this Satyagraha—after these sufferings undergone by the people—this non-official opinion will be counted. I have told Shri Sibnath Banerjee that if you go there and find the condition good you should have the courage to tell the refugees to go back; and if you find the condition not good you should have the courage to say that you must not obey the Government order at all. The refugee problem is not a problem of party politics; no side should indulge in party politics with the refugees because they are a band of suffering humanity. Neither the Congress nor any other side should deal with the refugee problem in that way.

Within the short time at my disposal I cannot deal with all the problems but I shall deal with two more things—one relates to the Five Year Plan—I will refer to the educational problem. It has been admitted that our educational institutions and the Calcutta University are producing mostly unmarketable commodities. Dr. Roy himself says that out of 78,000 only 1,200 students passed in the First Division. There is provision for students who hav passed in the First Division but no provision can be made for those who have passed in the Third Division but the vast bulk of the people —70 or 80 per cent. of the students pass in the Third Division. Therefore, the educational condition is that with all our efforts and with all our schemes the University produce mostly unmarketable commodities.

It is said that there is want of technical personnel—there is want of this —there is want of that. Why? After the attainment of independence we have been sending more and more students to Europe and America and if they are of no use what is the good of sending them abroad and wasting foreign exchange on them. When the budget discussion comes up I will deal with the educational problem in greater detail but I cannot do it now—because I do not want to take one minute more than the time prescribed for me.

Now, about the Five-Year Plan it is stated in the Governor's Address that crores of rupees will be spent—it is said on education will be spent 21.30 crores; Health and Sanitation Rs. 19.96 crores; Agriculture and Animal Husbandry Rs.14.01 crores; Industries Rs.9.48 crores; Irrigation and Power Rs. 30.40 crores. Can the Minister say after we spend all this money during the five years that the people who survive this famine and stress and strain will get a balanced diet? The Chief Minister can get it and I can get it. I say I get a balanced diet, and the Ministers get more than a balanced diet. Will they get the balanced diet that you and I get—will the mass get it as a result of this Plan? If they do get it, then I will go to the masses and tell them to suffer for five years—but otherwise it will not do to tell the masses to suffer, suffer and suffer and to co-operate and co-operate—nobody will co-operate. If the Secretaries who draw a salary of Rs. 4,000 a month say that they will take only Rs. 2,000 and then if they go to the people the people will listen to them. Our revered Prime Minister says that he has a daughter and the daughter has two sons; he says "I cannot manage with Rs. 1,600; unless I get the royalty from my books I cannot manage"—although the house is free and the conveyance is free. If he cannot do that with that money, and if you force the people to tighten their belt there will be anarchy and chaos in the country. Unless there is tightening of the belt at the top, people will not listen. If there is tightening of the belt at the top, they will listen to you, they will co-operate with you but they do not want to co-operate on this term. I have no enmity with my Congress friends personally but the policy they are following is entirely erroneous. If, as a result of the Five-Year Plan, they could say that they will give us this I would be the first man to welcome them; but what is happening? As regards planning, the Government say that they are encouraging cottage industries but what cottage industries? My friend Shri Prafulla Chandra Sen has given permission for 27 hulling machines in Sutahata thana where there are only 3 or 4 and after giving permission for so many hulling machines in that area you speak of encouraging paddy husking by *dhenki*—that is not proper. Unless you demarcate the spheres of cottage industries and big industries, you will be wasting your money.

With these words I say that the Governor's Address has been unsatisfactory as the Government have not clearly enunciated what they are going to give. It is full of errors of omission and commission. I hope you will take into serious consideration what I have said.

Sj. Shyamadas Bhattacharyya: Mr. Speaker, Sir, following the example set by the previous speakers I shall speak in English on this occasion. I would like very much to reply to certain fantastic charges which Sj. Jyoti Basu made a few minutes ago. He says that the Congress captured votes by any means whatsoever, that the Congress resorted to undemocratic methods. I say only this much that it does not lie in the mouth of my Communist friends to talk of democracy. You all know to what extent of violence and undemocratic method our Communist friends went. Even now—when the elections are over—in areas where they hold their sway—in certain villages—I know personally people who stood by Congress and who stand by Congress are being publicly intimidated and sometimes

publicly beaten. *Cases of looting and arson have also been reported. Sj. Jyoti Basu also said that Government took advantage of the situation caused by floods.* I can only say this much that the Government did only their plain duty and why should the Communist leader blame Government for doing their duty. I know there are certain people who welcome this sort of calamity and who want to make political capital out of the distress of the people.

[5-45—5-55 p.m.]

I believe my friend, Shri Jyoti Basu was not one of them, but it is no use condemning Government for sending relief at the proper time and in required quantities. I can also say this that no relief was distributed from Congress organisation from the Government sources. The Congress organisation distributed its own relief. If the Communist Party failed to do their humanitarian duty and thus lost hold on the people, they cannot blame the Government or the Congress for that. Sir, the Government have made considerable strides in various spheres in the sphere of education, agriculture, irrigation, road construction and various other spheres. The Department of Public Health deserves special mention. None of the previous speakers have anything to say against the Public Health Department From this department battle against disease and pestilence has been successfully carried on. Malaria is almost eradicated and cholera is under control and effective measures for control of T. B. have been undertaken. Still, Sir, I would put in a word or two. In view of the congestion in the hospitals, I believe Government should take measures for early establishment of rural health centres and hospitals where people may enjoy medical facilities within their easy reach. I know, Sir, of cases where people have deposited money for opening health centres at the instance of the Government and no health centres or hospitals have been opened for them up till now. I know, Sir that the House is aware of the fact that there is acute scarcity of drinking water in many parts of West Bengal In Midnapore, for example, according to statistics which we got about two years ago, there are twenty lakhs people living in six thousand villages which have no source of drinking water open for them. Therefore, Sir, I would urge upon the Government that water supply should be given first priority in all developmental schemes. I believe, Sir, that this is a primary amenity of life to which these very people are entitled. Sir, regarding education, I believe the Government deserves special congratulation. Remarkable progress has been achieved in the field of education. Total enrolment in primary and secondary schools and also in colleges, as everybody knows, has increased considerably but qualified teachers are needed not only in the secondary schools but also in the colleges to make the education reform scheme a success. Sir, we are glad to see that it has been stated that suitable provision of higher pay for teachers of secondary schools will be made. I sincerely hope that suitable provision for higher scales of pay should be made. I know, Sir, that at the present rate of pay at the schools and colleges, particularly non-Government colleges, qualified teachers are not easily available. I believe, Sir, that the scales of pay which should be ultimately offered to the teachers should compare favourably with the scales now offered by Government offices and must be sufficient to give them a tolerable standard of living. In spite of the very remarkable progress which has been achieved in different spheres, the position continues to be uneasy. In fact, the serious food situation of the country should be viewed with some sort of alarm. There is something basically wrong in the Governmental statistics as well as in their general approach to this very important and great problem of ours. According to Government statistics there should be no deficit of food in the

country. People will naturally ask why is then the rise in food prices? Three possible explanations have been given—the first two of which will be open to serious criticism. To suggest even remotely that people eat more rice per head and that has caused the rise in food prices appears to be unjust and unkind. Possibly, some people consume more than they require but I do not think that their number is large and numerically they do not count. The difference between the living standards of the rich and the poorer sections has increased and the richer sections do indulge, I know, in much wastage of food, but the average common man, Sir, lives in chronic poverty and in chronic hunger most of the year and he gets less rice than that with which he can satisfy his hunger. This is too true a picture now. Although the overall shortage of food is possibly small, the common man does not get what he requires even in terms of rice not because there is enough to go round but because he lacks purchasing power to buy food and then he has no employment now in most of the year and because he has no employment, he has no purchasing power to buy food. I believe we lose sight of these basic factors in our economic life and therefore all the Government statistics appear to be meaningless in actual life. It is also not very wise to emphasise that the agriculturists are hoarding in expectation of higher prices and that the total quantities stored by them are considerable. I do not subscribe to this view. Such statements may or may not be true. I have my own doubt about that but in any case, Sir, such statements have a very unfortunate psychological and emotional reaction. People in general would have a feeling that it is the common man as here or as everywhere else who is called upon to make a sacrifice and on whom the heavier burden should be placed. Therefore, we point our accusing finger to the so-called wealthy agriculturists who may put aside something for the future against the rainy day. We should be very much vigilant about the activities of the speculative traders and merchants who have been hoarding in the expectation of making large and unjust gains at the cost of the people. But nothing has been said against them and about them. The merchant community, Sir, in general has not behaved as fairly as was expected of them. They have by their activities and their greed caused panic giving rise to higher prices and they have heaped misery upon the people. In the present instance their speculating activities constitute, in my view, the main cause of rise in food prices, and I urge upon the Government to move the Central Government for stricter law than the law just passed in the Central Legislature to deal with them and to prevent their anti-people activities. People are sick of this repeated cycle of rise in food prices and scarcity of foodgrains against the Government announcement of bumper crop—surplus production supported by imposing statistical figures. We must put an end to all this state of affairs. We cannot allow some people to gamble in food—we cannot allow our people to suffer from year to year on account of this state of affairs—we cannot allow the food situation to go out of control in this fashion every year. Sir, people will gladly welcome any control measures which the Government may devise with the consent of the House and with the consent of the people over the activities of big producers and merchants to prevent their indulging in speculation in foodgrains, and Government, in my view, should assume responsibility of maintaining and procuring sufficient stocks to curb the tendency of rising prices in the present day fashion.

[5-55—6-5 p.m.]

Sir, lack of present control in the sphere of trade in rice leads to serious results. I know of one particular station in Midnapur, in the course of one week 140 wagon loads of rice went out to distant places and in the same place people were starving and rice may have to be moved in from outside

to feed the people. Dr. Ghose was saying that people have been asked to make sacrifices for making the Plan a success. I believe we have got to call upon the people to make the Plan a success. We cannot get away from it. Sir, in a poor country as ours if a Plan has to be successful all sections of people will have to give contribution and adequate resources will have to be raised to make the Plan a success because our very future depends upon the success of this Plan. I know, Sir, that people, however, will be induced to believe that the Plan is for their good, that the Plan will lead to their welfare and I believe that the people will be prepared to pay additional taxes and to undergo more suffering and hardship provided certain conditions are fulfilled. The first is this that the requisite atmosphere of simplicity and austerity prevails, and secondly, Government should devise ways and means to reduce expenditure and to reduce salary scale and dearness allowance of certain highly paid officers, and Sir, the third is, to stop evasion of direct taxes which is in the tune of 200 to 300 crores. This criminal evasion, Sir, should be stopped—specially of broad bellies. Sir, the common people must be fully convinced of our Government measures that the benefits are for them, which unfortunately have not yet visibly touched them. People must feel that every pie that is paid by them is spent for their welfare and that the money which they contribute by way of taxation will be spent for those sections of the people who require assistance most. I should also say that every possible step should be taken to collect taxes from the richer sections before we go to the lower income group of the people and poorer sections of the people, and lastly, strict vigilance of Government on Government expenditure and a thorough check on corruption now rampant will have to be maintained. With these words I associate myself with the respectful Address which is to be presented to the Governor for her most excellent speech.

Sj. Hemanta Kumar Basu:

স্পীকার মহোদয়, ভারতবর্ষে ব্রিটিশ শাসনের অবসানের পূর্বে অ্যাসেমব্লিতে ইংরাজীতে বক্তৃতা করতাম। কিন্তু ব্রিটিশ শাসনের অবসানের পর বাংলাদেশের আইনসভায় আমরা বাঙালীরই প্রতিনিধি হয়ে আসি। কাজেই সেই দিক থেকে আমি বাংলায় বলা পছন্দ করি এবং বাংলায়ই ব'লে থাকি।

রাজ্যপাল মহাশয় যে বক্তৃতা এই হাউসে দিয়েছেন সেই বক্তৃতার মধ্যে যেসমস্ত প্রশ্ন আমাদের সামনে রয়েছে সেই সমস্ত প্রশ্নের সমাধানের কোন পন্থা বা স্কীম আমাদের সামনে উপস্থিত করেন নি। তিনি গভর্নমেন্টের মুখপাত্র হিসাবে বিভিন্ন বিভাগে "গয়ং গচ্ছ"ভাবে যেভাবে কাজ চলছে তার একটা ফিরিস্তি আমাদের সামনে উপস্থিত করেছেন। আমরা ভেবেছিলাম যে, দ্বিতীয় সাধারণ নির্বাচনের পরে নূতন দৃষ্টি নিয়ে, নূতন চিন্তা নিয়ে আমাদের কাছে গত ১০ বছর কংগ্রেসের হাতে ক্ষমতা আসার পর দেশে যে অভাব, যে দুঃখ-দারিদ্র্য, যে বেকার সমস্যা দিন দিন বেড়ে চলছিল তার একটা সমাধানের পথ আমাদের দেখাবেন। প্রথম পঞ্চবার্ষিকী পরিকল্পনা শেষ হয়ে গেল, দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনা আমাদের সামনে উপস্থিত, কিন্তু কোন পরিকল্পনাতেই আমাদের খাদ্য, স্বাস্থ্য, শিক্ষা এবং বেকার-সমস্যা সমাধান যে কতদিনে হবে তা আমাদের সামনে উপস্থাপিত করতে পারেন নি। কাজেই রাজ্যপালিকার ভাষণ সেদিক থেকে বিশেষ সন্তোষজনক ব'লে আমি মনে করছি না। চতুর্দিকে আজ হাহাকার আরম্ভ হয়েছে, দুর্ভিক্ষের করাল ছায়া সারা বাংলার উপর পড়েছে, এবং সংবাদপত্রে দেখতে পাচ্ছি যে, বাংলাদেশের বহু জেলায় আজ খাদ্যাভাবে মানুষ আত্মহত্যা করবার জন্য চেষ্টা করছে। যে গ্রুয়েল কিচেন করা হচ্ছে তাতে ক'রে সমস্ত মানুষের এক-বেলা পেট ভ'রে সেখান থেকে খাওয়ার ব্যবস্থাও হচ্ছে না। খাদ্যমন্ত্রী মহাশয় এর পূর্বের অধিবেশনে বলেছিলেন যে, খাদ্যের অভাব হবে না, আমরা তার জন্য সব সময়েই প্রস্তুত আছি। কিন্তু আজকে আমরা দেখতে পাচ্ছি চারিদিকেই খাদ্যের অভাব এবং দারুণ হাহাকার। আমরা বিরোধীপক্ষ থেকে সতর্কবাণী উচ্চারণ করেছিলাম, কিন্তু সে কথা তাঁর কানে প্রবেশ করে নি।

কাজেই আজকে এই খাদ্য পরিস্থিতি অত্যন্ত জটিল অবস্থায় এসে দাঁড়িয়েছে। আজ ত বছরের মাত্র ৬ মাস। এখনই যদি এই অভাব হয় তা হ'লে বাকি ৬ মাস যে কি করে কাটবে সেই ভয়াবহ চিত্র কল্পনা করে বিশেষ চিন্তিত হয়ে পড়েছি। অথচ উনি বলেছিলেন যে, এ বছর ৪৩ লাখ টন খাদ্য উৎপন্ন হয়েছে। তা হ'লে খাদ্য কোথায় আছে তা খ'ুজে বার করা প্রয়োজন। ভারত গভর্নমেন্টের কাছেও খাদ্যের চাহিদা চলেছে। ৪ লক্ষ টন চালের নাকি অভাব হয়েছে। ভারত গভর্নমেন্ট ত ১ লক্ষ টন চাল এবং বাকি গম দিতে রাজি হয়েছেন। কিন্তু আমার জিজ্ঞাস্য হচ্ছে যে, বাংলাদেশে যে খাদ্য উৎপন্ন হয়েছে ব'লে মন্ত্রীমহাশয় বলেছেন, সে খাদ্য আজ এ ৬ মাসে কোথায় উধাও হয়ে গেল? সে খাদ্য নিশ্চয়ই কোথাও না কোথাও আছে।

[6-5—6-15 p.m.]

গত সেপ্টেম্বর মাসে আমি যখন মন্ত্রীমহাশয়ের সঙ্গে দেখা করেছিলাম, চালের দর তখনই বাড়তে আরম্ভ করেছিল। এবং চালের দর যখন ২৫-২৬ টাকা হয়েছিল তখন আমরা বলেছিলাম, আপনারা রিজার্ভ ব্যাঙ্ক থেকে যেসমস্ত লোকদের টাকা অ্যাডভান্স করেছেন সেইসমস্ত লোকদের কাছে, যারা এই সমস্ত চাল গুদামজাত করে রেখেছে, আপনারা রিজার্ভ ব্যাঙ্কের কাছ থেকে খবর নিয়ে, সেই চাল বাজারে বিক্রয়ের জন্য দিন। কিন্তু খাদ্যমন্ত্রী ও প্রধানমন্ত্রী বলেছিলেন সে বিষয়ে আমাদের কোন আইন নেই। শেষে সর্বভারতের জনসাধারণের চাপে পড়ে, তাদের আন্দোলনের ফলে, আজ ভারত সরকার একটা আইন প্রণয়ন করতে বাধ্য হয়েছেন। কাজেই আজকে এই যে খাদ্যের দুরবস্থা এর জন্য সরকারী নীতি সম্পূর্ণ দায়ী সে বিষয় কোন সন্দেহ নেই। তিনি বলেছেন যে, তাঁরা প্রায় হাজার পাঁচেকের উপর ফেয়ার প্রাইস্‌ সপ্‌ খুলেছেন এবং আরও হাজার দেড়েক খোলবার ব্যবস্থা করেছেন। কিন্তু এই সবের দ্বারা দুর্ভিক্ষ অঞ্চলের সেই সব লোকদের কোন রকম খাদ্যের সুরাহা হচ্ছে না, যতই দিন যাচ্ছে, ততই আমরা সংবাদপত্রে বিভিন্ন জেলার খুব দুঃখজনক পরিস্থিতি দেখতে পাচ্ছি; এবং সরকার এ বিষয় যে কতখানি সজাগ সচেতন সে বিষয়ে কোন নীতি গ্রহণ করতে আমরা দেখতে পাচ্ছি না। কাজেই সে দিক থেকে সরকারের উপর আমাদের অভিযোগ যে, সরকার সময়মত, অর্থাৎ যে সময় আমি বলেছিলাম সেই সময় যদি তাঁরা খাদ্যনীতি পরিবর্তন করতেন তাহ'লে এই জিনিস, এই দুরবস্থা ঘটত না।

তারপর দেখা যাচ্ছে যে, বেকার সমস্যা বাংলায় ক্রমেই বেড়ে চলেছে। প্রথম পঞ্চবার্ষিকী পরিকল্পনায় তাঁরা বলেছিলেন যে, এক কোটি লোকের বেকারসমস্যা সমাধান করবেন। কিন্তু আজ পর্যন্ত কত লোকের করেছেন তার কোন হিসাব আমরা রাজ্যপালিকার বক্তৃতার মধ্যে পাই নি, বা সরকারীভাবে গভর্নমেন্টের কাছ থেকে কিংবা মন্ত্রীর কাছ থেকেও পাই নি যে, এত লোকের বেকার-সমস্যা তাঁরা প্রথম পঞ্চবার্ষিকী পরিকল্পনায় সমাধান করতে পেরেছেন। দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনাতেও যে তাঁরা করতে পারবেন সে রকম কোন আভাস আমরা পাই নি।

বাংলাদেশে প্রায় একশোর মধ্যে ২৭·৩ জন বেকার আছে। মিডিল্‌ ক্লাসএর ভিতর একশোর মধ্যে প্রায় ৪৭ জন বেকার আছে। শহরের লোকদের ভিতর প্রায় ৪·৫ লাখ লোক বেকার, এবং গ্রামে প্রায় ৫ ৬ লাখ লোক বেকার। এই ১০ লক্ষ লোক বেকার এবং প্রতি বছর আমাদের মুখ্যমন্ত্রী মহাশয় যে স্টেটমেন্ট ক'রে থাকেন তাতে দেখা যাচ্ছে যে, প্রত্যেক বছরেই বেকারের সংখ্যা বেড়ে যাচ্ছে এবং দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনার শেষে প্রায় ১৬·১ লক্ষ লোক বেকার হবে। আমরা প্ল্যান করলাম, সব কিছু করলাম, শিল্প বাড়ালাম, কৃষির উন্নতি করলাম, কিন্তু বেকারের সংখ্যা যদি সেই অনুসারে বেড়ে যায় তা হ'লে এই সমস্ত উন্নতি করার কোন মূল্য থাকে না। আমাদের দেশে লোকসংখ্যা বেড়ে গিয়েছে বলে লোক-সংখ্যা যাতে কমে তার জন্য পণ্ডিত নেহরু সেদিন বক্তৃতা করেছেন। কিন্তু চায়নাতে, সেখানে ৪০ থেকে ৫০ কোটি লোক বেড়েছে; সেখানে বেকার-সমস্যা নেই; সব মানুষ কিছু কিছু কাজ পেয়েছে; তাদের কাজের ও খাবারের ব্যবস্থা হয়েছে। আমাদের দেশে সেই সমস্ত সমস্যার সমাধান হচ্ছে না; তার মানে হচ্ছে গোড়ায় গলদ রয়েছে। সমাজতন্ত্রবাদ তাঁরা প্রতিষ্ঠা করতে চান, কিন্তু সেই সমাজতন্ত্রবাদের যাঁরা শাসক, ধনী প'ুজিপতি, তাদের অবাধে

শোষণের সুযোগ দেওয়া হচ্ছে এবং কোটি কোটি টাকা তাদের শোষণে আছে; বিদেশী পুঁজিপতিরা এসে এদেশের বহু টাকা শোষণ করে নিয়ে যায়। যদি এই শোষণের পথ বন্ধ না হয় তা হ'লে আমাদের দেশে এই যেসমস্ত পরিকল্পনা করা হচ্ছে তা কখনই সফল হবে না, এবং দেশে বেকার-সমস্যা আরও বেড়ে যাবে। পঞ্চবার্ষিকী পরিকল্পনার ক্ষেত্রে অনেক বিষয়ে আমাদের মতভেদ আছে। পরিকল্পনা আমরা চাই। কিন্তু দেখতে হবে সেই পরিকল্পনার দ্বারা প্রত্যেক পাঁচ বছর পরেতে দেশে কতখানি বেকার-সমস্যা সমাধান হ'ল, কতখানি লোকের আয় বাড়লো, কতখানি লোকের স্বাস্থ্যের উন্নতি হ'ল; সেই সব দিক থেকে যদি আমরা বুঝতে না পারি, দেখতে না পারি, তা হ'লে এই সমস্ত পঞ্চবার্ষিকী পরিকল্পনার দ্বারা কোন লাভ বা কাজ হবে না। আজ দেখা যাচ্ছে যে, গরিবের উপর ট্যাক্সের বোঝা চাপান হচ্ছে। আমরা বারবার বলেছি, টাকা অন্য জায়গায় আছে। কল্‌ডিন্‌ সাহেব একজন বৃটিশ অর্থ-নীতিবিদ, তিনি এদেশের ইনকাম ট্যাক্সএর বিষয় অনুসন্ধান করে স্পষ্ট বলেছেন যে, দুশো থেকে তিন শো কোটি টাকা বিদেশী পুঁজিপতিরা ফাঁকি দেন। সেই টাকা যদি আদায় করা যায়, তা হ'লে এত ট্যাক্সের বোঝা গরিব জনসাধারণের উপর আসত না। সেদিন সংবাদপত্রে দেখলাম সেল্‌স ট্যাক্সের ব্যাপারে যে কতকগুলি লোক চোরাকারবারী ক'রে ৫ লক্ষ টাকা সেলস্‌ ট্যাক্স ফাঁকি দিয়েছে। এইরকমভাবে বড় লোক, বড় বড় পুঁজিপতিরা টাকা ফাঁকি দিচ্ছে, অথচ গরিব জনসাধারণকে বলা হচ্ছে, তোমাদের ত্যাগ করতে হবে। তারা কি ত্যাগ করবে? যারা আজকে এমন একটা ভিখারীর অবস্থায় এসে দাঁড়িয়েছে, তাদের ত্যাগ করতে বলা মানে তাদের পদদলিত বা তাদের প্রতি পরিহাস করা। তাদের এই ত্যাগের জন্য কোন উৎসাহ থাকতে পারে না। বাস্তবিক ডাঃ ঘোষ যা বলেছেন—আমাদের দেশের মধ্যে বড় বড় কর্মচারী, পুঁজিপতি আছেন, মন্ত্রীরা আছেন, তাঁরা তাদের আয়ের পথ ঠিক রেখেছেন, অথচ জনসাধারণের উপর চাপ দিয়ে বলা হচ্ছে, তোমরা ত্যাগ করো। তাদের উপর করভার চাপান হচ্ছে, যা তাদের পক্ষে সহ্য করা সম্ভব নয়। যে কর বা টাকা আদায় করবার অন্য পথ রয়েছে, যেখানে ধনীরা বা পুঁজিপতিরা টাকা ফাঁকি দিচ্ছে, তাদের কাছ থেকে টাকা নেওয়া উচিত।

আর একটা ব্যাপার প্রত্যেকবারই গভর্নরের স্পিচের সময় ব'লে থাকি, সেটা হ'ল যক্ষ্মারোগী সম্পর্কে। আমাদের দেশে যক্ষ্মারোগীর সংখ্যা ক্রমশ দিনের পর দিন বেড়ে চলেছে; এবং উদ্বাস্তুদের মধ্যে এটা বেশি দেখা দিয়েছে। পুষ্টিহীনয় এই খাদ্যাভাবের দরুণ মানুষের স্বাস্থ্য যেরকম থাকা দরকার, সেইরকম না থাকার জন্যই আজকে এই যক্ষ্মারোগের প্রাদুর্ভাব হয়েছে। এই কথা বলেই আমি শেষ করছি এবং গভর্নরের বক্তৃতার প্রতিবাদ জানাচ্ছি।

[6-15—6-25 p.m.]

Sj. Jagannath Majumdar:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে আমাদের এই অধিবেশন এক দুর্যোগপূর্ণ অবস্থার মধ্যে দিয়ে হচ্ছে এবং এই পরিস্থিতির মধ্যে আমাদের মাননীয়া রাজ্যপালিকা তাঁর ভাষণ দিয়েছেন। আজকে পরস্পরকে দোষারোপ করবার দিন নয়, আজকে আমাদের সকলকে একসঙ্গে মিলিত হয়ে এই যে গুরুতর খাদ্য সঙ্কট দেখা দিয়েছে তার সম্মুখীন হতে হবে। আমাদের মাননীয়া রাজ্যপালিকার ভাষণে আমাদের এই রাজ্যে বিভিন্ন বিষয়ে কি কি উন্নয়নমূলক কাজ করা হয়েছে তার বিবরণ আছে কিন্তু তিনি তাঁর ভাষণে সর্বপ্রথমে এই খাদ্যসমস্যার কথা বলেছেন, এই খাদ্য সঙ্কটকেই প্রাধান্য দিয়েছেন। আমি নদিয়া জেলার পক্ষ থেকে আজকে এই কথা বলতে চাই যে, নদিয়া জেলার পরিস্থিতি সবচেয়ে সংকটজনক। এটা সভ্যেরা খবরের কাগজে দেখেছেন এবং বহু সদস্য একথা স্বীকার করেছেন যে, নদিয়া জেলার পরিস্থিতি অত্যন্ত ভয়ানক। নদিয়া জেলার এই পরিস্থিতির উদ্ভব হয়েছে গত বন্যার সময় থেকে। এই বন্যায় নদিয়া জেলার ১৪ লক্ষ অধিবাসী সর্বস্ব হারিয়েছে। তারপর রবিশস্য, ঝড়ঝঞ্ঝা ও বৃষ্টির জন্য সম্পূর্ণ বিনষ্ট হয়েছে যার ফলে আজকে চাষীর ঘরে হাহাকার উঠেছে। আজকে যারা দেশের অন্নদাতা তাদেরই ঘরে অন্ন নাই। তাই তারা সহরাঞ্চলের দিকে ছুটে আসছে। গত বন্যার সময় থেকে সরকার প্রাণপণ চেষ্টা করেছেন মানুষকে বাঁচাবার জন্য। তাঁদের এই প্রচেষ্টা সত্যিই প্রশংসনীয়। এটা দলের কথা নয়। নির্বাচনের জন্য এই অর্থব্যয় ও সাহায্য করা হয়েছে এটা মিথ্যা কথা, ভুল কথা। মানুষকে বাঁচাবার জন্যই যে এই প্রচেষ্টা করা হয়েছে

তা নদিয়ার অধিবাসী সকলেই জানেন। সমস্ত দেশবাসী একথা জানেন এবং স্বীকার করেছেন। আজকে এই নদিয়া জেলার জন্য সামগ্রিকভাবে একটা বিশেষ প্রচেষ্টা করা একান্ত দরকার। আমি মাননীয় মন্ত্রীমহাশয়দের এবং মাননীয় সভ্যদের এই কথা জানাবার জন্যই উঠেছি, কারণ সমস্ত কথা মাননীয়া রাজ্যপালিকার অভিভাষণে নেই। সেইজন্য আমি বলতে চাই, নদিয়ার মানুষকে বাঁচাবার জন্য কতগুলি ব্যবস্থাবলম্বন করা দরকার এবং তার মধ্যে প্রধান হচ্ছে টেস্ট রিলিফ। আজকে নদিয়া জেলার সমস্ত কার্যক্ষম ব্যক্তিকে যদি কাজে নিযুক্ত করতে হয় তা হ'লে আরও অর্থ টেস্ট রিলিফের জন্য বরাদ্দ করতে হবে, প্রতিদিন এক লক্ষ লোককে কাজ জোগাতে হবে, তবেই তাদের বাঁচিয়ে রাখা যাবে। আমরা নদিয়ার সমস্ত এম-এল-এ একথা জানিয়েছিলাম যে, ১০০ কিউবিক ফিটএর পরিবর্তে ৮০ কিউবিক ফিট মাটি কাটলে ১ টাকা পারিশ্রমিক দিলে ভাল হয়; পরে আমরা জানতে পেরেছি যে, ৮০ কিউবিক ফিট মাটি কাটার জন্য এক টাকা দেওয়া হবে সরকার এইরকম একটি সার্কুলার জারি করেছেন। এটা ন্যায্য কাজই হয়েছে একথা স্বীকার করতেই হবে। নদিয়া জেলায় শুধু রাস্তার কাজই হচ্ছে। আমি বলছি বাঁধ তৈয়ারির, খালবিল পুকুর কাটার কাজ করা হলে ভাল হয়, এতে বন্যানিরোধের উপায় হতে পারে; এদিকে দৃষ্টি দেবার জন্য আমি মাননীয় মন্ত্রীমহাশয়কে অনুরোধ করছি। এ ছাড়া কৃষি-ঋণ, বলদ-ঋণ নদিয়া জেলায় দরকার। কৃষি-ঋণ, এগ্রিকালচারাল লোন, গ্রুপ লোন একান্ত দরকার। কৃষি-ঋণ যা কিছু দেওয়া হয়েছে তা একেবারেই অপর্যাপ্ত। আরও বেশি দেওয়া দরকার। গ্রুপ লোন, এগ্রিকালচারাল লোন অবিলম্বে পর্যাপ্ত পরিমাণে বিলি করা দরকার যাতে করে মানুষ আবার কৃষির কাজে যেতে পারে। তা ছাড়া আমাদের জেলায় আরেকটা বিশেষ প্রয়োজন হচ্ছে বলদ-ঋণ, কারণ গত বন্যায় আমাদের জেলার প্রচুর বলদ মারা গিয়েছে। দুঃখের বিষয়, গত বৎসর ৬ লক্ষ বলদ ঋণ দেওয়া হয়েছিল, এ বছর মাত্র ১॥ লক্ষ টাকা দেওয়া হয়েছে। যেখানে হাজার হাজার বলদ মারা গিয়াছে সেক্ষেত্রে মাত্র ১॥ লক্ষ টাকা নিতান্তই অপর্যাপ্ত। আমি আশা করি এটা আরও বাড়ান হবে, কারণ আমরা দেখেছি ২৮ লক্ষ টাকা দেওয়া হয়েছে বলদ-ঋণ বাবত সমগ্র পশ্চিম-বঙ্গে। আমি আশা করব, নদিয়া জেলায় যেন আরো বেশি করে বলদ-ঋণ বরাদ্দ করা হয়। তারপর, যারা কাজকর্ম করতে পারে না তাদের জন্য প্রত্যেক ইউনিয়নে ইউনিয়নে খয়রাতি সাহায্যের জন্য আমি অনুরোধ জানাচ্ছি। ৫০টি লঙ্গরখানা করে খাদ্য বিতরণের প্রচেষ্টার দ্বারা দুঃস্থ মানুষকে বাঁচাবার চেষ্টা করা হচ্ছে, কিন্তু এই প্রচেষ্টা আরো বিস্তৃততর করা দরকার। এ ছাড়া সস্তাদরে দোকান বিশেষ করে মিউনিসিপ্যাল এলাকায় আরো বেশি করে খোলা দরকার যাতে করে সমস্ত লোক সস্তা দরে চাল বা গম পেতে পারে কারণ আমরা জানি বহু জায়গায় সস্তা দরের দোকান খোলা হয় নি। আমি আশা করব অবিলম্বে এর ব্যবস্থা করা হবে। এ ছাড়া, ছোট ছোট শিল্পব্যবসায়ীদেরও কিছু কিছু ঋণ দেওয়া দরকার, কারণ তাদেরও অর্থনৈতিক দুরবস্থা এসে গিয়েছে কৃষির অবস্থা খারাপ হওয়ায়। এই অবস্থায় ব্যবসায়ী ও শিল্পীদের খুব অসুবিধা হয়েছে। সেজন্য তাদেরও ঋণ দিতে হবে।

[6-25—6-35 p.m.]

তা ছাড়া নদিয়া জেলা বাস্তুহারা অধ্যুষিত। সেখানে বহু বাস্তুহারা হয়ত কিছু লোন পেয়েছে, আবার অনেকেই কিছু পায় নি। হয়ত হাউস বিল্ডিং লোন ২ শো টাকা পেয়েছে; ৩শো টাকা বাকি আছে। এরকম লোনের কিছু অংশ পেয়েছে, কিছু অংশ পায় নি। বাকিটা তাদের দিয়ে দেওয়া উচিত এই দুঃসময়ে। তা ছাড়া অনেক স্যাংসানড্ লোন, মঞ্জুরীকৃত লোন আছে যেগুলির টাকা এখনও দেওয়া হয় নি। সেই লোনগুলি তাদের এখন দিয়ে দেওয়া উচিত। এ ছাড়া অনেকে এক্সটেন্ডেড হাউস বিল্ডিং স্কীমে বাড়ি করেছেন। এক্সটেন্ডেড হাউস বিল্ডিং স্কীমে তাদের লোনগুলি যদি দিয়ে দেওয়া হয়, তা হ'লে প্রভূত উপকার হয়।

এ ছাড়া আর একটা ব্যাপারের প্রতি মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার দৃষ্টি আকর্ষণ করছি। আমাদের বহু জমি ল্যান্ড এ্যাকুইজিসন ডিপার্টমেন্ট গ্রহণ করেছেন নদিয়া জেলায় এবং তার জন্য জমির মালিকদের বহু টাকা বাকি আছে—এই সমস্ত মালিকগণ অধিকাংশই চাষী। এদের জমির টাকা যদি এই দুঃসময়ে এরা পায়, তা হ'লে তাদের গভর্নমেন্টের কাছে

ণের জন্য হাত পাততে হয় না বা অন্যান্য সাহায্য গ্রহণ করতে হয় না। সুতরাং যে টাকা দীর্ঘদিন ধরে তাদের বাকি পড়ে আছে, সেই টাকাগুলি অবিলম্বে ল্যান্ড এ্যাকুইজিশন ডিপার্টমেন্ট মারফত তাদের পেমেন্ট করা উচিত এবং তা হ'লে তাদের অনেকখানি দুঃখের লাঘব করা হবে।

পরিশেষে আমি বলতে চাই যে, নির্বাচনের ব্যাপার নিয়ে আমাদের বন্ধু জ্যোতিবাবু পক্ষপাতিত্বের কথা বলেছেন। আমি জানি না পক্ষপাতিত্ব হ'লে আজ জ্যোতিবাবু এখানে আসতে পারতেন কিনা। কিন্তু তাঁর সংগে যাঁর প্রতিদ্বন্দ্বিতা হয়েছে তিনি সকলের জানা লোক এবং প্রিয় লোকও বটে। যদি পক্ষপাতিত্ব হ'ত, তা হ'লে জ্যোতিবাবু আসতে পারতেন না এবং বিরোধীপক্ষের অনেকেই আসতে পারতেন না [কম্যুনিস্ট বেঞ্চ হইতে তুমুল হট্টগোল]। এটা ঠিক যে, আজকে একটা প্রদেশে—কেরালাতে বিরোধীপক্ষের লোক গভর্নমেন্ট তৈরি করেছেন। কিন্তু একটা কথা আমি বলছি যে, পক্ষপাতিত্ব যদি হ'ত, তা হ'লে একটা প্রদেশে গভর্নমেন্ট করবার অধিকার তাঁরা পেতেন না। এবং এটা আমার কথা নয়। কিছুদিন আগে দিল্লীতে কম্যুনিস্ট পার্টির অফিসে তাঁরা বিদেশী সংবাদপত্রের প্রতিনিধিদের সংগে আলোচনায় একথা স্বীকার করেছেন যে, নির্বাচনে পক্ষপাতিত্ব হয় নি এবং সেকথা খবরের কাগজে পর্যন্ত বেরিয়েছে। নির্বাচনে পক্ষপাতিত্ব যদি হ'ত তা হ'লে বিরোধী দল শান্তশিষ্টভাবে আজকে এই বিধানসভায় বসে থাকতেন না। তাঁরা বিপ্লবের পথ ধরতেন। [কম্যুনিস্ট পার্টির বেঞ্চ হইতে তুমুল হট্টগোল] তাঁরা ভারতীয় সংবিধানকে স্বীকার করেছেন। কনস্টিটিউশনের নামে তাঁরা অংগীকার করছেন কারণ এই কনস্টিটিউশনের মারফত তাঁরা আমাদের দেশে কাজ করবার অধিকারের আলোক পেয়েছেন। তা না হ'লে তাঁরা আজকে এখানে বৃথা সময়ক্ষেপ করতেন না। আমরা জানি অনেক রকম উপায় তাঁরা অবলম্বন করেন। আজকে তাঁরা এখানে এসেছেন কনস্টিটিউশনের দোহাই দিয়ে শান্তশিষ্টভাবে কনস্টিটিউশন মারফত তাঁরা কাজ করতে চান কিন্তু আর এক দিকে এই ৩০এ তারিখে আমরা দেখেছি হরতালের দিন তাঁরা কি প্রচার করেছেন। তাঁরা প্রচার করেছেন কংগ্রেসী এম-এল-এ তোমরা পদত্যাগ কর। আশ্চর্য! কংগ্রেসী এম-এল-এদের তাঁরা পদত্যাগ করতে বলেছেন, আর তাঁরা করবেন কি? তাঁরা অ্যাসেমব্লিতে বসে থাকবেন? একজন কংগ্রেস এম-এল-এ যদি আজ পদত্যাগ করেন তা হ'লে তার পরের দিন তাঁরা কি নমিনেশন ফাইল করবেন না? আজকে জনসাধারণের রায়ে তাঁরা হেরে গেছেন। তাই এটা পরাজিতের মনোবৃত্তি। আজকে তাঁরা বলছেন আমরা এখানে থাকব, কংগ্রেস এম-এল-এরা পদত্যাগ করুক। কি চমৎকার ব্যবস্থা! আজকে জনসাধারণ রায় দিয়ে দেখিয়ে দিয়েছে যে, কাদের এই গভর্নমেন্টে আসা উচিত। সেজন্য আজকে আমি বলতে চাই যে, তাঁদের এই হরতালের রাজনীতি আমরা বুঝি না। শ্রী টি টি কৃষ্ণমাচারীর যে করনীতি তা যদি আমাদের কাছে অবোধগম্য হয়, তা হ'লে ও'দের যে রাজনীতি—এই হরতালের নীতি তা আমাদের কাছে আরো বেশি অবোধগম্য। তার কারণ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা জানি টি টি কৃষ্ণমাচারী আজকে জনসাধারণকে বলছেন যে, তোমরা এই আনডেভেলপড্ কান্ট্রি, ভারতবর্ষকে গড়বার জন্য কিছু কিছু স্যাক্রিফাইস কর তাতে বড়লোক হোক অথবা গরিবলোক হোক, কিছু কিছু স্যাক্রিফাইস সকলকেই করতে বলছেন এবং তিনি এও বলেছেন যে, এর রিটার্ন তোমরা পরে পাবে। কিন্তু একটা কথা আমি ও'দের জিজ্ঞাসা করি যে, হরতালের জন্য ও'রা জনতাকে প্ররোচিত করেন, মানুষকে স্যাক্রিফাইস করতে বলেন, একটা মাছওয়ালাকে, একটা ছোট দোকানদারকে, একটা সামান্য ব্যবসায়ীকে—যারা দিন আনে দিন খায় তাদের একদিনের রোজগার দিতে বলেন—এই রকম স্যাক্রিফাইসে লোকের কি উপকার হবে? আমাদের যদি এগার হাজার কোটি টাকা জাতীয় আয় হয় এক বছরে তা হ'লে একদিনের আয় হিসাব করুন, এই একদিনের আয় আমাদের জাতীয় ক্ষতি। এই যে হরতালের প্ররোচনা, এই রাজনীতি বা অর্থনীতি, আমরা বুঝিনা, বুঝবও না। এইরকম মিথ্যা মরীচিকার দিকে যদি তাঁরা মানুষকে নিয়ে যান, দুর্বুদ্ধির দিকে নিয়ে যান, মানুষকে ধ্বংসের দিকে নিয়ে যান তা হ'লে দেশের শত্রুতাই করা হবে, মানুষ সেইদিকে যাবে না। কাজেই আজকে একথা বলবার সময় এসেছে যে, বুদ্ধি দিয়ে বিচার করুন, ভালভাবে যদি কনস্টিটিউশন মানতে চান, তা হ'লে তা মেনে চলুন। আমি জানি এই হরতালের দিন তাঁদের দলীয় লোক কংগ্রেস এম-এল-এর বাড়ির মধ্যে ঢুকে দাবি করেছে যে, তোমরা পদত্যাগ কর এবং মানুষকে প্ররোচিত করেছে যে,

দের বাড়ি লুঠ কর। [কম্যুনিস্ট বেঞ্চ হইতে তুমুল হট্টগোল] এইভাবে তাঁরা মানুষের বিশ্বাস হারিয়েছেন। এই রকম ক'রে যদি তাঁরা জনগণকে প্ররোচিত করেন, এই রকম ক'রে যদি তাঁরা ভিন্ন পথ গ্রহণ করেন তা হ'লে মানুষ তাঁদের উপর আর বিশ্বাস রাখবে না। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

[6-35—6-45 p.m.]

Sjkta. Labanya Prova Ghosh:

শ্রীযুক্ত বিমলানন্দ তর্কতীর্থ বিধানসভায় মাননীয় রাজ্যপালের ভাষণের প্রতি যে ধন্যবাদ প্রস্তাব উত্থাপন করিয়াছেন আমি তাহার উপরে নিম্নলিখিত এই সংশোধন প্রস্তাব উত্থাপন করিতে চাই:

ধন্যবাদ প্রস্তাবের শেষে নিম্নলিখিত এই কথাগুলি যুক্ত করা হউক—

"কিন্তু এতৎসহ আমরা নিরতিশয় দুঃখ প্রকাশ করিতেছি যে,

(ক) পশ্চিমবঙ্গ সরকার জনগণের শাসনতান্ত্রিক, অর্থনৈতিক ও সমাজব্যবস্থাকে উন্নততর, বাঞ্ছিত, স্থায়ী ব্যবস্থা ধারায় পরিচালিত করিতে অসমর্থ হইয়াছেন।

(খ) এই সরকার জনগণের দৈনন্দিন শাসনতান্ত্রিক জীবনকেও যোগ্যতার সহিত পরিচালনে অসমর্থ হইয়াছেন।

(গ) দেশ পুনর্গঠন ব্যবস্থায় অবাঞ্ছিতভাবে বহুবিচ্ছিন্ন হইয়া, বিবিধ অর্থনৈতিক দুর্গতি লইয়া, যে মানভূম বাংলার অন্তর্ভুক্ত হইয়াছে এলেকা হস্তান্তরজনিত বিবিধ সমস্যার সম্মুখীন হইয়া—যে পুরুলিয়া জেলা বাংলার স্থায়ীভাবে মধ্যে সমন্বিত হইবার অপেক্ষায় রহিয়াছে সেই পুরুলিয়ার শাসনতান্ত্রিক তথা অর্থনৈতিক জীবনের বিষয়ে দ্রুত, সুষ্ঠু ব্যবস্থা অবলম্বনে পশ্চিমবঙ্গ সরকার উদাসীন থাকিয়া সংশ্লিষ্ট জনগণের অশেষ দুর্গতির কারণ হইয়াছেন।

(ঘ) সরকার বাংলার বর্তমান সংকটজনক খাদ্যপরিস্থিতির গুরুত্ব ও ব্যাপকতা সম্পূর্ণরূপে উপলব্ধি করিতে ও তদ্বিষয়ে উপযুক্ত ক্ষিপ্রব্যবস্থা অবলম্বন করিতে অসমর্থ হইয়াছেন।

(ঙ) এই সরকার বাস্তুহারা প্রশ্নের মত সমাজজীবন স্থিতির মৌলিক প্রশ্নের বিষয়ে সহানুভূতির সহিত উপযুক্ত স্থায়ী তথ্য দ্রুত ব্যবস্থা অবলম্বন করিতে না পারায় একদিকে যেমন বহুলাংশে বাস্তুহারাদের জীবন দুর্গতিপূর্ণ হইতেছে অন্যদিকে তেমনি পশ্চিমবঙ্গের সাধারণ জীবনধারার মধ্যে বিচ্ছিন্ন তথা পরিকল্পনাহীনভাবে বাস্তুহারা ব্যবস্থার কাজকে কাজসারা করিতে গিয়া প্রদেশের স্থায়ী স্বাভাবিক জীবনধারাকেও বিঘ্নিত করা হইতেছে।

(চ) জনগণের গণতান্ত্রিক জীবনের অপরিহার্য মহান অঙ্গ যে গণতান্ত্রিক নির্বাচন তাহার শুদ্ধতা ও উপযোগিতা রক্ষার জন্য প্রত্যেক সরকারের গভীর দায়িত্ব রহিয়াছে—

Mr. Speaker:

আপনিও নির্বাচনের অংশটা বাদ দিয়ে পড়ুন, ঐ (চ)টা পড়বেন না।

Sjkta. Labanya Prova Ghosh:

আচ্ছা, আমি ওটা বাদ দিয়েই পড়ছি। এই সভা আশা করিতেছে যে পশ্চিমবঙ্গ সরকার জনগণের এই সকল সমস্যার প্রতি আশু ও আন্তরিক দৃষ্টি প্রদান করিবেন এবং সঙ্কট ও অসুবিধাসমূহের নিরসনে তৎপর হইবেন।

তারপর আমার সামান্য যে বক্তব্য আছে তা আমি বলব। বর্তমান শাসনতান্ত্রিক কাঠামোর আমূল পরিবর্তন হউক, দেশের জনগণের এই দাবী ছিল। কেননা এই কাঠামোর সঙ্গে দীর্ঘদিনের বহু দুঃখ, বঞ্চনা, অপমান এবং বহু লাঞ্ছনার ইতিহাস বিজড়িত। সেই কারণে এই কাঠামোর আমূল পরিবর্তন সাধনই দেশের মানুষের প্রধান দাবী ছিল। শাসনক্ষমতাকে বিকেন্দ্রীত কোরে জনগনের মধ্যে ছড়িয়ে দিয়ে জনগণকে দায়িত্বশীল করার প্রয়োজন ছিল।

কিন্তু এ কাজ এখনও আরম্ভ হয় নি, এবং কবে যে হবে তাও জানি না। এখনও সেই পুরান ধারা চলছে। আর সেই ধারার মধ্যে কোন সুপরিকল্পিত সুসংগত কাজ সুষ্টুভাবে হয়ে উঠছে না। কোন রকমে জোড়াতালি ও গোঁজামিল দিয়ে কাজ চলছে। তার মানে ক্ষমতা ক্রমশ কেন্দ্রীভূত হয়ে যাচ্ছে।

তারপরে আইন সভার ভাষা। আইন সভার ভাষা আজ কৃষক শ্রমিক এবং জনসাধারণের বোধগম্য হওয়ায় বহু বাধা রয়েছে। আজকে বিধানসভার বক্তৃতা এবং সংশ্লিষ্ট কাজকর্ম সমস্তই ইংরাজী ভাষার মাধ্যমে চলছে। কাজেই আজ গ্রামীণ জনগণের যারা প্রতিনিধি, তারা আইন সভায় আসলে পর তাঁদের ইংরাজী জানা না থাকলে প্রকৃত প্রতিনিধিত্ব করার সুযোগ পাবেন না। কারণ তাঁরা এসে এখানকার কার্যধারার কিছুই বুঝতে পারবেন না।

দৈনন্দিন শাসনব্যবস্থায় বিচারের সুব্যবস্থা নাই। কোন অভিযোগের বা কোন মানুষের প্রতি অন্যায়ের কোন প্রতিকার হয় না, সেখানে সর্বদাই অবহেলা রয়েছে। আজ ৭ মাস হল মানভূম বাংলার সংগে যুক্ত হয়েছে, কিন্তু মানভূমে আজও কোন সুব্যবস্থা প্রতিষ্ঠিত হয় নি। মানভূমের উপর দিয়ে বহু দুঃখের ঝড় বয়ে গিয়েছে, বিহার সরকারের ৮ বছর ব্যাপী উপদ্রবে উৎপীড়িত মানভূম আজ বিধ্বস্ত এবং বিপর্যস্ত হয়েছে। এলাকা হস্তান্তরের ফলে আইন কানুনের পরিবর্তন হয়ে গেছে। অথচ এই সাত মাসের মধ্যে শাসনব্যবস্থায় কোন সুব্যবস্থা প্রতিষ্ঠিত হয় নি। সেখানে প্রত্যেকটি বিভাগ নিষ্ক্রিয় হয়ে আছে। সেখানে উপযুক্ত অফিসার নেই। কোর্টে উপযুক্ত সংখ্যক বিচারক নাই; সেখানে গ্রামের মানুষ মামলা মোকদ্দমা নিয়ে এসে দিনের পর দিন অর্থ নষ্ট করছে এবং দিনের পর দিন যাওয়া আসা করে হয়রাণ হচ্ছে। তার প্রতীকারের কিছুই করা হয় নি। উন্নয়নমূলক কোন কাজ মানভূমে আরম্ভ হয় নি। জনগণের মধ্যে নূতন কাজ চালু করবার কোন ব্যবস্থা হয় নি। আজ মানভূমে কিছুই নাই। মানভূমে জলাভাব, পানীয় জলের অভাব সেখানে তীব্র। সেচের ব্যবস্থা কিছুই করা হয় নি। শিক্ষা ব্যবস্থা, চিকিৎসা ব্যবস্থা প্রভৃতি কোন বিভাগে কোন কাজ দেখি না। উন্নয়নমূলক কাজ হলে মানভূমের জনসাধারণ কাজের বহু সুযোগ পায়। চাকরীর ব্যাপারে আজ ৮ বছর ধরে বিহার গভর্নমেন্ট মানভূমবাসীকে বঞ্চিত কোরে এসেছে। তারা চাকরীর কোন অধিকার পায় নি। পশ্চিমবংগের সংগে মানভূমের যুক্ত হওয়ার পরে মানভূমের লোকের আশা ছিল যে তাদের কর্মক্ষমতার সুযোগ আবার ফিরে আসবে এবং তাদের বিপদের শেষ হবে। কিন্তু আজ দেখা যাচ্ছে সেখানেও স্বীকৃতি নাই। এখনও মানভূমবাসীকে উপেক্ষিত রাখার জন্য তাদের যোগ্যতার স্বীকৃতি না দিয়ে বাহির থেকে লোক এনে চাকরীর সব স্থান পূর্ণ করা হচ্ছে। সেখানে আইনের জটিলতার সৃষ্টি হয়েছে। হস্তান্তরের ফলে বাংলার আইন মানভূমে চালু হওয়ার কথা, কিন্তু এখনও সেখানকার অধিকাংশ জায়গায় বিহারের আইন চলছে, কিছু কিছু জায়গায় বাংলার আইন চলছে, এর ফলে একটা জটিলতা এবং বিভ্রান্তির সৃষ্টি হয়েছে।

মানভূমের খাদ্য কষ্ট—বংগভুক্তির পরে পশ্চিমবংগ সরকারকে জানান হয়েছিল। বিহার সরকারের খাদ্যনীতির ফলে এবং ক্রমান্বয়ে কয়েক বৎসর অজন্মার ফলে মানভূমে খাদ্যকষ্ট চরম অবস্থায় এসে দাঁড়ায়। আজ সেখানকার মানুষ অন্নসমস্যার জন্য দেশত্যাগ কোরে বাহিরে চলে যাচ্ছে। মানভূম একেই অনুন্নত। তাদের সামনে সামান্য কৃষি ছাড়া অন্য কোন অবলম্বন নাই যার দ্বারা সেখানে লোকে অন্য উপায়ে কিছু রোজগার করতে পারে।

বাস্তুহারা সম্বন্ধে আমার কিছু বলবার আছে। বাস্তুহারা সম্বন্ধে একটা পরিকল্পনাহীন নীতি সরকার চালিয়ে আসছেন। আমরা মানভূমে দেখেছি—সমগ্র বাংলার কথা বলতে পারি না—মানভূমে দেখেছি বাস্তুহারারা বিচ্ছিন্নভাবে সেখানে যাচ্ছে তাদের কোন ব্যবস্থা নাই, তারা যাযাবরের মত অপরের দয়ার উপর নির্ভর কোরে ঘুরে বেড়াচ্ছে, অথচ মানভূমে যে স্থান আছে তাতে বহুসংখ্যক বাস্তুহারাকে বসান যায় এবং একটা সুষ্ঠু পুনর্বাসন হতে পারে।

[6-45—6-55 p.m.]

এই যে একটা বিরাট সমাজজীবন, যার একটা বৃহৎ অংশ আজ রাস্তায় রাস্তায় ভিক্ষুকের মত ঘুরে বেড়াচ্ছে, তাদের পুনঃপ্রতিষ্ঠিত করা সরকারের প্রধান কাজ হওয়া উচিত। আমরা সরকারের কাজ সম্বন্ধে অনুযোগ করবার জন্যই শুধু এইসব কথা বলছি না, মানুষের অসহনীয়

দুঃখদুর্গতি দেখেই, এই সমস্ত কথা বলতে বাধ্য হচ্ছি। এই সমস্ত ব্যবস্থা না হলে আইনসভা থাকবার কোন মূল্যই থাকে না। সেইজন্য আজ আমি মানুষের শুভবুদ্ধির প্রতি বিশ্বাস রেখে সকলের কাছে অনুরোধ জানাচ্ছি সুষ্ঠুভাবে এরজন্য একটা ব্যবস্থা করুন, ও আমার প্রস্তাবটা আপনারা সকলে মিলিতভাবে সমর্থন করুন।

Sj. Subodh Banerjee:

মাননীয় স্পীকার মহাশয়, রাজ্যপালিকার অভিভাষণে পশ্চিম বাংলার যে চিত্র ফুটে উঠেছে তা অবাস্তব। জনসাধারণের জীবনের বাস্তব অবস্থার সঙ্গে তার কোন সম্পর্ক নাই—এ কথা বলতে বাধ্য হচ্ছি। এই অভিভাষণ সম্পর্কে প্রথম কথা হল এই যে, এটি একটি বস্তাপচা জিনিসের চিরন্তন অলস রোমন্থন। বছরের পর বছর, যাকে বলে 'এড নজিয়েম', আমরা শুনে আসছি সেই কল্যাণীর কথা, সেই হাউসিং স্কীম, সেই হরিণঘাটা ডেইরী ফার্মিং, সেই গভীর সমুদ্রে মাছ ধরার কথা। এগুলো আর কতদিন ধরে শুনে আসবো তার আর ঠিক নাই। তার উপর সব পরিকল্পনাই দেখছি 'উইল বি' ভবিষ্যৎকাল নিয়ে চর্চা হচ্ছে, 'হ্যাড বিন' অর্থাৎ কি হয়েছে তা নিয়ে নয়। আদতে কাজ কিছু হচ্ছে না বলে উপরোক্ত পরিকল্পনাগুলি শেষ হচ্ছে না এবং সেই কারণে প্রতি বছর আমাদের সেই একই বিষয়ে গুণকীর্তন শুনতে শুনতে পাগল হবার অবস্থা হচ্ছে। এর নাম রাজ্যপালিকার অভিভাষণ। এই অভিভাষণে রাজ্যপালিকা বলেছেন যে, তাঁর সরকার এই বাবদে এত এত টাকা খরচ করেছেন। স্বীকার করি তাঁরা টাকা খরচ করছেন, বরং অনেক বেশীই খরচ করেছেন। কিন্তু তাতে বাস্তব ক্ষেত্রে কি ফল হয়েছে? দেশের লোক টাকা খরচটাই দেখতে চায় না; তারা জানতে চায় বাস্তবে দেশ কতটুকু অগ্রসর হল। অগ্রসরের কথা, অভিভাষণে দেখান হয় নাই। বাংলাদেশের সাধারণ মানুষের মৌলিক যেসব সমস্যা পশ্চিম বাংলা সরকার কোটি কোটি টাকা খরচ করেও তার কনামাত্র স্পর্শ করতে পারেন নি। বাংলাদেশের সবচেয়ে বড় সমস্যা হচ্ছে বেকার সমস্যা। রাতারাতি এই বিরাট সমস্যার সমাধান করবার আশা আমরা অবশ্যই করি না। আমরা মনে করি যে, কারও হাতে আলাদিনের প্রদীপ নেই যে, রাতারাতি সব সমস্যার সমাধান হয়ে যাবে। কিন্তু এটুকু তো আমরা দাবী করতে পারি যে, বেকার সমস্যার সমাধান না হক অন্ততঃ তার ঊর্ধ্বগতি তো বন্ধ হবে। ঊর্ধ্বগতি যদি আমরা রোধ করতে না পারি তাহলে সমাধান কোন দিনই হবে না। অথচ আমরা দেখছি যে, ঠিক তার উল্টোটাই ঘটছে—ঊর্ধ্বগতি বন্ধ না হয়ে সমস্যা দ্রুতগতিতে বেড়ে চলেছে। পশ্চিমবাংলার লোকসংখ্যা দুই কোটি ৯০ লক্ষ—রাজ্যপালিকা যে হিসাব দিয়েছেন সেই হিসাবমতে তার মধ্যে এক কোটি ৩০ লক্ষের মত লোক বেকার। কর্মেচ্ছুক ও কর্মমুখ এরা অথচ এরা কাজ পাচ্ছে না। কিনস্-এর ভাষায় যাকে বলে ইনভলান্টারী আন্‌এম্‌প্লয়েড এবং মিসেস রবিনসনের ভাষায় যাকে বলে ডিস্‌গাইজড আন্‌এমপ্লয়েড। এই দুই জাতের বেকারের কথা যদি ধরেন তাহলে বাংলাদেশে মোট দুই কোটি ৯০ লক্ষ লোকের মধ্যে ১ কোটি ৩০ লক্ষ লোক বেকার। জনসংখ্যার এই বিরাট অংশ যেখানে বেকার সেখানে সরকার ও কংগ্রেসী নেতারা বলে বেড়াচ্ছেন "আরাম হারাম হ্যায়।" এইসব বেকার লোকেরা কি আরাম চাচ্ছে? না; পক্ষান্তরে তারা বলছে—"আমাদের কাজ দাও, আমরা খেটে খাই।" এরা বলে—"আমাদের কাজ দেও—শিল্পের উন্নতি করি, দেশকে গড়ে তুলি"। আপনারা তা দিতে পারছেন না অথচ বড় বড় বাৎ মারছেন "আরাম হারাম্‌ হ্যায়। আরাম্‌ হারাম্‌ হ্যায়"—এই কথা যদি কারো পক্ষে খাটে তাহলে তা নেহরু, ডাঃ রায় তাঁর সুখী পরিবারের লোক, তাঁদের আমলাতন্ত্র এবং পুঁজিপতি শ্রেণীর লোকের পক্ষে প্রযোজ্য। সাধারণ মানুষের পক্ষে সেটা প্রযোজ্য নয়।

বাংলা সরকার বলেছিল যে, বাংলা দেশে মোট ১০ লক্ষ বেকার এবং প্রতি বছর ১ লক্ষ ২০ হাজার করে বেকারদের এই সংখ্যা বেড়ে চলেছে। এটা একেবারে মিস-স্টেটমেন্ট অব ফ্যাক্টস্‌। বাংলাদেশে গ্রামীণ বেকারের সংখ্যা, এই হিসাবের মধ্যে ধরা হয় নাই। অথচ বাংলার গ্রামীণ বেকার সমস্যা ভয়ানক। ট্রেজারী বেঞ্চে একজন মন্ত্রী আছেন যিনি অর্থনীতির ভাল ছাত্র ছিলেন। তাঁর বহু প্রবন্ধ মডার্ণ রিভিউতে বেরিয়েছে। তিনি, আশা করি, আমার কথা সমর্থন করবেন। বাংলাদেশের গ্রামে প্রতিজন রোজগেরে লোকের উপর ৪ থেকে ৫ জন পোষ্য। এবং এই পোষ্য সংখ্যার চাপ প্রত্যেক বছরে বেড়ে যাচ্ছে। ভারত সরকার কর্তৃক প্রকাশিত ক্ষেতমজুর সম্পর্কে রিপোর্টে বলা হয়েছে যে, ক্ষেতমজুররা বছরের মধ্যে ৭ মাস বেকার থাকে।

পশ্চিম বাংলার মোট জনসংখ্যার শতকরা ৩৬ ভাগ হল এই ক্ষেতমজুর। এই ক্ষেতমজুরদের সঙ্গে যদি গরীব এবং মধ্য চাষীর সংখ্যা যোগ দেওয়া হয় তাহলে তা দাঁড়াবে মোট জনসংখ্যার প্রায় শতকরা ৬৭ ভাগ। এরা বছরের মধ্যে অধিকাংশ সময় কাজ পায় না। ডাঃ রায় বলেছেন বি-এ. এম-এ, পাস করলে চাকরী এখন মেলে। একথা শুনে আশ্চর্য লাগে। কোন কাণ্ডজ্ঞানসম্পন্ন লোক যে এ কথা বলতে পারেন তা আমার ধারণা ছিল না। আপনারা জানেন যে, রেলে এগারশো পদের জন্য ৫৪ হাজার দরখাস্ত পড়েছিল। তার মধ্যে বি-এ, এম-এ, এম-এসসি, বি-এল—এই রকম বহু প্রার্থী দরখাস্ত করেছিল। আর ডাঃ রায় বলেছেন যে, তিনি বেকার সমস্যার তীব্রতা অনেকখানি কমিয়েছেন। হ্যাঁ, যে কথা বলছিলাম। গ্রামীণ বেকার সমস্যার সমাধানের উপায় কি? মন্ত্রীমহাশয়রা বলেন—আমরা সমস্যা সমাধানের পথ দেখাই না। আমূল ভূমি সংস্কার ছাড়া গ্রামীণ বেকার সমস্যার তীব্রতা কমাবার কোন পথ নাই। গরীব চাষী ও ক্ষেতমজুরদের মধ্যে বিনামূল্যে জমি বণ্টন করুন। এতে গ্রামীণ বেকার সমস্যার সমাধান করা যাবে না ঠিকই, কিন্তু তাতে যে সমস্যার তীব্রতা অনেকখানি কমবে তাতে কোন সন্দেহ নেই। রাজ্যপালিকার বক্তৃতার মধ্যে এ সম্পর্কে কোন কথাই নাই। একথা অবশ্য ঠিক যে আমাদের দেশে পাঁচ একরের কম জমি ইকোনমিক খামার নয় এবং সকলকেও এই পরিমাণ জমি দেওয়া সম্ভব হবে না। কিন্তু তার জন্য বিনামূল্যে জমি বণ্টন বন্ধ করা চলে না। তা ছাড়া যেখানে এক্সটেন্সিভ কাল্টিভেশন এর উপায় নেই সেখানে ইনটেন্সিভ কাল্টিভেশন করে ইকোনমিক খামার করতে হবে। চীনদেশে মাথাপিছু চাষের জমি আমাদের দেশের চেয়ে কম। তবুও সেখানে পাঁচ একরের কম জমি ইকনমিক হোল্ডিং হয়েছে ইনটেন্সিভ কাল্টিভেশন এর দরুণ—এক ফসলী জমিকে সুযোগ সুবিধা দিয়ে দু ফসলী, তিন ফসলী করে লাভজনক করা হয়েছে। আমাদের দেশেও তা করতে হবে। আগে জমি দিন;তারপর বিনা খরচে বা নামমাত্র খরচে উন্নত চাষবাসের সুযোগ দিন চাষীকে ; ইনটেন্সিভ চাষ করে ইকনমিক হোল্ডিং করবে চাষীরা তখন। এতে গ্রামীণ বেকার সমস্যা অনেক কমবে।

তারপর আর্বান আন্‌এমপ্লয়মেন্ট। এই শহুরে শিক্ষিত বেকারের সংখ্যা প্রত্যেক বছরই বেড়ে যাচ্ছে। আমি এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জএর সংখ্যা দিচ্ছি। ১৯৫১ সালে ডিসেম্বর মাসে রেজিস্টার কর্মপ্রার্থীর সংখ্যা ছিল ৫৫,৬৮৮ জন ; ১৯৫৪ সালে তা হল ৮৮,৮৩৬ জন এবং ১৯৫৬ সালে সেটা বেড়ে ১,১৫,২৬৯ জন হয়েছে। তাহলে দেখা যাচ্ছে যে প্রত্যেক বছরই সংখ্যা বেড়ে চলেছে। অর্থাৎ ১৯৫১ সালের তুলনায় ১৯৫৬ সালে বেকারের সংখ্যা অনেক বেড়ে গেছে—প্রায় ৬০ হাজার। অবশ্য এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জএ নাম সকলে লেখাতে পারে না। তাই এই সংখ্যা থেকে বেকারের প্রকৃত সংখ্যা জানা যেতে পারে না। তবুও এই সংখ্যা হতে বেকারত্বের গতি কোন দিকে—উঠতির দিকে, না, পড়তির দিকে—তা বোঝা যায়। পরিষ্কার দেখা যাচ্ছে যে, পরিকল্পনা চলার সঙ্গে সঙ্গে বেকারের সংখ্যাও বেড়ে চলেছে। শহুরে বেকারের উর্ধ্বগতি বন্ধ করতে হলে কি করা দরকার? সর্বপ্রথমে শ্রমিক কর্মচারী ছাটাই বন্ধ করা দরকার। কলকারখানা ও অফিসগুলিতে শ্রমিক কর্মচারী ছাটাই হয়ে চলেছে। তা আশু বন্ধ করা দরকার, যদি এই বেকার সমস্যার তীব্রতা কমাতে চান। কিন্তু তা আপনারা করছেন না বরং তার উল্টো কাজই করছেন। গত পাঁচ বছরের মধ্যে পাটকলগুলি হতে ৩০ হাজারের বেশী শ্রমিক ছাটাই হয়েছে। ১৯৫১ সালে পাটশিল্পে নিয়োজিত শ্রমিকের সংখ্যা ছিল ৩,০২,২০৭ ; ১৯৫৪ সালে তা কমে হল ২,৭১,৫৩৭। কদিন হল চারটা পাটকল বন্ধ হয়ে গেল। হাজার হাজার শ্রমিক সেখান থেকে ছাটাই হয়ে গেল। আমার সঙ্গে ব্যারাকপুর মহকুমায় চলুন। আপনাকে দেখাবো প্রতিদিন প্রতিটা কলে ৬০ থেকে ৭০ জন লোক ছাটাই হয়ে চলেছে। আগে ছাটাই বন্ধ করুন, তবে তো বেকারের সংখ্যা কমান যাবে। তা না হলে যদি এইভাবে ছাটাই চলতে থাকে তাহলে তো সমস্যা বেড়েই যাবে। কোনদিনও তার তীব্রতা কমবে না। বলা হচ্ছে নতুন নতুন চাকুরী দেওয়া হচ্ছে। যদি ধরেও নেওয়া হয় যে, চাকুরী হচ্ছে কিছু লোকের তাহলেও তারচেয়ে ছাটাই করে দিচ্ছেন বেশী। এতে বেকার সমস্যার সমাধান হবে? এ সত্য না মেনে উপায় নেই যে, পুঁজিবাদ কখনো বেকার সমস্যার সমাধান করতে পারে না। ভারতবর্ষ পুঁজিবাদী রাষ্ট্র ; সেখানেও তাই বেকার সমস্যার সমাধান হওয়া সম্ভব নয়, তবুও ক্যাপিটেলিস্ট ফ্রেম ওয়ার্কএর মধ্যে যা করতে পারা যায় তাও সরকার করছেন না।

শ্রমিক কর্মচারী ছাঁটাইএর সংগে চলেছে শ্রমিকদের চূড়ান্তভাবে শোষণ। প্রতিদিন কাজের ঘণ্টা বাড়িয়ে দেওয়া হচ্ছে। প্ল্যানিং কমিশনও স্বীকার করেছেন যে, ১৯৪৭ সালের তুলনায় উৎপাদন শতকরা ৪৮ ভাগ বেড়েছে। তার মধ্যে লেবার্স কন্ট্রিবিউশন হচ্ছে শতকরা ৩৮ ভাগ। এইভাবে শ্রমিকদের বেশী করে খাটিয়ে নেওয়া হচ্ছে এবং এর জন্য যেখানে আরও বেশী মজুরী দেওয়া উচিত সেখানে মজুরী বেশী দেওয়া তো হচ্ছেই না বরং তাদের মজুরী কমানো হচ্ছে। শ্রমিক কর্মচারীদের প্রকৃত আয় কমছে।

[6-55—7-2 p.m.]

একদিকে পুঁজিপতিদের লাভ শতকরা ৫৮ থেকে বেড়ে শতকরা ৬৭ হয়ে গেল, প্রথম পঞ্চবার্ষিকী পরিকল্পনার ৫ বৎসরের মধ্যে; অন্যদিকে সেই সময়ে শ্রমিকদের প্রকৃত আয় শতকরা ৪৪ থেকে কমে শতকরা ৩৩ হয়ে গেল। তাহলে দেখা যাচ্ছে যে, একদিকে পুঁজিপতিদের লাভ বাড়ছে অন্যদিকে শ্রমিকদের প্রকৃত আয় কমে যাচ্ছে। এর নাম কংগ্রেসী সমাজতন্ত্র। এই যদি সমাজতন্ত্র হয় তাহলে আমরা বলতে বাধ্য——

"Thank God, save us from this type of socialism"

আমাদের এ ধরণের সমাজতন্ত্র থেকে রক্ষা কর; আমরা তা চাই না। শুধু যে শ্রমিকদের ক্ষেত্রে এ জিনিস হচ্ছে তা নয়। মধ্যবিত্তদের বেলায়ও এই অবস্থা। বিড়লার মুখপত্র ইস্টার্ন ইকনমিস্ট পর্যন্ত স্বীকার করছে যে, মধ্যবিত্তদের মধ্যে যারা ৩০০ টাকা পর্যন্ত মাহিনা পায় তাদের প্রকৃত আয় শতকরা ৭ ভাগ কমে গিয়েছে, ৫০-৫১ সালের তুলনায় ১৯৫৫ সালে। এই অবস্থা ছিল ১৯৫৫ সাল পর্যন্ত। ১৯৫৫ সালের পর জিনিসপত্রের দাম যেরকম দ্রুত বেড়ে গিয়েছে তাতে অবস্থা আরও খারাপ হয়েছে। সরকার বলেছেন যে এখন প্রাইস ইন্‌ডেক্স হচ্ছে ৪১১। অথচ পশ্চিমবঙ্গ সরকারের স্ট্যাটিস্টিক্যাল ডাইজেস্ট বলে যে কাগজ আছে তাতে স্বীকার করা হয়েছে যে প্রাইস ইনডেক্স আজকে ৪৬০ দাঁড়িয়ে গিয়েছে। জিনিসপত্রের দাম চড়ার জন্য মানুষ প্রায় না খেয়ে মরার অবস্থায় এসেছে। চালের দাম বেড়েছে একথা বলছেন, রাজ্যপালিকা মহাশয়া স্বীকার করেছেন। এই বৃদ্ধির কারণ দেখিয়ে তিনি বলেছেন যে, লোকে বেশী খাচ্ছে তাই দাম বাড়ছে। রাজ্যপালিকাকে ননসেন্স বলতে পারি না কিন্তু মূর্খ লোক ছাড়া অন্য কেউ বলতে পারে না যে মানুষ বেশী খাচ্ছে তাই চালের দাম বেড়েছে। অন্যান্য জিনিসের দাম বাড়ল কেন? সেখানেও কি বেশী করে ব্যবহার করা হচ্ছে? যদি তাই হয় তাহলে এক কথায় লোকের অল আউট কম্পিটিশন বেড়ে গিয়েছে বলতে হয়। একথা যদি কেউ বলে তাহলে বলব এটা অত্যন্ত মিথ্যা কথা। রাজ্যপালিকা মহাশয়া খাদ্যের দাম বৃদ্ধির দ্বিতীয় কারণ হিসাবে বলেছেন যে, চাষীরা ধান মজুদ করেছে। এখানে তিনি ফলওয়ালা, মজুদদার, ফাটকাবাজ বললেন না, বললেন চাষী। এই কথা হতে বোঝা যাচ্ছে তাঁর ধনিক শ্রেণীকে সমর্থন করার মনোভাব। বড়লোকদের নাম করলে তাদের গায়ে হাত দিতে হবে; সুতরাং চাষী বলে ছেড়ে দাও। জিজ্ঞাসা করি প্রিভেনটিভ ডিটেনশন এ্যাক্ট ছিল না এই ধরনের অসামাজিক কাজ যারা করে তাদের শাস্তি দেবার জন্যে? জিজ্ঞাসা করি রিজার্ভ ব্যাঙ্ক অব ইন্ডিয়া জয়েন্ট স্টক ব্যাঙ্কগুলিকে কেন মোটা টাকা দাদন দিয়েছিল? যার জন্য ফটকা-বাজরা ব্যাঙ্কের টাকায় খাদ্যদ্রব্য মজুদ করতে পেরেছে। এসব জিনিস সরকার বন্ধ করতে পারেন না? বড় বড় কথা শুধু আছে কাজের বেলায় কিছু নেই। তাঁর তৃতীয় কারণ হল general rise in price. Rise in price is an effect, not the cause.

সাধারণ দাম বৃদ্ধি কেন হয়েছে? পরিকল্পনার ডেফিসিট ফাইনেন্সিং নীতি পরিকল্পনার অর্থনৈতিক দৃষ্টিভঙ্গীর জন্যই জিনিসপত্রের দাম বেড়েছে—একথা তো কৈ বললেন না? শুধু ফলটা দেখিয়ে দিলেন কারণটা দেখিয়ে দিলেন না। এর নাম বিশ্লেষণ? সরকারের অর্থনৈতিক পরিকল্পনার জন্যই জিনিসপত্রের দাম বাড়ছে আর তার ফলে মানুষের জীবনধারনের মান ক্রমশ নেমে যাচ্ছে। একটি জায়গাতেও রাজ্যপালিকা বললেন না যে, সাধারণ মানুষের জীবনধারনের মান নেমে যাচ্ছে।

[At this stage the red light was lit]

Mr. Speaker, Sir, I want two minutes more please. I am the last speaker

Mr. Speaker: Please finish your speech.

Sj. Subodh Banerjee:

নিউট্রিশনাল এ্যাডভাইসরি কমিটির রিপোর্ট দেখুন। সেখানে তারা বলছে, একজন লোকের শুধু স্বাস্থ্যসম্মত খেতে ৩৪ টাকা খরচা পড়ে। এই হিসেব আজকের নয়। আজকের প্রাইস ইনডেক্স ধরলে ৪০ টাকা খরচা পড়ে। এ্যাডভাইসরি কমিটি আরও বলেছে যে, প্রতি সংসারে ৩·৫ ইউনিট আছে। তাহলে একটা পরিবারের শুধু স্বাস্থ্যসম্মত খাবার খরচ মাসে ১৫০ টাকা। এই তো গেল শুধু খাবার খরচ। এ ছাড়া অন্যান্য খরচ রয়েছে। তা ধরলে একটা পরিবারের খরচ লাগে ২৫০ টাকা। এইবার জনসাধারণের আয়ের দিকটা একটু দেখুন। এই কলকাতা শহরে যারা কর্মে নিযুক্ত তাদের মধ্যে শতকরা ১৯ জন ১ টাকা থেকে ১০০ টাকা রোজগার করে। শতকরা ৪৩ জন ১০০ টাকা থেকে ২০০ টাকায় কাজ করে। এই শতকরা ৬২ জন অভাবে ভুগছে। তৎসত্ত্বেও সরকার বলছেন জীবনধারনের মান বাড়াবার ভাল ব্যবস্থা করে দিয়েছেন। জীবনধারনের মান নামার ফলে ঘরে ঘরে টি বি রোগ। টি বি ইজ্ এ সোসিয়াল ম্যালাডি। এর একমাত্র প্রতিকার হচ্ছে ভাল খাওয়া ভাল থাকা। বি সি জি এর প্রতিকার নয়. বি সি জি টীকা দিয়ে টি বি ঠেকান যাবে না। একে ঠেকাতে হলে জনসাধারণের জীবনধারণের মান বাড়ান দরকার।

Better amenities, better social service, free education, free medical aid এগুলি যদি বিনামূল্যে দিতে পারেন এবং তার মাধ্যমে প্রকৃত আয় বাড়াতে পারেন তবেই এর প্রতিকার হতে পারে।

পুঁজিপতিদের লভ্যাংশ হতে মোটা অংশ কেটে নিয়ে বাড়ী তৈরী করান হবে এবং সেই বাড়ীগুলো অল্প ভাড়ায় কিংবা বিনা খরচে শ্রমিক [illegible] থাকার ব্যবস্থা করুন। এ জিনিস কেন করেন না? শুধু বললে হবে না—কোমরে গামছা বাঁধ। গামছা এত জোরে বেঁধে দিয়ে পেট আর পিঠ ঠেকে গিয়েছে। আর কমতে গেলে পিলে চিপটে শেষ হয়ে যাবে। পট বেলইড পুঁজিপতি যারা আছেন তাদের গামছা বাঁধতে বলুন। তার কোন চিহ্ন নেই। তাকে চূড়ান্ত নিন্দা করা ছাড়া আমি আর কোন ভাষা খুঁজে পাই না।

Mr. Speaker: The House stands adjcurned till 3 p.m. tomorrow.

Adjournment.

The House was then adjourned at 7-2 p.m. till 3 p.m. on Thursday, the 6th June, 1957, at tse Assembly House, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly under the provisions of the Constitution of India

THE ASSEMBLY met in the Assembly House, Calcutta, on Thursday, the 6th June, 1957, at 3 p.m.

Present:

Mr. Speaker (The Hon'ble SANKARDAS BANERJI) in the Chair, 16 Hon'ble Ministers, 12 Deputy Ministers and 215 Members.

[3—3-10 p.m.]

Refusal of consent to an adjournment motion

Sj. Saroj Roy:

মিঃ স্পীকার স্যার, আমার একটা এ্যাড্‌জোর্নমেন্ট মোশন ছিল, সেটা আজ আপনাকে দেওয়া হয়েছে। দুঃখের বিষয় আপনি সেই এ্যাডজোর্নমেন্ট মোশন রিফিউজ করেছেন। যখন দুদিন আগে 'ফুড সিচুয়েশন'এর উপরে দুটো এ্যাডজোর্নমেন্ট মোশন এসেছিল সেটা আপনি 'রিফিউজ' করেছিলেন ; অথচ আমাদের অবস্থা ক্রমশ খারাপ হচ্ছে। অবস্থা এত খারাপ হচ্ছে যে খবরের কাগজ মারফত—

Mr. Speaker: You can read your motion to the House but not the statement.

Sj. Saroj Roy: The Proceedings of the Assembly do now adjourn to raise a discussion of urgent public importance and of recent occurrence, viz., worsening of the food crisis in West Bengal resulting in starvation deaths in the districts of Bankura, Hooghly, Midnapore, Nadia, Murshidabad and others. My short statement is this...

Mr. Speaker: Please do not read the statement; it is not part of the motion Please do not embark upon a discussion.

Sj. Saroj Roy:

যদিও আপনি রিফিউজ করেছেন স্যার, তবু বলছি, আজকে বাংলাদেশের যেরকম অবস্থা হয়েছে——

Mr. Speaker: Will you please not discuss? You have read the motion, you cannot discuss any further.

Sj. Saroj Roy:

ডিসকাসন নয় স্যার, এটায় দরকার রয়েছে।

Mr. Speaker: I have given my ruling; please. The debate will start now.

Amendments to the Motion of Address in reply to Governor's speech

Sj. Hare Krishna Konar:

·মাননীয় স্পীকার মহাশয়, এই শীতাতাপ নিয়ন্ত্রিত ঘরের বাহিরে যখন বাংলাদেশের প্রত্যেকটা জেলার লাখ লাখ মানুষ অনাহারে এবং অর্ধাহারে ধুঁকছে, যখন প্রতিদিন সংবাদপত্রে অনাহারে মৃত্যু এবং আত্মহত্যার মর্মন্তুদ খবর আসছে, তখন আমাদের সামনে মাননীয়া রাজ্যপালিকা মহাশয়া তাঁর বক্তৃতার মধ্যে যে চরম আত্মসন্তুষ্টি এবং 'সব ঠিক আছে' এইরকম

একটা মনোভাব ফুটিয়ে তুলেছেন তাতে আমরা স্তম্ভিত ও আতঙ্কিত হয়েছি। আতঙ্কিত হয়েছি এইজন্য যে সরকারী নীতি সঙ্কটের প্রতিকার না করে সংকটকে বাড়িয়ে তুলছে। সরকারের অতি নগন্য ব্যবস্থা মানুষের মৃত্যুকে রোধ করতে পারছে না। মুখে যতই বলা যাক চেষ্টা করা হচ্ছে এবং সরকার সর্বদা সচেতন আছেন, তাহলেও আতঙ্কিত হবার কারণ আছে কারণ এইরকম চলে বাংলাদেশকে চরম বিপর্যয়ের হাত থেকে বাঁচান যাবে না।

আমি প্রথমেই আজকের একটি সংবাদের প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করতে চাই। আজকের সংবাদে প্রকাশিত হয়েছে যে কলকাতার বিভিন্ন রেল গোডাউন এবং রেলওয়ে ইয়ার্ডে এক লক্ষ ৭০ হাজার থেকে ৭৫ হাজার মণ চাল জমা হয়ে রয়েছে, এই চাল চারদিন ধরে পড়ে রয়েছে, ছাড়ান হচ্ছে না। প্রাইভেট ব্যবসায়ীরা বাংলার বাইরে থেকে এই চাল নিয়ে এসেছে। আর এও জানা গিয়েছে যে রেলওয়ে কর্তৃপক্ষ আশঙ্কা করছেন যে, এমনভাবে ট্রান্সপোর্ট বটলনেক্ হতে থাকলে বাহির থেকে আর আমদানী সম্বন্ধে তাঁদের কঠোর ব্যবস্থা অবলম্বন করতে হবে। আমি শুধু এইটুকু বলতে চাই যে, আমাদের মুখ্যমন্ত্রী নানা রকম থিয়োরি খাড়া করতে সুরু করেছেন এবং চালের সঙ্গে বহুমূত্র রোগের কী যোগসূত্র আছে এবং চাল খাওয়াতে কি কি অসুবিধা হচ্ছে ইত্যাদি বলছেন। তিনি যখন বসে বসে এইরকম থিয়োরি করছেন তখন তাঁরই চোখের সামনে দেখা যাচ্ছে ১ লক্ষ ৭৫ হাজার মণ চাল সেখানে পড়ে রয়েছে।

আমাদের সরকার চালের সন্ধান পান না অথচ দেখা যাচ্ছে বাংলার বার থেকে যথেষ্ট চাল সংগ্রহ করা যায়। ১ লক্ষ ৭৫ হাজার চাল মানে—যদি সপ্তাহে দুই সের করে রেশন দেওয়া যায় তবে প্রায় সাড়ে ৮ লক্ষ লোককে এক মাসের খাদ্য দেওয়া যেতে পারে। এইরকম-ভাবে লক্ষ লক্ষ লোকের খাদ্য ব্যবসায়ীদের হাতে পড়ে রয়েছে অথচ আজ বাংলার চারিধার থেকে খাদ্যাভাবে অনাহারে মৃত্যুর খবর আসছে। আমরা আশা করব এই চাল অবিলম্বে রিকুউজিশন করে নেওয়া হোক এবং রিকুউজিশন করে তাড়াতাড়ি বিভিন্ন জেলায় পাঠান হোক। তাহলে অন্ততঃ সাড়ে ৮ লক্ষ মানুষকে এক মাস চাল দেওয়া যাবে। এইরকমভাবে আরো খোঁজ করলে দেখা যাবে যে, বাংলাদেশেও প্রচুর চাল পাওয়া যাবে যদি সরকার এই বিষয়ে সচেতন হন বা দৃষ্টি দেন। বাইরে থেকেও সেইরকম চাল আসতে পারে।

বাংলাদেশে আজ যখন এই সংকট সুরু হয়েছে—একে শুধু সংকট বললে ভুল হবে—তখন আশ্চর্যের কথা এই যে মাননীয় রাজ্যপালিকা মহাশয়ার বক্তৃতায় এই খাদ্যসংকটের কথার উল্লেখ দেখছি না। তিনি অত্যন্ত সুচতুরভাবে 'সংকট' কথাটি এড়িয়ে গেছেন এবং এড়িয়ে গিয়ে বলেছেন এই খাদ্য পরিস্থিতিতে তাঁর গভর্নমেন্ট চিন্তিত। দেখা যাচ্ছে যে—এই খাদ্য সংকটকে গভর্নমেন্ট অত্যন্ত ছোট করে দেখছেন অথচ এই সংকট সম্বন্ধে আমরা যতটুকু সংবাদ সংবাদপত্রে পাচ্ছি এবং যতটুকু গ্রাম থেকে পাচ্ছি তাতে বলতে পারি যে, ১৩৫০ সালের পর এত বড় সংকট বাঙলা দেশে দেখা দিয়েছে কিনা সন্দেহ। শুধু যে কটা জেলা বন্যায় ক্ষতিগ্রস্থ হয়েছিল সেই কটা জেলা নয় বাংলায় এমন কোন জেলা নাই যেখানে লক্ষ লক্ষ মানুষ দুর্ভিক্ষের কবলে পড়ে অনাহারে এবং অর্ধাহারে না ভুগছে। দৈনিক সংবাদপত্রে মৃত্যু এবং আত্মহত্যার শোচনীয় খবর বাহির হচ্ছে, আমি শুধু দুই একটা আপনাদের কাছে বলতে চাই—

(১) নদীয়া জেলার মহেশগড়ের জিতেন ঘোষ টেস্ট রিলিফএর কাজ সুরু হয়েছে শুনে কাজের জন্য যায় এবং কাজ না পেয়ে বাড়ীতে ফিরে আসে ; কাজ পেল না ব'লে অনাহারে কষ্ট সহ্য করতে না পেরে আত্মহত্যা করতে গিয়েছিল, পাশের প্রতিবেশীরা কোনরকমে তাকে রক্ষা করে।

(২) চাপড়াথানার ভদ্রিপুর ইউনিয়নের আসমানী বিবির গলায় দড়ি দিয়ে মৃত্যু হয়েছে।

(৩) দীঘাড়ি গ্রামে উদ্বাস্তু কৃষক মহীন্দ্রের স্ত্রী আত্মহত্যার চেষ্টা করে—ছেলেপুলের অনশনের কষ্ট দেখতে না পেরে।

(৪) হাঁসখালি থানার চাপড়াগ্রামে প্রেমচাঁদ গলায় দড়ি দিয়ে মরার চেষ্টা করে।

(৫) ভীমপুর ইউনিয়নের মুড়াগাছা গ্রামের হরিপদ হালদার ছেলেপুলেদের খাদ্য-কষ্ট সহ্য করতে না পেরে গলায় দড়ি দেয়।

(৬) কালীগঞ্জ থানার ননীগোপাল মণ্ডল ১৯শে মে পিতা-পুত্র দু'জনে গলায় দড়ি বাঁধে।

(৭) শান্তিপুর থানার নিতপুকুর গ্রামের জনৈক কৃষকের স্ত্রী ৯ই জ্যৈষ্ঠ ছেলেকে খেতে দিতে না পেরে আত্মহত্যার চেষ্টা করে।

[3-10—3-20 p.m.]

(৮) পশ্চিম দিনাজপুরে ডাহাপাড়া গ্রামের অবনী বর্মণ, চারদিন অনশনে থাকবার পর আত্মহত্যা করবার চেষ্টা করেন।

(৯) গঙ্গারামপুর থানার রাজীবপুর গ্রামের লক্ষ্মী মুর্মু কাজ যোগাড় করতে বহু চেষ্টা করে কাজ পায় বটে—কিন্তু তাকে আর পারিশ্রমিক নিতে হ'ল না, তার মধ্যেই সে মৃত্যুর কোলে ঢলে পড়লো।

(১০) বর্ধমানের কাটোয়ায় পানুহাট গ্রামের সুরেন্দ্র চক্রবর্তী কয়েকদিন উপবাসে থাকবার পর ৮ই মে তারিখে প্রাণত্যাগ করেছে।

(১১) মেদিনীপুরে গড়বেতা থানার ৪নং ইউনিয়নের ললিতগঞ্জ গ্রামের কিসমৎ খাঁ বাবুই ঘাসের দড়ি পাকিয়ে কোনপ্রকারে সংসার চালাত। কিন্তু সে কয়েকদিন অনশনে কাটবার পর স্ত্রী-পুত্রদের আত্মীয় বাড়ীতে রেখে কাজে বেরিয়েছিল, কাজ সেরে আর বাড়ী ফিরে যেতে হল না, সে ওখানেই প্রাণত্যাগ করেছে।

(১২) পশ্চিম দিনাজপুরে কালীগঞ্জ থানার বাগেশ্বর বর্মণ অনাহারে মারা গেছে।

(১৩) বর্ধমানের কেতুগ্রাম থেকে আমাদের মাননীয় প্রফুল্লচন্দ্র নির্বাচিত হয়েছেন। সেখানের নবগ্রামের জ্যোতি বায়েন ও উষা বায়েন না খেতে পেয়ে মারা গিয়েছে।

(১৪) খাজিনাডিহির রঞ্জন ঘোষ খেতে না পেয়ে গলায় দড়ি দিয়ে মারা গেছে।

(১৫) নদীয়া জেলার কোতোয়ালী থানায় দিকনগর গ্রামের দুলাল দুর্মুনা কয়েকদিন অনাহারে থাকবার পর গলায় দড়ি দিয়ে আত্মহত্যার চেষ্টা করে।

(১৬) রাণাঘাটে একটি ইউনিয়নে অবস্থিত অশোক কলোনীর জনৈকা মহিলা অনাহারে মারা গিয়েছে। সেটা ইউনিয়ন বোর্ডও স্বীকার করেছেন।

(১৭) ন'পাড়ার মুসুণ্ডা ইউনিয়নের জনৈক খেতমজুর অনাহারের জ্বালায় আত্মহত্যার চেষ্টা করে।

(১৮) আড়বন্দী ইউনিয়নের বাথানগাছি গ্রামের ফটিক দুলে ও পাগলা দুলের স্ত্রী দু-তিন দিন অনাহারে থাকবার পর আত্মহত্যা করেছে।

(১৯) নদীয়ায় মহেশনগর গ্রামের জিতেন ঘোষও খেতে না পেয়ে আত্মহত্যার চেষ্টা করে।

এইভাবে অসংখ্য গ্রামের অনাহারে মৃত্যুর খবর ১৩৫০ সালের দুর্ভিক্ষকে স্মরণ করিয়ে দেয়। অথচ দেখা যাচ্ছে আমাদের সরকার এই সঙ্কটকে অত্যন্ত ছোট করে দেখছেন। আমরা দেখতে পাচ্ছি যে বিভিন্ন জেলা থেকে এইরকম অনাহারে মৃত্যুর খবর নিত্যই আসছে।

Sj. Jyoti Basu: Mr. Speaker, Sir, may I draw your attention to the fact that when such speeches are being made on the food situation and deaths due to starvation, neither the Chief Minister nor the Food Minister Shri Prafulla Chandra Sen is there. This is very wrong.

[The Hon'ble Siddartha Sankar Roy rose.]

[Sj. Hemanta Kumar Ghosal also rose.]

Mr. Speaker: Mr. Basu is on his legs and neither side should disturb him.

Sj. Jyoti Basu: My only request to you is to see that on such urgent matters when speeches are being delivered the Ministers are present. I do not know what pressing business keeps them away from the House.

Sj. Rajani Kanta Pramanik: I am taking notes on behalf of the Minister.

The Hon'ble Siddartha Sankar Roy: Sir, everything that is being said here will be reported to the Chief Minister and the Food Minister—the Food Minister has come just now.

Dr. Jnanendra Nath Majumdar: It is not a question whether everything is reported to the Ministers; it is a disrespect to the House that neither of the Ministers is present here.

Sj. Hare Krishna Konar:

স্যার, আমরা দেখছি, নদীয়া, মুর্শিদাবাদ, বর্ধমান এবং বাংলার অন্যান্য বিভিন্ন জেলা থেকে এইরকম শোচনীয় খবর পাচ্ছি, যা প্রায় দৈনিকই সংবাদপত্রে প্রকাশিত হচ্ছে। নদীয়ায় যে সমস্ত লঙ্গরখানা খোলা হয়েছে, সেখানে সামান্যমাত্র খাদ্য দেওয়া হচ্ছে। অথচ হাজার হাজার মানুষ সেখানে খাদ্যের জন্য ভীড় করছে। এ থেকে একটা জিনিস বোঝা যাচ্ছে যে মানুষ অত্যন্ত বিপদে না পড়লে তার আত্মসম্মান জ্ঞান হারিয়ে গ্রুয়েল কিচেনের সামান্য খিচুড়ী খেতে আসে না। সেখানে হাজার হাজার মানুষ ভীড় করছে, কিন্তু খাদ্য পাচ্ছে না। ১৩৫০ সালের পর বাংলাদেশে আর কখনও লঙ্গরখানা খুলতে হয় নাই। কিন্তু এবার খোলা হয়েছে। লোকে ঘটিবাটী বিক্রী করছে। এমনকি পেটের জ্বালায় চার পাঁচশো টাকা মূল্যের এক এক বিঘা জমি অল্প দামে অত্যন্ত কঠোর সর্তে বিক্রী করে দিচ্ছে। শুধু এটুকু বলা দরকার যে এই সংকট আপসে আসে নাই, বা আপসে সৃষ্টি হয় নাই। শুধু খাদ্যের ফলন কম হয়েছে বলে এই সংকট সৃষ্টি হয়েছে তা নয়। আমি সোজাসুজি বলতে চাই এবং অভিযোগ আনতে চাই গভর্নমেন্টের বিরুদ্ধে যে তাদের চরম অবহেলা ও অপদার্থতার দ্বারাই তারা এই সংকট সৃষ্টি করেছেন। ১৩৫০ সালের দুর্ভিক্ষকে মনুষ্য-সৃষ্ট দুর্ভিক্ষ বলা হয়। আবার দেখছি তারই পুনরাভিনয় আরম্ভ হয়ে গেছে। আমাদের সরকার আজ নানারকম সংখ্যাতত্ত্বের বড় বড় হিসাব দিয়ে জনসাধারণকে প্রবঞ্চিত করবার চেষ্টা করছেন।

এটা যদি সত্য হয়ে থাকে যে গত বছর থেকে এবারে ২ লক্ষ টন খাদ্যশস্য বেড়েছে, তাহলে একটা কথার জবাব দিতে হবে এবং জবাব দেওয়ার প্রয়োজন আছে। আগেকার সালে যদি দুই লক্ষ টন বেশী উৎপাদন হয়ে থাকে, তাহলে এত বড় সঙ্কট এবং এত বেশী অনাহারে মানুষের মৃত্যু কেন হচ্ছে? নিশ্চয়ই গভর্নমেন্টের পলিসির ভিতর কোন গুরুতর ত্রুটি আছে।

গত বন্যার পর গভর্নমেন্টের বোঝা উচিত ছিল এবং কোন গভর্নমেন্টের এতটুকু দায়িত্ববোধ থাকলে সহজেই তাঁরা বুঝতে পারতেন যে যেখানে বন্যায় ৫২ লক্ষ লোকঅধ্যুষিত এলাকা বিধ্বস্ত হয়ে গেছে, সেখানে বহু উৎপন্ন ফসলও নষ্ট হয়ে গেছে। তা ছাড়া মালদহ, পশ্চিম দিনাজপুর ও আরো অনেক জেলার ফসল নষ্ট হয়েছিল। বাংলাদেশে বিপর্যয়ের ফলে এতগুলি জেলার ফসল যদি নষ্ট হয়, তাহলে বাংলাদেশের ভবিষ্যৎ সম্পর্কে সরকারের সাবধান হওয়া উচিত ছিল।

তারপর রবিশস্যের চাষ ভাল হয় নাই। গমের শিষ হয়েছে বটে, কিন্তু তাতে দানা হয় নাই। এটা গভর্নমেন্টও স্বীকার করেছেন। একে অমিনাস বলবো। ধানচাষ নষ্ট হয়ে গেল, গম হল না—এই যেখানে অবস্থা, সেখানে গভর্নমেন্টের বোঝা উচিত ছিল যে ভবিষ্যতে অবস্থা খারাপ হতে পারে, তার জন্য ব্যবস্থা অবলম্বন করা উচিত। √১৩৫০ সালের পর অঘ্রাণ-পৌষে ধানের দর বাড়ে নাই। কিন্তু এবার দেখা গেল অঘ্রাণ-পৌষে ধানের দর না কমে

আরো বাড়তে আরম্ভ করলো। আমরা দেখেছি এই আইন সভায় মাননীয় শ্রীবঙ্কিম মুখার্জী মহাশয় এ বিষয়ে সরকারের দৃষ্টি আকর্ষণ করেছিলেন। অথচ সরকার সচেতন হলেন না। প্রয়োজন ছিল গভর্নমেন্টের স্টক সংগ্রহ করা। কিন্তু দেখা গেল, সরকার এক ছটাক ধান বা চাল সংগ্রহ করলো না। বরং তাঁরা বললো সব ঠিক আছে। অন্যদিকে দেখা গেল, রিজার্ভ ব্যাঙ্ক ও সিডুল ব্যাঙ্ক থেকে অগ্রিম প্রচুর টাকা মিলমালিকদের ও মহাজনদের দাদন দেওয়া হল। এ বিষয়ে একটা হিসাব দিতে চাই। সারা ভারতবর্ষের কথা বলছি—আগের বছর ১৯৫৬ সালের ডিসেম্বর পর্যন্ত ৬ কোটি ৬১ লক্ষ টাকা অ্যাডভান্স করা হ'ল; আর এবার ১৯৫৭ সালের মার্চ অবধি ২২ কোটি ৮৫ লক্ষ টাকা তাদের অ্যাডভান্স করা হল। বাংলাদেশে ১৯৫৬ সালের জানুয়ারী পর্যন্ত ৭৪ লাখ টাকা অ্যাডভান্স করা হয়েছিল, এবার জানুয়ারী মাস পর্যন্ত এক কোটি ৪৮ লক্ষ টাকা অ্যাডভান্স করা হয়েছে। তার মানে যদি ১০ টাকাও ধানের দর ধরি, তাহলে ঐ টাকায় বাংলায় ১০ লক্ষ মণ চাল মজুত করতে পেরেছে। ঐ চাল যদি জনপ্রতি সপ্তাহে দু সের করে বিলি করা যায় তাহলে দেখা যাবে ৫০-৬০ লক্ষ লোককে আমরা এক মাস খোরাক দিতে পারি। এটা গভর্নমেন্টের টাকা থেকে হতে পেরেছে। আমি জানতে চাই গভর্নমেন্ট কেন এই সঙ্কটের সামনে নিজে ঐ টাকা দিয়ে চাল কিনলেন না, উল্টো ব্যাঙ্ক মারফত টাকা দিয়ে গভর্নমেন্ট এদের এত ধানচাল মজুত করতে দিলেন?

একটা রিপোর্ট বেরিয়েছিল, যে বাংলাদেশের রাইস মিল ওনার্স অ্যাসোসিয়েশন ও রাইস ডিলার্স অ্যাসোসিয়েশন নাকি কংগ্রেসের নির্বাচনী তহবিলে বহু টাকা দিয়েছিলেন। আমি জানতে চাই এই ধানচাল সরকারের নিজের না কেনা, এবং সঙ্গে সঙ্গে ব্যবসায়ীদের প্রচুর টাকাকড়ি দিয়ে ধানচাল কেনানোর সঙ্গে এর কোন সম্বন্ধ আছে কিনা? এটা খাদ্যমন্ত্রীর কাছ থেকে আমি জানতে চাই। এইরকম একটা চরম অপদার্থতা ও চরম অবহেলার ফলে বর্তমান সঙ্কট সৃষ্টি হয়েছে। এই সঙ্কটের মধ্যে আজ আইনসভা সুরু হয়েছে। সংকট শুধু নদীয়া মুর্শিদাবাদ বা কালনা-কাটোয়ায় নয়, সমস্ত জেলায় এই সংকট আরম্ভ হয়েছে, কোন জেলা আজ বাদ আছে, তা বলা যায় না। এইরকম সংকটের মধ্যে আমরা কি দেখছি? প্রথম গভর্নমেন্ট স্বীকার করলেন না। মে মাসের আগে যত বিবৃতি সরকার দিয়েছেন তাতে এই সংকটের কোন উল্লেখ নাই, বলেছেন সব ঠিক আছে। তারপর মে মাসে সরকার স্বীকার করতে বাধ্য হলেন, যখন বিভিন্ন জেলায় হাজার হাজার মানুষ এস, ডি, ও; ডি, এম, প্রভৃতিকে ঘেরাও করতে আরম্ভ করলেন। তখন তাঁরা বলতে আরম্ভ করলেন "আমাদের কোন স্টক নাই। আমাদের উদ্দেশ্য তো ভাল, আমরা দিতে চাই, কিন্তু হাতে স্টক নাই—কি করবো?" এই অবস্থায় কি উচিত ছিল গভর্নমেন্টের? কি দায়িত্ব ছিল গভর্নমেন্টের? তখন তাদের উচিত ছিল মানুষের সাহায্যের জন্য ছুটে যাওয়া, যেমন করে হোক স্টক সংগ্রহ করা। দিল্লীর কেন্দ্রীয় গভর্নমেন্টের কাছ থেকে স্টক সংগ্রহ করতে পারতেন, মিল এবং অন্যান্য মালিকদের কাছে, যে ধানচাল আছে, তা সরকার সংগ্রহ করতে পারতেন।

[3-20—3-30 p.m.]

আমরা আশ্চর্য হয়ে দেখলাম প্রথমে দিল্লী গভর্নমেন্টএর কাছে বলা হল তিন লাখ টন খাদ্য চাই, তারপর দেখা গেল দিল্লী গভর্নমেন্টএর চাপে বল্লেন দুই লাখ টন, তারপরে বল্লেন এক লাখ টন। এখন তো আমরা সঠিক বুঝতে পারছি না। রাজ্যপালিকা মহাশয়া বলছেন তিন লাখ টন গম পাওয়া যাবে, তার পরেই হিসেব দিচ্ছেন মাসে ৩৬ হাজার টন করে পাওয়া যাবে। মাসে ৩৬ হাজার টন কোরে পেলে তিন লাখ টন পেতে ক'মাস লাগে আমরা বুঝতে পারছি না। ততদিন মানুষগুলো বাঁচবে কি কোরে তাও আমরা বুঝতে পারছি না। তা ছাড়া চালের কি হ'ল? চাল তো সবচেয়ে বেশী প্রয়োজন। চাল যদি নাই থাকে তাহলে এইরকমভাবে স্টেশনএতে দেড় লাখ মণ পোনে দুই লাখ মণ কোথা থেকে এল, যদি বাংলায় বাইরে চাল না পাওয়া যায়? আমি জিজ্ঞাসা করি বড় বড় মিলগুলির হাতে ও মহাজনদের হাতে যে চাল আছে সেগুলিকে নেবার কি ব্যবস্থা হয়েছে? যাদের হাজার হাজার বিঘা জমি আছে, যাদের হাজার হাজর মণের ধানের মড়াই আছে তাদের কাছ থেকে নেবার কি ব্যবস্থা হয়েছে? অথচ আজকে দেখছি গভর্নমেন্ট নতুন থিওরী বের করছেন যে পেজ্যান্ট অর্থাৎ চাষীরা মজুত রাখছে ২/৪ মণ

কোরে রাখলেও তো বন্ধ হয়ে যাবে। চমৎকার সংখ্যাতত্ব! বড় বড় মিলমালিকগুলিকে ও বড় বড় ব্যবসাদারদের এবং তাদের মজুত ধানচালগুলিকে বাঁচাবার জন্যই আজ সাধারণ চাষীদের কথা তুলে ধূম্রজাল সৃষ্টি করা হচ্ছে। কেন সেই বড় বড়দের ধানচাল নেওয়া হচ্ছে না? আমরা রাজী আছি, বিরোধীপক্ষের মানুষ নিশ্চয়ই এই ব্যাপারে সরকারের সঙ্গে কো-অপারেট করতে রাজী, বড় বড় জমির মালিক যারা, বড় বড় মিলমালিক যারা তাদের ধানচাল বলুন আমরাও সন্ধান দিয়ে দেবো কোথায় আছে না আছে। গভর্নমেন্ট প্রতিশ্রুতি দিন যে সন্ধান থাকলে সেগুলিকে রিকুইজিশন করবেন এবং তা আপনারা সাধারণ লোকের কাছে বিলি করবেন। সেটা করবেন কি? তা যদি না করেন তাহলে সহযোগিতার প্রশ্ন আসতে পারে না। তারপরে আর একটা জিনিস আমরা লক্ষ্য করতে পারছি তাহলো এই, রাজ্যপালিকা মহাশয়া বলেছেন—

My Government is fully alive to the situation and they are determined to take all possible measures.

শুধু তাই নয় ওরা নাকি যথেষ্ট ব্যবস্থা গ্রহণ করেছেন এবং "দে আর ডিটারমিণ্ড টু টেক অল পসিবল্ মেজার্স!" সমস্ত ব্যবস্থা তারা নাকি গ্রহণ করবেন। কিন্তু কি ব্যবস্থা? আমরা একটা নতুন কৌশল দেখছি গভর্নমেন্টের। অন্তত আমার চোখে পড়েছে, সে হ'ল কি-না যখন সংকটকে অস্বীকার করা যাচ্ছে না—হাজার হাজার মানুষ যখন এস ডি ও, ডি এমদের অতিষ্ট করে ছাড়ছে—এমনকি মাননীয় একজন সদস্য এখানে বললেন তাদের নাকি অর্থাৎ কংগ্রেসের এম এল এদের নাকি ঘর থেকে বেরুনো মুস্কিল হয়ে পড়ছে, যখন দেখা গেল সংবাদপত্রগুলি,—শুধু বিরোধীপক্ষের সংবাদপত্র নয়, যেসব সংবাদপত্র নির্বাচনের সময় কংগ্রেসকে সাহায্য করেছে সেইসব সংবাদপত্রও দুর্ভিক্ষের করুণ চিত্র দিতে আরম্ভ করল, ফলে যখন আর গভর্নমেন্ট সংকটকে অস্বীকার করতে পারলেন না—তখন মুখে বললেন "হাঁ সংকট হয়েছে, তবে কি চাই—সব দেব! মডিফায়েড র‍্যাসান চালাও দেব ; টেষ্ট রিলিফ ব্যাপকভাবে করব ; গ্রুয়েল কিচেন ব্যাপকভাবে করব এবং করছি। সব জিনিষ করব।" কিন্তু দেবার সময় কিছুই নেই। আমরা দেখছি বড় বড় কথা বলা হচ্ছে কিন্তু যে কোন জায়গায় যান দেখবেন, বিশেষ কিছু নাই। কাগজে কলমে সব ব্যবস্থা আছে ; কিন্তু এস,ডি,ওদের জিজ্ঞাসা করুন—ডি,এমদের জিজ্ঞাসা করুন,—তাঁরা বলবেন—হাঁ মডিফায়েড র‍্যাসান এর দোকান তো ঠিক করে দিয়েছি সব জায়গাতে। কিন্তু চাল? 'ওটা ষ্টকএ নাই!' আমি শুধু কয়েকটি উদাহরণ দেব,—তাহলেই বুঝতে পারবেন। গভর্নমেন্ট হিসেব দিচ্ছেন কত চাল পাঠিয়েছেন! কিন্তু ৩০এ মে তারিখে নদীয়ার জেলার ম্যাজিস্ট্রেটের সঙ্গে দেখা করা হয়েছিল ; তিনি বললেন আমার হাতে যা চাল আছে আমি শুধু গ্রুয়েল কিচেনে দিতে পারি মডিফায়েড র‍্যাসান সপএ চাল দিতে পারি না, আপনারা যাই করুন ২২এ মে তারিখে আমি নিজে কালনায় এস-ডি-ওএর সঙ্গে দেখা করেছি। তিনি বললেন,—পূর্বস্থলী থানায়, যে থানার প্রতিটি ইউনিয়ন বন্যায় বিধ্বস্ত হয়েছিল (যা আমাদের মাননীয় সদস্য বিমলানন্দ বাবুর এলাকা) সেখানে সরকারের হাতে ষ্টক আছে মাত্র ৮ মণ চাল। আরো সংবাদ হচ্ছে এই যে মেদিনীপুর জেলায় আজ পর্যন্ত একটা জায়গাতেও মডিফায়েড র‍্যাসান সপ খোলা হয়নি এবং তাদের চাল দেওয়া হয়নি। কি ময়না থানাই বলুন, কি নন্দীগ্রাম থানায়ই বলুন তাদের চাল দেওয়া হয় নি। এই হচ্ছে সরকারের প্রতিশ্রুতি, আর এদিকে বলছেন সব ঠিক আছে। বর্ধমানে খবর হল, রেডিয়োতে বেরিয়ে গেল, ২২টা রেশন সপ খোলা হয়েছে, অথচ তার একটাতেও খাদ্য নাই। পি, টি, আই, রয়টার সংবাদ দিচ্ছেন যে একটাতেও খাদ্য নাই, নো ষ্টক অ্যাভেলেবল্। এমনকি দেখছি স্থানীয় অফিসারদেরও বেকায়দায় ফেলছেন এই গভর্নমেন্ট। তাঁরা চালাও প্রতিশ্রুতি দিচ্ছেন, বলছেন গভর্নমেন্ট যখন প্রতিশ্রুতি দিচ্ছেন, আমরা তখন শীঘ্রই চাল দেব। অথচ ১০-১৫ দিন পর পর একই কথা বলছেন যে, এখনো এসে পৌঁছায় নি। এরচেয়ে চরম রসিকতা কোন দেশের গভর্নমেন্ট করতে পারেন কিনা সন্দেহ। ঠিক তেমনি দেখছি টেস্ট রিলিফএর কাজ। বলা হচ্ছে যে ব্যাপক আকারে করা হয়েছে। কত লক্ষ লোক নিয়োজিত করা হয়েছে, ইত্যাদি। আমি বর্ধমান জেলার লোক,—সেখানে কাটোয়া ও কালনা মহকুমা বন্যায় বিধ্বস্ত হয়েছিল। আমি ৭ দিন আগের খবর জানি, সেখানে মাত্র ৮টি জায়গায় টেস্ট রিলিফের কাজ হচ্ছে এবং তাতে তিন সাড়ে তিন হাজার লোক কাজ পাচ্ছে এবং মজুরী তাদের দেওয়া হচ্ছে মাত্র এক টাকা, অর্থাৎ ৮০ কিউবিক ফিট মাটি কাটার কাজ করলে

এক টাকা পাবে। কয়েকদিন আগে আমি, বঙ্কিমবাবু, নিরঞ্জনবাবু, ইত্যাদি বিধানবাবুর কাছে ডেপুটেশনে গিয়েছিলাম এবং বিধানবাবুকে বলা হয়েছিল যে, এই প্রচণ্ড গরমে, মাটি যেখানে ফেটে শুকনো হয়ে গেছে ও খুব শক্ত, সেখানে মানুষ এই অবস্থায় এত কম মজুরীতে কীভাবে কাজ করবে। তাতে তিনি বলেছিলেন যে, ৪-৫ হাজার টাকা মাইনে যিনি পান, তিনিও তো বলেন—কষ্ট আছে; আর দৈনিক এক টাকা যে পায় সেও বলে কষ্ট। আমরা আশ্চর্য হয়ে গেলাম এই ভেবে যে একটা রাজ্যের মুখ্যমন্ত্রী জনসাধারণের প্রতি এতটা ঘৃণা রাখতে পারেন। মাননীয় স্পীকার মহাশয়, আমরা দেখছি হঠাৎ সম্প্রতি গভর্নমেন্ট একটা সার্কুলার পাঠিয়েছেন যে টেস্ট রিলিফ কাজে তিন দিনের বেশী নগদ মজুরী দেওয়া যাবে না। আর চার দিন গম নিতে হবে আড়াই সের করে। আশ্চর্য! একটা মানুষ রাতারাতি কখনো স্টম্যাকএর অবস্থা পরিবর্তন করতে পারে না। জানি না বড় ডাক্তার হয়েও এই কথা বলেন কি করে যে বাপদাদা চৌদ্দপুরুষের আমল থেকে মানুষ যেভাবে খেতে অভ্যস্ত হয়েছে সেটা রাতারাতি বদলে একটা মানুষ তার পেটটা পরিবর্তন করে দিতে পারে। তার উপর মানুষ যখন খাদ্যাভাবে মরতে যায় তখন যদি তার অভ্যস্ত খাদ্যের পরিবর্তন করা যায় তাতে বরং নানারকম অসুখ দেখা দেয়। চাল কি পাওয়া যেত না? কেন এই চাল দেওয়া হবে না যা স্টেশনএ পড়ে আছে, যা গুদামে আটক পড়ে আছে, কেন বড় বড় মহাজনদেরও মিলের চাল আটকান হবে না। বিধানবাবু সেদিন আমাদের ডেপুটেশনএর কাছে বলেছেন যে, হ্যাঁ, চাল পাওয়া যায়, বার্মা থেকে চাল পাওয়া যেতে পারে, কিন্তু আমাদের ডলার ডিফিকালটি আছে। বাংলাদেশের সংকটাপন্ন মানুষ ও বার্মার চাল, তার মধ্যে আবার ডলার ডিফিকালটি কিসের? তার সমাধানের কি কোন ব্যবস্থা করা যায় না? না কি আসলে আমেরিকা ও অস্ট্রেলিয়ার গম আমাদের গেলাতেই হবে? তবু তাঁরা বলবেন, 'উই আর ফুল্লি র‍্যালাইভ টু দি সিচুয়েশন' বলবেন, যথেষ্ট কিছু করছেন। আমি গ্র্যাচুইটাস রিলিফ সম্বন্ধে কিছু বলতে চাই না, কারণ সেটা না বলাই ভাল। কৃষিঋণ সম্বন্ধে, আশ্চর্য! গতবার বন্যা হল, তার উপরে দুর্ভিক্ষের অবস্থা, বৃষ্টি নাই, মাটি ফেটে যাচ্ছে, লোকে চাষ করবে কি করে? সেজন্য গতবারের চেয়ে বেশী কৃষিঋণ দেওয়া উচিত, কিন্তু আজ পর্যন্ত কৃষিঋণ দেওয়া হয় নি। তার উপর গত বছর যেখানে দুই কোটি টাকা স্যাংসান করা হয়েছিল, সেখানে এবছর মাত্র এক কোটি দশ লক্ষ টাকা স্যাংসান করা হয়েছে, তবু বলবেন,—'গভর্নমেন্ট ইজ ফুল্লি র‍্যালাইভ টু দি সিচুয়েশন' এবং যা কিছু প্রয়োজন সবই করবেন!' মাননীয় স্পীকার মহাশয়, আমি আর একটি কথা বলতে চাই, গ্রুয়েল কিচেন কতকগুলি করা হয়েছে, সেখানেও দেখবেন, ভদ্রলোকের এক কথা! সেখানে দেওয়া হচ্ছে—তিন মণ চালডাল! সেখানে ৬০০-৭০০, ৮০০-১,০০০-২,০০০ লোক হোক, তবু তিন মণের বেশী পাওয়া যাবে না। তা ছাড়া গ্রুয়েল কিচেন সব জায়গায় হচ্ছে না, যেখানে মানুষের দাবী রয়েছে। আজকে সব কিছুর চেয়ে প্রয়োজন,—যেমন করেই হোক চাল আমদানী করতে হবে। যেমন করে হোক, মিলমালিক এবং মহাজনদের কাছ থেকে চাল সংগ্রহ করতে হবে। প্রতিটি জায়গায় মডিফায়েড রেশন সপ খুলতে হবে। বুভুক্ষু মানুষকে নিয়ে রসিকতা করা চলবে না এই কথাই আমি বলতে চাই। হাউস বিল্ডিং স্কীম সম্বন্ধে বলবার আমার সময় নাই। বন্যা অঞ্চলে নাকি 'বিল্ড ইয়োর ওন হাউস' স্কীম করছেন। এত বড় একটা স্ক্যান্ডালাস ব্যাপার হতে পারে আমরা ভাবতে পারি না। বন্যায় দুই লক্ষ ঘর পড়ল, বিধানবাবুর হিসাবমত ; এই দুই লক্ষ বাড়ী ইঁটের বাড়ী করে দেবেন! সামান্য ভাত দিতে পারেন না, তারা আবার ইঁটের বাড়ী করে দেবেন। তা করতে কত বছর লাগবে? আজ পর্যন্ত বলছেন যে ১২০টা বাড়ী করেছেন। তার উপর ১০ কোটি ইঁটে ক'টা বাড়ী হবে? ১৭ হাজারের বেশী বাড়ী হয় না। এই রেটে বাড়ী হ'লে দুই লক্ষ বাড়ী করতে হ'লে কত বছর লাগবে? ততদিন লোকগুলি বাঁচবে কি করে? অথচ দেখা যাবে যে গরীব মানুষ, সিডিউল্ড কাস্ট, ট্রাইব্যাল মানুষ যাদের আজ খেয়ে কাল খাবার থাকে না, যদি বন্যার পর তাদের কিছু অর্থ সাহায্য করা হতো, কিছু টিন ও বাঁশ দেওয়া হতো তাহলে বেশীর ভাগ মানুষ বাড়ী তৈরী করতে পারতো এবং খুব বেশী টাকাও খরচ হত না। কিন্তু তার পরিবর্তে ব্যবস্থা যা হচ্ছে সব ঠিকাদারের মারফত। ঠিকাদার বাঁশ কয়লা সরবরাহ করবে। বন্যাবিধ্বস্ত লোক ঘর পাক্ আর নাই পাক্ হ্যান্ডলিং এজেন্ট বেশ কিছু মেরে, নিচ্ছে। গভর্নমেন্টএর ব্যবস্থায় পুরো সুযোগ দুস্থ মানুষ পাক বা না পাক, ঠিকাদারের ঠিক পেট ভরবে। অথচ

জন্য ব্যবস্থা হলে দুশ মানুষ থেকে পারতো, বাঁচতে পারতো। আমি জানি কালনাতে যেখানে আদর্শগ্রাম করা হচ্ছে, নদীর ধারে নীচু জায়গায় আদর্শগ্রাম। শ্রী টি টি কৃষ্ণমাচারীকে দেখাবার জন্য রাতারাতি তিন দিন তিন রাত ধরে ডেলাইট জেলে, বেশি টাকা খরচ করে গ্রাম দাঁড় করান হচ্ছে। আদর্শগ্রামের কয়েকটা প্ল্যান করে ঘর তৈরী করলেই বাংলাদেশের বাসস্থানের সমস্যা যায় না। কালনা মহকুমায় ২৫ হাজার ঘর পড়েছে। গভর্নমেন্ট সেখানে হাউস বিল্ডিং গ্র্যান্ট ও লোন দিয়েছেন কত? সব মিলে সাড়ে তিন লক্ষ টাকা মাত্র। হিসাব করে দেখুন তো কত বাড়ী হবে, আর কত লোকে লোন পাবে, আর এই রেটে বাড়ী হ'লে কতদিন লাগবে।

[3-30—3-40 p.m.]

অথচ আমরা দেখছি, মাত্র এই ব্যবস্থা সরকার থেকে করছেন। তার উপর সামান্য যেটুকু তাঁরা রিলিফ দিচ্ছেন তারও যে বিতরণের ব্যবস্থা তা অতি জঘন্য। রিলিফ কমিটি যা করা হয়েছে সেগুলি দুর্নীতি এবং স্বেচ্ছাচারের কেন্দ্র হয়ে দাঁড়িয়েছে। গোটা ইউনিয়ন বোর্ডেরও মারফত রিলিফ নয়, কোন জায়গায় সাধারণ লোকের সহযোগিতা নেওয়া হচ্ছে না; শুধু ইউনিয়ন বোর্ডের প্রেসিডেন্টকে নিয়ে আর সব নমিনেটেড মেম্বার নিয়ে কমিটি করে দেওয়া হয়েছে। আমরা বন্যার সময় বিধানবাবুকে বলেছিলাম যে রিলিফের জন্য সর্বদলীয় এ্যাডভাইসরী বোর্ড তৈরী করুন প্রদেশ ও জেলা ভিত্তিতে, জনসাধারণের সহযোগিতা নিয়ে স্থানীয় কমিটি তৈরী করুন। তার বদলে মনোনীত কমিটির মারফৎ দুর্নীতি ও পক্ষপাতিত্ব চলছে। আপনারা চলুন, দেখিয়ে দেব, ঘর পড়ে নি অথচ ইটের বাড়ী তৈরী করছে, ঘর পড়ে নি অথচ সাহায্য পাচ্ছে। নির্দিষ্ট নাম পর্যন্ত বলে দিতে পারি। অভিযোগের কোন এনকোয়ারী করা হচ্ছে না, কেবল বলা হচ্ছে, এনকোয়ারী করা হবে। এক মাস দেড় মাস গেল, এনকোয়ারীর কোন বালাই নেই। মোট কথা, রিলিফ কম দেওয়া হচ্ছে, আর যা দেওয়া হচ্ছে তাও বহুক্ষেত্রে আসল লোকে পাচ্ছে না, এর কোন পরিবর্তন করা হয় নি। অথচ বলা হচ্ছে এটা জাতীয় সংকট, সকলের সহযোগিতা আমরা চাই। মাননীয়া রাজ্যপালিকা মহোদয়া তাঁর অভিভাষণে বলেছেন যে সহযোগিতার প্রয়োজন, আমার গভর্নমেন্টকে সহযোগিতা করতে হবে। কিন্তু কোন য়্যাডভাইজারী বোর্ড করা হল না। আমি জ্যোতিবাবু ইত্যাদি গিয়ে কী বলি নি যে য়্যাডভাইজারী বোর্ড করুন? আমরা কী বলি নি যে সাধারণ লোককে নিয়ে, তাঁদের প্রতিনিধি নিয়ে কমিটি করুন? অথচ আপনারা কেবল নিজেদের দলীয় লোক নিয়ে এগুলিকে নিজেদের কুক্ষিগত করে রেখে দেওয়ার ব্যবস্থা করেছেন। ইউ, বি, প্রেসিডেন্টকে নিয়ে আর নিজেদের মনোমত লোকদের নিয়ে এইসমস্ত কমিটি আপনারা করেছেন। আপনারা বলেন যে নির্বাচনে গভর্নমেন্টের ফাণ্ডকে দলীয় কাজে লাগান্ নি। কিন্তু আমরা ত দেখছি যে একটা সিঙ্গল পার্টির জন্য, যেহেতু গভর্নমেন্টের কব্জা তাঁরা হাতে করতে পেরেছেন, সেইহেতু পাবলিক ট্রেজারী থেকে টাকা তুলে নিয়ে সেই পার্টির নিজেদের মেসিনারী মারফত নিজদের দল পুষ্টির জন্য সরকারী টাকা খরচ করা হচ্ছে। উপর থেকে নীচে পর্যন্ত সর্বক্ষেত্রে এইরকম চলছে। ইংরাজ আমলে আমরা নির্বাচিত কমিটির পক্ষে এবং মনোনয়নের বিরুদ্ধে লড়াই করেছি। কিন্তু বর্তমান গভর্নমেন্ট ঠিক উল্টো কাজ করছেন। যেখানে যেখানে নির্বাচন প্রথা ছিল সেখানে নির্বাচনকে আরো ব্যাপক করার পরিবর্তে সঙ্কুচিত করে দেওয়া হচ্ছে এবং কমিয়ে প্রত্যেকটা স্তরে নমিনেটেড মেম্বার ঢোকাচ্ছেন। স্কুল বোর্ড, তা নমিনেটেড, রিলিফ কমিটি, তাও নমিনেটেড, আর গোটা পঞ্চায়েতটাও প্রথমে নমিনেটেড করতে যাচ্ছেন, তবু বলবেন: "আমরা নির্বাচনে সরকারী যন্ত্র এবং টাকাকে পার্টির কাজে লাগাই নি"। সব জিনিষের একটা সীমা থাকা দরকার। আমি আজ একথা বলতে চাই যে, বাংলাদেশের মানুষ ১৩৫০ সালের মত আর মরতে রাজী নয়। হাজার হাজার মানুষ বর্ধমান, নদীয়ার, মুর্শিদাবাদ প্রভৃতিতে এস, ডি, ও, ডি, এম,এর কাছে ধর্না দিচ্ছে। এবং এও দেখা যাচ্ছে যে জনগনের বিক্ষোভের সামনে কংগ্রেস সদস্যরা আজ ঘর থেকে বেরুতে পাচ্ছেন না [তুমুল হট্টগোল]। আর দোষ দিচ্ছেন কমিউনিষ্ট পার্টির। তবে একথা জেনে রাখুন যে মানুষ আর আগের মত মরবে না।

আর একটা জিনিস, গতকাল এখানে মাননীয় কংগ্রেস সদস্যেরা যাঁরা বক্তৃতা করেছেন তাঁরা কমিউনিস্ট পার্টির সমালোচনা করেছেন বটে, কিন্তু সঙ্গে সঙ্গে আবার গভর্নমেন্টের খাদ্য

নীতির মৃদু হলেও সমালোচনা করেছেন। এটা কিসের লক্ষণ? জনসাধারণের উগ্রমূর্তি দেখে তাঁদের আর চুপ করে থাকার উপায় নেই। আমরা দেখেছিলাম বিধানবাবু যখন বাংলাকে বিহারের সংগে যুক্ত করতে গিয়েছিলেন তখন কংগ্রেসী এম এল এদের মধ্যেও মতভেদের সৃষ্টি হয়েছিল। তাঁরা পার্টি ডিসিপ্লিন রেখেছিলেন বটে কিন্তু লোকের কাছে যেতে পারেন নি। আমি মাননীয়া রাজ্যপালিকা মহোদয়ার কাছে আবেদন করতে চাই তিনি যেন তাঁর গভর্নমেন্টকে একটু বুঝাবার চেষ্টা করেন যে, বাংলাদেশের মানুষের ভাগ্যকে নিয়ে যেন ছিনিমিনি খেলা না হয় এবং বাংলাদেশের মানুষকে বাঁচানোর জন্য যেন সমস্তরকমের ব্যবস্থা করা হয়। তা যদি না হয় তাহলে বাংলাদেশের মানুষ আর কোনরকম অত্যাচার চুপ করে মেনে নেবে না, বাংলাদেশের মানুষ আজ নিজের পায়ে দাঁড়িয়েছে। বাংলাদেশ কারো নিজস্ব সম্পত্তি নয়. বাংলাদেশের প্রাণশক্তিকে কেউ বিনাশ করতে পারবে না। তবে গভর্নমেন্ট যদি চেষ্টা না করেন তাহলে হয়ত মানুষকে একটু দুর্ভোগ ভুগতে হবে, আন্দোলন করতে হবে, লড়াই করতে হবে, কিন্তু মুখ বুজে অন্যায় তাঁরা সহ্য করবে না। কাজেই বাংলাকে আপনারা সেই দুর্ভোগের পথে নিয়ে যাবেন না—এইটুকুই আমার বক্তব্য।

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: On a matter of personal explanation. I have heard somebody was questioning as to what I was doing when the very important food debate was going on in the House. I may tell the House that I have ascertained long before from newspapers that a large number of food wagons have come which are not being emptied. I telephoned the Centre—we have no power—as to whether they can take over the stocks and I believe that they had given orders to the same effect. Therefore, I was trying to find out whether the wagons have been emptied, whether delivery has been taken and, if not, whether the Central Government has taken charge of the stock. I was just waiting to hear.

The next thing I was in communication with the Centre is that there are some millowners who want to sell their rice at certain prices. Again, I say I have not the power. Therefore, I was telephoning to the Centre to find out whether they can purchase that rice. Therefore, I do not think I was utilising my time uselessly. Through the radio I heard voices of persons who talk much more clearly without much disturbance than when I am sitting here.

Dr. Suresh Chandra Banerjee:

মাননীয় স্পীকার মহোদয়, আমি আজ নিঃসংকোচে একথা বলব যে রাজ্যপালিকা মহোদয়ার ভাষণ পড়ে হতাশ হয়েছি। ১৯৫০ সাল থেকে আমরা রাজ্যপালের ভাষণ শুনছি। এর আগে এই প্রথা ছিল না। ডাঃ কাটজুর ভাষণ আমরা পড়েছি, তারপরে ডাঃ হরেন মুখার্জীর ভাষণ পড়েছি, বর্তমান রাজ্যপালিকার ভাষণও পড়লাম। এক সুর, এক ভাবধারা, এক দৃষ্টিভঙ্গী। কোন পরিবর্তন কোন ভাষণে আমরা দেখতে পাই না। এদিকে দেশে হাহাকার বেড়ে চলেছে, দুঃখদুর্দশা বেড়ে যাচ্ছে, দ্রব্যমূল্য বাড়ছে, বেকার সমস্যা বাড়ছে, উদ্বাস্তুদের জন্য কোন কিছু করা হচ্ছে না অথচ আমরা এইসব ভাষণে দুঃখকষ্ট যে বাড়ছে তার কোন পরিষ্কার আভাস পাই না। এইজন্য মনে হয় এইসব ভাষণ একেবারে অবাস্তব। বাস্তবের সঙ্গে, দেশের সত্যিকারের অবস্থার সঙ্গে এইসব ভাষণের কোন সম্পর্ক নেই। যদি তাঁরা তলিয়ে দেখতেন, দেশের জনগণের মতের সঙ্গে তাঁদের নিজেদের মত মেলাতে চেষ্টা করতেন, তবে দেখতে পেতেন যে দেশের অবস্থা কোন দিকে যাচ্ছে। আজ দেশে যেসব সমস্যা দেখা দিয়েছে তাদের মধ্যে সবচেয়ে বড় সমস্যা হচ্ছে বেকার সমস্যা। এই এক সমস্যা আর সব সমস্যাকে জটিল করে তুলেছে—বেকার সমস্যা উদ্বাস্তুদের সমস্যা, বেকার সমস্যা শিক্ষিত তরুণদের সমস্যা, বেকার সমস্যা প্রতি গৃহের সমস্যা। এক ঘরে একজন যদি উপার্জন করে, তাহলে তিনজন বেকার বসে খায়। এই বেকার সমস্যার সমাধান না হলে কোন সমস্যারই সমাধান হবে না। এই নগ্ন সত্য কথাটা এ পর্যন্ত কোন রাজ্যপালের ভাষণে আমরা পাই নি। আমরা সমস্ত জিনিস ভাসা ভাসা ভাবে দেখি—তাই জোর গলায় বলি সব ঠিক আছে। রাস্তাঘাট, স্কুল কলেজ, হাসপাতাল

বাড়ছে এ কথা ঠিক। কিন্তু স্কুল কলেজ থেকে যারা বেরিয়ে আসছে তাদের বেকার বসে থাকতে হচ্ছে। ডাঃ ঘোষের কথায় বলতে হয়—সে আর আনমার্কেটেবল কমোডিটি। তাদের খাবার জোটে না, অন্নাভাবে তারা হাহাকার করে। হাসপাতালে রোগীর সংখ্যা ক্রমশই বাড়ছে এত দ্রুত বাড়ছে যে হাসপাতালে জায়গা দেওয়া সম্ভব হচ্ছে না। যদি কেউ বেকার বসে না থাকত তাহলে আমি জোর করে বলতে পারি, যে ট্যাক্স বাড়ানো হয়েছে সেই ট্যাক্সের বোঝা দেশের জনসাধারণ হা হুতাস না করেই বহন করত।

[3-40—3-50 p.m.]

যদি বেকার সমস্যা না থাকত তবে দ্রব্যমূল্য যে বেড়েছে, চাউলের দাম যে মণ পিছু তিন চার টাকা করে বেশী হয়েছে তা লোকে টেরও পেত না। তাই আমি বলছি বেকার সমস্যাই সব চাইতে বড় সমস্যা। যে পর্যন্ত এই সমস্যার সমাধান না হচ্ছে সে পর্যন্ত আমরা যত কথাই বলি না কেন কোন সমস্যার সত্যিকার সমাধান হবে না। অথচ এই বেকার সমস্যার কোন উল্লেখই রাজ্যপালিকার ভাষণে আমরা দেখতে পাই না। কিভাবে এই সমস্যার সমাধান সম্ভব তার পূর্ণ নির্দেশ যে আমি এ সময়ে দিতে পারব এমন মনে হয় না, তবু এই সমস্যা খুব গুরুতর বলে আমি যা ভেবে ঠিক করেছি সে সম্বন্ধে দু-চারটা কথা বলছি।

কাল ডাঃ রায় তাঁর বাজেট ভাষণে বলেছিলেন যে বাংলাদেশ যদিও শিল্প-প্রধান তবু শিল্পক্ষেত্রে বাঙ্গালীদের স্থান খুব সংকীর্ণ। শিল্পের দিকে, ব্যবসাবাণিজ্যের দিকে বাঙ্গালীরা বড় একটা যায় না। এইসব ক্ষেত্রে যারা কাজ করে তারা প্রায়ই অবাঙ্গালী। সত্য কথা বলতে গেলে আমরা নূতন কোন শিল্প গড়ে তুলতে পারি না, বড় বড় শিল্প চালাতে পারি না, ব্যবসা-বাণিজ্য করতে পারি না। যদি এসব করতে আমরা না পারি তবে একটা শিল্প-প্রধান রাজ্যে আমাদের বেকার সমস্যার সমাধান হবে কি কোরে? এ প্রশ্নের উত্তর বাজেট ভাষণে বা রাজ্যপালিকার ভাষণে খুঁজে পাওয়া যাবে না। দু-একটি হাসপাতাল করলে, স্কুল কলেজ খুললে, দুই একটা রাস্তা বাড়ালে বাংলার সমস্যার সমাধান হবে না। কেন না, বাংলার মূল সমস্যা এই বেকার সমস্যা। যতদিন পর্যন্ত ঠিকঠাকভাবে এই সমস্যার সম্মুখীন হতে না পারব ততদিন পর্যন্ত আমরা কিছুই করতে পারব না। বাঙ্গালীরা ব্যবসাবাণিজ্য করতে পারে না, তারা এসব কাজের অযোগ্য একথা বলেও খালাস পাওয়া যাবে না, কি করলে তারা এসব করতে পারবে তা খুঁজে বার করতে হবে। যাঁরা শাসনযন্ত্র চালান তাঁদের কাজ শুধু এ নয় যে, যে ৫০-৬০ কোটি টাকা বছরে আয়, তার ব্যয় বরাদ্দ বিভিন্ন খাতে করে দেখানো। সে কাজ সাধারণ কেরাণীরাও করতে পারে সেজন্য মন্ত্রীদের প্রয়োজন হয় না। মন্ত্রীদের প্রধান কাজ যেসব মৌলিক সমস্যা রাজ্যের সম্মুখে বিদ্যমান, সেইসব সমস্যার সমাধান করতে চেষ্টা করা। যদি তা তাঁরা না পারেন তবে পরিষ্কার করে বলা উচিত যে আমরা এসব সমস্যার সমাধান করতে পারলাম না। এ বলে তাঁদের সরে দাঁড়ান উচিত।

পল্লী অঞ্চলেও বেকার সমস্যার অভাব নেই। সেখানকার বেকার সমস্যা সমাধানের কোন নির্দেশও আমরা ভাষণে খুঁজে পাই না। কাল মাননীয় সুবোধ ব্যানার্জী বলেছেন—জমি বৈজ্ঞানিক ভিত্তিতে নূতনভাবে বণ্টন করতে হবে। এ কাজ করা খুবই দরকার। কিন্তু শুধু এ করলেই হবে না। ছোট ছোট শিল্প এবং কুটির শিল্প পল্লী অঞ্চলে গড়ে তুলতে হবে। একথা ডাঃ রায় মুখে প্রায়ই বলেন, কিন্তু কাজে কিছুই হয় না। কুটিরশিল্পের ব্যাপক ব্যবস্থা করতে হবে। একথা পল্লী অঞ্চল সম্বন্ধে প্রায়ই বলা হয় কিন্তু কাজে হচ্ছে না, ফলে যেমন শহর অঞ্চলে তেমনি পল্লী অঞ্চলে বেকার সমস্যা বেড়েই চলেছে। আমরা আদত সমস্যার ভেতরে ঢুকছি না, ভেতরে ঢোকবার সাহস আমাদের নেই, কথাটা মুখে বলছি মাত্র। ফলে প্রতিকার কিছুই হচ্ছে না।

এখন উদ্বাস্তু সমস্যা সম্বন্ধে কিছু বলতে চাই। উদ্বাস্তুদের সম্বন্ধে রাজ্যপালিকার ভাষণে বলা হয়েছে যে, পশ্চিমবঙ্গে তাদের জন্য এ পর্যন্ত ৮৬ কোটি টাকা খরচ হয়েছে। পশ্চিমবঙ্গে আগত উদ্বাস্তুদের সংখ্যা ৩১ লক্ষ। তারমধ্যে ১৯ লক্ষের পুনর্বাসন হয়েছে বলে

রাজ্যপালিকা বলেছেন। কিভাবে হয়েছে তাও তিনি পরিষ্কার কোরে বলে দিয়েছেন। প্রতি পরিবারকে ৪-৫ কাঠা কোরে জমি দেওয়া হয়েছে, কিছু গৃহঋণ দেওয়া হয়েছে, আর কিছু ব্যবসায় ঋণ দেওয়া হয়েছে। এই তিনটি দেওয়া হলেই কি তাদের পুনর্বাসন হয়ে গেল? একটা দৃষ্টান্ত দিয়ে জিনিসটা বুঝাবার চেষ্টা করব। ধরুন গয়েসপুরের কথা। ৫ বৎসর আগে একদিন গিয়ে দেখি ২,৭০০ পরিবারের সেখানে পুনর্বসতি দেওয়া হয়েছে—অর্থাৎ প্রত্যেক পরিবারকে ৫ কাঠা করে জমি, ৫০০ টাকা গৃহঋণ এবং ৫০০ টাকা ব্যবসায় ঋণ দেওয়া হয়েছে আমি অবাক হয়ে গেলাম। একটি গ্রামে ২,৭০০ পরিবারের মধ্যে প্রত্যেক পরিবারের কি ব্যবসা করা সম্ভব। এ এক অবাস্তর পরিকল্পনা। ফলে কি হল? ৩-৪ বৎসরের ভেতর ৩-৪ শত পরিবার তাদের বাড়ীঘর বিক্রী কোরে কলোনি ছেড়ে চলে গেছে। কেন না, আয়ের কোন পথ নেই। আমি জানি কোথায় তারা গিয়েছে। তারা ডেজার্টার হিসেবে শিয়ালদা স্টেশনে আশ্রয় নিয়েছে। কেন এ অবস্থা? যেহেতু, আমরা উদ্বাস্তুদের কর্মসংস্থানের কোন ব্যবস্থা করি নি। টাকা অনেক খরচ হয়েছে—কিন্তু ঠিক পথে হয় নি। হলে এখানে যা বলছি তা বলতে হত না। আমি ডাঃ রায়কে বহুবার জানিয়েছি, লিখে জানিয়েছি যে এভাবে চললে কিছুই হবে না। তিনি বারে বারে আশ্বাস দিয়েছেন যে, উদ্বাস্তুদের বেকার সমস্যার সমাধানের জন্য কুটির-শিল্পের ব্যবস্থা করবেন এবং ছোট ছোট শিল্পের ব্যবস্থা করবেন। উদ্বাস্তু অঞ্চলে ঐসকল জিনিস করেন না কেন? ডাঃ রায় রাজী হয়েছিলেন, এবং আড়াই বছর আগে লিখেও জানিয়েছিলেন যে অন্ততঃ ৬টা উদ্বাস্তু কলোনিতে এভাবে কাজ করবেন—গয়েসপুর, হাবড়ায়, তাহেরপুরে, খোসবাসমহল্লা এবং আরও দু জায়গায়। গত ১৭ই এপ্রিল এক সাক্ষাৎকার প্রসঙ্গে তিনি আমায় বলেছিলেন যে এসব জায়গায় একটি করে সুতোর কল প্রতিষ্ঠিত হবে প্রতি সুতোর কলে আড়াই হাজার লোক কাজ করবে, এবং প্রতিটি কলে উৎপন্ন সুতো দিয়ে ১০ হাজার লোক তাঁতে কাপড় বুনবে। একথা শুনে আমি তাঁকে অভিনন্দন জানিয়েছিলাম এবং বলেছিলাম এভাবে কাজ হলে উদ্বাস্তু অঞ্চলে বেকার সমস্যা থাকবে না। এভাবে কাজ এগিয়ে চললে, শুধু উদ্বাস্তুদের সমস্যা যে দূর হবে তা নয়, সারা বাংলার বেকার সমস্যারও সমাধান হয়ে আসবে। কিন্তু তারপর আড়াই বৎসর চলে গেছে, টাকার অভাব নেই, জায়গার অভাব নেই, জলের অভাব নেই, বিদ্যুতের অভাব নেই, কিন্তু কিছুই হয় নি। কেন হয় নি, সে কথাটাই জিজ্ঞাসা করি। যদি ৫ বৎসর কিংবা ৭ বৎসর আগে থেকে এভাবে কাজ হত তাহলে আজ বাংলায় উদ্বাস্তু সমস্যা বলে কিছুই থাকত না। এখনও আমি বলি—অতীতের জন্য দুঃখ কোরে লাভ নেই। অতীত থেকে যে শিক্ষালাভ হয়েছে তা থেকে গভর্নমেন্টের সচেতন হওয়া উচিত। যে কথা মুখ্যমন্ত্রী প্রায়ই বলছেন ঐ ছোট ছোট শিল্পও সঙ্গে সঙ্গে কুটির শিল্প স্থাপনের কথা সে কথা দৃঢ়তার সঙ্গে কাজে রূপায়িত করলে পশ্চিম বাংলায় শুধু উদ্বাস্তুদের বেকার সমস্যা নয়, সব সমস্যারই সমাধান হয়ে আসবে। গভর্নমেন্টের পক্ষ থেকে বলা হচ্ছে পশ্চিম বাংলায় কৃষিযোগ্য খালি জমি পড়ে নেই। সুতরাং উদ্বাস্তুদের বাংলার বাইরে পাঠাতে হবে। পশ্চিম বাংলায় কৃষিযোগ্য জমি পড়ে নেই একথা ঠিক। কিন্তু বাংলার বাইরে কৃষিযোগ্য জমি খালি পড়ে আছে এটারই বা প্রমাণ কি? কৃষিযোগ্য জমি পশ্চিম বাংলার বাইরে খালি পড়ে আছে কিনা তদন্ত করে দেখার জন্য বছর দু আগে কেন্দ্রীয় গভর্নমেন্ট কর্তৃক একটি কমিশন বসানো হয়েছিল, সেই কমিশন রিপোর্টে স্পষ্ট ভাষায় বলেছে, পশ্চিম বাংলায় যেমন কৃষিযোগ্য জমি পড়ে নেই, বাংলার বাইরেও তেমনি নেই। পশ্চিম বাংলার বাঁকুড়া, বীরভূম প্রভৃতি জেলায় বিস্তর খালি জমি পড়ে আছে, কিন্তু বহু টাকা খরচ করলে সেইসব জমি কৃষিযোগ্য হতে পারে। বাংলার বাইরেও সেই অবস্থা।

গত ১৭ই এপ্রিল ডাঃ রায় বড় মূল্যবান কথা বলেছিলেন। তিনি বলেছিলেন, "আমি বিশ্বাস করি যে চার-পাঁচ কাঠা জমি এক-একটি পরিবারকে যদি দেওয়া যায় এবং কুটিরশিল্প বা ছোটশিল্পের মাধ্যমে যদি পুনর্বাসনের ব্যবস্থা করা যায় তাহলে পশ্চিম বাংলায় যেসব উদ্বাস্তু ইতিপূর্বে এসেছে এবং ভবিষ্যতে আসবে তাদের সকলের পুনর্বাসন এই পশ্চিম বাংলায়ই হতে পারে।" আমি নিজেও বিশ্বাস করি সেই কথা। কিন্তু গভর্নমেন্ট কিছুই করেন না।

মাননীয় শ্রীপ্রফুল্ল সেন বলেছেন যে বাংলায় জমি নেই, সেইজন্য উদ্বাস্তুদের বাংলার বাইরে যেতে হবে। বাংলার বাইরে কৃষিযোগ্য জমি আছে তা তিনি জানলেন কি করে? বাংলার বাইরে এখানে সেখানে সামান্য কিছু জমি থাকতে পারে, কিন্তু তা আদৌ যথেষ্ট নয়। সুতরাং উদ্বাস্তুদের পুনর্বাসন করতে হলে শিল্পের মাধ্যমেই তা করতে হবে। শিল্পের মাধ্যমেই যদি উদ্বাস্তুদের পুনর্বাসনের ব্যবস্থা করতে হয় তাহলে তা বাংলাতেই করা উচিত এবং বাংলাতেই করা সম্ভব। বাংলাদেশে শিল্পের বিকাশ সহজে সম্ভবপর, আর বাংগালী উদ্বাস্তুরা বাংলার বাইরে যেতেও চায় না। কৃষিযোগ্য জমি যদি বাংলার বাইরে পাওয়া যায় তবে তারা সেখানে নিশ্চয়ই যেতে পারে।

[3-50—4 p.m.]

আর দু-একটা কথা বলেই আমি আমার বক্তব্য শেষ করবো। খাদ্য সমস্যা সম্বন্ধে রাজ্যপালিকার যে ভাষণ, তা একটা পরিহাস বলে মনে হয়। তিনি প্রথমে বলেছেন ১৫ আউন্সের বেশী কারও খাওয়া উচিত নয়। আমি অনেক পরিবারকে জিজ্ঞাসা করে দেখেছি, অধিকাংশ পরিবারই বলেছে, গড়ে জনপিছু ১৫ আউন্সের বেশি না হলে চলে না। তবু গভর্নমেন্ট বলছেন ১৫ আউন্সের বেশী যেন কেউ না খায়। ১৫ আউন্সের বেশী যদি না খায়, এবং কৃষকেরা যদি খাদ্য-শস্য জমিয়ে না রাখে, তাহলে খাদ্য-শস্যের সমাধান আমাদের সহজেই হতে পারে। খাদ্যসমস্যা সম্বন্ধে রাজ্যপালিকার গোড়ার কথা হচ্ছে এই। শেষে অবশ্য তিনি বলেছেন,

"The price rise may be due to the general rise in the price level of all commodities".

কিন্তু সব জিনিষের দাম বাড়ছে কেন? সব জায়গায় প্রডাকশন বেড়েছে, শিল্পক্ষেত্রে প্রডাকশন বেড়েছে, কৃষিক্ষেত্রে প্রডাকশন বেড়েছে, তথাপি জিনিষের দাম বাড়ছে কেন? এই কথাটা যদি দয়া করে মাননীয়া রাজ্যপালিকা তাঁর ভাষণে বুঝিয়ে বলতেন, তবে ভাল হত।

মুদ্রাস্ফীতি দ্রব্যমূল্য বৃদ্ধির অন্যতম প্রধান কারণ। আমাদের পশ্চিম বাংলার বর্তমান বাজেটে ১২ কোটী টাকা ঘাটতি দেখানো হয়েছে। কেন্দ্রীয় বাজেটে এবং অন্যান্য রাজ্যের বাজেটেও এরকমই করা হচ্ছে। ১৯৪৩ সালের দুর্ভিক্ষ কেন হয়েছিল? বিদেশী সরকার প্রচুর পরিমাণে নোট বাজারে ছেড়েছিলেন, তার ফলে ১৯৪৩ সালে দারুণ দুর্ভিক্ষ দেখা দিয়েছিল। এখন আমাদের গভর্নমেন্টও তাই করছেন। বাজারে প্রচুর পরিমাণে নোট ছাড়তে আরম্ভ করেছেন। মূল্য বৃদ্ধির আর একটি প্রধান কারণ, মজুতদারদের কর্তৃক মাল গুদামজাত করে রাখা। মজুতদারদের একাজে গভর্নমেন্টও সাহায্য করেছেন সিডিউল ব্যাঙ্ক মারফত টাকা দাদন দিয়ে। অতিবৃষ্টি, বন্যা এবং অনাবৃষ্টিও বর্তমান মূল্য বৃদ্ধির অন্যতম কারণ। প্রকৃতির ওপর আমাদের হাত নেই। মানুষ যে-সব কারণ সৃষ্টি করেছে তা সহজেই দূর হতে পারে এবং সে-সব দূর হলেই জিনিসের দাম কমে আসবে। আজ যদি দ্রব্য-মূল্য কমেও যায়, তবু দেশে হাহাকার লেগেই থাকবে। যে পর্যন্ত বেকার সমস্যা থাকবে ততদিন জনসাধারণের দুঃখ-দুর্দশা ঘুচবে না। একেই তো অভাবের জ্বালায় লোকেরা জ্বলে-পুড়ে মরছে, তার ওপর আবার ট্যাক্স বাড়ানো হয়েছে। জনসাধারণের ওপর ট্যাক্সের বোঝা না বসিয়ে, অন্যভাবে টাকা সংগ্রহ করা উচিত। শাসন ব্যাপারে ব্যয়-সংকোচ করে, দুর্নীতি দূর করে, বড় বড় শিল্প রাষ্ট্রায়ত্ত্ব করে অনেক টাকা সংগ্রহ করা যেতে পারে।

এ কয়টি কথা বলে, আমি বলছি এই ভাষণের জন্য ধন্যবাদ দেবার কোন প্রশ্নই ওঠে না। আমার মনে বারেবারেই এই প্রশ্ন উঠেছে, এই ভাষণের জন্য ধন্যবাদ দেবার কথা কি করে উঠতে পারে। এরজন্য নিন্দাসূচক প্রস্তাব পাশ করলেই ঠিক হয়।

Sj. Bijoy Singh Nahar:

সভাপতি মহাশয়, রাজ্যপালিকা মহোদয়ার ভাষণে আমরা দেখতে পাচ্ছি যে, কয়েক বছর ধরে সরকার কি কাজ করেছেন তার কথা রয়েছে এবং ভবিষ্যতে কি কাজ করবেন তারও

ইঙ্গিত রয়েছে। আমাদের বন্ধুরা এখানে অনেক সমালোচনা করেছেন, এবং সমালোচনার উদ্দেশ্য হচ্ছে কি করে আরও ভালভাবে কাজ করা যায়, কি করে দেশের মঙ্গল হতে পারে, বাংলার মঙ্গল হতে পারে, এই মন নিয়ে তাঁরা সমালোচনা করেছেন, এইটাই আমি বিশ্বাস করি। তবে, এইটুকু বলবো, এখানে যে সমালোচনা করেছেন তার মূল ভিত্তি সত্যিই কি মঙ্গলের দিকে উদ্দেশ্য করে হচ্ছে, কিম্বা তাঁদের নিজেদের দলগত ভাব নিয়ে এখানে আলোচনা করেছেন, এটা দেখা বিশেষ দরকার। আমি কালকে এবং আজকে বক্তৃতাগুলি শুনলাম, বেশ মনোযোগ দিয়ে শুনেছি ; বিশেষ করে বিরোধী পক্ষের নেতৃবৃন্দের বক্তা জ্যোতি বসু মহাশয়, ডাঃ ঘোষ, হেমন্ত বোস মহাশয় প্রভৃতি, তাঁদের বক্তৃতাগুলি ভালভাবে শুনেছি। (এ ভয়েস ফ্রম অপোজিসন বেঞ্চ—কি মনে হল?) আমি বলছি—জ্যোতিবাবু অনেক কথাই বলেছেন ; তিনি সব সময় দেখাবার চেষ্টা করেছেন সরকার যে কাজ করেন তা দলগত ভাব নিয়ে, তাঁর নিজের দলের মঙ্গলের জন্য কাজ করে থাকেন, এইটা বলেছেন। দৃষ্টান্তও তিনি দিয়েছেন। তিনি বলেছেন গত সাধারণ নির্ব্বাচন যা হয়েছে, তার যে দিন ঠিক করা হয়েছিল, সেটা কংগ্রেস পার্টি যাতে জয়লাভ করতে পারে, এইটাই মনে রেখে দিন ঠিক করা হয়েছিল। অদ্ভুত বাক্যের সূচনা করা হয়েছিল। আমি জানি না দিনের উপর জয়-পরাজয় নির্ভর করে কি না? নির্ভর করে জনসাধারণ কাকে চায় ; কোন দিনের উপর নির্ভর করে না। কোন দল বেশী সংখ্যাগরিষ্ঠ হবে, না কমে যাবে সেটা নির্ভর করে জনসাধারণের ইচ্ছার উপর। তারপর তিনি আবার বলতে আরম্ভ করলেন যেটা সর্বজনবিদিত—যে গত বন্যার সময় যা কিছু সরকারী কাজ হয়েছে, সেটা দলীয় ভাবে, দলের লোকের দ্বারা হয়েছে। আমি জানি না এটা তিনি কোথা থেকে পেয়েছিলেন। যখন পশ্চিম বাংলায় বন্যা উপস্থিত হয়েছিল, তখন কংগ্রেস পার্টি, কংগ্রেসের দল গ্রামে গ্রামে গিয়ে, নিজেরা চাঁদা সংগ্রহ করে, কাপড়-চোপড়, খাদ্য-শস্য সংগ্রহ করে যেখানে বন্যা হয়েছিল সেখানে কেন্দ্র স্থাপন করে তাঁরা কাজ করেছেন। [এ ভয়েস ফ্রম অপোজিসন বেঞ্চ—মিথ্যে কথা।] সরকার কোন দলকে নেন নি ; সেখানে কয়েক জন যাঁরা বিভিন্ন পোষ্টে ছিলেন, তাঁদের নিয়ে কাজ করেছেন। তাঁদের মধ্যে অন্য কোন কর্ম্মীকে নেন নি। নির্ব্বাচনের সময়ে বহু জায়গায় বিরোধী পক্ষের নেতৃবৃন্দ সেইসব কথা বলেছেন। কিন্তু তাতে জনসাধারণ বিভ্রান্ত হয় নি। যেসমস্ত অঞ্চলে বন্যা হয়েছিল সেই সমস্ত অঞ্চলের ভাই-বোনরা জানেন কংগ্রেস পার্টির কর্ম্মীরা কি রকমভাবে সেখানে সাহায্য করেছেন, এবং বিরোধী দলের লোকেরা তাদের উস্কানী দেবার চেষ্টা করেছেন। আজ এখানে যাঁরা বড় বড় কথা বলছেন, তাঁরা সেখানে একটুও সহায়তা বা সেবার কাজ করেন নি। এবং তার প্রমাণ নির্বাচনের মধ্য দিয়ে পাওয়া গিয়েছে। তাঁরা আজ বড় বড় ডেমক্র্যাসীর কথা বলছেন। তিনি বলতে চেষ্টা করেছেন যে সরকার যেভাবে কাজ করেন, তা ডেমক্র্যাটিক ওয়ে-তে হয় না। ভূতের মুখে রাম নাম শোনাতে চায়। আমি জানি না তাঁরা ডেমক্র্যাসিতে বিশ্বাস করেন কি না? তাঁদের, কমিউনিষ্ট পার্টির নীতি হচ্ছে 'আমাদের হাতে ক্ষমতা ছেড়ে দাও, আমরা একনায়কত্ব নিয়ে কাজ করবো'। আমাদের দল ছাড়া অন্য কোন দলকে কাজ করতে দেবো না। তাঁদের মুখে ডেমক্র্যাসির কথা, এটা ভূতের মুখের মত কথা দেখছি। তারপর এখানকার যে-সমস্ত নূতন নিয়ম কানুন তৈরী হয়েছে, যেমন পঞ্চায়েত বিল প্রভৃতি, তা সমস্ত আপনারা বিধান সভার মধ্যে আপনারাই তৈরী করেছেন, সেটা কোন দলগতভাবে হয় নি। এখানে বাংলা দেশের সমস্ত জনসাধারণের প্রতিনিধিরা মিলে সেটা তৈরী করেছেন। আজকে সেই জনসাধারণের উপর অনাস্থা জ্ঞাপন প্রস্তাব করে এই ডেমক্র্যাসির কথা বলতে আরম্ভ করেছেন। তাঁরা যে নীতি ও আদর্শের উপর ভিত্তি স্থাপন করেছেন, সেই আদর্শকে যাঁরা রূপ দিয়েছেন, সে দেশের ডেমক্র্যাসি কি? যে পার্টির লোকেরা নিজেরা বসে, নিজেরাই বিধান তৈরী করেছেন, তাঁরা জনসাধারণের কাউকে বিশ্বাস রাখেন না।

[Interruption from the Opposition benches.]

Mr. Speaker: I have got a request to make to you. When speakers to my left rose and addressed the House, it was without interruption. I would also request now that the gentleman of the other side is speaking, he should not be interrupted.

Sj. Hemanta Kumar Ghosal:

স্যার, আমরা সাহায্য করতে পারি।

Mr. Speaker: Please do not. I do not think there is any room for levity. If speakers are not permitted to have their say, it really embarrasses them. I would request—let the business of the House be transacted peacefully. That is my earnest request to all of you. If there is anything on which exception can be taken, please take exception—you can do that.

Sj. Gopal Basu: You should see that speeches are not irrelevant.

Mr. Speaker: I would request all of you—both sides—let the business be transacted peacefully. Neither side should do things which do not befit the dignity of the House.

Sj. Ajit Kumar Ganguli:

স্যার, আমাদের শুনতে ভাল লাগে না। উনি সব ইরিলিভ্যান্ট বলছেন।

Mr. Speaker: That is a thing for me to decide.

[4—4-10 p.m.]

Dr. Maitreyee Bose:

মাননীয় স্পীকার মহাশয়, বিজয়বাবু তাঁর মেডেন স্পীচ দিচ্ছেন, পরলামেন্টারী প্র্যাকটিস অনুযায়ী কোন মেডেন স্পীচ-এ ইন্টারাপসান করা উচিত নয়, আমি তাই বলছি এ'রা ভাল করে শুনুন।

Mr. Speaker: He was a member of the other House and he is an old parliamentarian. He can defend himself and if necessary, I shall defend him.

Sj. Bijoy Singh Nahar:

আমি নিজেই ডিফেন্ড করতে পারব। আমি যেটা বলছিলাম, ওঁদের পক্ষ থেকে এখানে ডেমক্র্যাসি শিক্ষা দেবার চেষ্টা না করলেই ভাল হতো এবং সেটা শোভনও হতো। কালকে ওঁরা অনেক কথাই বলে গেলেন—আমাদের দেশে কোন উন্নতি হয় নি, পঞ্চবার্ষিকী পরিকল্পনায় কোন লাভ হয় নি এবং দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনা যেভাবে চালাবার চেষ্টা করছেন তাতে কোন লাভ হবে না, এধরণের অনেক কথা ওঁরা বলেছেন। আমি শুধু তাঁদের এটুকু মনে করিয়ে দিতে চাই, গত বৎসর কমিউনিস্ট পার্টি পঞ্চবার্ষিকী পরিকল্পনা সম্বন্ধে কি বলেছিলেন সেটা যেন একটু মনে করে দেখেন। তাঁরা এক এক জায়গায় এক এক রকম কথা বলেন নিজেদের সুবিধা অনুযায়ী। ১৯৫৬ সালের এপ্রিল মাসে পালঘাটে তাঁরা যে প্রস্তাব গ্রহণ করেছিলেন এবং সে সময় তাঁরা প্রথম পঞ্চবার্ষিকী পরিকল্পনা সম্বন্ধে যে কথা বলেছিলেন আমি তাঁদের সেই প্রস্তাব থেকে কয়েকছত্র পড়ে শোনালেই বুঝতে পারবেন যে তাঁদের কথায় এবং কার্যে কোন সামঞ্জস্য দেখতে পাওয়া যায় না।

Sj. Hemanta Kumar Ghosal:

স্যার, উনি কোন্ বইএর কথা বলছেন?

Mr. Speaker: He will lay that book on the table.

Sj. Bijoy Singh Nahar:

দু-একটি লাইন পড়লেই বুঝতে পারবেন।

Mr. Speaker: Please do not interrupt. You cannot interrupt debate.

Sj. Bijoy Singh Nahar:

তাঁরা সেখানে বলেছিলেন, "জলবিদ্যুৎ শক্তির যে বিকাশ সাধিত হয়েছে তাও একটি গুরুত্বপূর্ণ লাভ। এর ফলে যে কোন শিল্পায়নের প্রয়োজনীয় শক্তির ভিত্তি রচিত হয়েছে তাই নয়, সেই সুবিধা বিবর্জিত বিরাট অঞ্চলে ভূমিনিম্নস্থ জল কাজে লাগাবার ব্যবস্থা হওয়ায় কৃষি উৎপাদনেরও সাহায্য হয়েছে। সমাজ উন্নয়ন পরিকল্পনা ও জাতীয় সম্প্রসারণ কৃত্যক-এর কল্যাণে গ্রামাঞ্চলে রাস্তাঘাট নির্মাণ এবং কূপ খনন করা হয়েছে; ফলে গ্রামাঞ্চলে দীর্ঘ দিনের উপেক্ষিত অনেকগুলি প্রাথমিক প্রয়োজন পূর্ণ হয়েছে। তুলা, পাট ও অন্যান্য কাঁচা-মালের উৎপাদন বৃদ্ধি, সরকার কর্তৃক কতকগুলি প্রকল্প ও অন্যান্য নির্মাণমূলক কর্মকাণ্ড সম্পাদন এবং সেই সঙ্গে সরকার কর্তৃক অনুসৃত বিভিন্ন নীতির ফলে শিল্পোৎপাদন বৃদ্ধি পেয়েছে। ১৯৫১ সালের তুলনায় ১৯৫৬ সালে সূচীসংখ্যা বৃদ্ধি পেয়ে দাঁড়িয়েছে ১২৫·৭।"

দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনা সম্বন্ধে গত নির্বাচনের পূর্বে তাঁরা বলেছিলেন শিল্পক্ষেত্রে যেসব লক্ষ্যবস্তু স্থির করা হয়েছে সেগুলি যদি পূর্ণ হয় তাহলে মূলধনী দ্রব্যসম্ভারের ক্ষেত্রে, বিশেষ করে লঘুশিল্পের প্রয়োজনীয় দ্রব্যসম্ভারের ক্ষেত্রে বিদেশের উপরে ভারতের নির্ভরতা হ্রাস পাবে এবং আমাদের অর্থনীতিতে শিল্পের আপেক্ষিক গুরুত্ব বৃদ্ধি পাবে। গ্রাম্য ও ক্ষুদ্রায়তন শিল্পগুলিকে সংরক্ষণ ও উৎসাহ দানের জন্য অধিকতর অর্থ বরাদ্দের যে প্রস্তাব করা হয়েছে এটাও শুভ লক্ষণ। সারা দেশ জুড়ে ব্যক্তিগত জমির উচ্চতম সীমা নির্ধারণ, ব্যক্তিগত কৃষিজোতের আয়তন সঙ্কোচন এবং নূতন করে কৃষি কাজ আরম্ভের জন্য জমি পুনরাধিকারের উপর বিধিনিষেধ আরোপণ, ভূমি সংস্কারের এইসব প্রস্তাব যে সঠিক পথেই পদক্ষেপ তাতে সন্দেহ নাই। তা ছাড়া উৎপন্ন শস্যের এক-পঞ্চমাংশে খাজনা নির্ধারণের প্রস্তাবের উপরে যে বিশেষ গুরুত্ব দেওয়া হয়েছে তাও একটী শুভ লক্ষণ। আরো অনেক কথা বলেছেন; এক জায়গায় বলেছেন "এই সমস্ত প্রস্তাব যদি দ্রুতগতিতে এবং পরিপূর্ণভাবে কার্যকরী হয় তাহলে কৃষক সাধারণের ভার লাঘব হবে এবং আভ্যন্তরীণ বাজার সম্প্রসারণের সুযোগ প্রশস্ত হবে এবং কৃষক-সমাজের ব্যাপকতম ঐক্য গড়ে তুলবার ভিত্তি বিদ্যমান রয়েছে।" এক জায়গায় এঁরা এত প্রশংসা করছেন আবার আরেক জায়গায় ওঁরই বলেন যে প্রথম পঞ্চবার্ষিকী পরিকল্পনায় কিছু কাজ হয় নি, আর দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় অদূর ভবিষ্যতেও কিছু কাজ হবে না; এসব তর্কের মধ্যে মূল ভিত্তি ক বুঝতে পারি না। এক জায়গায় নিজেদের সুবিধার জন্য একরকম কথা বলেন। হয় তো নিজেদের স্বার্থ সিদ্ধির জন্যই একথা বলেছিলেন। তারপরে, গ্রামোন্নয়নের কথা বিরোধী পক্ষের ভাইরা বলেছেন। আমি জানি না গ্রামোন্নয়ন এঁরা কিভাবে লক্ষ্য করেছেন। গ্রামে এঁদের নেতৃবর্গেরা নিশ্চয়ই যান। তাঁরা সেখানে অনেক বড় বড় বক্তৃতা করেন, মালা পান, সম্বর্ধনাও হয় তো পেতে পারেন, আবার গাড়ী করে ফিরে চলে আসেন। তাঁরা কি গ্রামের মানুষের উন্নতধরণের জীবন-যাপনের চিহ্ন দেখতে পান না? ১০।১২ বছর আগে কি তাঁরা কোনদিন গ্রামে হাসপাতাল দেখেছিলেন? গ্রামের লোকের যাতায়াতের ব্যবস্থা থাকত না তখন।' আর এখন ১০ বছর বাদে তাদের অবস্থা কি হয়েছে সেটা তাঁরা নিজেরাও লক্ষ্য করেছেন নিশ্চয়। এতে অধৈর্য্য হবার কিছু নাই এবং যেটা সত্যি সেটা সবসময়েই সত্যি, কোনদিন তা চাপা থাকতে পারে না।

[Disturbances from the Opposition Benches.]

Mr. Speaker: Please do not interrupt.

Sj. Bijoy Singh Nahar:

তাঁরা গ্রামে গিয়ে নিজেরাই নিশ্চয় লক্ষ্য করেছেন আজ সেখানে কিরকম উন্নতি হয়েছে। এঁরা যতই চীৎকার করুন না কেন, যারা গ্রামে থাকেন সেই কৃষক শ্রেণীর আজকে কতটা উন্নতি হয়েছে তা তাঁরা ভাল করেই উপলব্ধি করছেন। এটা আর নতুন করে এখানে বলবার কিছু নাই। আজকে পার ক্যাপিটা ইনকাম ১০০ থেকে বেড়ে ১১৮ পার সেন্ট পর্যন্ত গিয়ে দাঁড়িয়েছে, এটা এঁরাও স্বীকার করেছেন এবং মেনে নিয়েছেন। আজকে দেশের খাদ্য নিয়ে

একটা গোলমালের সৃষ্টি হয়েছে। তবে আমরা আশা করি আমাদের সরকার যেভাবে খাদ্য-সমস্যা সমাধানের চেষ্টা করছেন তাতে এই সমস্যার প্রতীকার অবশ্যই হবে। ১৩৫০ সালে বাংলাদেশে যেরকম মন্বন্তর হয়েছিল সেরকম আর আমাদের দেশে কখনো হবে না এটা আমি জোর করেই বলতে পারি। কমিউনিষ্ট পার্টি যতই চেষ্টা করুন না কেন, যতই ভুখা মিছিল বের করুন না কেন, তারা আর মন্বন্তর সৃষ্টি করতে পারবেন না। তারপর, ডাঃ ঘোষ স্যাক্রিফাইসএর কথা বলেছেন। আমরা জানি তিনি নিজের জীবনে অনেক স্যাক্রিফাইস করেছেন, দেশের স্বাধীনতা যুদ্ধে গুরুত্বপূর্ণ অংশ গ্রহণ করেছিলেন। কিন্তু আজকে তিনি স্যাক্রিফাইসএর কথায় চমকে উঠলেন কেন? তিনি তাঁর অতীত জীবনের কথা ভুলে যাবার চেষ্টা করছেন কি না জানি না। যে দেশ বহুকাল বিদেশীর দ্বারা শোষিত হয়েছিল সে দেশে স্যাক্রিফাইস না করলে, ত্যাগ স্বীকার না করলে দেশের উন্নতির বনিয়াদ গড়ে উঠতে পারে না তাতে কোন সন্দেহ নাই। ডাঃ ঘোষ আবার রাজনীতিতে ফিরে এসেছেন। তিনি গ্রামে গিয়ে গ্রামোন্নয়নের কাজ করেই কাটাবেন বলেছিলেন, কিন্তু তিনি আবার ক্ষমতার পিছনে সহরে ছুটে এসেছেন। যাই হোক, আমি বিশ্বাস করি তিনি আমাদের ত্যাগ স্বীকারের জন্য প্রস্তুতির পথ দেখাবেন। এই বলেই আমি মাননীয়া রাজ্যপালিকার ভাষণের সমর্থনে যে প্রস্তাব এসেছে তা সম্পূর্ণ সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

[4-10—4-20 p.m.]

Sj. Jatindra Chandra Chakravorty:

মাননীয় স্পীকার মহোদয়, মাননীয়া রাজ্যপালিকা যে ভাষণ দিয়েছেন, তার মধ্যে প্রথমেই খাদ্যসমস্যা সম্পর্কে আলোচনা করতে গিয়ে যে তিনটি কারণ তিনি দেখিয়েছেন তা থেকে আমাদের মনে হয় যে পশ্চিমবঙ্গ সরকারের কোন সুনির্দিষ্ট ধারণা নেই যে কি কারণে এই খাদ্যসঙ্কটের সৃষ্টি হয়েছে। প্রথমে দেখুন যে, ২৬শে এপ্রিল তারিখে—যখন কিছুদিন আগে বাংলাদেশের সব জায়গায় খাদ্য সংকটের কথা আলোচনা হচ্ছিল, সংবাদপত্রের মাধ্যমে, যখন দুর্ভিক্ষের পদধ্বনি চারিদিকে শুনা যাচ্ছিল, তখন হঠাৎ আবার একটা সংবাদপত্রের প্রেস রিপোর্টে দেখলাম এবং মনে হয় যে পশ্চিমবঙ্গ সরকারের ইনসপিরেসনে সেই খবরটা বেরোয়; তাতে এই খবর ছিল যে, পশ্চিমবঙ্গ সরকার কেন্দ্রীয় সরকারের কাছে জানিয়েছেন যে ২ লক্ষ ৬৭ হাজার টন হুইট এবং রাইস ডেফিসিট হয়েছে এবং সেটা হয়েছে এইজন্য যে আসাম এবং উড়িষ্যা থেকে চাল আমদানী করতে কিছুটা বাধা সৃষ্টি হয়েছে, যেন সেই চাল এসে গেলেই আর অভাব থাকবে না এবং কেন্দ্রীয় সরকারের কাছ থেকে কিছু আটা পেলেই খাদ্য-সমস্যার সমাধান হয়ে যাবে অথচ সেই সঙ্গে এ-কথাটা কিছুতেই বলা হয় নি যে আউস, আমন এবং রবিশস্য সেটা পাওয়া যায় নি নানা কারণে এবং তার ফলে আমরা দেখেছি যে কেন্দ্রীয় খাদ্যমন্ত্রী এ, পি, জৈন, তিনি বলেছেন যে বাংলাদেশে যে খাদ্য সংকটের কথা বলা হয় সেটা একজাজারেটেড এবং আমরা দেখেছি যে খাদ্যমন্ত্রী নিজে তাঁর জেলায় দেরাদুনে গিয়েছেন এবং সেখানে খাদ্যশস্য পাঠিয়েছেন ইণ্ডিয়ান এয়ার ফোর্সের হাওয়াই জাহাজে করে। বিহারে তিনি নিজে তদন্ত করতে গিয়েছেন অথচ বাংলাদেশের কথা বাংলা সরকার তাঁদের জানান নি বলে সেটা উপেক্ষিত হয়েছে। শুধু তাই নয়, প্রেসিডেন্ট যখন পার্লামেন্টে ভাষণ দেন, সেই ভাষণের মধ্যে আমরা দেখেছি যে বাংলাদেশের কথা উল্লিখিত হয় নি। উল্লেখ করা হয়েছে বিহারের কথা, ইউ, পির কথা। বাংলা সরকার যদি তাঁদের জানাতেন ঠিক সময়ে, নিশ্চয়ই তার মধ্যে আমাদের কথাটা উল্লেখ করা হোত। শুধু তাই নয়, যতক্ষণ পর্য্যন্ত না পশ্চিম বাংলা থেকে যাঁরা নির্ব্বাচিত হয়েছেন লোকসভায়, সেই পার্লামেন্টের সদস্যরা গিয়ে এ, পি, জৈনের কাছে না বলেছেন এবং বাংলাদেশের নির্ব্বাচিত সদস্য শ্রীত্রিদিব চৌধুরী এ্যাডজোর্নমেন্ট মোশান লোকসভায় দেন ততক্ষণ পর্য্যন্ত কেন্দ্রীয় সরকারের খাদ্যমন্ত্রী ১৪ই তারিখে যে ষ্টেটমেন্ট দিয়েছেন লোকসভায়, সেই ষ্টেটমেন্ট আমার কাছে আছে, তাতে লেখা আছে যে ২ লক্ষ টন বেশী খাদ্য বাংলাদেশে বেড়েছে। আপনি যদি চান তাহলে আমি যে ষ্টেটমেন্ট সার্কুলেট করা হয়েছিল তা টেবিলের উপর রাখতে পারি। এটা কেন হয়েছে? অথচ আমরা দেখি ইতিমধ্যে ১২ই তারিখ মে মাসে আমাদের খাদ্যমন্ত্রী জেলা

ম্যাজিস্ট্রেটদের সম্মেলনের পর তিনি প্রেস কনফারেন্স করে জানিয়েছেন যে এ-বছর ৪২ লক্ষ টন প্রোডাকসন হয়েছে এবং গত বছর ছিল ৩৫ লক্ষ টন। এবার যদি ঐ সিডের জন্য ৪ লক্ষ টন ছেড়ে দিই তাহলে ৩১ লক্ষ টন থাকে। যদি ১৫ আউন্স করে প্রত্যেকটা লোক খায় তাহলে ৪৷৷ মণ বৎসরে মাথাপিছু প্রত্যেকের লাগে। সেদিক থেকে ওভারঅল ডেফিসিট হয় ৪ লক্ষ টন। আমরা জানি ১৩ই মে তারিখে হিন্দুস্থান স্ট্যান্ডার্ডে প্রেস কনফারেন্সের খবর বেরিয়েছিল—

if rice had not been hoarded in this State the deficit figure would have stood at four lakh tons this year.

আমরা তারপরে শুনছি আমাদের মুখ্যমন্ত্রী—আমি জানি না, তাঁর খাদ্যতালিকা আমাদের কাছে রাখেন নি—তিনি উপদেশ দিচ্ছেন যে ১৫ আউন্স, তার থেকে যদি কম খাওয়া যায় তাহলে হয় ত আর ঘাটতি হবে না। কার কথা বিশ্বাস করবো, খাদ্যমন্ত্রীর কথা, না এ, পি, জৈনের কথা, না মুখ্যমন্ত্রীর কথা? এইভাবে আজকে আমাদের সাথে কারচুপি করছেন। আপনারা সকলেই কাগজে যে হোর্ডিংএর কথা বেরিয়েছে তা জানেন, হাজার হাজার মণ চাল গুদামজাত হয়ে রয়েছে (১ লক্ষ ৭৫ হাজার মণ)। হোর্ডাররা কেমন করে এই সমস্ত জিনিষ লুকিয়ে রাখছে সেটা প্রমাণিত হয়েছে। আমি জিজ্ঞাসা করছি মুখ্যমন্ত্রী মহাশয়কে যে আমাদের খাদ্যমন্ত্রী পাঁচ বছর ধরে লোককে কাঁকড় খাইয়েছেন, না খাইয়ে লোককে মেরেছেন, এ বছরের মধ্যে কি তিনি হিসাবটা রপ্ত করতে পারেন নি?

দ্বিতীয় প্রশ্ন হচ্ছে রাজ্যপালিকা মহোদয়া উদ্বাস্তুদের কথা বলেছেন। উদ্বাস্তু ব্যাপারে পশ্চিমবঙ্গ সরকার যে শোচনীয় ব্যর্থতার পরিচয় দিয়েছেন সেটাও প্রমাণিত হয়েছে। কেন্দ্রের অর্থমন্ত্রী রাজ্যসভায় জবাব দিতে গিয়ে বাজেট বিতর্কে যে কথা বলেছেন তার উল্লেখ মাননীয় জ্যোতি বসু মহাশয় এই সভায় করেছেন। তিনি বলেছেন যে ৮৪ কোটি টাকা খরচ হয়েছে, অথচ কোন রিহ্যাবিলিটেসন হয় নি। একথা কি আমি জিজ্ঞাসা করতে পারি যে অর্থমন্ত্রী যখন বাংলাদেশে এসেছিলেন এবং প্ল্যানিং কমিশনের একজন সদস্য সেই সঙ্গে এসেছিলেন, মুখ্যমন্ত্রীর সঙ্গে আলাপও হয়েছিল এবং ন্যাশনাল ডেভেলপমেন্ট কাউন্সিলের কিছুদিন আগে যে সভা হয় তাতে আমাদের মুখ্যমন্ত্রী গিয়েছিলেন, সেই ডেভেলপমেন্ট কাউন্সিলের সভায় কি অভিমত প্রকাশ করেছেন? আমাদের বাংলাদেশের পুনর্বাসন বিভাগ সম্বন্ধে? কংগ্রেস সরকারের আমলে বেতিয়া রিফিউজিদের সঙ্গে এই সমস্ত ছিন্নমূল মানুষদের সঙ্গে যে ব্যবহার করা হয়েছে তাতে এই সরকারের মনুষ্যত্ব বোধের কোন পরিচয় আমরা পাই না। জানি না এর কারণ কি। এটা হয় ত হতে পারে যে আমাদের মুখ্যমন্ত্রী বা পুনর্বাসন মন্ত্রী তাঁদের পুত্র-কন্যা নেই। হয় ত তাই যখন পিতামাতার সামনে শিশু-সন্তানরা তিলে তিলে অনাহারে মৃত্যুর দিকে এগিয়ে যায়, তখন পিতামাতার বুকে যে ব্যথা লাগে তা অনুভব করবার শক্তি তাঁদের নেই। সঙ্গে সঙ্গে এদের অর্থনৈতিক পুনর্বাসন যদি না হয় তাহলে মাননীয় স্পীকার মহোদয়, এই রিফিউজি রিহ্যাবিলিটেসনের কোন বন্দোবস্ত হতে পারে না। যদি এখানে পূর্ববঙ্গ থেকে উদ্বাস্তু আসতে থাকে এবং সঙ্গে সঙ্গে যদি তাদের অর্থনৈতিক পুনর্বাসন করাতে হয় তাহলে ভারতের অন্যান্য প্রদেশ থেকে যারা এখানে আসবে তাদের চেয়ে আগে এদের একটা এমপ্লয়মেন্ট প্রভিসন করা দরকার। যদি তাদের এমপ্লয়মেন্টের সুযোগ না দেওয়া হয় তাহলে তাদের অর্থনৈতিক পুনর্বাসন কিছুতেই সম্ভব হতে পারে না। আমি আপনার কাছে একটা তথ্য রাখছি। ১৯৫৩ সালে কমার্শিয়াল এস্টাবলিসমেন্টে আমরা দেখেছি যে বাঙ্গালী এমপ্লয়েড হয়েছিল ৪৯.৮, আর অন্য প্রদেশ থেকে ছিল ৫১.২, ১৯৫৪ সালে বাঙ্গালী ছিল ৪৭.৫৫, আর অন্য প্রদেশ থেকে ছিল ৫২:৪৫। এখানে কোন প্রাদেশিকতার প্রশ্ন আমি তুলছি না, এটা বাঙ্গালীর বাঁচার প্রশ্ন। বাঙ্গালী বলে আমাদের উপর অন্যায় হবে, এ কি করে হতে পারে? অন্যান্য প্রদেশের দিকে আমরা যদি তাকাই তাহলে দেখবো যে বিহারে টাটার যে কারখানা আছে, সেখানে জে, গান্ধী, ডাইরেক্টর ইনচার্জ বক্তৃতা দিয়ে বলেন এবং পরিষ্কারভাবে সেখানে নির্দেশ দেওয়া হয় যে বিহারের বাইরে যদি কোন লোকের বেটার কোয়ালিফিকেসন থাকে, তা সত্ত্বেও সেখানে বিহারীদের সুযোগ দিতে হবে। তাঁরা যদি বলতে পারেন তাহলে আমাদের পশ্চিম বাংলার মুখ্যমন্ত্রীই বা সেই নীতি গ্রহণ করতে পারেন না কেন?

[4-20—4-45 p.m.]

তাহলে বাংলাদেশের মুখ্যমন্ত্রী কেন দৃঢ়তা অবলম্বন করতে পারেন না? কেন তিনি এদের সাহায্য করতে পারেন না? আমাদের এই পশ্চিম বাংলার কটন জুট আয়রন ও পেপার ইন্ডাস্ট্রীগুলিতে বাঙ্গালী কর্ম্মীর সংখ্যা আজ এই স্বাধীনতা লাভের পরও কি দেখতে পাই? ১৯৫২ সালে মোট বাঙ্গালী কর্মীর সংখ্যা ছিল ২৯·৩২, আর অন্য প্রদেশাগত লোকের সংখ্যা ছিল ৭০·৬৮। ১৯৫৪ সাল পর্যন্ত যে খবর পেয়েছি, সরকারী দপ্তর থেকে তাতে দেখতে পাই ২৮·২এতে বাঙ্গালীর কর্ম্ম সংস্থান হয়েছে, আর অন্যান্য প্রদেশ থেকে যারা এসেছে তাদের হয়েছে ৭১·৮। সুতরাং আজকে আমাদের ভাববার সময় এসেছে, আমাদের দেশের সরকার এখন দৃঢ়তা অবলম্বন করবেন কি না? উদ্বাস্তু সমস্যা যেভাবে দেখা দিয়েছে যদি অর্থনৈতিক পুনর্বাসন করতে হয় তাহলে মনে হয় দৃঢ়নীতি অবলম্বন করার প্রয়োজন।

তারপর যে সাম্প্রদায়িকতার কথা খবরের কাগজের মারফৎ শুনতে পেয়েছি অন্ততঃপক্ষে সে সম্বন্ধে আমার কিছু বক্তব্য রয়েছে—মুর্শিদাবাদ জেলায় মুসলমানদের উপর, যারা সংখ্যালঘু তাদের উপর যে অত্যাচার হচ্ছে সে সম্বন্ধে বলতে চাই। বলা হয়েছে তারা পাকিস্তানের চর এখানে ছিল, এখনো আছে। কিন্তু জিজ্ঞাসা করি নির্বাচনের সময় যেসব এলেকায় যেসব মুসলমানরা কংগ্রেসের বিরুদ্ধে ভোট দিয়েছিল সেইসব এলেকার সেইসব মুসলমানদের উপরই পাকিস্তানী চর বলে অত্যাচার হচ্ছে কি না? এটা খোঁজ করে দেখুন। সংগে সংগে এ-কথাও বলতে চাই, মুর্শিদাবাদ জেলায় যদি কিছু পাকিস্তানী মনোভাব দেখা দিয়েই থাকে তারজন্য দায়ী কে সেটাও খবর নিয়ে দেখুন। দায়ী যারা তারা ঐ কংগ্রেসের পক্ষপুটেই আশ্রয় পেয়েছে। গত নির্বাচনের সময় পার্লামেন্টারী সিটের জন্য শ্রীযুক্ত ত্রিদিব চৌধুরীর বিরুদ্ধে, কংগ্রেসের পণ্ডিত নেহেরু থেকে শুরু করে বহু নেতা সে সময় ঘোষণা করেছিলেন যে তাঁর বিরুদ্ধে যেন একজন সদস্যও কংগ্রেস থেকে দাঁড় করান না হয়, সেই সময় নজরুল হক, যিনি কংগ্রেসের একজন সক্রিয় সদস্য, ত্রিদিব চৌধরীর বিরুদ্ধে দাঁড়িয়েছিলেন এবং মুর্শিদাবাদ জেলায় সমস্ত মুসলমানদের মধ্যে কাজ করেছিলেন ঐ নির্দ্দেশ উপেক্ষা করে, শুধু তাই নয়, মুসলমানদের মধ্যে এই প্রচার করা হয়েছিল যে, যদি ত্রিদিব চৌধুরী হেরে যায় তাহলে মুর্শিদাবাদ পাকিস্তানে যাবে। আমি জিজ্ঞাসা কবতে চাই মুর্শিদাবাদের কংগ্রেস-মেশিনারী এই প্রচারে সাহায্য করেছিলেন কি না? আমরা জানি যাঁরা একদিন পাকিস্তান প্রস্তাবের বিরুদ্ধে দাঁড়িয়েছিলেন, এই সভাতেই যাঁরা একদিন পাকিস্তান প্রস্তাবের বিরুদ্ধে বিবৃতি দিয়েছিলেন, এবং এখানে নাজিমুদ্দিনের বিরুদ্ধে একদিন শ্যামাপ্রসাদ, শরৎচন্দ্র ও ফজ্‌লুল হককে নিয়ে মন্ত্রীমণ্ডলী গঠন করেছিলেন, সেই দলের অগ্রগণ্য ব্যক্তি সৈয়দ বদরুদ্দজা, যিনি আমাদের সংগে বিরোধী দলে আছেন, তাঁকেও সাম্প্রদায়িকতাবাদী বলে আখ্যা দেওয়া হয়েছে! অথচ একদিন যাঁরা মুসলীম লীগের ভিতরে ছিলেন, যাঁরা নির্বাচনের সময় মুসলীম লীগের পক্ষে প্রচার করেছিলেন, পাকিস্তান সমর্থন করে, তাঁদের আজকে ডেপুটি মিনিষ্টার করা হয়েছে। ঐ যে ঐখানে বসে আছেন, ঐ নজরুল হককে, আমি জিজ্ঞাসা করতে চাই, আমাদের রাজস্বমন্ত্রী বিমলচন্দ্র সিংহই তার নির্বাচনের সময় সাহায্য করেছিলেন কি না? তাঁর বিরুদ্ধে আমি প্রকাশ্যে এই অভিযোগ আনছি, তিনি যদি পারেন বুকে হাত দিয়ে এ-কথা অস্বীকার করুন।

আমার শেষ পয়েন্ট হল আর একটা গুরুতর সমস্যার কথা এবং সে কথা এখানে আজ উল্লেখ করা প্রয়োজন। সেটা হ'ল এই পশ্চিমবংগে যে কয়টী চটকল বন্ধ হ'ল, সেগুলি বন্ধ হওয়ার ফলে যে শ্রমিক সমস্যা দেখা দিয়েছে, সেটা আমরা জানি; কিন্তু তার পিছনে চক্রান্ত আছে বলে আমরা আশংকা করি। যে চক্রান্ত আজ আন্তর্জাতিক ক্ষেত্রে দেখা দিয়েছে—ইংরেজ এবং পাকিস্তানী শক্তি একত্রিত হয়ে, তারই ইংগিতে এই ভারত তথা পশ্চিমবংগের বিরুদ্ধে নানারকম সমস্যার সৃষ্টি করছে। তাই ভারতবর্ষ থেকে, বিশেষ করে এই বাংলাদেশ থেকে ফরেন এক্সচেঞ্জ আর্নিং গুডস্ বা উৎপাদন হয়, সেটা যাতে না হতে পারে। যে চটকলগুলি বন্ধ হয়েছে বা হতে চলেছে, তার মধ্যে দেখি লক্ষ্মী জুট মিল, সেটা হচ্ছে মাড়োয়ারীর, ভিক্টরী চটকল হচ্ছে পাকিস্তানী মুসলীম লীগ নেতা ইস্পাহানীর,

স্ট্যান্ডার্ড ইউনিয়ন জুট মিল, বার্ড কোম্পানির, ওয়েভারলি জুট মিল, ম্যাকলিওড কোম্পানীর, এতে সন্দেহ হয়, তারজন্যই ষড়যন্ত্র চলছে। বিশেষ করে আমাদের পশ্চিম বাংলার এই শিল্পগুলিকে নষ্ট করে বাঙ্গালীর সর্বনাশ করবার, আমাদের দেশে ইন্দো-পাকিস্তানী এবং তার সাথে সাথে মাড়োয়ারীর চক্রান্ত চলেছে। এবং তাদের বাণিজ্যিক স্বার্থ-সাধনের নানা ব্যবসা ছাড়াও তাদের প্রচেষ্টায় পূর্ব-পাকিস্তানে আজ ৮ থেকে ১০টা মিল গড়ে উঠেছে। আমরা জানি আমাদের এখানে বারবার বলা হয়েছে যে র‍্যাশানালাইজ করা হবে, তাহলে আর ছাটাই হবে না? অথচ আমরা দেখছি র‍্যাসানালাইজ হয় নাই, বা যন্ত্রপাতিও আনা হয় নাই, অথচ ছাটাই করা হ'ল। সুতরাং যারা এইসব শিল্পকে ধ্বংস করতে চায় তাদের সম্বন্ধে সরকার সতর্ক হোন। অন্ততঃ তদন্ত করুন, আমাদের যা আশঙ্কা সে আশঙ্কা সত্য কি না। এবং এ-সম্বন্ধে ভাল করে তদন্ত করুন। এই সমস্ত বিষয়ের উল্লেখ না থাকার দরুন মাননীয়া রাজ্যপালিকা যে ভাষণ এখানে দিয়েছেন, সেই সম্পর্কে ধন্যবাদ জ্ঞাপনের যে প্রস্তাব আনা হয়েছে তা আমি সমর্থন করতে পারি না, তবে আমি এ সম্পর্কে যে সংশোধনী এনেছি সেই কথাগুলি প্রস্তাবের সঙ্গে যদি জুড়ে দেওয়া হয় তাহলে আমি সেই সংশোধিত আকারে প্রস্তাবটা সমর্থন করতে পারি, এই পর্যন্ত বলে আমি আসন গ্রহণ করছি।

Mr. Speaker: The House is adjourned for 15 minutes.

Sj. Syed Kazem Ali Meerza: On a personal explanation, Sir ..

Mr. Speaker: After I return.

[At this stage the House was adjourned for fifteen minutes.]

[*After adjournment*]

[4-45—4-55 p.m.]

Personal Explanations

The Hon'ble Bimal Chandra Sinha: Mr. Speaker, Sir, may I rise on a point of personal explanation?

Mr. Speaker: Personal explanation is being given by another honourable member.

Sj. Syed Kazem Ali Meerza: Sir, allegations which have been made by my friend as regards my election are entirely baseless. With regard to the propaganda that my constituency was sought to be included in Pakistan, I dare say that is entirely untrue. I may say for the information of the honourable members that it is not my constituency but it was with regard to Bharatpur and Raninagar constituencies. If my friend so desires, I give this challenge that let him come to Murshidabad and I shall prove that his allegations are without any foundation.

Sj. Jatindra Chandra Chakravorty: I do accept your challenge.

Mr. Speaker: No honourable member can throw a challenge here and no honourable member can accept it.

Sj. Subodh Banerjee: I rise on a point of order, Sir. I think it is against parliamentary etiquette to throw a challenge and therefore the honourable member should withdraw it.

Sj. Jatindra Chandra Chakravorty:

মাননীয় স্পীকার মহোদয়, আমি ও'র নাম করি নি।

The Hon'ble Bimal Chandra Sinha: Mr. Speaker, Sir, unfortunately I was not in this House when certain allegations were made against me by some honourable member. So far as I have heard, the allegation is, that being an active member of the Congress I actively supported a fellow who contested Sj. Tridib Chaudhury. Sir, I totally deny the allegation.

Amendments to the Motion of Address in reply to Governor's speech

Mr. Speaker: Shri Chitta Basu will now begin.

Sj. Chitta Basu:

মিঃ স্পীকার, স্যার, মাননীয়া রাজ্যপালিকার ভাষণ যা আমাদের এখানে পেশ করা হয়েছে সে সম্পর্কে আমার বক্তব্য ব্যক্ত করবার জন্য দাঁড়িয়েছি। আজ যখন আমরা এখানে শীততাপ নিয়ন্ত্রিত কক্ষে আমাদের মতামত ব্যক্ত করছি তখন আমাদের সারা দেশ জুড়ে লক্ষ লক্ষ মানুষ দুর্ভিক্ষক্লিষ্ট অবস্থায় দিন কাটাচ্ছে। রাজ্যপালিকার ভাষণে আমরা লক্ষ্য করেছি যে দেশের খাদ্য পরিস্থিতি সম্পর্কে তিনি সর্ব্বপ্রথম উল্লেখ করেছেন। কিন্তু যা তিনি উল্লেখ করেছেন, তার মধ্য দিয়ে বর্ত্তমান খাদ্য-সমস্যার প্রকৃত গুরুত্ব উদ্ঘাটিত করতে পারেন নি ; বরং সেই পরিস্থিতিকে উপলব্ধি করবার জন্য কতকগুলি জটিলতা সৃষ্টি করেছেন। জটিলতা সৃষ্টি এইজন্য করেছেন, যে কথা পরিষ্কার করে বলা প্রয়োজন, আমরা দেখছি যে পশ্চিম বাংলায় খাদ্যশস্য ঘাটতি সম্পর্কে যে ধরনের তথ্য পরিবেশণ করা হয়েছে, সেই তথ্যগুলি যেন একটা বিরাট প্রহেলিকার মত। দু-একটা কথা বলতে গেলে, যে কথা গতকালের অধিবেশনে মাননীয় জ্যোতি বোস বলেছিলেন, সমস্ত স্ট্যাটিসটিকসগুলি একেবারে ছিল ভুল। আমরা দেখেছি গত মে মাসের ৪ তারিখে ষ্টেটসম্যান পত্রিকার কোন প্রতিনিধির সংগে ইন্টারভিউতে মাননীয় খাদ্যমন্ত্রী মহাশয় এই মত প্রকাশ করেছিলেন যে পশ্চিম বাংলায় যে খাদ্য ১৯৫৬-৫৭ সালে, তার পরিমাণ হচ্ছে ৪·১৩ মিলিয়ন টনস এবং এর থেকে শতকরা ১০ ভাগ বাদ দিলে বীজধান ও অন্যান্য কারণের জন্য থাকে পশ্চিম বাংলায় ৩·৭২ মিলিয়ন টনস অফ রাইস আমাদের ব্যবহার করবার জন্য। কিন্তু আমাদের পশ্চিম বাংলায় এই যে প্রয়োজনীয় খাদ্য তার পরিমাণ হচ্ছে ৪·১৩ মিলিয়ন টনস। কাজেই ৩,৮০,০০০ টনের মত খাদ্য আমাদের ঘাটতি রয়েছে। এই ৩,৮০,০০০ টন খাদ্য পূরণ করবার জন্য কি ব্যবস্থা অবলম্বন করা হবে সে সম্বন্ধে মাননীয়া রাজ্যপালিকার ভাষণে কোন উল্লেখ মাত্র নেই। তিনি একটা জায়গায় বলেছেন যে এত হাজার টন গম দৈনিক পাওয়া যাবে, কিন্তু কি পরিমাণ চাল পাওয়া যাবে তা বলেন নি। অপর পক্ষে আর একটা সংবাদ আমাদের কাছে আছে, সে সংবাদ হচ্ছে, ৭ই মে তারিখের ষ্টেটস্‌ম্যান পত্রিকায় বেরিয়েছে, যে কেন্দ্রীয় গভর্নমেন্টের কাছে পশ্চিমবঙ্গ সরকারের পক্ষ থেকে ২ লক্ষ ৭৫ হাজার টন চাল এবং অন্যান্য খাদ্যশস্য দাবী করা হয়েছিল; কিন্তু, কেন্দ্রীয় সরকার পশ্চিম বাংলা সরকারকে তা রিভাইজড করবার জন্য অনুরোধ জানান, এবং তারপরে মাত্র এক লক্ষ টন খাদ্যশস্য পেয়েছেন বলে আমরা সংবাদ পেয়েছি। মাননীয়া রাজ্যপালিকার ভাষণের মধ্য দিয়ে প্রকৃত খাদ্য সমস্যার যে কি পরিস্থিতি এবং কি পরিমাণ খাদ্যশস্য, চাল আমরা পাবো তার কোন বাস্তব উল্লেখ নেই। আমরা দেখেছি নির্ব্বাচনের পূর্ব্বে মাননীয় মুখ্যমন্ত্রী এবং খাদ্যমন্ত্রী পশ্চিম বাংলার বিভিন্ন জেলায় সফর করে বলেছিলেন যে কংগ্রেস নির্ব্বাচনে জয় লাভ করলে পর, আমাদের দেশে খাদ্যের অভাব আর থাকবে না। কিন্তু আমরা দেখছি নির্ব্বাচন শেষ হয়ে যাবার সংগে সংগে খাদ্যমন্ত্রী এবং প্রধানমন্ত্রীর পক্ষ থেকে বলা হচ্ছে দেশের খাদ্য পরিস্থিতি অত্যন্ত সংকটজনক। অবশ্য এ-কথা বলতে পারি কি না, যে রাজনৈতিক কারণের জন্য ভোট পাবার জন্য, নিজেদের প্রার্থিদের জয় লাভ করাবার জন্য, জনসাধারণের ক্ষুধার অন্ন নিয়ে তাঁরা এইরূপ উক্তি করেছিলেন। দেশের খাদ্য পরিস্থিতির প্রকৃত অবস্থাকে চেপে দেওয়া হয়েছিল কি না? আমি মনে করি এটা এক চক্রান্ত, জনসাধারণের বিরুদ্ধে এবং তার জন্য পশ্চিম বাংলার মুখ্যমন্ত্রী ও খাদ্যমন্ত্রীকে অভিযুক্ত করছি। তাঁরা নির্ব্বাচনের সময় যে কথা বলে অবতীর্ণ হয়েছিলেন, জনসাধারণের ভোট প্রার্থনা করেছিলেন, তা মস্ত বড় একটা ভাঁওতা। আজ জনসাধারণের কাছে গিয়ে বলুন, আমরা তোমাদের নির্ব্বাচনের পূর্ব্বে বলেছিলাম যে

বেশী পরিমাণ খেতে পাবে, এখন নির্ব্বাচন শেষ হয়ে গিয়েছে; এখন বলছি তোমরা কম খেতে পাবে; এতে দেখা যাবে তাঁদের জনসাধারণ ভোট দেন কি না দেন। তা নাহলে এই খাদ্য নীতি নিয়ে তাঁরা পদত্যাগ করুন এবং আবার নির্ব্বাচনে নেমে আসুন। তারপর মাননীয় রাজ্যপালিকার ভাষণে কি পরিমাণ খাদ্যশস্য আমাদের দেশে পাওয়া যাবে তার উল্লেখ করেছেন। আমি এই প্রসঙ্গে সরকারের ফোরকাষ্ট সম্পর্কে দু-একটা কথা বলা দরকার বলে মনে করি। আমি একটিমাত্র তথ্য আপনাদের কাছে পরিবেশন করছি। কেন্দ্রীয় সরকারের কাছে যে ফোরকাষ্ট করা হয়েছে, গত ২৭শে ফেব্রুয়ারী ১৯৫৭ তারিখে, তাতে দেখা যাচ্ছে যে আমাদের সারা ভারতবর্ষে ২০০ মিলিয়ন লাখস অফ টনস অফ রাইস পাওয়া যাবে। কিন্তু ফাইন্যান্স মিনিষ্টারর্স ষ্টেটমেন্ট, যা আইন সভায় দিয়েছেন, তাতে তিনি বলেছেন ২ শো ৮০ লক্ষ টন রাইস পাওয়া যাবে। অর্থাৎ রাজনৈতিক কারণে, একে ফুলিয়ে, ফাঁপিয়ে রাখা হয়েছে যাতে জনসাধারণ প্রকৃত অবস্থাকে বুঝতে না পারে। তারপর, আমরা দেখেছি এই খাদ্য পরিস্থিতি সম্পর্কে কতকগুলি উদ্ভট কথা প্রধান মন্ত্রীমহাশয় বলেছেন। গত ৮ই মে তারিখে কংগ্রেস পার্লামেন্টারী পার্টি মিটিংএ বলা হয়েছে যে জনসাধারণের পারচেজিং পাওয়ার, ক্রয় ক্ষমতা বেড়ে গিয়েছে, সেইজন্য দেশে খাদ্যশস্যের অবস্থা গুরুতর আকার ধারণ করেছে। আমি মুখ্যমন্ত্রী ও খাদ্যমন্ত্রী মহাশয়কে জিজ্ঞাসা করি যখন দেশের গরীব হাজার হাজার কৃষক ভূমি থেকে উচ্ছেদ হচ্ছে তখন কি করে তাদের বা জনসাধারণের ক্রয় ক্ষমতা বেড়ে গেল? আমি জানি না এতে আলাদীনের কোন ভৌতিক কারণ আছে কি না?

[4-55—5-5 p.m.]

কাজেই এই ধরণের দায়িত্বজ্ঞানশূন্য কাজের মধ্যে দিয়ে প্রকৃত অবস্থা জটিল করে তোলা হয়েছে। আমার মনে হয় গভর্নমেন্টের পক্ষ থেকে উচিত যে, প্রকৃত তথ্য দিয়ে পশ্চিমবঙ্গের জনসাধারণকে খোলাখুলিভাবে সবকিছু বলে দ্রুতগতিতে এগিয়ে যাওয়া। পশ্চিমবঙ্গ সরকার কেন্দ্রীয় সরকারের উপর এই ব্যাপারে যে পরিমাণ চাপ সৃষ্টি করা প্রয়োজন তা করতে পারেন নি। এই দুর্বল ও ক্লীব নীতির আমি তীব্র প্রতিবাদ করি এবং তার প্রতি আপনার মনোযোগ আকর্ষণ করি। সঙ্গে সঙ্গে এখানে আরেকটা কথাও বলা দরকার। কথাটা হচ্ছে সরকারী কর্মচারীদের সম্পর্কে। এই ১ লক্ষ ২৪ হাজার সরকারী কর্মচারীদের অভাব-অভিযোগ দূর করার জন্য সরকার কোনরকম চেষ্টা করেন নি। মাননীয়া রাজ্যপালিকার ভাষণ বাস্তবতার সঙ্গে সম্পূর্ণ সম্পর্কশূন্য। আমি তাই বলছি আমাদের এখান থেকে ধন্যবাদ প্রস্তাবের পরিবর্তে নিন্দাসূচক প্রস্তাব পাশ করা উচিত। এই বলেই আমার বক্তব্য শেষ করছি।

Dr. Abu Asad Md. Obaidul Ghani: Mr. Speaker, Sir, in connection with my amendment I regret to say that I feel that the address of Her Excellency the Governor has totally failed to give a true picture of the health problems of the State and the steps which the State Government have taken in the past or intend to take in the future to tackle them. These problems are essentially and basically socio-economic and naturally they will defy solution unless they are tackled from that point of view. For this reason what I think is that if the Government were at all serious about tackling the health problem, what they should have done in the beginning is to have a comprehensive health survey of the State. So far as we know, the Government have not done any such thing. From time to time they have dished out vital statistics and statistics about the health of the people for our consumption, but it is an admitted fact that most of these statistics have been collected solely on the authority of the village chowkidar. In fact, that is one of the reasons why such a responsible person as the Director of Health Services of West Bengal declared in a Press Conference on the 6th April 1957, on the occasion of the World Health Organisation Day that the extent of malnutrition in the rural areas of West Bengal is only 5 per cent. This is an astounding statement. Similarly, our Chief Minister—who is unfortunately not here but who has assured us a little while ago that wherever he is he always takes care to

overhear what we say—declared some time ago advising the people to take vegetables and fruits instead of rice, as if vegetables and fruits could ever replace the staple food of any country. Similarly, basing on such loose statistics even the Central Minister declared that the rise in the price of food is due to the rise in the purchasing power of the people. Obviously, it is very difficult to believe that such a statement has come from a responsible Minister. Nevertheless we have heard rumours that a pilot health survey did take place somewhere in 1955, but we have not been told whether it really did take place for we have not come across any report or recommendations of that survey. Is it because the report and the recommendations were too revealing to risk publication?

In Her Excellency's Address there is very little of positive things that we note about the health problems, but much has been said about the anti-tuberculosis work by the State Government. But is it not a fact that both the incidence of and the mortality from this disease are increasing alarmingly? In support of my contention I would quote recent statements in the press. First of all, I would refer to the comment in the first editorial of the *Amrita Bazar Patrika* of 28th December 1956. There it writes: An all-India sample survey conducted by the Indian Council of Medical Research revealed that about 45 per cent. of the total population of India suffered from tuberculosis in one form or other. Sir, I do maintain that this is a very, very alarming situation. The next press report is very fresh—it appeared only yesterday in the *Statesman's* Weekly Health Bulletin. The heading is given as "T.B. Last Week's Biggest Killer". It says: "The biggest toll of human life was taken by tuberculosis in Calcutta during the week ended June 1, when 61 persons died of the disease while in the previous week deaths from the disease totalled 51. In the corresponding weeks last year, there were 27 and 34 deaths." This also justified the assumption that tuberculosis is definitely on its stride in spite of all the State Government has been doing. May I remind our absent Chief Minister of the Annual Report of the Bengal Tuberculosis Association of 1955? He happens to be its Vice-President also. The report is that of a sample survey of only 1,676 patients in Calcutta. Of these, 67 per cent. were bustee-dwellers, 75 per cent. lived in definitely unhealthy surroundings and about 84 per cent. had to live with healthy persons in the same room. More than 70 per cent. could not afford to pay for their medicines. How many of such patients Government plan to segregate in order to save the rest of the population from being infected? Presumably most of these cases were open cases. What percentage of such cases can ever hope to be hospitalised for treatment? A majority of the totally inadequate number of beds in the different T.B. Hospitals in the State are available at the cost of about Rs. 100 to Rs. 300 per month. What about those patients, i.e., 75 per cent. of the patients, who cannot afford to pay for the cost of the medicines? Can they ever hope to take advantage of these hospitals? That is why I say of what use is the stress on domiciliary treatment of tuberculosis patients in our poor country.

Sj. Bankim Mukherji: I do not find the Health Minister here.

Mr. Speaker: I have noted it myself. You need not remind me of that. I have already taken steps about it too.

Sj. Jyoti Basu: Is the Law Minister deputising for every Minister?

The Hon'ble Siddartha Sankar Roy: Yesterday the Health Minister had to leave early because he was feeling very unwell. Perhaps he is ill today.

Mr. Speaker: If he has not come, that is another matter. I am having the matter checked up.

[5-5—5-15 p.m.]

Dr. Abu Asad Md. Obaidul Ghani: It seems when the disease spreads throughout the population of West Bengal, then perhaps Government intend to convert the whole of the State of West Bengal into a huge tuberculosis hospital.

Talking of tuberculosis hospitals in the State, so far as the existing hospitals are concerned the less said about them the better, because even the tuberculosis patients are forced to take recourse to hunger-strike for weeks in order to be allowed to live in peace while they are grimly awaiting their journey's end, or die. When we think of the annually recurring epidemics of cholera and small-pox, we forget that we are living in a civilised and independent country. The complete inadequacy of the preventive measures of the State Government should have been a matter of shame for any Government.

As for small-pox the advice of Dr. A. K. Bose, Vice-President of the Indian Medical Association, and Alderman of the Calcutta Corporation that preventive vaccinations against it should be a continuous affair throughout the year if we seriously want to eradicate this disease for ever, has been completely neglected. The Government wakes up to start the vaccination campaign when the epidemic is well on and then succeeds in getting only a small fraction of the population protected against the disease

As for cholera, in addition to the inadequacy of the inoculation efforts a free and wholesome supply of filtered water remains a neglected affair. The Calcutta Corporation, so far as we understand, recommended unanimously a scheme costing Rs. 12½ crores for the improvement and renovation of the filtered water-supply to the State Government for being incorporated in the Second Five-Year Plan. So far as we know the State Government sat over it and it never forwarded the recommendation to the Planning Commission. The result was that in the Second Five-Year Plan there is no provision for that.

The Asansol Municipal Delegation waited upon our Chief Minister asking for some help for the water-supply scheme at their place. The Chief Minister promised them a scheme costing 9 lakhs but up till now the promise remains unfulfilled and the water crisis of Asansol remains as it was.

The major part of rural Bengal is still going without any scheme for regular drinking water-supply in spite of the fact, as revealed in Her Excellency's Address, that a total of 5,233 tube-wells and water-supply sources were completed in the State. Well we have heard of genuine tube-wells and tube-wells which have been popularly called election tube-wells which crack up within a few weeks of their installation. The result is that cholera remains an annual visitation in our State. The Indian Medical Association has from time to time submitted its suggestion for the improvement of health services in the State, but the Government has always turned a deaf ear to that also. The number of hospital beds has no doubt increased, the cost of hospital equipments has also risen but there has been practically no improvement in the number and condition of work of hospital employees. The obvious result has been a necessary deterioration in the quality of service which the ailing patients get. In this connection we have heard that a large number of health centres have been opened recently throughout West Bengal. I beg to point out a glaring omission. The non-railway population of Khargpur is about70,000. On 26th February

1957 Shri Gyan Singh, General Secretary of the Khargpur Town Mandal Congress Committee, wrote to the Chief Minister asking him to help open a health centre or a hospital there. The reply was received on 27th February 1957 promising immediate action in the matter and this was announced at election meetings, but so far nothing has been done in the matter. Similarly I have just heard that there have been big gaps in West Dinajpur and Darjeeling areas where there is complete dearth of arrangement for treatment of any type.

As regards Medical Education, Her Excellency has said that a notable advance has been made by the establishment of Post-Graduate Medical Education and Research Centre. Very good. But then some other member on a suitable occasion will inform you about discrepancies in even that notable event. But what I want to draw your attention to is that even the normal teaching standard in the various medical colleges of the State is every day deteriorating due to the unwholesome practice of utilising busy medical practitioners as part-time professors in various subjects as if teaching was not a serious profession but a part-time pastime. I doubt if such a system prevails in any other advanced country.

Another reference in Her Excellency's Address makes painful reading. It is said that the refugees who are 11 per cent. of the total population are occupying 30 per cent. of hospitals beds and nearly 35 per cent. of tuberculosis beds. In a way this statement itself is a censure on the department dealing with the refugees, for why does so large a percentage of the refugees need hospitalisation for serious diseases, especially tuberculosis? But this is not all. It further says that taking Rs. 2,000 per bed per annum the average cost of maintaining these beds—the annual liability of the State Government for the beds occupied by the refugees—is about a crore of rupees. This constant rubbing against the refugees that they are liabilities to the State is, to say the least unkind, and there is no reference in Her Excellency's Address which might give rise to a hope that the Government is planning to convert these hapless refugees from liabilities to assets in any visualisable future.

There is yet another point to which I wish to draw your attention. The employees' insurance scheme is at work for some time. The scheme itself and its working are so faulty and inadequate that perhaps wisely there is no reference to that in Her Excellency's Address.

Another omission is the sub-human condition of life and medical attention under which the workers in tea gardens in North Bengal live. The serious hazards of life and industrial diseases which the workers in the mines and industrial concerns in our State have to face every day of their lives are also conveniently omitted because the Government have not provided them with even the minimum protection against all these dangers. These are important omissions from Her Excellency's Address and that is why we feel that the overall health picture from Her Excellency's Address is not only indifferent but also misleading.

[5-15—5-25 p.m.]

To crown all, she has described the opening of the infectious diseases hospitals at Beliaghata as a notable event. Yes, it is a notable event indeed for a Government which has so few notable events to take credit for. But West Bengal needs not one such hospital but tens of such infectious diseases hospitals at least so long as epidemics are allowed to continue as at present. My time is still there but I do not want to waste the time of

the Assembly. I have finished whatever I have got to say in support of my amendment. With due respect to Her Excellency the Governor, I cannot accept the vote of thanks to Her address.

Thank you.

Sj. Gokul Behari Das: Mr. Speaker, Sir, I rise to support the motion of thanks which has been moved by my friend, Shri Bimalananda Tarkatirtha. Sir, the Government policy which found expression in Her Excellency's address has come in for a good deal of cudgelling at the hands of great leaders of the Opposition, Shri Jyoti Basu, Dr. P. C. Ghosh and others. I have heard them with attention, but, Sir, I still hold the view that the Government policy which has found expression in Her Excellency's address is the only policy which can deliver the goods, which can enable us to reach our goal. Sir, my contention will receive support if we compare the first days of independence with the modern days through which we are passing. We remember those days when West Bengal was dismembered, when turmoil took place and there was a legacy of the Second World War and there were unsettled conditions in society and in these circumstances the Congress was called in to form the Government. There was no money in the exchequer, but what do we find today? Sir, Shri Jyoti Basu may not have any faith in the statistics. I do not want him to have any faith in them but there are some outstanding facts which we cannot ignore. In those days we had to spend crores of money for importing food from foreign countries. In those days control became absolutely necessary and the miseries which followed control were also there but, Sir, this one fact remains that we have been able to do away with the control. We have been able to cut down our expenditure for our imports of food. Now, therefore, I would contend that in spite of what can be said against the policy pursued by the Government, still there is much to be said in its favour. Under the wise guidance of Dr B. C. Roy we have, Sir, passed that stage through and although the goal is far off, we are on the right way.

Now, Sir, Shri Jyoti Basu spoke something about browbeating democracy. Her Excellency spoke with admiration of the democratic process working in India and I think she was right whatever may be said by Shri Jyoti Basu. There is one thing. I think that even the democratic work in India has impressed the Communist Party. They used to say in the past that there was no use of legislature and when we first gained independence and the national Government was formed, the Communist Party of India rose in rebellion, went into hiding and continued the struggle against the national Government. At last they admitted their failure and when the first election under the Indian Constitution came, they participated in it but still they said that their main work lay outside the Legislature where they would create revolution which would give them the power of Government, but with the second general election we find that they have changed their opinion. We now hear their leaders saying that revolution is not the only means to gain their end. They can attain it by peaceful means. That is a great achievement on the part of the democratic process in India. It was not done in any part outside India. I do not know whether their profession is sincere or not but when they say in so many words that they can achieve their end through peaceful means, that is a great victory for the democratic process happening in India. Now, Sir, Shri Jyoti Basu referred to certain other things about the democratic process in India. He said that the elections proved that the Government was not impartial. He said that the Government servants were not free to vote but, Sir, I most respectfully submit that the Government servants voted freely without any handicap, without any coercion and without any obstacle from any side.

We find that Shri Jyoti Basu doubts about good things being done by the Government. When the Government rushed to the distressed area with help, they discharged their duties but even Shri Jyoti Basu looks askance at it. I think that we are working the democracy with vengeance. I have heard people say that it would have been better it democracy in India had slackened a little. However, I must respectfully submit that democracy, as it has worked in India, deserves our admiration.

As regards the question of refugees, that is really a baffling problem. Everybody would admit that it is a very difficult problem and it has been made more difficult because there is no end of it due to influx of refugees. That is the crux of the situation. Now what is the position of the Opposition—I do not understand. In Her Excellency's address it is said that it must be recognised now that the economy of West Bengal cannot now bear this burden and, therefore, the refugees must be settled outside West Bengal. I do not know what is the exact contention of the Opposition. I have heard Shri Jyoti Basu with rapt attention. I heard with respect the utterance of Dr. P. C. Ghosh but I do not think that they are clear in this matter. Do they think that settlement of refugees should take place outside Bengal or do they think that it must be done within Bengal? Shri Jyoti Basu said that we should think the refugees as the citizens of West Bengal. Sir, we think so. He said that an integrated policy should be followed on that basis. I do not understand what he means. Is it a hint that they should be settled only within Bengal? We heard Dr. P. C. Ghosh. It seems to me that he sometimes approves settlement of the refugees outside West Bengal—sometimes not. The people of West Bengal want to know their position. They want to know the position of the Opposition in this matter because it is very vital for the refugees and vital for the people of West Bengal.

[5-25—5-35 p.m.]

Now, Sir, we must infer a lession from the fate of the Bettiah refugees. They came away from Bettiah camp. I do not know whether anybody lured them but the fact remains that they came away from Bettiah, for what purposes—to better their lot? Really they subjected themselves to greater hardship, to greater misery. If really there was anything which they did not like in the Bettiah camp they ought to have remained there and ought to have fought from there. But instead of that they came away and added to their own hardship and also caused dislocation in the Government programme. Shri Jyoti Basu said that they did not lure them but somebody did lure them. I must say that the position of the Opposition being not clear they might have found encouragement from them because we find that they criticise the Government for trying to settle them outside Bengal. This may have given some hint to them. I do not know what is their desire, what is their real intention. But let them come out with a clear cut programme as to what they really want. Now, it is a national problem and therefore it can be solved only with the combined efforts of all parties. I invite the attention of the Opposition in this matter. I request them that they should help the Government in this matter with a constructive programme and they should not sit on the fence.

As regards food really the situation is very serious but I must say this is due to some temporary reasons. Even Her Excellency in her address was not certain as to what the reasons are. She used the word "may". Such reasons might or might not have raised the prices in West Bengal. We are not so much concerned with the cause. It is true that it must be dealt with and dealt with swiftly. Government is, I think, alive to the

situation and I can assure the Opposition that the Congress will not allow Government to sit idle over this matter. The Congress will not give the Government any rest until this problem is got over. Now the Government, I hope, would take advantage of the Central legislation which has been recently passed. They should not waste any time. They should try to make use of this legislation and I would respectfully submit that though the food position is now causing anxiety this has no permanency in it. The food policy is linked with production and everybody must admit that the production has increased. Now our food policy is basically right though for some temporary reasons we are now confronted with this crisis but as regards the apprehension of some of my friends opposite that it will assume the proportion of 1350, I must say that is unfounded; that apprehension has no basis. Government has already controlled the situation and I think with greater effort and with greater co-operation from all sides it will pass away.

Now, Sir, there are many references in Her Excellency's address showing that the country is progressing. The rate of mortality has decreased, health centres have been opened in many places and new roads have been constructed. Some of my friends on the other side said that they hear the repetition of Kalyani, of Haringhata, of DVC plan etc. *ad nauseam* but I would say that like the Mahabharata, the schemes are stupendous and like the Mahabharata they have 18 chapters. They have seen some of the chapters but there are other chapters to follow You can pick hole here and there but the main structure of Government policy is right. That is the only policy which holds the field. I most respectfully submit that this policy has to be followed even by the Communist Government in Kerala. They have already invited the capitalists of Bombay and Ahmedabad to come to Kerala to open new business there. Therefore, they have now thrown many of their utterances to the lumber room. Having the whole picture before us I have no hesitation in supporting the motion of thanks of Shri Bimalananda Tarkatirtha.

Sj. Basanta Kumar Panda: Mr. Speaker, Sir, I must confess I have been totally disappointed to read the speech of Her Excellency, because it does not present the true picture of West Bengal. It is quite silent about the introduction of any legislation about prohibition, though members of the Government swear by the name of Mahatma Gandhi. It is quite silent about the introduction of any legislation as to free compulsory education enjoined under Article 45 of the Constitution. They have slept for over seven years, and this act is to be completed within 10 years from the date of passing of the Constitution. They have done nothing as yet. Though in the Village Primary Education Act of 1930 there is a chapter about introduction of free compulsory education, namely, chapter X, that has not been done. It is not free because education cess is being realised. If we allow education up to the age of 14 years to be compulsory, the result will be that the poorer middle classes will have no chance of getting their students educated at least up to the secondary stage, because the secondary students are mostly 14 or 15. But nothing has been done; the cost of education has been too much in the province, and it has gone beyond the limit and power of the middle and poorer classes of the people. Government have claimed that they have done something about river projects and river embankments. I shall cite an example from my own district of Midnapore. There is a great problem over river Kalighai. It has actually inundated 600 square miles consisting of Bhagwanpur, parts of Pataspur, Nandigram and Khejuri police-stations affecting three lakhs of people. Inundation has taken place in the years 1927, 1933, 1940 and 1943, but nothing has been done. On the contrary,

the Government is realising Taccavi Embankment tax for the maintenance of 17 Huddas at the rate of Rs. 1-1 per acre. What are they doing? They have simply maintained the embankment, and it is known that the embankment tax is realised under an old Act, namely, the Bengal Embankment Act of 1882. Under the provisions of that Act all intermediaries are liable to pay embankment tax, but after the passing of the Estates Acquisition Act there is no intermedairy, and every citizen has been reduced to a raiyat or an under-raiyat. So, even under the provisions of that Act nobody is liable to pay tax, but that tax is being realised for three years after the passing of the Estates Acquisition Act, 1953. Now, Sir, about this I will say that this taxation is illegal.

[5-35—5-45 p.m.]

Government has claimed that after abolition of Zemindari Government is making Zemindari embankment. That is a false claim. That is not true. Because I say that now the N.E.S. and the Development Blocks are claiming 50 per cent. of the cost of maintenance of constructing village embankments from the zemindars. They simply realise rent from the tenants but they used to keep the embankments at their own cost and now they are demanding half of the cost from the tenants. Sir, these things are not being done from Government funds but at the cost of the poor people themselves. Unless this share is paid nothing will be done.

As to the food problem I shall begin from my constituency first because during the last year four unions of my thana Bhagawanpur had been completely inundated and as a result there has been failure of crop. Still big landlords of that area had exported paddy from that area. From February up to now no steps have been taken. We are crying hoarse but nothing has been done and these exprots are being made by the big hoarders, traders and agriculturists. I would say the Government is encouraging these things because it is known that the intermediaries who have got more than 25 acres of land have given their returns in August 1954 and the Act has come into operation on the 1st of Baisakh 1362. Why these Zemindars are retaining their own khas land and why that land is not being taken possession of by the Government? If Government had taken possession of these lands from 1st Baisakh 1362 enough paddy would have come to the hands of Government and famine condition would have been somewhat alleviated. That is not being done. This paddy is being taken away by intermediaries, black-marketers and Government is helping them. I say, Sir, that now there is no paddy with the agriculturists and middle-class people. If there is paddy anywhere it is in the godowns of millowners and big hoarders and no step is being taken to release that accummulated paddy from them. In this connection, Sir, I would suggest that those persons or firms or companies who are engaged either in black-marketing or in manufacturing spurious drugs or in food adulteration, their names should be published. There should be a legislation for the publication of these names because the country should know the names of the pests of the society so that they would desist from associating with them. Nothing has been done in this respect and no mention of these things appear in the report of Government. This legislation is urgently necessary as is necessary the introduction of primary education. Sir, therefore, I would say that so long as these big agriculturists control paddy and rice there is no chance of any relief for the poor people, for the middle-class people of this country. In order to do away with this monopoly of these big agriculturists the first thing is to take away the lands from them but that has not yet been done though the Act has come into froce since 1953. These men should be prevented from accumulating lands in their hands. If this is not done then there is no

chance of improving the lot of the common man. The surplus or saleable portion of the paddy should at once be handled by the Co-operative Society or by the Agricultural Marketing Society. So long as there are private traders there will be black-marketing and there will be no chance of relief for the poor people. Yesterday one honourable member of the opposition side said that a few wagons of paddy had been sent to the district of Midnapore but the price of paddy did not come down. If the paddy had been sent at all perhaps the entire stock has gone to the hands of these traders who will help the ruling party as they did at the time of the last election. The remedy is that this paddy should be sold by Co-operative Societies or agricultural marketing societies and where there is no such society certain independent bodies which are not at all political should sell them, and if this is done there is some chance of the poor people getting some relief. If this is not done, the paddy will slip into the hands of the black-marketers and there is no way out. I shall remind the honourable members that a few years ago an Hon'ble Minister from our district suggested a panacea for cloth scarcity by suggesting to us to wear half pants. Now the Chief Minister has given another prescription which is to eat less, but the prescription has come very late, the patient is already gasping. Sir, what is the net result of the ten years of Congress rule—permanent pestilence, permanent corruption and the necessity of permanent doles and permanent test relief work. Sir, I can compare this condition only with the condition obtaining in 1757 to 1782 when in the name of duel Government there was duel anarchy. At present instead of duel Government or no Government, there has been multiple anarchy in this province and there is no way out unless we get relief from their hands.

Sj. Mihirlal Chatterjee:

মাননীয় অধ্যক্ষমহাশয়, মাননীয়া রাজ্যপালিকা তাঁর অভিভাষণে বাংলাদেশের শাসন সম্বন্ধে যে রঙ্গীন চিত্র অঙ্কিত করেছেন তা এই হাউসের কিছু কিছু লোকের মনোরঞ্জন করতে পারে, কিন্তু এই হাউসেরই বহু লোকের মনকে প্রীত করতে পারে নি। এই হাউসের বাইরেও এমন বহু লোক আছেন যাঁরা মাননীয়া রাজ্যপালিকার অভিভাষণে সন্তোষ প্রকাশ করেন নি। এই অভিভাষণে তিনি অনেক প্রসঙ্গ উত্থাপন করেছেন। গভর্নমেন্টের পক্ষ থেকে কি কি কাজ করা হয়েছে, কি কি কাজের পরিকল্পনা গভর্নমেন্টের রয়েছে, এসব কথা সংক্ষেপে বর্ণনা করেছেন, কিন্তু তাঁর এই অভিভাষণে যে কথা মোটেই প্রকাশ পায় নি, সেটা হচ্ছে—এই গভর্নমেন্ট সম্বন্ধে আজকে সারা বাংলাদেশে যে দুর্নীতি, কুশাসন এবং নানা অভিযোগের ধ্বনি শোনা যাচ্ছে সে সম্বন্ধে তিনি যে কিছুমাত্রও সজাগ বা এ সম্বন্ধে তাঁর যে কোন বক্তব্য আছে, আমরা তাঁর অভিভাষণে তার কোন সন্ধান দেখতে পাই না। আজকে স্বাধীনতা অর্জনের পর ১০ বৎসর অতিক্রান্ত হতে চলেছে এবং বাংলাদেশ একটী দলের দ্বারা এতদিন শাসিত হচ্ছে। এই দশ বৎসরে গভর্নমেন্ট নানাদিক থেকে বাংলার শাসন ব্যবস্থার উল্লেখযোগ্য উন্নতি সাধন করবার, বাংলাদেশের শাসন ব্যবস্থা থেকে দুর্নীতি দূর করবার, বাংলার শাসন ব্যবস্থায় যে সমস্ত গলদ রয়েছে তা দূর করবার জন্য যথেষ্ট সুযোগ পেয়েছেন। কিন্তু সেইদিক দিয়ে প্রশংসা করবার কিছুই তাঁরা করতে পারেন নি।

[5-45—5-55 p.m.]

বিভিন্ন বিভাগে দিনের পর দিন দুর্নীতি পুঞ্জীভূত হয়ে উঠেছে, অথচ তা উচ্ছেদ করবার কোন সঙ্কল্পবদ্ধ চেষ্টা বাংলা গভর্নমেন্ট করেন না। তাঁদের কাজের পরিচয় হিসাবে আমরা সাধারণতঃ এই জিনিষটা দেখতে পাচ্ছি যে, কোটি কোটি টাকা বাংলা সরকারের রাজস্ব হিসাবে আমদানী হয়, কোটি কোটি টাকা কেন্দ্রীয় সরকারের কাছ থেকে তাঁরা পান; কিন্তু সেই কোটি কোটি টাকা যেভাবে ব্যয়িত হয়, সেই ব্যয়ের অনেক কিছু কঠোর সমালোচনার যোগ্য, এবং সেই ব্যয়ের মধ্যে কত টাকা যে অপব্যয় হয় তার ঠিক-ঠিকানা নেই। বিভিন্ন জেলাতে, বিভিন্ন এলাকাতে সরকারী কাজের যদি পুঙ্খানুপুঙ্খরূপে আমরা অনুসন্ধান

করি, আমরা যদি সরকারী কাজ সম্বন্ধে জনমত অবধারণের চেষ্টা করি, তাহলে জানতে পারব যে বাংলা গভর্নমেন্টের শাসন অত্যন্ত দুর্নীতিপূর্ণ; এবং এই গভর্নমেন্টের কার্য্যকলাপের মধ্যে অর্থাৎ বিভিন্ন বিভাগ কর্তৃক যে-সমস্ত কার্য্য পরিচালিত ও অনুষ্ঠিত হয়, তার মধ্যে বহু দোষ, বহু গলদ যে রয়েছে সে বিষয়ে কোনই সন্দেহ নেই। যারা এই শাসন সম্বন্ধে আত্মসন্তুষ্ট থাকতে চান তাঁরা তা থাকতে পারেন; কিন্তু যদি এই বাংলাদেশকে আমরা ভালবাসি, যদি অন্যান্য দেশের তুলনায় একে শ্রেষ্ঠ রাজ্যে পরিণত করতে চাই, বাংলার দুঃখী-দরিদ্র জনসাধারণ যাতে সসম্মানে বাঁচে সেইভাবে দেশ শাসন চাই, তাহলে এই আত্মতুষ্টির কোন কারণ নেই। খাদ্য-সমস্যা আজ প্রধান সমস্যা, এই নিয়ে বাংলা গভর্নমেন্ট সম্প্রতি একটা ছেলেখেলা সুরু করেছেন। গতকাল ডাঃ ঘোষ তাঁর বক্তৃতায় বলেছেন যে বীরভূম জেলা থেকে ধান ও চাল বাংলার অন্যান্য জেলায় স্বাভাবিকভাবে আমদানি-রপ্তানি করা বাংলা সরকার বন্ধ করেছেন এবং এটা যে ঠিক কথা তা আমি কাল একখানা চিঠির মারফৎ জানতে পেরেছি। এই আদেশের ফল হয়েছে বীরভূমে যাদের হাতে ধান-চাল ছিল তারা চাল বাজারে আর ছাড়ছে না, চাল-ধানের বাজারে বিপর্যয় এসেছে, চাষীর ধানের দাম ১৪ (চৌদ্দ) টাকা থেকে ১০½ (সাড়ে দশ) টাকায় নেমে গেছে, কিন্তু কোন মোকামে দশ মণ ধানও চাষীরা বিক্রীর জন্য আনছে না। খুচরা চালের দাম ২৪ (চব্বিশ) টাকা, ২৫ (পঁচিশ) টাকা রয়ে গিয়েছে, কিছুমাত্র কমে নি। কিন্তু বীরভূম থেকে পার্শ্ববর্ত্তী মুর্শিদাবাদ, নদীয়া প্রভৃতি ঘাটতি জেলায় ধান-চাউল রপ্তানি বন্ধের আদেশ জারী হওয়ার ফলে সেইসব এলাকায় ধানের দাম এক টাকা করে মণে বেড়েছে, চালের দাম মণ করা ২ টাকা করে বেড়েছে। আমরা শুনেছি যে-দিন এই আদেশ জারী হয়েছে সেই দিন থেকেই কোথাও মূল্য বৃদ্ধি, কোথাও মূল্য হ্রাসের সংকট দেখা দিয়েছে। সর্বদিক ভেবে-চিন্তে কাজ না করলে এরকম পরিণতি হতে বাধ্য। বীরভূমের ধান ও চাল যে বরাবর মুর্শিদাবাদ জেলায় চালান হয় সরকার তাহা জানেন। এই নিষেধসূচক আদেশ জারী হওয়ার ফলে এই হয়েছে যে, মুর্শিদাবাদ জেলাতে যাঁরা ধান ও চালের মজুতদারী করেন তাঁরা রাতারাতি চালের দাম বাজারে ২ টাকা করে চড়ে যাওয়ার জন্য প্রচুর পরিমাণে লাভ করেছেন, পক্ষান্তরে মুর্শিদাবাদের সাধারণ লোক যারা ২৩ টাকা ২৪ টাকা মণ দরে চাল কিনত এখন তারা আরও বেশী দামে চাল কিনতে বাধ্য হচ্ছে। এই অবস্থা মালদহ, নদীয়া সব জায়গায় দাঁড়িয়েছে। সরকার খাদ্য-সমস্যা সঠিকভাবে অনুধাবন করতে না পেরে, খেয়াল-খুসীমত চলার ফলে এই সমস্ত জেলার লোকদের চাউল কেনার ব্যাপারে অসুবিধায় পড়তে হয়েছে। বীরভূম জেলায় ধানের স্বাভাবিক কেনা-বেচা ও বাজার আমদানি রুদ্ধ হয়েছে, চাষী বাজারে ধান ছাড়ছে না, মজুতদারী যাঁরা করেন, তাঁরা সমস্ত ধান নিজেদের গুদামে ভর্ত্তি করে ফেলেছেন এবং চালের মজুতদারী যাঁরা করেন তাঁরাও চাল ছাড়ছেন না। এরকমভাবে আলাদা করে একটা জেলাকে নিয়ে সরকার যদি খাদ্য-সমস্যা সমাধানের চেষ্টা করেন তাহলে সমস্যা সমাধান হবে না এবং হতেও পারে না। আপনারা জানেন এই অধিক খাদ্য উৎপাদনের সাথে বাংলার ময়ূরাক্ষী পরিকল্পনার নাম বহুদিন যাবৎ উচ্চারিত হয়ে আসছে। ক্রমাগত এই কথা প্রচারিত হয়েছে যে এই পরিকল্পনা কার্য্যকরী হলে বাংলার খাদ্য-সমস্যার অনেক পরিমাণে সুরাহা হবে। কিন্তু আপনাদের আমি এই কথা বলতে পারি যে, বাংলার এই ময়ূরাক্ষী পরিকল্পনা সম্পর্কে আপনাদের ও সাধারণ লোকের মনে যে ভুল ধারণা সৃষ্টি করা হয়েছে তার সংশোধন বর্তমানে প্রয়োজন। ১৬ কোটি টাকা খরচ হয়েছে এই পরিকল্পনার জন্য, ছয় লক্ষ একর ধানের জমির সেচ হবার কথা, এক লক্ষ একর জমি রবিশস্যের জন্য সেচ হবার কথা, কিন্তু গত দুই বছর ধরে ময়ূরাক্ষীর জল দিয়ে এক ছটাক জমিও রবিশস্যের জন্য সেচ হয় নি। এবারও দারুণ জলকষ্টের সময় ময়ূরাক্ষী নদীর জল নদী দিয়ে বইয়ে দেওয়া হয়েছে, গ্রামের লোকদের ও চাষের প্রয়োজনে ব্যবহার করতে দেওয়া হচ্ছে না। ময়ূরাক্ষীর জল সাঁওতাল পরগনা থেকে আসছে, আর নদী দিয়ে সমানে বয়ে চলে যাচ্ছে; বীরভূমের এক ছটাক জমিও রবিশস্যের জন্য চাষ হতে পারে নি। এর কারণ, সরকার যে পরিমাণে ট্যাক্স ময়ূরাক্ষীর জলের জন্য ধার্য্য করেছেন তা অত্যন্ত বেশী। রবিশস্যের জন্য জল নিতে গেলে ১৫ টাকা করে একর প্রতি

ট্যাক্স সরকার ধার্য্য করেছেন। এই ট্যাক্সে সরকার গত বৎসর কাউকে রাজী করাতে পারেন নি, এ বৎসরও পারেন নি। আমি তাই বলব যে টাকা খরচ করে সরকার কর্তৃক পরিকল্পনা তৈরী হয়, মানুষের প্রয়োজনে সেই পরিকল্পনা কাজে লাগাতে দেওয়া হচ্ছে না। নদী পরিকল্পনার জল নদী দিয়ে ভেসে সমুদ্রে চলে যাবে, এ সরকার তা চায়, কিন্তু তবুও সেই জল যাতে ওই অঞ্চলের লোক একটু সস্তায় ব্যবহার করে অধিক খাদ্যশস্য ফলাতে পারে তার জন্য ব্যবস্থা গত দুই বছরে এ সরকার করতে পারেন নি।

Sj. Bijoylal Chatterjee:

সভাপতি মহাশয়, বিরোধীপক্ষের বক্তৃতাগুলি আমি শ্রদ্ধার সঙ্গে শুনেছি। ও'রা রাজ্যপালিকার ভাষণের উপর যেসব তীক্ষ্ম মন্তব্য করেছেন তার মধ্যে মূল্যবান কথা অনেক আছে। আমাদের দেশের সাধারণ লোকেরা এখনও সুসম খাদ্য অর্থাৎ ব্যালান্সড্ ডায়েট খেতে পায় না। এ কথা সত্য ভদ্রভাবে বাঁচতে গেলে যেসব জিনিস প্রয়োজন লাখো লাখো মানুষ সেসব থেকে এখনও বঞ্চিত হয়ে আছে। এ কথা সত্য জনসাধারণের এই দুঃখকষ্টের জন্য সরকারের ত্রুটিবিচ্যুতি যদি দায়ী হয় তবে সমালোচনার অবশ্য প্রয়োজন আছে। কেবল সমালোচনাই নয়, পথনির্দেশেরও প্রয়োজন আছে। এই প্রসঙ্গে আমি দেশব্যাপী খাদ্যাভাবের কথা উল্লেখ করতে চাই। মুখ্যমন্ত্রী মহাশয় তাঁর বাজেট বক্তৃতায় বলেছিলেন, গ্রামের চাষীদের মধ্যে শতকরা ৭০ জনের এমন জমি নেই যাতে তাদের বৎসর চ'লে যায়। জমি রবারের মত টেনে বাড়ানো যায় না এবং যে জমি আছে তার সুষ্ঠু পুনর্বণ্টন এবং বৈজ্ঞানিক পদ্ধতিতে ফসল বাড়ানো ছাড়া গ্রামের লাখো লাখো মানুষের বাঁচবার কোন উপায় আছে কি? সে কাজ কি কেবল বক্তৃতা এবং সমালোচনার দ্বারা সিদ্ধ হ'তে পারে? ডাক্তার রায় তাঁর বক্তৃতায় ত্যাগের কথা বলেছিলেন। তা নিয়ে কটাক্ষ এবং বিদ্রূপ করা হয়েছে।

[5-55—6-5 p.m.]

যার জমি আছে সে জমি দেবে, যার সম্পত্তি আছে সে সম্পত্তি দেবে, যার শ্রমশক্তি আছে সে শ্রমদান করবে, যার বুদ্ধি আছে সে বুদ্ধি দিয়ে সমাজের সেবা করতে পারে। জনসাধারণের একমাত্র এই ত্যাগের পথেই মৃতপ্রায় পল্লীসমাজ নবজীবন লাভ করতে পারে। পল্লীগ্রামের দশ বৎসরের অভিজ্ঞতায় দেখেছি, গ্রামের যুবসমাজ ব'সে ব'সে কেবল তর্ক এবং সমালোচনা করে। যেন সমস্ত দায়িত্ব উপরওয়ালাদের, তাদের নিজেদের যেন কিছুই করবার নেই। সরকারের দায়িত্ব যে প্রচুর, সুপ্রচুর—এ কথা স্বীকার করতে হবে; কিন্তু জনসাধারণ যদি নিষ্ক্রিয় থাকে, একা সরকার কি করতে পারে? জনসাধারণের এই নিষ্ক্রিয়তা আমাদের অগ্রগতির পথে আজ প্রবলতম বাধা। এই নিষ্ক্রিয়তার উপরে আবার গোদের উপর বিষফোঁড়া হয়ে আছে গ্রাম্য দলাদলি। জনসাধারণের নিষ্ক্রিয়তা গ্রামোন্নয়নের পথে কত বড় বাধা বিরোধী-পক্ষের বন্ধুরা তা খুব ভাল ক'রে জানেন। এই পর্বতপ্রমাণ জড়তা এবং গ্রাম্য দলাদলি সামনে রেখে গান্ধীজী বলেছিলেন—

"and the road to Swaraj is steep and narrow"

আমি বিরোধীপক্ষীয় বন্ধুদের বলব, তীক্ষ্ম সমালোচনা দ্বারা লোকের মনে শুধু উত্তেজনার সৃষ্টি না ক'রে যাতে দেশের লোকেরা জড়তা এবং দলাদলি বর্জন ক'রে সমবেতভাবে গ্রামোন্নয়নের কাজে আত্মনিয়োগ করে, সেদিকে জনগণকে পরিচালিত করুন। লোককে উত্তেজিত করা সহজ এবং উত্তেজিত জনতা শুভকর্মে আত্মনিয়োগ না ক'রে ধ্বংসাত্মক কাজে সহজে ব্রতী হয়, এ দৃশ্য এই হতভাগ্য দেশে আমরা অনেকবার দেখেছি। উত্তেজনা সঞ্চার করা তাই বড় কথা নয়; বড় কথা হচ্ছে, জনসাধারণের মনে সেই প্রেরণা সঞ্চার করা যে প্রেরণায় অনুপ্রাণিত হয়ে তারা সমাজের মঙ্গলের জন্য একযোগে কাজ করবে।

Mr. Speaker: I noticed that a written speech was read out. Preferably that should not be done. Honourable members will kindly make a speech, address the House, but preferably not read out anything that might have been reduced into writing beforehand.

Sj. Dasarathi Tah:

মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমাদের রাজ্যপালিকার ভাষণ সম্বন্ধে আমার বক্তব্য বলছি। আপনি, স্যার, নূতন, স্থানে পুরাতন, এখানে এসেছেন। আমরা এই পাঁচ বছর ঘর ক'রে দেখছি যে, রাজ্যপালিকার ভাষণটি একটি অশ্বডিম্ব ছাড়া আর কিছুই নয় (হাস্য)। আমরা পল্লীগ্রামের লোক, ভাষায় গলান ঘোলাই থাকে, কারও নিয়ন্ত্রণ একটু কম থাকে। তা হ'লেও এটা তো গণতন্ত্রের যুগ, বণ্চিতের যুগ, আপনি মন দিয়ে শুনুন। ব্যাপার হচ্ছে এই যে, ছেলেবেলায় আমরা শহর সম্বন্ধে অত্যন্ত আতঙ্কিত ছিলাম। কলকাতা শহর আজব, এখানে সমস্ত অদ্ভুত ব্যাপার, হয় 'সোজাডিঙ্গি চলে শুধু উলটোডিঙ্গির খালে'। এখানে উলটোডিঙ্গি আছে কিন্তু সেখানে সোজাডিঙ্গি চলে। এখানে রাজ্যপালিকার ভাষণে আমাদের মনে হয় যে আমাদের এই মন্ত্রীমণ্ডলী রাজ্যপালিকার হস্তে গঞ্জিকা সেবন করিয়াছেন (হাস্য)। আপনি নূতন, আপনার হাত নেই, তবে এখানে ভবিষ্যতে এইরূপ যেন হাউসের অমূল্য সময় নষ্ট না হয়, সেদিকে আপনি, স্যার, বিশেষভাবে দৃষ্টি দেবেন। রাজ্যপালিকার উপর আমাদের যথেষ্ট শ্রদ্ধা আছে। উনি মাতৃজাতি। কিন্তু এইরূপ ভাষণ যদি হয় তা হ'লে আমাদের মনে হয় অবস্থা যে কি রকম হবে, তা আপনি বিজ্ঞ ব্যক্তি, ভাল ক'রেই বুঝতে পারছেন। যা হোক, আমি আজ পরিষ্কারভাবে এই কথাই বলি যা সকলেই জানেন। বিরোধীদলও জানেন এবং যাঁরা কংগ্রেসপক্ষীয় বন্ধুরা আছেন তাঁরাও জানেন। আমরা সকলে প্রায় এক গোত্রের মানুষ ছিলাম, এখনও আছি এবং রক্তের সম্পর্ক এখনও রয়ে গেছে। এখন যেমন "কেরালা কেরালা" স্বর প্রায় একই হয়ে গেছে দেখতে পাচ্ছি, কিন্তু বুক ফাটে তো মুখ ফোটে না। তাই শ্যামদাসবাবুর সঙ্গে মিল হবে এবং খাদ্যমন্ত্রীর সমালোচনাও তিনি করেছেন। এজন্য বিজয় সিং নেহরু মহাশয় অত্যন্ত আতঙ্কিত হয়েছেন। নাহারকে 'নেহরু' ব'লে আমি একটু তাঁর পদোন্নতি ক'রে দিচ্ছি, উনি খুশি হয়েছেন। ডাক্তার ঘোষ যে আবার কলকাতায় ফিরে এসেছেন উনি তা নিয়েও বলেছেন এবং এও বলেছেন, তিনি (ডাক্তার ঘোষ) নাকি রাজনীতি ছেড়ে দিয়েছিলেন। ভূতপূর্ব হিন্দু মহাসভার লোক পরে বেশ একটু গরম গরম যে হয়ে যায়, এও আমরা দেখেছি। তিনি কোনকালে রাজনীতি ছাড়েন নি। পল্লীটা হচ্ছে যে রাজনীতির সবচেয়ে বড় আড্ডাঘর, স্বাস্থ্যকেন্দ্র, সেটা তাঁর ধারণা ছিল না। তিনি হলেন অল-ইন্ডিয়া ন্যাশানালিজেশনএর মেম্বার আর আজ বলছেন 'না'। এই সমস্ত কথা ব'লে আবার তিনি পৌরোহিত্য করছেন। ওটা একটা মস্ত বড় সাংঘাতিক কথা। আমার বন্ধু নদিয়া-বিনোদ জগন্নাথবাবু কাল বলেছেন যে, সরকার অনেক কিছু খুব ভাল কাজ করেছেন। কিন্তু আমি তাঁকে বলতে চাই যে, সেই ভালর মধ্যে ফেটে ফেটে বেরিয়ে পড়েছে তাঁর বিক্ষোভের কথা যে আমরা এতে সন্তুষ্ট নই বা ওতে সন্তুষ্ট নই। তবে সরকার ভাল করেছেন অর্থাৎ সরকার যে ভাল করছেন, এই কথা বলতে হবে। আমি আমার সময় অন্য দিকে না দিয়ে এই দিক দিয়ে বলি। অন্যবারের রাজ্যপালের ভাষণে মৎস্য থেকে আরম্ভ ক'রে নাচিয়ে নাচিয়ে ফসল ফলাও থেকে আরম্ভ ক'রে সমস্ত জিনিসের উপর বিতর্ক হ'ত; কিন্তু এবার সব পেটে এসে পড়েছে, সকলে একবাক্যে খাদ্য খাদ্য করছেন। কিন্তু সেই খাদ্য কে উৎপাদন করবে এইটাই সবচেয়ে বড় কথা। খাদ্য না খেয়ে শুধু নেচে নেচে ফসল ফলানো যায় না। অজয়বাবু আমাদের সেচমন্ত্রী ছিলেন, আবার তিনি সেচমন্ত্রী হয়ে এসেছেন। আমি বর্ধমান জেলার লোক। আপনি দূর থেকে দেখেন বর্ধমান জেলা বেশ আছে। বর্ধমান জেলা এক দিন শস্যে সম্পূর্ণ ছিল, কিন্তু আজ তা নেই। ডাক্তার রায় যে প্রেসক্রিপশন দিচ্ছেন তাতে তিনি মন্ত্রীত্ব করতে এসে ডাক্তারী নিশ্চয় ভুলে গেছেন। বর্ধমান জেলায় আমাদের ভাতের পরিমাণ এমন ছিল যে লোকে বলে যে, বর্ধমান জেলার ভাতের চূড়ায় দাঁড়ালে কলকাতা দেখা যায়। সেই জায়গায় যদি বলা যায়, পনের আউন্স খেতে হবে, তা হ'লে লোক ক্ষেপে গিয়ে মারতে আসবে। আমাদের নদিয়াবিনোদ জগন্নাথবাবু বলেছেন যে, হরতাল তাঁর পছন্দ হয় না। তাঁরা মহাত্মা গান্ধীকে ভুলে গেছেন, হরতাল তাঁরই আবিষ্কার, আজ তাঁরা হরতাল বেশি সহ্য করতে পারেন না। সংস্কৃতির দিকে তাঁর খুব ঝোঁক। তিনি কংগ্রেস সংস্কৃতি সংঘের সেবক। তিনি বলছেন যে, তোমরা কিছুতেই দুর্ভিক্ষ আনতে পারবে না, আমরা দুর্ভিক্ষ আনতে চাই না। সেইজন্য আমরা বলি যে, কোথায় কত পুটুলি বাঁধা আছে তা বার করুন। রাজ্যপালিকা মহোদয়া যে তথ্য তাঁর ভাষণে বলেছেন—তিনি বলেন নি, অপরেই বলেছেন--যা হোক, ছাপা

যা আমরা পেয়েছি তাতে বলেছেন যে, কৃষিজীবীরা হোর্ড ক'রে রেখে দিয়েছেন। সত্যিকারের যারা কৃষিজীবী, বাংলার চাষী, যারা বসুন্ধরার বুক চিরে মা কমলাকে উদ্ধার করে, তাদের ঘরে আজ সে নেই। কাদের কাছে আছে? না, বড় বড় জোতদারের কাছে আছে, তাঁরা সব সাদা সাদা মোটা মোটা খদ্দর প'রে ফেলেছেন, তাঁরা সব কংগ্রেসের কোয়ালিফায়েড মেম্বার, গুণধর সদস্য হয়েছেন এবং হয়ে সমস্ত ধান স্টক ক'রে রেখে দিয়েছেন। তাঁদের ডেফিনিশন হচ্ছে এই যে, জমিদারী প্রথা উঠে গিয়ে এখন তাঁরা মজুতদার হয়েছেন। সেখানে তাঁদের যারা কোয়ালিফায়েড মেম্বার তাঁদের ধান এক মণে দেড় মণ বাড়ি, অর্থাৎ এক মণ ধান দিয়ে দুই-তিন মাস পরে তাঁরা দেড় মণ ধান নেন, টাকায় এক আনা ক'রে সুদ নেন। অতএব মণে দেড় মণ ধান আর টাকায় এক আনা সুদ নেওয়া, এ ছাড়া আপনি কংগ্রেসী পাবেন না। তাই ও'রা যদি সেই জায়গায় ধান ছাড়বার নির্দেশ দেন এবং ও'রা যদি আইন ক'রে দেন যে, চাষীরা দশ মণ ক'রে রাখবে, কারণ ওরা একটু বেশি খায় এবং গড়ে তারা বিশ মণ উদ্বৃত্ত রাখবে, এ ছাড়া বাকি কেউ এক ছটাক ধান রাখতে পারবে না, তা হ'লে কলে, মিলে, গোলায় যে যেখানে রাখছিল সব তা হ'লে সুড় সুড় ক'রে বেরিয়ে পড়বে—এই কথাই আমি বলব।

[6-5—6-15 p.m.]

সরকার এ পর্যন্ত যতগুলি আইন করেছেন, তাঁদের কর্মের দোষে সবই প্রায় অচল হয়ে আছে। সেজন্য আমি বলেছিলাম যে, এই পাঁচ বছরে যে আইনগুলি হয়েছিল তার মধ্যে একটা আইন শতকরা ৮০ ভাগ প্রতিপালিত হয়েছে। সেটা হচ্ছে, সিনেমা এবং ট্রামে-বাসে বিড়ি-সিগারেট খাওয়া বারণ। এ ছাড়া আর বাকি সমস্ত আইন অচল। যেমনি বর্গাদার আইন করেছেন, তেমনি বর্গাদাররা আরও বর্গাদারী ছেড়েছে। রায়না রেজিস্ট্রি অফিসে এত ভীড় যে, যে জায়গায় আগে খোস কোবলা করত, আর এখন সব সাফ কোবলা—একেবারে সর্বস্ব তোমাকে দিয়ে দিলাম। যদি বলেন যে, এক একরের বেশি জমি রাখতে পারবে না, তা হ'লে সেটলমেণ্টের নামে যে গ্যাঁড়াকল হয়েছে তাতে মামাতুতো ভাই ইত্যাদি সকলের নামে জমি এখন ভাগ ক'রে দেওয়া হয়েছে। যে ক'টি লোকের জমি ছিল, তাও শেষ হয়ে গেছে। এবারে কে উৎপাদন করবে, কে নাচিয়া নাচিয়া ফসল ফলাইবে? জোড়া বলদ ও'দের সিম্বল। কিন্তু বলদবুদ্দি এমন যে আপনি শুনলে অবাক হয়ে যাবেন, স্যার! ডাক্তার আমেদ সাহেব রয়েছেন, ও'কে বারবার বলতে এবারে কিছু বাড়িয়েছেন। বলদ ঋণের পরিমাণ আগে ছিল ২০ টাকা। কিন্তু, স্যার, একটা মরা গরুর ঠ্যাংকে যদি গুড়ানো যায়, তা হ'লে তার হাড়গুলোর দাম ২০ টাকার বেশি হবে। আবার এই ঋণ কেমন দেওয়া হচ্ছে? না, গ্রুপিং ক'রে ঋণ দেওয়া হচ্ছে। বন্যার পর এক বছর চ'লে গেছে, অথচ এখনও ঋণ দেবার সময় হ'ল না। এই রকম অবস্থা চলেছে।

তারপর বীজ দিয়েছেন ব'লে তাঁরা বলছেন। আমি বিশেষ ক'রে চাষীদের কথা বলছি। চাষীদের যদি বাঁচান তবেই হবে। তাদের প্রতি স্নেহপরবশ এবং প্রেমনিবেদন করতে বলছি না। আমি বলছি, নিজেদের স্বার্থে, দেশের স্বার্থে চাষীদের বাঁচান। ঘোড়াকে দানা খাওয়ান, ডাক্তারবাবু, সে তার নাতজামাই ব'লে নয় এবং আমি আমার কাল গাভীকে ভাত সিদ্ধ ক'রে খাওয়াই, সেটা আমার নাতবৌ নয়! সেখানে আমার স্বার্থ আছে বেশি দুধ দেবে ব'লে। সমগ্র দেশের স্বার্থে সর্বকিছু ছেড়ে দিয়ে রেখে পর্যাপ্ত পরিমাণে তাদের সাহায্য সিঞ্চিত করবেন। সাহায্য শুধু নয়, সাহায্য সিঞ্চিত করুন। দশটা-পাঁচটা টাকা ক'রে দিলে তিন দিনের মজুরি শেষ হয়ে গিয়ে একেবারে শেষ। এবং নরকঙ্কাল যা শুরু হয়েছে, সেই জায়গায় যা সমারোহ, তা দেখলে সে জায়গায় চক্ষুস্থির হয়ে যায়। আজ আমরা এখানে এসে ব'সে আছি। সঙ্গে সঙ্গে সত্বর এর প্রতিকার যদি না করেন তা হ'লে সর্বনাশ হবে। বহু কথা বলবার আছে, সব বলব না। স্যার, একটা কথা বলবার আছে। তা হচ্ছে এই যে, রাজ্যপালিকার মহানুভব সরকার গোহত্যা করেছে অস্ত্র দিয়ে নয়, স্টেটস অ্যাকুইজিশন আইনে,—যত গোচর ছিল সব শেষ ক'রে দিয়েছে। এবং মানুষের খোরাকের চেয়ে গোরুর খোরাক যে খড়, তার যে দাম ৩৫-৩৬ টাকা, তাতে সেই খড় আজ মানুষেরই খাওয়া উচিত। খড় খেলে নাকি মানুষের স্টেটাস বেড়ে যায়। এই রকম অবস্থা হয়েছে। আজ সে জায়গায় আর গোরু চলবে না। আজ দেড় ছটাক দুধও তার নাই। আজ বিদেশ থেকে গুঁড়োদুধ আসছে, তাই চলছে। এই

গন্ডোদ্ধে দেশ শেষ হয়ে গেল। যতটুকু পুষ্টিকর ছিল, তাও আজ নাই। আর কি বলব! তারপর কবিরাজী বটিকার ব্যবস্থা করা হয়েছে। আমাদের কবিরাজ শ্রীবিমলানন্দ তর্কতীর্থ মহাশয়ের ঐ বটিকা আমরা কিছুতেই গলাধঃকরণ করতে পারি না। এটা কমপোস্ট সারের গাদায় দেবার যোগ্য। এত অল্প সময়ে আর কি বলব? আমি এর তীব্র প্রতিবাদ জানিয়ে আসন গ্রহণ করছি।

Sj. Apurba Lal Majumdar:

মাননীয় স্পীকার মহাশয়, রাজ্যপালিকা আমাদের সামনে যে বক্তৃতা এখানে করেছেন, সেই সম্পর্কে বলতে গিয়ে আমাকে বলতে হচ্ছে যে, তাঁর এই বক্তৃতা সত্যিই দেশের অগণিত দরিদ্র মানুষকে হতাশ করেছে।

প্রথমেই বলতে হয়, আমাদের দেশের খাদ্যসমস্যা সম্পর্কে। আজ ভারতবর্ষে এবার যে মোট চা'ল উৎপাদন হয়েছে তার পরিমাণ হচ্ছে ২৮·১৪ মিলিয়ন টন। শুধু এবারের নয়, সারা ভারতের সর্বকালের চা'ল উৎপাদনের সেই রেকর্ড। গতবারের তুলনায় আমরা দেখছি এবার ১·২৯ মিলিয়ন টন চা'ল বেশি উৎপন্ন হয়েছে। এবং শুধু চা'ল নয়, গমের দিক থেকে যদি দেখি, তা হ'লে দেখব এবার ৮·৭৮ মিলিয়ন টন গম পাওয়া যাবে। ১৯৫৪-৫৫ সালে যে গম উৎপন্ন হয়েছিল তার সমতুল উৎপন্ন হবে আমাদের এখানে। কাজেই যে রেকর্ড ধান ও গম উৎপন্নের, তাতে নাকি রেকর্ড সৃষ্টি হচ্ছে এখানে। তবুও দুঃখের সংগে লক্ষ্য করছি, যদিও গম ও ধান আমাদের দেশে অন্যান্য বারের তুলনায় বেশি হয়েছে এবং একটা রেকর্ড সৃষ্টি করেছে, তথাপি আমরা দেখতে পাচ্ছি, গতবারের তুলনায় এবার তার দাম অনেক বেশি বেড়ে গেছে। এর কারণ কি? যদিও প্রচুর পরিমাণে ধান-গম উৎপন্ন হয়েছে, অন্যান্য বারের রেকর্ড ছাড়িয়ে গেছে, বাংলাদেশ এবং ভারতবর্ষের ইতিহাসে সবচেয়ে বেশি পরিমাণে ধান ও গম উৎপন্ন হয়েছে আমাদের দেশে, তবুও দেখছি দাম কিভাবে হুহু ক'রে বেড়ে চলেছে। তার কারণ সম্পর্কে যে বক্তব্য রাখা হয়েছে তার সংগে আমরা একমত হ'তে পারছি না। আমরা শুধু দেখতে পাচ্ছি এই চা'ল কোথায় গেল! মুনাফাখোর ও ফাটকাবাজারীরা চা'লের ম্যান-মেড স্ক্যারসিটি সৃষ্টি ক'রে যাদের আর ক্রয়ক্ষমতা নাই তাদের কাছ থেকে আরও অধিক টাকা ছিনিয়ে নেবার প্রচেষ্টা করছে। তাই সরকারের কাছে আমরা আশা করেছিলাম যে, তাদের বিরুদ্ধে সরকার একটা ব্যবস্থা অবলম্বন করবেন। কিন্তু আজ পর্যন্ত তাদের বিরুদ্ধে কোন ব্যবস্থা দেখতে পাচ্ছি না।

তারপর বেতিয়ার উদ্বাস্তু সম্পর্কে কিছু বলতে চাই। আমাদের রাজ্যপালিকা তাঁর বক্তৃতায় বলেছেন—

Some ill-intentioned persons held out the hope that all of them will be rehabilitated within this State.

সেই বেতিয়ায় গিয়ে নয় দিন ধ'রে সেখানকার বিভিন্ন সমস্ত ক্যাম্পে, শিবিরে ও অন্যান্য পুনর্বাসন কেন্দ্রে ঘুরে আমি যে অভিজ্ঞতা লাভ করেছি, সেই অভিজ্ঞতার কষ্টিপাথরে আমি বলতে পারি যে, উদ্বাস্তুরা যে দুরবস্থায় ছিল, যে আর্থিক অনটনে ছিল, তাদের যে অভাব-অভিযোগ ছিল, সেগুলো যদি আরও একটু সহানুভূতির সংগে বিচার-বিবেচিত হ'ত, তাদের যে শিক্ষা জীবন, সাংস্কৃতিক জীবন, তাদের মানসিক জীবন যে পর্যায়ে নেমে গিয়েছিল, তা যদি আরও একটু দরদ দিয়ে, সহানুভূতি দিয়ে, মানবিক দৃষ্টিভংগি দিয়ে বিচার করবার চেষ্টা হ'ত, সেখানকার কর্তৃপক্ষ মহল যদি আরও একটু সংযত ও দরদী হতেন, তা হ'লে এই বেতিয়া থেকে উদ্বাস্তুরা ফিরে আসতেন না। তাঁরা আজ হাওড়া ময়দানের উন্মুক্ত আকাশতলে প্রখর রৌদ্রের মধ্যে ঝড়ঝঞ্ঝা উপেক্ষা ক'রে তিলে তিলে অনাহারে বিনা চিকিৎসায় মারা যাচ্ছে। আমরা সরকারের কাছে আবেদন করেছিলাম তাদের খাওয়ার ব্যবস্থা করুন, চিকিৎসার ব্যবস্থা করুন এবং সুস্থ পরিবেশে তাদের বেতিয়ায় ফিরে যাবার সুযোগ দিন। এবং সেখানকার অবস্থাদি তদন্ত করবার জন্য একটা জয়েন্ট কমিটি করুন, একটা এনকোয়ারি কমিটি করুন। সরকার সে কথায় কর্ণপাত করেন নাই। সরকার তাদের জন্য কোন ব্যবস্থা করতে স্বীকৃত হন নাই। সরকারের দরদহীন ব্যবস্থার ফলে হাওড়া ময়দানের উন্মুক্ত আকাশতলে ঝড়ঝঞ্ঝার মধ্যে অনাহারে বিনা

চিকিৎসায় দুশোটির অধিক উদ্বাস্তু মারা গেছে। এই হচ্ছে সরকারী নীতি। উদ্বাস্তু সমস্যা সমাধানের সুষ্ঠু কোন নীতি পর্যন্ত সরকারের নাই। এ সম্বন্ধে একটি উদাহরণ দিলে অবস্থাটা পরিষ্কার হয়ে যাবে। হাওড়া স্টেশনের পাশে যে উদ্বাস্তু শিবির আছে সেখানে ১৯৫০ সাল থেকে দু হাজার উদ্বাস্তু পরিবার বাস করছে। সেই উদ্বাস্তু পরিবারের জন্য রিলিফ ডিপার্টমেন্টকে প্রতি মাসে ১৪ হাজার টাকা ভাড়া হিসাবে পোর্ট কমিশনারকে দিতে হয়। ১৯৫০ সাল থেকে ১৯৫৭ সালের মে মাস পর্যন্ত ১৫ লক্ষ ৪৬ হাজার টাকা ভাড়া দিয়েছেন। যদি সেই টাকাগুলো ভাড়া হিসাবে না দিয়ে সেই টাকাটা যদি শিবিরের উদ্বাস্তু পরিবারদের মধ্যে বণ্টন ক'রে দেওয়া হ'ত, তা হ'লে প্রতিটা পরিবার মাথাপিছু ৩৬৫ টাকা করে পেত এবং তার দ্বারা সরকারের তথাকথিত পুনর্বাসনের কাজও শেষ হয়ে যেত। কিন্তু সরকার তা না ক'রে সেই সমস্ত উদ্বাস্তুদের উচ্ছেদ করবার জন্য তাদের বিরুদ্ধে চারশো মোকদ্দমা দায়ের করেছেন এবং জোর করে তাদের সেখান থেকে উচ্ছেদের ব্যবস্থা করছেন ও উদ্বাস্তুদের দুঃখদুর্দশাকে আরও তীব্রতর করে তুলেছেন। এই টাকা সাত বছর ধরে অনর্থক ব্যয় করা হল আমাদের রিলিফ ডিপার্টমেন্ট থেকে। অথচ সেই টাকাটা যদি উদ্বাস্তুদের পুনর্বাসনের কাজে ব্যয় করা হ'ত, তা হলে তাদের অর্থনৈতিক পুনর্বাসনের কাজে অনেকখানি সাহায্য করা যেত এবং তারা মাথাপিছু প্রায় হাজার টাকা করে পেত। কিন্তু আমাদের সরকার তেমন কোন ব্যবস্থা করেন নাই। সরকারের পুনর্বাসন সম্পর্কিত নীতি ব্যর্থ হয়েছে।

আর একটা কথা বলা দরকার। বেতিয়ায় যে বাস্তুহারা পরিবারকে পাঠানো হয়েছিল সেই সম্বন্ধে। সেটা হচ্ছে এই ৬,৬৪২টি পরিবারের ২৮,০৭৫ জন উদ্বাস্তুকে বেতিয়ায় পাঠানো হয়। গত বছর ১৯৫৬-৫৭ সালে সেই বেতিয়ার রিফিউজিদের মধ্যে মাত্র ৯৮৬টি পরিবারের প্রায় পাঁচ হাজার লোককে পুনর্বসতি দেওয়া হয়েছে এবং এবার ১৯৫৭-৫৮ সালের ৩১এ মার্চ পর্যন্ত আরও ১,৮১২টি পরিবারকে পুনর্বাসন কেন্দ্রে পাঠানো হবে। তা হ'লে সবসুদ্ধ ১৯৫৮ সালের ৩১এ মার্চ পর্যন্ত হিসাব ক'রে দেখা যায় ৬,৬৪২টি পরিবারের মধ্যে মাত্র ২,৭৯৮টি বেতিয়ার উদ্বাস্তু পরিবারের পুনর্বাসনের ব্যবস্থা করা হচ্ছে। আর বাকি ৩,৮৪৪টি পরিবারের পুনর্বাসন বাকি রয়ে যাচ্ছে। তাদের সম্পর্কে বিহার সরকারের কোন পুনর্বাসনের পরিকল্পনা নাই। এরা যে আরও দীর্ঘ দিন শিবিরে থাকতে বাধ্য হবেন, সে বিষয়ে কোন সন্দেহ নাই।

[6-15—6-25 p.m.]

এই ক্যাম্পে ও শিবিরের মধ্যে বাস ক'রে আর্থিক ও মানসিক জ্বালা নিয়ে এই মানুষদের বছরের পর বছর থাকতে হবে এবং এই দুর্বহ জীবনের জ্বালা নিয়ে আবার তাদের ফিরে আসতে হবে। তাই সরকারের যদি এই নীতি হয় যে তাদের বাইরে পাঠাতে হবে তা হ'লে বাংলার বাইরে পাঠাবার আগে এখানেই তাদের বসবাসের ব্যবস্থা করা যায় কিনা তা দেখেশুনে পাঠানো দরকার। আরেকটা পয়েন্ট রাজ্যপালিকার ভাষণে রয়েছে। সেটা হ'ল,

"my Government will continue to implement the various schemes of betterment of the Scheduled Castes and Backward Classes".

আমি এই সম্পর্কে সরকারের দৃষ্টি আকর্ষণ করছি যে, আমাদের সংবিধান অনুযায়ী এল, এম, শ্রীকান্তকে নিয়ে সিডিউল্ড কাস্ট কমিশন নিযুক্ত করা হয়েছিল। তিনি বারবার ক'রে বাংলা সরকারকে বলেছেন যে, তোমরা যদি সিডিউল্ড কাস্টদের উন্নতি চাও, তা হ'লে তাদের শিক্ষা-জীবন গড়ে তোল, তাদের শিক্ষার সুযোগ দাও। তিনি এত ক'রে বলা সত্ত্বেও কোন ব্যবস্থা অবলম্বন করা হয় নি। এজন্য তিনি ১৯৫০ সালে তাঁর রিপোর্টে বলেছেন—

"It is surprising that education is not free for Scheduled Castes in the secondary and college stages while it is free in almost all the States in the country. The Scheduled Castes find it difficult to pay fees in schools. Education should therefore be made free for all the stages for Scheduled Castes as a special measure for their welfare".

আমরা চাই বিনা বেতনে তাদের শিক্ষার সুযোগ দিতে হবে। আমি পশ্চিমবঙ্গ সরকারের দৃষ্টি আকর্ষণ ক'রে বলতে চাই, যতক্ষণ পর্যন্ত সিডিউল্ড কাস্ট এবং ব্যাকওয়ার্ড শ্রেণীদের বিনা

বেতনে শিক্ষার সুযোগ না দেওয়া হয় ততক্ষণ আমরা এ দাবি করতে ক্ষান্ত হব না। আমি সরকারের দৃষ্টি আকর্ষণ ক'রে বলব, বাস্তুহারাদের পুনর্বাসনের ব্যাপারে আমি মনে করি বাংলাদেশের মধ্যেই তাদের ব্যবস্থা হ'তে পারে। এস্টেটস অ্যাকুইজিশন অ্যাক্ট অনুসারে তাঁরা বলেছিলেন যে, বাংলাদেশে ৭ লক্ষ একর অনাবাদী জমি পাওয়া যাবে। গভর্নমেন্ট ফিগার অনুযায়ী পতিত জমি পাওয়া যাবে ৭ লক্ষ ৫৪ হাজার একর। হিসাব ক'রে দেখা যায়, তার মধ্যে এক-একটি উদ্বাস্তু পরিবারকে ১০ বিঘা ক'রে জমি দিয়ে এখানে পুনর্বসতির ব্যবস্থা করা যায়। কাজেই বাংলাদেশের মধ্যে শিল্পায়নের মাধ্যমে ও অন্যান্য ব্যবস্থায় যতক্ষণ পর্যন্ত না তাদের পুনর্বসতির চেষ্টা না হয়, যতক্ষণ পর্যন্ত না আমাদের রিসোর্সেস একজসটেড না হচ্ছে তাদের পুনর্বাসনের জন্য, ততক্ষণ তাদের বাংলার বাইরে পাঠানোর প্রশ্নই উঠতে পারে না। এই ব'লেই আমার বক্তব্য শেষ করছি এবং আমি সমস্ত হাউসকে এই অনুরোধ করি, শ্রীযুক্ত বিমলানন্দ তর্কতীর্থ যে প্রস্তাব এনেছেন তার বিরুদ্ধে সকলেই যেন মত প্রকাশ করেন।

Sj. Hansadhwaj Dhara:

মাননীয় স্পীকার মহাশয়, আজকে এই নতুন বিধানসভায় এসে দুইদিন ধ'রে যেসব সদস্যদের বক্তৃতা শুনছি এই সভার বাইরে গ্রামে এবং মিল ফ্যাক্টরিতে তাদের বক্তব্য আমরা বারবার শুনে এসেছি এবং তাদের বক্তব্যের সংগে আমরা সম্পূর্ণ পরিচিত। তাদের কথায় ও কাজের সামঞ্জস্য কোনদিন হয় নি। আমি এখানে ব'সে ব'সে ভাবছিলাম এই বিধানসভায় তাঁদের কাজের সংগে কথার সামঞ্জস্য হয়তো সংঘটিত হতে পারে। কিন্তু দেখলাম একই ধারা মেনে চলেছেন। আমি দেখলাম কম্যুনিস্ট নেতা জ্যোতি বসু প্রথম দিন হতে এবং বিশেষ করে কালকে বিধান-সভার কাজ যাতে বাংলাভাষায় পরিচালিত হয় তার দাবি জানিয়েছিলেন এবং গতকাল যখন স্পীকার মহাশয় ইংরেজিতে রুলিং দিয়েছিলেন তখনি তার প্রতিবাদ হয়েছিল এবং বাংলা-ভাষায় তার অনুবাদ করা হোক এই ধ্বনি তাঁদের তরফে উত্থিত হয়েছিল। কিন্তু তার কয়েক মিনিট পরেই জ্যোতিবাবু এবং ডাঃ ঘোষ ইংরেজীতে বক্তৃতা করেছেন। তাই আমি বলছি তাঁদের কথায় ও কাজের মধ্যে সামঞ্জস্য খুঁজে পাওয়া যাবে না। তাঁরা যে জিনিস করতে বলেন সে জিনিস কিন্তু তাঁরা করেন না। ইংরাজিতে বক্তৃতা করায় কোন নিষেধ নাই। যেহেতু ডাঃ ঘোষ ও জ্যোতিবাবু দুইজনেই বাঙ্গালী, দুইজনের মাতৃভাষা বাঙ্গলা, সেজন্যই তাঁরা তাঁদেরই বক্তব্য মেনে চলবেন এই আশা করেছিলাম। রাজ্যপালিকার ভাষণের উপর আলোচনা হচ্ছে, বৃহৎ সমস্যা থেকে আরম্ভ ক'রে পল্লীগ্রামের ছোট ছোট সমস্যা, টিউবওয়েলের সমস্যা পর্যন্ত। যেসমস্ত কথা বিরোধীপক্ষ সদস্যরা উত্থাপন করেছেন তার যদি পর পর আলোচনা করা যায় তা হ'লে একটা বিশ্বকোষ সংঘটিত হতে পারে। আজকে পশ্চিমবাংলায় আশু সমস্যা দু'টি। একটি পুনর্বাসন, অন্যটি খাদ্যসমস্যা। কিন্তু খাদ্যসমস্যার ভয়াবহ পরিস্থিতি পশ্চিমবঙ্গের জনসাধারণকে জর্জরিত ক'রে তুলেছে, ক্রমবর্ধমানহারে বেকারসমস্যা দেশকে সংকটময় অবস্থার দিকে ঠেলে দিচ্ছে, দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনার সাফল্য সম্বন্ধে বিরোধীপক্ষের যথেষ্ট আশংকা আছে, স্বাস্থ্যের ব্যবস্থা অপ্রচুর, শিক্ষাব্যবস্থা লক্ষ্যহীন পথে চলেছে এই ধারণা ও আশংকা ডাঃ ঘোষ, শ্রীযুত বসু বিশেষভাবে করছেন। তারপর, তাঁরা বলেছেন ভূমিসংস্কার ব্যবস্থা শ্লথগতিতে চলেছে। বিশেষ ক'রে সুবোধবাবু বারবার ক'রে আশংকা প্রকাশ করেছেন যে, ভূমিসংস্কার যদি প্রকৃতই কার্যে পরিণত করা হ'ত, যদি প্রকৃতই জমিবণ্টন কার্যকরী করা যেত তা হ'লে বেকার সমস্যার তীব্রতা হ্রাস হত। এইসমস্ত সমস্যা যদি এক একটা ক'রে পর্যালোচনা করি তা হ'লে দেখব যেসব সমস্যা সমাধানের জন্য দেশে কাজ শুরু হয়েছে বাংলাদেশের দুটো আশু সমস্যার মধ্যে একটা হচ্ছে সাময়িক সমস্যা, সম্পূর্ণরূপে এই বছরের সমস্যা সেটা হ'ল খাদ্যসমস্যা, আর অন্যটা হচ্ছে পশ্চিমবাংলার প্রধান সমস্যা যে সমস্যা, পশ্চিমবাংলার জীবনমরণ সমস্যা—সেটা হচ্ছে উদ্বাস্তু সমস্যা। যে খাদ্য নিয়ে এখানে আলোচনা হচ্ছে সেটা শুধু পশ্চিমবাংলার নয় সারা ভারতবর্ষের সমস্যা ছিল। কিন্তু প্রথম পঞ্চবার্ষিকী পরিকল্পনার পর আমাদের আর দেশে খাদ্য ঘাটতি নাই। আজকের এই খাদ্যসমস্যা সম্পূর্ণরূপে পশ্চিমবাংলার এই বছরের সমস্যা। এই সমস্যা এসেছে দু'টি কারণে। একটা কারণ হচ্ছে, উত্তরবঙ্গে এবং অন্যান্য জেলায় বন্যা এবং নানা কারণে খাদ্যোৎপাদনে ব্যাঘাত এবং খাদ্যশস্যহানি, সেই কারণে সেখানে এখন খাদ্যের অনটন দেখা দিয়েছে এবং খাদ্যমূল্যবৃদ্ধির ফলে আজকে এই সমস্যা কয়েকটি জেলায় অন্যরকম হয়েছে। এই সমস্যাটা

আজকে এই দুই দিক দিয়ে ভেবে দেখতে হবে। একদিকে অনটন হয়েছে, অন্যদিকে লোকের ক্রয়ক্ষমতা কমে গিয়েছে। আজকে জনসাধারণকে এই সাময়িক সঙ্কটময় পরিস্থিতি থেকে উদ্ধার করতে হবে। বিরোধীপক্ষের সদস্যগণ যেসকল কথা বলেছেন, সরকার সেসকল ব্যবস্থা ইতিমধ্যেই গ্রহণ করেছেন। লঙ্গরখানা খুলতে হবে, টেস্ট রিলিফের কাজ আরম্ভ করতে হবে, এগ্রিকালচারাল লোন এবং অন্যান্য সাহায্যদানের ব্যবস্থা শীঘ্রই আরম্ভ করতে হবে—এগুলিই হচ্ছে ও'দের মোটামুটিভাবে দাবি। এসব দাবি নিয়ে আমরা কয়েকজন এই বিধানসভার সভ্য খাদ্যমন্ত্রীর সঙ্গে দেখা করেছিলাম। তিনি বলেছেন, কাজ আরম্ভ হয়েছে। যেখানে, যে জেলায়, যে গ্রামে যেমনভাবে প্রয়োজন হবে সেখানে সেই ব্যবস্থাই অবলম্বন করা হবে যাতে আমাদের পশ্চিমবাংলায় না খেয়ে কোন লোক মারা না যায়। আজকে খাদ্য কম খাওয়ার কথা উঠেছে। এ নিয়ে অনেক আলোচনাই হয়েছে। এ সম্বন্ধে আমার বক্তব্য হচ্ছে, এবং এটা আমি বিরোধী-পক্ষের সদস্যদের সামনে আপনার মাধ্যমে বলতে চাই, মাননীয় স্পীকার মহাশয়, যে, দেশে খাদ্য যদি অভাব থাকে, তা হ'লে কম খাওয়া ছাড়া অন্য উপায় কি? মুখ্যমন্ত্রী মহোদয় চা'ল কম খেতে বলেছেন ব'লে বিরোধীপক্ষের বন্ধুগণ উষ্মা প্রকাশ করেছেন, বাড়িতে মাছ রান্না না হ'লে মাছ খাব কোথা হ'তে। চা'ল দেশে থাকলে নিশ্চয় খাব, যদি কোনখানে কেউ খারাপ মতলবের জন্য খাদ্য গোপন ক'রে রাখে, তবে সরকারের উচিত হবে সেই খাদ্য বের ক'রে আনা —এই ছাড়া আর দ্বিতীয় পথ নাই এবং এতে সকলের সহযোগিতা দরকার হবে। এটা নিষ্ঠুর সত্য, এই নিষ্ঠুর সত্যকে যদি আমরা উপেক্ষা ক'রে নানারকম বক্তৃতা করি তা হ'লে তাতে চিপ পপুলারিটি গেন করা যেতে পারে, কিন্তু তাতে আমাদের সমস্যা এড়িয়ে যাওয়া হবে। আমাদের বিরোধী সদস্যগণ এই পন্থাই অবলম্বন করেছেন, এবং গতবার যখন বন্যায় ঝড়ে বাংলাদেশ জর্জরিত হয়েছিল তখন যে পর্যাপ্ত পরিমাণ রিলিফ দেবার ব্যবস্থা হয়েছিল তা নাকি নির্বাচনে ভোটসংগ্রহের জন্যই দেওয়া হয়েছিল একথা তাঁরা এখানে দাঁড়িয়ে বক্তৃতা ক'রে বলছেন। এই বক্তৃতাতেও তাঁদের সামঞ্জস্য নাই। একদিকে বলছেন রিলিফ দাও, ঋণ দাও, দেশের লোক ম'রে গেল। আবার বলছেন অনেক বেশি রিলিফ দিয়ে কংগ্রেস সরকার ভোট নেওয়ার ফন্দি করছেন, এ কথা ও'দের মুখেই সাজে। আমরা যখন গ্রামে গ্রামে ঘুরে ঘুরে বাড়িতে বাড়িতে গিয়ে চা'ল আটা ভিক্ষা করছিলাম তখন আমরা দেখেছিলাম কম্যুনিস্ট পার্টিও কলকাতা সহরে রাস্তায় রাস্তায় বাক্স নিয়ে রিলিফের জন্য পয়সা তুলেছে। আজকে এই হাউসের ঐদিক থেকে রিলিফ পর্যাপ্ত পরিমাণে দেওয়া হোক, এই দাবি তোলা হচ্ছে আবার বলা হচ্ছে যে, রাজনৈতিক কারণে রিলিফ দেওয়া হয়েছিল, এই সমস্ত কথা ব'লে জ্যোতিবাবু বলছেন যে, ডেমোক্রেসি ইন ডেঞ্জার। মাননীয় স্পীকার মহাশয়, এ'দের বক্তব্য আর কাজ এই দুটোর মিল কোথায় আছে, আপনি দয়া ক'রে একটু দেখুন।

[6-25—6-35 p.m.]

গতবারে যখন বন্যা, ঝড়ঝঞ্ঝায় বাংলাদেশ জর্জরিত হয়ে উঠেছিল তখন যে ব্যবস্থা করা হয়েছিল সেটা নাকি ভোট সংগ্রহের জন্য করা হয়েছিল। আমরা এইসব কথা শুনে আশ্চর্য হয়ে যাই। পশ্চিমবাংলার দুর্গত মা-বোনেরা জ্যোতিবাবুর এই উক্তি শুনুন। একটু আগে যখন শ্রদ্ধেয় বিজয় সিং নাহার মহাশয় এই কথা বলেছিলেন তখন বিরোধীপক্ষ এই কথার প্রতিবাদ জানিয়েছিলেন। আমি নিজে ভলান্টিয়ার হয়ে সে সময় ভিক্ষে করেছি, গম ও চা'ল তুলেছিলাম। সেখানে দেখেছিলাম যে, কম্যুনিস্ট পার্টি বাক্স ক'রে সর্বত্র ভিক্ষা করছিলেন। কিন্তু পশ্চিমবঙ্গ প্রদেশ কংগ্রেস কমিটির রিলিফ সেন্টার সমস্ত দুর্গত অঞ্চলে খোলা হয়েছিল। অথচ অবাক হই যে, কম্যুনিস্ট পার্টির রিলিফ সেন্টার কোনখানেই খোলা হয় নি এবং সেজন্য কলকাতার বহুস্থানে তাঁদের দেয় রিলিফের টাকায় কি সাহায্য করা হয়েছিল তার হিসাবের জন্য জনসাধারণ দাবি জানিয়েছিল। আজকে সেজন্য পর্যাপ্ত পরিমাণে রিলিফ দেওয়া হোক এবং সঙ্গে সঙ্গে সেই রিলিফ যে রাজনৈতিক কারণে দেওয়া হবে এ উক্তি অর্থহীন। শ্রীজ্যোতি বসু বললেন যে, ডেমোক্রেসি ইন ডেঞ্জার, কারণ ইলেকশন পারপাসএ রিলিফ দেওয়া হয়েছে। এইভাবে তিনি যে উক্তি করেছেন তাতে আমি তখন আশ্চর্য হয়ে যাই যে, বিরোধীপক্ষের নেতৃ-স্থানীয় বক্তা হিসাবে এইরকম কথা তিনি কিভাবে উত্থাপন করছেন। সেকথা সত্য হলে ত' ওদিকে আসনে কেহ থাকতেন না। সুবোধবাবু বলেছেন যে, আজকে বড়লোকদের কাছ থেকে

খাদ্য নেবার প্রচেষ্টা থেকে এড়িয়ে যাবার জন্য মাননীয়া রাজ্যপালিকা সমস্ত চাষীকে ধরে নাকি টান দিয়েছেন। কিন্তু রাজ্যপালিকার ভাষণের মধ্যে ৪-এর পাতায় হু ক্যান অ্যাফোর্ড ইট যে কথাটা আছে সেই কথাটা বাদ দিয়ে তিনি নিজের সুবিধা মতন অর্থ করে নিয়ে জনসাধারণের সামনে এবং হাউসের সামনে সস্তা কথা বলা হচ্ছে, যেসমস্ত গরিব দুঃখী এগ্রিকালচারিস্ট ইত্যাদি যার যা আছে তা সমস্ত টেনে বার করা হবে। সেজন্য আজকের দিনে উদ্বাস্তু রিলিফের ব্যবস্থা এবং অন্য যে কোন ব্যবস্থা করলেই তা বিরোধীপক্ষের মনোতুষ্টি ঘটবে না। আজ এখানে শুনলাম যে, এমনভাবে কমিটি গঠিত হচ্ছে যে, সেই কমিটির মধ্য দিয়ে যদি রিলিফ বিতরণ হয়, তা হ'লে তা জনসাধারণের হাতে সুষ্ঠুভাবে পরিবেশন হবে না। কিভাবে যে কমিটি গঠিত হয় মাননীয় সদস্যরা নিশ্চয় তা জানেন। অর্থাৎ সর্বত্র যে কমিটি গঠিত হয় তাতে আমরা যারা এখানে উপস্থিত আছি প্রত্যেকেই তাতে আছি এবং সদস্যরা নিশ্চয় এও জানেন যে, ইউনিয়ন বোর্ডের সভাপতি, যিনি ইলেক্টেড মেম্বার, তিনিও তার সদস্য। এ ছাড়াও সেখানে একজন এগ্রিকালচারাল অ্যাসিস্ট্যান্ট এবং মাত্র একজন নমিনেটেড সদস্য সেখানে থাকেন। অতএব ৪ জন সদস্যের মধ্যে বিনা ইলেকশনএর মাধ্যমে আসে সেখানে একজন মাত্র ; সেই একজন মাত্র নমিনেটেড সদস্যকে বসিয়ে দিয়ে সরকার গণতন্ত্রকে গলা টিপে মেরে ফেলছে, এই যে উক্তি এটা সম্পূর্ণ মিথ্যা কিনা সেটা আজকে ভাল ক'রে বিচার করতে হবে।

তারপর আমাদের সবচেয়ে বড় সমস্যা হ'ল উদ্বাস্তু সমস্যা। আমি জ্যোতিবাবুর সঙ্গে উদ্বাস্তু সমস্যা সম্বন্ধে সম্পূর্ণ একমত। তিনি কাল এই কথা বলেছেন যে,

The approach to the phoblem is wrong. If they continue to treat the refugees as a separate entity from the rest of the population then the problem will never be solved.

অর্থাৎ আজকে পশ্চিমবাংলার জনসাধারণের যে সমস্যা আছে যদি সেই সমস্যার সঙ্গে যাঁরা আজকে উদ্বাস্তু হয়ে এসেছেন তাদের সকল সমস্যাকে সামগ্রিকভাবে একযোগে সমাধানের পথে এগিয়ে নিয়ে গেলে তবেই একমাত্র সমস্যার সমাধান হবে। সেজন্য মেন্টাল রিভলিউসন বা মনের বিপ্লব সংগঠিত করবার জন্য যদি আজ সমস্ত সদস্যরা একযোগে চেষ্টা করেন তা হ'লে সেখানেই এই ন্যাশনাল প্রবলেম সল্ভএর একমাত্র পথ আছে। আর তা না হলে কেবলমাত্র দোষারোপ ক'রে আমরা বাঁচব না বা পশ্চিমবাংলা বাঁচবে না। পশ্চিমবাংলার গ্রামে গ্রামে প্রচার করে এই নিষ্ঠুর সত্যকে তাদের মনে জাগাতে হবে যে, উদ্বাস্তুরা অবাঞ্ছিতের মতন পশ্চিমবাংলায় এসে পৌঁছায় নি বরং তারা তাদের ন্যায্য অধিকার নিয়ে এখানে এসেছে। তাদের গ্রহণ করতে হবে, জমি দিতে হবে এবং পশ্চিমবঙ্গবাসীর দুঃখকষ্টের সঙ্গে তাদের দুঃখকষ্টকে মিলিয়ে নিতে হবে। সেজন্য আজ এই মেন্টাল রেভলিউশন ঘটানোর জন্য পশ্চিম-বাংলার লোকের সমস্যা এবং আজ পূর্ববাংলা থেকে যারা উদ্বাস্তু হয়ে এসেছে তাদের সমস্যাকে আলাদা ক'রে দেখলে ফল ভাল হবে না। জ্যোতিবাবু যে কথা গোড়ায় বলেছিলেন যে বাংলাভাষায় সব কাজ চালাতে হবে, কিন্তু বক্তৃতা ইংরেজিতে দেব, এরকম হলে চলবে না। এখানেও ঠিক তাই হচ্ছে। অর্থাৎ উদ্বাস্তুদের দলে দলে প্রসেসন করে নিয়ে এসে "আমরা কারা বাস্তুহারা" দিনের পর দিন শেখাব, আর অপরদিকে পশ্চিমবাংলার জনসাধারণের সঙ্গে উদ্বাস্তুরা এক হয়ে যাও বলব—এই যে পদ্ধতি, এতে যার কথা জ্যোতিবাবু বলেছেন, তা কোনদিন কার্যকরী হবে না। আশ্চর্য কথা যে ডাঃ ঘোষ পার্টিশন হবার পর বলেছিলেন যে, আমি উদ্বাস্তুদের সেবার জন্য নিজের জীবন উৎসর্গ করলাম। তিনি এখানে প্রধানমন্ত্রী হয়েছিলেন কিন্তু তাঁর মন্ত্রিত্বকালে এমন কোন সুষ্ঠু পরিকল্পনা পশ্চিমবঙ্গের সামনে তিনি আনতে পারেন নি। অথচ উদ্বাস্তুদের সমস্ত সমস্যা তখনও ছিল। তিনি আন্দামানে গিয়ে দেখে এসেছেন সেটা সুন্দর জায়গা এবং সেখানে অনেক লোকের রিহ্যাবিলিটেশন বসান যায়। অতএব যদি তাঁর মনে এই চিন্তা থাকত এবং আমাদের এই জাতীয় সমস্যা সমাধানের জন্য তাঁর প্রাণ উদ্‌গ্রীব থাকত তা হ'লে "আমরা কারা বাস্তুহারা" "আমাদের দাবি মানতে হবে, তা না হ'লে গদি ছাড়তে হবে" ইত্যাদি সমস্ত কথা কলোনিতে কলোনিতে প্রচার করবার পরিবর্তে যদি তাঁকে দেখতাম প্রতি কলোনিতে কলোনিতে মিছিল করে বলতেন আন্দামান মানে দ্বীপান্তর নয়, আজকে তোমরা সেখানে যাও, সেখানে লোকে বাস করতে পারবে এবং সেখানে এগ্রিকালচারের এইসব ফেসিলিটি আছে তা হলে বুঝতাম যে তাঁর সততা আছে এবং

প্রবলেমকে অনুধাবন করবার ইচ্ছা আছে। কিন্তু তার পরিবর্তে কি দেখছি—আমাদের সরকার যখন আন্দামানে রিফিউজিদের পাঠাবার জন্য ব্যবস্থা করছেন, সমস্ত স্টীমার তৈরি যখন হয়ে গেছে এবং যখন রিফিউজিদের নিয়ে গিয়ে আউটরাম ঘাটে পেঁাছেছি তখন "আমাদের বাপঠাকুরদার ভিটে ছেড়ে দ্বীপান্তরে পাঠিয়ে দিচ্ছে যে সরকার সে বরবাদ হোক" ইত্যাদি কথা বামপন্থীরা সকলে প্রচার করবেন। তিনি আজকে কথা বলতে গিয়ে হঠাৎ অনেক কিছু সত্য কথা বলে ফেলেছেন। তিনি আরও বলেছেন যে, দুঃখকষ্ট যা আজকে উদ্বাস্তুরা ভোগ করছে তা তারা ভোগ করতে পারে যদি পশ্চিমবাংলার লোকরা সম্পূর্ণভাবে তাদের সঙ্গে ভোগ করতে পারত। যে মহিষাদল এলাকা থেকে ডাঃ ঘোষ নির্বাচিত হয়ে এসেছেন সেখানকার মানুষের বেকার সমস্যা, পানীয় জলের সমস্যা, স্বাস্থ্যের সমস্যা, অন্নের সমস্যা, বস্ত্রের সমস্যা কি নেই? আজকে এখানে যারা উদ্বাস্তু এসেছে তাদেরও সেই সমস্ত সমস্যাই আছে। আজকে মহিষাদল সুতাহাটার লোকেরা সম্পূর্ণভাবে সুখেস্বাচ্ছন্দ্যে আছে আর যাদবপুর বিবেকানন্দ কলোনির লোকেরা সমস্ত রকমের দুঃখকষ্টে আছে এটাই তিনি বোঝাতে চান কিনা সেটা আমাদের সরাসরি জানার দরকার আছে। আজ আমাদের এই রিফিউজি সমস্যা একটা জাতীয় সমস্যা। আমাদের এই ২৫ জনের হাউস বেড়ে ২৫৭ জন হয়েছে। অতএব আমরা আজ যদি সত্যিকারের সততার সঙ্গে এই জাতীয় সমস্যা সমাধানের জন্য সরকারের সঙ্গে সহযোগিতা করব বলে একযোগে এগিয়ে আসি তা হ'লে ২৫৭ জন সমান দায়িত্ব নিয়ে এগিয়ে গেলে এ সমস্যা দূর করা যাবে। ৬।৭ হাজার ক'রে লোক পশ্চিমবাংলায় বা অন্যত্র একজন ক'রে এম এল এ যেয়ে সেখানকার রিফিউজিদের কি রকম ক'রে রিহ্যাবিলিটেশন করান যায় সেটা দেখব। আমরা এম এল এ রা জায়গা ঠিক ক'রে তাদের সেখানে নিয়ে গিয়ে তাদের রিহ্যাবিলিটেশনএর ব্যবস্থার জন্য ডেফিনিট স্কিম সরকারের কাছে প্লেস করব এবং সরকারের কাছেও অনুরোধ করব তারা যেন নিশ্চয় সেটা গ্রহণ করেন। অর্থাৎ একটা ডেফিনিট প্ল্যান ও প্রোগ্রাম নিয়ে কোন বিশেষ ক্যাম্পের যে ৪ হাজার রিফিউজি আছে সেই ৪ হাজার রিফিউজিকে বিহার বা পশ্চিম বাংলার কোন বিশেষ জেলার বিশেষ স্থানে রিহ্যাবিলিটেট করব। সেখানে এতটা জায়গা আছে এবং এক মাসের মধ্যে এর একোয়ারমেন্টএর, টিউব-ওয়েল, এদের স্কুল ইত্যাদির জন্য সমস্ত রকমের ব্যবস্থা করতে এত হাজার টাকা লাগবে তোমরা একটা অফিসার আমার সঙ্গে দাও আমরা এর মধ্যে আছি। এইভাবে যদি এগিয়ে আসেন তা হ'লে সমস্যাসংকুল পশ্চিমবাংলার দুঃখকষ্ট জর্জরিত মানুষের যে ব্যাধি তার উপশম হবে। কিন্তু যেমন হাতের উপর ফোঁড়া হ'লে মাছি ব'সে শরীরকে ধ্বংস করার চেষ্টা করে তেমনি বিরোধীপক্ষের সমস্ত ব্যবসা নষ্ট হয়ে যাবে এবং তাদের আর কোনপ্রকার আন্দোলন করার থাকবে না যদি আজ এইভাবে কাজ হয়ে সমস্যা সমাধান হয়ে যায়। আজ আমি এই পক্ষ থেকে সমস্ত বিরোধী পক্ষের বন্ধুকে আহ্বান জানাব যে, এই উদ্বাস্তু সমস্যাকে যদি দেশ থেকে দূর করতে হয় তা হ'লে দয়া ক'রে আপনারা এগিয়ে আসুন যে কি ক'রে সেই সমস্যার সমাধান করা যায়।

আর সময় নেই, আমার বলবার অনেক ছিল। মাননীয়া রাজ্যপালিকার যে রেস্পেক্টফুল অ্যাড্রেস তা ধন্যবাদের সঙ্গে গ্রহণ করার জন্য যে প্রস্তাব বিমলানন্দবাবু এনেছেন আমি তার সঙ্গে সম্পূর্ণভাবে নিজেকে অ্যাসোসিয়েট করছি।

Sj. Samar Mukhopadhyay:

মাননীয় স্পীকার মহোদয়, রাজ্যপালিকার ভাষণের উপর যে সংশোধনী আমার সংশোধনী হচ্ছে এই যে, তাঁর ভাষণে উদ্বাস্তু পুনর্বাসনের ব্যাপারে গভর্নমেন্ট সম্পূর্ণ ব্যর্থ হয়েছে এই কথাটি তিনি যোগ করেন নি বলে আমি দুঃখ প্রকাশ করছি। উদ্বাস্তু পুনর্বাসনে সরকার যে সম্পূর্ণ ব্যর্থ হয়েছে একথা আমার কথা নয়। কেন্দ্রীয় সরকারের অর্থমন্ত্রী শ্রী টি টি কৃষ্ণমাচারীর কথা আপনারা বোধ হয় শুনেছেন এবং এখানেও আমি তাঁর বক্তব্য হুবহু পড়ে দিচ্ছি—

> "Rupees 86 crores on the rehabilitation of East Pakistan Refugees we have spent but we have rehabilitated none."

তাঁর এই বক্তব্য আরো জোরের সংগে "অমৃতবাজার পত্রিকা"র সম্পাদকীয়তে তুলে ধরা হয়েছে, যে পত্রিকার মালিক হচ্ছেন আমাদের পশ্চিমবংগ গভর্নমেন্টের একজন রিহ্যাবিলিটেশন মিনিস্টার। আমি "অমৃতবাজার পত্রিকার" সেই সম্পাদকীয়টা আপনাকে পড়ে শোনাচ্ছি।

Mr. Speaker: You give us the gest.

[6-35—6-45 p.m.]

Sj. Samar Mukhopadhyay:

আমি যেটা রেফার করছি তাতে লেখা আছে—পশ্চিম বাংলার যে পুনর্বাসন সমস্যা সেটা গভীর ও গুরুতর, তার সমাধান গভর্নমেন্ট করতে পারে নাই এবং কৃষ্ণমাচারীর কথা উল্লেখ ক'রে বলা হয়েছে—একজনকেও রিহ্যাবিলিটেশন দেওয়া হয় নাই। সুতরাং যেখানে গভর্নমেন্টের স্বীকৃত যে "অমৃতবাজার পত্রিকা" তার সম্পাদকীয়তে একথা জোরের সংগে বলা হয়েছে সেখানে, সেখানে রাজ্যপালিকার ভাষণে যে চিত্র দেখানো হয়েছে তা হচ্ছে এই যে—পশ্চিমবংগ গভর্নমেন্ট ১৯ লক্ষ লোকের পুনর্বাসন ব্যবস্থা করেছেন। আর সংখ্যাতত্ত্ব দিয়ে দেখান হয়েছে যে, তাদের শিক্ষাদীক্ষার ব্যবস্থা করা হয়েছে। এতে বলা হয়েছে—৩৫০টা স্পনসর্ড রিফিউজি কলোনিজ গভর্নমেন্ট করেছেন কিন্তু সেই ৩৫০টা স্পনসর্ড কলোনির কি অবস্থা সে সম্বন্ধে যে একটা মিনিস্টারিয়াল রিপোর্ট রয়েছে সেই রিপোর্টে বলছে—

"The figures of desertion, we observed, are higher in respect of Government-sponsored colonies than in the case of private settlements. But this should be expected for in the case of private settlements the displaced persons selected places where they felt their chances of rehabilitation were greater. In the case of Government settlements, we noticed from the figures of the various districts and individual colonies that a large number of desertions had taken place in the Jalpaiguri and Midnapore districts where the selection of sites for the colonies deos not seem to have received adequate attention. Some of the sites seem to have been totally unsuitable for cultivation while in some other cases preliminary development of land and provision of irrigation facilities were necessary to make these colonies a success."

সেইজন্য সব থেকে বেশি ডেসার্সন হয়েছে গভর্নমেন্ট স্পনসর্ড কলোনিতে, এই হচ্ছে বাস্তব জিনিস। কেননা এটা হচ্ছে সরকার নিয়োজিত মিনিস্টিরিয়াল কমিটির রিপোর্ট অর্থাৎ তাদেরই নিজস্ব রিপোর্ট কমিটি স্বীকার করেছেন এই সত্য যে বাস্তব জীবনের সমস্ত রকম জীবিকার পথ যখন রুদ্ধ হয়ে যায় তখন উদ্বাস্তুগণ, যারা নাকি পূর্ববংগ থেকে এখানে এসেছে কোনরকমে যাতে নাকি তাদের জীবিকার ব্যবস্থা হয় সেই উদ্দেশ্য নিয়ে, তখন তাদের গভর্নমেন্ট কলোনি ডেসার্ট করে চলে যেতে হয়। এই হচ্ছে উদ্বাস্তু সম্পর্কে গভর্নমেন্টের পুনর্বাসনের পরিণতি। গভর্নমেন্ট কলোনি ছাড়া যেসমস্ত বিভিন্ন ক্যাম্প আছে—ট্রানজিট ক্যাম্প, ওয়ার্ক-সাইট ক্যাম্প তার চিত্রও ভয়াবহ। ট্রানজিট ক্যাম্প এক একটা মৃত্যুপুরী। সমস্তগুলি ট্রানজিট ক্যাম্পের বিশদ বর্ণনা করবার সময় নাই, মাত্র দু-একটি সম্বন্ধে কিছু বলব। যেমন আজকের কাগজে বেরিয়েছে—বর্ধমান জেলার গোপালপুর ও পানাগড় কলোনিতে গত ১২ই মে থেকে উদ্বাস্তুদের ডোল দেওয়া হয় নাই, এবং নানা রকম জুলুম চলছে, তার ফলে শেষ পর্যন্ত তাদের অনশন ধর্মঘট করতে হয় এবং সেই অনশন ধর্মঘট আজও পর্যন্ত চলছে। এবং আজ খবর বেরিয়েছে সেই অনশন ধর্মঘটীদের দুজনের অবস্থা অত্যন্ত সংগীন, হয়ত তাদের মৃত্যুবরণ করতে হবে। তার মধ্যে একজন হচ্ছেন শ্রীদেবেন্দ্রনাথ মালী এবং তিনি হচ্ছেন ৭০ বৎসরের বৃদ্ধ এবং দ্বিতীয় আর একজনের অবস্থা যে সংগীন তাঁর নাম হচ্ছে শ্রীমতী আহ্লাদিনী মজুমদার, বয়স ৩২ বৎসর। এইরকমভাবে চলছে সব সরকারী ক্যাম্পের ব্যবস্থা। এত গেল সাধারণ অবস্থা। তা ছাড়া বিভিন্ন ক্যাম্পের বিশিষ্ট চিত্র আছে—অনুসন্ধান করলেই তা বুঝতে পারবেন। যেমন ঘুসুরী ক্যাম্প, সেটা হচ্ছে একটা মিলের গোডাউন,

সেখানে আলোক নাই, বাতাস নাই, সেই অন্ধকার বাড়িটার মধ্যে কয়েক হাজার মানুষকে পুরে রাখা হয়েছে। সেখানে পানীয় জলের ব্যবস্থা নাই। পায়খানার ব্যবস্থা নাই, মেয়েদের লজ্জানিবারণের ব্যবস্থা নাই। তাদের যে চাল দেওয়া হয় সে অখাদ্য এবং তাদের যে ডোল দেওয়া হয় তার পরিমাণ হচ্ছে অ্যাডাল্টদের ১২ টাকা এবং যারা অ্যাডাল্ট নয় তাদের ৮ টাকা—সুতরাং বোঝা যাচ্ছে আজ গভর্নমেন্টের হৃদয়হীনতা কতদূর পেঁৗছে গেছে। খবর পেয়েছি—বর্ধমান জেলার পাল্লা ক্যাম্পে মাটির কাজের জন্য যে দাম গভর্নমেন্ট থেকে আটক রাখা হয়েছিল সেই দাম এখন দেওয়া হচ্ছে ১২ টাকা করে যেখানে পাবার কথা সেখানে ২ টাকা করে কেটে নেওয়া হচ্ছে। এতে প্রমাণ রিফিউজিদের জন্য কি রকম ক্যাম্প করেছেন। যেমন মেদিনীপুরের কদমায় করেছেন, তিন বছর ধরে ৬০০ লোককে পুরে রেখেছেন সেখানে, সেটা একটা মস্ত ফাঁকা জায়গা—বনের ধারে, জঙ্গলের ধারে, জল সেখানে নাই, প্রচণ্ড রৌদ্রে তারা হা-হুতাশ করতে থাকে, রোগ হ'লে চিকিৎসার সুযোগ তাদের নাই। নিকটবর্তী হাসপাতাল হচ্ছে ৮ মাইল দূরে। এই হচ্ছে অবস্থা। তারপর মেদিনীপুরের তালবাড়ী ক্যাম্প, সেখানেও জলকষ্ট অত্যন্ত সাংঘাতিক, কিন্তু গভর্নমেন্টকে বার বার বলা সত্ত্বেও জলের কোন বন্দোবস্ত হয় নাই। তা ছাড়া জোরজুলুম ও বিভিন্ন রকমের অত্যাচার ত রয়েইছে। আর একটা ব্যাপার—মুসলমানদের পরিত্যক্ত বাড়িতে বসে আছে বহু রিফিউজি। তাদের সেই সমস্ত ঘর থেকে সরিয়ে অন্য জায়গায় পুনর্বাসন দেবার ব্যবস্থা হয় নাই এবং তার ফলে মুসলমান যারা দাঙ্গার সময় ঘর ছেড়ে চলে গিয়েছিল তারা নিজ নিজ বাড়িতে ফিরে আসতে পারছে না, যেহেতু তাদের বাড়িতে যেসব উদ্বাস্তু বসে আছে তাদের পুনর্বাসনের বন্দোবস্ত হয় নাই। এখানে উল্টাডাঙ্গায়, মানিকতলায় স্থানচ্যুত বহু মুসলমান অনেকদিন ধ'রে বহু আবেদন নিবেদন ক'রে আসছে কিন্তু গভর্নমেন্ট থেকে যেখানে তাদের বাসস্থান ছিল সেখানে তাদের ফিরিয়ে নিয়ে যাবার কোন ব্যবস্থা হয় নাই। তা ছাড়া ভদ্রকালী মহিলা ক্যাম্পে যারা রয়েছে তারা দাবি করেছিল যে, তাদের ক্যাম্পের ভিতর ঘুষ ও নানারকম অত্যাচার ও দুর্নীতি বন্ধ করা হোক। তাতে কর্তৃপক্ষ তাদের উপর ক্রুদ্ধ হয়ে একদিন রাত্রে পুলিস নিয়ে গিয়ে তাদের মশারি খুলে ফেলে তাদের উপর মারপিট ও অত্যাচার করান। এই হচ্ছে রিফিউজি সম্বন্ধে সরকারের আমলাদের ব্যবস্থা। সুতরাং তাদের সম্বন্ধে গভর্নমেন্ট যে প্রভিশন করেছেন, যে বন্দোবস্ত করেছেন সে প্রভিশন ও বন্দোবস্ত সম্বন্ধে বিশেষ বিচার করে দেখতে হবে। চালের মণ যেখানে ২৪ টাকা সেখানে একজন বয়স্ক উদ্বাস্তু খোরাকী বাবত পায় ১২ টাকা, অল্পবয়স্ক যে সে পায় ৮ টাকা। আর একটা ফ্যামিলি একসঙ্গে যেখানে, সেখানে মাসিক ডোল ৫০ টাকার বেশি সাহায্য পায় না। অথচ চারদিক থেকে তাদের উপার্জনের পথ বন্ধ এবং যেখানে তারা রয়েছে সেখানে কোন আলোর বন্দোবস্ত নাই, পানীয় জলের বন্দোবস্ত নাই, চিকিৎসার কোন বন্দোবস্ত নাই, আছে কেবল অনশনের বন্দোবস্ত, তার ফলে আজ তারা প্রায় সকলেই রোগগ্রস্ত, মহামারী সেখানে ভয়াবহ আকার ধারণ করেছে।

[6-45—6-55 p.m.]

এখন গভর্নমেন্ট বলছেন যে, আমরা ১৯ লক্ষ লোকের পুনর্বসতির বন্দোবস্ত করেছি, যেটা কেন্দ্রীয় গভর্নমেন্টের অর্থমন্ত্রী পর্যন্ত অস্বীকার করেছেন। সেটা যে মিথ্যা, সেটা যে একটা ধাপ্পা, প্রতারণা, এটা আজ ভারত গভর্নমেন্টের কেন্দ্রীয় মন্ত্রী স্বীকার করেছেন, কিন্তু বাংলা গভর্নমেন্ট স্বীকার করেন নি। এদের সমস্যা সমাধানের যে পথ তাঁরা নিয়েছেন তার কোন আভাস মাননীয়া রাজ্যপালিকার ভাষণে দেখতে পেলাম না। শুধু লেখা আছে বাংলাদেশ, এখানে জমি কম, সুতরাং বাংলাদেশের মধ্যে উদ্বাস্তুদের পুনর্বাসনের ব্যবস্থা আর হবে না, এখন তাদের যেতে হবে বাংলার বাইরে। এই বাইরে যাবার জন্য, উদ্বাস্তুদের বামপন্থী নেতারা ভীষণ ভীষণ প্ররোচনা দিয়ে তাদের বাংলাদেশের বাইরে যেতে দেন না, এই হচ্ছে তাঁদের অভিযোগ কিন্তু বাংলাদেশের বাইরের ক্যাম্পএর যে চিত্র, সেই চিত্র সম্পর্কে দু-একটা রেফারেন্স দিয়ে আপনাদের বলছি। যেমন "আনন্দবাজার পত্রিকায়" বেরিয়েছে ২০এ মে তারিখে উড়িষ্যা রাজ্য বিধানসভার কংগ্রেস অ্যাসেম্বলি পার্টির সেক্রেটারির বিবৃতি, যাতে তিনি বলেছেন, খরপুর জেলা, উড়িষ্যায়, যেখানে গভর্নমেন্ট কর্তৃক একটা পুনর্বসতি কলোনি তৈরি হয়। পাঁচ কোটি টাকা খরচ ক'রে কোরাপুট জেলায় যে পুনর্বসতির ব্যবস্থা হচ্ছে, সেটা একটা

পাহাড় এবং জংলা জায়গা, সেখানে চাষীদের কোন বন্দোবস্ত হতে পারে না; মানুষের কোন বন্দোবস্ত হতে পারে না। যারা রিটায়ার্ড মিলিটারিম্যান, তাঁদের সেখানে পাঠাবার বন্দোবস্ত করা হয়েছিল, কিন্তু তা সফল হয় নি। উড়িষ্যার সেই সমস্ত জায়গায় মিলিটারীমেনরা পর্যন্ত যেতে অস্বীকার করেছেন। কোন সরকারী কর্মচারী সেই কোরাপুট জেলায়, বালিমেলা কেন্দ্রে যেতে প্রস্তুত নন অথচ গভর্নমেন্ট সেখানে পাঠাতে চান উদ্বাস্তুদের। সেখানে তাঁরা পাঁচ কোটি টাকা খরচ করে উদ্বাস্তুদের জন্য পুনর্বাসন কেন্দ্র খুলছেন; এটা নিশ্চিত যে ভিক্ষুকের কোন পছন্দ থাকতে পারে না।

Beggars can have no choice.

সুতরাং রেফিউজিরা হচ্ছে বেগার্স, তাদের যেখানে পাঠাবেন সেখানেই তাদের যেতে হবে। জোর করে তাদের সেখানে পাঠাবেন, কিন্তু তারা যাবে না। তিনি বলেছেন, এই টাকা নষ্ট হতে বাধ্য এবং রেফিউজিরাও সেখান থেকে ফিরে আসতে বাধ্য। কয়েকদিন পূর্বে "স্টেটস-ম্যান" কাগজে বেরিয়েছে যে রাঁচিতে ৮ হাজার উদ্বাস্তুদের পাঠান হয়েছিল, তার মধ্যে মাত্র ১ হাজার জন বর্তমানে সেখানে রয়েছে। ১৯৫৫ সালে এই সমস্ত রেফিউজিদের সেখানে পাঠান হয়েছিল, কিন্তু আজ ১৯৫৭ সাল, এখনও তাদের কোন পুনর্বসতির ব্যবস্থা হয় নি। তাদের যে তাঁবুগুলিতে রাখা হয়েছিল, সেগুলি জীর্ণ হয়ে গিয়েছে, বর্ষার সময় কোন প্রোটেকশন নেই, রোগের কোন প্রোটেকশন নেই, চিকিৎসার কোন ব্যবস্থা নেই; গভর্নমেন্ট কর্মচারীরা তাদের দুঃখদুর্দশা জানতে পর্যন্ত আসে না। সেখানে ৮ হাজার রেফিউজি থেকে এক হাজারে এসে দাঁড়িয়েছে। হঠাৎ তাঁরা আবিষ্কার করলেন যে, কোন রাজনৈতিক দল কর্তৃক তাদের প্ররোচনা দিয়ে বাংলাদেশে ফিরিয়ে আনতে তাদের বাধ্য করা হয়েছে। এখনও তাদের অসহায় অবস্থায় দিন কাটাতে হচ্ছে বাংলাদেশের বাইরে বহু ক্যাম্পএ—এইটাই আমার অভিজ্ঞতা।

তা ছাড়া সৌরাষ্ট্রের কাহিনী আপনারা জানেন। সেই সৌরাষ্ট্রে কি ঘটনা ঘটেছে, যার জন্য সেখান থেকে দলে দলে চলে আসতে বাধ্য হচ্ছে। সেখানে ক্যাম্পএর মেয়েদের উপর নানাপ্রকার অবিচার অত্যাচার হয়, এমন কি তাদের ফোর্স করা হয় অবাঙ্গালীদের বিয়ে করবার জন্য, এবং অন্যান্য দুর্নীতি সেখানে রয়েছে। এই সমস্ত কাহিনী, এই সমস্ত তথ্য যা পত্রিকায় বেরিয়েছে তা কেউ অস্বীকার করতে পারে না। সেই অবস্থায় আজ যদি রেফিউজিদের বলা হয় তোমাদের বাইরে যেতে হবে, বাংলাদেশের ভিতর আর স্থান নেই, তোমাদের জন্য স্থান ঠিক করা হ'ল দণ্ডকারণ্যে, তা হ'লে বুঝতে হবে ঠিক যেমন রামচন্দ্রকে বনবাস দেওয়া হয়েছিল, তেমনি তাদেরও আজ বনবাস দেবার ব্যবস্থা হচ্ছে। উড়িষ্যার সেই কোরাপুট জেলার দণ্ডকারণ্য, সেখানে শুধু পাথরে ভর্তি, কোথাও কোনরকম শস্য জন্মায় না, সেইরকম জমিতে আজ উদ্বাস্তুদের পুনর্বসতির বন্দোবস্ত করা হচ্ছে।

আমার এক পরিচিত বন্ধু সেই জায়গায় বাস করেন। তিনি বলেছেন সেই দণ্ডকারণ্যে ধানগাছ যদি পোতেন, তবে এতটুকুর বেশি হবে না। অথচ গভর্নমেন্ট পরিকল্পনা করেছেন তাদের দণ্ডকারণ্যে পাঠিয়ে দিতে হবে। "স্টেটসম্যান" কাগজে দেখলাম গভর্নমেন্ট এ ব্যাপারে উপযুক্ত আইন প্রস্তুত করছেন—তারা যদি না যায়, বা তাদের প্রতিরোধ করা হয়, তা হ'লে গভর্নমেন্ট তাদের জবরদস্তি ক'রে সেখানে পাঠিয়ে দেবেন। আজ আর সেদিন নাই যে, পশ্চিম বাংলার লক্ষ লক্ষ মানুষকে ঐরকম ক'রে বালিমেলার মত জায়গায় জোরজবরদস্তি করে, মারধোর করে নিয়ে যাওয়া যাবে। সুতরাং গভর্নমেন্টকে বলি ঐ রকম কোন পরিকল্পনা করার আগে তাদের গভীরভাবে চিন্তা করা উচিত। এই ব্যাপারে যে কোটি কোটি টাকা খরচ হচ্ছে, তার পেছনে বহুলোকের ইন্টারেস্ট আছে, বড় বড় বিগ কনসার্নএর প্রফিটএর বন্দোবস্ত আছে। অনেককে ট্রানজিট ক্যাম্প ও ওয়ার্কসাইট ক্যাম্পের তাঁবুতে রাখা হয়। এক একটা তাঁবুর দাম দেড়শো টাকা, ১৭৫ টাকারও বেশি নিয়ে, কম দামের তাঁবুতে তাদের রাখা হয়। ছোট্ট তাঁবুর মধ্যে প্যাক করে তাদের পুরে রাখা হয়। তার মধ্যে অসহ্য গরম, প্রাইভেসি বলে সেখানে কিছু নাই। এর জন্য উদ্বাস্তুরা বারে বারে দাবি করেছে—আমাদের টিন দেন, আমাদের শেড করবার বন্দোবস্ত করে দেন, আমাদের একটা আচ্ছাদনের ব্যবস্থা করে দেন; যেখানে আমরা একটু গা মেলে থাকতে পারি। কিন্তু গভর্নমেন্ট বলে দিয়েছেন তা হবে না।

আজ সভাতে শুনলাম—প্রফুল্লবাবুর কাছে কয়েকজন ডেপুটেশন গিয়েছিলেন। তিনি নাকি বলেছেন আমরা হচ্ছি ইন্ডিয়া গভর্নমেন্টএর এজেন্সি, আমরা টেন্ট বদলে দিতে পারবো না। কন্ট্রাক্টর যাঁরা টেন্ট সাপ্লাই করেন, তাঁরা বড় বড় পুঁজিপতি—তাদের মালিক। তাদের মুনাফার সঙ্গে উদ্বাস্তুদের পুনর্বাসন নীতি ওতঃপ্রোতভাবে জড়িয়ে রয়েছে। আজ গভর্নমেন্টকে এসব স্থিরভাবে চিন্তা করতে বলি। তাঁরা এই উদ্বাস্তু সমস্যাকে অত্যন্ত ছোট করে দেখেছেন। উদ্বাস্তুদের যে সংখ্যা তাঁরা দেখিয়েছেন তা ৩০ লক্ষ নয়, তার চেয়ে অনেক বেশি। আমি বলি প্রায় ৫০ লক্ষ উদ্বাস্তু এসেছে পশ্চিম বাংলায়। উদ্বাস্তুর ডেফিনিশন নিয়ে গভর্নমেন্ট অত্যন্ত অন্যায় করা শুরু করেছেন। উদ্বাস্তুর ডেফিনিশন হচ্ছে যারা পাকিস্তান বর্ডার ক্রস করে এসেছেন। এসে তাঁদের যে নাম রেজিস্ট্রি করাতে হয় গভর্নমেন্টের খাতায় এবং আরো এটাওটা পদ্ধতির ব্যবস্থা নিতে হয়, যার ফলে অনেক উদ্বাস্তু সেসব জানেন না বলে তাঁদের নাম লেখাতে পারেন নাই। তাঁরাও যে উদ্বাস্তু তার ইতিহাস গভর্নমেন্টের দপ্তরে নাই। কাজেই উদ্বাস্তুর যে সংখ্যা সরকার দেখিয়েছেন তা সঠিক নয়। তাঁরা বলছেন উদ্বাস্তু সমস্যার সমাধান করে দেবেন উদ্বাস্তুদের বাংলার বাইরে পাঠিয়ে দিয়ে। এই সমস্যার সমাধান করতে হ'লে গভর্নমেন্টকে গভীরভাবে চিন্তা করতে হবে। যে ৮৬ কোটি টাকা সরকার খরচ করলেন, তা আনপ্রোডাক্টিভ পারপাসএ খরচ হল। বার বার করে বামপন্থী দলগুলি থেকে বলা হয়েছিল আমরা চাই না উদ্বাস্তুরা শুধু বসে বসে খাক। পূর্ববঙ্গে আগে কেউ কুটির-শিল্পী ছিলেন, কেউ চাষী ছিলেন, কেউ বা শিক্ষক ছিলেন এবং কেউ বা ডাক্তার ছিলেন, এই রকম বিভিন্ন বিষয়ে কাজ করতেন, বিভিন্নভাবে সমাজকে সেবা করতেন, আজ তাদের বিষয়ে সেই সমস্ত দিক বিবেচনা করে পশ্চিমবঙ্গের বিভিন্ন রূপ সমাজসেবার কাজে লাগান হোক।

পশ্চিমবঙ্গে আরো জায়গা রয়েছে। পশ্চিমবঙ্গের সঙ্গে যে পুরুলিয়া যুক্ত হ'ল, সেখানে গভর্নমেন্ট জায়গা সংগ্রহ করে উদ্বাস্তুদের পুনর্বাসনের বন্দোবস্ত করতে পারেন। জানি না কেন তাঁরা দণ্ডকারণ্যের জন্য কোটি কোটি টাকা খরচ করছেন? এখানে সুন্দরবন অঞ্চলে যদি ঐ টাকা খরচ করা হ'ত, তা হ'লে আমাদের দেশের অনেক উন্নতি হ'ত, তাঁরা দেশের সম্পদ বাড়াতে পারত। উদ্বাস্তুদের মধ্যে যে শিল্পী আছে, কুটিরশিল্পী আছে, শিক্ষক আছে চাষী আছে, তাদের আমরা কাজে লাগাতে পারি। বাংলাদেশের সমস্ত পতিত জমি আজ উদ্ধার করা যায়। অত টাকা খরচ না করেও সেই পতিত জমি উদ্ধার হতে পারে এবং বাংলা দেশের উদ্বাস্তু বেকার, ভূমিহীন কৃষক কাজ পেতে পারে, বাংলাদেশের বেকার সমস্যার সমাধান হতে পারে। অথচ গভর্নমেন্ট সেই সমস্ত পরিকল্পনার মধ্যে যান নাই।

[6-55—7-3 p.m.]

আমার সময় অত্যন্ত কম ব'লে আমার সমস্ত কথা আমি এখানে বলতে পারছি না। জমি ছাড়াও উদ্বাস্তু সমস্যার সমাধান সম্ভব শিল্পবিকাশের পথে এই কথা আমার পূর্বে অন্যান্য বক্তারা বলেছেন। কিন্তু সরকার যে পরিকল্পনা গ্রহণ করেছেন তাতে উদ্বাস্তুদের পিছনে যে টাকাপয়সা ব্যয়িত হচ্ছে তাতে এমন দুর্নীতি রয়েছে যে যারা উদ্বাস্তু নয় এমন বহু লোক এই টাকা আত্মসাৎ করছে। বহুবার এই অভিযোগের কথা গভর্নমেন্টের নিকট জানান সত্ত্বেও কোন প্রতিকার হয় নি। তার মধ্যে কয়েকটি অভিযোগের দৃষ্টান্ত আপনার সামনে আমি রাখব—

Debesh Roy Choudhury is the Rehabilitation officer under Calcutta District Controller. He was twice rejected by the Public Service Commission but he is still continuing.

এই হচ্ছে দুর্নীতির একটা পরিচয়। তারপর—

Bipul Deb Chowdhury, R.O., in Medical section holds a whole-time medical job in Calcutta and is also a Lecturer in the Ashutosh College at the same time.

অথচ নিয়ম হচ্ছে একটা সরকারী চাকুরী করলে পর, আরেকটা চাকুরী করতে পারে না।

Ramkrishna Karmakar is a favourite of Mr. A. D. Khan, Secretary, Rehabilitation Department. Post of Public Relations Officer was specially created for him.

তারপর

Lakhsmi Chakravarty—Serious charges were brought against him by the Anti-Corruption Department and was suspended by the previous Rehabilitation Minister, now proposal is to promote him from Accountant to I. O.

তাঁকে একবার সাসপেন্ডও করা হয়েছিল। তাঁর বিরূদ্ধে এনকোয়ারি হওয়া সত্ত্বেও কোন স্টেপ নেওয়া হয় নি। আবার এখন শোনা যাচ্ছে তাঁকে নাকি প্রোমোশন দেওয়া হবে।

Mr. Speaker: Excuse me, Mr. Mukherjee, for I have to intervene. If you name any particular officer of any department who cannot be brought to the floor of the House, that is not permissible in accordance with the rules of the House. You can charge the department concerned and the Minister concerned will have to answer. If you just look into the rules you will find that you cannot mention any names but you can mention the designation if you like.

Sj. Jyoti Basu: Mr. Speaker, Sir, I think that in the previous House and in other Houses as well, if you look through the proceedings—we have been permitted to name officers if you have charged them in this House with corruption and I think this is the only forum where members of the Assembly can charge officers if they are guilty of corruption. What steps the Government will take—it is for the Government to decide and the fact that their officer is absent from the House does not matter in the least, because the Minister of the department is there to stand up for the officer and answer for him.

Mr. Speaker: I will look into the matter, Mr. Basu.

Sj. Samar Mukhopadhyay :

দূর্নীতি কিরকমভাবে চলছে তার ফটোস্ট্যাট আমার কাছে আছে। আমি সেই ফটোস্ট্যাটটা পড়ছি। কন্ট্রোলার, রিফিউজি রিলিফ অ্যান্ড রিহ্যাবিলিটেশনএর উত্তরে সাবর্ডিনেট অফিসার লিখছেন অধীর দের সম্পর্কে। মাননীয় স্পীকার মহাশয়, আপনি জানেন, গত সেসনএই অধীর দের ব্যাপার উঠেছিল। আমি চিঠিটা পড়ছি—

"As requested by you we had a talk with our colleagues regarding the case of Shri A. R. De. We do realise your difficult position and are ready to help you in every possible way to make out a case against Shri De but we beg to state it clearly that it would not be possible for us to state all that against Shri A. R. De as suggested by you and the Deputy Controller, Shri P. Chakravorty. The position has become more difficult because of the fact that Shri A. R. De was charged for the original file of the loan account No. 700. Though that particular file was with the office, we admit that Shri A. R. De was a very stiff officer but his honesty was above any question. We would have been happy and inspired if he was promoted or rewarded. So far as the official work was concerned, that he was the best amongst us was known to everybody. Some amongst us questioned that Shri A. R. De has been put into all these troubles for his honest discharge of duties. What was the guarantee that the same treatment would not be accorded to them in future for the help you were seeking from us? We are sure that the root of all these troubles is Pranesh Babu. The fact—the two diaries and

the letter register of Shri A. R. De were removed from his files by Pranesh Babu when he seized the files of Shri De in the morning of the day when he was put into suspension—was now known to many in the office and hence we would not be able to state otherwise in this matter. Drawing of F. T. A. by Shri A. N. Das Gupta without necessary tour and tour diary and taking of sweetmeats from Shri De in the house are known to all in our office. How we can tell otherwise in these points? To give false statement against an honest, hardworking ex-colleague is extremely difficult. Yet we are ready to render all possible help to you provided you return the nude photos of some of our colleagues which you obtained from them."

Mr. Speaker: Mr. Mukherjee, will you kindly lay it on the table for the information of the House? You give them to the Secretary.

Sj. Jyoti Basu: But it should be returned back.

Mr. Speaker: Yes. How long will you take, Mr. Mukherjee, to finish your speech? The allotted time is 25 minutes.

Sj. Samar Mukhopadhyay: Sir, I will take another eight or ten minutes.

Mr. Speaker: Then let us stop here. You continue the debate tomorrow. The House stands adjourned till 3 p.m. tomorrow.

Adjournment

The House was accordingly adjourned at 7-3 p.m. till 3 p.m. on Friday, the 7th June, 1957, at the Assembly House, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Assembly House, Calcutta, on Friday, the 7th June, 1957, at 3 p.m.

Present:

Mr. Speaker (The Hon'ble Sankardas Banerjee) in the Chair, 16 Hon'ble Ministers, 12 Deputy Ministers and 221 Members.

[3—3-10 p.m.]

Point of Information

Sj. Jyoti Basu: Mr. Speaker, I rise on a point of information. Yesterday, the Chief Minister in giving a personal explanation has stated that with regard to the rice lying in the sheds which have come in wagons that the West Bengal Government could not buy which some traders wanted to sell and, secondly, he said that the West Bengal Government had no power to seize that but today in the press-note we find that under the West Bengal Security Act the Government has the power to seize that rice as an essential commodity. Would the Chief Minister kindly explain what exactly is the position? If the Government has such power why did not they seize the rice early because we are confused and we do not know whether the Government has such power?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: My friend did not really follow the point. I said two things. One was the accumulation of wagons containing rice and foodgrains in the railway yard. The other thing was that there was a large number of mill-owners who wanted to buy or who had accumulated the stock. It was with reference to the second group that I said we had no power. It is the Central Government who has got the power under the Essential Commodities Act.

With regard to the first point I had to ask the Government of India for permission, even though I had the power under the Security Act which I exercise to seize the stock. But then there is the question of payment. As soon as we seize them we have got to pay compensation at the market price. Unless I get the Central Government to agree the difficulty will be wherefrom to pay the money. These were the two things I mentioned yesterday. I was trying to get the Central Government to agree to both the procedure, namely, taking the stock in the railway yard as well as taking the stock for us.

Amendments to the Motion of address in reply to Governor's Speech

Mr. Speaker: I will now ask Shri Samar Mukherjee to speak.

Sj. Samar Mukherjee:

মাননীয় স্পীকার মহাশয়, কাল যে চিঠির ফটোষ্টাট আমি পড়েছিলাম সেটা থেকে বুঝা যায় যে, রিহ্যাবিলিটেশন ডিপার্টমেন্ট দুর্নীতির চরমে গিয়ে পেঁাচেছে। আমি চিঠির লাস্ট ২ লাইন আবার পড়ে দিচ্ছি:

"How we can tell them to give false statements against the honest and hard working ex-colleagues. It is extremely difficult and yet we are ready to render all possible help provided you return the nude photos of some of our colleagues which you obtained from them."

সুতরাং এটা থেকে বুঝা যাচ্ছে যে সাবঅর্ডিনেটদের দিয়ে ফল্‌স ষ্টেটমেন্ট দেওয়ার ব্যবস্থা হচ্ছে। তা ছাড়া নৈতিক অধঃপতনের যে চিত্র এর ভেতর দিয়ে ফুটে উঠেছে সে কথা আমি আর উল্লেখ করছি না। এ ছাড়া স্বজনপ্রীতি, স্বজনপোষণের উদ্দেশ্যে রিহ্যাবিলিটেশন ডিপার্টমেন্ট কিভাবে নন-রিফিউজিদের ব্যাপকভাবে লোন ইস্যু করে তার কয়েকটা তথ্য কাল আমি পড়েছিলাম, সেটা আমি আজ আবার পড়ছি। স্বজনপোষণের উদাহরণ—দেবেশ রায় চৌধুরী, রিহ্যাবিলিটেশন অফিসার, তিনি ক্যালকাটা ডিস্ট্রিক্টের কন্ট্রোলারের আণ্ডারে কাজ করেন। পাবলিক সার্ভিস কমিশন দুইবার তাঁর কাজ রিজেক্ট করে দিয়েছেন, তবুও তিনি এখনও আর, ও, হিসাবে কাজ করছেন। বিপুল দেব চৌধুরী, মেডিকেল সেক্সনে হোল্‌ টাইমারের কাজ করার কথা, অথচ তিনি লেকচারার হিসাবে আশুতোষ কলেজে আর একটা কাজ করছেন, তাঁকে ঐ কাজ করবার সুযোগ দেওয়া হয়েছে, যেহেতু তিনি ভিক্টোরিয়া ইনস্টিটিউসনের প্রিন্সিপ্যালের হাসব্যান্ড এবং এই ভদ্রমহিলার কর্তৃপক্ষ মহলে বেশ প্রভাব-প্রতিপত্তি আছে। রামকৃষ্ণ কর্ম্মকার, ইনি এ, ডি, খানের ফেবারিট, তাঁকে পাবলিক রিলেসন্স অফিসার নামে একটা নূতন পোষ্ট তৈরী করে প্রোভাইড করা হয়েছে ৩শো টাকা মাহিনায়। লক্ষ্মী চক্রবর্ত্তী, এ'র বিরুদ্ধে য়্যান্টি-কোরাপসন ডিপার্টমেন্ট কতকগুলি গুরুতর চার্জ এনেছিলেন। তাঁকে গত মন্ত্রীমণ্ডলীর যিনি রিহ্যাবিলিটেশন মিনিষ্টার ছিলেন, তিনি নিজে সাসপেণ্ড করেছিলেন। ৩রা মার্চ ১৯৫৬ এই তারিখে ডিপার্টমেন্টাল ইনকোয়ারী শেষ হয়ে গেছে, তাঁর বিরুদ্ধে এখনও কোন য়্যাকসান নেওয়া হয় নি। সাসপেনসন পিরিয়াডে তিনি ½ পে বেমালুম ড্র করে যাচ্ছেন উইথ ডি, এ, এবং এখন শোনা যাচ্ছে তাঁকে নাকি প্রমোশন দেওয়া হবে, য়্যাকাউন্টেন্ট থেকে ইনভেষ্টিগেটিং অফিসার হিসাবে। নির্ম্মল দাসগুপ্ত, ইনি হচ্ছেন বর্ত্তমানে ডেপুটী কন্ট্রোলার, এ'কে বোম্বে থেকে আনা হয়েছিল এবং ইনভেষ্টিগেটিং অফিসার হিসাবে য়্যাপয়েন্ট করা হল, কোন ইন্টারভিউ ছাড়া এবং এটা করা হ'ল এইজন্য যে তিনি তখনকার হেলথ সার্ভিসেস ডিরেক্টরের ভ্রাতা (কাজিন), এবং তাঁর গভর্নমেন্টের মোটর ব্যবহার করার কোন অধিকার নেই কিন্তু তিনি মোটর ব্যবহার করছেন। জানি না সেই মোটর চার্জ তাঁর কাছ থেকে নেওয়া হচ্ছে কি না এবং যদি না নেওয়া হয়ে থাকে তাহলে অন্যান্য সাবঅর্ডিনেট অফিসারদের কেন মোটর এই রকম ব্যবহার করতে দেওয়া হয় না। রবি চক্রবর্ত্তী, তিনি একজন নন্‌-রিফিউজিকে লোন ইস্যু করেছেন, সেটা প্রমাণিত হয়েছে; তবুও তাঁর বিরুদ্ধে কোন ব্যবস্থা গ্রহণ করা হয় নি। সেই লোন য়্যাকাউন্ট নম্বর হচ্ছে ১৮৫। তারপর, মিসেস নীহারকণা গুপ্ত। ইনি ছিলেন একজন গেজেটেড অফিসার, পাবলিক সার্ভিস কমিশন তাঁর চাকরীর বয়স পেরিয়ে গেছে বলে আর চাকরী এক্সটেণ্ড করতে রাজী হন নি, কিন্তু যেহেতু কর্তৃপক্ষ মহলে তাঁর খুব প্রভাব আছে, সেইহেতু তাঁকে প্রোভাইড করার জন্য আর একটা নন-গেজেটেড য়্যাডিসনাল পোষ্ট তৈরী করে, ২০ টাকা অতিরিক্ত মাইনে দিয়ে তাঁকে প্রোভাইড করা হয়েছে। নগেন গুহ রায়, তিনি ছিলেন অ্যাসিস্ট্যান্ট ইনফর্মেশন অফিসার, তাঁকে য়্যাপয়েন্টমেন্ট দেওয়া হয়েছে ৬০ বৎসর বয়সে, তিনি এখনও সেই চাকরী করছেন, ৬৭ বছর বয়স পর্য্যন্ত পেনসনেবল এজের ঊর্দ্ধে হয়ে গেছেন এবং তাঁর একমাত্র কোয়ালিফিকেসন হচ্ছে, তিনি ডাঃ বিধানচন্দ্র রায়ের বায়োগ্রাফী লিখেছেন। সুকুমার রায় চৌধুরী, যিনি এই চিঠির একজন অন্যতম লেখক, তাঁর প্রমোশন হয়েছে। এইরকম দুর্নীতির জন্য তাঁর বিরুদ্ধে কঠোর ব্যবস্থা অবলম্বন না করে তাঁকে প্রমোশন দেওয়া হয়েছে। তিনি এখন ডেপুটী কন্ট্রোলারের পোষ্টে অফিসিয়েট করছেন। তাঁর যিনি সুপিরিয়র, তাঁকে ওভাররাইড করে এখন তাঁকে ডেপুটী কন্ট্রোলারের পোষ্ট দেওয়া হয়েছে। তাছাড়া রিফিউজি রিহ্যাবিলিটেশন বিজনেস লোন্স বোর্ড ব'লে একটা সংগঠন ছিল। তার একটা নিয়ম ছিল যে ৭৫০ টাকার বেশী কাউকে লোন দিতে হলে তার দুইজন সিকিউরিটি গ্যারান্টার দরকার এবং ২ বা ৩টা ইনষ্টলমেন্টে লোন দেওয়া হয়, কিন্তু সেই সমস্ত নিয়ম না মেনে কন্ট্রোলার সাহেব তাঁর পছন্দমত লোক, তাঁকে একজন গ্যারান্টর এবং একটা ইনষ্টলমেন্টে একসঙ্গে লোন দেবার ব্যবস্থা করেন। তাছাড়া নন-রিফিউজি, যাদের লোন দেওয়া হয়েছে তাদের য়্যাকাউন্ট নম্বরগুলি আমি তাড়াতাড়ি পড়ে যাচ্ছিঃ

Loan account 223, Charu Chandra Bose Mazumdar, Loan 2235—700—1282—185—8—1281—2233—33—3040—1365.

এই রিহ্যাবিলিটেশন বিভাগের চরিত্র বা চিত্র। সুতরাং এই যে পুনর্বাসন বিভাগ এটা আগাগোড়া দুর্নীতিতে ভর্ত্তি। আমাদের সেইজন্য প্রস্তাব যে এই রিহ্যাবিলিটেশন বিভাগ সম্পূর্ণ পুনর্গঠিত করা দরকার যেটা গভর্নমেন্ট প্রকৃত প্রস্তাবে করতে চান। তাছাড়া পুনর্বাসন নীতি সম্বন্ধে একটা দৃষ্টিভঙ্গীর পরিবর্ত্তন দরকার এবং সেই দৃষ্টিভঙ্গী কি হওয়া উচিত তা আমি আজ সংক্ষেপে বলছি।

[3-10—3-20 p.m.]

আমরা চাই সারা পশ্চিম বাংলার অগ্রগতির সঙ্গে রিফিউজি পরিকল্পনাকেও যুক্ত করা হউক এবং এই ব্যাপারে সরকারের সমস্ত দলের সহযোগিতা যাতে পাওয়া সম্ভব হয় তার ব্যবস্থা তাঁদের করা উচিত। সেইজন্য একটা সর্ব্বদলীয় কমিটি করুন। এটা একটা গুরুত্বপূর্ণ ব্যাপার; সেইজন্য আমি প্রস্তাব করি যে, তাঁরা একটা সম্মেলন আহ্বান করুন এবং সেই সম্মেলনে সমস্ত বিষয় আলোচনা করুন এবং গভর্নমেন্ট রিহ্যাবিলিটেশনএর ব্যাপারে সেই কমিটির পরামর্শ অনুসারে কাজ করুন। যদি সেই অনুসারে কাজ করেন তবে আমাদের সহযোগিতা পেতে পারেন। কিন্তু যে নীতি অনুসরণ কোরে তাঁহারা চলেছেন সেই নীতিতে পুনর্বাসন সম্ভব নহে এবং বাংলাদেশের অগ্রগতি এই নীতি দ্বারা ব্যাহত হবে। সেইজন্য আমি রাজ্যপালিকার ভাষণকে নিন্দা না ক'রে পারছি না, এবং সেইজন্য তার বিরোধিতা করছি।

Sj. Somnath Lahiri:

স্পীকার মহাশয়, রাজ্যপালিকার ভাষণে দেখছি বাংলাদেশে যে প্রচণ্ড বেকার সমস্যা এবং ছাঁটাই সমস্যা, তার সম্বন্ধে উল্লেখমাত্র নাই; এর কারণ কি? কারণটা কি এই যে পশ্চিমবঙ্গ সরকার এ-বিষয়ে তাঁদের নীতির ব্যর্থতা অনুভব করেন? সেই নীতিকে দেশের লোকের সামনে পুনরাবৃত্ত করতে লজ্জা বোধ করেন? পশ্চিমবঙ্গ সরকার দু-দুটো পরিকল্পনা মারফৎ কর্ম সংস্থানের ব্যবস্থা করা সত্ত্বেও বেকারের সংখ্যা ১৯৫৩ সালের তুলনায় দ্বিতীয় পরিকল্পনার শেষে প্রায় দেড় গুণ বেড়ে যাবে, শহর অঞ্চলের বেকার সংখ্যা সাড়ে ৪ লক্ষ থেকে দ্বিতীয় পরিকল্পনার শেষে প্রায় সাড়ে ৮ লক্ষে দাঁড়াবে, এই হচ্ছে সরকারী হিসাব। কিন্তু সে কথা আমি বাদই দিলাম। আমরা শুধু অবাক হয়ে দেখছি বাংলাদেশে কল-কারখানা বাড়ছে, শ্রমিকেরা উৎপাদন দেড় গুণ বাড়িয়েছে; শিল্পের অবস্থারও উন্নতি হয়েছে। সেইজন্য বিধানবাবু এবারকার বাজেট বক্তৃতায় বলেছেন—

The condition of industry is fairly prosperous.

তা সত্ত্বেও এদেশে ফ্যাক্টরীতে লেবারের এমপ্লয়মেন্টের সংখ্যা ১৯৫১ সালের পর থেকে বাড়ার বদলে কমে যাচ্ছে। আমার মনে হয় এটা আমাদের বাংলাদেশের কংগ্রেসী সরকারের বৈশিষ্ট্য। বেকারী দূর করা একটি কঠিন প্রব্লেম এবং অন্যান্য প্রদেশের সরকারেরও এ- নিয়ে মাথা ঘামাতে হচ্ছে; কিন্তু আমাদের এ-রাজ্যে দেখছি ফ্যাক্টরীর উন্নতি হওয়া সত্ত্বেও ফ্যাক্টরীতে এমপ্লয়মেন্ট বাড়ার বদলে কমে যায়। এটা আমাদের বাংলাদেশের সরকারের কৃতিত্বের অদ্ভুত পরিচয়। ভারতবর্ষের অন্য কোন প্রদেশের সঙ্গে এর তুলনা মেলে না। আমার মনে পড়ছে—এ-কথাটা আমার তৈরী নয়—১৯৫৫-৫৬ সালের বাজেট উপস্থাপিত করবার সময়ে মুখ্যমন্ত্রী মহাশয় নিজেই বলেছিলেন—জানি না সেটা গর্ব্বের সঙ্গে বলেছিলেন কি না—

West Bengal is the only State where the volume of employment of factory labour has been diminishing for some years now.

তারপরে, ১৯৫৬ সালের জুলাই মাসে শ্রমমন্ত্রী শ্রীকালিপদ মুখার্জী (তদানীন্তন শ্রমমন্ত্রী) একটা প্রশ্নের জবাবে জানান যে ১৯৫১ সালের তুলনায় প্রত্যেক বছর ফ্যাক্টরী লেবারের এমপ্লয়মেন্ট কমতে কমতে ১৯৫৫ সালে শতকরা প্রায় দশ ভাগ কমে গেছে। শিল্পের শ্রীবৃদ্ধি হ'ল, অনেক মোটা মালিকের বাড়-বাড়ন্ত হ'ল, উৎপাদন শতকরা ৫০ ভাগ বাড়ল, কিন্তু শ্রমিকের বেলায় তার ফল হ'ল যে, ৫ বছরে দশ ভাগ ছাঁটাই হ'ল।

এই ব্যবস্থা অতুলনীয়। ভারতবর্ষের অন্যান্য প্রদেশে কংগ্রেসী মন্ত্রীদের প্রশংসা করবার বিশেষ কিছুই নাই ; কিন্তু আমাদের পশ্চিমবঙ্গ সরকার আজ তাঁদেরও সকলের উপর টেক্কা দিয়েছেন।

তারপরে অবস্থা আরও খারাপ হয়ে গেছে।

আপনি, স্যার! নিশ্চয় জানেন সম্প্রতি অনেকগুলি চটকল বন্ধ হয়ে গেছে, আংশিক বা পরিপূর্ণ ভাবে। তার ফলে প্রায় ৭।৮ হাজার শ্রমিক কয়েক মাসের মধ্যে কর্মচ্যুত হয়েছে। কিন্তু আমি সেদিন ৩০শে মে তারিখে পার্লামেন্টে ডেপুটি লেবার মিনিষ্টার আবিদ আলী সাহেবের প্রশ্নোত্তরের সংবাদ খবরের কাগজে পড়ে অবাক হলাম। তিনি বলেছেন যে, যারা চটকলগুলো আংশিক বা পূর্ণভাবে বন্ধ হয়ে যাওয়ার ফলে কর্মচ্যুত হয়েছে, তাদের মধ্যে একমাত্র তিন'শ ছাড়া বাকি সকলে যে-সমস্ত মিল থেকে ছাঁটাই হয়েছে সেই সমস্ত মিলের মালিকদের অন্যান্য যে কল-কারখানা আছে তাতে কাজ পেয়ে গেছে। কথাটা যে কতদূর মিথ্যা তার একটা নমুনা দিলে স্পষ্ট হবে। ভিক্টোরিয়া জুট প্রোডাক্টস ব'লে একটা কোম্পানী বন্ধ হওয়ার ফলে সেখান থেকে ১,৬০০ শ্রমিক ছাঁটাই হয়েছে। সেই কোম্পানী পাকিস্তানে রেজিষ্ট্রী হয়েছে এবং এর ভারতবর্ষে আর কোন শাখা কোম্পানী নাই। তাহলে কি ক'রে সেই কোম্পানী তার অন্য কোন কারখানায় সেই ১,৬০০ শ্রমিককে—তা থেকে ৩০০ বাদ দিলেও ১,৩০০ শ্রমিককে—কাজ দিলে তা কল্পনা করা খুব কঠিন। এটা সেই ছেলেবেলায় যে হেঁয়ালীর ছড়ায় পড়েছিলাম তার মত, যেমন—

"কহেন কবি কালিদাস পথে যেতে যেতে
নেই তাই খাচ্ছ, থাকলে কোথায় পেতে ?"

তাঁদের কারখানা নেই তাই তাঁরা কাজ দিয়েছেন, থাকলে দিতেন না। এখন আমি জিজ্ঞাসা করি আবিদ আলী সাহেবকে, এই মূল্যবান তথ্য পরিবেশন করেছেন কারা? সম্ভবতঃ আমাদের পশ্চিমবঙ্গ সরকারঃ কারণ, তাঁরা স্ট্যাটিসটিকস তৈরী করতে সিদ্ধহস্ত।

আর মধ্যবিত্ত সম্প্রদায়ের বেকারের অবস্থা কি? বিধানবাবুর ১৯৫৫-৫৬ সালের বাজেট বক্তৃতায় দেখা গেছে যে এখানে শতকরা ৪৬।৪৭ জন এডুকেটেড আন-এমপ্লয়েড আছেন। এই যে, আমাদের দেশের সামনে বেকারের ভয়াবহ অবস্থার সৃষ্টি হয়েছে, এজন্য বলতে পারি পশ্চিমবঙ্গের কংগ্রেসী সরকার অন্যান্য প্রদেশের তুলনায় অনেক বেশী অপদার্থ। কেন? কারণ, তাঁরা মালিক শ্রেণীকে অনেক বেশী ভয় করেন, তাই মালিক শ্রেণী যথেষ্ট ছাঁটাই করতে পারে। বিধানবাবু তাঁর বাজেট বক্তৃতায় বলেছেন যে, আন-এমপ্লয়মেন্টএর যে সমস্যা তার কারণ বিদেশীরা চাকরী পাচ্ছে, আর দেশীরা, বাঙ্গালীরা চাকরী পাচ্ছে না। কিন্তু এ সত্য নয়। আন-এমপ্লয়মেন্ট সলভ করতে না পেরে প্রাদেশিক ঝগড়াঝাটি উস্কানোর চেষ্টা মাত্র। আমি জিজ্ঞাসা করি এই যে, দশ ভাগ শ্রমিক চার বছরের মধ্যে ছাঁটাই হ'ল, তার মধ্যে বাঙ্গালীও তো যথেষ্ট ছিল; সেই বাঙ্গালী শ্রমিকদিগকে বাঁচাবার জন্যে তিনি অঙ্গুলি নেড়েছিলেন? কোন কার্য্য করেছিলেন? না, তিনি মাথা পেতে নিয়েছিলেন। এই হ'ল বেকারীর চিত্র। এখন যাদের কাজ আছে, যারা কোনরকমে ক্ষুন্নিবৃত্তি করবার মত কাজ পাচ্ছে, তাদের অবস্থা কি দেখা যাক। রাজ্যপালিকা মহাশয়া তাঁর ভাষণে বলেছেনঃ

"There has been a general rise in the price level of all commodities".

চালের দাম বেড়েছে, তা স্বীকার করেছেন, স্বীকার করেছেন যে, গতবারের তুলনায় ১৫ ভাগ দাম বেড়েছে। যে-কোন দেশে যারা সরকারী কর্মচারী, তারা সবচেয়ে বেশী ভাল পয়সা পায়। কিন্তু এ-দেশে প্রায় ৭৫ হাজার সরকারী কর্মচারীর মাহিনা ২৬ থেকে ৭৫ টাকা মাত্র। যে দেশে সরকারী কর্মচারীর এই মাইনা, যে দেশে একজন সুতাকল মজুরের ন্যূনতম বেতন, ভাতা ইত্যাদি মিলিয়ে মাসিক ৫২ টাকা, সে দেশে শতকরা ১৫ টাকা চালের দাম বাড়লে দেশের মানুষের কি অবস্থা হয় তা কল্পনা করা কঠিন নয়।

বর্তমানে এই যে
general rise in the price level of all commodities
হয়েছে, তার জন্য বাংলা সরকার কিছু ব্যবস্থা করেছেন কি? এমন কি অন্যান্য কংগ্রেস প্রদেশে, বম্বেতে, প্রাইস রাইজ হওয়ার জন্য স্লাইডিং স্কেল অফ ডিয়ারনেস এ্যালাউন্সএর ব্যবস্থা আছে। কিন্তু আমাদের এখানে, পশ্চিম বাংলায় কংগ্রেস সরকার, মালিক শ্রেণীর শোষণ যন্ত্রের সংগে তাঁদের অস্তিত্ব এমনভাবে বাঁধা যে, মালিক শ্রেণীকে ওই স্লাইডিং স্কেল অফ ডিয়ারনেস এ্যালাউন্স দিতে বাধ্য করবেন, সেই সাহসটুকুও তাঁদের নেই। কাজেই এই হচ্ছে অবস্থা।

[3-20—3-30 p.m.]

গতকাল মাননীয় সদস্য শ্রীবিজয় সিং নাহার এবং আরও দু-একজন কংগ্রেস সদস্য বলেছিলেন যে, আমাদের দেশে মানুষের জীবনধারণের মান উন্নত হয়েছে, আরও বাড়ছে, তবে এবারে এই যে খাদ্যের অসুবিধা হয়েছে তার জন্য যে একটু মুস্কিল হচ্ছে, এটা সাময়িক। কথাটা কি সত্য? এ-বছর না হয় হয়েছে, তাহলে আগের বছর কি হয়েছে? আগের বছর কি হয়েছিল আমি বিজয়বাবুকে বলছি। একটা বক্তৃতা বেরিয়েছিল যুগান্তরে, ৩০শে মে ১৯৫৬ সালে, সেই বক্তৃতাটা এমন লোকের যাঁকে বিজয়বাবুও বিশ্বাস করবেন। গত বছর এই সময়ের একটু আগে, ১৯৫৬ সালের মে মাসে—তিনি বলেছেন যে "মানুষের আয় বৃদ্ধি হয় নাই, অথচ লোকের জীবনধারণের জন্য প্রয়োজনীয় জিনিষের দাম অত্যাধিক বৃদ্ধি পাইয়াছে, ইহার ফলে সাধারণের ঘরে বিপদ দেখা দিয়াছে।" সেই বিপদ কি ভয়ঙ্কর তা তিনি নিজেই বলছেন, মজুতদারদের উল্লেখ ক'রে যে, "সমাজ-বিরোধী ব্যবসায়ীরা অধিক মুনাফার লোভে যদি খাদ্যশস্য মজুত করিয়া রাখে তবে, গভর্নমেন্টকে অবিলম্বে সেই সমস্ত মজুত শস্য কাড়িয়া লইয়া জনসাধারণের ভিতর বিতরণ করিতে হইবে। এই কর্তব্য সম্পাদন করিতে গিয়া যদি তাঁহাদের রাজরোষে পড়িতে হয়, তথাপি তাঁহাদের সাহসের সহিত অগ্রসর হইতে হইবে।" এই বক্তৃতা হয় ত আপনারা ভাববেন, জ্যোতিবাবুর। কিন্তু তা নয়। এই ব্যক্তির নাম হচ্ছে পশ্চিমবঙ্গ কংগ্রেস কমিটির সম্পাদক শ্রীবিজয় সিং নাহার।

[Laughter.]

৩০শে মে, ১৯৫৬ সালের 'যুগান্তরের' কাটিং আমার কাছে আছে এবং 'আনন্দবাজার' পত্রিকায়ও বোধ হয় সেই খবর বেরিয়েছিল। এর কোন প্রতিবাদ বিজয়বাবুকে প্রকাশ করতে দেখি নি। সম্ভবতঃ গত ইলেকশনের সময় জেতা যাবে কিনা ভেবে খুব আতঙ্কিত ছিলেন, তার জন্য সভায় সভায় আন্দোলন করেছিলেন, গরমও হয়েছিলেন। তখন হয় ত বিজয়বাবুকে ভবিষ্যতের কথা ভেবে একটু গরম কাটতে হয়েছে। কিন্তু, তারপরে ইলেকশন শেষ হয়ে গিয়েছে, বিজয়বাবু কাউন্সিলের বদলে এ্যাসেমব্লীতে প্রোমোশন পেয়েছেন। আমি জানি না, সত্য কি মিথ্যা, তবে তাঁর আশা হয় ত তিনি মন্ত্রীও হ'তে পারেন। তাই এখন তিনি বিধানবাবুর অনুগত হয়ে একদম নরম কাটছেন। বলছেন সবই ঠিক আছে, শুধু এই বছর একটু যা মুস্কিল হয়েছে। আমি বিজয়বাবুকে বলবো, বিধানবাবু এবার তো দাক্ষিণ্য দেখালেন না, কাউন্সিলের বদলে এ্যাসেমব্লীতে এসেও এখনো মন্ত্রিত্ব হ'ল না। তাই বলি, আরও কিছুদিন না হয় গরম কাটুন।

(The Hon'ble Dr. BIDHAN CHANDRA ROY:
আর একটু আগে বললেই ত হতো)

[Laughter.]

বিধানবাবু স্বয়ং যখন বলছেন, তখন বিজয়বাবু, আপনার আশা আছে।

(The Hon'ble Dr. BIDHAN CHANDRA ROY:
আপনার অনুরোধে পারি হয় ত)

তারপর আমাদের রাজ্যপালিকা মহোদয়া বক্তৃতায় বলেছেন যে, এ-বছর ১৯৫৬ সালে স্ট্রাইক কম হয়েছে, ইণ্ডাস্ট্রিয়াল রিলেশনস, এমপ্লয়ার এ্যাণ্ড এমপ্লয়ীদের মধ্যে খুব ভাল সম্পর্ক আছে; এই বলে তিনি খুব আত্মসন্তোষ বোধ করেছেন। আমি জিজ্ঞাসা করি প্রথম, ১৯৫৬ সালের স্ট্রাইক ফিগার সত্য কি মিথ্যা? সেটা যাচাই না হওয়া পর্যন্ত বলতে পারব না যে ওয়ার্কার্সদের স্ট্রাইক বেড়েছে, না, কমেছে। তবু ধরুন স্ট্রাইক কিছু কম হয়েছে, তার মানে কি শ্রমিকরা, কর্মীরা তাদের অসন্তোষ বোধ, তাদের বিক্ষোভ ছেড়ে দিয়েছে, এবং তাদের অবস্থার কি সুরাহা হয়ে গিয়েছে? তা, নয়। যদি স্ট্রাইক কম হয়ে থাকে, কি কি কারণে হয়েছে, তার একটা উদাহরণ দিই। যখন প্রাইস লেভেল উঠলো তখন ত্রাহি ত্রাহি ডাক ছেড়েছে সরকারী কর্মচারীরা; যাদের মধ্যে প্রায় ৭৫ হাজার জন ২৫ টাকা থেকে ৭৫ টাকা মাইনে পায়। যেমন কুকুরকে লোকে একটা এ'টোকাঁটা ছ'ুড়ে দেয়, বিধানবাবু তেমনি দুটো টাকা তাদের ছুড়ে দিলেন। তাতে ওঁর লজ্জাও হ'ল না!

[এ ভয়েসঃ দু-টাকা নয়, পাঁচ টাকা।]

তারপর, দু-টাকার জায়গায়, নিজেরাই বললেন ভুল হয়েছে, পাঁচ টাকা দিলেন। যাহোক ভ্রান্তি নিজেরা স্বীকার করলেন। কিন্তু যে কর্মচারীরা দু-টাকার বিরুদ্ধে আন্দোলন করলেন দু-টাকায় চলে না বলে আপত্তি জানিয়ে ওয়েলিংটন স্কোয়ারে সরকারী কর্মচারীরা একটা মিটিংএ বলেছিলেন—দু-টাকায় আমাদের চলে না, সেই অপরাধে তাদের সংগঠনের তিনজন প্রধানকে—শুধুমাত্র আপত্তি জানিয়েছিল বলে গভর্নমেন্ট বরখাস্ত করে দিলেন। এইভাবে কর্মচারীদের হিংস্রভাবে দমন করে তারপরে যদি বলা হয় স্ট্রাইক হয় না, এমপ্লয়ার-এমপ্লয়ী রিলেশন ইম্প্রুভ করেছে, তাতে হাসবো কি কাঁদব বুঝি না। যে আইনে পূর্বোক্ত সরকারী কর্মচারীদের বরখাস্ত করা হয়েছিল, সেই গভর্নমেন্ট সার্ভেন্টস্ কন্ডাক্ট রুলস একটা অপূর্ব চিজ। যাঁরা সেটা দেখেছেন, তাঁরা জানেন সেখানে সরকারী কর্মচারীদের ট্রেড ইউনিয়ন রাইটস এবং পলিটিক্যাল রাইটস তো কেড়ে নেওয়া হয়েছেই, তা ছাড়াও তাতে আর কি আছে, জানেন? ধরুন আপনার উপর নির্ভরশীল বুড়ো বাপ বা মা আছেন। যদি আপনার বাপ বা মা কোন সরকার-বিরোধী কার্য্য-কলাপে লিপ্ত হয়েছে বলে আপনার মনে কিছুমাত্র সন্দেহ হয়, তাহলে আপনাকে সরকারী দপ্তরে গিয়ে সে-বিষয় জানাতে হবে, আপনার বাপ-মার বিরুদ্ধে গোয়েন্দাগিরি করতে হবে, না করলে আপনার চাকরি থাকবে না।

[ভয়েসেস অফ "ছি, ছি, ছি," ফ্রম দি অপোজিশন বেঞ্চেস।]

স্পীকার মহাশয়! আমাদের ভারতবর্ষ এক অতি প্রাচীন ও সুসভ্য দেশ, যা নিয়ে আমরা স্বভাবতই গর্ব করি। আমরা জীবনের প্রথম দিন থেকেই শিখেছি, পিতা স্বর্গ, পিতা ধর্ম, আর জননী, তিনি তো স্বর্গাদপি গরীয়সী! কিন্তু পশ্চিমবঙ্গে আমাদের এই সরকার এত বিজাতীয়, এমন নীতিজ্ঞানহীন, এমন মনুষ্যত্ববর্জিত যে সেই পিতা স্বর্গ, পিতা ধর্মের দেশে সরকারী কর্মচারীকে বাধ্য করা হয় নিজের বাপ-মার বিরুদ্ধে গোয়েন্দাগিরি করতে। আমাদের কংগ্রেসী মন্ত্রীরা মায়ের পেটে জন্মে, মায়ের দুধ খেয়ে মানুষ হয়েছিলেন কি না সন্দেহ হয়! যদি তাঁরা মায়ের দুধ খেয়ে থাকতেন, তাহলে সেই বাপ-মার উপর এইরকম গোয়েন্দাগিরি করতেন না। এই কংগ্রেস সরকারের চক্ষুলজ্জা তো নাই, মনুষ্যত্ববোধও নাই। তার জন্য দেশের উপর, দশের উপর, দু-তিন লক্ষ কর্মচারীর উপর এইরকম নির্বিচারে পদাঘাত করছেন সেই কণ্ডাক্ট রুল দিয়ে।

গত ১৯৫৬ সালে মনে পড়ে, খড়্গপুরে সাংবাদিক হিসেবে গিয়েছিলাম। সেখানে দেখলাম ৮০ বছরের এক বৃদ্ধা, একখানি হাত নাই, চোখেও ভাল দেখতে পারে না। আমাদের সামনে যখন কথা বলছে, তখনও থরথর করে কাঁপছে। কি হয়েছিল তার? খড়্গপুরে যখন রেলওয়ে স্ট্রাইক হয়েছিল, রেলের কর্মচারীরা স্ট্রাইক করেছিল, তখন সেই আক্রোশে কংগ্রেস সরকারের পুলিশ পাগল হয়ে গিয়ে এই ৮০ বছরের বুড়ীমা-কে যার একখানা হাত নাই, তাকে মেরে রাস্তার উপর অজ্ঞান করে ফেলে দিয়েছিল, তারপর হে'চড়াতে হে'চড়াতে জেলে নিয়ে

গিয়েছিল! এইভাবেই ইণ্ডাস্ট্রিয়াল পীস বজায় থাকে, এইভাবে স্ট্রাইকের সংখ্যা কমে! ৮০ বছরের বৃদ্ধাকে যদি রাস্তায় অজ্ঞান করে মেরে ফেলে রেখে ইণ্ডাস্ট্রিয়াল পিস বজায় আছে বলে আত্মসন্তুষ্টি প্রকাশ করা হয়, তাতে আসল অবস্থা চাপাই দেওয়া হয়।

[3-30—3-40 p.m.]

তারপর আসানসোলে রানীগঞ্জ এলাকায় কয়লা অঞ্চলেও শ্রমিকদের দাবী-দাওয়া নিয়ে স্ট্রাইক হয়। সেই বেঙ্গল কোল কোম্পানী আর ম্যাকনেল-ব্যারী কোম্পানীর মালিক আই, আই, গান্ধী আর লর্ড ইঞ্চকেপ আর লর্ড সিনহা ইত্যাদি—যারা পাঁচ বছরে আসল টাকার পাঁচ গুণেরও বেশী মুনাফা করেছে, সেই জে. জে. গান্ধী ইত্যাদির মুনাফা বাঁচাবার জন্য আমাদের কংগ্রেস সরকারের পুলিশের গুলীতে সেই কালো কয়লা শ্রমিকদের দেহ লাল রক্তে রঞ্জিত হলো। এইভাবে তারা শিল্পে শান্তি ও ইণ্ডাস্ট্রিয়াল রিলেশন ইম্প্রুভ করছেন। জনসাধারণের মধ্যে যদি স্ট্রাইক কম হ'য়ে থাকে তাহ'লে তার মানে এই নয় যে, সরকারী শ্রম-নীতির কার্য্যকারিতা প্রমাণ হয়েছে। জনগণ যে সরকারের ইণ্ডাস্ট্রিয়াল পলিসির বিরুদ্ধে কিরকম বিক্ষুব্ধ হয়েছে তা প্রমাণিত হয়েছে আমাদের দেশের ইলেকশনের ভার্ডিক্ট দিয়ে। শিল্পাঞ্চলে ৬১টি সিটের মধ্যে ৫৫টা কংগ্রেস হারিয়েছে। এবং তার কারণ হ'ল সরকারের শ্রম-নীতি। এ-কথা শুধু আমার নয়, আই. এন. টি. ইউ. সি. তারাও স্বীকার করেছেন। ১লা এপ্রিল তারিখের যুগান্তর দেখুন, আই. এন. টি. ইউ. সি. এক্জিকিউটিভ কমিটির মিটিং-এ যে কথা হয়েছিল, কেন কংগ্রেস শিল্প এলেকায় হেরেছিল, তা সেখানে দেখতে পাবেন। যুগান্তরে এ-সম্বন্ধে প্রকাশিত হয়েছিল তাঁদের সিদ্ধান্ত এই বিপর্যায়ের দুটি প্রধান কারণ, শ্রমিকদের স্বার্থের প্রতি উদাসীন, শ্রম নীতি এবং কংগ্রেস ও তাদের ট্রেড ইউনিয়ন সংগঠনের দুরবস্থা। এ-কথাটা আমার নয়, সরকারের নিজেদের লোক, তাঁদের আত্মীয় বন্ধু তারাই এটা স্বীকার করতে বাধ্য হয়েছেন। ইণ্ডাস্ট্রিয়াল এলেকায় সরকারের যে নীতি তা সমস্ত শ্রমিকদের স্বার্থের বিরোধিতা করেছে, তার কারণ, সেই নীতি মালিকদের পেটোয়া নীতি।

তারপর এই যে শিক্ষা, আই. এন. টি. ইউ. সি যে শিক্ষা গ্রহণ করছে, আমাদের নতুন শ্রমমন্ত্রীর সেই শিক্ষা গ্রহণ করবার সাহস আছে কি না, তিনি লেট মন্ত্রী কালিপদ মুখার্জি লেট বাট আনলেমেন্টেড—যিনি আজকে ওই অবস্থা এনেছেন, তাঁর পথই অনুসরণ করবেন, এই-ই হচ্ছে প্রশ্ন। সাত্তার সাহেব কাজ আরম্ভ করার সময় সমস্ত ট্রেড ইউনিয়ন, এ. আই. টি. ইউ. সি. বি. পি. টি ইউ. সি. আই. এন, টি. ইউ. সি. সমস্ত গণতান্ত্রিক সংগঠনের নেতাদের ডেকে আলোচনা করেছেন। ভাল কথা, ভাল লক্ষণ, কংগ্রেসের শ্রম-নীতির জন্য তারা শিল্প এলেকায় পরাস্ত হয়েছেন, এবং তার প্রধান কারণ কালিপদ মুখার্জিমশাই লেবার ডিপার্টমেন্ট যেভাবে চালিয়ে এসেছেন, তাতে অন্যান্য ট্রেড ইউনিয়ন-এর কথা শুনা হ'ত না, তাদের বিরুদ্ধে কাজ করাতে। কিন্তু আজকে শ্রম-সমস্যা সমস্ত মানুষের জীবন-ধারণের সমস্যা, এগুলির সমাধান করবার জন্যে সমস্ত শ্রমিক পক্ষের একতার প্রয়োজনীয়তা আছে। যেভাবে সাত্তার সাহেব আরম্ভ করেছেন, সেইভাবে যদি চলতে পারেন আমরা নিশ্চয়ই তাঁর সংগে সহযোগিতা করব। কিন্তু এই সহযোগিতার পূর্বে কয়েকটা কথা চিন্তা করবার আছে।

প্রথম কথা, ট্রেড ইউনিয়নগুলির রিকগ্নিশন্ করবার কোন আইন নাই, এ সম্বন্ধে স্টেট ইণ্ডাস্ট্রিয়াল রিলেশন এ্যাক্ট হবার প্রয়োজন আছে। অন্যান্য প্রদেশে যদি এ বিষয়ে আইন হতে পারে, বাংলাদেশে কেন হতে পারবে না? বাংলাদেশে সবচেয়ে বেশি কলকারখানা আছে, এখানে অন্যান্য প্রদেশের চেয়ে পুঁজিপতি কিছু কম নাই, তাদের টাকা এখানে যা খাটছে তার সীমা পরিসীমা নাই। এই ব্যাপারে যদি কিছুটা পরিবর্তন আনতে পারেন, স্টেট ইণ্ডাস্ট্রিয়াল রিলেশন এ্যাক্ট আইন এনে তাহলে শ্রমিক-মালিক সম্পর্কের উন্নতি হতে পারে। যদি এ সম্পর্কে সাত্তার সাহেব চেষ্টা করেন আমরা নিশ্চয়ই তাঁর সংগে সহযোগিতা করব। এবং সেই আইন ভাল হ'লে দেশেরও উপকার হবে।

তারপর ইন্ডাস্ট্রিয়ালাইজেশন প্রোগ্রাম চাই—যার অর্থ হচ্ছে শিল্প বাড়াতে হবে, মানুষকে কাজ দিতে হবে, ছাঁটাই বন্ধ করতে হবে। চটকলগুলিতে ছাঁটাই বন্ধ করবার কি চেষ্টা করেছেন? মালিকদের ছাঁটাই করবার অবাধ অধিকার আছে। কারণ, মালিকেরা হচ্ছেন ভগবানের প্রতিনিধি এবং বিধানবাবু মালিকদের প্রতিনিধি! সুতরাং অবাধ ছাঁটাই। আমি বলছি না এখুনি সমস্ত বেকারী বন্ধ করা যাবে, কিন্তু অন্যায়ভাবে ছাঁটাই বন্ধ করবার ব্যবস্থা করতে হবে।

তারপর হচ্ছে দেশের শিল্পায়নের জন্য বিশেষ প্রচেষ্টা। সেকেন্ড ফাইভ-ইয়ার প্ল্যানএ শিল্পায়নের জন্য রাখা হয়েছে মাত্র কয়েক কোটি টাকা, ৭-৮ কোটি টাকা। দুটি ছোট ছোট স্পিনিং মিল হবে। ইন্ডাস্ট্রিয়াল প্ল্যান ফর দি নেক্সট ফাইভ-ইয়ার্সএ কোক-ওভেন প্ল্যান্ট হবে ব্যস! যেটুকু শিল্পায়ন হচ্ছে ভাল, কিন্তু দুঃখ হচ্ছে বিধানবাবু পাবলিক সেক্টারে ব্যাপক শিল্পায়নের বিরুদ্ধে। তিনি শিল্পপতিদের মুখপাত্র। সেকেন্ড ফাইভ-ইয়ার প্ল্যান-এ ভারী শিল্প প্রতিষ্ঠা এবং পাবলিক সেক্টরএর ওপর জোর দেওয়া—এই ধারণার বিরুদ্ধে মুনাফা-খোরদের যে জেহাদ গড়ে তোলা হয়েছিল তার একদিকে শ্রীবিধান চন্দ্র রায়, আর অন্যদিকে ম্যাকনীল ব্যারী, জার্ডিন হেন্ডার্সন প্রমুখ বিলাতী পুঁজিপতিদের মুখপত্র ক্যাপিটাল পত্রিকা—বেশ মাণিকজোড় জুটে ছিল। ব্যক্তিগত মুনাফাখোরদের মুনাফালাভের সুযোগ ত ক'রে দিতে হবে! বিধানবাবু তাঁদের বিরুদ্ধে যেতে পারেন না। তাহলে আর রাজত্ব করে লাভ কী? এই প্রোগ্রাম যদি বদলাতে পারেন তাহলে নিশ্চয়ই সহযোগিতা করব। সেদিন তিন-চার দিন আগে কাগজে স্টেট ফাইনান্স কর্পোরেশন্‌এর কথা দেখলাম। তাঁরা নাকি এদেশে শিল্প-প্রসারের চেষ্টা করবেন। কিন্তু এবারে তাঁরা যা লাভ করেছেন সেই লাভে তাঁরা কোন ডিভিডেন্ট দিতে পারছেন না এবং দুই লক্ষ ৪৫ হাজার টাকা সরকারী তহবিল থেকে দেওয়া হয়েছে। সোস্যালিজম্‌এ আমরা জানতাম যে মালিকের সম্পত্তি জনসাধারণ ভোগ করে, কিন্তু বিধান-বাবুর সোস্যালিজমএ জনসাধারণের সম্পত্তি মালিক ভোগ করবে। এই ধরণের যে প্রচেষ্টা যে দৃষ্টিভঙ্গি তা পরিবর্তন করে যদি বাংলাদেশের বেকার সমস্যা, শ্রমিক সমস্যার সমাধান করতে পারেন নতুন শ্রমমন্ত্রী তাহলে নিশ্চয়ই আমরা সহযোগিতা করব। কিন্তু তাঁরা যে পথে চলেছেন তাতে চলতে থাকলে শুধু লড়াই চলবে। এবং এ বছরের ইলেকশন দেখে আমাদের মনে হয় ক্রমে ক্রমে আমরা তাদের পরাস্ত করতে পারব।

Sjkta. Anjali Khan: Mr. Speaker, I rise to speak a few words in support of the thanks-giving resolution moved by Shri Bimalananda Tarkatirtha for the thought-inspiring speech Her Excellency delivered in this House.

Her Excellency is the first Indian lady to hold the office of the Governor of West Bengal and I, being one of her own sex, feel particular pride in associating myself to offer my sincerest thanks for the excellent speech she delivered.

West Bengal of all provinces in India is particularly problem-ridden and Her Excellency in dealing with them touched upon every aspect which needed immediate attention of the House; whatever the Governor left out were undoubtedly not unnecessary but could wait for future discussions. It is not physically possible to dwell upon everything that occurs on earth. It is the procedure that the Governor shall only deal with some problems which are more important indicating as it were the lines of future course of action which are to be contemplated and evolved by discussion among ourselves. It is equally the practice in parliamentary politics that the Opposition shall speak against it but their discussion should not and ought not to go beyond all bounds of decency.

The Governor has been released to refer to the alarming food situation of the country for which she fitly assigned various causes. Her concern is no less than any of the legislators. Its solution is no doubt an uphill task for which co-operation of all political groups as well as the public outside this House is necessary.

[3-40—3-50 p.m.]

Her Excellency has told us not to get panicky and she assured us that every particle of this year's produce would be consumed here in addition to the wheat, supplied by the Centre. Our Chief Minister has already told us about the alarming situation and the steps his Government adopted as soon as the situation was known.

We are happy that we have not been faced with such a tragedy here as did occur in Russia in 1921 and again in 1932 when lots of people died without food or in China which suffered identically, culminating in deaths of thousands of men, women and children. It is however imperative that the Centre should send immediate aid to relieve the situation.

Her Excellency has also referred to the colossal refugee problem which is a headache to our small State, in the solution of which our economic structure is almost dwindling to nothing. The problem needs a great deal of psychological approach in addition to material and human resources. Thank heavens that the refugees who are squatting in Howrah Maidan and Sealdah Station have been willing to go back to Bettiah. We quite understand their desire to stay in West Bengal but how long can we feed and shelter them. Though we have genuine sympathy for them but even human kindness must end somewhere for their stay here would mean their ruin and death. They should not live on enforced idleness and a nation of beggars depending upon Government charities and doles, but scatter on any part of the good earth and earn a decent living to befit a man.

About 9 millions of them are in India. It is a wonder to the world that India alone is solving this gigantic problem without help from any other foreign country. A miracle is going to be performed in this land in South East Asia and our refugee brothers should co-operate with us to achieve this wonder.

Thank you.

Sj. Susil Das: Mr Speaker, Sir, I was listening the other day to the sonorous recital of the achievements of the Government of West Bengal. It amazed me how a Government responsible to the people could, in the context of the prevailing stress and strain through which this State is passing, suffer from a prosperity complex. Sir, I do not know whether this Government has deliberately chosen a career of cynical indifference to the woes and sufferings of the people whom they have been called upon to govern. I do not know whether they are living in a paradise of their own unrelated to the facts of the situation. Sir, much has been said about the food crisis during the last three days of the debate The food crisis is looming large before us and all other problems that face us today, social, economic, and cultural problems—have been relegated to the background. Sir, I would not repeat what has been said in this House. I would rather try to confine myself to one aspect of the food situation, namely, that there was enough warning in the horizon and if the State Government had acted in time, we would not have found ourselves in this disastrous situation which faces us today. Sir, it was on the 8th of February, 1955 that the Governor addressed this Assembly and told us that there was a carry-over of 9 lakh tons of rice and that 2 lakh tons would be stocked by the Government for the rainy day. We were further told on the 1st of February, 1956 in a similar address that Government had sufficient stock of food with them. Again, Sir, on the 28th of January last, we were told that the gap between the consumption requirements and production this year, would be met by three lakh tons of food imported from the Centre and by a carry-over from

1956. We were also assured, Sir, that the State Government had arranged with the Central Government for enough stock to meet any rainy day. But, Sir, that was on the eve of the General Election. Today, we are in June, 1957 and I would submit, Sir, that June 1957 is not a far cry from January 1957 and we find that all those assurances have vanished into the thin air. There is no stock of reserve, there is no assurance of reserve, there is no statement of any carry-over from 1956 and we are told that we are in a serious food situation. Now, Sir, what had happened in the meanwhile? Either we were fed on false promises in January, 1957 or we are being fed on statistical illusions. I would submit, Sir, the situation today suggests that the Government did not take sufficient care because after the bumper crop of 1953-54, there was a gradual lowering of production.

[3-50—4 p.m.]

The production became less and less as years passed from 1953-54 and 1956-57 but there was no arrangement by the Government to meet the challenge. I would suggest that four factors were operating. There was the rise in prices which ought to have been taken as a foreboding of the future; there was the progressive deterioration in the production of food crop; there was the banning on the export of rice in 1956 by the Government of India; there was the progressive squeeze in the advances by the scheduled banks at the instance of the Reserve Bank of India against purchase of paddy and rice and fourthly, there was another factor—the factor of hoarding. Now this factor has not been seriously attended to by the Government of West Bengal. I do not know the exact reason. Ever since the 1954 when all restrictions were given a go-by the friends of this Government—I mean the profiteers and hoarders—enjoyed a holiday and my submission is that they wanted that their friends should have a continued holiday. But, meanwhile, the Central Government have come with the Essential Commodities Act. Was it not the duty of this Government to go on bended knees before the Central Government and persuade the President to declare an Ordinance to save millions of the people of West Bengal from starvation and gradual death? I have a few minutes at my disposal. There are several questions to be discussed—the question of agriculture, the question of education, etc. Our educational administration is in a state of chaos but I would restrict myself to one or two points only.

There was another commodity also in which the profiteers and hoarders had found a happy hunting ground, namely, I may mention sugar by the way and you all know what happened in the midnight of 15th May after the new excise duty was imposed on sugar. The sugar barons of Calcutta and for the matter of that Bengal have earned during a single night more than 50 lakh of rupees on the available stock at the cost of the consumers of West Bengal. We have been asked to subscribe to this resolution moved by my friend of the Government side, Shri Bimalananda Tarkatirtha, but I confess that I cannot subscribe to it. They may congratulate themselves on the excellent speech which the Governor has given. It is excellent in English and excellent in composition but for us, who stand for the millions of inhabitants of Bengal who are suffering from penury, hunger and exploitation, it is out of point to join hands with those who have mortgaged the future of West Bengal. With these words I would commend my friends on this side not to subscribe to this motion of thanks and I would request also my friends on the opposite side to follow suit.

Sj. Satya Kinkar Mahato:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, লোকসেবকসংঘের তরফ থেকে গভর্নরের ভাষণের উপর ধন্যবাদ প্রস্তাবের যে সংশোধনী প্রস্তাব দেওয়া হয়েছে তার সমর্থনে দুই-চার কথা বলতে দাঁড়িয়েছি।

আমি মানভূমের এক গ্রাম থেকে এসেছি। যেখানে শিল্পী, মজুর এবং চাষীরা বাস করে। যারা হাল ধরে জমি চাষ করে, আমি সেই চাষীদের মধ্যে একজন। আমরা গ্রামের চাষীমজুর সরকারের কাজকে কি দৃষ্টি দিয়ে দেখি সেই কথাটাই আপনার কাছে জানাই। মাননীয়া গভর্নরের ভাষণে সরকারের বড় বড় কাজের কথা থাকলেও সেটা বাস্তবিক গ্রামের কাছে কতটুকু পৌঁছায় এবং গ্রামের জনসাধারণের তাতে কতটুকু উপকার হয় এই কথাটাই আমি আজ বলছি। সরকারের কাগজে কলমে যত বড় বড় কাজের কথাই থাক আমরা গ্রাম্যজীবনে তার অতি সামান্যই দেখতে পাই। উদাহরণস্বরূপ দুই একটা কথা বলি। আমরা স্বাধীন হওয়ার পরে সরকারের বড় বড় পরিকল্পনার মধ্যে দামোদর ভ্যালি কর্পোরেশন, বড় বড় ইস্পাতের কারখানা, বড় বড় ইঞ্জিনের কারখানার কথা শুনেছিলাম, আর শুনেছিলাম যে এইগুলি সফল করা হয়ে গেলে-পর গ্রামের জনসাধারণের চাষীবাসী সকলেরই অনেক উপকার হবে। তার মধ্যে এই দামোদর ভ্যালি কর্পোরেশনএর সঙ্গে আমরা বিশেষভাবে জড়িত না হলেও তখন যা শুনেছিলাম এবং এখন যা দেখছি এতে সরকারের বড় বড় পরিকল্পনার উপরে আমরা গ্রামের চাষীবাসী জনসাধারণ মোটেই বিশ্বাস করতে পারি না। দামোদর-ভ্যালি কর্পোরেশন হওয়ার সময় শুনেছিলাম যে তা হয়ে গেলে আর বন্যা হবে না এবং বহু লক্ষ একর জমিতে চাষ হবে, হাজার হাজার মণ মাছ হবে এবং সস্তায় বিজলীও বিভিন্ন জিনিস উৎপন্ন হবে। কিন্তু আমি জানিনা যে এগুলির কতটুকু কার্যকরী হয়েছে। দামোদর ভ্যালি কর্পোরেশনএর কাজ ত প্রায় শেষ হয়ে আসছে কিন্তু এবার দেখলাম যেখানে বন্যা হবার কথা ছিল না সেখানে পশ্চিম বাংলার অনেক জায়গা বন্যায় ভেসে গিয়েছে, এবং যে লক্ষ লক্ষ একর জমি চাষ হওয়ার কথা ছিল তার যে কত জমি চাষ হয়েছে তাও জানি না, এবং সস্তায় যে বিজলী হওয়ার কথা ছিল সেখানে দেখছি যে সেটা কেরোসিন তেলের চেয়ে অনেক বেশী খরচ, সস্তা নয়। যাঁরা মাঝে মাঝে পুরুলিয়ায় যাতায়াত করেন তাঁরা শুনেছেন যে, সেখানে দামোদর ভ্যালির বিজলী গিয়েছে কিন্তু তার এত বেশী খরচ যে অধিকাংশ লোকেই তা নিতে পাচ্ছে না। যেখানে লোকে দু-পয়সা খরচ করে কেরোসিনের আলো জ্বালতে পারে না, এতো খরচের বিজলীর আলো জ্বালার কথা একটা প্রহসনের মত হয়ে দাঁড়িয়েছে। দামোদর ভ্যালি কর্পোরেশন হওয়ার ফলে কত যে অধিক জমিতে চাষ হচ্ছে এবং কত হাজার হাজার মণ মাছ হচ্ছে এবং তাতে কতটুকু অন্যান্য উপকার হয়েছে তা জানি না। তারপর বড় বড় ইস্পাতের কারখানা হচ্ছে বটে, কিন্তু আমরা গ্রামের লোক দেখতে পাচ্ছি যে অনেকগুলি ইস্পাতের কারখানা হওয়াতে ইস্পাতের দাম বেড়ে গিয়েছে। আগে যেখানে সাত আনা সের লোহা পেতাম আজ সেখানে দশ আনা সের কিনতে হচ্ছে। ইঞ্জিনের কারখানাও হয়েছে, কিন্তু গাড়ীর ভাড়াও বেড়ে যাচ্ছে। কাজেই এইসব বড় বড় কাজের উপর আমরা খুব বেশী ভরসা করতে পারি না।

এর পরে আমি বলতে চাই--খাদ্য পরিস্থিতির কথা--আজ তিনদিন ধরে শুনলাম যে—এবছর পশ্চিম বাংলায় খুব বেশী খাদ্যের ঘাটতি হয়েছে। আমি মানভূমেও দেখেছি যে তথায় খাদ্যশস্যের মূল্য খুব বেশী না হলেও মানভূমের লোকের কেনবার ক্ষমতা একেবারেই কমে গেছে, কারণ সরকার তরফ থেকে এ বছরে সেখানে কোন কাজই খোলা হয় নাই। এইজন্য সেখানের মজুর শ্রেণীর লোকদের বেকার অবস্থায় দিন কাটাতে হচ্ছে, হাতে পয়সা হচ্ছে না কিনবে কি দিয়ে। ছোট ছোট চাষীদেরও আজকাল খাবারের কষ্ট হচ্ছে কারণ তারাও ঋণ পাচ্ছে না।

তবে আমরা সবেমাত্র বাংলার সঙ্গে যুক্ত হয়েছি, কাজেই বাংলার সব ক্ষেত্রে কিভাবে কাজ চলছে জানি না।

[4—4-10 p.m.]

তবে মানভূমে সরকারী কাজ যেভাবে চলছে, তাতে আমরা গভীরভাবে উপলব্ধি করছি যে এখানেও কাজের ধারা কিরকম হবে।

আমরা আজ বহুদিন ধরে বিহারের শাসনাধীনে ছিলাম। মানভূম চিরদিনই অবহেলিত ও লাঞ্ছিত হয়ে আসছে। আজ পশ্চিম বাংলার সঙ্গে যুক্ত হওয়ার, যে অবস্থাটা ঘটেছে এই খণ্ডিত মানভূমে, তারজন্য বাংলা সরকার অনেকটা পরিমাণে দায়ী আছেন, এবং পুরুলিয়ার

অনেকটা অংশ এখনও বিহারের মধ্যে থেকে গেল, এরজন্যও বাংলা সরকারকে দায়ী হতে হয়েছে। এই খণ্ডিত মানভূম যদিও আজ বাংলার সঙ্গে যুক্ত হয়েছে, তবুও বাংলা সরকার যেন তার দায়িত্ব নিতে রাজী হচ্ছেন না। তার কারণ আমরা দেখতে পাচ্ছি, মানভূমবাসী এতদিন ধরে যেভাবে লাঞ্ছিত, উৎপীড়িত ও বঞ্চিত হয়ে আসছি, এর জন্য বাংলা সরকারের পক্ষ থেকে সত্বর একটা বিশেষ ব্যবস্থা অবলম্বন করা উচিত ছিল, কিন্তু আজ পর্যন্ত তার কিছুই করা হয় নি। এখনও পর্যন্ত, আজ সাত-আট মাস হ'ল বিহার গভর্নমেন্টের সময়ে সরকারী কাজ যেভাবে চলে আসছিল, সেইভাবেই চলছে; শতকরা ৯৫ ভাগ টাকা বোধ হয় বিহার সরকারের তাদের সাক্ষি তৈরি করবার কাজে খরচ করেছেন। সেই সাক্ষি তৈরি করেছেন এইজন্য যাতে বিহারের কোন অংশ পশ্চিম বাংলায় যুক্ত না হয়। মানভূমের লোককে বলতে হবে যে —আমাদের মাতৃভাষা হিন্দী এবং আমরা বিহারমে রয়েংগে। এইজন্য যারা এই কথা বলেছিল ডেভেলপমেন্টএর শতকরা ৯৫ ভাগ টাকা পুরস্কারস্বরূপ তাদেরকেই দিয়েছেন। সেটা হিন্দী স্কুলের নামে এবং ডেভেলপমেন্টএর বাঁধকুয়ার নামে বাংলা সরকার সত্বর এগুলির প্রতিকার না করে আজও সহায়তা কচ্ছেন। আমাদের রাষ্ট্রপালিকা এইসব ক্ষেত্রের কোন কিছু প্রতিকারের কথা না বলার জন্য আমি তাঁর ভাষণের বিরোধিতা ও এই সংশোধনী প্রস্তাবের সমর্থনে এই সকল কথা বলতে বাধ্য হলাম। কাজেই আমাদের সংশোধনী প্রস্তাব সমর্থন করে আমার বক্তব্য শেষ করলাম।

Sj. Nishapati Majhi:

মাননীয় স্পীকার মহাশয়, মাননীয় রাজ্যপালিকা মহোদয়া যে ভাষণ দিয়েছেন এবং যা নিয়ে এখানে পরপর আলোচনা হচ্ছে, তার মধ্যে নিশ্চয়ই অনেক কিছু ভাল জিনিস শোনা গিয়েছে; তবে দুঃখ হয় যে সমষ্টির কল্যাণের জন্য যেগুলি জাতীয় সমস্যা, সেই সমস্যাগুলি সমাধান-কল্পে সকলে একমত হয়ে পথ অন্বেষণের কথা ও সেই পথে চলবার কথা অনেকেই নানাভাবে বললেন। আজকে সবচেয়ে বড় সমস্যা হল জাতির খাদ্য সংগ্রহ করা। সেই খাদ্য সমস্যা যদি কোন রাজনৈতিক দলের সমন্বয়ে উদ্ভব হয়, তাহলে যারা ক্ষুধার্ত, যারা খাদ্যাতুর, যারা সত্যিই আজকের দুর্দিনে দুঃখের শেষ সীমায় পৌঁচেছে, তারাও খাদ্য পাবে না। আমরা এই জিনিসটাকে যদি গভীরভাবে বিবেচনা করি; এবং সকলে মিলে যদি একে একটা জাতীয় সমস্যা বলে মেনে নি, তাহলে নিশ্চয়ই আমরা যারা ক্ষুধার্ত, যারা অন্নাভাবে দিন কাটাতে বাধ্য হচ্ছে, তাদের দুঃখমোচন করতে পারবো। কিন্তু অত্যন্ত দুঃখের ও বেদনার বিষয় যে এই সভায়, এইসব দিকের কোন কথা না বলে, যেমন বিরোধী পক্ষের শ্রী লাহিড়ী মহাশয়, ব্যক্তিগত-ভাবে খানিকক্ষণ ধরে আলোচনা করে সভার সময় নষ্ট করলেন। নানাভাবে অপরকে আক্রমণ করাটাই যেন বড় হয়ে দাঁড়িয়েছে। কালকে শোনা গেল, যে গ্রামে খুব ভালভাবে ও সময়মত সকলের জন্য আংশিক রেশনএর জিনিসপত্র ঠিকমত যাচ্ছে না, রিলিফের কাজ হচ্ছে না ইত্যাদি নানা কথা, সবাই পরপর ভাষার উপর ভাষা দিয়ে বেশ জোরাল করে বললেন। কিন্তু যদি আমরা হিসাব নিই তাহলে দেখা যাবে যে ২-৬-৫৭ তারিখ পর্যন্ত সরকারী বরাদ্দ ছিল ৫ লক্ষ ৬ হাজার মণ চাল বিভিন্ন জেলার জন্য, এবং ৩ লক্ষ ২৫ হাজার মণ গম যাবে বিভিন্ন জেলাতে। হিসাব করে যদি দেখা যায় কতটা গিয়েছে,—১ লক্ষ ৯০ হাজার মণ গিয়েছে গম এবং চাল গিয়েছে ৩ লক্ষ ২৬ হাজার মণ, মোট ৫ লক্ষ ১৬ হাজার মণ। এইরকম যদি আবার একটু হিসাব করা যায় তাহলে দেখা যাবে [এ ভয়েস ফ্রম অপজিসন বেঞ্চঃ সেইসব কোথায় গেল?] মডিফায়েড রেশনিংএর দোকান দু হাজারটা খোলা হয়েছে, পল্লী অঞ্চলে এবং আরও খোলা হবে দেড় হাজার। বর্তমানে পল্লী অঞ্চলে প্রায় পাঁচ লক্ষ জন, এঁরা আংশিকভাবে খাদ্য পেয়েছে। সেইরূপ সহরের মধ্যে দু হাজার বস্তিতে প্রায় তিন লক্ষ পঁচিশ হাজার জন উদ্বাস্তু উপকৃত হচ্ছে। রাজ্যে স্টেট রিলিফএর যারা কাজ করবে, তাদের সংখ্যা দুই লক্ষ ৭০ হাজার। সত্যিই কোন কোন জায়গার মাটি খুব শক্ত হয়েছে, রোদের তেজ খুব বেশী হয়েছে লোকে পরিশ্রম করতে পারছে না, তাদের একটা অচল অবস্থা এসে দেখা দিয়েছে। কৃষিঋণ মে মাস পর্যন্ত ৫৬ লক্ষ টাকা দেওয়া হয়েছে, এবং গেল বছর দুই কোটি টাকা দেওয়া হয়েছে। এ বছর যদি প্রয়োজন হয় সরকার আরও বরাদ্দবৃদ্ধি করে নিশ্চয়ই যথা যথা ব্যবস্থা করবেন।

নদীয়া জেলার ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট, তিনি দুর্গতদের সেবা কার্যে একেবারে ভালভাবে নিযুক্ত আছেন। তিনি প্রতিদিন অনেকক্ষণ, ১৮-১৯ ঘণ্টা হবে, এত সময়, কাজ করছেন, এবং সেখানে খাবার তৈরি করে প্রায় ৫০ হাজার লোককে আজ পর্যন্ত খাওয়াচ্ছেন। বিগত বছর ১৯ লক্ষ টাকা ব্যয় করে বিভিন্ন স্থানে ১১৩৭টি নলকূপ স্থাপিত হয়েছে, আরও ৩০০টা হচ্ছে এবং এ বছর আরও অনেক, শত শত ঐরূপ নলকূপ স্থাপনের সম্ভাবনা আছে, বিশেষ করে পল্লী অঞ্চলে করা হচ্ছে। মাননীয়া রাজ্যপালিকা মহোদয়ার ভাষণ যদি দেখেন, তাহলে দেখতে পাবেন, দুর্গতদের সেবা কার্যে, বন্যা পীড়িতের সেবাকার্যে এবং সত্যি যারা খাদ্যহীন, তাদের রক্ষার কাজে আমাদের সরকার কতটা অগ্রসর হয়েছেন এবং আমাদের আরও কতটা অগ্রসর হওয়া দরকার, সে বিষয় বড় কেউ পরামর্শ দিতে চাচ্ছেন না ; তাঁরা একবাক্যে বলতে চান সরকার কিছুই করছেন না।

[4-10—4-20 p.m.]

মাননীয় অধ্যক্ষ মহাশয়, রাজ্যপালিকার ভাষণের উপর যে আলোচনা চলছে, আমি সংক্ষেপে দু-চারটা কথা এখানে বলবো। ধন্যবাদ জ্ঞাপনের জন্য যে প্রস্তাব আনা হয়েছে সেটা আমি সমর্থন করতে পারি না। এই কথা বলবো যে তাঁর ভাষণ শুনে আমরা হতাশ হয়েছি কেন? কেন না, এরচেয়ে ভাল ভাষণ তিনি দেবেন এইটাই আমরা আশা করেছিলাম। সাধারণ মানুষ আজ হতাশ হয়েছে, নিরাশ হয়েছে. তারা আশা করেছিল এই দ্বিতীয় সাধারণ নির্বাচনের পর পশ্চিমবঙ্গের রাজ্যপালিকা শুধু তাঁর সরকারকে আশীর্বাদ করে, শুধু তাঁর সরকারকে প্রশংসা করে বক্তব্য শেষ করবেন না; সাধারণ মানুষের যে কথা, দেশের যে আবহাওয়া সেটা তাঁর ভাষণের মধ্য দিয়ে, বাংলার সত্যিকারের ছবি ফুটিয়ে তুলবেন, এবং জানাবেন যে এইভাবে কাজ করলে দেশের মানুষের কল্যাণ হবে। কিন্তু তার কোন আভাস তাঁর অভিভাষণের মধ্যে পাই নি। একটা কথা বলেছেন সেটা হচ্ছে এই—'এই মহৎ কার্যে আপনাদের সমবেত প্রজ্ঞা ও স্থির বিচারবুদ্ধি, আপনাদিগকে অনুপ্রাণিত করুক, ইহাই আমার কামনা।' সেই মহৎ কাজে যারা জড়িত, আমি নিশ্চয় বিশ্বাস করি আপনারা তাহাদের স্থায়ী অমর্যাদা ঘটিতে দেবেন না, যাহারা আপনাদের নির্বাচিত করে পাঠিয়েছেন। আমি জিজ্ঞাসা করি আজ এখানে মন্ত্রীই হোন আর সভাই হোন, তাঁরা যেভাবে নির্বাচিত হয়েছেন, তাতে তাঁদের কি উচিত নয়, সেই সমস্ত সাধারণ মানুষের কথা এখানে জোর গলায় বলা? কিন্তু দেখলাম, দুঃখের সঙ্গে বলবো কংগ্রেসের বন্ধুদের মধ্য থেকে একজনও আজকে এই বিধান সভার বাইরে যে আওয়াজ উঠছে, তার এতটুকুও প্রতিধ্বনি করিতেছেন। বন্ধুগণ, এই দ্বিতীয় নির্বাচন সত্যই বিরাট নির্বাচন, তাতে কোন ভুল নেই। কিন্তু তাঁর উচিত ছিল এই নির্বাচনের মধ্যে.........

Mr. Speaker: Mr. Basu, you must address me.

Sj. Amarendra Nath Basu:

ভুল হয়ে গিয়েছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই নির্বাচনের সময়, শাসকগোষ্ঠী যে অন্যায় করেছেন, যে অন্যায়ের সুযোগ গ্রহণ করেছে সরকারী ক্ষমতা হাতে থাকার জন্য, সেগুলি তাঁর দেখিয়ে দেওয়া উচিত ছিল। আমি মফঃস্বলের সকল খবর রাখি না, কিন্তু কলকাতার খবর

রাখি। আমি জানি বিদ্যাসাগর এলাকার খবর, সেই বিদ্যাসাগর এলাকায় গত নির্বাচনের সময় সরকারী সাহায্য যেভাবে বস্তিতে পেণছেছিল; পাঁচ বছর কেন, দশ বছরের মধ্যে সেই সমস্ত বস্তিতে সরকারের কোন লোক ঢোকে নি। কিন্তু নির্বাচনের সময় যেভাবে খাদ্য, ঔষধ প্রভৃতি নিয়ে সেখানে হাজির হয়েছিল, তাতে বেশ স্পষ্টই বোঝা যায় যে, কংগ্রেসকে জেতাবার জন্যই, এই পন্থা তাঁরা অবলম্বন করেছিলেন। এটা যে অন্যায় হয়েছিল, তা মাননীয়া রাজ্যপালিকা মহোদয়া জানেন বলে আমি মনে করি এবং তাঁর এখানে তা উল্লেখ করা উচিত ছিল। এইরকম অনেক জায়গায় বহু ঘটনা ঘটেছে। নির্বাচনের সময় দেখা গিয়েছে কলকাতা শহরের অধিকাংশ মুসলমান ভাইরা কংগ্রেসকে ভোট দিয়েছেন; এবং তারজন্য কংগ্রেস ও শাসকবর্গ যে নজর দিয়ে তাদের দেখতে আরম্ভ করলেন, তার একটা ঘটনা আমি বলবো। তালতলা এলাকা থেকে আট, দশ ব্যক্তিকে গ্রেপ্তার করা হয়েছিল, কেন না, তাঁরা প্রচার করেন যে নির্বাচনে কংগ্রেস হেরে গেল, এবং কলকাতা শহর পাকিস্থানের মধ্যে চলে যাবে। কিন্তু শেষে দেখা গেল, তাদের বিচারের কিছুই হল না, তাদের ছেড়ে দেওয়া হল। এইভাবে মিথ্যা অজুহাতে বউবাজার এলাকায় এবং পার্কসার্কাসএর বহু মুসলমান কর্মীদের উপর হামলা চলে, কিন্তু শেষ পর্যন্ত তাদের ছেড়ে দেওয়া হয়। এইভাবে কাজ করায়, কংগ্রেস শুধু দুর্নাম অর্জন করছে তা নয়, তার দ্বারা আমাদের রাষ্ট্রের যথেষ্ট অকল্যাণ হবে বলে আমি মনে করি। তাঁরা নির্বাচনের কথা এখানে উল্লেখ করেছেন বলেই, আমি এটা এখানে বললাম। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি স্বীকার করি এই নির্বাচন ভারতবর্ষে একটা ইতিহাস সৃষ্টি করেছে। সেই ইতিহাস সৃষ্টি করেছে কংগ্রেসেরই একটি প্রদেশে কমিউনিস্ট পার্টির নেতৃত্বে একটা জনগণের সরকার প্রতিষ্ঠিত হয়েছে, সে হল কেরেলায় ১৯৫৭ সালের শাসন ব্যবস্থা। ১৮৫৭ সালে সিপাহী বিদ্রোহ হয়েছিল; আমি মনে করি স্বাধীন ভারতবর্ষে ১৯৫৭ সালে আর একটা বিপ্লবের বিদ্রহের প্রতিধ্বনী শোনা গেল। আজ সারা ভারতবর্ষের মানুষ ঐ কেরালা সরকারের দিকে চেয়ে আছে। তারা আশা রাখে, সেইভাবে অনুপ্রাণিত হয়ে ভারতবর্ষের সমস্ত মানুষ এগুবে এবং কেরালা সরকারের কাছে ভারতবর্ষের অন্যান্য প্রদেশের সরকারও কিছু কিছু শিক্ষা গ্রহণ করবে। আজকে আমার বক্তব্য কেরালা সরকার কমিউনিস্ট পার্টির নেতৃত্বে শুধু প্রতিষ্ঠিত হয়েছে তা নয়, এ একটা ইতিহাস সৃষ্টি করেছে।

[5-50—6 p.m.]

আজকে সারা ভারতের দিকে চেয়ে দেখলে দেখি তাঁরা সংখ্যায় বেশি হয়েছেন, কিন্তু আমার মনে হয় সেটা বড় কথা নয়। আজকে অন্যদিকে আমরা দেখি প্রত্যেক প্রদেশে বিরোধীদল আগের চেয়ে সংখ্যায় বেশি হয়েছে। জনতা চায় তাদের দুঃখদুর্দশার কথা বিধানসভায় আলোচনা ক'রে যাতে তার লাঘব করা যায়। মাননীয় অধ্যক্ষ মহাশয়, খাদ্য সম্বন্ধে আমি বেশি কিছু বলতে চাই না। ওদিকে থেকে অনেক বন্ধু বলেছেন যে, খাদ্য নিয়ে রাজনীতি করা হয়। মানুষকে খাওয়া-পরা দিয়ে বাঁচিয়ে রাখাই তো আজকের দিনের সবচেয়ে বড় রাজনীতি। গত পাঁচ বছর ধ'রে আমাদের টন, মণ, লক্ষ, কোটি কোটি টাকার কথাই এখানে শুনতে হয়েছে। দুই দিক থেকেই সমানে চিৎকার করেছেন যে দুর্ভিক্ষ আসছে। আমার শ্রদ্ধেয় বন্ধু বঙ্কিমবাবু তাঁর বক্তৃতায় আবেগের সঙ্গে মন্ত্রীমহাশয়কে জানিয়েছিলেন যে দুর্ভিক্ষ আসছে। সহযোগিতার কথা যদি বলেন, আমরা সব সময়ই আপনাদের সঙ্গে সহযোগিতা করতে প্রস্তুত আছি। আজকে যেভাবে খিচুড়ি বিতরণের ব্যবস্থা হয়েছে, মাটি কাটলে কিছু কিছু দেবার ব্যবস্থা হচ্ছে, যেভাবে অল্পমূল্যের দোকান খোলবার ব্যবস্থা হচ্ছে, তাতে দুর্ভিক্ষ কাটানো যাবে না। প্রদেশপালিকার উচিত ছিল স্পষ্টভাবে তাঁর সরকারকে জানিয়ে দেওয়া, কেন বাংলাদেশে ২৩এ তারিখে হরতাল হ'ল, কেন সরকারের বিরুদ্ধে এই হরতাল হ'ল এটা তাঁর সরকারকে জিজ্ঞাসা করা এবং মূল্যবৃদ্ধির বিরুদ্ধে দুর্ভিক্ষ প্রতিরোধ কমিটি যে তের দফা দাবি সরকারের কাছে পেশ করেছিল সেই দাবি নিয়ে বামপন্থী দলগুলির সঙ্গে আলোচনা ক'রে যাতে এই দুর্ভিক্ষ প্রতিরোধ করা যায় তার ব্যবস্থা করা এবং সেটা সম্বন্ধে তাঁর ভাষণে ইঙ্গিত করা উচিত ছিল, কিন্তু তাঁর অভিভাষণের মধ্যে এমন কোন কথা দেখতে পেলাম না। এই দুর্ভিক্ষ থেকে বাংলাদেশের মানুষকে যদি বাঁচাবার উদ্দেশ্য আপনাদের থাকে তবে সেই তের দফা সামনে রেখে সমস্ত দলের সঙ্গে আলোচনা করুন। তাতে নিশ্চয়ই একটা সমাধানের পথ হ'তে

পারে ব'লে আমি বিশ্বাস করি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, সময় দেখছি অত্যন্ত কম। সেজন্য আমি আরেকটা কথা বলব। সেটা হচ্ছে বস্তির কথা। কলিকাতার বস্তি ভাল করবার কথা জানিয়েছেন। নির্বাচনের সময় আমাদের মুখ্যমন্ত্রী মহাশয় সংবাদপত্রে বিবৃতি দিয়েছেন এবং এই ভাষণেও এ সম্বন্ধে উল্লেখ দেখলাম। তাঁদের প্রতি আমার অনুরোধ, বস্তির কাজে ভাল ক'রে নামুন, বস্তিবাসীদের আবার বাস্তুহারা ও ভিটেছাড়া করবেন না। বস্তিগুলির এমনভাবে উন্নতি করুন যাতে বস্তিবাসীরা সেখানে বাস করতে পারে, এমন পরিকল্পনা করুন যে পরিকল্পনার মধ্যে যেসব বাড়ি হবে সেইসব বাড়িতে গরিবেরা বাস করতে পারে। আর দূরের কথা ছেড়ে দিয়ে আজকের দিনের কথা বলুন। আজকে বস্তি উন্নয়নের জন্য সরকারের কি করা উচিত? সেখানে আলো নাই, সেখানে পানীয় জলের ব্যবস্থা নাই, সেখানে রাস্তাঘাট পরিষ্কার করার কোন ব্যবস্থা নাই; অথচ বস্তির মানুষ সমান হারে ট্যাক্স দিয়ে থাকে। তাই তারা যাতে এই সুবিধাগুলি পায় তার ব্যবস্থা করা উচিত। আজ ইনফ্লুয়েঞ্জা রোগে বস্তিগুলি ভ'রে গিয়েছে, সেখানকার শতকরা ৭০ ভাগ মানুষ ইনফ্লুয়েঞ্জা রোগে ভুগছে। কিন্তু সরকারের কোন প্রকার সাহায্য সেখানে পৌঁছায় নি। আমার এলেকা রামবাগানের সাত-আট হাজার মানুষের কাছে এ পর্যন্ত কোন সরকারী সাহায্য পৌঁছায় নি।

Sj. Haridas Mitra:

মাননীয় স্পীকার মহাশয়, মাননীয়া রাজ্যপালিকা যে ভাষণ আমাদের দিয়েছেন আমি মনে করি যে এই ভাষণে যে চিত্র দেওয়া হয়েছে সেই চিত্র সম্পূর্ণ অলীক। স্বপ্নরঙ্গীন এক কল্পনা রাজ্যের চিত্র এই ভাষণে ফুটে উঠেছে। বিশেষ ক'রে বাস্তুহারাদের সম্বন্ধে, বাস্তুহারা মানুষ যারা কলকাতা এবং কলকাতার আশেপাশে বিভিন্ন জায়গায় ব'সে পড়েছে তাদের সম্বন্ধে কোন কথাই এই ভাষণে নাই। লক্ষ লক্ষ মানুষ সরকারের উপর কোন চাপ না দিয়ে নিজেরাই তাদের বাঁচবার ব্যবস্থা ক'রে নিয়েছে, কিন্তু তাদের সম্বন্ধে কোন উল্লেখই নাই। নেহরু সরকার প্রথম যেদিন সরকার গঠন করেন, তিনি এই বাস্তুহারাদের সম্বন্ধে বলেছিলেন—

> "they are of us and will remain of us whatever may happen. We shall be sharers in their good and ill fortunes alike"

কিন্তু আমরা কি দেখলাম? যেসব বাস্তুহারা পূর্ববঙ্গ থেকে এসেছে বাংলা সরকার তাদের জন্য কোন প্রকার স্কীম করেন নি, তাদের পুনর্বাসনের জন্য কোন প্রকার ব্যবস্থা আজ পর্যন্ত অবলম্বন করেন নি। মাঠে-জঙ্গলে-ক্যাম্পে নানা জায়গায় আজকে তাদের পাঠিয়ে তাদের একটা যাযাবর জাতিতে পরিণত করা হয়েছে। তার জন্যই শ্রী টি, টি, কৃষ্ণমাচারী পরিষ্কার ভাষায় বলেছেন, এরা ৮০ কোটি টাকা নষ্ট করেছেন। কিন্তু একটা মানুষকেও পুনর্বসতি দিতে পারেন নি। এই মন্তব্য করার পরও এই মন্ত্রীরা রিজাইন করেন নি, সমানে অম্লানবদনে চালিয়ে যাচ্ছেন। আমরা জানি, এই সরকারের পৃষ্ঠপোষক ভাওয়ালকা, পোদ্দার, বিড়লা, এ'দের যে জমি আছে টালিগঞ্জে এবং অন্যান্য নানা জায়গায়, সেখানে এই উদ্বাস্তুরা ব'সে পড়ে সেসব স্থানে সংস্কৃতি ও কলাকেন্দ্র স্থাপন ক'রে মানুষের বাসস্থানের একটা নূতন পদ্ধতি দেখিয়েছে; কিন্তু এই সরকার আজও পর্যন্ত তাদের স্বীকৃতি দেবার কোন বন্দোবস্ত করেন নি। দিনের পর দিন এইসব মানুষকে অনেককিছু ভবিষ্যতের স্বপ্ন দেখাচ্ছেন। কিন্তু সেইগুলো আজও পর্যন্ত রেগুলারাইজ করার কোন ব্যবস্থা করেন নি। এখানে যেসব স্কুল-কলেজ গ'ড়ে উঠেছে, সরকার তাদের কোন সাহায্য দেন না।

[6—6-10 p.m.]

অথচ লক্ষ লক্ষ লোক কলকাতা এবং তার আশেপাশের উপনিবেশে বাস করছে। তারা শুধু একটা জিনিস জানতে চায়। তা হ'ল এই যে সরকার ভবিষ্যতে কোন দিন তাদের জন্য কিছু করবেন কিনা? তারা রাস্তা চায়, আলো চায়, জল চায়—মানুষের বাঁচবার জন্য যে সমস্ত উপকরণ একান্ত দরকার সেই সম্বন্ধে তাদের প্রধান দাবি। কিন্তু সে সম্বন্ধে মাননীয়া রাজ্যপালিকার ভাষণে এতটুকু কথা নেই। আজকে কল্যাণীর জন্য—ডাক্তার রায়ের মানসকন্যার জন্য—সরকার বহু টাকা খরচ করছেন, কিন্তু কলকাতা শহরের আশেপাশে যে সমস্ত ছোটখাট উপনিবেশ গ'ড়ে উঠেছে তার দিকে দৃষ্টি ডাক্তার রায়ের নেই। সেদিক থেকে আমি মনে করি, রাজ্যপালিকার ভাষণ সমর্থনের অযোগ্য।

আমার দ্বিতীয় কথা এই যে, রাজ্যপালিকা তাঁর ভাষণের মধ্যে আর একবার দেখিয়েছেন যে স্টেট ট্রান্সপোর্ট সার্ভিস আমাদের অনেক বিষয়ে সুখসুবিধার মধ্যে নিয়ে গিয়েছে। তিনি সেখানে বলেছেন কুইক ট্রাভেলিং ইত্যাদি ইত্যাদি অনেক কথা বলেছেন। এত বড় পরিহাস বোধ হয় আর কখনও হ'তে পারে না। আমাদের স্মরণে আছে স্টেট বাস প্রথম যেদিন চলেছিল মানুষ তাকে অভিনন্দন জানিয়েছিল, কিন্তু আজকে তারা প্রতিদিন তাকে দু' বেলা অভিশাপ দিচ্ছে। সরকার কয়েক বছর বাস চালানোর পর অভিনন্দনের বদলে এখন অভিশাপ কুড়াতে শুরু করেছেন। আমরা সবাই যারা এখানে উপস্থিত আছি, আমরা জানি এই স্টেট বাস সময়মত ছাড়ে না, অফিস টাইমে বিশেষ ক'রে মেয়েদের স্টেট বাসে চড়া এক অশেষ দুর্গতির ব্যাপার। আট-দশ-পনের-বিশ মিনিট অন্তর একটা স্টেট বাস আসে, যখন এসে দাঁড়ায় তখন পা রাখবার জায়গা থাকে না। পুরুষের পক্ষেই তাতে উঠা কষ্টকর, মেয়েদের পক্ষে তো একেবারেই অসম্ভব ব্যাপার। যারা মোটর চ'ড়ে মোটরে ফ্ল্যাগ উড়িয়ে বাসের পাশ দিয়ে অপেক্ষমান মানুষের গায়ে কাদা ছিটিয়ে সোজা অফিসে পৌঁছে যান তাঁদের পক্ষে অফিসে লেট হয়ে লাল কালির দাগ লাগার ব্যাপার সম্ভব নয়। তারপর দেখুন, ঝর ঝর ক'রে যখন অবিরাম জল পড়ে তখন স্টেট বাসের যাত্রীরা ভিজে যান, জানলাগুলির অবস্থা এরকম থাকে যে বন্ধ করতে গেলে তা করা যায় না। স্টেট বাস সম্বন্ধে যা বলা হয়েছে আমি তাই তার সম্পূর্ণ প্রতিবাদ করি। বিশেষ ক'রে স্টেট বাসের যারা কন্ডাক্টরস, ড্রাইভারস, তাদের অবস্থা শোচনীয়। আট ঘণ্টা ডিউটি করতে হয়, ওভারটাইম ব'লে কোন ব্যবস্থা পর্যন্ত নেই। বাংলা সরকার যখন এই স্টেট বাসে নয়া পয়সা চালু করলেন কেন্দ্রীয় সরকারের বিনিময় হার বদলে দিয়ে তখন সাধারণের সমস্ত বিক্ষোভ ঐ স্টেট বাসের কন্ডাক্টরদের উপর গিয়ে পড়ল। সেন্ট্রাল গভর্নমেন্টের বিনিময় হার বদলে দিয়ে ডাক্তার রায় স্টেট বাসের টিকিটের বেলায় যে নূতন হার চালু করলেন তার জন্য তাঁকে কোন ঝঞ্ঝাট পোয়াতে হ'ল না, সমস্ত লোকের রাগ গিয়ে পড়ল ঐ স্টেট বাসের নিরীহ কন্ডাক্টরদের উপর। সমস্ত দিক বিবেচনা ক'রে মাননীয়া রাজ্যপালিকার এই ভাষণকে আমি সমর্থন করতে অসমর্থ।

The Hon'ble Prafulla Chandra Sen:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এ ক'দিনকার বক্তৃতায় পরিসংখ্যা বা স্ট্যাটিসটিক্স সম্বন্ধে অনেক আলোচনা হয়েছে। সত্যিই স্ট্যাটিসটিক্স সম্বন্ধে আমাদের অনেকের মনে নানা রকম ধারণা আছে। আমাদের স্বর্গীয় রফি আমেদ কিদোয়াই সাহেব যখন কেন্দ্রীয় সরকারের খাদ্যমন্ত্রী ছিলেন তখন তিনি প্রায়ই বলতেন--আমি পরিসংখ্যায় বা স্ট্যাটিসটিক্সে বিশ্বাস করি না--তার উপর আমি নির্ভর করি না। আমি একবার তাঁর কাছে পশ্চিমবাংলার জন্য যখন চা'ল চাইলাম তখন তিনি আমাকে বললেন—কেন তোমাদের পশ্চিমবাংলায় এত লক্ষ টন চা'ল আছে, আমার কাছে আবার চা'ল চাইছ কেন? আমি তাঁকে বললাম—কেন এই যে একটু আগে বললেন পরিসংখ্যায় বা স্ট্যাটিসটিক্সে আমার বিশ্বাস নেই! তখন আবার বললেন—কোন একটা সংখ্যার উপর মানুষকে তো নির্ভর করতে হবে। বাস্তবিক পরিসংখ্যা সম্বন্ধে ভ্রান্ত ধারণা থাকা স্বাভাবিক। কেন না এত বড় একটা দেশ, এই দেশে কোথায় কত জমিতে চাষ হয়েছে, সেই জমিতে কত ফলন হয়েছে, এটা যদি বলা যায় তা হ'লে সাধারণ লোকের মনে তা নিয়ে সন্দেহ হবে এবং তা হয়েও থাকে। তথাপি যদি আলোচনা ক'রে দেখি তা হ'লে বুঝতে পারব যে, পূর্বাপেক্ষা আমাদের খাদ্যের অবস্থার উন্নতি হয়েছে। আমাদের ভারতবর্ষে উৎপাদনের দিক দিয়ে নিশ্চয়ই উন্নতি হয়েছে। আমাদের ভারতবর্ষে ১৯৫১ সালে ২৫১ কোটি টাকার গম এবং চা'ল আমদানি করা হয়েছে। তার পর বৎসর আনা হয় ২০৯ কোটি টাকার; তারপর ক'মে সেটা ৩৩ কোটি টাকা হয়। অবশ্য গত বছর—স্বীকার করছি—৫৬ কোটি টাকার শস্য এসেছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি বুঝতে পারছেন এতে কি এটাই প্রমাণ হচ্ছে না যে আমাদের দেশে খাদ্যশস্যের উৎপাদন বেড়েছে।

[noises and disturbances from the opposition benches.

এ ভয়েস: লাখ না কোটি, মণ না টন?]

আমি বলেছি, ২৫১ কোটি টাকার খাদ্যশস্য বিদেশ থেকে আমদানি করা হয়েছিল। ১৯৫১ সালে অর্থাৎ তার পরের বছর থেকে আমরা প্রথম পঞ্চবার্ষিকী পরিকল্পনার কাজ আরম্ভ করেছি। তারপর ১৯৫২ সালে ২০৯ কোটি টাকার, তারপর কমতে কমতে আমদানি করা

খাদ্যশস্যের মূল্য ৩৩ কোটি টাকা দাঁড়ায় ১৯৫৫ সালে। অবশ্য গত বছর ১৯৫৬ সালে আমরা ৫৭ কোটি টাকা অর্থাৎ ভারত সরকার ৫৭ কোটি টাকার খাদ্যশস্য আমদানি করেছেন। মাননীয় সদস্যগণ নিশ্চয়ই উপলব্ধি করতে পারছেন যে, আমাদের দেশের লোকসংখ্যা এত বাড়া সত্ত্বেও আমাদের খাদ্যের উৎপাদন বেড়েছে এ বিষয়ে সন্দেহ নেই। পশ্চিমবাংলার দিকে যদি দেখি তা হ'লে পশ্চিমবাংলার শোচনীয় অবস্থা সম্বন্ধে কারও মনে বিন্দুমাত্র সন্দেহ থাকবে না। পশ্চিমবাংলার লোকসংখ্যা ১৯৫১ সালের সেন্সাসএ—আদমসুমারীতে—ছিল ২ কোটি ৪৮ লক্ষ। মাননীয় অধ্যক্ষ মহাশয় জানেন যে পশ্চিমবাংলার স্বাস্থ্যবিভাগের প্রচেষ্টার ফলে মৃত্যুর হার অসম্ভব ক'মে গিয়েছে। মৃত্যুর হার পশ্চিমবাংলায় হাজারকরা ১৮·১ ছিল ১৯৪৮ সালে; কিন্তু কমতে কমতে গত বছর সেটা দাঁড়িয়েছে হাজারকরা ৮·২। কাজেকাজেই যেখানে সমগ্র ভারতবর্ষে প্রতি বছর শতকরা লোকসংখ্যা বৃদ্ধির হার হচ্ছে ১·২, সেখানে পশ্চিমবাংলায় কোন বছর হয়েছে ১·৪ এবং গত দুই বছর ধ'রে শতকরা ১·৫০ বৃদ্ধি পেয়েছে। ওদিকে আবার পূর্ববঙ্গ থেকে আমাদের এখানে আশ্রয়প্রার্থী ভাইবোনদের আসা মোটেই কমে নি। ১৯৫১ সাল পর্যন্ত আমাদের পশ্চিমবাংলায় ২০ লক্ষ আশ্রয়প্রার্থী ভাইবোন এসেছিল সেন্সাস নেওয়া পর্যন্ত। তারপর ১৯৫২, ১৯৫৩, ১৯৫৪, ১৯৫৫, ১৯৫৬, ১৯৫৭ সালের মার্চ মাস পর্যন্ত আরও ১২ লক্ষ আশ্রয়প্রার্থী ভাইবোন আমাদের এখানে এসেছে।

[6-10—6-20 p.m.]

পশ্চিমবাংলার আমাদের এই খাদ্যের উৎপাদনের অবস্থা পর্যালোচনা করলে দেখতে পাব যে, ১৯৫১ সাল পর্যন্ত যে পাঁচ বছর হয়ে গিয়েছে সে পাঁচ বছরে চা'লের গড় উৎপাদন ছিল ৩৫ লক্ষ টন। তারপর অর্থাৎ প্রথম পঞ্চবার্ষিকী পরিকল্পনার আমলে এই গড় বেড়ে হ'ল ৪০ লক্ষ টন্। এ বিষয়ে কোন সন্দেহ নাই যে, কেন্দ্রীয় সরকারের কাছ থেকে আমরা ঢের কম পরিমাণ চা'ল নিয়েছি। আপনি আর একটা জিনিস বুঝতে পারবেন, অধ্যক্ষ মহাশয়—আপনার নিজের জেলা—নদিয়া জেলায় আমাদের পশ্চিমবাংলার আশ্রয়প্রার্থী ভাইবোনদের সংখ্যা অত্যধিক বেড়ে গেছে। পার্টিশনের পূর্বে নদিয়া জেলার লোকসংখ্যা ছিল মাত্র ৭ লক্ষ ৫০ হাজারের মতন। সেই লোকসংখ্যা বেড়ে বেড়ে আশ্রয়প্রার্থীদের আগমনের দরুন আজ দাঁড়িয়েছে প্রায় ১৫ লক্ষে। অবশ্য প্রশ্ন থাকতে পারে, আশ্রয়প্রার্থীদের নদিয়া জেলায় বা কেন এত সংখ্যায় গেলেন যে, এখানকার লোকসংখ্যা ৭ লক্ষ থেকে বেড়ে ১৫ লক্ষে দাঁড়াল। অনেক কারণে আশ্রয়প্রার্থীরা নদিয়া জেলাকে বেছে নিয়েছেন। আমাদের পশ্চিমবাংলায় যতগুলি জেলা আছে তার মধ্যে নদিয়া জেলার অবস্থাই সবচেয়ে শোচনীয়। আমি সেখানকার জেলা ম্যাজিস্ট্রেটের কাছ থেকে একটা বিবৃতি পেয়েছি। তাতে তিনি জানিয়েছেন, নদিয়া জেলায় বর্তমানে তিন লক্ষ লোক টেস্ট রিলিফের কাজ করছেন যেখানে সমগ্র পশ্চিমবাংলায় আজকে ৯ লক্ষ লোক টেস্ট রিলিফের কাজে নিযুক্ত। প্রায় ৮০০টি জায়গায় স্কীমের মাধ্যমে যে কাজ চালু আছে সেখানে একমাত্র নদিয়া জেলাতেই তিন লক্ষ লোক টেস্ট রিলিফে নিযুক্ত আছে।

অনেক বিরোধী বন্ধুরা বলেছেন যে, আমরা ভালভাবে আশ্রয়প্রার্থীদের পুনর্বাসনের ব্যবস্থা করতে পারি নি। সত্য কথা, আমরা নিশ্চয়ই পারি নি। আজ আমাদের এই পশ্চিমবাংলার লোকসংখ্যা খুব বেশি এবং পুরুলিয়া এবং কিষণগঞ্জের একটা অংশ পাওয়া সত্ত্বেও আজকে আমাদের প্রতি বর্গমাইলে লোকসংখ্যা দাঁড়িয়েছে ৮৩০ জন। পশ্চিমবাংলায়—হাওড়া বাদ দিয়ে বলছি না—সমগ্র পশ্চিমবাংলার হিসেব ধ'রেই বলছি, প্রতি বর্গমাইলে আজ ৮৩০ জন ক'রে লোকসংখ্যা দাঁড়িয়েছে। বিরোধীদলের আমার অনেক বন্ধু বলেছেন—পশ্চিমবাংলায় অনেক ভূমি আছে, সেখানে আশ্রয়প্রার্থীরা বসতে পারে। অবশ্যই বন্ধুরা জানেন এই পশ্চিমবাংলায় বাঁকুড়া ব'লে একটা জেলা আছে, সেখানে প্রতি বর্গমাইলে ৫০০ লোকও বাস করে না। কিন্তু সেখানে আমরা আশ্রয়প্রার্থী ভাইদের পাঠাতে পারি না। কারণ সেখানে ভূমির উর্বরাশক্তি কম। সেখানে যদি আমরা তাদের পাঠাই তাদের পুনর্বাসনের সুব্যবস্থা হবে না। আমরা যত লোককে সেখানে পাঠিয়েছি তাঁরা কেউ সেখানে থাকতে চান নি, কারণ সেখানে চাষ-আবাদের সুবিধা হ'তে পারে না। আমাদের নদিয়া জেলায় যেমন এক রকমের সমস্যা বাঁকুড়া জেলায় অন্য রকমের সমস্যা। সেখানে জমির উর্বরাশক্তি কম থাকার দরুন যার ২৫ বিঘা নিজের জমি

আছে তাকেও দেখেছি আমাদের টেস্ট রিলিফের কাজে নিযুক্ত হ'তে। সেখানকার জমির উর্বরাশক্তি কম বলেই এটা হয়। আজকে পরিসংখ্যান সম্বন্ধে কারও কারও মনে সন্দেহ থাকলেও পরিসংখ্যানকে স্বীকার করতে হবে। পশ্চিমবাংলার লোকসংখ্যা আজ ২ কোটি ৯০ লক্ষই কিনা তার ঠিক নাই। আগামীতে যে আদমসুমারী নেওয়া হবে তাতে ঠিকমত বুঝতে পারা যাবে যে পশ্চিমবাংলার লোকসংখ্যা কত বেড়েছে। সাধারণত শতকরা দু'জন ক'রে বেড়েছে। পুরুলিয়া এবং কিষণগঞ্জের অংশের দরুন আমাদের এখানে যাঁরা এসেছেন তাঁদের ধরলে ২ কোটি ৯২ লক্ষ লোক হয়। আমাদের ঠিক কতটা প্রয়োজন খাওয়াবার জন্য সেটা বলা বড়ই শক্ত। এক এক জায়গায় তণ্ডুল জাতীয় সিরিয়ল স্থানবিশেষে লোকেরা এক এক রকম খেয়ে থাকেন, কিন্তু যে জায়গায় যে রকম সিরিয়ল খায়—ধরুন, এক জায়গায় চা'ল খায়, অন্য জায়গায় লোকে আটা খায়। সেই আটা এবং চা'ল কতকগুলি গেলেই যে আমাদের খাদ্যসমস্যার সমাধান হ'ল সেটা বলা ভুল। খাদ্যসমস্যার সমাধান সেটা নয়। খাদ্যসমস্যার সমাধান হবে সেই দিন যেদিন আমরা দেশবাসী সকল লোককে সুষম খাদ্য খাওয়াতে পারব। ইউনাইটেড স্টেটস অব আমেরিকাতে প্রচুর ফলন হয়, তাদের যত বাড়তি ফসল সেসব দেশবিদেশে পাঠায়। সেখানকার মানুষ দৈনিক সাড়ে আট আউন্স তণ্ডুল জাতীয় পদার্থ খায়, ইংরেজের দেশে দশ আউন্সের বেশি খায় না, রাশিয়ায় ১৯ আউন্স মাথাপিছু খায়। আমরা ১৫ আউন্স খাচ্ছি, কেউ কেউ ১৭ আউন্স, আবার কেউ কেউ হয়ত ২০ আউন্স খেয়ে থাকেন। কাজেকাজেই মোটামুটি ধরা হয়েছে যে ১৫ আউন্স ক'রে তণ্ডুল জাতীয় পদার্থ খেলে মোটামুটি আমাদের প্রয়োজন মিটতে পারে। মাননীয় মুখ্যমন্ত্রী যে বলেছেন চা'ল কম ক'রে খেতে হবে,—কিন্তু তিনি গরিবদের চা'ল কম ক'রে খেতে বলেন নি। তিনি তাদেরই কম ক'রে খেতে বলেছেন যাদের চা'ল কম খেলে চলে বা যারা চা'লের বদলে গম খেতে পারেন। যারা বেশি পরিমাণে চা'ল খান তাঁরা অসুখে অনেকেই মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে যেয়ে থাকেন এবং অধিকাংশ লোককে তিনি উপদেশ দেন—বাবা, তোমার খাওয়া বড় বেশি হয়ে যাচ্ছে। যারা বেশি খায়............

Sj. Jatindra Chandra Chakravorty:

অন এ পয়েন্ট অব অর্ডার, স্যার, মাননীয় মন্ত্রীমহাশয় যে বক্তৃতা দিচ্ছেন তাতে আমরা আশা করি তিনি যে সংখ্যা দিচ্ছেন সেটা সত্য সংখ্যা হবে [হাস্য]।

Mr. Speaker: Criticism is not a point of order. That is my ruling.

Sj. Jatindra Chandra Chakravorty: On a point of order

Mr. Speaker: I have ruled out your point of order.

Sj. Jatindra Chandra Chakravorty: Sir, I have risen on a point of order.

Mr. Speaker: I have decided the point of order against you. Please accept my decision.

The Hon'ble Prafulla Chandra Sen:

মানুষের প্রয়োজন কত, সত্যই তা হিসেব করা খুব শক্ত। আমরা এমন কৃষক দেখেছি যারা দৈনিক দেড় সের চা'লের ভাত খায়। আবার এমন লোক হামেশা দেখি যারা দৈনিক এক পোয়া খেলে সমস্ত দিন কুলিয়ে যায়। কাজেকাজেই মোটামুটি ধরা হয়েছে যে, ১৫ আউন্স ক'রে দৈনিক তণ্ডুল জাতীয় পদার্থ খেলে আমাদের চ'লে যেতে পারে।

আমার হিসেবের মধ্যে অনেকে ত্রুটি দেখেছেন। আমি একটা ত্রুটির কথা আপনাদের সমক্ষে প্রকাশ করছি। গত বছরে আমন ধানের যা উৎপাদন হয়েছিল সে বিষয়ে সঠিক হিসেব আমরা পেয়েছি। কিন্তু এ বছরে আউশ ধান কতটা উৎপন্ন হবে সেটা আমরা আন্দাজে ধরেছিলাম। কিন্তু এখন আমরা বুঝতে পারছি যে এবারে বৃষ্টির যা অবস্থা তাতে যে পরিমাণ আউশ উৎপন্ন হবে ব'লে আমরা মনে করেছিলাম, হয়তো সে পরিমাণ আউশ উৎপন্ন হবে না। আর একটা কথা অনেকে আলোচনা করেছেন, সমালোচনা করেছেন এবং নিন্দাও করেছেন যে, অনেক লোক বেশি খাচ্ছে। গ্রামের সঙ্গে যাঁদের সম্বন্ধ আছে তাঁরা বুঝতে পারবেন—দশ বছর আগে ভূমির খাজনা ছিল বিঘাপ্রতি ২ টাকা, এখনও বিঘাপ্রতি সেই দু' টাকা খাজনাই আছে। আমরা এক

পয়সা খাজনাও বাড়াই নি। কিন্তু আগে যেখানে এক মণ ধানের দাম ছিল দু' টাকা সেখানে এখন এক মণ ধানের দাম বেড়ে হয়েছে ১২ টাকা। ধানের দাম ছ' গুণ বেড়েছে, কিন্তু কৃষকের দেয় যে খাজনা তা বাড়েনি এবং আমরা এই সভাতে যে ল্যান্ড রিফর্মস অ্যাক্ট পাস করেছি তার ফলে ভূমির খাজনা আরও কমে যাবে। আমি আরামবাগ মহকুমার গোহাট থানায় একটা ঘটনার কথা বলি। পনের বছর আগের কথা। একটি ভদ্রলোক তিনি ৭০ বিঘা জমির মালিক অথচ তাঁর অবস্থা অত্যন্ত শোচনীয় দেখে আমি তাঁকে জিজ্ঞাসা করেছিলাম—হ্যাঁ, মশায়, ৭০ বিঘা জমির মালিক আপনি, আপনার অবস্থা এত খারাপ কেন?

[6-20—6-30 p.m.]

তিনি তার উত্তরে আমাকে বলেছিলেন—মশায়, এ জমি নয়, জমা নয়, এ যম। ফসল যা হয় তার দাম এত কম যে জমির খাজনাও দিতে পারি না। আজ কৃষকের সেই খাজনার হার বাড়ে নাই। সে গোমস্তা হোক, তহশীলদার হোক, তাদের নাকের ডগায় খাজনা ছুড়ে ফেলে দেয়। তার কারণ তাদের হাতে আজ উদ্বৃত্ত থাকছে।

আজ পশ্চিমবাংলার মাননীয়া রাজ্যপালের অভিভাষণে আপনারা দেখেছেন যে পশ্চিমবাংলায় উচ্চ বিদ্যালয়ের সংখ্যা কত বেড়ে গেছে। আমার নিজের অভিজ্ঞতা থেকে বলছি, আরামবাগ মহকুমার বড়দঙ্গল ব'লে একটা গ্রাম আছে, ডক্টর ঘোষ জানেন। সেই গ্রামে ১৯২৬ সালে যখন প্রথম এই উচ্চ বিদ্যালয়টি প্রতিষ্ঠিত হয়, তখন সেখানে ৮০ জন মাত্র ছাত্র ছিল—সকলেই কৃষকের ছেলে। আজ সেখানে ৩২৬ জন ছেলে হয়েছে। এরাও সব কৃষকেরই ছেলে। তারা সবাই বই কিনছে, বেতন দিচ্ছে। কি ক'রে দিচ্ছে? যেহেতু তাদের ক্রয়শক্তি বেড়েছে। পশ্চিমবঙ্গের এক শ্রেণীর লোকের যে ক্রয়শক্তি বেড়েছে, এ বিষয়ে আদৌ কোন সন্দেহ নাই।

আমাদের পশ্চিমবঙ্গে ২৯ লক্ষ লোকের জমি আছে সব ধ'রে। আমি হিসেব ক'রে দেখেছি —সাড়ে চোদ্দ লক্ষ পরিবার তাদের উদ্বৃত্ত ফসল হয়, অথবা তারা খাদ্যে স্বাবলম্বী। এই সাড়ে চোদ্দ লক্ষ পরিবারের মধ্যে দশ লক্ষ পরিবারে—আমি হিসেব ক'রে দেখেছি—৫ ৭ জন লোক প্রায় প্রত্যেক পরিবারে। তা হ'লে এই দশ লক্ষ পরিবারে প্রায় ৫৭ লক্ষ লোক, এদের উদ্বৃত্ত ফসল হয়। অর্থাৎ পূর্বে যাদের ২০ বিঘা জমি ছিল ও ১০০ মণ ধান হ'ত, তারা খাজনা দিতে পারে নাই, ম্যালেরিয়ার চিকিৎসা করতে পারত না, কুইনিন কেনার জন্য টাকা থাকত না, ঘটিবাটি বন্ধক দিতে হ'ত। আজকে সেই পশ্চিমবাংলায় সিনকোনা প্ল্যানটেশনএর সিনকোনা থেকে কুইনিন তৈরি হয়ে জ'মে যাচ্ছে, খরচ হচ্ছে না। কেন? না, আমাদের দেশে একদম ম্যালেরিয়া নাই। এখানে অনেক ডাক্তার আছেন, তাঁরা সবাই সেকথা জানেন। তাই এক শ্রেণীর চাষীর যে অবস্থার পরিবর্তন হয়েছে তা একটু চিন্তা করলেই বুঝতে পারবেন। আজ তাঁরা বেশি কাপড় কিনছেন, তাঁদের ছেলের জন্য প্রাইভেট টিউটর রাখছেন। আজ তাঁদের জীবনযাত্রার মান উন্নত হয়েছে।

[Interruptions.]

Mr. Speaker: I would request honourable members on the left side to permit Mr. Sen to finish his speech uninterrupted. Whether you agree with him or not is an entirely different matter. I appeal to every one of you to permit Mr. Sen to finish his speech uninterrupted.

Sj. Hare Krishna Konar:

স্যার, উনি স্ট্যাটিসটিক্স ভুল বলছেন। আবার ধোঁকা দেওয়া হচ্ছে। সংখ্যাগুলি সংশোধন করতে বলুন দয়া ক'রে।

Mr. Speaker: You may not agree. The only thing is that the motions will be put to vote. There will be general discussion of the budget tomorrow and you will have plenty of opportunity to criticise any speech made in this House and to produce the correct figures. Let Mr. Sen proceed, and I make a personal appeal to you not to interrupt his speech.

Dr. Ranendra Nath Sen:

স্যার চা'লের দাম কেন এত দ্রুত বেড়ে গেল সেটা তাঁর বক্তৃতায় বুঝিয়ে দিতে বলুন।

Mr. Speaker: Wait till he finishes.

The Hon'ble Prafulla Chandra Sen:

আমাদের দেশে আর একটা জিনিস ঘটছে, সেটা সম্বন্ধে, মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনাকে একটু অবহিত করতে চাই। পশ্চিমবাংলায় ১৯৪৭-৪৮ সালে স্বাধীনতা লাভ করবার পর প্রায় আড়াই লক্ষ একর জমিতে পাটের চাষ হ'ত। সকলে জানেন পাট অধিক পরিমাণে জন্মাত পূর্ববাংলায়, আর পশ্চিমবাংলায় একশ'টির উপর চটকল ছিল। পাট না হ'লে সেগুলি বন্ধ হয়ে যাবে। পাকিস্তান যখন আমাদের পাট দিতে অনিচ্ছুক হ'ল তখন আমাদের পশ্চিম-বাংলায় বলা হ'ল পাটচাষ বৃদ্ধি করতে হবে। গত ১৯৪৭-৪৮ সালে যেখানে আড়াই লক্ষ একর জমিতে পাটচাষ হ'ত, আজকে সেখানে দশ লক্ষ একর জমিতে পাটচাষ হচ্ছে। আর পাটের উৎপাদন বেড়ে ২৩ লক্ষ বেল হয়েছে। পশ্চিমবাংলায় কৃষক পরিবার এক লক্ষ হ'তে পারে, দু' লক্ষ হ'তে পারে : যারা পূর্বে দশ কোটি টাকার পাট উৎপাদন করত আজকে সেই কৃষক পরিবারের সংখ্যা বেড়ে পাঁচ লক্ষ হয়েছে, আর তারা ত্রিশ কোটি টাকার পাট উৎপন্ন করছে। নিশ্চয়ই তাদের ক্রয়ক্ষমতা বেড়েছে—এ সম্বন্ধে কোন সন্দেহ নাই। আমাদের দেশে গরিবের উপর ট্যাক্স বাড়ে নাই, বেড়েছে বড়লোকের উপর। আমার কাছে একটা স্ট্যাটিসটিক্স আছে, তাতে যে অঙ্ক আছে সেটা বলছি। বিশ হাজার টাকা যার বছরে আয় তাকে ইনকাম-ট্যাক্স দিতে হয় ৬,৩৩৩ টাকা; ৫০ হাজার টাকা যার ইনকাম তাকে ইনকাম-ট্যাক্স দিতে হয় ১৭,৩২০ টাকা; এক লক্ষ টাকা বছরে আয় হ'লে ইনকাম-ট্যাক্স দিতে হয় ৫৪,৩৭০ টাকা; দু' লক্ষ টাকা যার আয় তাকে ইনকাম-ট্যাক্স দিতে হবে ১,৫১,১২৩ টাকা; তিন লক্ষ টাকা যদি ইনকাম হয় তা হ'লে ২,২৯,২১৭ টাকা; আর পাঁচ লক্ষ টাকা যার আয় হয় তাকে ইনকাম-ট্যাক্স দিতে হবে ৩,৯৫,১৯৫ টাকা।

(Dr. Ranendra Nath Sen:

কত ইভেশন হচ্ছে?)

ইভেশন কিছু কিছু হচ্ছে। পশ্চিমবাংলায় সেলস-ট্যাক্সএ কিছু ইভেশন হ'ত। তবে সেই সেলস-ট্যাক্সএর হার বাড়ে নাই, বরং হ্রাস পেয়েছে। যেখানে বাংলাদেশে পূর্বে দু' কোটি টাকা সেলস-ট্যাক্স আদায় করতাম, সেখানে গত বছর ন' কোটি টাকা সেলস-ট্যাক্স আদায় করেছি। এতে মনে হচ্ছে যে ইভেশন আমরা অনেকটা বন্ধ করেছি। লোকে আরও বেশি ক'রে জিনিস কিনছেন, তাতেও কিছু সেলস-ট্যাক্স বেড়ে গেছে। একজন জিজ্ঞাসা করেছেন—দাম কেন বাড়ল? সেদিন মাননীয়া রাজ্যপাল তাঁর ভাষণে বলেছেন—তিনটা কারণে দাম বেড়েছে; আবার কেউ কেউ বলেছেন চারটি,—হোর্ডিং আর একটা কারণ। আমি বলব হোর্ডিং তখনই হয় যখন দেশে কন্ট্রোল থাকে। ডিকন্ট্রোল যখন হয়েছে, ফ্রী ট্রেড দেশে চলছে, তখন হোর্ডিংএর কথা উঠতে পারে না। তথাপি যদি ধ'রেও নিই যে হোর্ডিং হচ্ছে, আমাদের রাজ্যপাল বলেছেন—যারা সারপ্লাস প্রোডিউসার্স, যাদের বেশি হয়েছে, তারা যদি কিছু কিছু রেখেও দেয়, তা হ'লে সেটার পরিমাণ ৫-৬ লক্ষ টনের মত হ'তে পারে। কেন? কারণ তাদের ক্রয়ক্ষমতা বেড়েছে, ধ'রে রাখবার ক্ষমতা বেড়েছে।

একজন সদস্য জানতে চেয়েছেন, সরকার কত টাকা কৃষিঋণ দিয়েছেন। গত বছর দু' কোটি টাকা দিয়েছেন। এক কোটি টাকার মত সার তাদের বিনা পয়সায় আমরা দিয়েছি। যেখানে বাংলাদেশে ছ' হাজার টন অ্যামোনিয়াম সালফেট আমরা ব্যবহার করতাম, সেখানে গত বছর চাষীরা ৩৭ হাজার টন অ্যামোনিয়াম সালফেট ব্যবহার করেছে। নদীয়া, কালনা, কাটোয়ায় আড়াই হাজার টন অ্যামোনিয়াম সালফেট নষ্ট হয়ে গেছে গত বন্যার দৌরাত্ম্যে। তবুও ৩০-৩২ হাজার টন আমরা ব্যবহার করেছি। গত বছর ৫৫ হাজার একর জমিতে জাপানী প্রথায় ধান চাষ হয়েছে। তার ফলন সাধারণ ফলনের তিন গুণ বেড়েছে। এই রকম এক শ্রেণীর লোকের ক্রয়শক্তি বেড়েছে, এক শ্রেণীর লোক বেশি খাচ্ছে—সে বিষয়ে কোন সন্দেহ নাই।

অনেকে বলেছেন, ব্যাঙ্ক থেকে অনেকে টাকা দিয়েছেন এই ধানচা'লের জন্য। আমি ব্যাঙ্কের একটা হিসেব পেয়েছি—সরকারী হিসেব—গোপন কিছু নয়। গত বছর আমরা দিয়েছিলাম—এখানে আমরা মানে রিজার্ভ ব্যাঙ্ক। সিডিউল্ড ব্যাঙ্ক যেখানে দিয়েছেন পাঁচ লক্ষ টন চা'লের জন্য টাকা অ্যাডভান্স সেখানে ২ কোটি ৮১ লক্ষ টন চা'ল হয়েছে সারা ভারতবর্ষে। গত বছর পাঁচ লক্ষ টন চা'লের জন্য আগাম টাকা তারা দিয়েছিল এবং এবার দিয়েছে চার লক্ষ টন চা'লের আগাম টাকা। ২ কোটি ৮১ লক্ষ টন চা'লের চার লক্ষ টন চা'ল ধরুন ট্রেডাররা রেখে দিয়েছে এবং ধানের কলওয়ালাদের কাছেও নিশ্চয়ই কিছু তো থাকবে!

[6-30—6-40 p.m.]

মাননীয় সদস্যদের মধ্যে অনেকে কন্ট্রোল আবার প্রবর্তিত হোক এটা চান, আবার এমন অনেকে আছেন যারা চান না। একটা কথা আমি এখানে সকলের সামনেই বলব। এই আশ্রয়-প্রার্থীদের পুনর্বাসনের জন্য ৮৬ কোটি টাকা খরচ করা হয়েছে, কিন্তু সকলকে পুনর্বসতি দেওয়া সহজসাধ্য ব্যাপার নয়। চল্লিশ কোটি টাকা রিলিফএর জন্যই খরচ হয়েছে। কিন্তু পশ্চিমবঙ্গে সকলের পুনর্বাসনের ব্যবস্থা করা যেতে পারে না, এটা অসম্ভব। পাঞ্জাবের যারা চ'লে গিয়েছে তারা আড়াই শত কোটি টাকার সম্পত্তি রেখে গিয়েছিল। সেখানে ৩৪০ কোটি ৪৭ লক্ষ টাকা খরচ করা হয়েছে পুনর্বাসনের জন্য। পাঞ্জাবের উদ্বাস্তুদের মধ্যে ২২ লক্ষ লোক বিভিন্ন প্রদেশে ছড়িয়ে পড়েছে। আর আমাদের এখানে তারা কোন সম্পত্তি রেখে যায় নি। যাই হোক, আমরা চাই আশ্রয়প্রার্থীদের পুনর্বাসন হোক এবং এইজন্য আমরা সকলের সহযোগিতা চাই। আমরা বিরোধীপক্ষেরও সহযোগিতা চাই। প্রথমত, আমাদের চেষ্টা করতে হবে আমাদের এই দুঃস্থ ভাইবোনদের যাতে অন্য জায়গায় না পাঠাতে হয়। কেন্দ্রীয় সরকার মস্ত বড় একটা পরিকল্পনা করেছেন দণ্ডকারণ্যে ষাট হাজার বর্গমাইল জায়গা নিয়ে। সেখানে যাতে তাদের সুষ্ঠু পুনর্বাসন হ'তে পারে তার জন্য কেন্দ্রীয় সরকার দায়িত্ব নিতে রাজী আছেন আমি আর বেশি সময় নেব না। আমি প্রথমেই বলেছি, আমাদের দেশেই তাদের পুনর্বাসনের চেষ্টা করব নতুন ক'রে। এজন্য আমরা সকলের সহযোগিতা চাই, এজন্য আরও টাকাও চাই। কেন্দ্রীয় সরকার নিশ্চয়ই আমাদের টাকা দেবেন। আজকে যারা ট্রানজিট ক্যাম্পে ঘুরে বেড়াচ্ছে তাদের পুনর্বাসনের জন্য আমরা আপনাদের সহযোগিতা কামনা করি। মাননীয় অধ্যক্ষ মহোদয়, এই কয়েকটা কথা ব'লে আমি সকলকে অনুরোধ করব তাঁরা যেন মাননীয়া রাজ্যপালিকার ভাষণ ধন্যবাদের সঙ্গে গ্রহণ করেন।

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: Mr. Speaker, Sir, I have listened with patience to the speeches that have been made in this House. Two things have been borne in upon me by the discussions that took place. The first is that the members have had enough opportunity of discussing the problem of the refugees and the food problem during the last three days. In fact, except for casual reference to the speech of Her Excellency the Governor, the bulk of the arguments that have been produced in this House, have been on the matter of food and that is quite natural as the Governor herself has said in Her speech that the food problem would be always present in the mind of everybody in Bengal. The second thing that has been borne in upon me is that criticism has been levelled not so much on what the Governor has said but what I, as a medical man, had unfortunately said something to the Press on a certain occasion. I shall come to that later.

Before I would discuss the Governor's speech I want to make one or two points clear which have been raised by my friend, Shri Jyoti Basu. He said—why should there be four Anglo-Indian nominated to the Assembly and he tried to show that the total number of Anglo-Indians being so small, they do not deserve to have four representatives. Sir, the Constitution lays down that the Governor, if he is of opinion that the Anglo-Indian community needs representation in the Legislative Assembly, shall nominate such

number of members of the community to the Assembly as he considers appropriate. Sir, before partition in the year 1941 in undivided Bengal there were 31,620 Anglo-Indians but they had four representatives. In the year 1951 in West Bengal alone the total number of Anglo-Indians were 31,616 and from the year 1947-52 they were represented by four representatives. In 1952, when the new election took place, the number was reduced to two. This time the Anglo-Indian community and their Association represented to the Government of India as well as the Governor of West Bengal that they should get back their original number and that is why the Governor in Her discretion which is provided for in the Constitution, is of the opinion that the Anglo-Indian Community needs representation and that she could nominate such number of members as she considers appropriate. That is the reason why four were nominated to the Assembly.

The second question that he has raised is that in the matter of fixation of the dates for election as well as the counting of votes, the Government had manipulated the dates according to their wishes and according to their convenience. Let me tell Mr. Basu that the whole of the election was conducted by the Election Commission which has got a statutory position under the Constitution. As a matter of fact, I can disclose the fact that we had represented to the Government of India that the election should have begun after the 15th of March this year when we would have finished our budget But the Election Commission insisted upon the election being conducted earlier and not only that they insisted that the entire election must be completed by the 14th March As regards the counting of votes we have nothing to do except that the Election Commission urged the Chief Election Officer here to provide the Returning Officers in the districts with a certain number of officers. I had made an appeal and it was followed by an appeal from the Chief Secretary that all Heads of Departments and Heads of Directorates would give to the Returning Officers as much help as possible in the matter of providing officers. Barring that, there was no occasion when we were consulted or we were told as to what arrangements had been made and, therefore, this particular proposition of Shri Jyoti Basu has no substance at all.

Sir, about the Corporation election he said that the Corporation election was manipulated for the sake of the Congress Party.

[6-40 – 6-50 p.m.]

As a matter of fact I do not know but Shri Bankim Mukherji seems to think the other day that the clock had been stopped because of the manipulation of this party in order to give more time. All these suggestions are made but the fact was that the Corporation people wanted to put back the Corporation election beyond the 31st March up to which the last Corporation had been extended under the Corporation Act. We refused to accept their proposition and they had to finish their Corporation election before the 31st March. A lot has been said about statistics and my friend Shri P. C. Sen has mentioned various points about statistics. When you are thinking in term of what the country has been able to do or West Bengal has been able to do during the first five years, as pointed out by Mr. Siddartha Roy the fact is we need not go into statistics. We need not take advantage of the Statistical Department for this purpose. You just count for yourself if there has been any increase in seed multiplication farms. Is it a fact that the Bagjola scheme has been done, is it a fact that the Sonarpur-Arapanch scheme has been done, is it a fact that electricity is extended to hundred places in the West Bengal State, is it a fact that the Messanjore Dam has been completed, is it a fact that there are co-operative workings for silk

reelers and mat-makers, is it a fact that 2,260 miles of roads have been constructed or is it a fact that we have twenty thousand beds in place of 14 thousand beds for the hospitals within the last five years, is it a fact that there have been girls' colleges established at Berhampur, at Chinsura, at Jalpaiguri and Burdwan, is it a fact that there have been one thousand tuberculosis beds established during the last five years, is it a fact that more than 1 crore people in the rural areas are getting advantage of controlled water supply? These are facts unless you say that you possess black spots or blind spots in your eye and you cannot see. That is a different matter altogether. But it does not require any statistics. It is true that what we have got is not even one-tenth of what we had expected. It is true that we would like to have more. My friend Dr. Suresh Banerjee suggested yesterday the establishment of six industries in the refugee areas. Am I right? As a matter of fact the position is that all the six have been distributed to different private individuals because Government had not the money to start big industries. About half the money will be paid by the industries concerned. Four have already ordered their machinery. They have taken their land and although my friend Dr. Suresh Banerjee was hardly right when he says that there is no difficulty of water supply. In Taherpur area we have had the greatest difficulty in getting water supply because although we got water from tubewells the man who is in charge of the mills said that the tubewell water, unless it is softened, cannot be utilised for spinning mills. Softening of water means continuous recurring expenditure for this purpose. Therefore, it is a fact that we have been trying to do, only we have not been able to do as fast as we can. Probably my friend Shri Jyoti Basu will agree that I am old and therefore old men lose patience if they do not see things coming out as quickly as possible. I am one of those who are always impatient when there is any delay but there are certain things which we cannot manipulate, foreign exchange for instance. We want to do several things but we are held up because of the foreign exchange problem. We have got to lose many things because we have not been able to collect men and material for undertaking these tasks.

As regards the refugee problem you will probably allow me to give in brief the position as I see it and which I presented to the National Development Council. There are admittedly not less than 30 lakhs of people who have come from East Bengal to West Bengal. It is true that the report of the Relief and Rehabilitation Ministry in the Centre has mentioned the figure 40 because they were considering not the refugees that have come to West Bengal only but they were considering the refugees that have gone to Assam, Tripura and Manipur. If you take the refugees of West Bengal alone the total number of refugees are about 30 or 31 lakhs of which we find that about 92 thousand families have been given appointments under different heads and about 2.88 lakh families have been given house-building loan. Built houses have been given to about .06 lakh families. The Rehabilitation Finance Administration and the Refugee Business Rehabilitation Board have given at higher rates of interest larger sums than is given ordinarily by the Relief Department—about .11 lakh families altogether. There was about 3.9 lakh families or 19.75 lakh persons who have been partially rehabilitated. My own estimate is that not more than 50 per cent. of these have actually been rehabilitated at this standard. The average per capita income of a person in West Bengal, as is estimated by the Planning Commission, is Rs. 25 per month whereas the average income of a refugee even taking those who have been more or less rehabilitated is not more than Rs. 19. Therefore, in order to make the leeway of Rs. 6 we have got to spend some more money otherwise it is not possible. I have pressed that at least 50 to 60 crores would be needed to

rehabilitate these 190 lakh people or about 3.95 lakh families. But that is not all. Of the 31 lakhs 19 lakhs have been accounted for. 3 lakhs are in camps. This comes to 22 lakhs and about 8 lakhs refugees have not either asked for any loan or have not been given any help whatsoever who may require help. At least we may assume that half that number, that is 4 lakhs people or 80 thousand families, would require help in some form or other. Therefore, besides this rehabilitation of 1 lakh 91 thousand people, to make them completely rehabilitated we shall have to spend a few crores. These 3 lakhs people are rather a burden and also at least half of the 8 lakhs will require to be rehabilitated. This is the problem before us.

[6-50—7 p.m.]

We have also got to remember that the exodus does not merely depend upon one particular incident or factor. It depends on various factors and it may be that things may happen about which we know nothing, which may mean larger exodus of people from East Pakistan. I warned the Centre. I said this is the position. I warned in 1948 when I first became the Chief Minister—on the 26th January I wrote to the Prime Minister that at that period there were 10 lakhs of people in West Bengal from East Pakistan and more were likely to come I am not a prophet. I thought that that might likely be the result of the situation.

Sir, the next question that has been raised and I found that some of my Congress friends also have made that mistake as to the meaning of the word at (a) on page 2 of the Governor's Address, namely "a person may eat a little more than the assumed consumption of 15 oz. per day" that does not mean that a man who has nothing to eat he can eat more. (a) is trying to explain why in spite of the fact that crop was not so bad as in 1943, in spite of the fact that we grew 43 lakh tons of cereals, 4 lakh tons go towards wastage, the situation has not improved. We may get a little more help from the Centre yet if you take 15 oz. as the average which nobody would exceed, and if you take all the grains that are produced in Bengal, all the grains that come to the market for use of the people—then only you come to the conclusion that we are in a good position but the position is not good for the following reasons:—

Let us say a man who has got 50 acres-150 bighas of land and he gets 750 mds. of paddy but he does not require more than 50 to 60 mds. of paddy but naturally he might feel tempted to eat more than 15 oz. Why he should take the advice of Dr. Roy to eat less. When I first made the statement,—the Press people you know are in the habit of taking a few words out of your month and not the whole thing—the mistake occurred in this way. What I said was that if there is difficulty in getting rice it is possible to get some other substitute to fill the stomach. Every morning I see 20 to 25 patients in my house and at least 50 per cent. of them suffer from indigestion in some form or other. Without making a stunt I told the Press people that in a large number of cases I do not use any medicine at all but simply ask the patients to regulate their diet and give them some plastules and that cure a very large number of them. Sir, it is not a very serious matter that I shall have to withdraw it. My friend Dr. Chatterji has described me as the Hyde of Lucknow and Jekyl of Calcutta. I may tell Dr. Chatterji that I am Dr. Roy of Lucknow and Dr. Roy of Calcutta. I stand by every word I said.

About our educational system I still say that it has to be remodelled and when I say that I also realise that it is not easy to materialise that vision. I have got to wait for other opportunities. And what I said I said because that was my conviction and I felt that it was impossible to solve educational

problems unless you give better salary to the teachers. In fact if you want to rebuild your country you have got to pay more for your teachers who are the builders of the people of tomorrow. Sir, the whole question is whether I can do it today or tomorrow and it all depends upon circumstances. My friend Shri Prafulla Chandra Sen says that we have got 10 lakhs of people to whom relief is to be given at the rate of ¼ per day and this would require more than Rs. 10 lakhs every day and naturally, therefore, I have to cut down my desire to improve education. In her speech the Governor I thought for the first time has given both the good as well as the bad side of the picture, both of what we have achieved and what we desire to achieve.

Sir, you take the question of unemployment or irrigation projects or medical facilities and congestion in the hospitals, or the principles of education. Who does not know that many of the teachers do not get the salary even what is shown in the books of the Managing Committee. Who does not know that what is signed in the books is not paid to the teachers? Who does not know that what they get is too little to make two ends meet to be able to devote his time and energy for the education of the children of the soil. Who does not know that there are many bustees in Calcutta? Under the leadership of Deshabandhu Chitta Ranjan Das 30 years ago we declared that we would rid Calcutta of the slums. Neither the Corporation nor the Government could undertake the task as it would cost Rs. 100 crores. However it is better to have an ideal before you. It is not that every time you have got to achieve that ideal but a plan must be there and I may hope that before I lay down my office it may not be possible to achieve the ideal but perhaps at least we may at any rate lay down the fundamentals by which the developments on those lines can be achieved.

Sir, the importance of industries has been emphasised. I know Dr. Suresh Chandra Banerji has been one of those who comes and tells me, as I agree with him on this point that it is not possible to solve the unemployment problem unless you improve industry. Unemployment problem of the refugees can only be solved by improving industry. I am moving heaven and earth, so far as I am concerned, to see that this may come to fruition as early as possible. My friend Shri Somnath Lahiri says how is it that although you say that industries have increased yet there is so much retrenchment. I cannot at the present moment give him an answer. I have asked the Labour Minister to collect some statistics so that we might be able to give him a better answer. Sir, I can say this much that an attempt has been made by the Government to try and integrate the big industries with the small ones. Some years ago when Lala Sriram came to open a factory here I told him that while I was thankful to him for opening this industry I suggested to him to integrate the big industries with the small industries—the two helping each other. The workers may not get much remuneration out of this amalgamation of these industries but they would get something to live upon by supplying materials to the big industries. That is what we have got to do. It is true that there is a great deal of work to be done particularly if the work is to be done on a co-operative basis.

[7—7-10 p.m.]

The members will realise that without properly formed co-operatives, the small industries which require raw materials and which require finished goods to be taken away from their hands will not be able to survive the competition of the bigger industries and, therefore, the small industries have to join up under the co-operative system.

Sir, it is true that the Governor said in the last line of her speech that we must all make sacrifices—"we have to stint ourselves and endure hardship". It does not really involve the question of getting less salary or giving up some of my salary. As a matter of fact, when the time comes, I shall give to my friend Shri Somnath Lahiri some statistics as regards the salary that is being paid to the Government officers, but this is not the time for giving it—it is already 7 o'clock. What I can say is that when we ask for sacrifice, it is not so much the question of money but it is the question of ideals and desires. Supposing you want to have a wrist-watch, supposing you want to have a fountain pen, then you have got to sacrifice your desire to get a first-class imported wrist-watch or a first-class imported fountain pen or first-class imported ink because we cannot afford to have imports if we want to make our Second Five-Year Plan a success. This is the main thing which is conveyed by the expression used in the Governor's speech. We have to think in terms of the future. Everyone of us, big or small, should make sacrifice in whatever way we can—it is not for me to dictate, I may give an advice, it may not be accepted or may be accepted. But what I desire to convey to the members of the House is my full approbation of the way in which the thing has been put in the Governor's speech, viz., that we must have determination, that come what will, we shall make the Second Five-Year Plan a success, whatever sacrifices it might involve.

With these words, Sir, I support the motion.

Mr. Speaker: Mr. Basu, on which amendment do you want division?

Sj. Ganesh Ghosh: On No. 3.

Mr. Speaker: There are many new members who do not know how to use the gadgets for voting. Therefore, I have decided that we will give it a trial so that you make no mistake in the matter of voting. I have asked the Secretary to take the necessary steps about it.

Shri Jyoti Basu: You explain first in Bengali.

Mr. Speaker:

কেউ যদি বাটন প্রেস করে সঙ্গে সঙ্গে দেখেন আলো জ্বলল না, আমাদের সেক্রেটারিকে বললে তিনি রেকর্ড রুমে গিয়ে দেখে আসবেন এবং পরে সেখানে ভোটটা কারেক্ট করে নেওয়া হবে।

এখন থার্ড অ্যামেন্ডমেন্টের ডিভিসন চাচ্ছেন? এর আর একবার ট্রায়াল দিচ্ছি এবং রেস্ট অব দি অ্যামেন্ডমেন্ট মুখ থেকে বাচনিক জানতে চাই।

7-10—7-22 p.m.]

The motion of Sj. Subodh Banerjee that the following be added at the end of the address in reply, viz.—

"But regret that no effective measures have been suggested—

(i) to check the growing unemployment in the country;

(ii) to stop retrenchment in mills, factories and offices;

(iii) to start working of the four jute mills since closed down and give work to the labourers who were employed there;

(iv) to lower the cost of living and raise the standard of living of common men;

(v) to distribute lands to the landless peasants and agricultural labourers;

(vi) *to reduce the burden of taxation on the poor and middle-class people;*

(vii) to introduce free medical and education facilities up to higher Secondary Standard to persons of low income group; and

(viii) to end corruption, nepotism in the administration.",

was then put and lost.

The motion of Sj. Renupada Halder that the following be added at the end of the address in reply, viz.—

"But regret that no mention has been made of effective measures the Government want to take—

(i) to stop large-scale eviction of Bargadars from their lands;

(ii) to repair banks and embankments and arrange for proper drainage;

(iii) to give sufficient works to the unemployed population;

(iv) to open cheap grain shops for sale of rice at Rs. 10 per maund;

(v) to distribute agricultural and cattle purchase loans on a large-scale to poor agriculturists; and

(vi) to develop the backward areas of the Sundarbans.",

was then put and lost.

The motion of Dr. Suresh Chandra Banerjee that the following be added at the end of the address in reply, viz.—

"But regret that—

(1) no effective steps have been taken for reduction of the price of rice and other essential commodities and for relief of those who have been hard hit as a result of increase of price through extensive test-relief works, gratuitous relief, fair-price shops, agricultural loan, cattle purchase loan, artisans' loan;

(2) no clear indication has been given as to how the displaced persons from East Bengal will be economically rehabilitated;

(3) no mention has been made as to how the Government proposes to tackle the rapidly growing unemployment problem of the State;

(4) no indication has been given as to how the Government proposes to make the Bengali youths business and industry-minded; and

(5) no mention has been made of any effective measure to be taken by the Government to check corruption in all Government departments.",

was then put and a division taken with the following result:

AYES 89

Abdulla Farooquie Janab Shaikh
Badruddoja, Janab Syed
Banerjee, Sj. Dhirendra Nath
Banerjee, Sj. Subodh
Banerjee, Dr. Suresh Chandra
Basu, Sj. Amarendra Nath
Basu, Sj. Brindaban Behari
Basu, Sj. Chitto
Basu, Sj. Gopal
Basu, Sj. Hemanta Kumar
Basu, Sj. Jyoti
Bera, Sj. Sasabindu
Bhaduri, Sj. Panchugopal
Bhagat, Sj. Mangru
Bhandari, Sj. Sudhir Chandra
Bhattacharjee, Sj. Panchanan

Bhattacharjee, Sj. Shyama Prasanna
Bose, Sj. Jagat
Chakravorty, Sj. Jatindra Chandra
Chatterjee, Sj. Basanta Lal
Chatterjee, Dr. Hirendra Kumar
Chatterjee, Sj. Mihirlal
Chattoraj, Sj. Radhanath
Chobey, Sj. Narayan
Chowdhury, Sj. Benoy Krishna
Das, Sj. Gobardhan
Das, Sj. Natendra Nath
Das, Sj. Sisir Kumar
Das, Sj. Sunil
Dey, Sj. Tarapada
Dhar, Sj. Dhirendra Nath
Dhibar, Sj. Pramatha Nath
Elias Razi, Janab
Ganguli, Sj. Amal Kumar
Ghosal, Sj. Hemanta Kumar
ভুলই ত? তাই আমি বলছি, ভুল বলেছিলেন। তারপর বাজেট রচনায় আজও সেই সনাতন বৃটিশ সাম্রাজ্যবাদী যে পদ্ধতি, জনসাধারণের কাছে গোপন করা; সত্যিকারের আয়-ব্যয় কত, সত্যিই কোন বাবদ কি খরচ হচ্ছে, তা গোপন করবার যে অপূর্ব পদ্ধতি বৃটিশ শাসকরা করেছিলেন, এই বাজেট রচনায় আজও সেই চিরাচরিত প্রথা বাজেটে রয়েছে। তার একটু এদিক ওদিক করা যায় না। শুনেছি এবার কেন্দ্রীয় বাজেটের কাঠামোতে কিছু পরিবর্ত্তন হয়েছে। তাতে এইভাবে হয়েছে, প্ল্যানড ইকনমির উপর আজকে আমাদের লক্ষ্য, তারই জন্য এইভাবে বাজেট রচনা করা হয়েছে। তাতে গভর্নমেন্ট কনজাম্পশান, এক্সপেণ্ডিচার, কারেন্ট ট্রান্সফার আলাদাভাবে দেখান হয়েছে এবং সেভিংস কতটা হয় তা বোঝা যায়। এই রকমভাবে আমার মনে হয় বাজেট রচনা হওয়া উচিত, যাতে সেটা সহজ, পরিষ্কারভাবে জনসাধারণের বোধগম্য হয়। কোন একটা পরিকল্পনায় গভর্নমেন্ট তাঁদের অফিসারদের বেতন বাবদ কত টাকা খরচ করলেন, ও অন্যান্য জিনিষের জন্য কি খরচ করলেন, এবং মোট খরচ করবার পর কি দাঁড়ালো; তা থেকে কিছু আয় হচ্ছে কি না হচ্ছে, কত সেভিংস হচ্ছে, এ যদি বাজেট পড়ে সাধারণ লোক অনুভব করতে না পারে তাহলে গণতান্ত্রিক স্বরাজ রাষ্ট্রের বাজেট আর বৃটিশ সাম্রাজ্যবাদী বাজেটের সঙ্গে প্রভেদটা কোথায়? এটা তাঁরা দেখাবার চেষ্টা বা অনুভব করেন না কেন? যথা আমি বলি ময়ূরাক্ষী প্রজেক্টে কেন ১৫ টাকা শ্রমিকদের উপর একর প্রতি ট্যাক্স ধার্য্য করা হবে? সেটা বুঝতে হ'লে প্রথম ময়ূরাক্ষী প্রজেক্ট করতে কত টাকা খরচ হয়, এবং সেই খরচের ভিতর অফিসারদের কি বেতন দেওয়া হয়েছে ও অন্যান্য কর্মচারীদের কত মাইনে দেওয়া হয়েছে এবং কন্ট্রাক্টরদের কিভাবে কত টাকা দেওয়া হয়েছে, এটা আমাদের স্পষ্ট দেখা চাই। এবং এও দেখা চাই যে এই টাকা ব্যয় হবার পর যে জিনিষ পেলাম, বিদ্যুৎ এবং জল, সেটা সাধারণত কোন কমার্শিয়াল ফার্মস ঐভাবে, ঐ টাকা নিয়োগ করতো কি না? অর্থাৎ ঐ যে বিদ্যুৎ বা আমরা ঐভাবে তৈরী করলাম, তার খরচ, পড়তা কত হতো? ঐ জলের জন্য, যদি মাটিতে বোর ক'রে টিউব-ওয়েল খুঁড়ে করতাম আর ইঁদারা খুঁড়ে করতাম তাহলে তাতে কত কি খরচ পড়তো; এবং সেই খরচের সঙ্গে এই খরচের মিল আছে কি না; কমেনসুরেট কি না? তা ছাড়া আধুনিক বাজারে বর্ত্তমান যে দামে একশো গ্যালন জল পাওয়া যেতে পারে; যে দামে হাজার কিলোওয়াট বিদ্যুৎ পেতে পারি; সেই দামে পাবার পক্ষে সহায়ক হয়েছে কি না, আমাদের ময়ূরাক্ষী প্রজেক্টে যে টাকা ধরা হয়েছে?

The Hon'ble Ajoy Kumar Mukherji:

বাজারে আবার এইভাবে জল বিক্রয় হয় না কি?

Sj. Bankim Mukherji:

বাজারে জল কেনা-বেচা,—এইটুকু যদি সেচমন্ত্রী মহাশয়ের মাথায় না ঢোকে, তাহলে কি বলবো। ঐভাবে বাজারে জল কেনা-বেচার কথা হচ্ছে না। চাষীর জলের দরকার। চাষের জল পেতে গেলে খরচ হয়, সাধারণ বাজার যা চলেছে, সেই বাজারে একটা টিউব-ওয়েল বা একটা ই'দারা বসিয়ে যে টাকা খরচ হয় তার সংগে ময়ূরাক্ষী প্রজেক্টে যে টাকা খরচ হয়েছে তার সামঞ্জস্য আছে কি না? সেটা দেখা দরকার। আমি জানি কেন চাষীকে ঋণ দেওয়া হয়। সমস্ত গ্রামের চাষীকে ঋণ দিয়ে, ই'দারা বা মোটা টিউব-ওয়েল ফ'ুড়ে দেওয়া হয়, এবং তাতে যে খরচ পড়ে, এবং সম-বৎসর ধরে সে যে জল পায় তার যে মূল্য, তার যে ইন্টারেস্ট তা এই ময়ূরাক্ষী প্রজেক্টের জলের মূল্যের চেয়ে চার ভাগের এক-ভাগ হবে। অর্থাৎ বর্ত্তমান গভর্নমেন্টের সেচের জন্য যে পরিকল্পনা গ্রহণ করেছেন তা একেবারে ব্যর্থ হয়েছে, অর্থনৈতিক দিক থেকে। এইটুকুই আমার বক্তব্য। এইভাবে দেশের গরীব লোকের উপর ট্যাক্সের বোঝা চাপিয়ে ছিনিমিনি খেলা হচ্ছে। বড় বড় টিউব-ওয়েল কন্ট্রাক্টরদের দেওয়া বা বড় বড় অফিসার নিয়োগ করবার কোন অধিকার এই গভর্নমেন্টের নেই।

[9-20—9-30 a.m.]

তাকে এটা দেখতে হবে, এই টাকা যেভাবে ব্যয় করা হচ্ছে তাতে করে লাভ হচ্ছে, না লোকসান হচ্ছে: তা না করলে বাজেটে যা দেখান হয় তা ব্যর্থ। এই বাজেটের সংগে সাধারণ মানুষের কি সম্পর্ক আছে? আমাদের দেশের, সাধারণ মানুষের জীবনে যে সংকট দেখা দিয়েছে তা এই বাজেটে প্রতিফলিত হয়েছে? এই খাদ্য সংকট থেকে সাধারণ মানুষের অব্যাহতি পাবার কোন ইংগিত এই বাজেটে আছে? কাজেই এই বাজেটের সংগে, দেশের অবস্থার সংগে সম্পর্ক কোথায়? চিরাচরিত প্রথানুসারে এই বাজেট এক্সপেণ্ডিচার ও কতগুলি গ্রান্ট পাশ করিয়ে নেবেন। অর্থমন্ত্রী মহাশয় যে ষ্টেটমেন্ট দিয়েছেন, যে বিবৃতি দিয়েছেন, এই বাজেট পেশ করবার সময় তাতে আমরা কি পাই? এই পাই যে, তিনি একটা রঙ্গীন চিত্র উদ্ঘাটিত করছেন, কিন্তু তাতে আমাদের এই প্রবলেম ষ্টেটে যে ক্রমেই কালোছায়া ঘনিয়ে আসছে তার পরিচয় নাই। এই যে ষ্টেটমেন্ট, এই ষ্টেটমেন্টে সারা-ভারতের অংক দেওয়া হয়েছে, কত শিল্পোন্নতি হয়েছে, লোকের কত আয় বেড়েছে, এই সমস্ত জিনিষই খালি তাতে দেখান হয়েছে। কিন্তু পশ্চিমবংগে কি হয়েছে সেটা দেখাবার চেষ্টা করেন নি। সারা-ভারতবর্ষের অংক দেখিয়ে পশ্চিমবংগের অংক যে খারাপ তা ঢেকে দেবার চেষ্টা করা হয়েছে। শেষকালে একটা প্রবলেম পোজ করেছেন, যাতে ক'রে মনে হয় এই অন্ধকার থেকে বেরুবার কোন পথ নাই। এই প্রবলেম দিয়েই শেষ করেছেন। এই প্রবলেম আগে দেখান নি কেন? কেন এই প্রবলেম প্রথমে পোজ করলেন না? সেটা না ক'রে বলা হয়েছে আমাদের দেশ অগ্রগতির পথে এগিয়ে যাচ্ছে, ষ্টেট ইণ্ডাস্ট্রি বেড়েছে—তারপর, বাজেটের শেষ দিকে বলছেন সংকটপূর্ণ আমাদের দেশ। এ-থেকে বাজেটের অবস্থা কখনো বোঝা যায়? কাজেই বলতে পারি সমস্ত দেশের সংগে এই বাজেটের কোন সম্পর্ক আছে বা প্রকৃত অবস্থার কোন ইংগিত আছে এই বাজেটে? এই বাজেটে দেশের অবস্থার আভাষ পাওয়া যাবে? আজ বাংলাদেশ নানা বিপর্যয়ে জর্জরিত, দুর্ভিক্ষগ্রস্ত, বেকারের সংখ্যা দিনের পর দিন বেড়ে যাচ্ছে। তারপর, ট্যাক্স বৃদ্ধি হচ্ছে। কেন্দ্রীয় ট্যাক্স বৃদ্ধি হচ্ছে নানা রকম। আমাদের দেশের এই অবস্থায় পরিকল্পনার জন্য তিনি চান আরো ৪॥ কোটি টাকা ট্যাক্স বাড়াবার জন্য। এই অবস্থায় এইটাই হচ্ছে সবচেয়ে আশ্চর্য্যের ব্যাপার। সেখানে তিনি নিজেই বলেছেন যে, আমাদের দেশে আর ট্যাক্স বাড়ান চলতে পারে না। এ-কথা সেকেণ্ড ফাইন্যান্স কমিশন-এর কাছে তিনি নিজেই বলেছেন—

"We noticed that the rate of per capita State taxation was in some years highest in West Bengal and in some years the second highest."

এবং যে মেমোরেণ্ডাম দেওয়া হয়েছিল গভর্নমেণ্ট অফ ওয়েষ্ট বেঙ্গল থেকে তাতে ডাঃ রায় বলেছেন,

"so there is now the maximum exploitation of the constitutional powers of taxation and there is little possibility of any further increase from State resources."

তৎসত্ত্বেও সেকেণ্ড ফাইন্যান্স কমিশন-এর কাছে এ-কথা বলবার পরও তিনি আমাদের কাছে, ওয়েষ্ট বেঙ্গল লেজিসলেচার-এর কাছে ৪॥ কোটি টাকা চান। এখন কি কেন্দ্রীয় সরকার বা ফাইন্যান্স কমিশন বা এই এ্যাসেমব্লী তাঁর কথা সিরিয়াসলি বা বিশেষ বিচারের সঙ্গে নেবে? তিনি এক জায়গায় বলেন যে বাংলাদেশে আর ট্যাক্স করবার কোন সম্ভাবনা নাই। এবং তারপরেই বলেন, ৪॥ কোটি টাকা আরো ট্যাক্স করতে হবে—এই অসঙ্গতির কেমন ক'রে মেটান যেতে পারে? এবং তারপর এই নিয়ে তিনি কালকে সোমনাথ লাহিড়ীর যে প্রশ্ন ছিল তাতে বলেছেন.........

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: Sir, may I interrupt? The words used here are not happy. There is no question of imposing any additional taxation at all. What is meant is to raise additional resources not from fresh taxation but by plugging the loopholes and so on. That is the idea.

Sj. Bankim Mukherji:

যাই হোক, আপনার এই কথায় দরিদ্র পশ্চিমবাংলা কিছুটা আশ্বস্ত হবে যে, নতুন ট্যাক্সের প্রস্তাব এই বৎসরে গভর্নমেন্টের নাই। এইটুকু আমরা আপনার বিবৃতি থেকে উপলব্ধি করি...........

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: Probably Shri Mukherjee did not follow when I read my speech. I deliberately said "to raise additional resources from the existing sources of taxation". I read it out in that way because I felt it was wrongly put.

Sj. Bankim Mukherji:

যাই হোক, তাহ'লে এ্যাডিশনাল রিসোর্সেস অফ ট্যাক্সেশন-এর বিশদ ব্যাখ্যা করে এ্যাসেমব্লীর সময় নষ্ট করার প্রয়োজন নাই। অবশ্য রিসোর্সেস অফ ট্যাক্সেশন আরো আছে। আমাদের দেশের বেকারী সম্বন্ধে সোমনাথ লাহিড়ী দেখিয়েছিলেন যে অন্যান্য প্রদেশে ইণ্ডাষ্ট্রিয়ালাইজেশন হওয়া সত্ত্বেও আমাদের পশ্চিমবাংলায় বেকারী দিন দিন বেড়েই যাচ্ছে। তখন সেখানে ডাঃ রায় বলেছিলেন যে, শ্রমমন্ত্রীর কাছে জিজ্ঞাসা করে পাঠাবেন ষ্ট্যাটিসটিক্স-এর জন্য। আমার মনে হয় অতদূর যাবার প্রয়োজন নাই, তিনি নিজেকেই জিজ্ঞাসা করলে পাবেন। ডাঃ রায় ১৯৫৫-৫৬ সালে বাজেট স্পীচে বলেছিলেন,

"West Bengal is the only State in which factory employment has been decreasing for some years now."

কাজেই এই বেঞ্চ থেকে ঐ বেঞ্চে দৌড়াবার প্রয়োজন নাই, তিনি নিজেকেই জিজ্ঞাসা করলে সোমনাথ লাহিড়ীর কথার যথার্থতা বুঝতে পারবেন। এই বেঞ্চ থেকে ষ্ট্যাটিসটিক্স যা দেওয়া হয় তাতে তাঁর ঘোরতর আতঙ্ক আছে। তবে তাঁদের বেঞ্চ থেকে ষ্ট্যাটিসটিক্স তৈরী করবার যে পদ্ধতি আছে তা খুবই সাংঘাতিক। একটা ষ্ট্যাটিসটিক্স আপনার কাছে আছে, ডেনসিটি অফ পপুলেশন। কলকাতার সঙ্গে বোম্বের মিউনিসিপ্যালিটীর পপুলেশন দেখান যে কলকাতার তুলনায় ⅔ অংশ হচ্ছে বোম্বে মিউনিসিপ্যালিটির। যাই হোক, এই নিয়ে বিতর্ক ক'রে সময় নষ্ট করব না। যে দেশে বার্থ এ্যাণ্ড ডেথ রেজিষ্ট্রেশন হয় না, তার কোন আইন নাই, সেই দেশে আপনারা ক্লেম করেন বাংলাদেশ স্বাস্থ্যসম্পন্ন দেশ, অর্থাৎ, এখানে মর্টালিটি রেট সবচেয়ে কম। এখানে ডেথ রেজিষ্টার হয় না, এখানে এসব রেজিষ্টার করে গ্রামের নিরক্ষর ডোম-চৌকিদার।

ডেথ রেজিস্ট্রেশন হয় না যখন তাহলে পর আর কি হবে? এবং আপনাদের রেজিস্টার করেন কে না গ্রামের নিরক্ষর চৌকিদার। তিনি যা দেন তা আগে ইউনিয়ন বোর্ডে, সার্কেল অফিসার, এস-ডি-ও প্রভৃতি মারফৎ দপ্তরে এসে পেঁাছায় এবং সেটা হচ্ছে গিয়ে বার্থ এবং ডেথ রেজিস্ট্রেশনের একেবারে শেষ সিদ্ধান্ত—তা থেকে স্থির হয় বাংলাদেশে মৃত্যুর হার অত্যন্ত কম হচ্ছে।

[9-30—9-40 a.m.]

The Hon'ble Dr. Bidhan Chandra Roy:

১৯৪৮ সালে সেই লোকটাই করতো।

Sj. Bankim Mukherji:

হ্যাঁ, আজও ১৯৫৭ সালে স্বরাজের ১০ বছর হয়ে যাবার পরও ইংরাজেরা যা চিরকাল করতো চাপরাশির মারফৎ, দেশের খবর নেওয়া, সেই পদ্ধতিই রয়ে গেছে, এ থেকে কিছু পরিবর্ত্তন হয় নি। তারপর, দেখা যাচ্ছে জনসাধারণের উপর ট্যাক্স বৃদ্ধি কিরকম সাংঘাতিক-ভাবে দিনের পর দিন হয়ে চলেছে। ১৯৫০-৫১ সাল থেকে ১৯৫৬-৫৭-র ভেতর দেখা যাচ্ছে ২১·৬৬ কোটি টাকা থেকে ২৮·৬৫ কোটি টাকা হয়েছে এবং আরো ৪৷৷ কোটি টাকা বাড়বে আশা করা যায় অর্থাৎ তাহলে পর ৩৩·১৫ হবে কিন্তু মজা হচ্ছে এই যে, ট্যাক্সের প্রায় শতকরা ৮০ ভাগ হচ্ছে ইনডাইরেক্ট অর্থাৎ গরীবদের উপর পড়বে—এই হ'ল ট্যাক্সেশন। পার ক্যাপিটা ১৯৫০-৫১তে ছিল ৯. ১৯৫৬-৫৭তে ১১, ১৯৫৭-৫৮তে হবে ১২৷৷। এর সঙ্গে যদি কেন্দ্রেরটা যোগ দিই, তাহলে দেখা যায় যে ১৯৫০-৫১তে ২০, ১৯৫৬-৫৭তে ২৪, ১৯৫৭-৫৮তে ৪৩ হবে। এই হ'ল অবস্থা। এইভাবে আমাদের ট্যাক্স ক্রমাগত বেড়ে চলেছে এই গরীব দেশের উপর। আর কেন্দ্রের যা আছে সে সম্বন্ধে আমরা যথাযথভাবে সন্তুষ্ট হতে পারি নি। তারপরে যেভাবে ট্যাক্স রিলিফ দিচ্ছেন, সেটা একটা অবাক কান্ড। ট্যাক্স রিলিফ দেখতে পাচ্ছি ৪০ হাজার টাকা যাদের আয় তারা রিলিফ পাচ্ছে ১ হাজার টাকা, ১ লক্ষ যাদের আয় তারা রিলিফ পাচ্ছে ৩ হাজার ৩৷৷ হাজার টাকা, ২ লক্ষ যাদের আয় তারা ১৬ হাজার টাকা কম ট্যাক্স দেবে অর্থাৎ ষ্টেট ডিউটি এই সমস্ত ট্যাক্স থেকে তাঁরা আশা করছেন ২৷৷ কোটি টাকা, ওদিকে রিলিফ দিচ্ছেন এত টাকা. কংগ্রেস পক্ষ থেকে দাবী হচ্ছে যে তাঁরা সোসালিষ্ট ইকনমির দিকে চলেছেন। এরই সঙ্গে সঙ্গে যদি আমরা দেখি যে এ-দেশের ধনকুবেররা কিভাবে অর্থ লাভ করছেন তাহলে পর অবাক হয়ে যেতে হয়। এই ট্যাক্স বৃদ্ধির সঙ্গে সঙ্গে আপনাদের বুলি আওড়ান শুনলেও অবাক হতে হয়। ১৯৫৬ সালে ১১৯টা বিগ কোম্পানী পশ্চিমবাংলায় ২২·১৭ কোটি টাকা মুনাফা করেছে, আপনাদের সারা পশ্চিমবাংলার যত রেভিনিউ তার অর্দ্ধেক ১ বছরে মুনাফা করেছে, ১১৯টা বিগ কোম্পানী। সমস্ত বৃটিশ ক্যাপিটাল যা পশ্চিমবাংলায় কাজ করে তার ২১টা বৃটিশ কোম্পানী দেখছি তাদের মূলধন হ'ল ৪৪·৮৭ কোটি টাকা, ৪ বছরে তারা লাভ করেছে ৩৩·৫৮ কোটি টাকা—প্রায় মূলধন তুলে নিয়েছে। ৪০টা টী গার্ডেন, যার বেশীর ভাগ হচ্ছে বৃটিশ দখলে, তাদের পেড-আপ ক্যাপিটাল ২·৫৩ ক্রোড়, তারা ২ কোটি টাকা লাভ করেছে ১৯৫০ সালে, ৪·৪০ কোটি টাকা লাভ করেছে ১৯৫৪ সালে।

The Hon'ble Dr. Bidhan Chandra Roy:

ইনকাম-ট্যাক্স বাদে?

Sj. Bankim Mukherji:

তা অবশ্য নয়, তবে হাইয়ার ট্যাক্স রিলিফ দেওয়া হয়েছে। দি ক্যালকাটা ট্রামওয়েজ কোম্পানী—তারও ২·০২ কোটি টাকা ছিল। যাই হোক এই সমস্ত লম্বা তথ্য পড়বার আমার প্রয়োজন নেই। কিন্তু কথা হচ্ছে এই যে, আমাদের গভর্নমেন্ট বলে থাকেন যে আমাদের আর কোন রিসোর্সেস নেই, আমরা কোথায় টাকা পাবো। আমার বক্তব্য হচ্ছে যে টাকা তাঁরা পাবেন। কেন্দ্রীয় সরকারের অবিচার হচ্ছে সে কথা তাঁরা বলেছেন, সে কথা আমরাও বিবেচনা করতে বলি।

জুট, টি প্রভৃতি থেকে এবং ইনকাম-ট্যাক্স সারা-ভারতবর্ষের সবচেয়ে বড় রকমের আয়, এই জায়গা থেকে আসে। সেই আয়গুলো যদি পপুলেশন বেসিসের উপর করা হয়, যে জায়গা থেকে এত ইনকাম-ট্যাক্স উঠে সেই জায়গায় প্রপোরসনেটলি তা পাওয়া উচিত—এই বিষয়ে আমরা ও'দের সঙ্গে একমত এবং এই বিষয়ে আমরা সমস্ত হাউস একবাক্যে কেন্দ্রীয় সরকারের কাছে সেই দাবী করতে পারি। সেই সঙ্গে আমি এ-কথা বলবো যে আমাদের খানিকটা বাধ্যতা আছে কেন্দ্রীয় সরকারের কাছে। যে বিপুল ট্যাক্স ইভেসন হয় কেন্দ্রীয় সরকারের পক্ষে এটা সম্ভব নয় বিভিন্ন রাষ্ট্রে এই ট্যাক্স ইভেসনগুলি আটকান। কলিকাতা থেকে প্রায় অর্দ্ধেক ইনকাম-ট্যাক্স এবং ট্যারিফ ট্যাক্স প্রভৃতি ট্যাক্স কেন্দ্রীয় সরকারের কাছে যায়। যদি কলিকাতায় আমরা এ-বিষয়ে একটু চেষ্টা করি তাহলে পর বৈদেশিক সোস্যালিষ্ট যে বলেছেন প্রায় ৩শো কোটি টাকা ট্যাক্স ইভেসন হয়—তাঁর কথা অনুসারে অন্ততঃ কলিকাতা থেকে প্রায় ১শো কোটি টাকা ট্যাক্স ইভেসন করা হয়—আমরা যদি কেন্দ্রীয় সরকারকে এইটুকুন সহায়তা করি, এই একশো কোটি টাকা ট্যাক্স ইভেসন বন্ধ করার চেষ্টা করি তাহলে পর অন্ততঃ কেন্দ্রীয় সরকারের কাছে আমাদের একটা দাবী করার জোর থাকে। কিন্তু সেই ট্যাক্স ইভেসন বন্ধ করতে গেলে পর যাদের উপর চাপ দিতে হবে সেই চাপ দেবার শক্তি-সামর্থ্য এই গভর্ণমেন্টের আছে কি, আছে অর্থমন্ত্রী মহাশয়ের? এই কথাটা কাল শ্রীসোমনাথ লাহিড়ী মহাশয় বলেছিলেন যে, আপনার সে সামর্থ্য নেই। আজকে ২।৩ দিন ধরে 'ষ্টেটসম্যান' পত্রিকায় আমরা দেখছি যে সমস্ত চাল রেলওয়ে শেডে ভর্ত্তি হয়ে রয়েছে, জাহাজ ঘাটে ভর্ত্তি হয়ে রয়েছে, নূতন ওয়াগন আসতে পাচ্ছে না। দেশে দুর্ভিক্ষ রয়েছে। এসেনশিয়াল কমোডিটিজ এ্যাক্ট যা নূতন সংশোধন হয়ে আইন হোল, কেন তা প্রয়োগ করে ইতিমধ্যে সেই চাল গভর্ণমেন্ট বাজেয়াপ্ত করছেন না, কেন সেই চাল সমস্ত সস্তা দোকানে বিলিয়ে দেবার ব্যবস্থা করছেন না? গভর্ণমেন্টের কি তা করা উচিত নয়? সেগুলি আগে থাকতে দেখে তার একটা ব্যবস্থা করা কি উচিত নয়? "ষ্টেটসম্যান" আর একবার রিপোর্ট করেছে যে আলুর দাম ৮ আনা করে রাখা হয়েছে, রেফ্রিজারেটরের মধ্যে রেখে দেওয়া হয়েছে এবং বর্ষার পর যখন ৷৹, ৷৵ আনা আলুর দর হবে তখন তারা তা ছাড়বে। এগুলি কি সরকার জানেন না, বাংলা সরকার সেগুলি ধরতে পারেন না? এরকমভাবে যারা বড় ব্যবসায়ী, মুনাফাখোর, তাদের উপর জোর দিলে পর আমরা আমাদের দেশের লোকের দুঃখ-দুর্দ্দশার অনেকখানি নিরশন করতে পারি। এবং সবচেয়ে আশ্চর্য্য, আমাদের পশ্চিমবঙ্গ সরকার, তাঁরা চিৎকার করে যান যে আমাদের প্রব্লেম প্রভিন্স, বহু সঙ্কট আমাদের রয়েছে। আমাদের কৃষি বিশেষ নেই, আছে বড় বড় শিল্প, ইণ্ডাষ্ট্রী আছে এবং অর্থমন্ত্রী মহাশয় বিলাপ করেছেন যে বড় শিল্পের আয় আমরা পাই না, সেটা নেয় কেন্দ্রীয় সরকার। এবং কৃষিসম্পদ আমাদের নেই, অতএব আয় আমাদের কম। এই হোল একটা প্রব্লেম, এই প্রব্লেম পোজ করবার সঙ্গে সঙ্গে কি তাঁদের মনে হয় না যে, এই যে এই পশ্চিমবাংলায় বড় শিল্প গড়ে তুলবার যথেষ্ট সম্ভাবনা আছে এবং সেটা ষ্টেট সেকটরের মধ্যে দিয়ে হওয়া উচিত। বিধানবাবু এই বিষয়ে তাঁর মতের পরিবর্ত্তন করবেন কি? কাল শ্রীসোমনাথ লাহিড়ী মহাশয় তুলে ধরেছিলেন যে, আপনি ছিলেন প্রাইভেট সেকটরের মস্ত বড় একটা পাণ্ডা।

[9-40—9-50 a.m.]

বড় বড় শিল্প গড়বার সম্ভাবনা এদেশে রয়েছে। যে মুনাফা দেখালাম সে মুনাফা কেন বিদেশীর হাতে চলে যায়? সেই মুনাফায় কি পশ্চিমবঙ্গ সরকার এ-দেশে শিল্প গড়ে এই মুনাফাকে নিজের করায়ত্ত করতে পারেন না? প্রধানমন্ত্রী মহাশয় বিলাপ করেছেন যে অন্যান্য প্রদেশের শ্রমিকেরা এদেশে এসে এদেশ থেকে কোটি কোটি টাকা নিয়ে যায়। এ-কথা যদি অন্য কেউ বলত তাহলে তার মাথায় বজ্রাঘাত পড়ত কংগ্রেস হাই-কম্যাণ্ড থেকে—যে এত বড় প্রাদেশিকতা! এবং সত্যই আমরা মনে করি যে সেটা প্রাদেশিকতা। ছোটনাগপুরের কুলি, বিহারের শ্রমিক এসে যদি এখান থেকে কিছু নিয়ে যায় তাহলে তাদের দিকে দৃষ্টি পড়লে ডাঃ রায় বেদনায় আপ্লুত হয়ে যান, কেন না, কলিকাতা এই সমস্ত প্রদেশের বন্দর এবং বাণিজ্যিক কেন্দ্র, এবং সেদিক থেকে কলিকাতা সমস্ত অঞ্চল থেকে রস আহরণ করে। কিন্তু কলিকাতা থেকে বিদেশীরা যে ২০ কোটি টাকার বেশী প্রায় ৫০ কোটি টাকা মুনাফা

প্রতি বৎসর নিয়ে যায় সেটার উপর ত দৃষ্টি পড়ল না এবং সারা-ভারতবর্ষ থেকে যে ১০০ কোটি টাকার উপর নিয়ে যায় এবং যার বেশীর ভাগ কলিকাতা থেকে, সেটার উপর দৃষ্টি পড়ল না। অয়েল কোম্পানী ৬০ কোটি টাকা মুনাফা করে কোন কাজ না কোরে—এটার উপরও দৃষ্টি পড়ল না। সেগুলি যদি আমরা আয়ত্ত করি তাহলে রাষ্ট্রের আয় কতখানি বেড়ে যায়। আমাদের সেনসাস রিপোর্টে বলা হয়েছে এবং অনেক অভিজ্ঞ লোক বলেছেন আসানসোল, রাণীগঞ্জ অঞ্চলের কয়লার সমস্ত জিনিষটা যদি বৈজ্ঞানিকভাবে কাজে লাগান হয় তবে তা থেকে কলিকাতা পর্যন্ত এইসব জায়গায় বড় বড় কারখানা গড়ে উঠতে পারবে and the area can be the Ruhr of West Bengal.

তাতে সমস্ত লোহা-শিল্পে এবং নানারকম যান্ত্রিক শিল্পে এ জায়গা উন্নত হয়ে উঠবে এবং লক্ষ লক্ষ লোকের কাজের সম্ভাবনা হতে পারবে। এ সম্ভাবনা আছে, কিন্তু সেদিকে দৃষ্টি নাই। সেগুলি থেকে যা মুনাফার সম্ভাবনা, আর দামোদর ভ্যালি থেকে বিদ্যুৎ ইত্যাদি হ'লে যা সম্ভাবনা—সেগুলি তিনি রেখে দিয়েছেন, তাঁর বন্ধুবান্ধব ধনকুবের, কোটিপতিদের ব্যবহারের জন্য, যাতে তারা সেই থেকে আরও মুনাফা আহরণ করতে পারে।

তারপর, তিনি একটু আক্ষেপ করেছেন যে বাংলাদেশের ডেনসিটি অফ পপুলেশন একটু বেশী। আমি তাঁকে সেনসাস রিপোর্টটা দয়া কোরে পড়তে বলি। তিনি তা পড়বেন কি? তার ১৩৯ পাতায় এবং ১৮৫-১৯১ পাতায় যা আছে, সেই সেনসাস রিপোর্ট অফ ওয়েস্ট বেঙ্গল, পার্ট আই, সম্বন্ধে অনেক অভিজ্ঞ লোকের মুখে শোনা গেছে যে বাংলাদেশের যে সেনসাস রিপোর্ট তা নাকি অভাবনীয় রকম ভাল হয়েছে। কেন্দ্রীয় সেনসাস রিপোর্টের সঙ্গে তুলনা কোরে অনেকে বলেছেন যে বাংলাদেশের সেনসাস রিপোর্টের ভিতর অনেক অভিনব তথ্য আছে এবং বাস্তব দৃষ্টিভঙ্গী আছে। সেই রিপোর্টে ডেনসিটি অফ পপুলেশন সম্বন্ধে বলা হয়েছে—

"Regarding the density of population vast tracts of Midnapore, Bankura, Murshidabad and Cooch Behar districts are improperly developed. Coal resources of Asansol and Ranigunge are proportionately utilised."

তাহলে যথেষ্ট সম্ভাবনা আছে এদেশে সেই ডেনসিটি কমাবার। এর সঙ্গে যদি যোগ করেন "reclamation of vast area of water-logged and marshy lands and development of the Sunderbans without taking any of these measures."

তাহলে কি একটা সুরাহা হয় না? কিন্তু এসব সম্বন্ধে চিন্তা না কোরে ডাঃ রায় ভেবেছেন যে, আর কোন পন্থা নেই। অতএব "দণ্ডকারণ্যং ব্রজ"—চল দণ্ডকারণ্যে। অথচ ঐতিহাসিক এবং বৈজ্ঞানিক দিক থেকে দেখতে গেলে সেই সুন্দরবন অঞ্চল একদিন সমৃদ্ধ সভ্যতার ভূমি ছিল। সেই সুন্দরবন অঞ্চলে ৫ কোটি টাকা বাঁধের জন্য ব্যয় করা হউক, এই দণ্ডকারণ্যের মত জায়গায় ব্যয় করার পূর্বে। রামচন্দ্র পর্যন্ত সেখানে বাস করতে পারেন নি, তাঁকে যাযাবর বৃত্তি অবলম্বন করে এক দেশ থেকে অন্য দেশে যেতে হয়েছিল; আর এখন অভাগা বাঙ্গালীকে সেই জায়গা দেওয়া হবে; কিন্তু ঐ ৫ কোটি টাকা তিনি কি কেন্দ্র থেকে আদায় করতে পারেন না, সুন্দরবনকে 'রি-ক্লেম' করবার জন্য, সুন্দরবন অঞ্চলের উন্নয়নের জন্য? বহু অভিজ্ঞ লোক যে পরিকল্পনা ও উদ্যোগের কথা বলেছেন সেই চেষ্টা করতে পারেন না? পারেন না সেন্সাস বোর্ডে যা রয়েছে সেই সব রি-ক্লেম করতে? তাহলে বুঝতাম যে এই টাকা ব্যয় করলে পর বা উন্নয়নের পর বাঙ্গালীকে সেইখানে বাস করান যায় কি না? সবচেয়ে বড় কথা হ'ল—কৃষি পরিকল্পনা। বাংলাদেশে কৃষির সম্ভাবনা কি শেষ হয়েছে? এখনও বাংলাদেশে যা উৎপাদন হচ্ছে তার দ্বিগুণ ফসল উৎপাদনের সম্ভাবনা রয়েছে। বাংলার মাটি কি ছিল আগে? মাননীয় প্রফুল্ল সেন গতবার বলেছিলেন বিঘা করা দশ মণ থেকে এখন ৪ মণে এসে দাঁড়িয়েছে। তিনি আমাদের বোঝা বোঝালেন যে, আগে ভালভাবে জমি চাষ করা হত, এখন রিক্লেম ক'রে মন্দ জমি চাষ হচ্ছে ব'লে গড় কমে দশ থেকে চারে এসেছে। ভাল জমি যা আগে চাষ করা হ'ত তার অন্ততঃ ৫ গুণ অনুন্নত জমি চাষ করলে তবে গড় চারে নামে। তাহলে এত জমি কি বাংলায় রিক্লেম করা হয়েছে? সামান্য জমি কতকটা

গড় এই পরিমাণ কমল? আজ সেচের ব্যবস্থা হয়েছে, কিন্তু সেই সেচের জন্য ইঁদারার কথা বলায় সেচমন্ত্রী মহাশয় আমাকে ব্যঙ্গ করেছিলেন এবং আমাকে অভিশাপ দিয়েছিলেন আমি যেন কুয়া খুঁড়ে সেই কুয়ার মধ্যে মারা যাই। কিন্তু বাংলার ঐতিহ্য সেচমন্ত্রী মহাশয় দয়া করে পড়বেন। অন্ততঃ তিনি যদি না জানেন ত বিদেশী উইলকস্ সাহেবের লেখা বইখানা পড়ে দেখুন যে, কিভাবে এই নদীমাতৃক দেশে নদীর মুখ খুলে দিয়ে দেশের স্বাস্থ্যোন্নতি এবং সেচের ব্যবস্থা হতে পারে। আজকের দিনে আকাশের মুখ চেয়ে যে থাকতে হয় এত বাংলাদেশে ছিল না। তাই আজকের দিনে প্রশ্ন বড় বড় টিউব-ওয়েল করে দেওয়া। নদীমাতৃক বাংলা নদীর উপর নির্ভরশীল ছিল, এবং তাতেই তার সেচ ব্যবস্থা ছিল এবং দো-ফসলা ফসল হত। কিন্তু আজ একমাত্র ধানের উপর নির্ভর ক'রে বসে থাকতে হয় এবং তাও সম্পূর্ণ আকাশের উপর। এই আকাশমাতৃক বাংলাদেশ কোনদিন ছিল না। এখনও পর্যন্ত মনে করি যে, তার সে সম্ভাবনা রয়েছে, কিন্তু ল্যান্ড এ্যাকুইজিশন এ্যাক্ট করে যেভাবে ল্যান্ড রিফর্মস করেছেন তাতে সে সম্ভাবনার উপায় তাঁরা রাখেন নি। আজ সেই জমি থেকে কৃষককে উচ্ছেদ করা হয়েছে এবং লক্ষ লক্ষ অকৃষককে ৭৫ বিঘার নাম করে সাড়ে ৭ হাজার বিঘা পর্যন্ত বিভিন্ন নামে দেওয়া হয়েছে, যার ফলে ল্যান্ড রিফর্মস এ্যাক্ট এবং এস্টেট এ্যাকুইজিশন এ্যাক্ট প্রহসনে দাঁড়িয়ে গেছে এবং তার ভিতর থেকে কোন সম্ভাবনা দেখি না। গভর্নমেন্ট এই প্রকারে যদি চলেন তাহলে পর অধিকাংশ ক্ষেত্রে কৃষির সম্ভাবনা এখনও আছে। কিন্তু তাঁরা তা করেন নি।

[9-50—10 a.m.]

আরো সম্ভাবনা আছে, বড় শিল্প, যা আমি আগে থেকে বলে এসেছি, যে সমস্ত ইংরাজ কোম্পানী আছে সেগুলিকে ন্যাশনালাইজড করার কথা। কিন্তু এই কথা বললে পরেই আমাদের গভর্নমেন্টের আতঙ্ক হয়। কেন করতে চান না? এইগুলি ন্যাশনালাইজড ধীরে ধীরে করতে পারেন। বড় বড় কোম্পানী—টী গার্ডেনস্, কোল মাইনস, এইগুলি বিক্রয় করে দিচ্ছে। জেসপ তাদের ফার্ম বিক্রয় করে দিয়েছে। এবং কার কাছে দিচ্ছে, বাঙ্গালীর কাছে দিচ্ছে? প্রধানমন্ত্রী মহাশয় অত্যন্ত দুঃখ করে বলেছেন যে কয়েক হাজার লোক কলিকাতা থেকে মাইনে নিচ্ছে। কিন্তু এই ইংরাজরা ১০০ বৎসর লুঠ করবার পর এই সমস্ত কোম্পানীকে অত্যন্ত অসম্ভব মূল্য নিয়ে বিক্রয় করে দিচ্ছে, এটা কি তিনি ঠিক পাচ্ছেন না। ষ্টেট-এর যে প্রিএম্পসন রাইট, আমাদের থাকে তাতে আমরা বলতে পারি যে ন্যাশনালাইজড যদি করতেই চান তাহলে এই কথা অন্ততঃ বলতে পারেন যে তোমরা বিক্রয় করতে পারবে না ষ্টেট ছাড়া। এইভাবে আস্তে আস্তে ন্যাশনালাইজড হতে পারে। আজ ১০ বৎসরের ভিতর অর্দ্ধেক ব্রিটিশ ফার্মস অনেক বেশী টাকায় বিক্রয় করে সেই টাকা মেরে নিয়ে চলে গেল আমাদের দেশ থেকে। এই ১০ বৎসরের মধ্যে এটা আপনারা চিন্তা করতে পারলেন না। এই বিক্রয় যদি করতেই হয়, তাহলে ষ্টেটকে বিক্রয় করতে হবে। এই রাইট অব প্রিএম্পসনও রাখতে পারেন নি। এইভাবে ন্যাশনালাইজেশন হতে পারতো। আজকে যদি পশ্চিমবঙ্গ সরকারের হাতে এইসব বড় শিল্পের মুনাফা থাকতো তাহলে আমাদের এইরকম করে নেবুর উপর ট্যাক্স, ফলের উপর ট্যাক্স ধরবার জন্য হাতড়িয়ে বেড়াতে হ'ত না।

তারপর আমি শুনলাম যে, আমাদের ছোট শিল্প নিয়ে অনেক কথা তিনি বলেছেন এবং আগেও বলেছিলেন, এবং তার জন্য তিনি জাপান পর্যন্ত গিয়েছিলেন। কিন্তু করেছেন কি? বাংলাদেশে যে-সমস্ত ছোট ছোট শিল্প আছে তার মোট আয় ৩ লক্ষ ৯০ হাজার টাকা। তারপর মেটিরিয়ালস লাগে ৭৭ হাজার টাকা এবং তা থেকে প্রায় ১৩ লক্ষ টাকার মত মাল উৎপন্ন হয়। সেখানে যত লোক কাজ করে তার সংখ্যা প্রায় ১০ লক্ষ এবং তার মধ্যে প্রায়—২ লক্ষ হায়ার্ড লোক আছে, তাদের মাইনে ১০ কোটি টাকা, অর্থাৎ মাসিক ৫০ হাজার টাকা। Economic Survey of Small Industries, 1954, page 3,

এর ভিতর দেখতে পাবেন যে মিডিয়াম-এর মধ্যে ৭৫ পার্সেন্ট রেজিস্টার্ড কনসার্নস, যা আছে তা হচ্ছে স্মল ক্যাটাগোরি, ২২ পার্সেন্ট মিডিয়াম ক্যাটাগোরি, আর সামান্য কয়েকটি বড় বড় যা আছে তাদের ক্যাপিটাল হ'ল ৫০ পার্সেন্ট। আর স্মল ক্যাটাগোরি যা হচ্ছে ৭৫ পার্সেন্ট,

তাদের ক্যাপিটাল হ'ল ৩-৪ পার্সেন্ট। এ ছাড়া বহু আন-রেজিস্টার্ড কটেজ ইণ্ডাস্ট্রিজ আছে। সুতরাং এই স্মল ইণ্ডাস্ট্রিজ-এর বিস্তৃতির বহু সম্ভাবনা আছে এবং তাতে ক'রে আমাদের জাতীয় আয় বৃদ্ধিরও সম্ভাবনা আছে। গভর্নমেন্ট কি কোনদিন তাদের ধার খেয়েছেন বা তাদের বিষয় চিন্তা করেছেন? এখানে প্রধান জিনিষ হচ্ছে ক্রেডিট দেওয়া। আজও দেখতে পাচ্ছি যে বেশীর ভাগ টাকা তারা ধার নেয় সুদিজীবীদের কাছ থেকে। গভর্নমেন্টের যে আইন তার মধ্যেও দেখি কোথাও এই রকম ৩ থেকে ১৫ পার্সেন্ট ইন্টারেস্ট নেওয়া হয়। প্রধানতঃ হচ্ছে ল্যাক অফ ফাইন্যান্স এবং তারপর হচ্ছে র' মেটিরিয়ালস না পাওয়া, তারপর সাপ্লাই রেগুলার না পাওয়া। এবং অন্যদিকে মার্কেটিং ফেসিলিটিও তারা পাচ্ছে না। এইসব স্মল ইণ্ডাষ্ট্রির ভিতর অনেকগুলি মেন গ্রুপিংস আছে। তাদের কাজ হচ্ছে ছোট ছোট মেসিন পার্টস তৈরী করা— সিড, মেটাল, ফাউণ্ড্রিজ, নাটস, বোল্ট, এইগুলি তৈরী করে থাকে। এইরকম ১৬টি ইণ্ডাস্ট্রিজ, ছোট ছোট ইণ্ডাস্ট্রিজ

cotton textiles, rice milling, seed, bamboo products, earthenwares, tailors, *mat, rice produce, vegetable oils, etc.*

তার শতকরা ২৩ ভাগ কভার করে। এইজন্য গভর্নমেন্ট থেকে চেষ্টা হচ্ছে, কারণ এদের অভিযোগই বেশী। যে-সমস্ত স্পিনিং ইণ্ডাষ্ট্রি বাংলাদেশের, যা জগৎ বিখ্যাত, তাদের আজকে সুতার জন্য নির্ভর করতে হয় দক্ষিণ ভারতের উপর। আজ তাঁতের কাপড় যখন মিলের সঙ্গে প্রতিযোগিতা করছে, সেই প্রতিযোগিতায় তারা টিকে থাকতে পারছে না। তাই এদের সস্তায় সুতা দিয়ে এবং কাঁসারী প্রভৃতিকে মেটাল শীটস দিয়ে জিনিষ তৈরী করার ব্যবস্থা ডাঃ রায়-এর গভর্নমেন্ট করছেন না। আজ ১০ বৎসরের মধ্যে আমরা দেখতে পাচ্ছি কুটীর শিল্পের প্রতি অত্যন্ত বিমাতাসুলভ ব্যবহার করা হচ্ছে। মহাত্মা গান্ধী, যিনি তাঁর সারা জীবেন এই কুটীর শিল্পকে প্রাধান্য দিয়ে গিয়েছিলেন, তারজন্য মাত্র কয়েক লক্ষ টাকা বরাদ্দ করলেই এই কুটীর শিল্পকে বাঁচিয়ে রাখা যাবে না। এবং মহাত্মা গান্ধীর যে আইডিওলজি, যে সোশ্যালিজম তিনি নিয়ে এসেছিলেন তা শুধু গান্ধী-টুপী মাথায় দিয়ে রাস্তায় ঘুরে বেড়ালেই হবে না। যে কুটীর শিল্প বাংলার জগৎ বিখ্যাত ছিল, এবং প্রায় ২ হাজার বৎসর ধ'রে যে কুটীর শিল্প এই দেশে চলে এসেছে, তার ভবিষ্যৎ সম্ভাবনা এখানেই সবচেয়ে বেশী এবং তারজন্য ডাঃ রায়কে রোমে যাবার প্রয়োজন হয় না। লালা শ্রীরাম-এর কথা তিনি উল্লেখ করেছেন এবং তাঁর কাছে শুনেছেন যে ইন্টিগ্রেটেড ইণ্ডাষ্ট্রিজ কিরকমভাবে করতে হবে। কিন্তু ইন্টিগ্রেটেড ইকনমি কি করে হবে তার কথা তিনি চিন্তা করেন নি। কারণ, একাধারে চরকা স্পিনিং করবেন অন্যধারে লালা শ্রীরাম স্পিনিং মিল করবেন—এটা কিভাবে ইন্টিগ্রেটেড হবে তা আমরা বুঝতে পারি না। কাজেই এইরকম আজগুবি কথা বলে বুঝাতে চেষ্টা করলে চলবে না। আমরা জানি এই সমস্ত না থাকা সত্ত্বেও বাংলার কুটীর শিল্প জগৎ বিখ্যাত ছিল এবং ব্রিটিশ শিল্পের প্রতিযোগিতায় সেটা ধ্বংস হয়েছে। এই শিল্পকে রক্ষা করার ব্যবস্থা করতে হ'লে, বিগ ক্যাপিটাল থেকে আলাদা করে তাদের সস্তায় কাঁচামাল দেবার ব্যবস্থা করতে হবে এবং তাদের সংরক্ষণ করার ব্যবস্থা করতে হবে। তাহলে এটাকে বাঁচিয়ে রাখার সম্ভাবনা দেখা যায়। তাই আমার মনে হয় এই বাজেটের মধ্যে যে-সমস্ত অর্থ চাওয়া হচ্ছে তার জন্য কোন প্ল্যান নেই, পরিকল্পনা নেই, কোন ডিরেকশন নেই। এবং যখন কংগ্রেস সভ্যরা বক্তৃতা দেন, কোন পরিকল্পনার কথা বলেন, তা আমি বুঝবার চেষ্টা করি। বাংলাদেশের এই যে প্রথম ও দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনা এর যোগাযোগ বুঝবার চেষ্টা করি। আমাদের সমস্যা কোথায়? আমাদের সমস্যা হচ্ছে জলের। বাংলাদেশে ৫০ বৎসর আগে ডবল ফসল উৎপন্ন হত; বিধান সভায় এ নিয়ে আমি আগেও উল্লেখ করেছিলাম এবং দেখিয়েছিলাম যে ৩শত বৎসর আগে আমাদের দেশে যে-সমস্ত নদী-নালা ছিল, যা দিয়ে জমিতে পর্য্যাপ্ত পরিমাণে জল সেচ করা যেত এবং সেগুলির উন্নতি করে বাংলাদেশে কৃষিক্ষেত্রের উন্নতি করা যেতে পারতো। কিন্তু সেই ইন্টিগ্রেটেড প্ল্যান কোথায়? এই সমস্ত মোর প্রজেক্ট প্রভৃতি না করে ছোট ছোট সোনারপুর স্কীম-এর মত মাইনর ইরিগেশন-এর ব্যবস্থা করলে জমিতে অনেক বেশী জল দিতে পারতেন এবং তাতে ঢের বেশী কাজ হত। কিন্তু তা না করে কেবল মাষ্টার প্ল্যান করবার চেষ্টা করছেন। এবং এই সমস্ত

মাস্টার প্ল্যান করে বলছেন তাঁরা যে, হ্যাঁ, এত লোককে কাজ দেওয়া হবে এবং সেই মাস্টার প্ল্যান নিয়েই তাঁরা ধীরে ধীরে চলেছেন, কিন্তু কাজ কিছুই হয় না। যেমন ৩০ বৎসর আগে দেশবন্ধু চিত্তরঞ্জন দাস বলে গিয়েছিলেন যে, কলিকাতা থেকে বস্তি উচ্ছেদ করতে হবে। কিন্তু ডাঃ রায় যখন কলিকাতা কর্পোরেশন-এর মেয়র ছিলেন, তখন থেকে আজ পর্যন্ত সেই বস্তি ক্লিয়ারেন্স হ'ল না।

[10—10-10 a.m.]

কালকে ডাঃ রায়ের কথা শুনে আমি তো স্তম্ভিত হয়ে গেছি। এত বড় বৈদান্তিক দৃষ্টিভঙ্গী নিয়ে বাজেট পেশ করা হয়! তিনি বললেন, ৩০ বছর আগে দেশবন্ধু দাশ বলেছিলেন, কলিকাতার বস্তি উচ্ছেদ করতে হবে। লজ্জায় মাথা হেট করা উচিত। তিনি তো মেয়র ছিলেন কলিকাতা কর্পোরেশনের, অন্ততঃ পেছন থেকে তাকে পরিচালনা করতেন; লজ্জায় তাঁর মাথা নিচু হওয়া উচিত। ৩০ বছরে বস্তি ক্লিয়ারেন্স হ'ল না, তা না বলে দিনরাত্র মিথ্যা কথা বলবো। অথচ দেওয়ালে লেখা থাকবে "সত্যমেব জয়তে"; এই হচ্ছে তাঁর আদর্শ। ৩০ বছর ধরে বস্তির উন্নতি হ'ল না, স্লাম ক্লিয়ারেন্স হলো না। এই যে আদর্শ—আচরণ ও আদর্শে যদি মিল না থাকে—তাকে বলে কপটতা। আচরণে ও আদর্শে মিল না থাকার এই যে কপটতা, সেইটাকে তিনি একটা আদর্শ বলে সৃষ্টি করলেন. এই কপটতা আমরা পারি না। আজকে হয়তঃ জিনিষপত্রের দাম বাড়ার জন্য এই কাজ করতে একশো কোটি টাকা লাগতে পারে। কিন্তু সেদিন করলে এত টাকা লাগতো না, হয়ত ২০।২৫ কোটি টাকাতেই এই বস্তি ক্লিয়ারেন্স হতো। সেটা হলে পরে বছরে আরো এক কোটি দু-কোটি টাকা বেশি আয় হতো। সেদিন করলে এর চেয়ে কমে হতো। কিন্তু সেদিকে ছিল ভূমির অধিকারী, ইজারাদার প্রভৃতির স্বার্থ। তাদের স্বার্থের সঙ্গে কর্পোরেশনের যারা কাউন্সিলার, তাঁরা জড়িত। একেই জালান সাহেবের হৃতকম্প হয়, তার উপর যখন বলি এ্যাডাল্ট ফ্রানচাইজ করে দেওয়া হোক, জালান সাহেবের পূর্বতন বন্ধুরা—যারা বড় বড় বাড়ীর মালিক, বস্তির মালিক, তাদের বেদনা অনুভব করে তিনি কম্পিত হন। তাই তো কি করে কলিকাতায় এ্যাডাল্ট ফ্রানচাইজ করি! ডাঃ রায়, কপট--, সে তো বটেই। কপটতাকে আদর্শ করে অসম্ভব তাঁর একটা দার্শনিক মতবাদ প্রচার করলেন। তার জন্য লজ্জা বোধ করা ওদের উচিত ছিল; তা না করে আনন্দ বোধ করলেন। দেওয়ালে লেখা আছে তাঁদের আদর্শ, তাঁরা সেই অনুসারে চলেছেন। দুঃখের বিষয় কলিকাতা কর্পোরেশনে যা হয়েছে, তা এখানে হতে পারে না। এই এসেম্বলীর নেতা, বাংলার রাষ্ট্রনেতা হয় নাই, হতে পারে না। আপনারা দেখেছেন গত দশ বছরে বাংলাদেশে কি রি-এ্যাক্‌সন হয়েছে। পূর্বে কি ছিল বিরোধীদলের অবস্থা! আজ তারা বেড়ে গেল। গত বছর সংখ্যা ছিল ৫০।৬০, আর এবার হয়েছে একশো। আজও বাংলায় সেই অবস্থা আসে নাই, আজও বাংলাদেশ থেকে নিরক্ষরতা যায় নাই, তার জন্যই সম্ভব হয় না পট-পরিবর্ত্তনের।

আর একটা কথা শুনতে পাই ওদিকে থেকে যে আমরা দুর্ভিক্ষ প্রতিকারের জন্য যা করেছি, তার তুলনা হয় না। কালকে ডাঃ রায় বললেন—প্রতিদিন তাঁকে ১০ লক্ষ টাকা খরচ করতে হচ্ছে টেস্ট রিলিফে। কতদিন থেকে খরচ করতে হচ্ছে? আরো কতদিন করতে হবে? এমন দেখালেন যেন সারা বছর ধরে খরচ এইভাবে করতে হচ্ছে প্রতিদিন ১০ লক্ষ টাকা করে। মে মাসের থার্ড উইক ধরে দেখছি কয়েকশো টাকার টেস্ট রিলিফ হয়েছে। কবে থেকে বিধান সভা খুলেছে—এতদিন তার পরিমাণ বেড়ে হয়ত ১০ লক্ষ টাকা হয়েছে। ১০ই জুনের কাছাকাছি মনসুন আসবার সম্ভাবনা; তখন সব কাজ বন্ধ হয়ে যাবে। কাজেই আর হয়ত ১০।১৫ দিনের জন্য টেস্ট রিলিফের কাজ চলবে। আমি মনে করি এর চেয়ে ঢের বেশী প্রয়োজন বাংলার সেচের ব্যবস্থা করা। তাতে বাংলার সম্পদ বাড়ে। সেদিকে তাদের নিয়োগ করা যায়।

কেউ কেউ বলেছেন—দুর্ভিক্ষ হয়েছে বলে আমরা উস্কানি দিচ্ছি—এটা মিথ্যা কথা। এই গভর্নমেন্ট নীতি পরিবর্তন করেছেন। আগে আমাদের লড়াই হতো সস্তা দোকান খোলার জন্য, মিডিয়াম রেশনিং-এর জন্য। তার জন্য মারামারি করতো লোক, গুলি চলতো—টিয়ার গ্যাস চলতো, লোক মরতো। আজকে গভর্নমেন্ট নীতি পরিবর্তন করেছে। আগে

জোর দেন নি। তারপর ডেফিসিট বাজেটএর জন্য অনেক কথা বলা হয়েছে। বর্তমানে আয় ধরা হয়েছে ৬১ কোটি ৮৯ লক্ষ টাকা, আর মোট খরচ করা হয়েছে ৭১ কোটি ১৮ লক্ষ টাকা। তার সংগে আবার আউটসাইড রেভিনিউ অ্যাকাউন্টএ ধরা হয়েছে ১ কোটি ৮৮ লক্ষ টাকা। এই ক'রে টোটাল ডেফিসিট হয়েছে ১২ কোটি ১৭ লক্ষ টাকা। ওপেনিং ব্যালান্স হচ্ছে ৮ কোটি ৭৫ লক্ষ। অতএব অ্যাকচুয়াল ডেফিসিট ধরা হয়েছে ৩ কোটি ৪২ লক্ষ টাকা। এই-রকম ডেফিসিট সমস্ত দেশেই হতে পারে। আমি মনে করি এই বাজেট বেশ ভাল বাজেট হয়েছে। এবং এটাকে ডেফিসিট বাজেট বলা যায় না। নানা কারণে সরকারকে ডেফিসিট বাজেট করতে হয়, তা না হ'লে গভর্নমেন্টএর কাজ চলে না। আরেকটা জিনিস তিনি বলেছেন সেটা খুব আপত্তিজনক। গভর্নমেন্ট যেসমস্ত রিপোর্ট সংগ্রহ করেন তা ইউনিয়ন বোর্ডএর মাধ্যমেই সংগ্রহ করেন। ইউনিয়ন বোর্ড সার্কেল অফিসারকে দেয়, তারপর সার্কেল অফিসারএর মাধ্যমে উপরে আসে। ব্রিটিশ আমলের চাপরাশীদের সংগে ইউনিয়ন বোর্ডগুলির তুলনা করা এবং তাদের চাপরাশীর পর্যায়ে গণ্য করা তাঁর পক্ষে উচিত হয় নি। ইউনিয়ন বোর্ড জন-সাধারণের দ্বারা নির্বাচিত হয়, তারা জনগণের প্রতিনিধিমূলক স্বায়ত্তশাসনমূলক প্রতিষ্ঠান। এই প্রতিষ্ঠানকে ছোট করে এই আইনসভাকে বসা ঠিক হয়েছে ব'লে মনে হয় না। ইউনিয়ন বোর্ডগুলি যেসমস্ত খবর দেন তা ভুল খবর বলা চলে না। তাঁদের প্রেরিত রিপোর্ট একেবারে নির্ভুল তা নাও হতে পারে। তবে তাঁদের প্রেরিত ৯০ ভাগই ঠিক থাকে। সুতরাং ইউনিয়ন বোর্ডএর উপর তিনি যেসমস্ত এ্যাসপার্সান করেছেন তা ঠিক হয় নি। ইউনিয়ন বোর্ডএর মাধ্যমে যেসমস্ত কাজ করা হয় তার সবকিছু খারাপ ব'লে বাতিল ক'রে দিলে আমাদের ডিসেন্ট্রালাইজ করা হয় না, তা হ'লে জনগণের হাতে জনগণের কাছে কোন ক্ষমতাই থাকবে না। এইরূপ বাসনা ও ইচ্ছা আমাদের হওয়া উচিত নয়। আরেকটা কথা বলা হয়েছে বিগ ইন্ডাস্ট্রি সম্বন্ধে—যেসমস্ত বড় বড় শিল্প রয়েছে তাতে বিদেশীরা বহু টাকা লুটে নিয়ে যাচ্ছে। বলা হয়েছে এখন এগুলি দখল করা উচিত।

[10-20—10-45 p.m.]

গভর্নমেন্টের শক্তি কম। ক্ষতিপূরণ দিয়ে সেগুলি দখল করার মত টাকা সরকারের হাতে নেই। আজকে যেসমস্ত নতুন ইন্ডাস্ট্রি গড়ে উঠবে সেখানে বিদেশী মূলধনের সাহায্য না নিলে বেকার সমস্যার সমাধান হবে না। গভর্নমেন্টের ঘরে যে টাকা আছে তাতে যে পরিমাণ শিল্প গড়ে উঠতে পারে তাতে সমস্ত বেকার লোকের কর্মসংস্থান সমস্যার সমাধান হতে পারে না। সেজন্যে বিদেশী কোম্পানী যদি নতুন ইন্ডাস্ট্রি স্থাপন করতে চায় তা হ'লে আরও কিছু লোক যারা চাকুরি পাচ্ছে না, যারা বসে আছে তারা চাকুরি পেয়ে যায়। এ বিষয়ে তিনি যে বিদেশী ক্যাপিটাল নিয়োগের বিরোধিতা কেন করলেন তা বুঝি না। তা ছাড়া বিদেশী ক্যাপিটালিস্টরা যে বহু টাকা লাভ করছে তার যে অঙ্ক দেখিয়েছেন সে হিসাবটা ঠিক নয়। কারণ তাদের উপর যে ট্যাক্সেশন আছে সেটা দেখান নি। আজকে ধনীদের উপর নতুন ট্যাক্সএর নীতি যা হয়েছে সেই নীতির ফলে গভর্নমেন্ট কত টাকা যে পাবে সেটুকু বলেন নি। শুধুমাত্র তাদের আয়ের দিকটা দেখিয়েছেন কিন্তু তাদের কাছ থেকে কত টাকা আয় হচ্ছে সেটা একেবারে অবহেলা করে গিয়েছেন সেদিকে তাকান নি।

তারপর আর একটা কথা তিনি বলেছেন, সেটা হ'ল ধান এবং চালের দামের কথা—আজকে অবশ্য না বললেও দু'-তিনদিন পূর্বে বিরোধীপক্ষ থেকে বলা হয়েছে যে, ধানের দাম বেড়েছে, দেশে দুর্ভিক্ষ হবে। আমার কিন্তু মনে হয় এই যে, দুর্ভিক্ষ হবে, দুর্ভিক্ষ হবে এই প্রচার করে তাঁরাই ধানের দাম বাড়িয়ে দিচ্ছেন। বড় বড় জোতদাররা মনে করছে এক ধরনের লোক যখন বলছে দুর্ভিক্ষ হবে তখন দুর্ভিক্ষ হলেও হতে পারে; সেজন্যে তারা ধান চেপে রেখে দিচ্ছে। দুর্ভিক্ষ হবে না জানলে তারা ধান ছেড়ে দিত, ধানের দাম এত হ'ত না। আর এক কথা বলা হয়েছে যে, চাল তো প্রচুর রয়েছে রেলওয়ে ইয়ার্ডএ পড়ে, সরকার হ'তে তার জন্য কেন কিছু করা হচ্ছে না। কিন্তু এবিষয়ে খাদ্যমন্ত্রী মহাশয় বলেছেন এবং কাগজেও বেরিয়েছে যে, গভর্নমেন্ট নতুন আইনের সুযোগ নিয়ে কেন্দ্রীয় সরকারের সম্মতি নিয়ে নোটিস দেবার ব্যবস্থা করেছেন ও প্রয়োজন হ'লে সরকার উহা নিয়ে বণ্টন করবেন এ ব্যবস্থার চেষ্টা

হচ্ছে। আইনের ব্যাপার তো আছে, জবরদস্তির ব্যাপার নয়, আইনের মধ্য দিয়ে গেলে কিছুটা সময় চলে যায়, কিন্তু তাই ব'লে আইনের মর্যাদা নষ্ট করে তাড়াতাড়ি কিছু করা চলে না। আইনের প্রতি শ্রদ্ধা দেখিয়ে সেই অনুসারে চলাই সঠিক নীতি হবে।

তারপর যেসমস্ত কথা এখানে বলা হয়েছে তা বলি। বলা হয়েছে আমাদের দেশে দুর্ভিক্ষ চলছে এর জন্য কংগ্রেস দায়ী। কিন্তু সত্যিই কি একথা বলা যায় যে, কংগ্রেস দায়ী? একথাও বলা হয়েছে যে, জনমতের উপর দাঁড়িয়ে কংগ্রেস কাজ করে না। কিন্তু আজ আর একথা বলা শোভা পায় না ইলেকশন হয়ে যাবার পর। নির্বাচনের ফলে যদি জনগণ কংগ্রেসকে ক্ষমতায় প্রতিষ্ঠিত না করত তখন এইসব বলা যেত। আজকে নির্বাচনের পরে ক্ষমতা পেয়ে গভর্নমেণ্ট কেবলমাত্র যে জনগণের আশাআকাঙ্ক্ষার দিকে তাকাচ্ছেন না, জনগণের প্রতিনিধিত্ব দাবি করতে পারেন না একথা কোন যুক্তিতে বলা যায় না। আরও বলা হয়েছে যে, বাংলার কংগ্রেস গভর্নমেণ্ট ভাল নয়, অন্যান্য প্রদেশের কংগ্রেস গভর্নমেণ্ট ভাল। একথাও তাঁরা বলতে পারেন না। নির্বাচনে ক্ষমতায় আসতে না পেরে বেকায়দা হয়ে, বিফলমনোরথ হয়ে, হতাশ হয়ে এই গভর্নমেণ্টের বিরুদ্ধে বলছেন এবং অন্যান্য গভর্নমেণ্ট ভাল ব'লে একে খারাপ বলছেন, এর কোন অর্থ হয় না। আজ নির্বাচনের পর আমাদের দলের লোক বেশি হয়েছে, ক্ষমতা পেয়েছি সুতরাং যারা কম আছে তাদের চেয়ে আমরা খারাপ হয়ে গেছি একথা বলতে গেলে বলতে হয় তাঁদের কথা শুনে গভর্নমেণ্টের দায়িত্ব আমাদের ছেড়ে তাঁদের দিতে হয়। ডেমোক্র্যাসিতে বহু লোকের মত নিয়েই চলতে হয়, অবশ্য যাঁরা অপোজিশন পার্টি আছেন তাঁরা কনস্ট্রাকটিভ সাজেসশনস্ দিলে গভর্নমেণ্ট সেসমস্ত বিষয় বিবেচনা করবে। এই কদিন যা আলোচনা হয়েছে তার মধ্যে দু-একটা ছাড়া কার্যত কোন কনস্ট্রাকটিভ সাজেসশনস নেই। কমিউনিস্ট পার্টি এ'রাই প্রধান বিরোধী দল—তাঁরা গভর্নমেণ্টকে পথ দেখাবেন—কোন্ হেড থেকে টাকা কেটে কোন হেডে দিলে সুবিধা হবে বলবেন, তা না ব'লে তাঁরা বলছেন এটা হ'ল না, ওটা হ'ল না, কম টাকা ইত্যাদি। আমাদের হাতে প্রচুর টাকা নেই, এত টাকা নেই যাতে সমস্ত দেশের সকল কাজগুলি একদিনে ক'রে দেওয়া যায়। সুতরাং যা টাকা আছে তার মধ্যে আমাদের সব দিক রক্ষা ক'রে এগুতে হবে তাই আমি বলতে পারি মুখ্যমন্ত্রী মহাশয় যে বাজেট করেছেন তা একটা সর্বাঙ্গসুন্দর বাজেট হয়েছে। বর্তমানে এর চেয়ে ভাল বাজেট হতে পারে না। তাই এই বাজেট সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

Sj. Amarendra Nath Basu:

মাননীয় স্পীকার মহাশয়, আপনার কাছে আমি এই নিবেদন করতে চাই যে, বেঙ্গল মোশন পিকচার্স এমপ্লয়িজ ইউনিয়নের পক্ষ থেকে শ্রমমন্ত্রী মহাশয়ের কাছে তাঁদের দাবিদাওয়া জানাবার জন্য এসেছেন এবং আপনি জানেন যে, ১৪৪ ধারা থাকার জন্য তাঁরা এখানে আসতে পারলেন না। আপনি যদি শ্রমমন্ত্রী মহাশয়কে এখানে একবার ডেকে আনেন তা হ'লে আমরা আমাদের বক্তব্য তাঁর কাছে রাখতে পারি এবং আজকে বিধানসভায় তাঁরা যে আসবেন এটা শ্রমমন্ত্রী মহাশয়কে তাঁরা পত্র দিয়ে আগেই জানিয়ে দিয়েছেন।

Mr. Speaker: I cannot do that, Mr. Basu. According to my programme I am adjourning the House till 10-45 a.m.

[At this stage the House was adjourned till 10-45 a.m.]

[*After adjournment*]

[10-45—10-55 a.m.]

[Sj. Deben Sen rose to speak]

Demonstration outside the Assembly Buildings

Sj. Amarendra Nath Basu:

মিঃ স্পীকার, আমি যে বিষয়টার প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করেছি............

Mr. Speaker: I have already asked Mr. Sen to speak. [Shri Basu was still on his legs.] Mr. Basu, have some respect for the Chair.

Sj. Deben Sen: To us on this side of the House......

Mr. Speaker: Just one minute, Mr. Sen. I will discuss this particular feature with the leaders of the various Opposition groups. I had a view which I let them know and let me see how they react. So far as I understand, a delegation is waiting outside this House to meet the Labour Minister, I am told. Now let me inform every honourable member of this House that I have no control whatsoever over the Minister's activities. He is at liberty to go and see if he wishes to and he may refuse to do so. I cannot tell him to do this or that. The only thing that concerns me in this House is the proceedings of the day and the proceedings must be strictly confined to the business which has been printed on the papers. If intimation had been given to me earlier and communicated to me through the Leader of the Opposition, whichever party is concerned, certainly I might have discussed with them and come to some agreement but my duties are limited and my power is strictly limited and I cannot go beyond it.

Sj. Hemanta Kumar Basu:

এখানে 'কাস্টম' আছে যে বাহিরের কোন ডেপুটেশন এলে এখান থেকে 'রেফার' করা হয়েছে এবং তার উপর চীফ মিনিস্টার বা মিনিস্টার কনসার্নড্ বলেন যে, অমুক দিন অমুক সময়ে তিনি সাক্ষাৎ করবেন। কাজেই কাস্টম মত এই রকম রেফারেন্স চলে।

Mr. Speaker: Although I am new to my office I am aware of the customs prevailing here. I have seen such delegations waiting outside the House. Sufficient notice has been given to the Ministers to be present in the House but, as I have told you before, I do not know what is exactly meant by custom. I can understand custom in a House which has the force of law. If by a custom something has attained the force of law, surely I will respect it. But, as I have told you, in this particular matter I have no other function except to deal with whatever business is placed on the agenda of the House. The Minister concerned happens to be present. I have no right whatsoever to ask him to leave the House and meet the delegation. He has received notice of it. If he goes, well and good, and if he does not go, I am powerless in the matter. I am strictly concerned with the business on the agenda. Now Mr. Sen will kindly speak.

Sj. Deben Sen: If it is the custom of this House that whenever a delegation of such a nature comes in, it is for the Minister to go out and meet them, then why should we have a departure from the custom?

Mr. Speaker: As a matter of fact, would you kindly convince me from the rules, regulations and precedents that I have any power whatsoever to direct a Minister to go out.

Sj. Deben Sen: You can, I think, depend upon the convention that has been established by long continued practices in this House.

Mr. Speaker: I would also like to know if I have the power to ask the Labour Minister to go out.

The Hon'ble Abdus Sattar:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, প্রতিনিধিমণ্ডলীর তরফ থেকে ৪।৫ জন লোক এলে আমি সোমবার ১১টার সময় আমার রাইটার্স বিল্ডিংসএর চেম্বারে দেখা করতে পারি।

Mr. Speaker: I will still tell the honourable members that the point remains unanswered. The Labour Minister has been good enough to get up and give an assurance. He is entitled to do so.

Sj. Somnath Lahiri: There is nothing which prevents you from asking the Labour Minister to speak.

Mr. Speaker: I have looked into the matter, and I say let there be an established convention.

General discussion of the Budget

Sj. Deben Sen: To us on this side of the House the budget is totally disappointing and that for the following reasons:

Firstly, it is a deficit budget and this phenomenon of deficit is gathering momentum every year. Certainly the future of West Bengal is gloomy and this year it is particularly so with a negative closing balance of Rs. 3.4 crores. This is the first reason.

The second reason is that very vital and important materials have not been supplied either in the budget or in the Finance Minister's statement, particularly with regard to the total public debt and to the total loan standing in the name of West Bengal. I will develop my points later on. I am only enumerating the reasons.

Thirdly, it is the fantastic difference between the budget estimates, the revised estimates and the actuals.

Fourthly, there is no relation between the money spent and the results to be expected.

Fifthly, for all these evils, for all these maladies, for all these developing crises in West Bengal, no solution has been offered either in the budget or in the financial statement.

Then there is the threat of new taxation. I still stick to my point in spite of whatever explanation has been given by the Finance Minister to my friend, Shri Bankim Mukherjee, that if he clarifies the position I shall drop this point altogether.

The next point is that doubts have arisen as to the Second Five-Year Plan that whatever it is, it will be implemented at all or not.

Lastly, a deliberate attempt has been made to escape the responsibility of solving the unemployment problem by posing a question that Bengalees as a race do not like to come forward for doing the jobs which are available in West Bengal.

[10-55—11-05 a.m.]

These are the eight reasons for which we think that the present Budget is very, very disappointing. I will develop my points one by one.

The first point I take up is the deficit character. From the Red Book I find that the total deficit from the year 1948-49 up to 1957-58 is in the region of Rs. 43 and 1/3rd crores. There is a deficit every year from 1948-49 but all told the total volume of deficit is now Rs. 43 and 1/3rd crores, resulting in a negative closing balance. Our Finance Minister often boasts that he is an expert in public finance. We do not find any evidence of that. According to us he is an adventurist in this matter and he takes every action without thinking of the future. He is taking us into a dreary and gloomy future, and what will happen to Bengal next we do not know. Therefore, I raise a note of warning here and through you, Sir, to the people of West Bengal that we should see that this system of public financing is discontinued, there must be an end of it, it must be stopped; otherwise the future of Bengal will be very much affected.

I take up the next point. In the financial statement there should have been a mention of total public debt that we have just now got and also the total loan that West Bengal owe. There is no mention of it. We shall have to find it out and our calculation may not be correct. I have, however, tried to calculate them. I find that the total public debt up till 1957-58 is in the region of 186 crores, and the total loans of West Bengal are in the neighbourhood of 108 crores. So the two together comes to a colossal figure of Rs. 294 crores. I think in the financial statement there has been a concealment of facts. I consider this to be deliberate. There is a deliberate concealment of facts, so that the Budget may appear to be very attractive to us and to the public.

Next I go to the third point—fantastic differences between the budget estimate, revised estimate, and the actuals. I think my friend Shri Bankim Mukherjee has already dealt with it. I would only read a few lines from the statement of the Finance Minister himself. Page 3—Opening Balance: "The budgeted opening balance of the year 1956-57 was 6 crores 42 lakhs. The actual opening balance amounted to 17 crores 8 lakhs." The budget estimate is 6 crores and the actual is 17 crores. Here is a phenomenon which we cannot describe. Those who prepared the budget, those who are responsible for the budget—have they no idea as to what is going to happen? Is everything dark for them? If it is not so, why should there be so much discrepancy between the budget estimate, the revised estimate and the actuals?

The next point is that there is no relation between the money spent and the result to be expected. Sir, I find that from 1948-49 up to this date on the revenue account we have spent about Rs. 470 crores and on capital account we have spent about Rs. 64 crores. I am not taking into consideration our expenditure on the loan fund. I am only depending on the revenue account mostly. So our total expenditure during these eight or nine years has been to the extent of about 500 crores of rupees. What is the result? The Finance Minister, the Chief Minister yesterday gave a list of what has been done. We do not want a list. We want to see the benefit of our expenditure. We do not want to depend upon books and articles, upon the figures given by the Food Minister or by the Chief Minister. We want to depend upon our experience, and what is our experience? Sir, I will mention only four or five items of our experience. One is with regard to the displaced persons—the refugees. Rs 86 crores have been spent with no result. It has been admitted by the Central Minister himself that there has been practically no rehabilitation—practically nobody has been rehabilitated—even though we have spent Rs. 86 crores. The second point is about the food position. We do not know really, Sir, where we stand. Is there sufficient food for West Bengal as a whole? Or is there only local shortage? What is the position we do not know. If there is no shortage of food for the whole of West Bengal, then let the Food Minister say that boldly. If there are only local shortages then also let him say that and point out the areas saying "here are local shortages". If there are local shortages, what the District Officers were doing, what the Food Minister was doing? Could they not foresee these shortages? Can they not foresee as to what is going to happen six months hence with regard to food position? Why should not they build up stocks in those areas where shortages were to be expected. I really fail to understand this position. On the one hand the Food Minister of the Centre declares that there is enough food in India and on the other we see this phenomenon of thousands and thousands of people—men, women and children—roaming about in streets crying for a bowl of rice. Mr. Speaker,

Sir, can you imagine this phenomenon in any part of the world today? Why was not this crisis seen beforehand and stopped? As responsible Opposition Members we must say that if we can get the power, we can rectify this defect within one month. And what is the difficulty in overcoming this crisis here if we get sufficient food as the Central Food Minister and our Sj. P. C. Sen declare. Then, Sir, here also the figures are not dependable. Once it is decided, rather calculated, on the basis of 15 ounces per capita. Again it is stated that 15 ounces may not be sufficient Why don't you take more, say, 17 ounce and why don't you make calculation of our requirements on that basis? We fail to understand why don't you do that. So far as our food position is concerned, money spent for irrigation purposes, money spent on relief work, money spent on such other items—all have failed to give us any result.

[11-5—11-15 a.m.]

If a single man in West Bengal dies of starvation it is a shame for us. It is really a criticism of the whole administration in West Bengal if a single man dies and possibly there will be revolution in West Bengal if our men die of starvation in West Bengal in the year 1957.

Sir, I take the case of D.V.C. As I have said once Bengal pays the most, Bihar derives the greatest benefit and the Centre controls the most. Sir, what is the benefit we have derived from the D.V.C.? Yet we have spent a lot of money on D.V.C. by borrowing from the Centre and the responsibility has fallen upon the future generation. What is the benefit we have got? We are told that D.V.C. is there for controlling floods. But why floods took place last year? There is no answer and there is no mention here either in the Governor's speech or in the Finance Minister's speech that the flood took place because of this defect in the D.V.C. or because it could not be controlled even in spite of D.V.C. So far as we are concerned, we do not believe that the D.V.C. has been properly executed or that D.V.C. is going to bring any benefit for us. Take the question of supply of electricity to the villagers. I have got to go to Asansol frequently and D.V.C. is just by the side of Asansol. Can anybody in Asansol get any supply of electricity from D.V.C.—any villager, householder or any person there? Yet we speak of D.V.C. I do not find any benefit being derived from the D.V.C.

Take the case of water-supply in Asansol from D.V.C. Drinking water could have been brought from D.V.C. but there is no plan, there is no idea, there is no thought, there is no endeavour in that direction by anybody here. So the money spent does not bring the desired result to West Bengal. Sir, what is the solution? The Finance Miinister has tried to give a solution. On page 18, 2nd paragraph, he tries to give the solution. He says "according to the Constitutional pattern of division of taxing powers between the Centre and the States, the State Government is practically left with the power to tax agricultural wealth, the power to tax industrial wealth being allocated to the Central Government." This is a statement of the present position. But this is no solution. This is posing of the question that West Bengal can tax agricultural wealth which cannot give us anything and West Bengal cannot tax industrial wealth which can give us everything. But what is the suggestion given by our Finance Minister? His only suggestion is that let us demand a larger share of the income-tax from the Centre. We have not opposed it. We want it. Rather it was in 1948 when this problem first came, when the

then Finance Minister, late Nalini Ranjan Sarkar, accepted the present arrangement based on population and not on the basis of the requirements of the State. We even then objected to it. We said that we were going to sacrifice the interest of Bengal. Now, the Finance Minister is retracing his steps and wants to fall in line with us. We have no objection in supporting him. But even then what is the position? I was reading this memorandum—on page 28, last but one paragraph it is stated "With regard to jute we can demand from the Centre assistance under three heads: from the income-tax, from excise duties and special grants. From the income-tax the present Bengal Government has made a demand which we support. They should have done it earlier. Even now the Bengal Government should bring forward a resolution so that we all can pass that resolution—give our support to that resolution—for getting a fair and equitable share from the Centre so far as income-tax is concerned. So far as share from jute duty is concerned, what is the position? Our Government is satisfied with *ad hoc* allocation. Previously there was percentage basis—62 point something. This time the Government of West Bengal will be satisfied with even less and again they will commit a mistake. I thought that the Government would say that we should have allocation of the jute duty on the percentage basis. I think Bengal Government should demand even from now that we must have the share of jute duty on percentage basis as we had previously. Sir, is there really any other source from which the West Bengal Government could get money that is needed? Was not really an opportunity given to us at the time when this Government entered into an agreement with the Calcutta Tramways Company? Could not they then nationalise the Company? Could not they nationalise the Calcutta Electric Supply Company? Could not they nationalise the jute industry, coal industry, tea industry? There are so many resources and if the Chief Minister has got the courage he can do it. If he can nationalise all these concerns he will get a colossal amount and nobody will mind anything. The money that they have deposited in the banks could be taken by the West Bengal Government for our different development projects. Sir, only recently I find that a committee has been formed of which the Finance Minister is the President. In that Committee there are members like Shri L. Singhania, Shri Birla, Sir Biren. Sir, I do not know for what purpose this Committee has been formed. I hear that it has been formed to run the various factories scientifically. I hope the Finance Minister will please explain for what purpose this Committee has been formed, where there are so many big capitalists of India.

Sir, my last point is about the unemployment problem. The Finance Minister says that there are jobs but the Bengalis will not come forward to take them. Is that correct? He says Bengalis are not willing to do this kind of job. I know in Batas out of 8,000 workers 7,000 are Bengalis. I know in the jute mills on this side of the river—up to Budge Budge—there are large number of Bengalis. On the other side of the river Chengail and Baurea nearly 80 per cent. of them are Bengalis. Sir, it is not correct to say that the Bengalis do not like manual labour. Sir, where are the vacancies? Can the Finance Minister give us a list of vacancies? There are so many organisations—B.P.T.U.C., I.N.T.U.C. Let these organisations be asked to help to solve this unemployment problem. If there are vacancies let them report to us. I am afraid he will not be able to give a single list.

With these words, Sir, again I say that the Budget is a very, very disappointing one.

[11-15—11-25 a.m.]

Sj. Hemanta Kumar Basu:

মাননীয় স্পীকার মহাশয়, আজকে এখানে যে বাজেট উপস্থিত করা হয়েছে তা ঘাটতি বাজেট, এবং প্রতি বছরই আমাদের এখানে ঘাটতি বাজেট দেখান হয়। ঘাটতি বাজেট হওয়ার যদি কোন সংগত কারণ থাকে—যদি আমাদের দেশের কৃষি, শিল্প, শিক্ষা, স্বাস্থ্য উন্নয়নের প্রয়োজনে যে টাকা ব্যয় করা হয় তাতে যদি সংকুলান হয় তা হ'লে পর ঘাটতি বাজেট হতে পারে। কিন্তু আজকে যে ঘাটতি বাজেট উপস্থিত করা হয়েছে তাতে আমাদের দেশের যেভাবে উন্নয়ন হওয়া উচিত সেইভাবে উন্নয়ন হচ্ছে না। যেভাবে পরিকল্পনা গ্রহণ করা হয়েছে তাতে দেশের সামগ্রিক উন্নয়ন কিছুই হচ্ছে না, না হচ্ছে বেকারসমস্যার সমাধান, না হচ্ছে শিক্ষা-সমস্যার সমাধান, না হচ্ছে মানুষের আশ্রয়সমস্যার সমাধান—এর থেকে স্পষ্টই বোঝা যাচ্ছে যে, বিবেচনা ক'রে কোন সামগ্রিক পরিকল্পনা গ্রহণ করা হচ্ছে না। এ'রা খুব বড় বড় পরিকল্পনা কেবলই গ্রহণ করে যাচ্ছেন এবং মনে করছেন এসব পরিকল্পনা দ্বারা দেশের সর্বাঙ্গীণ উন্নতি করতে পারবেন। বছরের পর বছর পরিকল্পনাই ক'রে চলেছেন, কিন্তু এর দ্বারা আমাদের সামনে যেসব প্রশ্ন রয়েছে তার সমাধান হচ্ছে না। চলতি বছরে, ১৯৫৭-৫৮ সালে আয় হচ্ছে ৬১ কোটি ৮৯ লক্ষ আর ব্যয় হচ্ছে ৭২ কোটি ১৮ লক্ষ টাকা। ব্যয়ের হিসাবে ১০ কোটি ২৯ লক্ষ টাকা ঘাটতি এবং এই ঘাটতি যে কিভাবে পূরণ করা হবে সে বিষয়ে কোন উল্লেখ নাই। অন্যান্য ব্যয়ে ঘাটতি প্রায় ১ কোটি ৮৮ লক্ষ টাকা, ফলে চলতি বৎসরে সমগ্র ঘাটতি ১২ কোটি ১৭ লক্ষ দাঁড়াচ্ছে। কাজেই এই ঘাটতি কিভাবে পূরণ করা যাবে তার কোন পন্থা ডাঃ রায় আমাদের দেখান নি। যেভাবে গত বছর ঘাটতি ধরা হয়েছে এবং যেভাবে ওপেনিং ব্যালান্স দেখান হয়েছে তাতে ঘাটতির পরিমাণ বেড়েই চলেছে। একটা কথা বলা হয়েছে যে রাজ্যসরকার কারিগরি বিদ্যাসম্পন্ন ব্যক্তিগণের চাকরির ব্যবস্থা করছেন, কিন্তু এই যে ৭৭ হাজার ছেলে যারা ম্যাট্রিকুলেশন, আজকে যেটাকে বলা হয় স্কুল ফাইনাল এক্সামিনেশন পাস করেছে, তাদের মধ্যে অনেকে আবার ফার্স্ট ডিভিসনএ পাস করেছে এবং বি,এ, এম,এ, যারা তাদের প্রত্যেকের চাকরি ক'রে দেওয়া হচ্ছে, কিন্তু বাজারে যদি খবর নেওয়া যায় তা হ'লে দেখা যাবে যে, বহু বি,এ, এম,এ, ইন্টারমিডিয়েট এবং ফার্স্ট ডিভিসনএ পাস এমন ম্যাট্রিকুলেট কোন জায়গায় চাকরি খালি হ'লে পর হাজারে হাজারে দরখাস্ত করে, কিন্তু কাজ পায় না, তৎসত্ত্বেও ডাঃ রায় বললেন যে, শুধু বি,এ, এম,এ, যারা পাস করেছে তারা নয়, যারা ফার্স্ট ডিভিসন-এ ম্যাট্রিক পাস করেছে তাদের চাকরির কোন অসুবিধা হয় না। ইংরাজ আমলে বি,এ, এম,এ, পাস-করা ছেলের সংখ্যা যথেষ্ট ছিল না সত্য, কিন্তু তখন এত বেকার ছিল না আজকে যেমন দেখা যাচ্ছে। আজকে বি,এ, এম,এ,দের মধ্যেও যথেষ্ট বেকার আছে। আমি বি,এ, এম,এ,দের কথা ছেড়ে দিলাম, গভর্নমেন্টের পরিকল্পনা কি যারা সেকেন্ড ডিভিসনএ স্কুল ফাইনাল এক্সামিনেশন পাস করবে বা যারা অশিক্ষিত তাদের জন্য কোন কাজের ব্যবস্থা থাকবে না? যারা শিক্ষার দিক থেকে পশ্চাৎপদ হয়ে আছে তাদের জন্য বিস্তৃততর কারিগরি শিক্ষাব্যবস্থা অবলম্বন করা হোক, আমাদের দেশে বর্তমান কারিগরি বিদ্যাসম্পন্ন বহু লোকের দরকার। তার জন্য আমি বলতে চাই এই সমস্ত লোকদের শিক্ষার সুযোগ দেওয়া হোক। আমাদের দেশে বহু যুবক ও তরুণ আছে যারা স্কুল ফাইনাল এক্সামিনেশন পর্যন্তও এগুতে পারে না, তারা আজকের দিনে কোন কাজই পাচ্ছে না। তাদের জন্য কোনরকম পরিকল্পনা এই বাজেটে দেখতে পাচ্ছি না। ডাঃ রায় বলেছেন, ভাল ভাল চাকরির জন্য লোক পাওয়া যায় না। কোন্ কোন্ চাকরির জন্য লোক পাওয়া যায় না তার যদি একটা হিসাব দেন ভাল হয়, কাগজে এ্যাডভার্টাইজ করলে বাংলাদেশ থেকে সেরকম লোক পাওয়া যাবে না আমি অন্তত একথা মনে করি না। ডাঃ রায় বলেছেন যে, আমাদের দেশের জনগণের উপর আর ট্যাক্স বাড়ান যেতে পারে না, কারণ শতকরা ৭০ জন লোক যাদের নাকি জমির উপর নির্ভর তাদের ৫ একর জমিও নাই, মাত্র ৩০ জন লোকের কোনভাবে জীবিকা চালিয়ে যাবার মত জমি আছে। আমার কথা হ'ল যে, সুষ্ঠু পরিকল্পনার মাধ্যমে ইন্টেনসিভ কাল্টিভেশন করলে পর যেখানে ৪।৫ মণ ফলন হয় সেখানে ১০।১২ মণ ফলান যায়—খাদ্যমন্ত্রী প্রায়ই সংবাদপত্রে প্রচার করেন যে, অমুক অমুক লোক অত মণ ধান ফলিয়ে প্রাইজ পেয়েছে, এই সমস্ত লোক যে পদ্ধতিতে চাষ করে এত সুফল লাভ করেছে সেই পদ্ধতি অবলম্বন ক'রে কেন অন্যান্য চাষীরাও ফলন বাড়াতে

পারবে না বুঝি না এবং সরকার থেকে তাদের সাহায্যের জন্য কি ব্যবস্থা অবলম্বন করেছেন সে বিষয়ে আমরা কিছুই জানতে পারি না। চাষীদের যদি ঠিকমত বৈজ্ঞানিক পরামর্শ ও অর্থসাহায্য দেওয়া হয় তা হ'লে পর ফলন যে বাড়তে পারে সে বিষয়ে কোন সন্দেহই নাই। তারপর আমাদের দেশের একমাত্র উপায় হচ্ছে শিল্প। বড় বড় শিল্প সবই ভারত সরকারের হাতে, বাংলা সরকারের কোন হাত নাই। কিন্তু বাংলা গভর্নমেন্টের উচিত যে, ভারত গভর্নমেন্টের কাছে দাবি করা—আমি জানি মুখ্যমন্ত্রী এই দাবি করেছেন—স্টেট লেভেলএ সমস্ত ভারি শিল্প প্রতিষ্ঠা করা, যাতে করে দেশের শিল্পোন্নতি হয় এবং বেকারসমস্যার সমাধান করতে পারেন। এখানেও ভারি শিল্প প্রতিষ্ঠা করা দরকার।

[11-25—11-35 a.m.]

আমি বলব সেটাকে যদি কার্যে পরিণত করা হয়, সেই নীতি যদি পরিবর্তন করা হয়, তা হ'লে দেশের কল্যাণ হবে এ বিষয়ে কোন সন্দেহ নেই এবং গভর্নমেন্টের নীতি যে ধনিক তোষণ নীতি, পুঁজিবাদী তোষণ নীতি, এ বিষয়ে কোন সন্দেহ নেই। যারা বড়লোক, ধনী লোক, যারা সেলস্ ট্যাক্স ফাঁকি দেয়, ইনকাম ট্যাক্স ফাঁকি দেয়, তাদের কাছ থেকে টাকা নিলে গরিবের উপর অত ট্যাক্সের বোঝা বাড়ে না। আমি সেদিনও বলেছি, আজও বলছি যে কৃষ্ণমাচারীর বাজেটের মধ্যে বড় বড় ধনী, যারা ২শো থেকে ৩শো কোটি টাকা ইনকাম ট্যাক্স ফাঁকি দেয় তাদের কাছ থেকে সে টাকা আদায় ক'রে নেওয়ার কোন ব্যবস্থা নেই। হয়ত সেই টাকার অন্তত শতকরা ২০ ভাগ/৩০ ভাগ বাংলার ভাগ্যে পড়বে। সেই টাকা আদায় করবার কোন ব্যবস্থা নেই, সেই টাকা আদায় করবার একটা ব্যবস্থা করা দরকার। এটা নিশ্চয়ই একটা কনস্ট্রাকটিভ সাজেসসন। ধনীরা, পুঁজিবাদীরা—তারা ট্যাক্স ফাঁকি দেবে আর গরিবের উপর ট্যাক্সের বোঝা চাপবে এটা আমরা কি করে সমর্থন করতে পারি? তারা যে বাস্তবিকই সেলস্ ট্যাক্স ফাঁকি দেয় তার প্রমাণ বা পরিচয় কয়েকদিন আগে সংবাদপত্রে পাওয়া গেছে। কাজেই সেলস্ ট্যাক্স যদি সোর্সে আদায় করা হয় তা হ'লে বহু কোটি টাকা সেলস্ ট্যাক্স পাওয়া যাবে। কাজেই আমাদের যে সাজেসসন সেগুলি গঠনমূলক, কনস্ট্রাকটিভ সাজেসসন সে বিষয়ে কোন সন্দেহ নেই। আমাদের অর্থসচিব মহাশয় ভারত গভর্নমেন্টের কাছে আমাদের ইনকাম ট্যাক্সের যা প্রাপ্য অংশ তার জন্য যে প্রস্তাব করেছেন সেটা বঙ্কিমবাবু সমর্থন করেছেন, আমিও সেটা পুরাপুরি সমর্থন করছি।

তারপর উদ্বাস্তু সমস্যা সম্বন্ধে এখানে বহু আলোচনা হয়েছে, এ সম্বন্ধে আমি বেশি কিছু বলতে চাই না। ৮৬ কোটি টাকা খরচ হয়ে গিয়েছে মাত্র ১৯ লক্ষ লোকের জন্য। মুখ্যমন্ত্রী মহাশয় স্বীকার করেছেন যে, তাদের পার্সিয়েল রিহ্যাবিলিটেশন হয়েছে, আর ৬০ কোটি টাকা তাঁরা চেয়েছেন এই ৩২ লক্ষ লোকের পুনর্বাসনের জন্য। যেখানে ৮৬ কোটি টাকাতে হয় নি, সেখানে ৬০ কোটি টাকাতে যে কিভাবে তাদের অর্থনৈতিক পুনর্বাসন হবে আমি সেকথা বুঝতে পারছি না। শিয়ালদহ স্টেশন এবং বহু জায়গায় উদ্বাস্তুরা পড়ে আছেন। গভর্নমেন্টের পুনর্বাসন নীতির ভুলের জন্যই তাঁরা এদিক ওদিক পড়ে আছেন; তাঁদের সত্যিকারের একটা ব্যবস্থা করবার জন্য আমি সরকারকে অনুরোধ জানাচ্ছি।

তারপর কালকে সিদ্ধার্থ রায় মহাশয় বললেন যে, পঞ্চানন মুখোপাধ্যায় এবং জগৎজ্যোতি ঘোষ মহাশয় যাঁরা মাগ্‌গী ভাতা বৃদ্ধির জন্য আন্দোলন করেছিলেন তাঁরা যদি রিগ্রেট প্রকাশ করেন, তা হ'লে পর তাঁদের মাপ করা হবে। এটা কি ডেমোক্রেসি? তিনি ডেমোক্রেসির অনেক কথা বলেছেন। প্রত্যেক জনসাধারণের অধিকার আছে তাঁদের দাবিদাওয়া নিয়ে সরকারের কাছে উপস্থিত করার। যেহেতু বহু কর্মচারী সেখানে ছিলেন, প্রায় দেড় লক্ষ হবে, সেই হেতু তাঁদের একটা ছোট্ট জায়গায় মিটিং করা সম্ভব হয় নি, সেইজন্যই তাঁরা ওয়েলিংটন স্কোয়ারে মিটিং করেছিলেন। তাঁরা কি অন্যায় করেছেন? তাঁরা দাবি জানিয়েছিলেন যে, জিনিসপত্রের দাম অনেক বেড়ে গেছে, কাজেই তাঁদের মাগ্‌গী ভাতা বাড়িয়ে দেওয়া হোক, এতে কি অন্যায় তাঁরা করেছেন? যদি গভর্নমেন্ট বাস্তবিকই ডেমোক্রেসিকে সমর্থন করেন তা হ'লে এঁদের যে ডেমোক্রেটিক রাইট সেটা স্বীকার করে নেওয়া হোক। সামান্য

কেরাণী, অতএব তাঁদের সেই অধিকার স্বীকার করা হবে না এটা কখনই হতে পারে না। সেদিক থেকে আমি মুখ্যমন্ত্রী মহাশয়কে অনুরোধ করব যে, এই দুইজন কর্মচারীকে মাপ করা হোক এবং তাঁদের কাজে পুনর্বহাল করা হোক।

Sj. Gurupada Khan:

মাননীয় স্পীকার মহাশয়, আজ কয়েকদিন ধ'রে আমরা এই সভাতে আমাদের পশ্চিমবঙ্গে আগামী কিছুদিনের জন্য আমরা কি কি কাজ করব এবং তার জন্য আমরা কিভাবে চলব সে সম্বন্ধে আলোচনা শ্রদ্ধা সহকারে উভয় দলের কাছ থেকে শুনেছি। আমরা যদি ঠিক বাস্তব দৃষ্টিভঙ্গি নিয়ে এই দেশের পরিস্থিতি লক্ষ্য করি তা হ'লে দেখব যে আমাদের মুখ্যমন্ত্রী এবং অর্থমন্ত্রী যে বাজেট উপস্থাপিত করেছেন এদেশে তার চেয়ে ভাল বাজেট উত্থাপিত করা যেত না। আমরা যদি আজ পৃথিবীর যে-কোন দেশে লক্ষ্য করি তা হ'লে দেখব যে আমাদের সঙ্গে সঙ্গে যেসমস্ত দেশ স্বাধীন হয়েছে এবং আমাদের আগে স্বাধীন হয়ে গঠনমূলক কাজ আরম্ভ করেছে তাদের ইতিহাস পর্যালোচনা করলে কি দেখব তারা দেশের সমস্ত সমস্যা নিরাকরণ করে সমস্ত সুখশান্তি বিধান করতে পেরেছেন? পারেন নি। কেননা, একটা বিরাট দেশের সমস্ত সমস্যা নিরাকরণ করা কোনও অল্পদিনের মধ্যে সম্ভব হয় না। দিনের পর দিন প্রাকৃতিক দুর্ঘটনে এবং আরও নানাবিধ কারণে যেসমস্ত নতুন সমস্যার উদ্ভব হয় তাতে আমাদের জাতীয় জীবন আরও সংকটময় হয়ে উঠে। আমাদের এই ছোট পশ্চিমবাংলার সমস্যা গভীর, এই অবস্থাতে যে বাজেট উত্থাপিত হয়েছে এর চেয়ে ভাল বাজেট উত্থাপিত হতে পারত বলে মনে হয় না। আমাদের দেশে যেসমস্ত উন্নয়নমূলক কাজ হচ্ছে সেগুলি দেখলে দেখব যে, জনসাধারণের জন্য এই কল্যাণমূলক রাষ্ট্র তার সমস্ত শক্তি সর্বত্র নিয়োগ করেছেন। আমরা দেখব একটা কল্যাণমূলক রাষ্ট্রের সর্বাঙ্গীণ উন্নতির জন্য আমাদের সমস্ত শক্তি নিয়োগ করতে হয়। একদিকে আমাদের খাদ্যসমস্যা গুরুতর, তার জন্য আমাদের আরও তৎপর হওয়া প্রয়োজন। আমাদের শিক্ষার উন্নতির প্রয়োজন রয়েছে। প্রয়োজন রয়েছে ভূমির উন্নতির, তারই সঙ্গে সঙ্গে ইরিগেশনএর উন্নতি এবং তার সঙ্গে কটেজ ইন্ডাস্ট্রি এবং অন্যান্য ইন্ডাস্ট্রির উন্নতির প্রয়োজন—একথা অস্বীকার করতে পারি না। আজকে আমাদের যেসমস্ত সমস্যা দেখছি তার জন্য আমাদের গভর্নমেন্টএর ব্যবস্থা অবলম্বন করা, তার জন্য আমাদের স্থায়ী সমস্যা সমাধানের জন্য এবং ভবিষ্যতে সমৃদ্ধ বাংলাদেশ গড়ে তোলবার জন্য সেইমত ব্যবস্থা অবলম্বন করতে হবে। তাই বাজেট লক্ষ্য করলে দেখব আমাদের সমস্ত সমাজের ব্যক্তিগতভাবে মানুষের সর্বাঙ্গীণ উন্নতির জন্য সমস্ত ব্যবস্থা এর মধ্যে করা হয়েছে। এখনও দুর্বলতা অবশ্য আমাদের আছে তা আমরা জানি। বাজেটে ঘাটতি আছে, কারণ কাজ আমাদের করতে হচ্ছে এবং তার জন্য ঘাটতি হচ্ছে। আমি শিক্ষার সম্বন্ধে বিশেষ ক'রে বলব। আমাদের পল্লী-অঞ্চলে শিক্ষাবিস্তারের জন্য পরিকল্পনা সরকার করেছেন।

[11-35—11-45 a.m.]

স্বাধীনতার পূর্বে এবং স্বাধীনতার পর কিছুদিন পর্যন্ত আমরা দেখেছি ছোট ছোট ছেলেমেয়েদের এক মাইল, দু মাইল, তিন মাইল হেঁটে যেতে হ'ত পল্লীগ্রামে অ, আ, ক, খ, শেখবার জন্য। এখন গ্রামে গ্রামে পাড়ায় পাড়ায় পাঠশালা হয়েছে, আর আমাদের দেশের যুবকেরা প্রায় প্রতি ঘরে ঘুরে ছেলেমেয়েদের শিক্ষা দিয়ে আসছে এবং শুধু প্রাইমারী শিক্ষা নয়, সেকেন্ডারী এডুকেশনের ক্ষেত্রেও স্কুলের সংখ্যা বেড়ে গিয়েছে। পল্লী অঞ্চলে ১০।১২ বছর আগে যেখানে একটিমাত্র স্কুল ছিল আজ সেখানে চার পাশে অনেকগুলি স্কুল গড়ে উঠেছে এবং সঙ্গে সঙ্গে বেড়ে গেছে ছাত্রসংখ্যা। ছাত্রদের যে হারে বৃত্তি দেওয়া হত এখন তার চেয়ে বেশি হারে দেওয়া হয়। তপশিলী ছাত্রদের জন্য অনেকগুলি বৃত্তি বা স্টাইপেন্ড, তাদের মধ্যে হতে অনেক ছাত্র আজ স্কুলের শিক্ষা গ্রহণ করছে। পল্লী অঞ্চলের ছাত্রদের পক্ষে কয়েক বছর ধরে বাইরে গিয়ে শিক্ষালাভ করা ব্যয়সাধ্য ব্যাপার ছিল, আজকে আমাদের পল্লীগ্রামের স্কুলকে মাল্টিপারপাস স্কুলে পরিণত করা হচ্ছে। আর সেখানে ১১ ক্লাস খুলে দিয়ে টেকনিক্যাল শিক্ষারও ব্যবস্থা করা হয়েছে এবং তার সুযোগ পল্লীবাসীরা যথেষ্ট গ্রহণ করছে। বাইরে গিয়ে আগে যেখানে কলেজে ভর্তি হয়ে যেসব শিক্ষা লাভ করতে হ'ত আজ সেখানে যার যার বাড়িতে থেকে ঘরের খেয়ে সেসব বিষয়ে শিক্ষালাভ করা যাচ্ছে। আমাদের সরকারের

শিক্ষার পরিকল্পনা যে স্পষ্ট এবং কল্যাণমূলক তাতে কোন সন্দেহ নাই। তারপরে শিক্ষা বিকেন্দ্রীকরণেরও চেষ্টা রয়েছে আমাদের সরকারের। আমরা জানি ঐধারে যেসব বন্ধুরা বসে আছেন এবং সাধারণত যেসমস্ত দেশের দৃষ্টান্ত তাঁরা সাইট করে থাকেন সেখানে কি শিক্ষা বিকেন্দ্রীকরণ এখনো আরম্ভ হয়েছে? এ সম্বন্ধে আমি উল্লেখ করতে চাই—এমন অনেক দেশ আছে যেসব দেশের দৃষ্টান্ত ও'রা সদাসর্বদা দিয়ে থাকেন—সেখানে কি শিক্ষাকে কেন্দ্রীভূত করা হয় নাই? সেসব জায়গায় হয়ত দু-চারটা বড় বড় শহরে বিশ্ববিদ্যালয়ে নামে কৃষি শিক্ষা দেওয়া হয় আসলে কিন্তু কৃষিশিক্ষার সেখানে ক্ষেত্র নাই কিন্তু কৃষিশিক্ষার নাম আছে। এখন হয়ত তাঁরা বিকেন্দ্রীকরণের চেষ্টা করছেন। কিন্তু আমাদের এখানে আমাদের সরকার কিছুদিন ধ'রে যে রকমে নানাদিকে নানাভাবে দেশের উন্নয়নের কার্যে ব্রতী আছেন সেইটে আমাদের বিশেষ লক্ষ্য করবার বিষয়। সমগ্র দিক থেকে চিন্তা ক'রে যাতে ভুল না হয় এবং পরে পরিতাপ করতে না হয় তার প্রতি লক্ষ্য রেখে শিক্ষাকে বিকেন্দ্রীকরণ করতে অগ্রসর হয়েছেন। আজ তাই পল্লীতে পল্লীতে বিদ্যালয় বেড়ে গিয়েছে। ইতিমধ্যে প্রচেষ্টা চলেছে আরো বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা করবার জন্য, কলকাতা শহরেই নয় সুদূর মফস্বলেও। শিক্ষা আজ আর শুধু কলকাতাতেই আবদ্ধ থাকবে না, পল্লীর ছেলেরাও মফস্বলে স্থাপিত উন্নত ধরনের কলেজে যার যার বাড়ি থেকে বাসে চড়ে বা হে'টে গিয়ে পূর্ণ শিক্ষা পেতে পারত।

এগ্রিকালচার সম্বন্ধে যদি আপনি দেখেন তা হ'লে দেখতে পাবেন ল্যান্ড রিফর্মস্ অ্যাক্ট পাশ হয়ে গেছে। এগ্রিকালচারের সম্পূর্ণ উন্নতির কাজ অবশ্য এখনো কিছু বাকি রয়েছে। যেসমস্ত পতিত জমি পড়ে আছে সেসমস্ত পতিত জমি উদ্ধার করতে হবে। আমার মনে হয় টেস্ট রিলিফের কাজ যা চলেছে সেটাকে একটু ঘুরিয়ে দিলে, কর্মীদের শুধু রাস্তার কাজ বা পুকুর খননের কাজে নিযুক্ত না করে যেসমস্ত পতিত জমি রয়েছে যদি সেই সমস্ত পতিত জমিকে আবাদী জমিতে পরিণত করার চেষ্টা করা হয়, তা হ'লে আমাদের আবাদী জমির পরিমাণ বেড়ে যাবে। সরকারের এ বিষয়টা চিন্তা ক'রে দেখা উচিত।

তারপর আমাদের শিল্পের উন্নতির জন্য সরকার কর্তৃক নানারকম প্রচেষ্টা চলেছে। দিকে দিকে আজ আয়োজন শুরু হয়ে গিয়েছে। দুর্গাপুর অঞ্চলে যেসমস্ত কারখানা হচ্ছে সে হয়ত অনেকেই দেখেছেন, সে সম্বন্ধে আমি আর কিছু বলতে চাই না। আমি কেবল কটেজ ইন্ডাস্ট্রি সম্বন্ধে কিছু বলতে চাই। গ্রামে গ্রামে, পল্লীতে পল্লীতে স্বল্পশিক্ষিত সম্প্রদায় বা মধ্যবিত্ত শ্রেণীর যেসব লোক রয়েছে তাদের দ্বারা সমবায় প্রথায় ছোট ছোট শিল্প প্রতিষ্ঠা করা একান্ত প্রয়োজন। আজ সেখানে অনেকে বেকার রয়েছে, তাদের যদি কুটিরশিল্পে শিক্ষা দেওয়া যায় তা হ'লে বেকারসমস্যারও সমাধান হবে, সঙ্গে সঙ্গে শিল্পোন্নয়নও সম্ভব হবে, এমন কি মেয়েরা পর্যন্ত শিক্ষালাভ করে অনেক কিছু কুটিরশিল্প গ'ড়ে তুলতে পারেন।

আজকে এর আগে আমার পূর্ববর্তী কয়জন বক্তা বলে গেছেন ময়ূরাক্ষী বাঁধের কথা। তাঁরা যে সাজেসসন দিয়েছেন যে টিউব-ওয়েল ক'রে জলের ব্যবস্থা করার জন্য। বড় একটা টিউবওয়েল করতে যে খরচ এবং তার জন্য ইলেক্‌ট্রিক খরচার বহরটাও চিন্তা ক'রে দেখতে হবে। এবং সে টিউবওয়েলে ইলেক্‌ট্রিক কোথা থেকে আসবে সে চিন্তাও করা দরকার। তবে ছোট ছোট টিউবওয়েল করে তা দ্বারা কাজ চলবে কিনা সেটা চিন্তা ক'রে দেখা উচিত। আমরা দেখি—যখনই অনাবৃষ্টি হয় তখনই আমাদের নদীর উপর নির্ভর করতে হয় এবং ছোট ছোট বাঁধ বে'ধে কাজ করা সম্ভব হয়। সেইজন্যই ময়ূরাক্ষী পরিকল্পনার দরকার। তা ছাড়া তার আর একটা দিকও আছে—সেটা হচ্ছে উৎপন্ন ইলেকট্রিসিটি এবং আজ শিল্পের জন্য তার যথেষ্ট প্রয়োজন রয়েছে।

আর একজন বক্তা বলেছেন ডি-ভি-সি সম্বন্ধে। ডি-ভি-সি'র কাজ এখনো সমাপ্ত হয় নাই। তবে এরি মধ্যে বাঁকুড়া জেলার মতন দরিদ্রতম জেলার নগণ্য গ্রামাঞ্চলেও আজ ইলেক-ট্রিসিটির সুযোগ পাওয়া সম্ভব হয়েছে। আমরা দেখেছি—বেলিয়াড়, মেয়নমূলা প্রভৃতি জায়গায় ঘরে ঘরে বিজলীবাতি জ্বলছে এবং আজ শিল্পবিদ যাঁরা আছেন তাঁরা সরকারের সাহায্য নিয়ে সেখানে নানা রকমের শিল্প গড়ে তুলতে পারবেন। তারপর ডি-ভি-সি'র

ইরিগেশন স্কীম সমাধা হ'লে যখন জলসেচ করা হবে তখন বহু জমি সু-ফসলা হয়ে যাবে। তবে এখনো আমাদের বাংলাদেশে অর্থের দিক দিয়ে কিছুটা দুর্বলতা রয়েছে যে জন্য আমাদের ঘাটতি বাজেট করতে হয়। কিন্তু আজকে বাস্তব দৃষ্টিভঙ্গি নিয়ে যদি দেখি তা হ'লে দেখতে পাব—বাংলার সর্বাঙ্গীণ উন্নতির যে প্রচেষ্টা রয়েছে এই বাজেটের ভিতর তার প্রশংসা না করে পারা যায় না এবং আমরা আশা করব সেটা স্বীকার করবেন। সুতরাং আমি বিরোধী বন্ধুদের বলব—তাঁরা সমস্ত দ্বিধা পরিত্যাগ করে আমাদের পশ্চিম বাংলার উন্নতির জন্য এই বাজেটকে সমর্থন করুন।

[11-45—11-55 a.m.]

Dr. Narayan Chandra Ray:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, যাঁরা এই আলোচনা শুনবার কথা তিনি না থাকলেও——

Mr. Speaker: The Judicial Minister took leave from me. He is running a high temperature and is not feeling well. Other Ministers will take note of your points.

Dr. Narayan Chandra Ray:

তিনি না থাকলেও বাস্তবিক আপনার মারফত বলা ছাড়া আর কোন উপায় নেই। আপনি জ্ঞানের আকার হয়ে সবগুলি কথা শুনে নিন। আমি স্বাস্থ্যখাতে বলছি বলে অন্ততঃ মুখ্যমন্ত্রী এবং স্বাস্থ্যমন্ত্রীর এখানে থাকলে ভাল হত। আমার বক্তব্য এই যে, সরকার যখন বাজেটে টাকা চান, আর আমরা খরচ হবার জন্য যে টাকা দিই, তার জন্যে নিশ্চয় আমরা আশা করি সেখানে সরকারের একটা নীতি আছে এবং সেই সঙ্গে আশা করি যে বাস্তবের সঙ্গে সেই নীতিরও নিশ্চয় একটা যোগাযোগ আছে। আমরা সরকারের নীতি আলোচনা করার আগে যেটুকুন জানি বা বুঝি তাতে বাস্তবটাকে নিয়ে বুঝবার চেষ্টা করলে তার মাপকাঠিতে দেখি যে এই নীতির সঙ্গে বাস্তব মিলছে কিনা। আমার দেশের বর্তমান অবস্থায় দেশের মধ্যে অর্থনৈতিক ভাঙ্গন এসেছে কিনা সে কথা বলার প্রয়োজন নেই।

তারপর ফুড প্রবলেম, রিফিউজি প্রবলেম ইত্যাদি শুনে তাঁর হয়ত কান ঝালাপালা হয়ে গেছে, কিন্তু আমার বক্তব্য সেখানে নয়। মানুষের প্রত্যেকের ঘরে যে একটা সমস্যা এসেছে এই সমস্যা হলে স্বাস্থ্য সমস্যাকে আপনি গুরুত্ব দিতে পারবেন না। মানুষের ঘরে যে স্বল্প অর্থ আছে তাতে তার সামনে প্রশ্ন এই যে হাতে যে পয়সা আছে তা দিয়ে বাড়ীর যে ছেলে-মেয়েদের অসুখ করে নি তাদের ভাত কিনবে, কি যে ছেলেটার অসুখ করেছে তারজন্য ওষুধ কিনবে? টাকা হাতে প্রত্যেক মানুষকে ভাবতে হয় যে, যেটা অসুখ করেছে তার ওষুধ কিনবে না বাকি যারা আছে তাদের জন্য ভাতকাপড় কিনবে। স্বভাবতঃই যতক্ষণ অসুখ প্রবল না হয়, সকলের দৃষ্টিগোচর না হয় এবং চিকিৎসা না করে আর যখন কোন উপায় নেই ততক্ষণ পর্যন্ত মানুষ ছেলেমেয়েদের ভাতকাপড়ের কথা ভাবে। তাই আজকে সবচেয়ে বড় সমস্যা হচ্ছে অসুখ এবং রোগ সমস্যা এবং সেটা যে একটা নূতন রূপ নিচ্ছে সেটাকে সোশিওলজিক্যাল বলা চলে। অতএব তার বুনিয়াদটাকে না বুঝলে আপনার ঐ আসল সমস্যাটা বোঝা যাবে না। মানুষ রোগ হলে চিকিৎসা করে না, অপেক্ষা করে বাড়তে দেয় এবং খুব বাড়লে পর তখন চিকিৎসা দেয়। কিন্তু এই চিকিৎসা দেবার পর যেটা করা দরকার তা করার সামর্থ্য তাদের নেই। মাননীয় প্রধানমন্ত্রী কালকে যে প্ল্যানের কথা বলেছিলেন সেটা আমার কানে খুব ভাল লেগেছিল। কিন্তু তাঁকে কাল এই কথাটা শোনাতে চেয়েছিলাম যে, মানুষ বাগান করে, গাছ করে প্ল্যান করে, সে শুধু গাছ পুতে দিয়ে বাড়ী চলে যায় না। সেই গাছের তলায় জল যাচ্ছে কিনা, গাছে সার পড়ছে কিনা ইত্যাদি হচ্ছে কিনা তা দেখলেই তবে টার্গেট কমপ্লিশন হয়, আর তা না হলে গাছ হয় না, বাগান হয় না। আজকে যদি কোন মানুষ আমাদের দেশে কল্পনা করে প্ল্যানিং করে, সে যদি কল্পনা করে কলকারখানার হিসাব করে যে মানুষ দেশে রইল কি মরে গেল এই বাদ দিয়ে যদি কল্পনা করে তাহলে সে প্ল্যান প্ল্যানিং নয়। তখন কি হবে না যে মানুষ কাজ করছে সে নেই, যে মানুষ খাটে সেই মানুষ খেতে পেল না, মানুষ কাজ করে

অসুস্থ হয়ে পড়ে রইল এবং তাহলে যেখানে দেশের মধ্যে হাঁসি আসবে সেখানে তার বদলে ব্যাধি এল। মাননীয় স্বাস্থ্যমন্ত্রী মহাশয়কে আমি এই কথা বলতাম বা তিনি উপস্থিত থাকলে তাঁকে এই কথা জানাতাম যে অসুখ যে আজাকল হয়ে থাকে, তার একটা ইভলিউশন আছে। উদাহরণস্বরূপ বনের ছোট গোলাপ গাছকে চারা করে তাকে কলম করে বাগানে চাষ করলে পরে এর বড় গোলাপ ফুল যেমন হয় তেমনি প্ল্যানেও ছোট ব্যাধি ছোট বীজাণু এক একটা মানুষের মধ্যে [illegible] স্টেজে কালচার রিজিয়ন হিসাবে তাদের মধ্যে গ্রো করলে তারা অচিকিৎসায় রইল। এবং দিনকতক বাদে পাশের ছেলেটাকে ধরলে তারপর এটা একটু গ্রো করবে। এইরকম-ভাবে কালচার রিজিয়নএ যেমন গোলাপ গাছের কলম করে বনের গোলাপটাকে এত বড় গোলাপ ফুল তৈরী করেছিলেন আজ তেমনি করে ছোট ব্যাধি বা বড় হবার মতন যে ব্যাধি আপনার সমাজে রয়েছে সেটাকে না বুঝলে স্বাস্থ্য সম্বন্ধে আপনার বলা হবে না এবং স্বাস্থ্য সম্বন্ধে আপনারা যে প্ল্যানিং করবেন, যে নীতি করবেন সেই নীতিতে এই দৃষ্টিভঙ্গী না থাকলে আপনার চলবে না। আমি তাই প্রশ্ন করছি যে মানুষের ঘরে এই যে সমস্ত অসুখ হয় তাতে সে একটা ছেলেকে ওষুধ দেবে না অন্য ছেলেদের চাল কাপড় কিনে দেবে-অতএব এই সমস্ত সমস্যার মধ্যে ওষুধ দেবার সমস্যাটা রাষ্ট্র নিজের কাঁধে তুলে নেবার কোন বন্দোবস্ত করছেন কিনা সেটা জানতে চাই। এটাই আজ মূল সমস্যা। বর্তমানে মানুষের সংসারের খরচ এতদূর হয়েছে, তার আয় এত নেবে গেছে এবং জিনিসপত্রের ব্যয়ও এমনি করে বেড়ে গেছে যে মানুষ আজ ভাবছে যে আজকে বাঁচব না অসুখকে বাড়তে দেব। অতএব অসুখ এবং তার চিকিৎসার ভার সরকার যে নিজের কাঁধে তুলে নিচ্ছে এইরকম কোন নীতির আভাষ আপনার বাজেটের মধ্যে আছে কিনা সেটা আপনি বলুন। শুধু তাই নয় ক্রমাগত মহামারির মূর্তি বেড়েই চলেছে। গোলাপ গাছে কিরকম করে কলম হয় এবং তারপর ছোট গোলাপ গাছ থেকে বড় গোলাপ গাছ হওয়ার প্রশ্ন যেমন করে বলেছিলাম, তেমনি করে আমি বলছি যে আজকে ব্যাধি এবং মহামারি যখন ব্যাপক হবার সম্ভাবনা নিয়ে দেশের বুকে দাঁড়িয়ে রয়েছে সেখানে আপনি আজকে যদি প্ল্যানিং করতে চান, আজকে দেশের শিল্পসম্পদকে যদি বাড়াতে চান এবং দেশকে গঠন করতে চান, তাহলে মানুষের সামনে সেইরকম একটা গঠনমূলক আক্রমণাত্মক চেহারা নিয়ে আসতে হবে। আজকে বাংলাদেশের সংসারে যে রোগব্যাধি প্রবেশ করেছে এই বাজেটের মধ্যে সে সম্বন্ধে কি প্রোগ্রাম কোথায় আছে তা বলে দেবেন। বিরোধী পক্ষের সদস্য থেকে যাঁরা এই সম্বন্ধে বলবেন তখন উত্তর দেবার সময় আপনি পাতার নাম করে বলবেন যে অমুক জায়গায় লেখা আছে যে আমরা এই এক্সপ্যান্ডিং হেল্থ প্রোগ্রাম নিয়েছি। এখানে দুয়ে দুয়ে চার নয়, এখানে দুয়ে দুয়ে দশ হতে পারে। দুটো অসুখ থেকে দশটা অসুখ হতে পারে। সেজন্য আমি এক্সপ্যান্শন্ সম্বন্ধে বলছি এবং তার কোন জবাব বা ইঙ্গিত এখানে আছে কিনা সেটা বলতে হবে। স্বাস্থ্যমন্ত্রী এবং [illegible] কাছে আমার প্রশ্ন আছে যে বর্তমানে মানুষের সমস্যা কি সেটা দেখতে হবে। আজকে মানুষের ব্যক্তিগত চেষ্টায় নিজের পকেটের অর্থ দিয়ে চিকিৎসা করা সামর্থ্যের বাহিরে চলে গেছে। আপনারা সকলে ব্যক্তিগত অভিজ্ঞতা থেকে জানেন যে, পুরিয়া দিয়ে অসুখ সারানোর ব্যাপার সে যুগ চলে গেছে। আজকে অসুখ যেন বড়লোক হয়ে গেছে এবং তাকে দামী দামী ওষুধ না দিলে তারও মন তুষ্টি হয় না। তাই আজকে ছোট মিক্সচার দিয়ে বা পুরিয়া দিয়ে চিকিৎসার যে প্রণালীটা আমাদের বাপ-ঠাকুরদা করেছিলেন সেটা আজকে এই সময়ের পক্ষে অনুপযুক্ত। আমার প্রশ্ন হচ্ছে তাই যে চিকিৎসা করা সাধারণ মানুষের সামর্থ্যের বাহিরে চলে গেছে এবং সাধারণ মানুষ আশেপাশে গিয়ে ভিক্ষা করে চিকিৎসার যে বন্দোবস্ত করতে পারত, তাও মানুষের সে সাধ্য নেই, কারণ পাশের বাড়ির লোকেও চিকিৎসা দিতে পারে না। কর্পোরেট ইনস্টিটিউশন, বেসরকারী প্রতিষ্ঠান ও দাতব্য চিকিৎসালয় যা ছিল তাদের আজকে নূতন এই সমস্যার মাঝখানে, নূতন পরিস্থিতি, নূতন নূতন রকমের ব্যাধিতে ওষুধের প্রয়োজন। আজ তারা সব এ্যানাক্রোনিজম হয়ে গেছে। অতএব তাদের নূতন করে সংশোধিত না করলে সেইসব এই যুগের মধ্যে আর চলতে পারে না। সরকারী প্রতিষ্ঠান যা আছে তার সম্বন্ধে আপনারা কি জানেন না, স্বাস্থ্যমন্ত্রী স্বাস্থ্য ডিপার্টমেন্ট কি জানেন না যা সেখানে তিনি নিজে যান না কেন এবং গিয়ে দেখেন না কেন যে মিক্সচার দেওয়া হয় সেই মিক্সচারকে তারা সন্দেহ করে যে সেটা আসল ওষুধ কিনা। যেমন ধরুন কারো টাইফয়েড হলে তাকে আজকালকার [illegible]। ক্লোরোমাইসেটিন দেওয়া হয় কিনা? সরকার থেকে তা দেবার

কোন্ ব্যবস্থা করেছেন কি? সেটা সরকার বাজেটে দেখিয়ে দিন। তারপর আজকাল কর্পোরেট বডি চলে গেল। বেসরকারী প্রতিষ্ঠানও লুপ্ত হয়ে গেল, এখন স্টেট থেকে এইসব হেল্থ সেন্টার খোলা হচ্ছে—এইসব হেল্থ সেন্টারএ এইসব ওষুধ দেবার ব্যবস্থা হয়েছে কিনা?

[11-55—12-5 p.m.]

সরকারী বন্দোবস্ত যেটা সেটা নষ্ট হয়ে গেছে। আপনাদের এখানে আর একটা কথা জুড়ে দিতে বলেছিলাম সেটা হচ্ছে এই যে মানুষের ভাইটালিটি চলে গেছে, তার রোগপ্রবণতা বেড়েছে এবং রোগের মহামারী রূপও বেড়েছে। এইসব জায়গায় জল যদি ভেজাল হয়, জল যদি না পায় তাহলে সেখানে সেই পরিস্থিতিতে পুকুরের কাদামাটি জল যে কি ভয়ঙ্কর একটা এক্সপ্লোসিভ বিষ হবে সেটা কল্পনা করে আপনি বলুন যে আপনার ওয়াটার সাপ্লাইটা আপনার দেশের উপযুক্ত হয়েছে কি না। আজকে এই সরকার প্ল্যানিং করছেন দেশের মানুষকে খেতে দেবার জন্য, কিন্তু জল দেবার বন্দোবস্ত তাঁরা করেন নি বা জলের সমস্যাটা তুলে ধরেন নি। মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় বলেছেন যে ৭০ লক্ষ লোক জল পায় না, অথচ তিনি এখানে বললেন যে ওটা ভুল। তিনি কথায় কথায় এটা বলে ফেলেছিলেন এবং বাহিরে যেটা বলে ফেলেন এখানে সেটা ভুল বলে বলতে চান। কাগজের লোকেরা বসে আছেন তাঁদের বলছি যে তিনি সেটা বলেছিলেন আর আজকে তিনি যে ভুল বলে জেনেছেন এটাও আপনারা লিখতে পারেন। আপনারা যাঁরা যাঁরা গ্রামে আছেন সেই গ্রামের লোকেদের আমি জিজ্ঞাসা করছি এবং আপনারা বুকে হাত দিয়ে বলে যান যে আপনাদের যে জল আছে এবং যে জলের বন্দোবস্ত পাঁচশালা পরিকল্পনায় হচ্ছে সেটা উপযুক্ত কিনা। সেজন্য আমি প্রশ্ন করছি যে আপনার প্ল্যানিং আপনার প্রয়োজনের সঙ্গে খাপ খায় কিনা এবং আপনার প্রয়োজনের সঙ্গে প্ল্যানিংএর কোন মিল আছে কিনা সেটা আপনি বলুন। আমি স্বাস্থ্যবিভাগের কথাই বলছি। এবার রুটিনএর কথা বলি। সাধারণতঃ আপনার দেশ কোলকাতায়, কোলকাতার বাহিরের কথা ছেড়ে দিন, এপিডেমিক কন্ট্রোল করার জন্য প্রিভেনটিভ মেডিসিন আপনারা করতে পারছেন না। অথচ আপনার দেশে অর্থনৈতিক এবং চারিধারে যোগাযোগে ঐ এক্সপ্লোসিভ ম্যানোফেস্টেশন হঠাৎ বেড়ে যাবে। অর্থাৎ কোন রোগের হঠাৎ মহামারী রূপ হবে—এটাই হল বর্তমানের পরিস্থিতি। আপনারা প্রিভেন্টিভ অরগ্যানিজেশানএর চিকিৎসার কথা ক'য়ে সহযোগিতা কোলকাতায় করেন না, পারেন না এবং তার বন্দোবস্ত কিছুই করেন নি। আপনি আমাদের বোঝাতে চাইবেন যে ছোট ছোট গ্রামের কথা এখানে সরকারী দপ্তরে পৌঁছায় না। কিন্তু এটা কোলকাতা শহর, মেট্রোপোলিটন টাউন যেখানে পৃথিবীর চোখ পড়ে আছে সেখানে প্রত্যেকে স্বীকার করবেন যে, আপনাদের পারপেচুয়াল ভ্যাকসিনিসান বা একটা ক্যান্টিনের মতন নেই। এ বিষয়ে আপনারা আশা করেন যে পাড়ার লোকে বা অমুক লোকে এইসব করবে। তাহলে সরকারী দায়িত্ব এ বিষয়ে কিনা দায়িত্বকে এড়িয়ে যাওয়া এবং ওটাই হল আপনাদের কাজ। আমি জিজ্ঞাসা করছি আপনার যে হেল্থ ডিপার্টমেন্ট তার কি শুধু এই কথাটি আছে যে এখানে প্রিভেন্টিভ ইনোকুলেশন হোক, ট্রিটমেন্ট হোক বা সেবারই কি কোন বন্দোবস্ত অসুখ করবার আগেই হোক আর পরেই হোক আছে? আমি জিজ্ঞাসা করছি যে, আপনার চিকিৎসার মেকানিজম কি? প্রিভেনটিভ-এর কথা আমি এখানে বলছি না, কিন্তু যা হাসপাতাল আছে তাতে কি বন্দোবস্ত আছে। আপনাদের দেশে মায় কোলকাতা শহরে হঠাৎ যেটা বাড়বে, একটা অসুখ এক মাসে ৫০০টা হয়ে আর পরের মাসে বেড়ে ৫ হাজার কি ৫ লাখ হবে, তখন মিলিটারি কন্টিনজেন্সির মতন কোন কন্টিনজেন্সির বন্দোবস্ত আপনার এই বাজেটের মধ্যে আছে কিনা এবং যদি সেটা থাকে তাহলে বলবেন।

তারপর সুপারনিউমারারির কথা। অর্থাৎ কিনা যারা রেগুলার কাজ করছে হঠাৎ তাদের যখন বেশী দরকার হবে তখন তার মতন আলাদা করে কিছু লোক আপনার আছে কিনা এবং যদি থেকে থাকে তাহলে কত আছে। আমি একটা একটা করে আপনাকে প্রশ্ন করে যাচ্ছি। পার্টির মধ্যে প্রশ্ন করার বন্দোবস্ত আপনার আছে কিনা? এপিডেমিকের সময় ডবল ডিউটি বা ট্রিপল ডিউটি তারা তাদের নিজেদের মনের আবেগে করে যায়। কিন্তু সরকার তাঁর কর্তব্য এই সমস্ত মানুষের উপর করেন কিনা? এপিডেমিক আজ হবে আর ১০ বছরের মধ্যে যে

হবে এমন কথা নয়। আজকে এখানে হল, দু মাস পরে আর একটা হবে আবার দু মাস পরে আর একটা হতে পারে। আজকে যে মানুষগুলো ট্রিপল ডিউটি করল তাদের যদি আপনি রেমুনারেশন না দিয়ে থাকেন, তার মর্যাদা যদি না দিয়ে থাকেন, তার ন্যায্য পারিশ্রমিক আপনি যদি না দিয়ে থাকেন তাহলে আপনি কেমন করে আশা করছেন যে তার পরের এপিডেমিকের সময় এই মানুষ ক্লান্ত হয়ে কাজ করতে এগিয়ে আসবে। তারপর হয়ত আপনি দিনকতক পরে বলবেন যে এই সমস্ত লোকগুলো কাজ এড়িয়ে এড়িয়ে যায়। এর তখন আবার আপনারাই বলবেন যে এই মানুষগুলো দেশের প্রতি কর্তব্য করে না এবং এই মানুষগুলো কাজ করতে চায় না। এর আগে তারা ১০ বার যখন সিডিউল ডিউটি করেছিল আপনারা তারজন্য কি তাদের কিছু রেমুনারেশান দিয়েছেন, প্রশংসাপত্র দিয়েছেন পাবলিসিটি দিয়েছেন বা তারজন্য তাদের কি কোনরকমে ধন্য করেছেন?

আমার দ্বিতীয় আর একটি প্রশ্ন বলছি। আমি বুঝলাম আপনাদের টাকা নেই। আমার আগে এক কংগ্রেসী বন্ধু আগের আলোচনার সময় আমার কথাকে আকাশকুসুম বলেছিলেন। কিন্তু তিনি আকাশকুসুম কোন্ কথার উপর বলেছিলেন জানি না। সেজন্য আজকে সেই আকাশকুসুমটা আপনার সামনে ফেলব। আমি জিজ্ঞাসা করছি দেশে আপনাদের যে কোন নীতি নেই তার প্রমাণ হচ্ছে এই যে, যে হাসপাতাল, মেডিক্যাল রিসার্সেস, মেন্ অ্যান্ড পার্সনস আপনার হাতে আছে তাদের মবিলাইজ করে, সেন্ট্রালাইজ করে যাতে কাজ পাওয়া যায় এমন কোন বন্দোবস্ত আপনারা করেন নি। মুখ্যমন্ত্রীর মহাশয় শেষ বাজেটের সময় বলেছিলেন যে আমরা এই পয়েন্ট মানি এবং এটা আমরা ফরমুলেট করতে চাই। আমি সে সম্বন্ধে আর একটা কথা বলছি যে, কিছু সরকারী টাকা পায় বা পায় না, কিন্তু বেড্‌স বা হাসপাতালে যারা আছে সেইসমস্ত গরীব মানুষ রাজরাজড়ার মতন চিকিৎসা চায় না, আমেরী চিকিৎসা চায় না বরং তারা আশ্রয় চায়, ডাক্তার চায়, কিছু ঔষুধ চায়। অর্থাৎ তারা হোমিওপ্যাথিক, কবিরাজী ইত্যাদি যেকোন হাসপাতালে তারা একটু আশ্রয় চায় অসুখ সারাবার জন্য। কিন্তু আপনারা সেইরকম কিছু বন্দোবস্ত করেছেন কি? যা কিছু আছে তা যদি আপনাদের কন্ট্রোল থাকে তাহলে মানুষ রাস্তা থেকে ফিরে যাবে না, রাস্তায় মেয়েছেলের প্রসব হবে না। এ সম্বন্ধে আমাদের একটা প্রস্তাব আমরা শেষকালে রাখব।

আমার আর একটা প্রশ্ন। আপনাদের সেন্ট্রালের অফিসারদের মধ্যে, মন্ত্রীদেব মধ্যে একটা স্কীম আছে এবং এ সম্বন্ধে তাঁরা ওয়াকিবহাল আছেন। এ সম্বন্ধে তাঁরা তাঁদের পলিসিও ফেলছেন। এমন যদি হত যে আমাদের স্বাস্থ্যমন্ত্রী সবায়ের গায়ে হাত বুলোতেই সব অসুখ সেরে যাচ্ছে তাহলে আমার বলবার কিছু ছিল না। এবং আমাদের দেশের মুখ্যমন্ত্রী মুখে বলে দিলেই লোকের রোগ সেরে যাচ্ছে তাহলেও হয়ত কিছু বলতাম না। কিন্তু মানুষের অসুখে সেবা, আশ্রয় ও ওষুধ লাগে আমার এখানে প্রশ্ন যে, আপনাদের উদ্দেশ্য ও অভিপ্রায় খুলে বলে ফেলুন। যে আঙ্গুল, হাত ইত্যাদি যার মারফতে এটা কার্যে রূপায়িত হবে এবং তাঁর যদি শ্রাঙ্কেন্ এ্যান্ড শ্রীভেল্‌ড্ ফিংগার্স হয় তাহলে আলাদা কথা। কিন্তু যে হাত দিয়ে একটা কলমে পুরুষ লিখতে পারে না সেখানে এইরকম একটা মহান গুরুতর কাজ কেমন করে তাদের কাছ থেকে আপনি আশা করেন। আমি জিজ্ঞাসা করছি ঐসমস্ত ডাক্তার, নার্স, হাসপাতালের কেরাণী ইত্যাদি দ্বারা আপনার ডিপার্টমেন্টের জনতার সঙ্গে যোগাযোগ হবে সেখানে তাদের কি আপনি খুশী রাখেন। তাদের মধ্যেও প্রাণ আছে। তাদের বাঁচাবার এবং কাজ করবার মতন সেই প্রেরণা যোগাতে গেলে অন্নবস্ত্রের সন্ধান দেওয়াও একটা প্রয়োজন আছে। তাকে মানুষ বলে আপনি যদি স্বীকার করেন, তার মধ্যে মনুষ্যত্ব যদি জাগান তাহলে দেখবেন যে আপনার সম্মান দেওয়ার ফলে যে কাজ সে করতে পারত না সেই কাজ করতে সে এগিয়ে আসবে। আমি তাই জিজ্ঞাসা করব যে আপনারা যখন কোন বড় কাজের কথা ভাবেন এবং যার মধ্য দিয়ে কাজ রূপায়িত হবে ও যেখান থেকে একটা প্র্যাক্‌টিক্যাল্ শেপ্ নেবে সেখানে আপনাদের দৃষ্টি কতটা আছে? অতএব যাদের মধ্য দিয়ে কাজ হবে তাদের প্রতি যদি নজর না দেন তাহলে বলব যে আপনাদের শুধু এসেম্বলীতে বক্তৃতা দেবারই উদ্দেশ্য, কাজ করবার উদ্দেশ্য নয়।

[12-5—12-15 p.m.]

টেম্পোরারী সম্বন্ধে আমি প্রশ্ন করছি। হাসপাতালে এবং মেডিকেল কলেজ প্রভৃতিতে টেম্পোরারী হিসাবে কেন রাখেন? আপনি জানেন না টেম্পোরারী হিসাবে নার্স হোক, ডাক্তার হোক যেই হোক না কেন সেই টেম্পোরারী মানে তাকে আবার দুদিন পরে চাকরীর জন্য ঘুরতে হবে। মানুষকে সারাবার জন্য সে চেষ্টা করবে না, সে উপরওয়ালাকে খুশী করবে। আগে একবার বলেছিলাম যে এইসব মানুষদের নিয়ে কুটনো কোটান যায়, বাটনা বাটান যায়, বাজার করান যায়, কিন্তু কাজ করান যায় না। আপনারা জানেন যে কিছুদিন আগে কাগজে বেরিয়েছিল যে প্রাইভেট টুইসনি কর্তার বাড়িতে করে পরে সে ডেপুটি সেক্রেটারি হয়েছে। এটা আমার বক্তব্য নয় প্রেস নোটে কয়েকদিন আগে বেরিয়েছিল যে বিভিন্ন ডিপার্টমেন্টে এইসব হচ্ছে। প্রশ্ন হচ্ছে যে, টেম্পোরারী ক্যাটিগোরি লোকেদের উপর তোষণ করার প্রয়োজনটা যদি জাগিয়ে রাখেন তাহলে সেই মানুষের কাছে তোষণ ছাড়া কাজ আপনি কেমন ক'রে আশা করবেন। একটা মানুষ কাজ করবে তার সিকিউরিটি অব সার্ভিস নেই, সে জানে না কি করলে তার চাকরী যাবে। বরং সে জানে যে যদি সে ভাল করে চাকরী করে তাহলে ঐ ভদ্রলোককে সেলাম না করলে, ছেলেকে কোলে করে বিকেলবেলা একটু বেড়াতে না গেলে তার চাকরি থাকবে না। অতএব এই মানুষের কাছ থেকে কি করে সম্মান আশা করেন? উপরের মানুষকে খোসামোদ করাই হবে তার কাজ।

আজকে আমি আর একটা প্রশ্নের দিকে আপনাদের দৃষ্টি আকর্ষণ করছি। গত ৫-৭ বৎসরে হাসপাতাল ইত্যাদি বেড়েছে, বেড্ বেড়েছে। মাননীয় মুখ্যমন্ত্রীমহাশয় বলে গেলেন যে ১৪ হাজারের জায়গায় ৬ হাজার বেড়ে ২০ হাজার বেড বেড়েছে। কিন্তু গোলমাল কোথায়? সম্প্রতি কিছুদিন আগে যাদবপুরের সেক্রেটারি যিনি ছিলেন তাঁর সংগে আমরা কথা হবার সময় তিনি বলেছেন যে, আমরা টাকা যেটা বেডের জন্য পাই তা আমরা নার্সদের দিতে পারি না, স্টাফদের দিতে পারি না। অর্থাৎ একটা হাসপাতালে রেগুলার বেড হয়ত বেড়ে গেল এবং যার জন্যে আপনি সুনাম কিনলেন, কিন্তু সেই বেড বাড়ানোর সংগে সংগে নার্স ও স্টাফ বাড়ানোর যে দরকার হয়েছে সেটা আপনি জানেন না। সেজন্য এক্সট্রা লোড অব ওয়ার্ক তাদের জন্য আপনি বাড়িয়ে ফেলেছেন। আপনি বলেছেন যে যখন তারা ডোনেশান দিয়েছেন এবং আপনি যখন সেই ডোনেশন নিয়েছেন তখন আপনার বলা উচিত যে এতটা অন্ততঃ সার্ভিস স্টাফেদের জন্য দেওয়া উচিত। আপনি যেখানে বলছেন যে ১৪ হাজারের জায়গায় ৬ হাজার বেড়ে ২০ হাজার হয়েছে সেখানে সেই সংগে সংগে সেই পার্সেন্টে ইনস্ট্রুমেন্ট, স্টাফ, ডাক্তার, নার্স জমাদার বেড়েছে তার সংখ্যাতত্ত্বও দেবেন। ব্যাপার হচ্ছে যে, বাড়বার সময় বেডে বেড়েছে কিন্তু তা দেখবার লোক বাড়ে নি। আমার সময় সংক্ষিপ্ত হয়ে আসছে বলে প্রস্তাবাকারে আমার কয়েকটা প্রস্তাব রাখছি। আমার যে এক বন্ধু গঠনমূলক প্রস্তাব চেয়েছেন, তিনি দেখুন যে এর মধ্যে গঠনমূলক প্রস্তাব আছে কি নেই। বাংলাদেশের মানুষও এমন একটা ধরণের মানুষ যে কেবল মন্ত্রীরা, কংগ্রেসীরা, আমরা যারা এসেম্বলীতে এসেছি তারাই খালি দেশসেবা করেছে, দেশের জন্য লড়েছে, এদের ভেতর খালি প্রাণ আছে আর কারুর মধ্যে প্রাণ নেই বলে তারা মনে করে। কিন্তু তা নয়। হাসপাতালে যদি দুর্ব্যবস্থা থাকে তাহলে হাসপাতালে যারা কর্মচারী তাদের সংগে যোগাযোগ করে তাদের একটু মর্যাদা দিন। তাদের ইউনিয়ন বা সংগঠন যদি থাকে তাহলে তাদের সংগে যোগাযোগ করতে আপনার কি এসে যায়। তাদের মারফতে হাসপাতালের ভেতরটা কেমন করলে ভালোভাবে চলতে পারে সেটা যদি যোগাযোগ করেন তাহলে ভাল হয়। যেমন সাত্তার মন্ত্রীমহাশয় বলেছিলেন যে, একটা যোগাযোগ হওয়া দরকার, কিন্তু সেই যোগাযোগটাই সম্মানের যোগাযোগ হওয়া দরকার। সহযোগিতা মানে আপনারা যেটা বলবেন আমরা সেটা মেনে নেব এই যদি সহযোগিতা হয় তাহলে এটাকে সহযোগিতা বলে না। সহযোগিতা মানে আলাপ পরামর্শ, অর্থাৎ আমার কথা শুনে আমারটা মেনে নিলেন। আপনারটা বলে আমাকে বললেন মেনে নিতে তাহলে এটাকে সহযোগিতা বলে না। এই সমস্ত মানুষ এরাও কাজ করেছে, এদের মধ্যে প্রাণ আছে, সত্যিকারের সেবার আদর্শ আছে। এই সমস্ত জিনিস তাদের মধ্যে আছে কিনা জানবার জন্য সত্যিকার বেসিসএ যোগাযোগ করুন। আজ যদি এটা অল ইন্ডিয়া ফিল্ডএ না হয়ে থাকে, তাহলে বাংলাদেশে করুন। এবং এখানে এই

রাজনৈতিক, মুনাফা, লাভ, দলাদলি তো নেই, কিন্তু এখানে তা কেন করবেন না—ফর দি বেটার সার্ভিস অব দি হসপিটাল। আমার প্রস্তাব আর একটা ছিল। আমরা দুটি কমিশনের দাবী করছি। একটি ইন্ডিয়ান মেডিক্যাল এ্যাসোসিয়েশন এবং একই পার্টি, নন-পার্টি নিয়ে বাংলা-দেশের স্বাস্থ্যের কল্পে কি করা যায়। অর্থাৎ যাতে আমরাও বলব না যে আমাদের কম্যুনিস্ট পার্টিকে বাদ দিয়ে করছেন, আর আপনারাও বলবেন না যে কম্যুনিস্ট পার্টিকে নিয়ে করব না। এতে আমার ছেলে বাঁচবে, আপনার ছেলে বাঁচবে—এটাতো কোন দলগত প্রশ্ন নয়। কেমন করে হাসপাতাল ভালো করা যায়, মানুষকে সেবা দেওয়া যায়, এটাতো কোন দলগত প্রশ্ন নয়। অতএব কমিশন বসাবার আদর্শ কেন আপনারা রাখছেন না ? এই প্রশ্নটা হচ্ছে অন মেডিক্যাল এ্যান্ড পাবলিক হেল্থ, মেডিক্যাল এডুকেশন প্রবলেম, এর স্ট্যান্ডার্ডাইজিং দি হসপিটাল, অর্থাৎ ভিন্ন ভিন্ন হাসপাতালের মধ্যে একটা স্ট্যান্ডার্ড করা, যাতে খাবার ওষুধ ইত্যাদির একটা স্ট্যান্ডার্ড যদি ঠিক থাকে তাহলে এক একটা হাসপাতালে যার একটু নাম আছে সেই হাসপাতালে সমস্ত ভীড় হবে না। এইরকম ডিসেন্ট্রালাইজ যদি আপনি করতে পারেন তাহলে পার্টিকুলার কোন একটা হাসপাতালে আর ভীড় হবে না। অর্থাৎ যদি স্ট্যান্ডার্ড অব ট্রিটমেন্ট, স্ট্যান্ডার্ড অব ডায়েট, স্ট্যান্ডার্ড অব মেডিসিন এক করবার একটা বন্দোবস্ত আপনারা করুন। আর একটা হচ্ছে যে হাসপাতাল ওয়ার্কার্স, ডাক্তার এবং নার্স সমস্ত নিয়ে, যারা তাদের জীবিকা, সার্ভিস কন্ডিসন ইত্যাদি দাবী যদি না সুষ্ঠুভাবে মানেন তাহলে হবে না। এক একটা বেডে বা কটা বেডে কটা নার্স লাগে ডিউটি শিফ্‌ট্‌ কটা লাগে ইত্যাদি সব এখানে বসে না করে একটা এনকোয়ারী কমিশন তাদের জন্য করুন। কিন্তু যে কমিশনের কথা বলছি তার মধ্যে বাস্তবতা থাকা চাই। কারণ কমিশনকে আজকাল কেউ বিশ্বাস করতে পারছে না, কারণ কমিশনটা নাকি সময় কাটাবার একটা এ্যাপারেটাস। আমরা একটা যেটা চেয়েছিলাম তার মধ্যে যে কনস্ট্রাকটিভ সাজেসশন আছে তাতে হয়ত বন্ধুদের আপত্তি না হতে পারে। ধরুন কোলকাতা শহর, এখানে কি এমন হতে পারে না যে যেমন পুলিশের একটা কন্ট্রোল টাওয়ার আছে, তেমনি একটা সিংগল কন্ট্রোল টাওয়ার যার দ্বারা কোলকাতার যতগুলো সরকারী বেসরকারী হাসপাতাল আছে তাদের আইনগত-ভাবে হিসাব করা হবে। এবং এই কন্ট্রোল টাওয়ারএ পেসেন্টএর নাম্বার, বেড কোথায় খালি আছে তা জানাতে হবে। সাধারণ মানুষ অসুস্থ লোক নিয়ে যদি একটা হাসপাতালে যায় এবং সেখানে বেড যদি না থাকে তাহলে কন্ট্রোল টাওয়ার-এ রিং করে দিলে, ঐ কেস মিডওয়াফারি হোক সার্জারি হোক, মেডিক্যাল হোক, সেই কন্ট্রোল টাওয়ার এ্যাম্বুলেন্স কোরে এক জায়গা থেকে আর একটা জায়গায় শিফ্‌ট্‌ করে দেবে। এই কন্ট্রোল টাওয়ার সিস্টেমটা সরকারের চালু করা উচিত। নূতন হাসপাতালের জন্য টাকা খরচ যদি না করতে পারি, কিন্তু যা আগে সেগুলোকে কেন নেওয়া যাবে না। আপনারা যদি এইরকম একটা আইন করেন যাতে অন্যান্য হাসপাতাল এই সিস্টেমের মধ্যে আসে। এর দ্বারা একটা কো-অর্ডিনেশন হবে। অতএব এই-রকমের বিভিন্ন স্টেজেস্‌ অব কো-অর্ডিনেশন যদি আসে তাহলে তাতে এফিসিয়েন্সি আপনার বাড়বে কিনা মানুষকে আপনি বেটার সার্ভিস দিতে পারবেন কিনা সেটা আপনি ভেবে বলুন।

শেষ আর একটা প্রস্তাব ছিল। এখানে আপনাদের জানিয়ে রাখছি যে সত্যি সত্যি স্বাস্থ্য নিয়ে ছেলেখেলা করা মানুষ হয়ত সহ্য করবে না। সাধারণ মানুষের মধ্যে অলরেডি যে কথাগুলো উঠেছে সেগুলো হচ্ছে এই যে হাসপাতালে নিয়ে গেলেই তারা শোনে যে রিগ্রেট নো বেড। আপনাদের ভাবতে হবে যে, যদি এর পরে মানুষ পেশেন্টকে নিয়ে পেঁৗছে সরকারী হাসপাতালের দরজায় বা বেঞ্চে বসিয়ে দিয়ে সে যদি শোনে যে রিগ্রেট, নো বেড ভ্যাক্যান্ট, এ্যাডভাইসড এনাদার হস্‌পিটাল তখন সে বলবে যে পাড়া থেকে এনে পেঁৗছে দিয়েছি যথেষ্ট করেছি এখন বাকিটা সরকার করুন। অতএব যে যার পাড়া থেকে রোগী এনে সরকারী হাসপাতালে পেঁৗছে দিয়ে বাড়ী চলে যেতে থাকে তাহলে কি হবে। সুতরাং আপনি ভাবুন যে এই পলিসিটা নেবার জন্য মানুষ আপনাকে বাধ্য করাবে। এর পরে হাসপাতালে আন্‌এ্যাকাউন্টেড সাডন্‌ ডেথ হলে, যার কোন মা-বাপ নেই, তার সম্বন্ধে কোন সুষ্ঠু বন্দোবস্ত করা হয় না। এমন কোন এম, এল, এ, নেই যাঁর কাছে এইরকমের খবরাখবর না আসে। এর পরে হয়ত অন্য লোকে এইরকম নীতি নিতে সুরু করবে। সেইরকম প্রশ্নও উঠেছে যে, এইরকম ডেথ হলে ডাইরেক্টর অব হেল্থ সার্ভিসেস এবং হেল্থ ডিপার্টমেন্টএর বিরুদ্ধে তারা কোর্টে কেস করবে। দুই-একটা

জায়গায় কেস করে একে জবাবদিহি করার জন্য আদালতে দাঁড় করিয়ে মানুষের সামনে এদের বিচার করা হোক—এই নীতি মানুষ আজ চিন্তা করছে। তৃতীয় জিনিস হচ্ছে হাসপাতালের দুর্ব্যবহার। এখানকার প্রতিকার যদি আপনারা না করেন তাহলে মানুষ যদি নিজেরা দাঁড়িয়ে তার প্রতিকার নেয় এবং তারজন্য যদি দুই-চারটা পুলিশ কেস হয় তাহলে টেস্ট কেস হিসাবে তারা সেটা পরীক্ষা করবে। এই কথা সাধারণ মানুষ জিজ্ঞাসা করছে।

[12-15—12-25 p.m.]

Sj. Sisir Kumar Das: Mr. Speaker, Sir, the problem of unemployment has never been solved in a capitalist country. The best example is the U.S.A. Sir, you know that it is the highest industrialised country in the world.

In agriculture scientific knowledge has been applied to the utmost, and you heard yesterday from our Food Minister that there is so much food production there that some part of it has got to be destroyed every year. In spite of that you will be astonished to learn that about 10 per cent. of the population are unemployed throughout the year. Therefore the question has arisen whether in a capitalistic society the problem of unemployment can be solved. The answer is in the negative; and that is why there is the rise of Socialism. This is an inherent contradiction in a capitalistic society. Our Chief Minister is a votary of private industry; so also is our Prime Minister. You all know our Prime Minister; he is there and the Second Five-Year Plan is there, and the private industry will flourish for many years to come. If private industry is to stay rationalisation has to be applied to private industry. As you are aware the jute industry in West Bengal is suffering from competition with jute industry of Pakistan—the reason is that they have set up highly developed technical mills in East Bengal whereas the mills in West Bengal are outmoded. Therefore rationalisation has got to be applied and, if rationalisation has got to be applied, there will be less employment. It is well known to all economists that the more the industrialisation the less the employment because a piece of work that is done by thousands of men, can be done by only a few men with highly mechanised appliances. That is why Socialism has developed. India is a highly populous country. There must be industries which not only save labour but also industries which will give employment to labour and therefore the only solution lies in Socialism. The main thing about Socialism is that it advocates not only that the industries should be highly technical but also that there should be equitable distribution of the national wealth and that equitable distribution can take place only in a Socialistic State. This is too elementary a proposition to be spoken of in greater detail

The Government wanted concrete suggestions to solve the unemployment problem and I will give a suggestion now. You have developed a charkha known as Ambar Charkha and the production of that Charkha is four or five times the ordinary charkha. By the use of Ambar Charkha you can solve the unemployment problem of the villages where not only men but also women are under-employed. The question is how to face competition with mill-made clothes. That can be done by legislation. If you ban the sale of mill-made dhotis and saris in the State of West Bengal—of course, gradually within a course of a few years—and if you utilise Ambar Charkha in the villages and in the towns of West Bengal to get dhotis and saris—by this industry you will be able to get rid of unemployment in the villages in a short time, and each family of villagers will earn Rs. 60 to Rs. 70 per month. I, therefore, throw the suggestion that let there be a legislation whereby mill-made dhotis and saris can be banned—not all at once but gradually. There are not as yet a sufficient number of Ambar Charkhas

but gradually more and more Ambar Charkhas will be produced. Within a *course of two or three years let the Ambar Charkha supplant the mills.* Of course the mills can produce things other than dhotis and saris—the mills can produce shirting, suitings, towels, etc., but dhotis and saris must not be produced by the mills in the State of West Bengal. Make such production illegal by law. If the Government is serious in its attempt to solve the unemployment problem in the State, let it do it.

Secondly, I shall throw another suggestion: there are various charges of nepotism, favouritism and corruption levelled against the officers of the State—and not only against the officers but also against the Ministers. Caesar's wife must be above suspicion. Against those who are in charge of the administration let not a word be said; and in order to allay the misgivings of the people on that score I would suggest that a legislation be passed whereby all high officials including the Ministers must make a declaration of the properties held by them either in their own names or in the benami of their near and dear ones or of any other person. If the declaration is made, those of our Ministers who are beyond corruption will have nothing to fear but the people will have confidence in those persons. To supplement that legislation another thing should be done; an Act should be passed whereby all benami transfers may be declared illegal. That can be done on the State level. There need not be an all-India legislation on the point. Let this State make a law whereby any transaction involving property standing benami in the name of any other person, may be declared void; let there be a law that after six months if a person does not declare that it is his property which is held in the name of another person, then the property will belong to that other person who holds it in benami—the benamdar. Let that law be passed. The result will be indirectly beneficial to the country because in that event the tax-dodgers—those who have hidden their property by making their property benami—will be caught. I throw this suggestion. Let it be accepted by Government. Let the Ministers make a declaration of their property and allay the suspicion in the minds of the public.

[12-25—12-30 p.m.]

Thirdly, I would draw the attention of the House to one feature, namely, there is taking place a gradual elimination of the Bengali race from the towns of Bengal and the city of Calcutta. No steps have yet been taken to stem that rot. I know that when I was a student in the Presidency College in 1925-26, those quarters belonged to the Bengalis. Now what do you find? They belong to the upcountry businessmen. The Bengalis have been ousted—what is the remedy? I do not suggest to you to pass discriminatory legislation because you cannot do that under the Constitution. But what I do suggest is, just bring about a state of society whereby exploitation of the people of Bengal will no longer be possible by the business community. That can be easily done. Just nationalise two industries—the textile industry and the jute industry. If you nationalise them, then the very next day you will find that exploitation of the Bengali people by outsiders has stopped and the gradual infiltration into and ousting of the Bengalis from Calcutta will stop. That can be easily done in a socialistic pattern of society. Nobody is entitled to exploit anybody else. If there is any profit from the textile industry, let it come to the State, and let the people be benefited. Just let the rot be stopped. That is my suggestion to the party in power and let us see how far it is accepted. Only by that way you can stop the elimination of the Bengali race from Calcutta.

The Hon'ble Bimal Chandra Sinha: Does socialism think in terms of Bengalis and Biharis?

Sj. Sisir Kumar Das: No. *I am talking* of exploitation; and exploitation of Bengalis, and that can be stopped by socialisation of industries; and for the matter of that if there is a Bengali industrial concern, that also should be nationalised and stopped from exploiting the people.

The Hon'ble Bimal Chandra Sinha: Then you deprive the Bengalis also?

Sj. Sisir Kumar Das: No. I am not depriving them.

My next point is that if you go through the budget, you will find that the expenditure is mounting under the following heads; under Police the expenditure in 1955-56 was 8,02,62,000; in 1956-57—Rs. 8,27,49,000; in the budget estimates of 1957-58 the expenditure is 8,49,39,000. Gradually, the police expenditure is going up. If we ask for an explanation, the explanation is that we require a large police force to guard the frontiers of Bengal. Why can't that be done by the Government of India? Why can't we claim a portion of expenditure on that vigilance from the Government of India.

The Hon'ble Bimal Chandra Sinha: That is a military affair.

Sj. Sisir Kumar Das: Yes, that can be done by the military as well and it will reduce our expenditure.

Now, Sir, I will speak about the vanity bags. Mr. Speaker, Sir, our Ministers must have police posted before their houses. I find near my residential quarters that the Presiding Officer of the Upper House has got a police man in front of his House. Who is going to take the life of that important gentleman of this State? Who is going to take the lives of many of the popular Ministers—why spend so much money on such vanity bags?

[At this stage the member reached the time-limit]

Mr. Speaker: Mr. Das, the House will stand adjourned at 12-30 p.m. and you must finish by that time.

Sj. Sisir Kumar Das: Sir, my time is short and I cannot speak any more. If the Ministry is really anxious to take my suggestions, I will give them later if I have an opportunity but as I cannot proceed now I stop.

Mr. Speaker: The House stands adjourned till 2-45 p.m. on Monday, the 10th June, 1957.

Adjournment

The House was accordingly adjourned at 12-30 p.m. till 2-45 p.m. on Monday, the 10th June, 1957, at the Assembly House, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

THE ASSEMBLY met in the Assembly House, Calcutta, on Monday, the 10th June, 1957, at 2-45 p.m.

Present:

Mr. Speaker (The Hon'ble SANKARDAS BANERJI) in the Chair, 15 Hon'ble Ministers, 10 Deputy Ministers and 215 Members.

Obituary

[2-45—3-10 p.m.]

Mr. Speaker: Honourable members, before we begin the proceedings of the day I have a painful duty to perform. I am mentioning the death of an eminent citizen, **Shri Hridoy Bhuson Chakrabarty.** Shri Chakrabarty died at the age of 61. He was a member of the Legislative Council right from its inception. He was a great social worker and a political leader. In 1921 he joined the Indian National Congress and ever since he has served the country. He took part in many national movements including the salt agitation. He courted imprisonment and was imprisoned for a fairly long time. He was a member of the West Bengal Pradesh Congress Committee and also a Member of the All-India Congress Committee. He went to Delhi and took part in the All-India Congress Committee meeting and after his return he was taken ill with Influenza. His disease aggravated. He was removed to the Presidency General Hospital, now known as the Karnani Hospital and there he died after a brief illness. I would suggest that honourable members would kindly rise in their seats for two minutes as a mark of respect to his memory.

[The members stood in their seats and remained silent for two minutes.]

I am requesting the Secretary of the Assembly to send a message of condolence to the members of the bereaved family.

As a mark of respect I am adjourning the House for 15 minutes.

[At this stage the House was adjourned for 15 minutes.]

[After adjournment]

STARRED QUESTIONS
(to which oral answers were given)

Non-payment of retrenchment benefits to the workers affected by the closure of certain jute mills

***1.** (SHORT NOTICE.) **Sj. Bankim Mukherjee:** Will the Hon'ble Minister-in-charge of the Labour Department be pleased to state—

(a) if it is a fact that a large number of workers thrown out of work as a result of the closing down of jute mills in West Bengal are not getting compensation due to them under the law; and

(b) if so, will the Hon'ble Minister state what steps are being taken by the Government to enforce the law in all such cases?

Minister-in-charge of the Labour Department (the Hon'ble Abdus Sattar): *(a) No. Only in the case of two mills, which have closed down completely on economic grounds, retrenchment benefits as admissible under the recent* Ordinance have not yet been paid to the workers.

(*b*) In the case of one mill where closure took effect prior to the promulgation of the recent Ordinance, the issues of justifiability of closure and benefits admissible to workers have been referred to a Tribunal for adjudication. In respect of the other mill, proceedings under the Public Demands Recovery Act have been started to recover the dues of the workers. In addition, efforts are being made to persuade the employers to pay up the dues of the workers as soon as possible.

[3-10—3-20 p.m.]

Sj. Jatindra Chandra Chakravorty: Was the Hon'ble Minister satisfied that the closure was on economic grounds——

Mr. Speaker: Supplementary questions must first be asked by a member who has given notice of the question and after that other honourale members may put supplementaries.

Dr. Ranendra Nath Sen: I want to put the supplementary on behalf of Shri Bankim Mukherji. Is the Government satisfied that the closure of mills is on completely economic grounds?

The Hon'ble Abdus Sattar: Closure of the two jute mills—Luxmi and Victory—was due to mismanagement and bungling.

Dr. Ranendra Nath Sen: You have given the answer that they closed down on economic grounds. Now you state that it is due to bungling and mismanagement of the company.

The Hon'ble Abdus Sattar: Two of the mills closed due to bungling and mismanagement.

Sj. Jatindra Chandra Chakravorty: In answer to (a) the Hon'ble Minister has stated that in the case of one mill where closure took effect prior to the promulgation of the recent Ordinance the issues of justifiability of closure and benefits admissible to workers have been referred to a tribunal for adjudication. Will it be with retrospective effect? Why it was referred to the tribunal instead of trying to realise the amount due under the Ordinance to the workers and making the workers wait for a long period during the pendency of the tribunal?

Mr. Speaker: The question is far too long.

Sj. Jatindra Chandra Chakravorty:

মাননীয় স্পীকার মহোদয়, আমি পরিষ্কার করে বলছি, আরও সংক্ষেপে বলছি। মন্ত্রীমহাশয় (বি) উত্তরে বলেছেন যে, অর্ডিন্যান্সএর আগে দুটো মিল বন্ধ হয়েছিল বলে, এবং জাষ্টিফিয়েবিলিটি অফ ক্লোজারএর জন্য সেই ইসু ট্রাইবুন্যালএ পাঠান হয়েছে। মন্ত্রীমহাশয় কি এটা জানেন না যে, অর্ডিন্যান্সটা উইথ রেট্রোস্পেক্টিভ এফেক্ট দেওয়া হয়েছিল? সুতরাং ট্রাইবুন্যালএ সেই ইসুগুলি পাঠান হয়। কিন্তু ট্রাইবুন্যাল শেষ না হওয়া পর্যন্ত ওয়ার্কাররা একটা পয়সাও পাবে না। সুতরাং ট্রাইবুন্যালএ না পাঠিয়ে সেটা কেন এখন এমনি রিয়ালাইজ করবার জন্য চেষ্টা হচ্ছে না

under section 33(c) of the Industrial Disputes Act.?

The Hon'ble Abdus Sattar:

কেন ট্রাইব্যুন্যাল করা হয়েছে, তার উত্তর পরিষ্কারভাবে বলা হয়েছে।

Dr. Ranendra Nath Sen:

মিঃ স্পীকার, স্যার, উনি ওঁর কোয়েশ্চেনএর জবাব দিলেন না। তার কোয়েশ্চেনটা হচ্ছে, অর্ডিন্যান্সটা পাশ হবার পরে এ্যাডজুডিকেশন ট্রাইব্যুন্যালএ রাখবার কি দরকার আছে? এখন আপনাদের সেই অর্ডিন্যান্স এ্যাপ্লাই করে ওয়ার্কারদের

dues under the Industrial Disputes Act

অনুসারে আদায় করতে পারেন; সেটা কেন করা হচ্ছে না?

The Hon'ble Abdus Sattar:

তাঁরা যে গ্রাউন্ড দিয়েছেন সেটা জাস্টিফিয়েবল বটে কি না তা জানবার জন্য ট্রাইব্যুন্যালএ দেওয়া হয়েছে।

Dr. Ranendra Nath Sen:

মাননীয় স্পীকার মহাশয়, উনি প্রশ্নটার ঠিক জবাব দিচ্ছেন না। আমরা জানতে চাই ওয়ার্কারদের যেটা ডিউ আছে। ক্লোজারটা জাস্টিফায়েড কিনা তার জন্য সেটা আপনি ট্রাইব্যুনালে দিন; দ্যাট ইজ এ সেপারেট থিং। কিন্তু ওয়ার্কারদের ডিউজ দেবার জন্য যে এ্যাক্টএর প্রভিশন আছে, সেটা অর্ডিন্যান্স প্রোমালগেটেড হবার পরও রেট্রোস্পেকটিভ এফেক্ট আছে। সুতরাং, সেই অনুসারে ওয়ার্কারসদের ডিউ দেবার জন্য গভর্নমেন্টের তরফ থেকে এমপ্লয়ারসদের উপর কেন প্রেসার দেওয়া হচ্ছে না?

The Hon'ble Abdus Sattar:

ওয়ার্কারসরা চাইলেই দেওয়া হবে।

Sj. Deben Sen: Arising out of answer (a), last line, retrenchment benefits as admissible under the recent Ordinance have not yet been paid to the workers and so in view of this reply will the Hon'ble Minister please state when these workers are going to receive their retrenchment benefits and if at all they are going to get them?

The Hon'ble Abdus Sattar: If admissible then as far as possible they will get the retrenchment benefits.

Sj. Deben Sen: Will the Hon'ble Minister be pleased to state whether he has ascertained the legal opinion as to whether the benefits conferred by the Ordinance are available to the workers who have been retrenched?

The Hon'ble Abdus Sattar: Whatever benefits are admissible will be given.

Sj. Deben Sen: My question is as to whether he has ascertained whether the benefits conferred by the Ordinance are available to the workers.

The Hon'ble Abdus Sattar: That is being ascertained.

Sj. Jatindra Chandra Chakravorty:

মাননীয় মন্ত্রীমহাশয় জানাবেন কি ইন্ডাস্ট্রিয়াল ডিসপিউটস এ্যাক্ট সংশোধিত হবার পর তাতে সরকারকে যথেষ্ট ক্ষমতা দেওয়া হয়েছে ওয়ার্কারসদের যে টাকা পাওনা আছে সেটা যদি ডিটারমিনেট সাম হয় তাহলে সার্টিফিকেট অফিসারএর কাছে পাঠিয়ে সিভিল কোর্টএর

ডিগ্রি নিয়ে প্রোপার্টি এ্যাটাচ করে সেই টাকা আদায় করতে পারবেন, কিন্তু এখানে কোয়েশ্চেন-এর জবাবে বলেছেন—

retrenchment benefits as admissible under the recent Ordinance have not *yet been paid to the workers,*

এই ব্যবস্থা এখন পর্য্যন্ত কেন অবলম্বন করা হচ্ছে না সরকার পক্ষ থেকে?

The Hon'ble Abdus Sattar: I have already said that steps are being taken.

Sj. Jyoti Basu: Arising out of reply (a) what are the two jute mills which have closed down as a result of the bungling of the company and mismanagement?

The Hon'ble Abdus Sattar: I have already said that the names of the mills are Luxmi Jute Mills and Victory Jute Products.

Sj. Jyoti Basu: What are the names of the mills which closed down on economic grounds?

The Hon'ble Abdus Sattar: Standard Jute Mills and North Union Jute Mills.

Sj. Jyoti Basu: What steps are being taken by the Government to see that these mills reopen and that there is no bungling?

The Hon'ble Abdus Sattar: Government will see that the workers' dues are paid.

Sj. Jyoti Basu: Whether the Government are moving in the matter in such a way that the mills are reopened and that they do not close down?

The Hon'ble Abdus Sattar: As regards one mill, namely, the Victory Jute Products the Government have approached the management for the opening of the mill.

Sj. Jyoti Basu: What about the other mill?

The Hon'ble Abdus Sattar: As regards the other mill, viz., the Luxmi Jute Mills there is no possibility of opening.

Sj. Jyoti Basu: After what kind of investigation has the Minister arrived at this conclusion that those two mills have closed down not as a result of bungling?

Mr. Speaker: That question does not arise.

Sj. Jyoti Basu: Why?

Mr. Speaker: The reason has been given—due to bungling.

Sj. Jyoti Basu: The Minister has come to the conclusion that somehow or other the two mills have closed down on economic grounds. My question is how has the Minister arrived at this conclusion? Has he gone through the papers? Have his officers gone through the papers? Has it gone to the tribunal and a judgment has been given? How does he know that the two mills closed down on economic grounds?

The Hon'ble Abdus Sattar: For all these questions I want notice.

Sj. Jyoti Basu: I asked a simple question as to how the Minister arrived at the conclusion that these mills closed down on economic grounds, but he said, "I want notice".

Mr. Speaker: If he says that he wants notice, I am afraid you will have to accept it.

Sj. Jatindra Chandra Chakravorty:

এখানে (বি)তে বলেছেন যে—

efforts are being made to persuade the employers to pay up their dues.

কি কি চেষ্টা, কি কি এফার্টস করা হচ্ছে সেটা মাননীয় মন্ত্রীমহাশয় বলবেন কি?

Mr. Speaker: That question is disallowed.

Dr. Suresh Chandra Banerjee:

যেসব মিল মালিকের মিসমেনেজমেন্টএর জন্য বন্ধ হয়েছে, সেগুলি গভর্নমেন্টের অধীনে এনে চালু করার কথা সরকার ভাবছেন কি না?

Mr. Speaker: The question is disallowed.

Closing down of certain jute mills

***2.** (Short Notice.) **Sj. Jagat Bose:** Will the Hon'ble Minister-in-charge of the Labour Department be pleased to state—

(*a*) how many jute mills in West Bengal have been closed down since January, 1957;

(*b*) how many workers along with their families have been thrown out of employment due to this closure;

(*c*) the reasons for closure of the jute mills; and

(*d*) what action, if any, has been taken by the Government to stop further retrenchment in jute mills and provide alternative employment for the retrenched workers?

The Hon'ble Abdus Sattar: (*a*) Four.

(*b*) In respect of two out of four mills closed down, all the workers have been provided with alternative employment except only about 300 women workers who have been paid full retrenchment benefits. As regards other two, the number of workers affected is about 3,000. Action is being taken as permissible under the law to ensure payment to all of them of retrenchment benefits as admissible under the latest Ordinance.

(*c*) Financial difficulties and uneconomic running of Units.

(*d*) Promulgation of the Industrial Disputes (Amendment) Ordinance, 1957, will certainly act as a deterrent to further closure and retrenchment. Government have ensured that no closure is effected without prior consultation with Government. Government will ensure that retrenchment is minimised as much as possible.

Sj. Somnath Lahiri:

আপনি বলেছেন ৩ হাজার কর্মীকে রিট্রেঞ্চমেন্ট বেনিফিট দেবার কোন এ্যাক্‌শন নেওয়া হচ্ছে না; তবে তাদের কাজ দেবার জন্য চেষ্টা করা হচ্ছে কি না?

The Hon'ble Abdus Sattar:

তা সম্ভবপর নয় বলেই চেষ্টা করা হচ্ছে না।

Sj. Somnath Lahiri:

এ্যানসার "ডি"তে আপনি বলেছেন—

Government have ensured that no closure is effected without prior consultation with Govrnment.

আগে যেগুলি বন্ধ হয়েছিল তা বন্ধ হবার আগে গভর্নমেন্টের সঙ্গে কন্সালটেশন হয়েছিল কি?

The Hon'ble Abdus Sattar:

না, হয় নি।

[3-20—3-30 p.m.]

Dr. Ranendra Nath Sen:

মিঃ স্পীকার, স্যার, উনি বল্লেন—

No closure is effected without prior consultation with Government.

তাহলে সে বিষয়ে গভর্নমেন্টের সঙ্গে কোন প্রায়র কন্সাল্টেশন সেই মিল-ওনার্সদের হয়েছে কি?

The Hon'ble Abdus Sattar:

কন্সাল্টেশন হয় নি, তারা ইনফর্মেশন দিয়েছে।

Sj. Deben Sen: What concrete steps have been formulated by the Government so as to ensure that previous consultation takes place with Government?

Mr. Speaker: You did not hear the answer. Steps are being considered.

Sj. Deben Sen: No reply has been given to my question as to what concrete steps are being taken.

Mr. Speaker: His answer is—the steps proposed to be taken are under consideration. That means that he has not finalised.

Sj. Deben Sen: The language put in reply to (d) is that Government have ensured that no closure is effected without prior consultation. Here there is no question of future steps being considered. What are the steps already taken in this matter, we are anxious to know about

Mr. Speaker: What is meant by that is that already it has been decided upon that no mill will be closed without prior consultation. So far as that point is concerned, he has finalised. But what steps will be taken are still being finalised.

Sj. Sudhir Chandra Ray Choudhuri:

এটা স্পীকার বল্লেন, না মন্ত্রীমহাশয় বল্লেন? [লাফটার।]

Sj. Gopal Basu:

কোয়েশ্চেন "ডি"তে আছে—

What action, if any, has been taken by the Government to stop further retrenchment in jute mills and provide alternative employment for the retrenched worker?

জবাবে মন্ত্রীমহাশয় বলেছেন যে—

Government will ensure that retrenchment is minimised as much as possible;

কিন্তু রিগার্ডিং প্রভিসন অব অল্টারনেটিভ এমপ্লয়মেন্ট টু ওয়ার্কার্স—এ সম্পর্কে উনি জবাব দেন নি। সেই জবাব চাই।

The Hon'ble Dr. Bidhan Chandra Roy:

আমরা জবাব পাইনি।

Sj. Gopal Basu:

জবাবটা শ্রমমন্ত্রী দিন।

If he is unable will the Chief Minister kindly say——

The Hon'ble Abdus Sattar: I have already replied to the question. [To the mike please, from the Opposition Benches.]

Mr. Speaker: Mr. Sattar, members are complaining that they cannot hear you.

Sj. Sudhir Chandra Ray Choudhuri:

এরকমভাবে উত্তর দিচ্ছেন মন্ত্রীমহাশয় যাতে মনে হচ্ছে যে তিনি তৈরী নন, সুতরাং আজ থাক, আসছে দিন বরং উত্তর দেবেন।

The Hon'ble Abdus Sattar: I am thoroughly prepared, to answer questions.

Sj. Jyoti Basu:

মিঃ স্পীকার, স্যার, আমি আপনার মারফতে মন্ত্রীমহাশয়কে বলতে চাই যে, এটা কোন রাগের ব্যাপার নয়। উনি যদি আমাদের প্রশ্ন বুঝতে না পারেন, আবার আমাদের জিজ্ঞাসা করতে পারেন। আমরা কিছু খবরাখবর ও'র থেকে চাইছি, যাতে ও'দেরও ভাল হবে, আমাদেরও ভাল হবে, আবার মালিকদেরও ভাল হতে পারে। এটা কোন ক্রস-এক্‌জামিনেশন না। উনি যদি না জানেন তবে নোটিশ চাইতে পারেন। নতুবা গায়ের জোরে উনি উত্তর দিতে পারেন না আর তাতে কোন লাভও নেই।

Mr. Speaker: Members will also kindly appreciate that they are not cross-examining. If any answer arises out of the previous question, surely that question can be put and I do not think I am trying to disallow questions. But if any new question is put, I think he can ask for notice.

Sj. Jyoti Basu:

দ্যাট হি ইজ অলওয়েজ এনটাইটেলড টু- সে তো উনি সব সময়ই পারেন।

Mr. Speaker: Please put the question.

Sj. Jyoti Basu:

আমি জিজ্ঞাসা করছিলাম, উনি তো (ডি)তে বলেছেন—

Government have ensured that no closure is effected without prior consultation with Government.

কিন্তু কোন আইনে আমাদের জানা নেই এরকম জিনিষ উনি এনসিওর্ড করতে পারেন? আমি জানি না কোন প্রাইভেট এম্‌প্লয়ারকে তোমরা গভর্নমেন্টের অনুমতি ছাড়া বা কন্সাল্ট না করে এরকম ক্লোজ ডাউন করতে পারবে না, এরকম কথা বলবার মত আইন করা হয়েছে কি না? আমি কোর্টএ তো যাই না তাই জানি না।

Mr. Speaker: Mr. Basu, shall I help you? It can be ensured by the promulgation of an Ordinance.

Sj. Jyoti Basu:

আপনি একজন বড় লইয়ার, দরকার হলে আপনার সাহায্য পরে নেব। আমি এই লেবার মিনিস্টারএর কাছে জানতে চাইছি এই যে, "গভর্নমেন্ট হ্যাভ এনসিওর্ড দ্যাট" বলেছেন, এটা উনি কিভাবে করেছেন। ওঁদের কি একটা চিঠি লিখে দিয়েছেন, 'দেখ হে, ক্লোজ করবার আগে আমাদের সংগে পরামর্শ করে কোরো'? আর যদি কোন আইনের শক্তি পিছনে থাকে সেটা উনি বলুন।

Sj. Deben Sen: On a point of order, Sir. In reply to a question put is the Speaker within his right to supply the reply?

Mr. Speaker: No, but I have to allow or disallow a question after proper consideration.

Sj. Deben Sen: With due respect to you I again ask—can the Speaker supply the reply?

Mr. Speaker: I have said "no".

The Hon'ble Abdus Sattar:

আমরা এ-সম্বন্ধে ভালভাবে চিন্তা করছি। মালিক যাতে করে আমাদের সংগে পরামর্শ করে এবং মিল বন্ধ করবার আগে আমাদের অনুমতি নিয়ে বন্ধ করে, এ-সম্পর্কে আমরা যথাবিধি ব্যবস্থা অবলম্বন করবার চেষ্টা করছি।

[3-30—3-40 p.m.]

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: On this matter the Government of West Bengal has been in correspondence with the Government of India. The words "have ensured" are not quite correct. Government are taking steps so that in future no closure is effected without prior consultation.

Dr. Ranendra Nath Sen:

এটা কি গভর্নমেন্ট জানেন যে, জুট মিলসএ ক্লোজার হচ্ছে অথচ জুট মিলে রিট্রেঞ্চও হচ্ছে, জুট মিলের এই ক্লোজার ও রিট্রেঞ্চমেন্ট সেকেন্ড ফাইভ-ইয়ার প্ল্যানের মডার্নাইজেশন স্কীম অনুসারে হচ্ছে কি না? এটা গভর্নমেন্ট জানেন কি না?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: I know that there has been some communication but I cannot give you a reply offhand at this stage.

Dr. Ranendra Nath Sen:

এটা লেবার মিনিস্টার এবং চীফ মিনিস্টার দুজনকেই জিজ্ঞাসা করছি।

Whether it is a fact or not that the jute mill owners have already informed the West Bengal Government and the Government of India that these closures are due to rationalisation measures.

Mr. Speaker: This question does not arise out of this.

Dr. Ranendra Nath Sen:

কেন অ্যারাইজ করবে না স্যার, আমি যে কোয়েশ্চেনটা জিজ্ঞাসা করছি সেটা arises of course out of this.

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: We have received no such information.

Sj. Jatindra Chandra Chakravorty:

মুখ্যমন্ত্রী মহাশয় কিংবা শ্রমমন্ত্রী মহাশয় দয়া করে বলবেন কি, কন্সাল্টেশনের যে কথা হচ্ছে, সে কন্সাল্টেশন কি কেবলমাত্র মিলের সংগে হচ্ছে না এরকম একটা পরিস্থিতি

উদ্ভব হওয়ায় যারা নাকি সবচেয়ে কনসার্নড সেই শ্রমিক ইউনিয়নের প্রতিনিধিদের ডাকা হয়েছে শ্রম-মন্ত্রীমহাশয় এইমাত্র বল্লেন যে, আশঙ্কা দেখা দিয়েছে যে আরো ক'টা জুট মিল বন্ধ হ'তে পারে বলে নাকি তাঁর কাছে খবর এসেছে, সে ক্ষেত্রে আমার জিজ্ঞাস্য হচ্ছে যাদের মাথার উপ মিল বন্ধ হওয়ার বিপদটা ঝুলছে, সেই শ্রমিকদের ইউনিয়নের প্রতিনিধিদের ডাকা হয়েছে কি না

The Hon'ble Abdus Sattar:

সমগ্র বিষয়টা সরকার বিবেচনা করছেন। কাদের কাদের ডাকা হয়েছে জানতে হলে নোটিশ চাই।

Sj. Monoranjan Hazra:

মাননীয় মন্ত্রীমহাশয় অল্টারনেটিভ এম্প্লয়মেন্টের কথা বলেছেন। তিনি দয়া করে জানাবেন কি কোথায় কোথায় কত জনকে অল্টারনেটিভ এম্প্লয়মেন্ট দেওয়া হয়েছে।

The Hon'ble Abdus Sattar:

অফহ্যান্ড বলতে পারব না। নোটিশ চাই।

Sj. Monoranjan Hazra:

যে-কোন ফ্যাক্টরী বা জুট মিলের নাম করতে পারেন কি?

The Hon'ble Abdus Sattar:

আমি তো বল্লামই যে নোটিশ চাই।

Sj. Monoranjan Hazra:

মাননীয় স্পীকার মহাশয়, এই কোয়েশ্চেনের উত্তরে অল্টারনেটিভ এমপ্লয়মেন্টের কথা বলা হয়েছে। সেই অল্টারনেটিভ এম্প্লয়মেন্ট সম্বন্ধে প্রশ্ন জিজ্ঞাসা করছি, তাতে তিনি উত্তর দিচ্ছেন না কেন?

The Hon'ble Abdus Sattar:

আমি ত বল্লামই যে, নোটিশ চাই।

Sj. Monoranjan Hazra:

মাননীয় স্পীকার মহাশয়, আমি জানতে চাই মাননীয় শ্রমমন্ত্রী মহাশয় কি প্রস্তুত আছেন এইসব প্রশ্নের উত্তর দেবার জন্য?

Mr. Speaker: He asked for notice

Sj. Gopal Basu: Government have ensured that no closure is effected without prior consultation with the Government.

Mr. Speaker: It does not arise out of this.

Sj. Gopal Basu:

স্যার, জগদ্দলের একটা মিল আগামী ১৬ই তারিখে বন্ধ হবে বলে শুনেছি। সে মিলটা বন্ধ হচ্ছে কি হচ্ছে না সেই কথা আমি জানতে চাইছি, এটা নিয়ে স্থানীয় লোক খুব এজিটেটেড হয়ে পড়েছে।

Mr. Speaker: If you put a relevant question, it will be answered.

Sj. Chitto Basu: Supplementary, Sir.

[At this stage Mr. Speaker called out the next question and the answer was being read out by the Hon'ble Minister.]

Sj. Hemanta Kumar Basu: Mr. Speaker, Sir, he has been trying for a long time to catch your eyes.

Mr. Speaker: Mr. Basu, I think that all the supplementaries that could have been asked have been asked and I have called out the next question.

Sj. Sudhir Chandra Ray Choudhuri: He wanted to catch your eyes three times.

এটা আপনি নূতন নিয়ম করছেন। আমরা কি সাপ্লিমেন্টারী বাড়ী থেকে ঠিক করে এসেছি! মন্ত্রীরা এখানে প্রশ্নের যে উত্তর দেন তার উপরই সাপ্লিমেন্টারী হয়।

Rise in price of rice and the measures taken to arrest it

*3. (SHORT NOTICE.) **Sj. Ganesh Ghosh:** Will the Hon'ble Minister-in-charge of the Food Department be pleased to state—

(a) average retail price per maund of ordinary variety of rice in each district of West Bengal during—

(i) last week of May, 1956,

(ii) last week of January, 1957,

(iii) last week of April, 1957, and

(iv) last week of May, 1957;

(b) the reasons for increase in the price of rice during recent period;

(c) what action, if any, has been and is being taken by the Government to bring down the price; and

(d) what is the result of Government effort to bring down the price?

Minister-in-charge of Food, Relief and Supplies Department (the Hon'ble Prafulla Chandra Sen): (a) A statement is laid on the Table.

(b) Main reasons are—

(i) Failure of crops caused by extreme drought and unprecedented floods last year.

(ii) Speculative trading.

(iii) Holding back of stocks of paddy by surplus producers.

(iv) Heavy purchases by large employers of labour.

(v) Decline in imports from neighbouring States, due particularly to ban on export imposed by the Governments of Assam and Orissa.

(vi) General increase of purchasing power of certain sections of the people.

(c) Rice and wheat are being sold to the people through about 4,000 fair price shops all over the State at annas 7 per seer of rice and annas 6 per seer of wheat in Calcutta and annas 6-6 per seer of wheat in areas outside Calcutta. Since April, 1957, more than three lakh maunds of rice and one and half lakh maunds of wheat have been supplied to the districts on Government account for issue through the fair price shops for gratuitous relief and for payment of wages for test relief work. About rupees one and a half crores have been allotted to the district officers for undertaking relief operations on an extensive scale since April, 1957.

(d) Measures adopted by Government have helped in arresting the upswing in prices to a certain degree.

Statement referred to in reply to clause (a) of starred question No. 3

AVERAGE RETAIL PRICES OF COARSE RICE IN WEST BENGAL

(In rupees per maund.)

District.	Last week of May, 1956.	Last week of January, 1957.	Last week of April, 1957.	Latest week of May, 1957 *
Calcutta	20·00	20·62	22·50	23·12
Burdwan	19·56	20·89	22·40	23·52
Birbhum . ..	20·00	20·53	21·78	22·41
Bankura .	18·53	19·16	20·69	21·86
Midnapore	18·42	18·32	20·35	21·75
West Dinajpur	20·07	19·85	23·63	24·00
Malda	20·69	19·62	23·75	23·94
Cooch Behar	21·56	19·14	23·22	23·52
Nadia . .	20·41	21·75	22·97	23·97
Hooghly .	21·47	21·47	22·05	24·05
Howrah ..	19·87	20·06	21·66	23·00
Darjeeling .. .	21·53	22·67	25·53	26·12
24-Parganas .	19·26	19·92	21·24	22·48
Murshidabad .	19·67	20·36	21·78	22·84
Jalpaiguri .	20·59	21·53	23·85	23·73
Purulia		17·75	18·53	20·23
State Average ..	20·11	20·23	22·30	23·16

N.B.—* Relates to the week ending 22nd May, 1957.

Sj. Canesh Chosh: With reference to answer (a), after receiving the report of average prices from different districts, is there any arrangement for verifying those reports?

The Hon'ble Prafulla Chandra Sen: I do not think there is any necessity for verifying the prices because the reports furnished by officers are taken to be correct.

Mr. Speaker: I would request honourable members—it will help the proceedings very much—if one honourable member finishes all the supplementary questions and then another member asks.

Sj. Sudhir Chandra Ray Choudhuri:

তা কি করে হয়, স্যার, আমি ত এই একটু আগেই বল্লাম যে মন্ত্রীরা এখানে প্রশ্নের যে উত্তর দেন তার উপর সাপ্লিমেন্টারী কোয়েশ্চেন হয়।

Sj. Canesh Chosh: *Has the Hon'ble Minister received any report from* the Darjeeling district that the average price of rice in that district is more than Rs. 26-2 per maund?

The Hon'ble Prafulla Chandra Sen: No, I have received no such report.

Sj. Canesh Chosh: Will the Minister kindly explain what he means by "speculative trading" in answer to question (b)(ii)?

The Hon'ble Prafulla Chandra Sen: It is some sort of trading in which persons indulge for making profit.

Sj. Canesh Chosh: Could the Minister let us know as to what amount of crop, particularly paddy crop, is involved in this speculative trading out of the total produce?

The Hon'ble Prafulla Chandra Sen: I am very sorry I cannot.

Sj. Canesh Chosh: That means the Minister does not know anything. Have any steps been taken by the Government to stop this speculative trading?

The Hon'ble Prafulla Chandra Sen: Some steps have been taken by the Central Government.

Sj. Canesh Chosh: What are those steps please?

The Hon'ble Prafulla Chandra Sen: They have asked that the margin for advancing money by the scheduled banks should be decreased.

Sj. Canesh Chosh: From what date did this step come into force?

The Hon'ble Prafulla Chandra Sen: I cannot give you the date. It appeared in the papers

Sj. Canesh Chosh: Is it a fact that the step was taken after the 31st March when all the crops were taken off the field?

The Hon'ble Prafulla Chandra Sen: Might be.

Sj. Canesh Chosh: It has been stated in answer to question (b)(iii)—holding back of stocks of paddy by surplus producers is one of the reasons. Could the Minister let us know which section of the producers are surplus producers?

The Hon'ble Prafulla Chandra Sen: Those who produce more than their requirement.

Sj. Canesh Chosh: Is there any report with the Government as to which class of producers are surplus?

The Hon'ble Prafulla Chandra Sen: I have already stated that those who produce more than their requirement.

Sj. Canesh Chosh: Can the Minister give us an idea of the percentage of the total surplus producers?

The Hon'ble Prafulla Chandra Sen: The honourable member might remember, the other day while giving my reply on the debate on Governor's address, I said that about 10 lakhs of agricultural families are surplus.

[3-40—3-50 p.m.]

Sj. Jatindra Chandra Chakravorty:

প্রশ্ন ভির উত্তরে খাদ্যমন্ত্রী মহাশয় বলেছেন যে আসাম এবং উড়িষ্যায় এক্সপোর্ট-এর উপর ব্যান হয়ে যাবার ফলে সেখানে খাদ্যদ্রব্য আর এখানে আনা যায় না। এদিকে আমাদের রাজ্যে খাদ্য-সঙ্কট দেখা দিয়েছে, আমি জিজ্ঞাসা করতে পারি কি আমাদের রাজ্য-সরকার কি ব্যবস্থা অবলম্বন করেছেন, যাতে এই ব্যান উঠে যায় ?

The Hon'ble Prafulla Chandra Sen:

ব্যান ত উড়িষ্যা এবং আসাম এই দুই প্রাদেশিক রাজ্য-সরকার কর্তৃক করা হয়েছে—এ বিষয় আমরা কেন্দ্রীয় সরকারকে জানিয়েছি।

Sj. Jatindra Chandra Chakravorty:

এখানে যে পার্টি সরকার গঠন করেছে, আসাম ও উড়িষ্যাতেও সেই পার্টি সরকার গঠন করেছে। সুতরাং কেন্দ্রীয় সরকারের মারফৎ এটা চেষ্টা করা যায় না কি?

The Hon'ble Prafulla Chandra Sen: Sir, is it relevant to the question?

Sj. Sunil Das: Arising out of reply (b)(ii), when did the Government become aware that speculative trading was going on.

The Hon'ble Prafulla Chandra Sen: I cannot give you the date.

Sj. Sunil Das: How could the Government at all become aware that speculative trading was taking place?

The Hon'ble Prafulla Chandra Sen: When Government came to know that there were sufficient stocks in the country and the stocks were not coming into the market for sale, Government thought that there was some amount of speculative trading

Sj. Sunil Das: At what point of time Government became aware that such thing was happening?

The Hon'ble Prafulla Chandra Sen: It is very difficult to give any point of time.

Sj. Hare Krishna Konar:

আপনি বি(আই)এ বলেছেন যে, ফেলিওর অফ ক্রপস-এর কারণ আনপ্রেসিডেন্টেড ফ্লাড্‌স লাস্ট ইয়ার। তাহলে বন্যা হবার পর কি আপনি বুঝতে পেরেছিলেন যে ক্রপ ফেলিওর হবে?

The Hon'ble Prafulla Chandra Sen:

মাননীয় সদস্য জানেন যে, গত বৎসরে পশ্চিমবঙ্গের কোন কোন জায়গায় বন্যা ও ড্রাউট হয়েছিল, কিন্তু তা সত্ত্বেও আগের বৎসরের তুলনায় আমরা বেশি ফসল পশ্চিমবঙ্গে এবার উৎপন্ন করেছি।

Sj. Deben Sen: Arising out of reply (b)(iv), will the Hon'ble Minister be pleased to state which are the categories of employers who are making heavy purchases?

The Hon'ble Prafulla Chandra Sen: Mostly, the tea garden people.

Sj. Deben Sen: Will the Hon'ble Minister be pleased to state whether supply of rations by the employers to labour has been stopped in the tea gardens or not?

The Hon'ble Prafulla Chandra Sen: *I am not aware of that—I want notice.*

Sj. Subodh Banerjee:

আমাদের এই পশ্চিমবঙ্গ রাজ্য থেকে অন্য কোন স্টেট বা অন্য কোন কান্ট্রিতে রাইস এক্সপোর্ট হচ্ছে কি না বা স্মাগল হচ্ছে কি না?

The Hon'ble Prafulla Chandra Sen:

আমি স্মাগলিং-এর কথা বলতে পারি না। কিন্তু আমাদের বিহার বর্ডারে যেসব জেলা আছে সেখান থেকে কিছু কিছু ধান বা চাল বিহারে নিশ্চয়ই যায়।

Sj. Subodh Banerjee:

অন্য রাজ্য-সরকারগুলি তাদের রাজ্য থেকে চাল চলে না যাওয়ার নিষেধাজ্ঞা চালু করেছেন, সেই কথা বিবেচনা করে পশ্চিমবঙ্গ সরকার পশ্চিমবঙ্গ থেকে অন্য রাজ্যে ধান-চাল পাচার না হবার কোন প্রচেষ্টা করেছেন কি?

The Hon'ble Prafulla Chandra Sen:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে, আমাদের পশ্চিমবঙ্গে অন্য রাজ্য থেকে ১৫৪,০০০ টন চাল আসে এবং আমাদের এখান থেকে মাত্র ৪০,০০০ টন চাল বাইরে যায়। এই বৎসর অন্ধ্র প্রদেশ থেকে, মধ্য প্রদেশ থেকে চাল এসেছে। শুধু উড়িষ্যা গভর্নমেন্ট কিছু দিনের জন্য বন্ধ করেছিলেন, কিন্তু আমাদের মুখ্যমন্ত্রী মহাশয় উড়িষ্যার মুখ্যমন্ত্রীর সঙ্গে এ নিয়ে কথা বলায় তাঁরা পার্মিট দিয়েছেন এবং কিছু পরিমাণ চাল আসছে।

Sj. Subodh Banerjee:

এ-কথা কি সত্য যে পাকিস্তানে বাংলাদেশ থেকে সমানে চাল স্মাগলিং চলছে?

The Hon'ble Prafulla Chandra Sen:

আমাদের এখানে যে চালের দাম আর আমাদের ঠিক সীমান্তে পাকিস্তানে যে দাম তাতে স্মাগল করে পোষায় না। কারণ, মাননীয় সদস্যরা জানেন যে এখানকার ৭০ টাকা, সেখানের ১০০ টাকার সমান।

Sj. Chitta Basu:

মাননীয় মন্ত্রীমহাশয় বলবেন কি, যেসব এফ, আর, শপ আছে তাতে চাল সাপ্লাই যা দেওয়া হচ্ছে তা অত্যন্ত কম?

The Hon'ble Prafulla Chandra Sen:

আমি প্রথমেই বলেছি, মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের পশ্চিমবঙ্গে চালের চেয়ে আমরা অধিক পরিমাণে গম দিচ্ছি।

Sj. Monoranjan Hazra:

মাননীয় মন্ত্রীমহাশয় (সি)র উত্তরে যে কথা বলেছেন টু ব্রিং ডাউন দি প্রাইস অফ রাইস—এতে কি প্রাইস কমেছে?

The Hon'ble Prafulla Chandra Sen:

আমাদের কলিকাতায় হোলসেল মার্কেটে ৷৷৵০ আনা কমেছে দেখতে পাচ্ছি এবং আশা করা যাচ্ছে যে রিটেল প্রাইসও আগামী সপ্তাহে কমবে। এখন মোটামুটি বাজারের একরকম থমথমে ভাব।

Sj. Hemanta Kumar Basu:

(বি)(আইভি)এ যে হেভি পারচেজ-এর কথা বলেছেন, তাতে তারা প্রয়োজনের অনেক বেশি কিনছে কিনা সে সম্বন্ধে অনুসন্ধান করবেন কি না?

The Hon'ble Prafulla Chandra Sen:

আমি অনুসন্ধান নিশ্চয়ই করবো। তবে সদস্যদের এ-কথা বলতে পারি যে অনেকেই ভবিষ্যতের জন্য কিনে রাখছে বাজার দর বাড়বার ভয়ে।

Sj. Hemanta Kumar Basu:

ব্ল্যাক মার্কেট-এ বিক্রয় করার জন্য চাল বেশী করে কিনছে, এটা বন্ধ করবেন কি না?

The Hon'ble Prafulla Chandra Sen:

মাননীয় সদস্যরা ভুলে যাচ্ছেন যে, ডিকন্ট্রোল বা বিনিয়ন্ত্রণ হবার পর ফ্রী ট্রেড সেখানে আছে এবং এর একমাত্র মার্কেট যেটা আছে সেটা হচ্ছে ফ্রী মার্কেট।

Sj. Satyendra Narayan Mazumdar:

মাননীয় মন্ত্রীমহাশয় জানেন যে চা-বাগানে তারা শ্রমিকদের জন্য সরাসরি চাল ক্রয় করে না। তারা স্টীল ব্রাদার্স-এর মারফৎ করে। এই স্টীল ব্রাদার্স অতিরিক্ত চাল কিনছে কি না সে সম্বন্ধে কোন খবর রাখেন কি?

The Hon'ble Prafulla Chandra Sen:

এই স্টীল ব্রাদার্স ইউরোপিয়ান টি গার্ডেনসদের জন্য শুধু কেনে, ইণ্ডিয়ান টি গার্ডেনসদের জন্য কেনে না। তবে তারা অতিরিক্ত চাল কিনছে বলে কোন খবর আমার কাছে আসে নি।

Sj. Hemanta Kumar Basu:

বাংলাদেশে হোর্ডিং করার জন্য যেসব হেভি পারচেজেস বাই লার্জ এমপ্লয়ার্স অফ লেবার হচ্ছে, সেই হোর্ডিং বন্ধ করার জন্য কোন স্টেপ নেবেন কি না?

The Hon'ble Prafulla Chandra Sen:

আমি আগেই বলেছি যে, প্রয়োজনমত যদি কিনে থাকে তাহলে হোর্ডিং হচ্ছে কি করে বলবো।

Sj. Hemanta Kumar Basu:

প্রয়োজনমত কিনছে কি না সেটা অনুসন্ধান করবেন কি?

The Hon'ble Prafulla Chandra Sen:

সেটা অনুসন্ধান করতে পারি।

Sj. Gopal Basu:

মাননীয় মন্ত্রীমহাশয় এখানে বলেছেন যে, হেভি পারচেজেস বাই লার্জ এমপ্লয়ার্স অফ লেবার, এই হেভি পারচেজ তারা করছে, এই চাল কিনে তারা করবে কি? কারণ এখন টি গার্ডেন-এ রেশনিং সিস্টেম চালু নেই।

The Hon'ble Prafulla Chandra Sen:

মাননীয় সদস্যদের একটু আগেই বলেছি যে, চা-বাগানের অধিকাংশ জায়গায় মালিকরা মনে করছেন যে হঠাৎ চালের দাম বাড়তে পারে এবং ভবিষ্যতে চাল সরবরাহ করতে পারবেন না, সেই জন্য তাঁরা কিনছেন।

Sj. Hare Krishna Konar:

এখানে বলেছেন যে, স্পেকুলেটিভ ট্রেডিং-এর জন্য। গত বন্যার পর যে ক্রপ ফেলিওর হয়েছে, তারপর সিডিউল্ড ব্যাঙ্ক-এর জন্য ব্যবসায়ীদের যে টাকা এ্যাডভান্স দিচ্ছে সে সম্বন্ধে মন্ত্রীমহাশয় কি কেন্দ্রীয় সরকারের দৃষ্টি আকর্ষণ করেছিলেন?

The Hon'ble Prafulla Chandra Sen:

প্রথম কথা হচ্ছে ক্রপ ফেলিওর মাননীয় সদস্যারা যেভাবে দেখেন আমরা সেভাবে দেখি না। দ্বিতীয়তঃ শুধু বাংলাদেশের কথা আপনারা বিবেচনা করছেন, সমস্ত ভারতের কথা বিবেচনা করছেন না। এখানে যে টাকা দেওয়া হয় তা গ্রেন্‌স্‌-এর এগ্রোমেন্ট-এ দেওয়া হয় এবং সেইভাবে নির্দ্ধারণ করা হয়।

[3-50—4 p.m.]

Sj. Jyoti Basu: My question is that the Food Minister in reply to (b)(vi) has stated that the general increase of purchasing power of certain sections of the people is also responsible for this rice situation But which are these certain sections of people, what are their percentage and how many people are there whose purchasing power has gone up?

The Hon'ble Prafulla Chandra Sen: The percentage has not been determined. It may be 10 or it may be 20.

Sj. Jyoti Basu: May it be 60 per cent. even?

The Hon'ble Prafulla Chandra Sen: May be. It has not been determined properly.

Sj. Jyoti Basu: In view of the fact that it has not been determined properly that is on a scientific basis I take it, how does the Minister come to the conclusion that the purchasing power of certain sections of people have gone up?

The Hon'ble Prafulla Chandra Sen: It has been determined that the purchasing power of a section of the people has gone up. But what the percentage is I do not know.

Sj. Jyoti Basu: Mr Speaker, Sir, the question is "how have you determined that".

The Hon'ble Prafulla Chandra Sen: If you put a concrete question I can give you details as to how that figure has been arrived at I cannot tell you offhand now.

Mr. Speaker: I think enough supplementary questions have been asked on this question.

Sj. Ganesh Ghosh: This is my question and I want to put some more supplementaries.

Mr. Speaker: No, I think enough supplementaries have been put. The debate will commence now. Mr Sudhir Roy Choudhury will now begin.

Sj. Hemanta Kumar Basu: Sir, one hour is the question time and there is still time to put more supplementaries.

Mr. Speaker: It is not that, Mr. Bose, that one hour must be spent in putting questions and answering them The point is not whether one hour is devoted for the purpose. If the Speaker is of opinion that all relevant supplementary questions have been asked there is an end of the matter. I am of that view. Mr. Sudhir Roy Choudhury will kindly begin now. That is my decision.

Sj. Narayan Chobey: How do you come to the conclusion that all the questions have been put?

Mr. Speaker: Order, order. You cannot question my ruling.

Point of Information

Sj. Hemanta Kumar Basu:

মাননীয় স্পীকার মহোদয়, অন এ পয়েন্ট অফ ইনফর্মেশন, যেভাবে ইনফ্লুয়েঞ্জা সহরে বেড়ে যাচ্ছে, আমি জানতে চাই, আইদার ফ্রম দি হেল্থ মিনিষ্টার অর ফ্রম দি চীফ মিনিষ্টার—অন্যান্য ষ্টেটে—সেখানে ইনফ্লুয়েঞ্জা হবার দরুন স্কুল-কলেজ বন্ধ হয়ে গেছে এবং আমাদের এখানেও শীঘ্র স্কুল-কলেজ খুলবে, কিন্তু ইনফ্লুয়েঞ্জা যেভাবে বাড়ছে, তাতে স্কুল-কলেজ খুলবে কি না এবং গভর্নমেন্ট সে বিষয়ে কি ব্যবস্থা অবলম্বন করছেন?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: A Press notification has been issued today saying that all Government schools and institutions will be closed till the end of this month and Government have asked all private owners and managers of institutions to follow suit.

Mr. Speaker: Mr Sudhir Roy Choudhury will now kindly begin general discussion on the budget.

General discussion of the Budget

Sj. Sudhir Chandra Ray Choudhuri:

মাননীয় স্পীকার মহোদয়, আমাদের সামনে যে বাজেট ও তার সঙ্গে যে পুস্তিকা উপস্থিত করা হয়েছে, তা পড়ে আমরা ক্ষুন্ন না হয়ে পারি না। এর মধ্যে সরকারের খামখেয়ালী মনোভাবের কোন পরিবর্তন নাই। পূর্বের ভুলত্রুটী সংশোধনের কোন ইচ্ছা নাই। নূতনের কোন সন্ধান নাই। সেই পুরাতন কাহিনীর পুনরাবৃত্তি ডেফিসিট, ঋণ, নূতন ট্যাক্স ধার্য্য, লোকসান, ইত্যাদি। সেই অর্থমন্ত্রী, যিনি অর্থ-ভাণ্ডারের রক্ষক, তিনিই আবার খরচমন্ত্রী হয়ে নানান দপ্তরে সেই টাকার ভক্ষক। তাঁর কথা ও কাজে কোন সামঞ্জস্য নাই। বিবৃতির সঙ্গে বাস্তব ঘটনার কোন পরিচয় নাই। খালি মাঝে মাঝে ফুটে ওঠে সরকারী দুর্নীতি ও অকর্মণ্যতা চেপে রাখবার একটা প্রচ্ছন্ন প্রচেষ্টা। যে-কোন দায়িত্বশীল সরকারের পক্ষে এই রকম আচরণ লজ্জা ও ঘৃণার কারণ হয়ে থাকে।

আমরা দেখছি এবারকার বাজেটে যে ১২ কোটি ১৭ লক্ষ টাকা ঘাটতি দেখান হয়েছে, তাতে সাড়ে পাঁচ কোটি টাকা ঋণের ব্যবস্থার কথা বলা হয়েছে এবং আর সাড়ে চার কোটি টাকা ট্যাক্স করে কিংবা অতিরিক্ত উৎস ক্ষেত্র এ্যাডিশনাল রিসোর্সেস থেকে টাকা আদায় করা হবে। ঘাটতির যে অংক দেওয়া হয়েছে এটা অবাস্তব। অনেক বেশী ঘাটতি হবে। ঘাটতি কম করতে গিয়ে দেখিয়েছেন যে, আমাদের চলতি বছরে স্বাভাবিকভাবে যদি ভূমি-রাজস্ব সংগৃহীত হয়, তাহলে ১ কোটি ৮৮ লক্ষ টাকা বেশী দরকার হবে। আর ধরে নেওয়া হয়েছে যে চলতি বছরে অবস্থার উন্নতি হবে। অবস্থার উন্নতি হলে ত্রাণ কার্য্যের আর প্রয়োজন হবে না। তাই ত্রাণ কার্য্যের খরচের জন্য অনেক কম টাকা বরাদ্দ করা হয়েছে। ৪ কোটি ৪০ লক্ষ টাকা কমিয়ে দেওয়া হয়েছে। যাঁরা দেশের পরিস্থিতির খবর রাখেন, তাঁরা এ বছরকে আগেকার বছর থেকে কোনরকম ভাল বলে মনে করতে পারেন না। এ বছরের প্রারম্ভেই হাহা-রব উঠেছে। চারিদিক থেকে দুর্ভিক্ষের খবর আসছে। সরকার নিজেও তা স্বীকার করছেন; তাঁরা টেষ্ট-রিলিফ করছেন ব্যাপকভাবে। অল্প দামে চাল বিক্রী করবার ব্যবস্থা করছেন এবং সংশোধিত নিয়ন্ত্রণ ব্যবস্থা করবারও তাদের মতলব আছে। এ জিনিস সহজ-সরল অবস্থার লক্ষণ নয়। হিসেবী লোক যে, সে সকালের দুর্যোগ দেখে দিনের অবস্থা অনুমান করে। আজকে টাকা কমিয়ে দিচ্ছেন দুর্ভিক্ষ খাত থেকে। গত বছর ৯ কোটি টাকা খরচ হয়েছে দুর্ভিক্ষ খাতে এবং এপ্রিল মাস পর্য্যন্ত এ বছর আরো ১ কোটি টাকা বেশী দেওয়া হয়েছে। গত বছর যদি ১০ কোটি টাকা খরচ হয়ে থাকে, তাহলে এ বছর ১৫ কোটি কিংবা ২০ কোটি টাকার কমে পারবেন না। অথচ ঘাটতি কম দেখাবার জন্য

ত্রাণ কার্যের টাকা কমিয়ে দুর্ভিক্ষ খাতে কম খরচ বরাদ্দ করেছেন। আর এর মধ্যে লোকের গরু-বাছুর ধরে জমিজমা ক্রোক করে আপনারা খাজনার টাকা আদায় করছেন। কি করে তাঁরা আশা করতে পারেন যে এই বছর স্বাভাবিকভাবে ভূমি-রাজস্ব আদায় হবে—যার জন্য তাঁরা ১ কোটি ৮৮ লক্ষ টাকা বেশী আদায় করবেন মনে করতে পারেন ?

[4—4-10 p.m.]

এরকম ভুয়া অঙ্ক দেখিয়ে তাঁরা ডেফিসিট টাকার অঙ্ক কম দেখিয়েছেন। তারপর আসছে ট্যাক্সের কথা। প্রথমে ইঙ্গিত দেওয়া হয়েছিল যে, ৪॥ কোটি টাকা অন্ততঃ এই বছর আদায় করতে হবে। তারপর, হঠাৎ এই সভায় আরেক উৎসের কথা বলেছেন এবং বলেছেন এই উৎস থেকে ৪॥ কোটি টাকা আদায় করা হবে। আমাদের প্রধানমন্ত্রী জানেন যে, তাঁকে ৫ বছরে ১৪ কোটি টাকা উসুল করতে হবে ট্যাক্স থেকে। তিনি ট্যাক্স না করে পারেন না। তার জন্য তিনি অনেক বিবেচনা করে একটা নূতন নাম সৃষ্টি করেছেন, কিন্তু এই নূতন নিয়ম বা নামে তিনি আমাদের বিভ্রান্ত করতে পারবেন না। তাঁকে স্পষ্ট করে বলতে হবে যে, এই নূতন উৎসের কথা বলেছেন এগুলি কি এবং এরকম কয়টা উৎস আছে এবং তাতে কবে আদায় করতে পারবেন, এগুলি জানবার অধিকার আমাদের আছে। এ-কথাগুলি গোপন করবার জন্য অনবরত চেষ্টা করা হচ্ছে আমাদের কাছ থেকে। প্রধানমন্ত্রী বলেছেন এই বছর বন্যা হওয়া সত্ত্বেও ফসলের উৎপাদন পূর্ববর্তী বছর থেকে কোনমতেই কম নয়। ফসল যদি সমানই হয়ে থাকে তাহলে দেশে দুর্ভিক্ষ কেন? তাহলে দেশব্যাপী এই হাহাকার কেন? ফসল ঠিকই হয়েছে বলতে হবে, তা নইলে পঞ্চবার্ষিকী পরিকল্পনার ফাঁকি বন্ধ করা যাবে না। তা না হলে খাদ্যশস্যে দেশ স্বয়ংসম্পূর্ণতালাভ করবে এই প্রতিশ্রুতি বানচাল হয়ে যায়, তাই বলছেন ফসল ঠিকই হয়েছে। তাই দুর্ভিক্ষের কথা স্বীকার করতে পারছেন না। তাই তাঁরা নূতন যুক্তি সৃষ্টি করলেন। না, মানুষ ১৫ আউন্সের বেশী খেয়ে ফেলছে, তাই এই শর্টেজ। কৃষকেরা দুর্দিনের জন্য কিছু চাল লুকিয়ে রাখছে, নয়, কিছু চাল সরিয়ে রাখছে বেশি দামে বেচবে ব'লে—এইগুলিই হচ্ছে সরকার পক্ষের যুক্তি। তাই না কি আজকের দিনের এই দুর্ভিক্ষ। কিন্তু তারা যে মজুতদারদের সঙ্গে হাত মিলিয়ে এই দুর্ভিক্ষ সৃষ্টি করছেন, তাদের নাম উল্লেখ করলেন না। সরকারের সঙ্গে হাত মিলিয়ে কেন তারা এইভাবে গোপন করলো সেটা আমরা জানতে চাই। কিন্তু সে কথার উল্লেখ নাই। এই যুক্তি একজন প্রধানমন্ত্রীকে এই কথা জিজ্ঞাসা করায় প্রধানমন্ত্রী তখন নিজের মনে আবৃত্তি করে বলতে পারতেন, হ্যাঁ, বলেছিলাম, কিন্তু

"... সে যে মিথ্যা কতদূর
তখনি শুনে কি তা বোঝ নি ঠাকুর?"

সেটা তো তাঁদের অন্তরের কথা নয়। ওটি শুধু মুখের কথা। আমাদের দুর্ভিক্ষমন্ত্রী তথা খাদ্যমন্ত্রী নূতন সূত্র আবিষ্কার করেছেন। আজকে আমাদের দেশে দিনের পর দিন যে অবস্থা দেখা দিচ্ছে তাতে বেশি চড়া কথা বলব না ব'লে মনে করি, কিন্তু একেবারে কিছু না বলেও পারি না। তাদের অসম্মান করব ব'লেই করি তা নয় মুখ থেকে বেরিয়ে আসে। টাকা গেলবার অজুহাতে দেশের লোকের আসল অবস্থা বিকৃত করে দেখিয়ে তুলে ধরছেন। বারবার করে বলছেন যে, স্বাধীনতার পর থেকে প্রত্যেক মানুষের মাথাপিছু আয় বেড়েছে। আমাদের ডাঃ রায়ের একজন উপদেষ্টা আছেন। এই উপদেষ্টার হিসাব নিয়ে সমস্ত দপ্তর কাজ করে থাকে। এই সংখ্যাতত্ত্ববিদ যেটা দেখান ডাঃ রায় তাই বলেন। কিন্তু তা সত্ত্বেও ডাঃ রায়কে স্বীকার করতে হয়েছে যে, মানুষের আয় বাড়লে ব্যয় করবার ক্ষমতা কমে যাচ্ছে। মানুষের আয় বাড়লে ক্রয়শক্তিও বাড়ে। মানুষের হাতে পয়সা এলেই কিনতে ইচ্ছা করে। কিন্তু আজকে তারা কিনতে পারছে না বলেই এই অবস্থা হয়েছে। ডাঃ রায় একবারও অনুসন্ধান ক'রে দেখলেন না তাঁর সংখ্যাতত্ত্ববিদ তাঁকে যে তথ্য জোগান তার মধ্যে কোন সার বস্তু আছে কি না। তাঁরা মানুষের জীবন ধারণের মানোন্নয়নের কথা বলেছেন, কিন্তু চারদিকে আমরা অনশন, অভাব-অনটন, দুঃখ-দারিদ্র্য চিহ্নই কেন তাহলে দেখতে পাচ্ছি। লোকের মুখে কেবলি এই কথাই শুনতে হচ্ছে।

তাতে তাঁর সংখ্যাতত্ত্ববিদ তাঁকে ভাল ক'রে বুঝিয়ে দেন লোকে খরচ করছে না। লোকে টাকা জমাচ্ছে এবং খাটাচ্ছে। বাংলাদেশের লোকের হাতে এত টাকা জমেছে যে তারা টাকা খাটাচ্ছে। এই কথা তিনি বিবৃতিতে বলেছেন। এগুলি তিনি পেলেন কোথায়? না, এই ভদ্র লোকের নাম আজকে সবাই জানেন, তিনি হচ্ছেন নিস্তারণ চক্রবর্তী, ডাইরেক্টর অফ স্ট্যাটিষ্টিক্যাল ব্যুরো। ৩রা জুলাই তারিখের যুগান্তর পত্রিকায় নেপথ্য-দর্শনে তাঁর একটা পরিচয় আপনারা পেয়েছেন। তাঁর আরেকটা পরিচয়ও আছে।

[4-10—4-20 p.m.]

ওঁর আর একটা পরিচয় হচ্ছে যখন ট্রামভাড়া আন্দোলন হয় তখন জাষ্টিস পি. বি. মুখার্জ্জীকে নিয়ে যে কমিশন বসে তার সামনে তিনি সাক্ষী দিতে গিয়েছিলেন। এটা বোধ হয় নেপথ্য দর্শন জানেন না বা তাঁর মনে নেই। সাক্ষী দিতে গিয়ে তিনি এই কথা প্রমাণ করবার চেষ্টা করেন যে স্বাধীনতার পরে আমাদের পার ক্যাপিটা আয় বেড়েছে, আমাদের ক্রয়শক্তি বেড়েছে, আমরা কিছু কিছু সেভ করছি, সুতরাং আমরা ট্রামভাড়া এক পয়সা বেশি দিতে পারি। তাঁকে সরকার পক্ষ থেকে সাক্ষী দিতে পাঠানো হয়েছিল। জজ সাহেব খোলা কাছারীতে আমরা যা দেখেছি তাঁকে এমনভাবে প্রশ্ন করে প্রমাণ করে দিলেন যে তিনি একটি প্রকান্ড গবেট, ষ্ট্যাটিসটিক্স সম্বন্ধে কিছুই জানেন না এবং তিনি যে ভাষায় তাঁকে আক্রমণ করেন নিশ্চয়ই জাজমেন্টে সেই সমস্ত কথা লেখা আছে। আপনি জানেন যে সেই জাজমেন্ট আজ অবধি চাপা আছে, সরকারের বিরুদ্ধে সেই জাজমেন্ট গিয়েছিল বলে। কমিশন ট্রাম কোম্পানীর ভাড়া বাড়াটা যুক্তিযুক্ত মনে করেন নি বলে আজও পর্যন্ত ডাঃ রায় তাকে চাপা দিয়ে রেখেছেন। যদি সেটা বের করে দেখেন তাহলে আপনি দেখতে পাবেন যে এই ভদ্রলোক সম্বন্ধে যে ভাষায় তিনি খোলা কোর্টে মত প্রকাশ করেছিলেন সেই জাজমেন্টেও তিনি সেই ভাষায় মত প্রকাশ করেছেন। এই একটা আস্ত গবেটকে নিয়ে বাংলাদেশ চলছে। প্রতিটি কাগজে, প্রতিটি স্পীচে, প্রতিটি রিপোর্টে যে স্ট্যাটিসটিক্স বেরুচ্ছে, যা নিয়ে বাংলাদেশ এবং বাংলা সরকার চলছেন তা এই ভদ্রলোকের মস্তিষ্কপ্রসূত। আগাগোড়া আমাদের সরকারকে তিনি ভুল পথে চালাচ্ছেন। কেউ কিছু বল্লে হবে না, কেন না তিনি স্বয়ং মুখ্যমন্ত্রীর প্রিয়পাত্র,তিনি যথেচ্ছাচার করতে পারেন। তাই আমি বলবো যে এই লোকটাকে বিদায় করে দিন। যেসব স্ট্যাটিসটিক্স নিয়ে ওঁরা চেঁচামিচি করেন তার মূলে কিছু নেই। আসলে বাংলাদেশের অবস্থা অত্যন্ত চরম হয়ে এসেছে, দৈন্য-দারিদ্র্যের শেষ সীমায় এসে পৌঁচেছে। তাকে বড় লোক করে দেখালেই সে বড় লোক হবে না। আমাদের অর্থমন্ত্রী স্বীকার করেছেন যে তিনি আর চাকরী-বাকরী দিতে পারবেন না। তিনি বলেছেন এবারকার বিবৃতিতে যে দক্ষ-অদক্ষ, স্কিল্ড এ্যান্ড আনস্কিল্ড লেবার এদের জায়গা আর নেই কোন শিল্প-সংস্থায়। কেন না সেখানে আগেভাগে এসে রাজ্যের বাইরের লোক অধিকার করে বসে আছে। শিল্পে আর কোন ব্যবস্থা আমাদের হতে পারে না। উনি ১৯৫৫-৫৬ সালের বাজেট স্পীচে ডাঃ রায় বলেছিলেন যে যদি ১৪ শো কোটি টাকা তাঁকে দেওয়া যায় তাহলে তিনি বাংলাদেশের বেকার সমস্যা ঘুচিয়ে দেবেন। কিন্তু আমরা সেকেন্ড ফাইভ ইয়ার প্ল্যানে দেখছি ৯ কোটি ৪৮ লক্ষ টাকা ধরা হয়েছে ৫ বছরে ধরা হয়েছে মাত্র ৯ কোটি ৪৮ লক্ষ টাকা। এই টাকা দিয়ে তিনি কি করে বাংলার বেকার সমস্যা ঘুচাবেন? কেন আর ধোঁকা দিচ্ছেন? ব্যবসার ক্ষেত্রে বাঙ্গালীর আর কোন পথ নেই। ছোট থেকে বড় পর্যন্ত যত ব্যবসা আছে সমস্ত ব্যবসায় বহিরাগতদের কুক্ষিগত। সেখানে অর্থের অভাবেই হোক আর দারিদ্র্যের প্রকোপেই হোক, যারা একটু-আধটু ব্যবসা করে খাচ্ছিল, তারা আস্তে আস্তে শেষ হয়ে যাচ্ছে। বাংলাদেশ থেকে বাঙ্গালীদের ব্যবসা একেবারে উঠে গেছে। যারা খবর রাখেন তাঁরা জানেন যে বহিরাগতেরা আগে আসতেন ব্যবসা করতে, ব্যবসা করে কিছু করলেন আর বাংলাদেশের লোককে কর্ম্মচারী রাখলেন, কাজ করে খেতে হবে তাদের। এখন তাঁরা বাঙ্গালী কর্ম্মচারী রাখা বন্ধ করে দিয়েছেন, খালি মুনাফা নিচ্ছেন আর দেশ থেকে যে যা পারছেন কর্ম্মচারী নিয়ে এসে নিয়োগ করছেন এবং তাঁদের নিজেদের ভাষায় খাতা লেখা হচ্ছে। আগে হয় ইংরাজী, না হয় বাংলায় খাতা লেখা হোত,

এখন নানা ভাষায় খাতা লেখা হচ্ছে, যাতে ইনকাম ট্যাক্স থেকে তাঁরা বেরিয়ে যেতে পারেন, আর দেশ থেকে যত লোক নিয়ে এসে এখানে চাকরী দিচ্ছেন। যে-কোন ব্যবসা সংক্রান্ত কোন জায়গায় বাঙ্গালীর ছেলে আর চাকরী পাবে না। কাজেই আমরা যখন চাকরী দিয়ে পেরে উঠছি না, তখন ব্যবসার দিকে আমাদের একটু নজর দিতে হবে। সেদিন কয়েকটা ফেরীওয়ালা বাঙ্গালীর ছেলে বলছিলেন, স্যার, কিছু টাকা নিয়ে ফেরী করছি, কিন্তু বারবার পুলিশে ধরে নিয়ে যায়। পুলিশকে ঘুষ দিতে দিতে আর দু-একবার কোর্টে গিয়ে ফাইন দিয়ে মূলধনের টাকা স্যার, চলে গেছে। যত আক্রোশ তাদের উপর, বাঙ্গালীর ছেলে ফিরি করে খাচ্ছে কি না। আমি কোন প্রাদেশিকতার মনোভাব নিয়ে এ-কথা বলছি না। যে দেশের ছেলে, সেই দেশে তার নিশ্চয়ই খেটে খাবার অধিকার আছে, যে দেশের ছেলে সেই দেশে তার নিশ্চয়ই ব্যবসা করে খাবার, বেঁচে থাকবার অধিকার আছে, সেটা তার ফাণ্ডামেন্টাল রাইট, সেই অধিকার থেকে যাতে সে বঞ্চিত না হয় সেদিকে আমাদের সরকারের দৃষ্টি রাখা উচিত। সুতরাং বাঙ্গালীর ছেলেকে এখানে ব্যবসা করবার সুবিধা করে দিতে হবে। তারা ছোট-বড় সবরকমের যাতে ব্যবসা করতে পারে তারজন্য তাদের সাহায্যের ব্যবস্থা করতে হবে। আর ঐ যে লোন দিচ্ছেন, সে বাংলাদেশেই হোক আর যে দেশেই হোক, সেই লোন দেওয়ার কর্ত্তা অবাঙ্গালী হলে চলবে না। উপদেষ্টা কমিটি করতে হবে। ছোট-বড় বাঙ্গালী ব্যবসাদার, যারা ব্যবসা করেছে, যারা ব্যবসা করতে পারে, ছোটখাট বা বড় ব্যবসায় তাদের সাহায্য করা দরকার। বাঙ্গালী যে ব্যবসা করে তাঁকে বাঙ্গালী কর্ম্মচারী রাখতে হবে, সে বহিরাগতদের নিয়ে কাজ করতে পারবে না, অন্ততঃ এ ব্যবস্থা যাতে হয় আমাদের সরকারের সেদিকে দৃষ্টি রাখা উচিত।

[4-20—4-30 p.m.]

তারপরে, সবচেয়ে বড় কথা হচ্ছে জমির কথা। ডাঃ রায় স্বীকার করেছেন যে আমাদের এখানে জমি কম কিন্তু বসতি ঘন, তারপরে লক্ষ লক্ষ বাস্তুহারা এসে এই জমির সমস্যাকে আরো জটিল করে তুলেছে।

কিন্তু জমি যদি না পাওয়া যায় তাহলে এ সমস্যা মিটবে কি করে? তিনি নিজেই স্বীকার করেছেন যে, গ্রাসাচ্ছাদনের জন্য প্রত্যেকটী কৃষক পরিবারের অন্ততঃ ৫ একর করে জমি চাই তিনি আরো স্বীকার করেছেন যে শতকরা ৭০টা সংসারে ৫ একর জমির কম। তাহলে তারা খাবে কি? জমিই আমাদের প্রয়োজন। জমি আমাদের কাছে এসে পৌঁছাত, জমি আমাদের আসত কিন্তু ডাঃ বিধানচন্দ্র রায় সেই জমি আসতে দিচ্ছেন না। আমাদের নিজেদের প্রাপ্য যে জমি সে জমি আমাদের চাই। আসামে বঙ্গভাষাভাষীদের যে জমি আছে তা আমাদের ফিরিয়ে দিতে হবে। কাছারে, ত্রিপুরায়, পূর্ণিয়া জেলায় বঙ্গভাষাভাষীর যে জমি আছে, সাঁওতাল পরগণায়, মানভূমে, সিংভূমে, মায় জামসেদপুরে আমাদের বঙ্গভাষাভাষীর যে জমি আছে তা আমাদের ফিরিয়ে দিতে হবে। যদি চক্রান্তকারীদের সঙ্গে ডাঃ রায় হাত না মেলাতেন তাহলে আজ বাংলার ইতিহাস অন্য রকম হত। আমাদের রাজস্ব-সচিব এবার এখানে এসেছেন, গতবারে তিনি ছিলেন না; তিনি ত অনেক যত্নসহকারে মেমোরেণ্ডাম লিখেছেন বাংলার দাবী নিয়ে, বাংলার সে দাবী পূর্ণ হবে না কেন? যতদিন আমাদের প্রাপ্য জমি আমরা ফিরে না পাচ্ছি, ততদিন বাংলার কোন জটিল সমস্যার সমাধান হবে না, জমি আমাদের তারা দিতে রাজি। কেন না উদ্বাস্তুদের তারা যেখানে বাস করাতে নিয়ে যাচ্ছেন বিহারে বা উড়িষ্যায় বা সৌরাষ্ট্রে, যেখানে তাদের বাস করাবেন, সেখানে তাদের জমি দেওয়া হবে। চাষ করবার জমিও দেওয়া হবে, থাকার জমিও দেওয়া হবে। যে জমি তাদের তাঁরা দিচ্ছেন—বিহারে বা সৌরাষ্ট্রে, কিন্তু বাংলার কাছে সে জমি দিতে এত কার্পণ্য কেন? অর্থাৎ কিনা বাঙ্গালীকে এক সঙ্গে থাকতে দিতে চান না, বাঙ্গালীকে সংঘবদ্ধ হতে দিতে চান না। বাঙ্গালী যদি একত্র হয়ে থাকে তাহলে তাঁদের সুখে রাজত্ব করা সম্ভব হবে না, তাই আমাদের প্রতি এই দুর্ব্যবহার। ডাঃ বিধানচন্দ্র রায় নিজে বলেছেন, এই রাজ্যের মানচিত্রের দিকে তাকালে সত্যই দুঃখ হয়। জানি না, সত্যই এটা তাঁর অন্তরের কথা বা কুম্ভীরাশ্রু বর্ষণ! তাই যদি হবে, তাহলে আজকে কেন বাংলাদেশের সঙ্গে বিশ্বাসঘাতকতা

করে তার সমস্ত আশা-ভরসা সমাধিস্থ করে দিলেন? বাংলার বুকের উপর কে এই অভিশাপ এনে দিয়েছে? সে ডাঃ বিধানচন্দ্র রায়। যদি সত্যই তাঁর অনুতাপ হয়ে থাকে তাহলে তিনি আজ এই পাপের প্রায়শ্চিত্ত করুন। সুজলা সুফলা বাংলাদেশের মুখে আবার হাসি ফুটিয়ে তুলুন, তা করতে হলে আমাদের সংগে নামতে হবে, সংগ্রাম করতে হবে। এ শুধু আন্দোলন হবে না, আন্দোলন হয় ত ভালই, কিন্তু আমাদের সামনের দিককার বন্ধুরা যদি সে আন্দোলনে যোগ দেন তাহলে হয় ত কাজটা সহজে হবে। তা না হলেও অন্ততঃ বামপন্থী বিরোধী পক্ষীয়েরা যে কথা বলেছে, যে তাঁরা এই দাবী আদায় করে নেবে, তারা আজও সেই মনোভাব পোষণ করে। বাংলার ন্যায্য দাবী আদায় করে নিয়ে আবার বাংলাদেশের স্বস্তির নিঃশ্বাস ফেলাবে এই তাদের প্রতিজ্ঞা।

Sj. Satindra Nath Basu: Mr Speaker, Sir, may I know the time allotted to me?

Mr. Speaker: Fifteen minutes. I request everyone of the honourable members to follow the time-table very strictly which is agreed upon.

Sj. Satindra Nath Basu: The present budget has been placed before this House for discussion and consideration. This budget is here under Article 202 of our Constitution Now in that Article it has been shown that every year the financial statement will be placed before this House and this House will discuss the budget and pass it The other House has no power to discuss the budget This annual financial statement, i.e., this budget comprises items embodied in Articles 266 and 267 of our Constitution and is called the consolidated fund and contingency fund of the State What this consolidated fund is, has been described in Article 266 of our Constitution, and what is contingency fund of a State has been rightly incorporated in Article 267 of the Constitution So I do not understand why this budget is being criticised on the ground that it is not a realistic budget I say it is a realistic and intrinsic budget. I am happy to say that every detail which should be included in the budget has been included and I appeal to you, Mr Speaker, Sir, that all those who have assembled here have to discuss and pass the budget to implement the Constitution which has been rightly imposed upon us Moreover, Sir, I draw your attention to the Preamble of the Constitution which says why we have assembled here and what is our duty and how far we have discharged our duty as a legislator I shall refer to the Preamble of the Constitution which says—"We, the people of India, having solemnly resolved to constitute India into a sovereign Democratic Republic and to secure to all its citizens: Justice, social, economic and political; Liberty of thought expression, belief, faith and worship; Equality of status and of opportunity; and to promote among them all, fraternity, assuring the dignity of the individual and the unity of the Nation"

Sir, we have taken the oath of allegiance to obey the Constitution Let us see how far the present budget has fallen short of the provisions of the Constitution I say, Sir, I have read thoroughly the provisions of the budget, the provisions in the annual financial statement which our Finance and Chief Minister has placed before us for discussion I refer to you Rule 112 of the Assembly Procedure Rules as to how we are to discuss the present budget. So far as I can understand, I say most emphatically that this budget is a most realistic, progressive and encouraging budget. In the circumstances under which we have been placed, it is our duty to support it and to suggest improvements.

[4-30—4-40 p.m.]

That is our ideal. This is the land of Bankim Chatterjee, this is the land of Rabindra Nath Tagore, this is the land of Sir Surendra Nath Banerjee.

and we should always maintain the dignity and the prosperity of this Bangla. So we have been assembled here not to induldge in loose talks, we must confine ourselves within the constitutional rights which have been imposed upon us and not to criticize the budget taking advantage of the rights which have been given to us.

One thing I should also refer in this connection. In this Constitution there has been a chapter on fundamental rights and according to the Karachi Resolution of the All-India Congress there were fundamental rights and duties of citizens. But unfortunately so far as the duties of the citizens are concerned, they have not been incorporated in our Constitution. That is why none of us are concerned with the duties of the citizens, that is why we are coming and indulging in this kind of loose talks which are not visualised in the Constitution.

So far as receipt outside the revenue head is concerned we find that it has been estimated at 115 crores 24 lakhs 77 thousand and expenditure on that head is 117 crores 12 lakhs 89 thousand and there has been a deficit to the extent of 1 crore 88 lakhs and odd thousand. So far as revenue head is concerned I find that it has been shown that the total receipt is 61 crores 89 lakhs and so far as expenditure on the revenue head is concerned it is estimated at 72 crores 18 lakhs and there has been a deficit of 10 crores 27 lakhs and outside the revenue head at 1 crore 88 lakhs and we find that the total estimated deficit has reached 12 crores 70 lakhs. But out of this there is a closing balance of 8 crores 75 lakhs and when we set off this closing balance then the net deficit will be to the extent of 3 crores 42 lakhs.

Sir, in this connection I should also submit that we have heard many things from our revered friend Mr. Amar Basu. He has tried to show how in Kerala they are progressing. I have already seen the budget of Kerala which has been placed. What they have done? They have again assessed taxes upon the agricultural income and they say that they have abolished private forests. We have done this in the year 1955 by the amendment of the Estates Acquisition Act. So they have not taken all the capital share of wealth. They challenged to nationalise all the industries there. Sir, the Chief Minister of Kerala in his recent speech at Bombay said "I have done nothing new. All that I have done and I am going to do are all Congress principles and Congress ideals and I have been doing these and nothing new." Because the Kerala people also know that they are bound by the Constitution of India and they cannot do anything according to their own whims and wishes. So everything must be confined to Articles 266 and 267 So far as the question of redistribution of the assets between the Centre and the States is concerned, that has been also incorporated in the Constitution and that refers to Articles 268, 269 and 270.

Sir, this budget has been prepared by no less a person than Dr. Roy who has so much experience in making budgets. While a Corporation budget is to be made, it is Dr. Roy who is to prepare the budget. If the University budget is to be prepared, then Dr. Roy goes there and prepares the budget. So it is useless to say that this budget has not been prepared according to the real needs of the people. These are not reasonable comments which I expected from learned parliamentarians on the other side. We expected that the budget should be discussed according to the provisions of the Constitution and we shall see whether it falls short of the constitutional requirements and whether the budget has been prepared according to the constitutional procedure. Therefore I say and I say definitely that this is a most realistic and progressive budget and through

this budget we can do much and we are going to do good to the people of Bengal who have been suffering from all sorts of problems—problem of unemployment, the problem of food crisis and so on. All these things have been taken into consideration without which we can hardly make any progress.

Sir, in this connection I should also say that so far as development items are concerned, let us see what amount has been placed in the present budget. So far as education is concerned, we have placed the biggest sum for education in Bengal, that is, 11 crores 13 lakhs 37 thousand and for Medical and Public Health we have placed 7 crores 30 lakhs 52 thousand. In those days when we did not get independence this fell far short of the Police budget and about this we were always criticised. Now the police budget has been much reduced; it is now 7 crores 37 lakhs. So far as agriculture is concerned, it has been estimated at 5 crores 39 lakhs and so far as Civil Works are concerned it has been estimated at 4 crores 41 lakhs 40 thousand.

In this connection I should also submit that Shri Bankim Mukherji, Deputy Leader of the Opposition, said that no improvement has been done. He may ask his leader Shri Jyoti Basu who happened to be present in my constituency once or twice. What he saw in that area? In the West Dinajpur district there were 16 miles of pucca road before partition; now under the present Government the length of the pucca road is 150 miles and in West Dinajpur one road—Gazal-Balurghat Road—cost Rs. 1 crore 40 lakhs. There are some three big bridges over three big rivers. These are no *maya*, these are real things. You can see these with your own eyes. So far as Balurghat is concerned there was one high school in the whole subdivision; now we have built seven high schools including one girls' high school at Balurghat and there is one first grade college with B.A. and B.Sc., which has been established after partition in Balurghat.

[4-40—5-5 p.m.]

But in this connection I beg to submit that so far as General Administration is concerned I find from the Red Book that there has been allotted only a petty sum of Rs. 5 lakhs or Rs. 4,90,000 for the construction of the permanent headquarters building at Balurghat. Already a big sadar hospital has been constructed with a sum of Rs. 9 lakhs, and another T.B. hospital is going to be constructed there and that will cost this Government at least Rs. 1,50,000. Sir, these are not *maya*. These are all real things, and if my friend will see with his own eyes he will find that this Government is not sitting idle. This Government is always looking after the welfare of the people of Bengal, and again I appeal through you, Sir, let the honourable members who are assembled here realise that it is our duty to make Bengal prosperous, to convert this Bengal into Sonar Bangla, so that we can say that this is the land of Bankim Chandra, this is the land of Rabindra Nath. Let us all combine and co-operate with each other. Let us all forget petty things and rise equal to the occasion. If we implement the provisions of this budget and if we all co-operate then, Sir, under your guidance and under the able guidance of our Finance Minister and Chief Minister we shall be able to prosper again.

Sir, criticism has been made against State Transport. So far as this is concerned, I can just now refer to an order recently passed for running State Transport Service between Balurghat and Manickchak, a distance of 90 miles, so that the people can reach Manickchak from Balurghat in three hours and they can reach Calcutta early in the morning on the next day. As I have said, Sir, these are not things which are *maya*; they are real. I

again say "Bande Mataram". You should realise what you want to do and how we can convert this Bengal into Sonar Bangla and how you can rise equal to the occasion.

[At this stage the House was adjourned for fifteen minutes.]

[*After adjournment.*]

[5-5—5-15 p.m.]

Sjkta. Manikuntala Sen:

মাননীয় স্পীকার মহাশয়, এই বাজেটের সাধারণ আলোচনায় আমি শিক্ষাসমস্যা সম্পর্কে প্রথম আমার বক্তব্য রাখতে চাই। শিক্ষাসমস্যা সমাধানের বিষয় অবশ্য সামগ্রিকভাবে বিশেষ আলোচনার প্রয়োজন ছিল—বাংলাদেশে শিক্ষার গলদ কোথায়? কি ক'রে তার সংস্কার হ'তে পারে, কি পদ্ধতিতে সংস্কার হবে এই সম্পর্কে প্রাথমিক শিক্ষা থেকে আরম্ভ ক'রে কলেজীয় শিক্ষা পর্যন্ত সামগ্রিকভাবে সুষ্ঠু আলোচনার প্রয়োজন আছে। কিন্তু এখানে যেভাবে আমরা অল্প সময় পাই তাতে সামগ্রিক আলোচনা সম্ভব নয়। তাই আমার বক্তব্য প্রাথমিক ও মাধ্যমিক শিক্ষার যে সমস্যা, বিশেষ ক'রে মাধ্যমিক শিক্ষা সম্পর্কে যে নূতন সঙ্কট সৃষ্টি হয়েছে এই সম্পর্কে আমি আমার আলোচনা রাখতে চাই। এই সঙ্কট যে কতখানি গুরুতর তা বোঝাবার জন্য অবশ্য মুখ্যমন্ত্রীমহাশয় আমাদের অনেকখানি সুবিধা ক'রে দিয়েছেন। মুখ্যমন্ত্রীমহাশয় বাজেট বক্তৃতায় তিনি নিজেই বলেছেন, অবশ্য তাঁর এই বক্তব্যটা, তিনি জীবিকা এবং বেকারসমস্যা সম্বন্ধে বলতে গিয়ে উপস্থিত করেছিলেন। কিন্তু তা থেকে যা তথ্য দিয়েছেন, তাতে শিক্ষার ব্যাপারে একটা গুরুতর সঙ্কটের কথা প্রকাশ করেছেন। ১৯৫৬ সালের গৃহীত পরীক্ষার ফল বিশ্লেষণ করলে আমরা দেখতে পাই যে, স্কুল ফাইন্যাল ৭৬,৭৮৭ জন পরীক্ষার্থী ছিল এবং এদের মধ্যে মাত্র ১,২০৮ জন প্রথম বিভাগে এবং ৪,৯৬৩ জন দ্বিতীয় বিভাগে এবং ২৪,৭৩৭ জন তৃতীয় বিভাগে উত্তীর্ণ হন, এবং বাকি ৩৭,৮৫৬ জন পরীক্ষায় উত্তীর্ণ হ'তে পারে নি। এ ছাড়া ৮,০০০ জন কম্পার্টমেন্টাল পরীক্ষায়, কোন এক বিষয় উত্তীর্ণ হয়। তারপর আবার বলা আছে, ইহা দেখলে সত্যই দুঃখ হয়, একদিকে যখন দেশে বেকারসমস্যা বেড়ে চলেছে, তখন অন্যদিকে শিল্পক্ষেত্রে সমগ্র রাজ্যে দক্ষ এবং অদক্ষ টেকনিসিয়ান্স্ রাজ্যের বাহির হইতে সংগৃহীত হইতেছে। ইহাও কম দুঃখ নহে যে, রাজ্যে বিরাট বেকারসমস্যা থাকা সত্ত্বেও সরকারের প্রয়োজন অনুযায়ী উপযুক্ত লোক পান না, এবং উপযুক্ত লোকের অভাবের জন্য বহুসংখ্যক পদ পূরণ করা যায় না: একথা মুখ্যমন্ত্রী-মহাশয় নিজে বলেছেন। এতে আমার মনে হয়, শিক্ষা সম্পর্কে সরকারী নীতির ব্যর্থতা ও প্রহসনের পরিচয় এর চেয়ে পরিষ্কার বিবৃতি আর কিছু হ'তে পারে না। তিনি নিজেই বলেছেন, এবং আমার মনে হয় না, তাঁর সম্পর্কে কোন কৈফিয়ৎ দেবার আছে। কারণ স্বভাবতই প্রশ্ন আসে, যেখানে কোটি কোটি টাকা শিক্ষা বাবদ খরচ হচ্ছে সেই কোটি কোটি টাকা কিজন্য, কিভাবে খরচ হচ্ছে? এই টাকা সবই ত' সরকারী নয়, বেসরকারীরও বহু টাকা খরচ হচ্ছে শিক্ষা বিভাগে। শিক্ষার যে খরচ সামগ্রিকভাবে হয় তার শতকরা ৭০ ভাগ বহন করেন অভিভাবকরা আর ৩০ ভাগ বহন করে সরকার। সুতরাং এই সরকারী এবং বেসরকারী মিলে কোটি কোটি টাকা খরচ হয় দেশে শিক্ষার জন্য। কিসের জন্য এই টাকা খরচ হয়? শুধু দেশের হাজার হাজার ছেলে-মেয়েদের ভবিষ্যৎ অন্ধকার ক'রে দেবার জন্য। প্রতি বছর ৭৫।৭৬ হাজার স্কুল ফাইন্যাল পরীক্ষা যারা দেয় তার মধ্যে ১২শ' ১৩শ' ফার্স্ট ডিভিসনএ পাশ করে। উনি অবশ্য বললেন তাদের চাকরি হবে। কিন্তু আমি ও'র বিশ্বাসে বিশ্বাসী নই, আমি তা বিশ্বাস করি না। কারণ, এই রকম অনেক ফার্স্ট ডিভিসনএ পাশ করা, ইন্টারমিডিয়েট পাশ করা, বি-এ পাশ, এম-এ পাশ করা বহু লোক এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জএ কিউ ক'রে দাঁড়িয়ে থাকে। এইসব বিষয়ে মিঃ স্পীকার, স্যার, ও'র কথা বিশ্বাস করবার প্রয়োজন নেই। যদি ধরেও নি, বিরাট সংখ্যা, যারা পরীক্ষা দেয়, তার অর্ধেক পাশ করে এবং যারা পাশ করে, তার মধ্যে হাজার বার শ'

বাদে বাকি হচ্ছে তৃতীয় ডিভিসনএ পাশ। মুখ্যমন্ত্রী মহাশয় বলেছেন এদের কোন ভবিষ্যৎ নেই ; এদের চাকরিতে নেওয়া যায় না। উনি যখন নিজে এ কথা বলছেন তখন এদের ভবিষ্যৎ যে অন্ধকার সে বিষয়ে কোন সন্দেহ নেই। সরকার যখন নিজেই এদের নিতে চায় না অদক্ষ শ্রমিক হিসাবে, তখন অন্য কোন বেসরকারী প্রতিষ্ঠান এদের কেন নেবে? কি যোগ্যতা আছে এদের, যা দেখে নেবে। এইভাবে ছাত্রদের ভবিষ্যৎ যে নষ্ট হচ্ছে, এর জন্য দায়ী কে? শুধু ছাত্রদের ভবিষ্যৎই কি নষ্ট হচ্ছে? মুখ্যমন্ত্রীমহাশয়ের কথায় প্রকাশ যে, বর্তমান উন্নয়ন-কাজেও ওদের লাগাতে পাচ্ছেন না। কারণ দেখিয়েছেন যে, এখানে দক্ষ লোকের অভাব, তাই বাইরে থেকে ধার করতে হচ্ছে। গভর্নরস্ স্পীচে দেখলাম—১৯৫৬-৫৭ সালে ৩৫ কোটি ২৭ লক্ষ টাকা খরচ করবার কথা ছিল, কিন্তু তা খরচ করা হয় নি ; তার কারণ সিমেন্ট, স্টীল ইত্যাদির অভাব, ফরেন এক্সচেঞ্জএর অভাব, এবং তার সংগে সংগে টেকনিক্যাল প্যার্সো-নেলেরও অভাব। যখন দক্ষ লোকের অভাব তিনি বলছেন, তখন এই অবস্থা যদি চলতে থাকে, তা হ'লে উনি যে প্ল্যানএ ক্রমিক ব্যয় করেছেন অর্থনৈতিক উন্নয়নের জন্য, সে পরিকল্পনা ব্যর্থ হ'তে বাধ্য। শিক্ষা এবং শিক্ষিতের এইরকম দশা বিবৃত করবার পর, স্বভাবতই আশা করেছিলাম মুখ্যমন্ত্রীমহাশয় অন্তত এই পরিস্থিতি সম্বন্ধে একটা অনুসন্ধান করবার চেষ্টা করবেন ; একটু আত্মসমালোচনা করবেন কেন এইরকম দশা ঘটলো। এইভাবে অর্থের অপচয়, পরিশ্রমের অপচয় এবং ছাত্রসমাজের অপচয় কেন এইরকমভাবে হচ্ছে? এ সম্বন্ধে যদি অন্তত তিনি একটা অনুসন্ধান করতেন, সমালোচনা করতেন, একটু কারণ দেখাবার চেষ্টা করতেন, এবং ভবিষ্যতে কি করবেন বা না করবেন, সে সম্বন্ধে বলতে পারতেন, তা হ'লে আমাদের সুবিধা হ'ত।

তিনি শুধু ব্যক্তিগত দুঃখ প্রকাশ করেছেন। তাঁর ব্যক্তিগত দুঃখ প্রকাশে কি আসে যায়। আমি অন্তত তাঁর এই ব্যক্তিগত দুঃখপ্রকাশের কোন মূল্য দিই না, কারণ এইভাবে পাবলিকের টাকা, এভাবে মানুষের ভবিষ্যৎ নিয়ে খেলার কোন অধিকার সরকারের নাই। এই যদি তাঁদের শিক্ষানীতি হয়, এই যেভাবে মানুষের জীবন অপচিত হচ্ছে এর জন্য আমি ডাঃ রায়কে এবং তাঁর সরকারকে অভিযুক্ত করি। এই দুই অপরাধে মুখ্যমন্ত্রী এবং তাঁর সরকারকে আমি অভিযুক্ত করি। এই অভিযোগের উত্তর তাঁকে দিতে হবে। জানি না কি উত্তর তিনি দেবেন। কোটি কোটি টাকা খরচ করেছেন। এই বছর ২১ কোটি ১৩ লক্ষ টাকার বেশি দিয়েছেন এবং দ্বিতীয় প্ল্যানে ২১ কোটি টাকা ধরা হয়েছে। তারপর নিরক্ষরতার বিরুদ্ধে অভিযানের দরকার আছে। আমাদের দেশে অর্থাৎ পশ্চিমবাংলায় ১৯৫৪ সালের সেন্সাস রিপোর্ট অনুযায়ী শতকরা ২৪ ভাগ লোক অক্ষরজ্ঞানশূন্য। এ সম্পর্কে তাঁরা কি করবেন সেটা আমরা জানতে চাই। তারপর বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা, এবং মাধ্যমিক শিক্ষার বিস্তৃতি। আজকের দিনে সকলের জন্য সমান সুযোগ সৃষ্টি করা হবে, এটা জনসাধারণের দাবি। শিক্ষার মান উন্নতি করা হোক, এটা আমরা চাই। টেকনিক্যাল এডুকেশনের কথা এই প্রসংগে উল্লেখ্য। এবং পুরানো যেসমস্ত শিক্ষাপ্রতিষ্ঠান আছে তাদের যত্ন নেওয়া হবে এটাও আমরা চাই। যদি এগুলির প্রতি দৃষ্টি রেখে সামগ্রিক দৃষ্টিভংগি নিয়ে প্ল্যান তৈরি করা হয় তা হ'লে শিক্ষাব্যবস্থা বন্ধ হ'তে বাধ্য, নানা গলতি তার মধ্যে থাকতে বাধ্য। দেশ থেকে নিরক্ষরতা দূর করার জন্য আপনারা কত টাকা ব্যয় করেছেন? এই বছর এই বাবতে ১০ লক্ষ টাকা বরাদ্দ করা হয়েছে। এই টাকা দিয়ে এই ব্যাপক নিরক্ষরতার বিরুদ্ধে অভিযান চলতে পারে না। দেশের সমস্ত মানুষকে উৎসাহিত করতে হবে এই অভিযানে সহযোগিতার মনোভাব নিয়ে এগিয়ে আসবার জন্য। অ্যাডাল্ট এডুকেশন সেন্টার খুলতে হবে। সুতরাং নিরক্ষরতার বিরুদ্ধে অভিযানে এতে কিছু হবে না। তারপর, কত বছরে তাও তাঁরা বলতে পারছেন না। দ্বিতীয় কথা হচ্ছে, এই অভিযান সম্পর্কে আপনারা একটা টার্গেট ঘোষণা করুন যে, প্রতি বছর এতজনকে শিক্ষা দেবেন। এটা এখনি ঘোষণা করা উচিত। এবং টার্গেট অনুযায়ী টাকা বরাদ্দ করা উচিত। ১০ লক্ষ টাকা আপনারা বরাদ্দ করেছেন—এটা বরাদ্দ না করলেও চলত। তারপর, বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা। আমাদের কনস্টিটিউশনে আছে ১০ বৎসরের মধ্যে এটা করতে হবে। ১০ বৎসর তো হয়ে গেল। এই হাউসে একটা ইউনানিমাস প্রস্তাব হয়েছিল যে, বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা প্রবর্তন করা হবে বাংলাদেশে। কিন্তু এখনো হয় নি, এবং কবে হবে তাও জানা যায় নি। শিক্ষা সম্পর্কে অর্থবরাদ্দ করেছেন বছর বছর, কিন্তু নিরক্ষরতার বিরুদ্ধে অভিযান হচ্ছে না,

প্রাথমিক শিক্ষা বাধ্যতামূলক হচ্ছে না—কেন হচ্ছে না—সেটাই আমরা শুনতে চাই। প্রাথমিক শিক্ষার ক্ষেত্রে ১৯৩০ সালের প্রাথমিক শিক্ষার যে আইনটা ছিল তা দিয়েই এখনও পর্যন্ত এদেশে প্রাথমিক শিক্ষাব্যবস্থা চালানো হচ্ছে। এই আইনের অনেক আগেই পরিবর্তন আনা উচিত ছিল এবং দীর্ঘদিন ধরে সেই আইনের পরিবর্তন অনুভূত হচ্ছে। কিন্তু এ সম্পর্কে কি ব্যবস্থা করা হচ্ছে তা আমাদের কিছুই জানান হয় নি। তারপর, বোর্ড স্কুল, মিউনিসিপ্যাল স্কুল, স্পেশ্যাল কেডার স্কুল এইরকম নানা শ্রেণীতে বাংলাদেশের শিক্ষাব্যবস্থা বিভক্ত ক'রে শিক্ষকদের মধ্যে পার্থক্য সৃষ্টি ক'রে রাখা হচ্ছে। এবং এদের পরিচালনার জন্য যে কমিটি আছে সেগুলি অত্যন্ত অগণতান্ত্রিক এবং তাতে এস ডি ও, ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট থাকবে। এই-ভাবে যে কমিটি হবে সেই কমিটি দিয়ে শিক্ষাব্যবস্থার পরিচালনা হতে পারে না। কমিটি-গুলিকে গণতান্ত্রিক পদ্ধতিতে নির্বাচিত ক'রে স্কুলগুলিকে একটা ইউনিফর্মিটির মধ্যে নিয়ে আসার জন্য বহুদিন থেকে দাবি উঠেছে। টিচারদের মাইনে বাড়ানো এবং তাদের ট্রেনিংএর ব্যবস্থা করার দাবি বহুদিন থেকেই উঠেছে। কিন্তু এখন পর্যন্ত কিছুই করা হয় নি। দ্বিতীয় কথা হচ্ছে, মাধ্যমিক শিক্ষার বিস্তৃতি। আজকে বাংলাদেশে মাধ্যমিক শিক্ষা জগতে এক সংকটজনক পরিস্থিতির উদ্ভব হয়েছে। তারপর, অভিভাবকদের উপর ক্রমবর্ধমান হারে খরচের চাপ পড়েছে। এতে হয়তো মন্ত্রীমহাশয়রা বলবেন, জনসাধারণের পারচেজিং পাওয়ার বেড়েছে। তাঁরা আরও বলেন, শিক্ষার চাহিদা বেড়েছে। এখানে আমার বক্তব্য হচ্ছে, যদি দেশে শিক্ষার বিস্তৃতি ঘটেই থাকে, শিক্ষার চাহিদা যদি বৃদ্ধি পেয়ে থাকে তা হ'লে তার কৃতিত্ব কি সরকারের? আমি জিজ্ঞাসা করি এদেশে সরকার শিক্ষার খরচ কতটা বহন করেন? সরকার যে দে কমিশন বসিয়েছিলেন সেই দে কমিশনএর রিপোর্টে দেখা যায়, পশ্চিমবঙ্গে বর্তমানে ২৯টা সরকারী স্কুল আছে। আর ৪৭৯টা বেসরকারী স্কুল সরকারী সাহায্য পায়। ২৯টা সরকারী স্কুলের জন্য সরকার ৭৫ হাজার টাকা ক'রে খরচ করেন, বাকি বেসরকারী স্কুলগুলির জন্য কি সরকার ৭০ হাজার টাকাও খরচ করতে পারেন না? শিক্ষার চাহিদার কথা বলা হয়েছে। স্বাধীনতা লাভের পর যে শিক্ষার চাহিদা নাকি বেড়েছে। স্বাধীন দেশে শিক্ষার চাহিদা বাড়বে এতো স্বাভাবিক কথা, কিন্তু তাতে সরকারের কি কৃতিত্ব আছে? এতে সরকারের কোন কৃতিত্ব নাই।

[5-15—5-25 p.m.]

কৃষি-অর্থনীতিতে নির্ভরশীল হয়ে থাকা সম্ভব নয়, চাকুরির প্রয়োজন আছে এবং এই চাকুরি পেতে হ'লে মানুষকে লেখাপড়া শিখতে আসতে হয়। এই শিক্ষার দায়িত্ব সরকার কতটুকু গ্রহণ করেছেন তার মধ্যে প্রকাশ পায় সরকারের কতটুকু আনুকূল্য আছে বা কতটুকু কৃতিত্ব আছে। পাবলিকের ঘাড় থেকে শিক্ষার কতখানি দায়িত্ব তুলে নেবেন তার মধ্যে নিজেদের কৃতিত্বের পরিচয় দেবেন। দেখা যাচ্ছে আরও বেশি করে পাবলিকএর ঘাড়ে দায়িত্ব চাপান হচ্ছে। মুখ্যমন্ত্রী বিলাপ করেছেন যে, শিক্ষার মান নেমে গিয়েছে। উনি কি জানেন না স্কুলে যারা পড়ে তাদের শতকরা ৫০ ভাগ বই কিনতে পারে না? উনি কি জানেন না যে, বেতন কি পরিমাণে বেড়ে গিয়েছে এবং তার জন্য অভিভাবকদের কত কষ্ট হয়? উনি কি জানেন না বহু অভিভাবক পরীক্ষার সময় পরীক্ষার ফি দেবার জন্যে ভিক্ষা করতে বের হন? উনি কি জানেন না স্কুলগুলিতে এত ভিড় হয় যে, সেখানে কখনও ভালভাবে শেখান সম্ভব হয় না? উনি কি জানেন না যে, শিক্ষকেরা যে বেতন পান তা পেয়ে তাঁদের পক্ষে ভাল করে পড়ান সম্ভব নয়? উনি সবই জানেন। উনি কি জানেন না যে, ও'রই শিক্ষাদপ্তরের যিনি প্রধান কর্মাধ্যক্ষ তিনি শিক্ষকদের একজন চাপরাশীর বেশি মর্যাদা দিতে রাজি নন? ও'র কি মনে নেই যে মুখ্যমন্ত্রীর জিদের জন্য মাগ্‌গি ভাতার দাবিতে তাঁদের রাস্তায় বসতে হয়েছিল? উনি কি জানেন না যে, এই সমস্ত কারণে শিক্ষার মান নেমে যাচ্ছে? সেকথা স্বীকার না ক'রে পথ কোথায়? শিক্ষাসংস্কারের প্রয়োজন বহুদিন আগে থেকে ছিল আর সেই কারণে অনেকগুলি কমিশন বসেছিল—মুদালিয়র কমিশন, রাধাকৃষ্ণ কমিশন, দে কমিশনএর রিপোর্ট বের হয় এবং এইসব রিপোর্ট নিয়ে কাজ শুরু করে দিয়েছেন; কিন্তু আশ্চর্যের বিষয় এই রিপোর্ট নিয়ে কোন জায়গায় শিক্ষাবিদের সঙ্গে আলোচনা করলেন না, ইউনিভার্সিটির সঙ্গে আলোচনা করলেন না, [illegible] স্কুল বোর্ডএর সঙ্গে নয়, অধ্যাপক সমিতির সঙ্গে আলোচনা করলেন না, এ, বি

টি, এ'র সংগে এই হাউসএ আলোচনা করলেন না, কাউন্সিলএ আলোচনা করলেন না; আলোচনা না ক'রে কমিশনগুলির রিপোর্ট ইচ্ছামত পরিবর্তন ক'রে সংস্কার শুরু করলেন। কিভাবে এই শিক্ষাসংস্কার ইমপ্লিমেন্ট করা হবে এ সম্বন্ধে শিক্ষাবিদদের সংগে বিশদ আলোচনা না ক'রে কি ক'রে শিক্ষাসংস্কারের কাজ শুরু ক'রে দিলেন তা বুঝতে পারি না। দুজন ব্যক্তি—একজন হ'লেন ডাঃ রায় নিজে আর একজন হ'লেন তাঁর ব্রিলিয়াণ্ট সেক্রেটারী ডাঃ ডি এম সেন—এই দুই ব্যক্তির উপর নির্ভর করে সমস্ত সংস্কারের কাজ—আর কারও উপরে নির্ভর করে না, কারও সংগে পরামর্শ করা হয় না। আশ্চর্যের ব্যাপার এত বড় একটা শিক্ষাসংস্কারের ব্যাপার মাত্র দুটো ব্যক্তির উপর নির্ভর করে। এই কমিশনএর সুপারিশ ছিল যে, ১২ ক্লাসএর স্কুল হবে ১০ ক্লাসএর জায়গায়, তারপর তিন বছরের ডিগ্রী কোর্স হবে। সেই সুপারিশকে অগ্রাহ্য ক'রে ১১ ক্লাস ক'রে দিয়েছেন। এই যে সুপারিশ অগ্রাহ্য করেছেন সমস্ত কমিশনএর সুপারিশ তাতে ভাল হয়েছে বা মন্দ হয়েছে এ সম্বন্ধে আমি কিছু বলতে চাই নে, এক্সপার্টরা বলুন। কিন্তু এক্সপার্টদের সংগে কোন আলাপ-আলোচনা কখনও করেন না, কিভাবে ইমপ্লিমেন্ট করতে হবে তা নিয়ে আলোচনা করেন না। কি সংকটের সৃষ্টি হয়েছে দেখুন, ১০ ক্লাস রয়েছে, যেভাবে কাজ করছেন তাতে পাঁচ বছরে ৩২০টি স্কুলকে আপগ্রেড করবেন আর বাকি ১,৬০০ স্কুলে ১০ ক্লাস থাকবে। এইভাবে স্কুলের মধ্যে শ্রেণীভেদ হয়ে গেল। ১০ ক্লাসএর জন্যে একরকম সিলেবাস, আর ১১-ক্লাস স্কুলগুলির জন্যে আর এক রকম সিলেবাস। তারপর ১১-ক্লাসএর সিলেবাস এখনও পর্যন্ত তৈরি হয় নি অথচ শিক্ষাসংস্কারের কাজ শুরু হয়ে গেল। দুই কোটি টাকা ইতিমধ্যে খরচ করেছেন এবং প্রাসাদ গ'ড়ে তুলেছেন। মাল্টিপারপাস স্কুল হবে, স্কুল পিছু দুই লক্ষ টাকা ব্যয় হবে, বিরাট বিরাট প্রাসাদ তোলা হয়েছে অথচ কিরকম স্কুল, টিচার্স ট্রেনিংএর ব্যবস্থা হয় নি, কিভাবে কি হবে ঠিক নেই অথচ টাকা খরচ হচ্ছে। ১০ ক্লাসএর ছেলেরা যারা থাকবে তারা যে স্কুল ফাইনাল পরীক্ষা দেবে সেগুলি পাবলিক স্কুল এক্সামিনেশন হবে না, তাদের কোন স্ট্যাটাস নেই, তাঁরা সেই স্ট্যাটাস নিয়ে কোন চাকুরিতে যেতে পারবে না; তাদের ফিরে আবার ১১ ক্লাসএ আসতে হবে। অথচ এই যে শ্রেণীভেদ হ'ল এখনও পর্যন্ত বলা হয় নি কবে বাকি ১,৬০০ স্কুলকে আপগ্রেড করা হবে; বরং মুখ্যমন্ত্রী কাউন্সিলএ বলেছেন—নাও হ'তে পারে এবং তা হ'লে এগুলি আট ক্লাশের হয়ে যাবে। হয়ত সামান্য কিছুসংখ্যক স্কুলকে আপগ্রেড করবেন, মাল্টিপারপাস করবেন, বাকিগুলি ঠেলে ফেলবেন আট শ্রেণীতে এবং এইভাবে শিক্ষাসংকোচ করবেন। এডুকেটেড আনএমপ্লয়েড-দের হাত থেকে ও'রা রেহাই পেতে চান এবং সেক্ষেত্রে শিক্ষাসংকোচ করাটা ও'রা বোধ হয় ভাল পথ হিসাবে গ্রহণ করেছেন। আমি এইটুকু বলতে চাই যে, এত ব্যয়বাহুল্য করার কি দরকার ছিল? আমাদের গরীব দেশ, যখন বলছেন টাকা নেই তখন সেই টাকায় কি ক'রে শিক্ষা-বিস্তার করা যায় তা না দেখে প্রাসাদ তুলে কি হবে? টাকা এইভাবে খরচ করছেন অথচ শিক্ষা-বিস্তার হচ্ছে না, শিক্ষা সংকোচ হচ্ছে। অতএব আমাদের পরিষ্কার প্রস্তাব এক্সপার্ট কমিটি বসান। সাইমালটেনিয়াসলি সমস্ত স্কুলগুলিকে কি ক'রে আপগ্রেড করবেন আলোচনার জন্য কনফারেন্স করুন, এডুকেশনিস্টদের প্রকৃত বিশ্বাস করুন। এ'দের উপরেই তো নির্ভর করে সব কিছু, এ'রাই ছেলেদের মানুষ করেন, এ'দের সংগে পরামর্শ করুন।

আর একটি কথা বলবার আছে। বিশ্ববিদ্যালয়ে সমস্ত ভাষার জন্য চেয়ার আছে, কিন্তু উর্দু ভাষার জন্য চেয়ার নেই, ছিল, এখন বন্ধ হয়ে গিয়েছে। এই চেয়ারটি আবার যেন খোলা হয়। শিক্ষক পাওয়া যায় না এই এক্সকিউজ দিয়ে উর্দু ভাষাকে অবহেলা করার কোন যৌক্তিকতা নেই।

Dr. Maitrayee Bose:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আজকে এই যে বাজেট আমাদের সামনে পেশ করা হয়েছে, মুখ্যমন্ত্রী অর্থমন্ত্রীরূপে যে বাজেট পেশ করেছেন তা সমর্থন করতে দাঁড়িয়েছি। বাজেট বুঝবার কিংবা অর্থনীতি সম্বন্ধে খুব গভীর অনুসন্ধানমূলক জিনিস বুঝবার ক্ষমতা আমার নেই, কিন্তু তবু বলতে উঠেছি তার প্রধান কারণ হচ্ছে এই যে, অর্থমন্ত্রী হিসাবে হোক কি মুখ্যমন্ত্রী হিসাবে হোক তাঁর কাছে আমার কিছু নিবেদন করবার আছে। যা বললে হয়ত কাজের সুবিধা হবে আমি সেইগুলি তার সামনে নিবেদন করতে চাই। বিরাট একটা ডেফিসিট

বাজেট হয়েছে, বিরোধীপক্ষ নানারকমভাবে সমালোচনা করেছেন। এখানে তাদের বিরোধ করবার একটা সুবিধা হয়ে গিয়েছে। কিন্তু আমি মাননীয় অধ্যক্ষ মহাশয়, বিরোধীপক্ষ সম্পর্কে বেশি কিছু বলব না, সুতরাং তাঁদেরও আমাকে বিশেষ কিছু গালাগালি করতে হবে না।

আমি এই যে ডেফিসিট বাজেট সেটা সম্বন্ধে খুব বিশ্লেষণাত্মক কিছু বলতে পারব না, কিন্তু ছোটখাট বিষয় যেগুলি নিয়ে আমরা কাজ করি সেখানে কি ক'রে খরচ কম করা যায়, এবং একদিকে খরচ কম ক'রে আর একদিকে কি ক'রে খরচ বেশি ক'রে লোকের সুবিধা করা যায়, সেটা নিজের অভিজ্ঞতা থেকে বলতে চাই। আমি কতকগুলি ওয়েলফেয়ার এ্যাক্টিভিটি সম্বন্ধে বলছি। বাংলাভাষা আমরা ভাল ক'রে শিখি নি, ইংরাজীতে মাঝে মাঝে বলি, কিন্তু যতই খারাপ বাংলা বলি ইংরাজী যা বলি তার চেয়ে নিশ্চয়ই ভাল বলি। সেজন্যে বাংলাতেই আমি বলছি।

[5-25—5-35 p.m.]

আমার মনে হয়, ২ বছর আগে যে ডাইরেক্টরেট অব সোস্যাল ওয়েলফেয়ার হয়েছিল তার সংগে যে অ্যাডভাইসরি বোর্ড হয়েছিল সেই অ্যাডভাইসরি বোর্ডের যে কমিটি হয়েছে, সেটা যদি ভালভাবে চালু করা হয় তা হ'লে আমাদের অনেক সমস্যার সমাধান হ'তে পারে এবং অনেক রকম ওভারহেড এক্সপেনডিচার কমতে পারে। ডাইরেক্টরেট অব সোস্যাল ওয়েলফেয়ার দু' বছর আগে করা হয়েছিল কিন্তু এখনও পর্যন্ত বেশির ভাগ সোস্যাল ওয়েলফেয়ারএর কাজে অনেক ডিরেক্টরেটএ যেখানে ছিল সেখানেই আছে। যেমন ভ্যাগ্রান্টস্ হোম রিলিফ ডিপার্টমেন্টএ আছে সেটা বোর্স্ট্যাল জেলস্এর আন্ডারে ছিল। সেরকম চিলড্রেনস্ ডেস্টিটিউট হোম এডুকেশন ডিপার্টমেন্টএ আছে এবং যেটা রেসক্যু হোম্ হোম ডিপার্টমেন্টএর আন্ডারে আছে। এগুলি আলাদা আলাদা থাকার দরুণ তাদের যে 'ওভারহেড' খরচ হচ্ছে ঐ সবগুলো এক ক'রে 'সোস্যাল ওয়েলফেয়ার ডিরেক্টরেট'এর নিচে যদি করা হয় তা হ'লে হয়ত অনেক উপকার হ'তে পারে। শুধু তাই নয়। ভ্যাগ্রান্ট ব'লে যা রয়েছে, কিংবা বোর্স্ট্যাল সেটাকে জেলের নিচে রাখার মানে যে ছোট ছেলেদের যে জেলে দেওয়া উচিত নয়, তাদের জন্য অন্য রকম শিক্ষামূলক ব্যবস্থা করা উচিত সেটা অস্বীকার করা। সেইজন্য বোর্স্ট্যালটাকে যদি আমরা 'সোস্যাল ওয়েলফেয়ার'এর নিচে আনতে পারি তা হ'লে সুবিধা হ'তে পারে। আর আমি যতদূর জানি 'বোর্স্ট্যাল'টা জেলের মতই আছে এবং বেংগল চিল্ড্রেনস্ অ্যাক্টটা ১৯২২ সালে পাশ হয়েছিল। আমার যতদূর জানা আছে বোম্বে চিলড্রেনস্ অ্যাক্ট বেংগল চিলড্রেনস্ অ্যাক্টএর অনুরূপ ক'রে তৈরি করা হয়েছিল। কিন্তু বোম্বেতে আজকে চিলড্রেনস্ অ্যাক্ট পুরাপুরিভাবেই চালু, আর বাংলা-দেশে সেকশন ২৭ সাব-সেকসন (২)-এ ছাড়া আর কোনটা চালু নাই আর সেটাও অল্প জায়গায় চালু। হাউস অব ইল ফেম থেকে ছোট বাচ্চাদের উদ্ধার করবার ক্ষমতা কলিকাতা শহরের মধ্যে, বাহিরে আর কোথাও নেই। এইসংগে বলি একটা ভুল ধারণা আমাদের অনেকের ভিতর আছে। চিলড্রেনস্ অ্যাক্ট মানে ছেলেপিলেদের শাস্তি দেবার ব্যবস্থা নয়, চিলড্রেনস্ অ্যাক্ট মানে তাদের প্রোটেকশনএর ব্যবস্থা। প্রোটেক্টিভ সেকসনএ সেটা লাগু করা হয় নি ব'লে আজকে বোর্স্ট্যাল জেলের মতই রাখা হয়েছে। এই সমস্ত কারণে আমাদের ছেলেপিলেদের প্রতি যে সুবিচার করা উচিত ছিল তা আমরা করতে পারছি না। কতকগুলো চিলড্রেনস্ হোম চালান হয় বাংলা দেশে, সবশুদ্ধ ৭৫টা চালান হয়—তার মধ্যে ৯টা সরকার চালান, বাকিগুলো সমস্ত নানারকম প্রাইভেট বডিজ চালান। এইসবগুলো মিলিয়ে আমার যতদূর জানা আছে, ৫,৬০০ ছেলে মোটামুটি থাকে। তার মধ্যে ১,১০০ সরকারের ওখানে থাকে, আর বাকি ৪,৫০০ ছেলেমেয়ে থাকে ঐ অন্যগুলোয়। এর জন্য আগে থেকে যে খরচের বরাদ্দ ছিল, আজকে জিনিসপত্রের দাম যে এত চড়া তা সত্ত্বেও সেই বরাদ্দই আছে। সেটা বিশ্লেষণ ক'রে দেখতে গেলে দেখা যায় যে সরকার যেগুলো চালান সেগুলোতে মাথাপিছু ৪৫ টাকা আন্দাজ খরচ হয়, আর যেগুলো প্রাইভেট বডিজরা চালান সেগুলোয় মাথাপিছু ৩৩ টাকা ক'রে দেওয়া হয় এবং তাও হয়ত কিছু কিছু চাঁদা তুলে দেওয়া হয়। তার মানে এ নয় যে, যে ছেলেরা সরকারের ওখানে থাকে তারা বেশি কিছু খেতে পায়। তার কারণ দু' জায়গাতেই ১৮ টাকা ক'রে খাওয়ান হয়। অন্যান্য খরচ মিলিয়ে ছেলেদের এক একজনের জন্য ২৪ টাকা খরচ করা হয় তা ব্যক্তিগত কারণে, আর বাকি যেটা সেটা ওখানকার শিক্ষকদের জন্য বাড়িভাড়া ইত্যাদি ওভারহেডএ খরচ হয়। তা হ'লে আমরা দেখতে পাই ৪৫ টাকার মধ্যে ২৪ টাকা ছেলেদের নিজস্ব কারণে খরচ

হয়, বাকিটা অন্য কারণে খরচ হয়। আর প্রাইভেটগুলোর ৩৩ টাকার মধ্যে ২৪ টাকা খরচ হয় আর বাকি অন্য কারণে খরচ হয়। এইসব দেখে মনে হয় যদি মোটামুটি সমান করা যেত এবং প্রাইভেটগুলো কিছু বাড়িয়ে দেওয়া যেত তা হ'লে সরকারের এত খরচ হ'ত না, এবং অনেকখানি ঐ খাতে ক'মে যেতে পারত। সেই সঙ্গে সঙ্গে বলি ডেফিনিশন অব অরফ্যানস্—সেটা মোসলেম লীগের আমলে যা ছিল সেটা পরে তুলে দেওয়া হয়, অর্থাৎ 'অরফ্যান' বলতে বুঝতাম হয় বাপ নেই, বা মা বেঁচে নেই, এবং তাদের দুজনের মধ্যে যে একজন বেচে আছে তারাও অক্ষম। তা হ'লেই সে ছেলেটাকে 'অরফ্যান' ব'লে গ্রহণ করা যেত। মাঝেখানে সেই ডেফিনিশন তুলে দেওয়া হয়। আবার সেই ডেফিনিশন ফিরিয়ে আনা হয়েছে। সঙ্গে সঙ্গে প্রত্যেক প্রাইভেট পরিচালিত যে 'হোম' সেখানকার সংখ্যা কমিয়ে দেওয়া হয়েছে। ৩১এ মার্চ যতগুলি ছেলেপিলে ছিল সেইটাই তাদের স্যাংশনড্ স্ট্রেংথ্ বলে ধরা হয়েছে, অর্থাৎ ৩১এ মার্চের পরে কোন ছেলে যেন রিপ্যাট্রিয়েটেড না হয়। অথচ আমরা অফিসে ব'সে থেকে দেখি এত ছেলেপিলে সেখানে ভর্তি হওয়ার জন্য আছে যে, তা বলবার নয় এবং সত্য সত্যই তারা ভর্তি হওয়ার উপযুক্ত। তা ছাড়া তাদের ১৮ বছর পর্যন্ত মানুষ করলে পর তাদের সম্বন্ধে রিহ্যাবিলিটেশন স্কীম করা উচিত তা এখনও করা হয় নি; তা করা হ'লে উপকার হ'তে পারে। এই সঙ্গে সঙ্গে স্বভাবতঃ আর একটা জিনিস মনে হয় যে হাসপাতালগুলো আজকে যেভাবে তৈরি হচ্ছে তা না ক'রে যদি অন্যরকমভাবে তৈরি করা হয় তা হ'লে অনেক কম খরচে হ'তে পারে। যেমন পার ক্যাপিটা পার ইউনিট কস্ট—যেগুলো সরকার থেকে করা হচ্ছে সেটার ৮ হাজার থেকে ১০ হাজার পার ইউনিট কস্ট হচ্ছে। সেখানে যারা 'প্রাইভেটলি' তৈরি করছে সেইরকম অভিজ্ঞ লোকের সঙ্গে আলোচনা করেছি এবং বুঝেছি যে, সানড্রায়েড ব্রিক আর সিমেন্ট দিয়ে হাসপাতাল করা যায়—তা হ'লে অনেক কম খরচে হয়ে যায়। সেটা বিশ্বাস করা শক্ত, কিন্তু অভিজ্ঞ লোকে বলেছেন ব'লে বিশ্বাস করতে হয় যে, পার ইউনিট কস্ট ১,৮০০ টাকায় করতে পারেন ব'লে তাঁরা মনে করেন এবং তাঁরা ২।৪টা করেছেনও। এই জিনিসটা আমাদের খুব ভাল ক'রে ভেবে দেখা প্রয়োজন। কেননা সেন্ট্রাল আফ্রিকাতে ডাঃ সোয়াইজারএর মত লোক যখন কাজ করেছেন তখন নিশ্চয়ই এক একটা যেরকম পার ইউনিট কস্টএ করেছেন তা করতে পারা যায়। আজকাল রাস্তায় যখন এত লোক পড়ে আছে তখন দেখতে হবে যে, যত তাড়াতাড়ি এবং কম খরচে হাসপাতাল তৈরি করা যায় তা ক'রে সেখানে লোক নিয়ে যেতে হবে। এইটা মনে রেখে যদি হাসপাতাল করা যায় এবং সঙ্গে সঙ্গে যেসমস্ত ডাক্তারদের পপুলার বডিজ আছে, যেমন 'ইন্ডিয়ান মেডিক্যাল এ্যাসোসিয়েশন'—তাঁদের সঙ্গে যদি পরামর্শ ক'রে কিছু কিছু কাজ করা যায় তা হ'লে অনেক কাজ এগুতে পারে। এ ছাড়া আমার আর একটা কথা বলবার আছে, সেটা অবশ্য অন্য রকমের। সেটার সম্বন্ধে সবিশেষ বলছি এইজন্য যে, আজই প্রশ্নোত্তরের সময় এ সম্বন্ধে অনেক হৈ-চৈ হয়ে গেছে। যেমন, জুট মিল বন্ধ হয়ে যাচ্ছে, এবং ১৭ই তারিখে ওয়েভার্লি জুট মিল যে বন্ধ হবে সে খবরও পাওয়া গেছে। আজ বলতে উঠে মোটেই যদি তাদের সম্বন্ধে কিছু না বলি তা হ'লে আমার পক্ষে কর্তব্যপালন করা হবে না। সেইজন্য বলতে চাই, যেসমস্ত মিল বন্ধ করার সম্ভাবনা আছে বা বন্ধ হয়ে যাচ্ছে তাদের সম্বন্ধে একটু অনুসন্ধান করা যেতে পারে। আমার খুব আইন জানা না থাকলেও একজন ভাল আইন জানা উকিল বন্ধুর সঙ্গে পরামর্শ করেছি, কিন্তু তিনিও বলতে পারলেন না; তবে যদি এটা চলে তা হ'লে এটার অনুসন্ধান করা যেতে পারে যে, যেরকমভাবে আমেদাবাদে করা হয়েছে। আমি সেটা প'ড়ে শোনাচ্ছিঃ—

"Investigation against three mills ordered. The Central Government in exercise of the powers conferred by section 15 of the Industries Development and Regulation Act, 1951, have ordered an investigation into the affairs of the following three mills:—

1. Messrs. Huthsing Manufacturing Co., Ltd., Ahmedabad,
2. Messrs. Shri Sayajee Jubilee Cotton & Jute Mill Co., Ltd., Sidhpur, Bombay State,
3. Messrs. Gopal Mills Co. Ltd., Broach, Bombay State."

এই যে ইনভেস্টিগেশন এটা যদি না করতে পারি তা হ'লে আজ আমরা পাটশিল্পকে বাঁচাতে পারব না। অনেকদিন থেকে আমার মনে হয়েছে এবং বন্ধুবান্ধবদের সংগে আলোচনা ক'রে এই ধারণা বদ্ধমূল হয়েছে যে, পাটশিল্পকে যদি ডাইভার্সিফাই না করা যায় এবং সেটা দেশের কাজে না লাগান যায়, অর্থাৎ এটা দিয়ে যদি কনজিউমার গুড্‌স্ না তৈরি করা যায় তা হ'লে পাটশিল্পকে বাঁচান যাবে না। এই জুটমিলে যদি একবার হেসিয়ান করি, আর একবার স্যাকিং করি, এবং একবার ৪২ ঘণ্টা আবার একবার ৪৮ ঘণ্টা কাজ করাই বা মধ্যে মধ্যে ১২ পারসেণ্ট 'লুম্' সিল্ ক'রে রাখলে পর পাটশিল্পের শ্রমিক বাঁচবে না এবং পাটশিল্পও বাঁচবে না। সেইজন্য আজ ইনভেস্টিগেশন করার প্রয়োজন এবং তারই সংগে সংগে কি রকম ডাইভার্সিফিকেশন করা হবে, দেশের কাজে লাগে এইরকম কি কি জিনিস তৈরি করা হবে, তাও ঠিক করতে হবে। তা না হ'লে ভয়ানক মুস্কিল হবে। আমরা বাংলাদেশ যখন বিভক্ত করতে রাজি হয়েছিলাম তখন আমরা বলেছিলাম—

The fundamental unity of India is much more important than the unity of Bengal alone.

[5-35—5-45 p.m.]

এ সম্পর্কে আমাদের বি,পি,সি,সি,রও একটা রেজলিউশন ছিল এই যে—

fundamental unity of India—more important than unity of Bengal alone.

এই কথাটা যদি আপনারা মনে ক'রে রাখেন তা হ'লে এটা দেখতে হবে যে দেশ থেকে লোক কাজ করতে আসুক সেটা মাদ্রাজ থেকে হোক, উড়িষ্যা থেকে হোক, বিহার থেকে হোক. তাদের যদি চাকরি যায় সেখানে তাদের রিট্রেঞ্চমেন্ট বেনিফিট দেওয়া উচিত। কিন্তু বাংলাদেশে শুধু এই রিট্রেঞ্চমেন্ট বেনিফিট নেই। এ জিনিসটা বোধ করার চেষ্টা করতে হবে এবং সংগে সংগে দেখতে হবে আবার যেন তারা চাকরি পায়। এবং যাদের চাকরি যাচ্ছে, বেশির ভাগ ক্ষেত্রে আমরা দেখতে পাব যে, তাদের কাছ থেকে পার্মানেন্ট কাজ কেড়ে নিয়ে টেম্পোরারি কাজ দেওয়া হচ্ছে। এই বিকল্প চাকরি আমরা চাই না। আমরা চাই এমনভাবে প্ল্যানিং হোক, যাদের চাকরি দেওয়া হয়েছে, তারা যাতে এমনিভাবে ছাঁটাই না হয় এবং ছাঁটাই হ'লেও যাতে তারা অন্য জায়গায় সেই রকম চাকরি পায়। এ বিষয়ে আমি বিশেষ ক'রে মাননীয় শ্রমমন্ত্রী ও মুখ্যমন্ত্রী মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করছি। যেভাবে আমেদাবাদে ইনভেস্টিগেশন হয়েছে—আমাদের দেশে যেন করা হয় এবং পাটের ব্যাপারে মালিকরা যাতে এই স্বেচ্ছাচারিতা বা অন্যায় না করতে পারে, সেইজন্য তাঁরা যেন সজাগ থাকেন। [চীয়ার্স]।

Sj. Subodh Banerjee:

মিঃ স্পীকার, স্যার, পশ্চিমবঙ্গ সরকারের মুখ্য এবং অর্থমন্ত্রী ডাক্তার রায়, তাঁর বাজেট বক্তৃতার প্রারম্ভে আমাদের রাজ্যের বর্তমান অর্থনৈতিক অবস্থার একটা চিত্র আমাদের সামনে উপস্থাপিত করেছেন। এই চিত্রের মাধ্যমে তিনি দেখাতে চেয়েছেন যে, পশ্চিমবঙ্গের প্রতিটি ক্ষেত্রে স্টেডি প্রগ্রেস হচ্ছে—কি শিল্পে, কি জাতীয় আয় বণ্টনে, কি অর্থনৈতিক ক্ষেত্রে, সর্বত্রই প্রত্যক্ষ অগ্রগতি হচ্ছে। এই চিত্র তুলে ধ'রে তিনি বোঝাতে চেয়েছেন যে, সাধারণ মানুষের অবস্থার ক্রমশ উন্নতি হচ্ছে এবং ধনী ও দরিদ্রের আয়ের বৈষম্য দূর হয়ে যাচ্ছে। আমি মেনে নিচ্ছি যে, কোন কোন ক্ষেত্রে উৎপাদন বেড়েছে। এ বিষয়ে কোন সন্দেহ নেই; কিন্তু শুধু উৎপাদন বৃদ্ধিই জনসাধারণের অবস্থার উন্নতি প্রমাণ করে না।

Accumulation of wealth does not necessarily mean increase of welfare of the people.

পক্ষান্তরে পশ্চিমবাংলায় আমরা দেখতে পাচ্ছি যে, উৎপাদন বেড়েছে ঠিকই; অধিকতর সম্পদও সৃষ্টি হয়েছে, তাতে কোন সন্দেহ নেই কিন্তু এই বৃদ্ধির সাথে সাথে সাধারণ মানুষের

অবস্থা দিনের পর দিন খারাপ হচ্ছে। একদিকে ধনবৃদ্ধি অন্যদিকে অভাব ও দারিদ্র্যের বৃদ্ধি—এটাই হ'ল আমাদের জীবনের ট্র্যাজেডি। সুতরাং ডাক্তার রায়ের অর্থনৈতিক বিশ্লেষণকে সত্য ব'লে স্বীকার করা যায় না—ইট মাস্ট বি টেকেন উইথ এ গ্রেন অব সল্ট। ডাক্তার রায় উৎপাদন সম্বন্ধে কতকগুলি পরিসংখ্যান উপস্থাপিত করেছেন। সেই সংখ্যাগুলি অর্ধ সত্য এবং আমি মনে করি যে, অর্ধ সত্য নির্জলা মিথ্যা বা অসত্যের চেয়েও খারাপ। ডাঃ রায়ের বিশ্লেষণের কোন্ জায়গায় গলদ আছে তা দেখিয়ে দিচ্ছি। তাঁর প্রথম বক্তব্য হ'ল—উৎপাদন বাড়তির পথে চলেছে। সকলেই জানে যে, একটা দেশের উৎপাদনকে প্রধানত দুই-ভাগে ভাগ করা হয়—কৃষি উৎপাদন এবং শিল্প উৎপাদন। ডাঃ রায় তাঁর সমস্ত বক্তৃতার মধ্যে কৃষি উৎপাদন সম্পর্কে একটা কথাও বলেন নি। পরিসংখ্যান বিশারদ খাদ্যমন্ত্রী যে টনস্ অ্যান্ড টনস্ অব স্ট্যাটিসটিকস্ দেখান তা থেকে এবং রাজ্যপাল ও রাজ্যপালিকারা বিধানসভায় যে বক্তৃতা দিয়েছেন তা থেকে পরিসংখ্যান তুলে কৃষি উৎপাদনের তথাকথিত বৃদ্ধির প্রকৃত চেহারাটা তুলে আমি দেখাব। এক ১৯৫৩ সাল ছাড়া ১৯৫০ সাল থেকে আরম্ভ ক'রে ১৯৫৭ সাল পর্যন্ত প্রত্যেক বছর খাদ্যের অবস্থা খুবই খারাপ ছিল এবং প্রত্যেকবারই রাজ্যপালরা তাঁদের প্রারম্ভিক ভাষণে বলেছেন—"ফুড পজিসন ইজ সিরিয়াস"। প্রকৃত উৎপাদন কত তা এবার দেখা যাক। ১৯৫১ সালে পশ্চিমবঙ্গে চা'ল উৎপাদন হয়েছিল ৩৬ লক্ষ টন; আর ১৯৫৬ সালে উৎাদনের পরিমাণ হ'ল ৩৭ লক্ষ টন। এটা আমার হিসাব নয়, আমি রাজ্যপালিকার ভাষণ থেকে তুলে দিচ্ছি। তা হ'লে দেখা গেল যে, গত ৫ বৎসরের মধ্যে মোট এক লক্ষ টন খাদ্য উৎপাদন বৃদ্ধি হয়েছে। আমরা জানি যে, প্রথম পঞ্চবার্ষিকী পরিকল্পনায় সমস্ত জোর দেওয়া হয়েছিল খাদ্য উৎপাদন বৃদ্ধির দিকে, দেশকে খাদ্য বিষয়ে স্বাবলম্বী করার জন্য। প্রথম পঞ্চবার্ষিকী পরিকল্পনার ফলে এক লক্ষ টন খাদ্য বৃদ্ধি হয়েছে। এই বৃদ্ধির মধ্যে আবহাওয়া দেবতার দান অনেকখানি কাজ করেছে। প্ল্যানিং কমিশন পর্যন্ত একথা স্বীকার করেছেন। সুতরাং খাদ্য উৎপাদন বৃদ্ধি বিষয়ে সরকারের কতটা কেরামতি তা বুকে হাত দিয়ে চিন্তা করুন।

তারপর শিল্প উৎপাদন। ডাক্তার রায় তাঁর স্বভাবসিদ্ধ পদ্ধতিতে শিল্পোৎপাদনের সাধারণ সূচক দিয়ে বুঝাবার চেষ্টা করেছেন যে, অবস্থার যথেষ্ট উন্নতি হয়েছে। স্পীকার মহাশয়, আপনি জানেন যে, সাধারণ সূচক, বিশেষত সে সূচক যদি সর্বভারতীয় হয়, কোনদিনই তা একটা রাজ্যের শিল্পের প্রকাশ করে না। পার্টিকুলার ইনডেক্স অব প্রডাকশন অব পার্টিকুলার ইন্ডাস্ট্রি অব ওয়েস্ট বেঙ্গল নিয়ে বিচার ক'রে দেখতে হবে উৎপাদন বাড়ছে কিনা। পশ্চিমবঙ্গের সর্বাপেক্ষা বৃহৎ শিল্প পাটশিল্পের উৎপাদনের দিকে তাকিয়ে দেখুন। ১৯৪৮ সালে মাসিক গড় হেসিয়ান উৎপাদন ছিল ১৫ কোটি ৫০ লক্ষ গজ; ১৯৫৬ সালের জুলাই মাসে তা ক'মে হয়েছে ১৩ কোটি ২৬ লক্ষ গজ। সুতি ও কাপড়ের কলে কাপড়ের উৎপাদন ২ হাজার গজ ক'মে গিয়েছে ১৯৫৫ সালের ডিসেম্বর মাসের তুলনায় ১৯৫৬ সালের ডিসেম্বরএর তুলনায় ১৯৫৬ সালের জুন মাসে উৎপাদন কমেছে ৯ হাজার টন। সুতরাং ডাঃ রায় শিল্পোৎপাদনের সাধারণ সূচক দিয়ে যে দেখাতে চেয়েছেন যে, শিল্পোৎপাদন সমস্ত দিক থেকে বেড়ে যাচ্ছে সেটা সত্য নয়। ভোগ্য-দ্রব্য উৎপাদনকারী শিল্পের উৎপাদন পরীক্ষা করলে দেখা যাবে—

trend of decline of production of these industries is more pronounced here.

কিন্তু কেন এখানে এইরকম ঘটনা ঘটছে, কেন উৎপাদন বাড়ছে না?

Tendency to stagnation is being manifested in all the capitalist countries.

শিল্পগুলির উৎপাদন বৃদ্ধি বৈজ্ঞানিকভাবে আলোচনা করতে হ'লে লেটেস্ট ইনস্টল্ড ক্যাপাসিটি অব দি ইন্ডাস্ট্রিএর হিসাব নিতে হবে। পশ্চিমবাংলায় কোন শিল্পই তার লেটেস্ট ইনস্টলড ক্যাপাসিটির পুরো ক্ষমতা কাজে লাগাতে পারছে না। স্লিপেজ অব প্রোডাকশন অ্যান্ড টেন্ডেন্সি টু স্ট্যাগনেশন পা[illegible] আমাদের শিল্পে লক্ষ্য করা যাচ্ছে। সেখানে তাকে ঢাক পিটিয়ে বলা হচ্ছে যে, আমাদের অগ্রগতি হচ্ছে। এই কারণেই ডাঃ রায়ের বিশ্লেষণকে আমরা অবাস্তব বলি।

এখন প্রশ্ন উঠতে পারে, কেন এই শিল্পগুলি ফুলেস্ট ক্যাপাসিটি অনুসারে কাজ করতে পারছে না। এর কারণ হচ্ছে এই যে, শিল্পের বাজার সংকুচিত হয়ে গেছে দেশের লোকের ক্রয়-ক্ষমতা হ্রাস পাওয়ার জন্য। ভোগ্যবস্তুর মত ক্যাপিট্যাল গুড্স্‌এর উৎপাদন হ্রাসও এই কারণেই হয়েছে। কারণ

Ultimate aim of production is consumption. Capital goods lengthen the process of manufacture by taking recourse to division of labour and thereby increase the production. Now if consumption falls, production is bound to shrink bringing in its wake fall in production not only of consumer goods but also of capital goods.

সাধারণ মানুষের ক্রয়ক্ষমতা কমে যাওয়ার ফলে জিনিস তৈরি হ'লেও তার বাজার থাকে না এবং পূর্ণ উৎপাদন ক্ষমতা অনুসারে শিল্পগুলি সেই কারণে কাজও করছে না।

সাধারণ লোকের ক্রয়ক্ষমতা যে হ্রাস পাচ্ছে এ সত্য সকলেই স্বীকার করবে। প্ল্যানিং কমিশনের রিপোর্টে বলা হয়েছে যে, [illegible] যে মোট আয়ের মধ্যে মজুরির অংশ সেটা ১৯৫০ সালে ছিল শতকরা ৪২ ভাগ এবং ১৯৫৪ সালে সেটা ক'মে গিয়ে হ'ল শতকরা ৩৩ ভাগ। তা হ'লে দেখা গেল মজুরির অংশ শতকরা ৯ ভাগ ক'মে গেল। অন্যদিকে যদি লাভের হিসাব নেন তা হ'লে দেখবেন যে, এই একই সময়ের মধ্যে লাভ শতকরা ১০ ভাগ বেড়ে গেছে। এর থেকে বোঝা গেল যে, সাধারণ মানুষ ১৯৫০ সালে যে মজুরি পেত ১৯৫৪ সালে সে তা পেল না। বিড়লাজ ইস্টার্ন ইকনমিস্টও বলতে বাধ্য হয়েছে যে, মধ্যবিত্তের যারা ৩০০ টাকা পর্যন্ত মাসিক মাইনে পায় ১৯৫০-৫১ সালের তুলনায় ১৯৫৫ সালে তাদের প্রকৃত আয় শতকরা ৭ ভাগ ক'মে গেছে। অন্যদিকে কোম্পানিগুলির লাভ হু হু ক'রে বেড়ে চলেছে। একটা ছোট্ট হিসাব দিচ্ছি। ৪০টা চা-বাগান যার আদায়ীকৃত মূলধন হ'ল ২ কোটি ৪৩ লক্ষ টাকা তারা ১৯৫৩, ১৯৫৪ ও ১৯৫৫—এই তিন বছরে ৮ কোটি ২৫ লক্ষ টাকা লাভ করেছে। অর্থাৎ এদের যা পেড-আপ ক্যাপিটাল তার ৩½ গুণ টাকা তারা লাভ করেছে তিন বৎসরের মধ্যে। ইঞ্জিনীয়ারিং শিল্প ও কাগজশিল্পে তাদের পেড-আপ ক্যাপিটালএর তিনগুণ লাভ করেছে এই ক'বছরে।

[5-45—5-55 p.m.]

এই হিসাব হতেই প্রমাণ হচ্ছে যে, সাধারণ মানুষের প্রকৃত আয় কমে যাচ্ছে ; আর শিল্পপতি ও বড় বড় ব্যবসায়ীদের লাভ বেড়ে যাচ্ছে। আর তাকেই ডাক্তার রায় বোঝাতে চেষ্টা করছেন যে, মাথাপিছু জাতীয় আয় বাড়ছে—এটা মস্ত বড় ধাপ্পা। গড় জাতীয় আয় বৃদ্ধির অর্থ এই নয় যে, সাধারণ মানুষের আয় বেড়েছে। পুঁজিপতিদের কোটি কোটি লাভ বাড়লে এবং সাধারণ মানুষের প্রকৃত আয় কমলেও জাতীয় আয় বৃদ্ধি হতে পারে—এ কথা বোঝা দরকার। যারা তা বুঝতে চায় না এবং গড় জাতীয় আয় বৃদ্ধিকে সাধারণ মানুষের আয় বৃদ্ধি বলে বোঝাতে চাচ্ছে তারা ধাপ্পা দিতে চাচ্ছে ; ডাক্তার রায় সেই ধাপ্পাই আমাদের দেবার চেষ্টা করছেন। তা ছাড়াও ডাক্তার রায় বোঝাবার চেষ্টা করেছেন যে—

disparity between the income of the higher income-group and the income of the lower income-group has decreased.

অর্থাৎ ধনী ও দরিদ্রের আয়বৈষম্য কমে যাচ্ছে। ডাক্তার রায় অর্থনীতির ছাত্র নন। তাঁর মন্ত্রিসভায় অন্ততঃ একজন অর্থনীতির ভাল ছাত্র আছেন, তিনি হচ্ছেন তাঁর [illegible]। আমি ডাক্তার রায়কে অনুরোধ করবো তিনি তাঁর [illegible] সাহায্য নিয়ে প্যারিটো কার্ভ টানুন। তাহলেই তিনি দেখতে পাবেন যে, ধনী ও দরিদ্রের মধ্যে আয়বৈষম্য কমা দূরে থাকুক প্রতিদিন আয়বৈষম্য বাড়ছে। আমার সমালোচনা শুনে ডাক্তার রায় বলেন—হোয়াট মিঃ ব্যানার্জি

সেজ আই ক্যানট আন্ডারস্ট্যান্ড, এবারও হয়ত সেই কথার পুনরাবৃত্তি করবেন। তাঁর একথার জবাবে আমি শুধু এই কথা বলব যে, অর্থনীতি অনেকের কাছে অবোধ্য বা দুর্বোধ্য হতে পারে। কিন্তু কিছু লোকের বোধের বাইরে বলেই অর্থনৈতিক বিশ্লেষণ অসত্য হয়ে যায় না। বৈজ্ঞানিক তথ্য, বৈজ্ঞানিক তত্ত্ব পরীক্ষাও নিরীক্ষার মাঝখান দিয়ে বিশ্লেষণ করে যদি দেখা যায় যে, আমাদের দেশে ধনী ও দরিদ্রের মধ্যে আয়বৈষম্য কমার বদলে কেবল বেড়েই চলেছে তাহলে তা স্বীকার না করে উপায় নেই। ডাক্তার রায় সে পথ মাড়াতে রাজী নন। গড় জাতীয় আয় বৃদ্ধি হয়েছে অতএব আয় বৈষম্য কমছে—এই হল তার বক্তব্য। এর নাম বৈজ্ঞানিক বিশ্লেষণ নয়; নিছক গলাবাজিই একে বলতে হয়। অন্যত্র ডাক্তার রায় অবশ্য স্বীকার করেছেন যে, কনজাম্পশন ফল্ করছে, অর্থাৎ উৎপাদিত সামগ্রীর ভোগ কমে যাচ্ছে। এই ভোগ হ্রাসের কারণ ডাক্তার রায়ের মতে হল এই যে, মানুষ যেহেতু বেশী করে সঞ্চয় ও লগ্নী করছে সেইহেতু ভোগ কমছে। মাধ্যমিক স্কুলের সিভিক্স-এর ছাত্ররাও ভোগ হ্রাসের এই কারণ দেখাতে লজ্জা বোধ করবে।

Investment is out of the question. People are fighting hard to keep the wolf from the bay.

এক মুঠো ভাত যোগাড় করাই যেখানে সমস্যা হয়ে দাঁড়িয়েছে, সেখানে সাধারণে সঞ্চয় ও লগ্নী করবে কি করে? এ কথা ডাক্তার রায় বললেন কি করে তাই ভাবি। কো-অপারেটিভ ক্রেডিট সোসাইটিগুলির দিকে তাকিয়ে দেখলেই জনসাধারণের অবস্থা কিছুটা টের পাবেন। সভাদের সেখানে ঋণের পরিমাণ দিনের পর দিন বেড়ে যাচ্ছে। ক্যাল্কাটা ইউনিভার্সিটির কর্মচারীদের একটা ভাল কো-অপারেটিভ ক্রেডিট সোসাইটি আছে। প্রত্যেকটি নিম্ন বেতনের কর্মচারী এই সমিতির কাছে ঋণগ্রস্ত। এই ঋণ দৈনন্দিন সাংসারিক ব্যয় মেটাবার জন্যই করতে হচ্ছে, লগ্নীর জন্য নয়। এদের কথা ছেড়ে দিলাম। কেন্দ্রীয় সরকারের কর্মচারী যারা মাসে দুশো টাকা পর্যন্ত মাইনে পায় তাদের ফ্যামিলি বাজেট সম্পর্কে সম্প্রতি একটা সার্ভে হয়ে গিয়েছে। সেই সার্ভের রিপোর্টে বলা হয়েছে যে, মোট কর্মচারীদের শতকরা ৯৫ ভাগ ঋণগ্রস্ত এবং সেই ঋণ দৈনন্দিন ব্যাপারের খরচ মেটানর জনাই কর্মচারীদের করতে হচ্ছে। এই যেখানে অবস্থা সেখানে ডাক্তার রায় বলছেন—ভোগ কমেছে কারণ সাধারণ লোকে সঞ্চয় ও লগ্নী করছে। ট্রেন্ড অব ক্যাপিটাল ফর্মেশন পরীক্ষা করলে দেখা যাবে যে, কম আয় বিশিষ্ট লোকেদের সঞ্চয় ও লগ্নির মাত্রা বাড়ার বদলে কমে যাচ্ছে। সঞ্চয় ও লগ্নির ক্ষেত্রে শুধু টাকার অঙ্কটা দেখলে চলবে না, টাকার আপেক্ষিক মূল্যটারও হিসাব নিতে হবে। ডাক্তার রায় এইসব ঘটনাকে অস্বীকার করে বলছেন, নিম্ন আয় বিশিষ্ট লোকেরা সঞ্চয় করছে। এর কি উত্তর দেবো? এ কি বোকা বোঝান? যেসব কথা তিনি বোঝেন না সে সম্পর্কে না বললেই হয়। অর্থনীতির আলোচনা তিনি করবেন, অথচ অর্থনীতির মূল কথা জানতে চাইবেন না, অর্থনৈতিক দৃষ্টিভঙ্গী বিজ্ঞানের দৃষ্টিভঙ্গী নিয়ে সমস্যার অনুধাবন করতে চাইবেন না, হাবিজাবি কতকগুলি কথা বলে যাবেন—সেক্ষেত্রে কি দরকার এইসব কথা বলার? অর্থনীতির আলোচনা না ক'রে বলুন যে, পুলিসকে টাকা দিতে হবে, জেলের জন্য টাকা চাই। তখন আমরাও বুঝব, ডাক্তার রায় কি চান। সাধারণ মানুষের ক্রমহ্রস্বমান আয়কে আর এক প্রস্থ হ্রস্ব করেছে সরকারের করনীতি। সাধারণ মানুষের অবস্থা যেখানে খুবই খারাপ সেখানে প্রতি বছর ট্যাক্স বাড়ান হচ্ছে। এতে সাধারণ মানুষ মরে যাচ্ছে। যুদ্ধের আগের তুলনায় এখন মধ্যবিত্তের এবং নিম্নবিত্তের উপর করের বোঝা যথাক্রমে ১৮ গুণ এবং ১০ গুণ বেড়ে গেছে। এটা রাজ্যসরকারের কর। এ ছাড়াও মিউনিসিপ্যাল ট্যাক্স, ইউনিয়ন বোর্ড ট্যাক্স, প্রভৃতির মত স্থানীয় কর রয়েছে; কেন্দ্রীয় সরকারের করও আছে। একবার ধারনা করুন তো কোন একজন লোককে কত ট্যাক্স দিতে হয়? এই অবস্থাতেও ডাক্তার রায় খুশী নন; এবার তিনি দেড় কোটি টাকার বাড়তি কর নূতন করে আদায় করবেন। দ্বিতীয় পরিকল্পনার পাঁচ বছরে ১৪ কোটি টাকা বাড়তি কর পশ্চিমবাংলা রাজ্যসরকার তুলবেন। অবশ্য সঙ্গে সঙ্গে তিনি একটা জায়গায় বলেছেন যে, এই বাড়তি কর নতুন কোন ট্যাক্স ধার্য করে তোলা হবে না। দিজ এ্যাডিসনাল এ্যামাউন্ট উইল বি রিয়েলাইজড বাই প্লাগিং দি লুপহোলস—ফাঁক বন্ধ করে এই বাড়তি টাকা তোলা হবে। ডাক্তার রায় তাহলে জানতেন যে, এতদিন ধরে ট্যাক্স ফাঁকি দেবার ফাঁক ছিল। তাহলে এতদিন সেই ফাঁক তিনি বন্ধ করেন নি কেন? [illegible]র খাতিরের লোক পুঁজিপতি

শ্রেণী যে কয়দিন পারে মেরেকেটে লুটেপুটে খাক্—এটা চান বলে ফাঁক বন্ধ করা হয় নি? তা না হলে এতদিন কোন ফাঁক বন্ধ করেন নি? এ লিট্‌ল বার্ড হুইসপার্ড ইন মাই ইয়ার্স। আমি জানি না তার কথা সত্য কিনা—যারা ফলের বড় বড় ব্যবসাদার তাদের উপর ৩ লক্ষ টাকার সেলস ট্যাক্স ধার্য করা হয়েছিল। তারা সে টাকা দিতে স্বীকৃতিও দিয়েছিল; লিখিত-ভাবে ডাক্তার রায়ের নির্বাচনের সময় তিনি সেটা কমিয়ে ১ লক্ষ টাকা করে দিয়েছেন।। এতে অবাক হবার কিছুই নাই। এ জিনিস এ রাজ্যে ঘটে। আমরা জানি বিড়লার ওরিয়েন্ট পেপার মিল, কেশোরাম কটন মিল সেলস ট্যাক্স ফাঁকি দেয়। যে ভদ্রলোক চুরি ধরেন—তাঁর চাকরী চলে যায়। যে ট্যাক্স ফাঁকি দিল তার কোন শাস্তিই হল না, এমনকি ফাঁকি দেওয়া ট্যাক্সটাও আদায় করা হল না বরং বিড়লাজী পদ্মবিভূষণ পদবী লাভ করেছেন। আপনারা জানেন এ সম্পর্কে পতঞ্জলী শাস্ত্রীমহাশয় কি রিপোর্ট দিয়েছিলেন। সেই রিপোর্ট পড়লে দেখবেন যে. শ্রীনির্মলচন্দ্র রায় যেসব অভিযোগ বিড়লা ব্রাদার্সের বিরুদ্ধে এনেছিলেন, তার সবই সত্য। কিন্তু বেচারী এন সি, রায়এর চাকরী গেল। অবশ্য তাঁর এটা বোঝা উচিত ছিল। কংগ্রেস সরকারের "সত্যমেব জয়তে" আদতে যে অসত্যমেব জয়তে এটা যে এতদিন চাকুরী করেও বোঝে নি তার চাকুরী যাওয়াই উচিত। এখানে রাম রাজত্বের বদলে হনুমানের রাজত্ব, তাই কোন সত্য কথা বলতে গেলে কিংবা সৎপথে চলতে গেলে তারজন্য শাস্তি হয়। সে কারণে ভদ্রলোককে বোকা বলবো। এটা তার বোঝা উচিত ছিল আগেই।

আমাদের বিচার বিভাগীয় মন্ত্রী কংগ্রেসী প্ল্যানিংএর খুব প্রশংসা করেছেন। আমি জানতাম ওর বামপন্থী মতবাদের প্রতি একটু আকর্ষণ এককালে ছিল, কংগ্রেসে ঢোকার পর তিনি সেসব বিসর্জন দিয়েছেন কিনা জানি না। তবুও যদি বামপন্থীর উপরে লেখা বইপত্র কিছু পড়ে থাকেন, তাহলে প্ল্যানিং সম্পর্কে আলোচনা করার আগে কতকগুলি মূল কথা আলোচনা করতে তাঁকে অনুরোধ করবো। যখন কোন পরিকল্পনা বিচার করতে হয়, তখন যে রাষ্ট্রের পরিকল্পনা সেই রাষ্ট্রের শ্রেণীচরিত্র বিচার করা দরকার। রাষ্ট্র কাকে বলে?

State is a machine for the suppression of one class by another.

তাই রাষ্ট্র শ্রেণীরাষ্ট্র হতে বাধ্য।

বর্তমান ভারতীয় রাষ্ট্রের সমাজ বিজ্ঞানের এই সংজ্ঞা অনুসারে শ্রেণীরাষ্ট এবং পুঁজিবাদী রাষ্ট্র। এই সংজ্ঞা বিজ্ঞানের সংজ্ঞা; সুতরাং 'বা' বলবেন না। ডাক্তার আহমেদ ভাল দন্ত চিকিৎসক হতে পারেন, দন্ত চিকিৎসার মধ্যে এসব কথা লেখা নেই ঠিক; কিন্তু অর্থনীতি ও সমাজবিজ্ঞানের ছাত্রদের এ জিনিস জানা আছে। তাহলে কি দেখা গেল? দেখা গেল এই যে, কংগ্রেসী পরিকল্পনা পুঁজিবাদী ভারতীয় রাষ্ট্রের পরিকল্পনা। সে পরিকল্পনার উদ্দেশ্য কি হতে পারে?

[At this stage the blue light was lit.]

ওটা আর জ্বালাবেন না। আর পাঁচ মিনিটের মধ্যে বক্তব্য শেষ করে দিচ্ছি। পুঁজিবাদী রাষ্ট্রের পরিকল্পনার উদ্দেশ্য ভারতবর্ষের মাটিতে পুঁজিবাদকে দৃঢ়তর করা। তার অর্থ কি? তার অর্থ নিশ্চয়ই জনতার উজ্জ্বল ভবিষ্যৎ নয়; ডাক্তার রায়এর ব্রাইটার ফিউচার নয়। ডাক্তার রায় বলেছেন পেটে গামছা বাঁধো, পরিকল্পনাকে সবল কর উজ্জ্বল ভবিষ্যতের জন্য। এটা অবৈজ্ঞানিক কথা। পরিকল্পনা সফল হলে ভারতের বুকে পুঁজিবাদ অধিকতর শক্তিশালী হবে, দৃঢ়তর হবে। তাতে পুঁজিপতিদের ভবিষ্যৎ উজ্জ্বলতর হবে নিঃসন্দেহে জনতার হবে না। তিনি বলেছেন যে, দ্বিতীয় পঞ্চবার্ষিক পরিকল্পনায় তাঁরা অনেক নতুন নতুন শিল্প গড়ে তুলবেন। শিল্প গড়ে তোলার ব্যবস্থা থাকলেই কি পরিকল্পনাকে সমর্থন করতে হবে? যদি তা করতে হয় তাহলে তো ইংরেজকে সমর্থন করা দরকার ছিল। কারণ ইংরেজ আসার আগে এদেশে বড় বড় শিল্প ছিল না; তারা এসে বড় শিল্প গড়লো, রেল লাইন পাতলো ইত্যাদি। শিল্প গড়লেই যদি সমর্থন করতে হয়, তাহলে বিদেশী শাসনকেও সমর্থন করতে

হ'ত। তখন বলা উচিত ছিল "হ্যাঁ, বাবা ইংরেজ, তোমরা এখানে চিরকাল থেকে যাও।" পাগল কিংবা দেশদ্রোহী ছাড়া অন্য কেউ এইরকম কথা বলবে না। যারা শিল্প প্রতিষ্ঠার দোহাই দিয়ে কংগ্রেসী পরিকল্পনাকে সমর্থন জানাচ্ছে তারা সমাজবিজ্ঞানের কিছুই বোঝে না, তারা শ্রেণী-দৃষ্টিকোণ হারিয়ে ফেলেছে। আর শুধু তাই নয় পশ্চিমবাংলার পরিকল্পনায় শিল্পের জন্য কত খরচ হচ্ছে? মোট খরচের শতকরা ৭ ভাগের মত শিল্পখাতে খরচ হবে। তাহলে এত বড় বড় কথা কেন? তৃতীয় জিনিস দাবী করা হয়ে থাকে যে দেশে ইন্ডাস্ট্রিয়াল ইকনমি গড়ে তোলা হচ্ছে।

—Industrial economy does not *ipso facto* mean capital economy,

আমাদের দেশে পুঁজিবাদী অর্থনীতি চালু। শিল্প গড়লেও তা থাকবে। সুতরাং জনসাধারণকে শোষণ করার ব্যবস্থাও থাকবে। যতদিন না গণরাষ্ট্র প্রতিষ্ঠা হচ্ছে ততদিন শোষণ দূর হচ্ছে না। আর আমাদের দেশে ইন্ডাস্ট্রিজ শেয়ার ইন ন্যাশনাল ডিভিডেন্ডস ১৯৪৭ তুলনায় বাড়ে নাই বললেই হয়। এবারে বাজেটের প্রকৃতির কথা বলব।

[5-55—6-5 p.m.]

আমাদের এখানে মোট রাজস্ব আয়ের শতকরা ৭০ ভাগ কর হতে প্রাপ্ত। বাকি ৩০ ভাগের শতকরা ৬০ ভাগ আদায় হচ্ছে এ্যাডমিনিস্ট্রেশন অব জাস্টিস, ইরিগেশন ট্যাক্স প্রভৃতি হতে। তাহলে দেখা গেল মোট রাজস্ব আয়ের শতকরা ৯০ ভাগ আদায় হচ্ছে জনতাকে পরোক্ষ ও প্রত্যক্ষ করের দ্বারা। এই হিসাবে এই রাজ্যের মোট আয়ের ক্ষেত্রে ট্যাক্স রেভিনিউ এবং নন-ট্যাক্স রেভিনিউর অনুপাত গিয়ে দাঁড়ায় ৯ : ১। কোন প্রকৃত কল্যাণ রাষ্ট্রে এ জিনিস হয় না, নন-ট্যাক্স রেভিনিউ হতে আয় বেশি হয়। আমাদের এখানে ঠিক তার উল্টো জিনিস হচ্ছে। আর আপনারা বলছেন এটা কল্যাণ রাষ্ট্র। এই কারণেও ইট ইজ এ্যান অপ্রেসিব বাজেট। এ্যান্ডারসন হারবার্ট প্রভৃতি সাম্রাজ্যবাদীরা যে বাজেট পেশ করতেন, আপনারাও ঠিক তাই করছেন। প্যাটার্ন অব এ্যাক্সপ্যান্ডিচারের ক্ষেত্রেও সেই ইংরাজের পদাংক অনুসরণ করা হচ্ছে—আমলাতন্ত্র পুষতে মোট রাজস্ব ব্যয়ের শতকরা ৭০ ভাগ খরচ করা হয়। পুলিসের খরচ প্রতি বছর বেড়ে যাচ্ছে; বেড়ে যাচ্ছে জেনারেল এ্যাডমিনিস্ট্রেশনের খরচ—১৯৫৩-৫৪ সালে ২ কোটি ৫৫ লক্ষ ৮৪ হাজার টাকা প্রকৃত খরচ হয়েছিল জেনারেল এ্যাডমিনিস্ট্রেশনে, ১৯৫৫-৫৬ সালে প্রকৃত খরচ বৃদ্ধি পেয়ে হল ২ কোটি ৯২ লক্ষ ৯৮ হাজার টাকা। পুলিশের ক্ষেত্রে ১৯৫৩-৫৪ সালে প্রকৃত খরচ হয়েছিল ৫ কোটি ৮৪ লক্ষ ৮৫ হাজার টাকা, ১৯৫৫-৫৬ সালে তা বেড়ে গিয়ে হল ৬ কোটি ৮১ লক্ষ ৫৪ হাজার টাকা। পুলিসের খাতে খরচ বাড়ছে, জেনারেল এ্যাডমিনিস্ট্রেসনের খাতে বাড়ছে, কিন্তু পাবলিক ইউটিলিটি সার্ভিস এবং ডেভেলপমেন্টাল ওয়ার্কে মঞ্জুরীকৃত টাকা খরচ করা হয় না। প্রমাণ চান? গতবারের সংশোধিত বাজেটের কথা ধরুন, সেখানে দেখবেন পাবলিক হেল্থ ডিপার্টমেন্টের অধীনে ৩৬ লক্ষ টাকা, উদ্বাস্তুদের বিভাগে ২৭০ লক্ষ টাকা, ডি ভি সির ক্ষেত্রে ৯৯ লক্ষ টাকা, ময়ূরাক্ষীর ক্ষেত্রে ৩৮ লক্ষ টাকা এবং ন্যাশনাল ওয়াটার সাপ্লাই এ্যান্ড স্যানিটেশন স্কীমের ক্ষেত্রে ৩৮ লক্ষ টাকা মঞ্জুরীকৃত হলেও সরকার খরচ করতে পারেন নি। এগুলি হচ্ছে পাবলিক ইউটিলিটি সার্ভিস এ্যান্ড ডেভেলপমেন্টাল ওয়ার্কস। এখানে টাকা খরচ হল না অথচ মঞ্জুরীকৃত টাকার চেয়ে খরচ বাড়লো জেনারেল এ্যাডমিনিস্ট্রেশনে, পুলিসে। কারণ, লোককে পিটিয়ে ত ঠান্ডা করা হবে, এর নাম শাসন নয়, এর নাম দুঃশাসন, লোক পিটাবার জন্য পুলিস রাখছেন—কিন্তু জানবেন পুলিস দিয়ে গণঅসন্তোষ রোধ করা যায় না। সর্বশেষে ডাক্তার রায় চোখের জল ফেলার অভিনয় করে বলেছেন—

anomaly between the taxing power of the State and the Centre.

এই অবিচারের জন্য কে দায়ী? সংবিধান রচিত হবার আগে কেন তিনি রপ্তানিকৃত মালের উপরে সেলস ট্যাক্স ধরেন নি, যদি ধরতেন তাহলে সংবিধান চালু হবার পরও রপ্তানিশুল্ক থেকে আমরা মোটা অংশ পেতাম, যেমন করে ম্যাড্রাস পাচ্ছে। এই ভুলের জন্য পশ্চিমবাংলা প্রতি বছর ৯ কোটি টাকা হারিয়ে আসছে। বাংলার আর্থিক অসচ্ছলতার জন্য কে দায়ী?

That corrupt Government and its head Dr. Bidhan Chandra Roy.

এ ছাড়া আর কাউকে দোষ দেওয়া যায় না।

Sj. Bhim Chandra Mahato:

माननीय অধ্যক্ষ মহাশয়, বহু লড়াই করার পর আমরা আজ বাংলার সংগে যুক্ত হয়ে আপনাদের দুঃখ সুখে জড়িত হইলাম তারজন্য আমি শুভেচ্ছা জানাই। পুরুলিয়ার ১৬টি থানা পশ্চিমবংগের বাজেটে যুক্ত হয়েছে, সেইজন্য আনন্দিত হইলাম। আরো কতকগুলি থানা এই বাজেটে যুক্ত হওয়া উচিত ছিল কিন্তু তা যুক্ত হয় নি—তারজন্য পশ্চিমবংগ সরকার বহু অংশে দায়ী। এই বাজেটে বাংলার সম্বন্ধে বহু কথা বলবার আছে, কিন্তু আমি বাংলার সম্বন্ধে কিছুই জানি না। পুরুলিয়া বহুদিন বিহারের শাসনে জর্জরিত ছিল, তারজন্য বহু কিছু বলবার আছে, সেজন্য আপনারা কিছু মনে করবেন না। ডাঃ বিধানচন্দ্র রায় যে বাজেট পেশ করেছেন সেটা হল ঘাটতি বাজেট। জওহরলালও বলেছেন যে একটি বিশেষ কারণের উদ্দেশ্যে ঘাটতি দেখানো হয়, তাতে কি কারচুপি আছে, সেটা তাঁরাই জানেন। দরিদ্র দেশকে উন্নত করতে হলে কিছু ঘাটতি হয়, সে আমরাও জানি, কিন্তু এত বেশী ঘাটতি হওয়া উচিত নয়। ঘাটতি হওয়ার কারণ হল সরকারের পরিকল্পনার সংগে জনসাধারণের কোন যোগাযোগ নেই। তাঁরা অফিসার দিয়ে সব করান, সেইজন্য এত বেশী ঘাটতি হয়। ডাক্তার বিধানচন্দ্র রায় তাঁর বাজেট ভাষণের এক জায়গায় বলেছেন যে, পঞ্চবার্ষিকী পরিকল্পনার ফলে যদি দেশের অর্থনীতির উপর চাপ পড়িয়া থাকে এবং জনসাধারণকে ত্যাগ স্বীকার করিতে হয়, তাহা হইলে তাহা করিতে হইবে। ত্যাগ স্বীকার করতে হলে জনসাধারণের ভেতর দুটো কাজ করতে হবে। এক হোল জনসাধারণের মনে এই ধারণা জাগাতে হবে যে এই পরিকল্পনার দ্বারা আমাদের পদে পদে উপকার হবে, আর ব্যাপক জনক্ষেত্র যুক্ত করার কর্মতালিকা চাই এবং জনসাধারণের উপর বিশ্বাস চাই, কিন্তু ইহারা ত জনসাধারণকে বিশ্বাস করেন না। তার প্রমাণ হোল এই যে বিহার সরকার আমাদের পুরুলিয়ায় কতকগুলি তাঁবেদার পঞ্চায়েত বেআইনীভাবে গোপনে জনসাধারণের অসাক্ষাতে করেছেন সেগুলি এ'রা এখনও পর্যন্ত ধরে রেখেছেন। এই পঞ্চায়েত-গুলি হোল জনসাধারণের এবং সরকারের মধ্যে বাধাস্বরূপ।

তারপর বিহার সরকার পুরুলিয়াকে হিন্দী ভাষাভাষী অঞ্চল এটা প্রমাণ করবার জন্য কতকগুলি হিন্দী স্কুল করেছিলেন, সেগুলি এখনও পর্যন্ত আছে। আমরা আশা করেছিলাম যে, বাংলার সংগে যুক্ত হওয়ার পর এই সকলের একটা সুরাহা হবে কিন্তু কোথায়? যথাপূর্বং তথা পরং। শিক্ষা বিষয়ে পুরুলিয়া বাংলার অন্যান্য জেলা থেকে অনেক অনুন্নত। কাজেই বাংলার সংগে তাল মিলিয়ে চলবার জন্য আমাদের সময় লাগবে, সেজন্য আপনাদের সময় দিতে হবে। বিহারে শিক্ষার মান বেশকিছু নিম্নস্তরে ছিল, কারণ বিহারে কিছু কম শিক্ষিত লোক হলে চাকরী পেত, কিন্তু এখন বেশী শিক্ষিত হলে চাকরী পাবে। যেমন শোনা যাচ্ছে আমাদের মানভূমে ম্যাট্রিকুলেট না হলে নিম্ন প্রাথমিক শিক্ষকের কাজ পাওয়া যাবে না, কিন্তু আগে এম, পি, এল, পি, পাশ লোকও চাকরী পেত। বিহার সরকারের আমলে আমরা খুবই অবহেলিত হয়েছি। সেজন্য আপনাদের সংগে তাল দিবার জন্য অন্তত ১০ বছর সময় দিতে হবে।

তারপর সেচ সম্বন্ধে এখানে যে ব্যবস্থা আছে আমাদের ওখানে সে ব্যবস্থা চলবে না, কারণ আমাদের ওখানে পাহাড়ীয়া জমি। কাজেই এখানের মত ক্যানেল বা টিউবওয়েলের দ্বারা সেচের কাজ হবে না, ওখানে বড় বড় নদীনালা, বড় বড় পুকুর করে জলের ব্যবস্থা করতে হবে। এখন আমাদের মানভূমে পানীয় জলের ব্যবস্থা কোথাও নেই, পানীয় জলের জন্য দেড় মাইল, দুই মাইল এবং কোন কোন ক্ষেত্রে তিন মাইল পর্যন্ত গিয়ে জল আনতে হচ্ছে। কাজেই পুরুলিয়ায় অবিলম্বে পানীয় জলের ব্যবস্থা করা একান্ত প্রয়োজন।

খাদ্য সম্বন্ধে বলবো যে সেখানে বড় খাদ্যসংকট দেখা দিয়েছে, সেখান থেকে যে রিপোর্ট এসেছে সেটা একদম মিথ্যা। ওখানে কোন মিল এরিয়া নেই, কারখানা নেই, গরীব লোকের পয়সা কড়ি উপায়ের কোন ব্যবস্থা নেই, সেজন্য তারা জিনিষপত্র খরিদ করতে পারে না, এবিষয়ে একটা ব্যবস্থা করা একান্ত প্রয়োজন। তা ছাড়া বিহার গভর্নমেন্টের আমলে লোকে যেসব ঋণ নিয়েছিল সেগুলি সরকার থেকে আদায় করবার জন্য বেশ তোড়জোড় চলছে। আমাদের ওখানকার পয়সা উপায়ের একটি পথ হোল লাহা, কিন্তু আশ্বিন মাসে জল না হওয়ার জন্য লাহা ভাল হয় নি এবং পয়সাও উপায় হয় নি। সুতরাং আপাততঃ এইসমস্ত ঋণ আদায় বন্ধ রাখা একান্ত প্রয়োজন।

চিকিৎসার কথা। ওখানে চিকিৎসার একদম ব্যবস্থা নেই, কারণ থানায় থানায় একটা দুটো চিকিৎসালয় আছে। কোন থানাই ১২।১৫।২০ মাইলের কম দূরে নয়। সেইজন্য চিকিৎসা করাতে হলে জনসাধারণের বহু কষ্ট হয়। সেইজন্য স্থানে স্থানে যাতে চিকিৎসালয় হয় তা করা একান্তই প্রয়োজন। তবে সবচেয়ে প্রয়োজন হচ্ছে মানভূমে কুষ্ঠরোগ বাড়তে বাড়তে চলেছে। মন্ত্রীমহাশয়দের মুখে শুনলাম যে এখান থেকে তাঁরা ম্যালেরিয়া দূর করতে পেরেছেন, আশা করি এবার পুরুলিয়া থেকে যাতে কুষ্ঠরোগ বন্ধ হয়ে যায় তার ব্যবস্থা করবেন। তা না হলে ঐ রোগ এমনভাবে বাড়ছে যে পুরুলিয়া নষ্ট হয়ে যাবে এ ভয় আছে।

[6-5—6-15 p.m.]

রাস্তা সম্বন্ধে বলি যে, আমাদের ওখানে এমন কতকগুলি থানা আছে যে বর্ষাকালে সেখানে যাওয়া যায় না। পুলিস স্টেশনের সঙ্গে যাতে যোগাযোগ রাখা যায় সেজন্য রাস্তা করতে হবে। সেখানকার এমনই অবস্থা যে বর্ষাকালে বাস, ট্রাক, বা অন্য কোন রকমে যাওয়া সম্ভব নয়। ওখানে ঐ পাহাড়ে জায়গায় মাঝে মাঝে নদী আছে এবং সে সময় সেই সকল নদী পার হওয়া অসম্ভব।

একয়টি কথা বলেই আমি শেষ করছি।

Dr. Kanailal Bhattacharjee:

মাননীয় স্পীকার মহাশয়, অর্থমন্ত্রীমহাশয় আমাদের কাছে যে বাজেটটা পেশ করেছেন সেটা সমাজতান্ত্রিক সমাজের পথে কতদূর আমাদের এগিয়ে নিয়ে যেতে পারবে সে বিষয়ে সন্দেহ আছে। আজকে আমাদের এই পশ্চিমবঙ্গে যে দুটি বড় সমস্যার আমরা সম্মুখীন খাদ্য সমস্যা ও বেকার সমস্যা সে দুটি সমস্যার সমাধান সম্বন্ধে কিছু মাত্র ইঙ্গিত এই বাজেটে নাই। পশ্চিমবঙ্গ সরকার নিজেরাই স্বীকার করেছেন এই কলকাতার মতন শহরে শতকরা ২৭·২ জন বেকার, এবং কর্মপ্রার্থী মধ্যবিত্তের অবস্থা আরো খারাপ। সেখানে ১০০ জনের মধ্যে ৪৭ জন বেকার রয়েছে। আজকে আমাদের বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক জে, পি, নিয়োগীর পরিচালনায় যে তথ্যানুসন্ধান চলেছে তার মধ্য দিয়ে দেখতে পাই ১৫ থেকে ২৫ বৎসর পর্যন্ত কর্মপ্রার্থী লোকের সংখ্য শতকরা ৬৩ জন। এ শুধু শহরের কথা, পশ্চিমবঙ্গের গ্রামের অবস্থা আরো খারাপ ; সেখানে অর্ধ বেকার ও বেকারের সংখ্যা প্রায় এক কোটি ৩০ লক্ষ। যেখানে জনসংখ্যা ২ কোটি ৫০ লক্ষ সেখানে তার মধ্যে ১ কোটি ৩০ লক্ষই অর্ধ বেকার বা বেকার!! এই যে সমস্যা এরজন্য গত পাঁচ বছর যে পরিকল্পনা হয়েছে সে পরিকল্পনার ভিতর দিয়ে এর কোন সমাধান দেখতে পাই নি। পশ্চিমবঙ্গ সরকার নিজেরাই স্বীকার করেছেন যে ১৯৫১ সালে পশ্চিম বাংলায় শ্রমিকের সংখ্যা—৬ লক্ষ ৫৪ হাজার, আর ১৯৫৫ সালে সেসংখ্যা কমে গিয়ে দাঁড়িয়েছে ৫ লক্ষ ৪২ হাজারে। এতে বোঝা যাচ্ছে কি? শিল্পে শ্রমিকের সংখ্যা বাড়ে নি বরং কমের দিকে গেছে, এ থেকে স্পষ্টই দেখা যাচ্ছে পশ্চিমবঙ্গে বেকার সমস্যা কমে নি, বরং আরো তীব্র আকার ধারণ করেছে। এবং এই বাজেটের ভিতর দিয়ে তার কোন সমাধান আমরা দেখতে পাই নি।

আর একটা সমস্যা, যেটা হচ্ছে খাদ্যসমস্যা সে সমস্যা সম্বন্ধেও পশ্চিমবঙ্গ সরকারের কোন প্রচেষ্টা আমরা দেখতে পাই নে। প্রথমত এই বাজেট গত মার্চ মাসে এসেম্ব্লির সাম্নে পেশ করা হয়েছিল, সেসময় বাজেটের ভিতর পশ্চিমবঙ্গে যে এতবড় খাদ্যসমস্যা দেখা দিতে পারে তার কোন ইঙ্গিত ছিল না। এই বাজেট যখন পেশ করা হয়েছিল তখন দেখতে পেয়েছিলাম খাদ্য-সমস্যা সমাধানের জন্য মাত্র আড়াই কোটি টাকা রাখা হয়েছিল, এবং আমরা জানতাম যে এই পশ্চিমবঙ্গে খাদ্যসমস্যা আরো তীব্র হয়ে উঠবে, এমনকি ১৯৪৩ সালের মতন দুর্ভিক্ষ দেখা দিতে পারে এবং মাত্র আড়াই কোটি টাকা দ্বারা সমস্যার সমাধান হবে না। সুধীরবাবু সেদিন বলে গেছেন যেহেতু বাজেটে ঘাটতির অঙ্ক আরো বেড়ে যাবে সেইজন্য পশ্চিমবঙ্গ সরকার খাদ্য-সমস্যা সমাধানের জন্য বেশী টাকা বরাদ্দ করেন নাই। আমরা গত বছর দেখেছি ভাদ্রে যখন

পশ্চিমবঙ্গ একেবারে প্রায় ভেসে গিয়েছিল, তখন ১০ কোটি টাকা ফ্লাড রিলিফের জন্য পশ্চিম-বঙ্গ সরকারকে খরচ করতে হয়েছে, কাজেই আজকের এই তীব্র খাদ্যসমস্যায় আড়াই কোটি টাকা খরচ করে যে সমাধান হবে না—সে কথা আমরা জানি। দুর্ভিক্ষ প্রতিরোধ করবার জন্য পশ্চিমবঙ্গ সরকারকে আরো বেশী টাকা বরাদ্দ করতে হবে।

আর একটা বিষয় এই বাজেটের ভিতর দেখতে পাচ্ছি—পশ্চিমবঙ্গ সরকারকে প্রতিটি বছর ১০-১১ কোটি টাকা ঋণের সুদ হিসাবে দিতে হচ্ছে, অর্থাৎ পাঁচ বছরে এই টাকার অঙ্ক গিয়ে দাঁড়াচ্ছে ৫৫ কোটি টাকায়। ২য় পঞ্চবার্ষিক পরিকল্পনায় ডাঃ রায় তাঁর বাজেট স্পীচে জানিয়েছেন, ৬৪ কোটি ৫৫ লক্ষ টাকা খরচ করবেন। অথচ এই পাঁচ বছরে শুধু ঋণের সুদ হিসাবেই দিতে হবে ৫৫ কোটি টাকা। এই এত টাকা যে ঋণের সুদ হিসেবে দিতে হবে—সে ঋণের অংকটা ২৫০-৩৫০ কোটি টাকা আমাদের পশ্চিমবঙ্গ সরকারের মাথায় বোঝা হয়ে চেপে আছে। এত কোটি কোটি টাকা যে খরচ করা হয়েছে তার কত পারসেন্ট কি বাবদ খরচ হয়েছে এবং কত পারসেন্টই বা আদায় করতে পারবেন তা কিছুই এতে লেখা নেই। অতএব পশ্চিমবঙ্গ সরকারের অবহিত হওয়া দরকার যে, বছর বছর যদি এত টাকা আমাদের সুদ দিতে হয় তাহলে এ সরকার অচিরেই দেউলিয়া হয়ে পড়বে।

আর একটা কথা হচ্ছে দুর্নীতি। যে দুর্নীতি এই সরকারের ভিতর অনুপ্রবেশ করেছে সেই দুর্নীতি সম্বন্ধে আমি দু একটা কথা বলতে চাই।

স্পীকার মহাশয়, আপনি জানেন দামোদর ভ্যালি কর্পোরেশনকে আমাদের সরকার থেকে প্রত্যেক বছর কোটি কোটি টাকা দেওয়া হয়। বিগত ৫-৬ বছরের মধ্যে দামোদর ভ্যালি কর্পোরেশনকে তাঁরা দিয়েছেন প্রায় ৫৭ কোটি টাকা এবং এ বছর ৮ কোটি টাকা দিবেন বলে ধরা হয়েছে। বিগত বছর বাজেট আলোচনার সময় যখন এসেম্বিলির পক্ষ থেকে বহু দুর্নীতির দৃষ্টান্ত সেখানকার চেয়ারম্যান পি, এস, রাওএর বিরুদ্ধে উল্লিখিত হয়েছিল, এবং সম্প্রতি বিভিন্ন খবরের কাগজে তার বিরুদ্ধে নানা দুর্নীতির অভিযোগ যখন করা হয়েছে, তখন আমরা জানতে চাই পশ্চিমবঙ্গ সরকারের কাছে যে আমরা যখন কোটি কোটি টাকা ডি, ভি, সি,কে দিই তখন তার দুর্নীতি সম্বন্ধে আমরা কৈফিয়ত চাইতে পারি কিনা? এবং আরো জানতে চাই যে সেই দুর্নীতি বন্ধ করবার জন্য কি স্টেপ তাঁরা নিয়েছেন। আমরা জানতে পেরেছি যেসমস্ত অভিযোগ পি, এস, রাওএর বিরুদ্ধে আনা হয়েছে সেসব ব্যাপার কি করে লীক্ আউট্ হয়েছে, তারা তার তদন্ত করার জন্য সুপারিশ করেছেন। অভিযোগের তদন্তের নির্দেশ না দিয়ে কেন্দ্রীয় সরকার উল্টো কি করে দুর্নীতির ব্যাপারটা লীক হলো তার তদন্ত করতে বলেছেন। আমি জিজ্ঞাসা করি ঐ সমস্ত অভিযোগ যদি বাজেই হয়ে থাকে তাহলে আর তা নিয়ে তদন্তের কি প্রয়োজন? এরকম তদন্তের দ্বারা এই হতে পারে যে অধস্তন কয়েকজন কর্মচারীকে পদচ্যুত বা কর্মচ্যুত করা হবে। যে অভিযোগ করা হয়েছে সে অভিযোগ সম্বন্ধে আমাদের সরকার বা কেন্দ্রীয় সরকার কোন স্টেপ নিয়েছেন কি? এ যেন একটা মিউচুয়াল এডমিরেশন সোসাইটি হয়ে দাঁড়িয়েছে। ডি, ভি, সির প্রশংসা করছেন ডাঃ রায়, আর ডি, ভি, সির চেয়ারম্যান পি, এস, রাও ও প্রশংসা করছেন ডাঃ রায়কে। তিনি বাংলা বিহারের পলিটিকাল ইউনিয়ন করতে পারেন নাই, কিন্তু সেদিন হাওড়ার যে ট্রান্সমিশন লাইন সেই উপলক্ষে উচ্ছ্বসিত প্রশংসার সহিত ডাঃ রায় পি, এস, রাও সম্বন্ধে বলেছেন, বৈদ্যুতিক সরবরাহের ভিতর দিয়ে বাংলা বিহারের ইউনিয়ন করতে পেরেছেন।

[6-15—6-25 p.m.]

এত বড় একটা বেঙ্গালি-হেটার যে বাংলার বড় বড় ইঞ্জিনীয়ার, বড় বড় অফিসারদের এই ডি, ভি, সি, থেকে বিতাড়িত করেছেন এবং বড় বড় পোস্টে মাদ্রাজী আমদানি করে বাংলার বুকের উপর বসে বাঙ্গালী দলন করছে—যার বিরুদ্ধে বহু অভিযোগ, এবং বহু গলদ রয়েছে, সেই সমস্ত অভিযোগ ও গলদ থাকা সত্ত্বেও এইরকম একটা এ্যান্টি-বেঙ্গালি এ্যান্ড বেঙ্গালি-হেটার লোক, পি, এস, রাওএর এইরকম উচ্ছ্বসিত প্রশংসা করা আর কিছুই নয়—একটা নির্লজ্জতার অভিব্যক্তি মাত্র। সেইজন্য আপনার সামনে এই কথা পেশ করছি যে আজকে এই

ডি, ভি, সি, সম্পর্কে যেসমস্ত অন্যায়ের অভিযোগ আনা হয়েছে, তার জন্য তদন্ত করা হোক, এবং তদন্ত করে তার বিরুদ্ধে যেসমস্ত চার্জ আনা হয়েছে, সেগুলি মিথ্যা কি সত্য তা প্রমাণ করা হোক।

Sj. Bankim Chandra Kar: Mr. Speaker, Sir, I have heard with attention the speeches delivered by different members who were speaking from the other side and they have attacked in the name of the discussion of the general budget certain activities of the Government without discussing the principles of the budget itself. I, for myself, shall confine myself to the discussion and shall express my views about the budget.

Sir, at the outset I must say that the budget that has been presented by our Chief Minister is a balanced one. I am all praise for the budget for its frank clarity. All the existing problems have been rightly tackled. That proves that our Chief Minister studied the problems keenly and so he has rightly placed the actual state of affairs before us.

The budget is a huge matter and a detailed discussion is not possible. The individual item, such as General Administration or Police expenses, would be discussed as and when each individual grant would come up for discussion. The principal thing in the budget is to see whether the budget makes any provision to solve the vital and existing problems of the State. To me it appears to be a clear picture of what happened and what is to happen within the next 12 months.

It is never the rule that a budget is a good one because it is a surplus budget or that it is a bad one because it is a deficit budget. The balancing of receipts and expenditure without reference to the present state of affairs is not a correct representation of facts in a budget.

To meet the appalling needs of the people of this State and to tackle the existing problems, provisions have got to be made in the budget, otherwise it will simply mean an account book of a businessman and such provisions have been made in the budget by our Finance Minister. He did not keep back the real and actual difficulties that are facing the State. He also gave a graphic description of what has been achieved and what we would like to achieve in the next 12 months. In Education, Agriculture, Irrigation, Public Health and other heads more money has been allotted this year and the reasons are clearly given by him in his speech.

Sir, I had expected that some sound and concrete suggestions would be forthcoming from the other side. Instead of that, we simply heard a sweeping condemnation, adverse criticisms and wrong insinuations. We also heard the very same thing during the last five years. These remarks and observations and fruitless criticisms are of no help to any one.

There has been an effort on the part of my friends opposite to discredit the achievements. For instance, they went so far as to say that the Mayurakshi and the D.V.C. Projects have yielded no results. If such things are uttered it is better not to answer. I, for one, could not have made such an irresponsible statement. It was expected that they would clearly point out the lacunae and loopholes and suggest means to plug them but they did not do that and they won't do it.

Sir, before proceeding further, I would like to say a few words about what I felt myself over this matter. While doing so, I shall confine myself to certain salient features.

Sir, the estimated receipt is 61 crores 89 lakhs and the estimated expenditure is 72 crores 18 lakhs and so the deficit comes to 10 crores 29 lakhs.

Deficit outside Revenue is 1 crore 88 lakhs. The total deficit accordingly is 12 crores and 17 lakhs whereas the opening balance is 8 crores 75 lakhs. Hence, this year will close with a negative balance, i.e., a deficit of Rs. 3 crores 42 lakhs.

As we saw during the last year, actual negative balance came down and naturally we may expect that at the end of the next financial year, there is no deficit but some opening balance in hand. We need not be afraid, because a deficit budget has been placed before us. Last year, i.e., in 1956-57, we anticipated a deficit of 10 crores 48 lakhs but the revised estimate took credit of a surplus balance of 8 crores 75 lakhs. It is due to the fact that some money allotted for certain purposes could not be disbursed within the year. So, we need not be disheartened because a deficit budget has been presented.

But I admit that this kind of things should not be allowed to be repeated every year. We must see that every rupee allotted for each item is well spent before the close of the financial year. But we must not ignore difficulties which face the authorities—I mean the disbursing authorities—near about the end of the financial year. There are various schemes in which contributions are to be made by private parties, and near about the end of the year we always find and it is our experience that these parties do not come ready with money and moreover, Sir, supposing in starting a health centre we have got to find out suitable land and it takes some time to purchase the land from the parties and thus it is delayed and on account of this, Government cannot advance money to them. Accordingly money set apart for that purpose lapses at the end of the financial year and Government cannot get an opportunity to spend all the allotted sum.

Then, Sir, the amount of money which we will have to spend is a huge one. If we keep a vigilant eye over the expenditure and if efforts are made to avoid waste and pilferage and extravagance and if an all-out effort is directed to plug the loopholes, we may save some money from the expenditure side as well. In other words we can spend less than what is estimated and at the same time, can achieve the required result. In this way, as well, the deficit that has been shown can be balanced by vigilant supervision. By this I don't mean to say that there is no supervision but I want to say a stricter supervision may save a lot of money.

[6-25—6-35 p.m.]

I shall now say a few words about the Second Five-Year Plan. The Second Five-Year Plan has got to be implemented at any cost and at any sacrifice for the benefit not only of ourselves but for the benefit of the posterity. After another five years we are sure that there would be better economic condition of the people in general, and so the Chief Minister has rightly asked us and through us the people of West Bengal to make some sacrifice. The Second Five-Year Plan envisages an overall improvement in each and every part of our activities in the future. In order to implement this Plan a sum of a little over 157 crores will have to be spent by our State. Out of that amount 58 per cent. will come from the Centre and the balance will have to be found by the State from its own resources. This means that about 65 crores will have to be spent in five years—that is about 13 crores in each year. This is a huge amount no doubt but our resources

are limited. To balance the budget, therefore, this amount has got to be found from somewhere and somehow in order to implement the Second Five-Year Plan. All sources will have to be tapped. They were tapped by our Chief Minister and at the end he has expressed his views for floating loans. It is in the air that the Chief Minister is going to impose fresh taxes. I do not know what the Chief Minister will be compelled to do under the circumstances but if at all taxes are imposed I should say, through you, Sir, that such taxes would be imposed as will not affect the pocket of the low middle-class group or the poor.

Sir, when loans are floated the bonds are generally purchased by the upper class—I mean those people who have enough to spare. They purchase the bonds and therefore the shy money which is in their pockets and which is in their banks comes out for the benefit of the State. I would, therefore, suggest that money be raised by floating further loans, instead of it being raised by taxation.

I will now refer to certain observations made by my friends opposite. I do not want to name each and every one of them, I will take a general view of the whole matter that has been presented before us. It has been said that the D.V.C. and Mayurakshi projects have failed to achieve their ends. Here I would say that if they have eyes to see they would not see; if they have ears to hear they would not hear and with their power of understanding they would not want to understand, it is difficult to make them see, or hear or to make them understand. If it is said that the D.V.C. and Mayurakshi projects have failed, I do not know how to answer them. It is better to keep silent over the matter and that would be the best answer. I may remind my friends about the story of the Brahmini who wanted to learn the principles of Geeta. I do not want to repeat that again and I might present that story to my friends, over again.

A fantastic criticism has been made that in spite of all efforts of the State it has to depend on natural resources, viz., rainfall, etc., for cultivation. Can my friends show that without natural resources—without rainfall—cultivation has been done in any country in the world. Wherefrom does water come? It comes from mountains and hills and it is thrown into the rivers and then channels and then irrigation takes place. You have got to depend on natural resources. No scientific method or no scientific invention can cure us of this want. This type of criticism which has been made is worthless. Again this year it has been said as was said last year and the year before last by the Opposition that the Electric Supply Corporation, Calcutta Tramways Company and other big concerns should be nationalised. I have been hearing it for the last five years during which I have been a member of this House. Every year it is repeated and every year Dr. Roy gives a suitable reply as to how we would be financially crippled if we take over these things because we have got to pay large amounts of money which the State cannot afford. Still they are repeating the same thing over again.

Another fantastic suggestion has been made that a ban should be imposed on the mills against producing dhotis and saris and that the people of West Bengal will have to take to loom-made cloth. If that is translated into action, I am sure, my friends sitting on the other side will have to come here naked. It is impossible to clothe the people of West Bengal by loom-made cloths only. This is the sort of suggestions they make. But what will really help the State are suggestions which are concrete and real.

In the Governor's speech, it has been said that about 40 lakhs of refugees have come to West Bengal and that both the Central Government and the State Government have done their best; about one hundred crores of rupees have been spent on them but still my friends opposite would say that nothing has been done. I have seen the relevant statistics. My friend, Shri Subodh Banerjee, will say "don't depend on these statistics", but we cannot help him. From 1952 to 1956 during the last five years 4 lakhs of refugee families have been given lands for rehabilitation and that has meant an expenditure of 30 crores. Then 1 lakh 30 thousand families have been given land in the suburbs, for which 12 crores of rupees has been advanced as loans. For small industries and other trades refugees have been given loans to the extent of 17 crores. In the Second Five-Year Plan Rs. 66 crores will be spent for rehabilitating the refugees. Besides for medical treatment, etc. 2 crores 82 lakhs and for their education 10 crores 96 lakhs would be spent. For housing them 23 crores 48 lakhs and for rehabilitating them in village areas 11 crores 43 lakhs will also have to be spent. Still my friends will say that nothing has been done.

In this context I shall say that as a matter of fact the children of the soil—the youngmen of West Bengal—do suffer for this kind of help to the refugees. I do not mind it personally, but whenever there is a post vacant in a Government office or in a mercantile firm I see that refugees are given chances and the people of West Bengal do not get any advantage. This is creating a position which upsets the mental condition of the young men of West Bengal. Something must be done in this connection. I would appeal to our Chief Minister at least to fix a percentage—namely, that 50 per cent. of the vacancies should go to the refugees and the rest to the people of West Bengal. I know of one instance where two peons were to be appointed and one young man of West Bengal applied for one of them but he was told that both the posts of peons would be filled from the refugees. These things should not last long, as this will create dissatisfaction among the young men of West Bengal.

With these words I support the Budget.

[6-35—6-45 p.m.]

Sj. Phakir Chandra Ray:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, পশ্চিমবঙ্গ সরকার যে বাজেট উপস্থাপিত করেছেন, সেই বাজেট ঘাটতি বাজেট। এই ঘাটতি বাজেট নতুন নয়। পার্টিশনের সময় থেকে, তার আগের থেকে আমরা বছরের পর বছর ঘাটতি বাজেট পেয়ে আসছি। এই যে ঘাটতি বাজেট এই ঘাটতি বাজেট পূরণের রাস্তা কি? ঘাটতি বাজেট পূরণের রাস্তা একটা হল ট্যাক্স—কর আদায় করা। আমাদের দেশে কর দিনের পর দিন, বছরের পর বছর যেভাবে বাড়ছে তাতে কর দেওয়ার সামর্থ্য দেশের লোকের আর নেই। অবশ্য সুখের কথা, মন্ত্রীমহাশয়, অর্থাৎ অর্থমন্ত্রীমহাশয় বলেছেন যে দেশের লোকের উপর নতুন কোন করভার চাপান হবে না। ঘাটতি পূরণ করবার একমাত্র রাস্তা দেশের শিল্পায়নের দ্বারা, কিন্তু যেভাবে আজ পর্যন্ত আমাদের দেশে শিল্পায়ন হয়েছে যদি সেইভাবে শিল্পায়ন হতে থাকে তাহলে বাজেটের ঘাটতি পূরণ হবে না এবং পশ্চিম বাংলার সাধারণ লোকের যে অবস্থা সেই অবস্থার কোন প্রতিকারও হবে না। অধ্যক্ষ মহাশয় আপনি জানেন যে, শিল্পের অবস্থা অপেক্ষাকৃত ভাল, তা থেকে যে ট্যাক্স আদায় হয় তার প্রধান অংশ চলে যায় কেন্দ্রীয় সরকারের কাছে। যাঁরা কাজ করেন শিল্পে তাঁদের অধিকাংশ হল বাংলার বহির্ভূত অঞ্চলের লোক। শিল্পায়নের জন্য আজ আমাদের করণীয় কি? কুটিরশিল্প, মাঝারি শিল্প, কৃষিকে কেন্দ্র করে যেসমস্ত শিল্প মুখ্যতঃ গড়ে উঠবে, পশ্চিম বাংলার বিভিন্ন এলাকায় সেই সমস্ত শিল্প গড়ে তুলতে হবে। দেখা যায় আমাদের দেশের পাট আমাদের দেশের কয়লা, চা আমাদের দেশে অবস্থিত হলেও বস্তুতঃ পশ্চিম বাংলার নয়। কলকাতার অধিকাংশ জায়গার মালিকানা ছিল বাঙ্গালীর; বহিরাগতের সঙ্গে প্রতিদ্বন্দ্বিতায় বাঙ্গালী পেরে উঠে নি, তাঁদের

মালিকানা সেখান থেকে চলে গিয়েছে। এর মূলে প্রচলিত পন্থায় শিল্পায়ন। এই যে নতুন ধরনের শিল্পের কথা বললাম, সেই শিল্পকে বহিরাগতের প্রতিদ্বন্দ্বিতার হাত থেকে রক্ষা করতে হবে। সেখানে স্টেটকে এগিয়ে যেতে হবে। এইভাবে যদি নতুনভাবে পশ্চিমবাংলার শিল্পায়ন হয় তবেই এই ঘাটতি বাজেটের অভিশাপ যেটা আমাদের পেয়ে বসেছে তার থেকে বাঁচবার খানিকটা রাস্তা পেতে পারি।

আর একটা কথা এই যে এখানে প্রচুর ট্যাক্স ইভেশন হয়ে থাকে, এটা যাতে বন্ধ করা যায় তার ব্যবস্থা হওয়া দরকার। বহু অর্থ অপচয় হয়, অপচয় যাতে না হয় সেই ব্যবস্থাও একটা করা দরকার। আমার মনে হয় এই ট্যাক্স ইভেশন যাতে না হতে পারে সেটা দেখবার জন্য এবং অপচয় কি করে রোধ করা যায়, করাপশন কি করে রোধ করা যায় সেটা দেখবার জন্য যদি হাউস থেকে একটা কমিটি এ্যাপয়েন্ট হয় এবং সেই কমিটি যদি গভর্নমেন্টকে পরামর্শ দেন এবং গভর্নমেন্ট সেই পরামর্শ অনুসারে চলেন তাহলে হয়ত এই ট্যাক্স ইভেশন বন্ধ হতে পারে এবং করাপশন চেক্‌ড্‌ হতে পারে, যেটা অপচয় হয় সেটা বন্ধ হতে পারে।

আর একটা উপায় যাতে ঘাটতি রোধ করা যায় এবং পশ্চিম বাংলাকে বাঁচাবার ব্যবস্থা করা যায় তা হল এই যে সেন্ট্রাল গভর্নমেন্টএর কাছ থেকে বাংলার যেটা প্রাপ্য অংশ সেই প্রাপ্য অংশ আদায় করার চেষ্টা। দুর্ভাগ্যের কথা দেশের শাসন সংস্কার যেদিন থেকে শুরু হয়েছে সেদিন থেকে এই বাংলার উপর অযথা ট্যাক্সএর চাপ বেড়ে চলেছে। অধ্যক্ষ মহাশয় আপনি জানেন যে তৃতীয় রাউন্ড টেবল কনফারেন্স যখন হয় তখন বাংলা যাতে জাস্টিস পায় সেজন্যে স্যার এন. এন. সরকার লন্ডনে খুব চেষ্টা করেছিলেন এবং তিনি কথঞ্চিৎ জাস্টিস পেয়েছিলেন। পশ্চিমবাংলা সরকারের নেতা ডাঃ রায়, ফাইনান্স কমিশনএর কাছে যে মেমোরেন্ডাম দাখিল করেছেন যাতে করে পশ্চিম বাংলার উপর ফাইনান্সিয়াল জাস্টিস হয় সেটা দেখবার জন্য। আমরা জানি তিনি শুধু সারা পশ্চিম বাংলার মুখ্যমন্ত্রী নন, তিনি সর্বভারতীয় অন্যতম কংগ্রেসী নেতা। আমরা নিশ্চয়ই আশা করব স্যার এন. এন. সরকার লন্ডনে গিয়ে যে কাজ করতে পেরেছিলেন দিল্লী থেকে ডাঃ রায় তাঁর চেয়ে বেশী কিছু করতে পারবেন।

আর একটা কথা বলব—ফেডারাল টাইপ অব ট্যাক্সেশনএ স্টেটএর যে ক্ষমতা থাকা দরকার সেন্ট্রাল গভর্নমেন্টের ট্যাক্সেশনএর পলিসিএর জন্য ব্যাহত হচ্ছে। একথা যদি ঠিক হয় এবং ঠিকও বটে তাহলে সেটা, অধ্যক্ষ মহাশয়, হাউসএর পক্ষ থেকে রেজিস্ট করা দরকার। আমার বিশ্বাস পশ্চিমবঙ্গ সরকার অগ্রণী হলে এ ব্যাপারে সমগ্র হাউসএর পূর্ণ সমর্থন পাবেন। দুঃখের কথা যখন দেখি দিল্লী বা পাটনার কর্তৃত্ব উত্তর ভারতে এবং সারা ভারতবর্ষে হয়েছে তখন বাংলা বিভক্ত হয়েছে। বিভক্ত বাংলা দিল্লী থেকে কতটুকু জাস্টিস পাবে সেবিষয়ে সন্দেহ আছে। কিন্তু গভর্নমেন্ট যে চেষ্টা করছেন জাস্টিস পাবার জন্য তার পিছনে সমস্ত হাউসএর সমর্থন থাকা উচিত এটা অতি সত্য কথা।

আর একটা আমার বলবার আছে। আমাদের কর্তৃপক্ষ স্থানীয় যারা তাদের কাছে পশ্চিম বাংলা মানে সাধারণতঃ কলকাতা এবং কলকতার সহরতলী। মাননীয় অধ্যক্ষ মহাশয় আপনি দেখবেন এখানে গ্রেটার ক্যালকাটা মিল্ক সাপ্লাই খাতে যত টাকা বরাদ্দ হয়েছে, বিভিন্ন জেলায় জল সরবরাহ এবং জেলা বোর্ডের সাহায্য খাতে তার অর্ধেকেরও কম টাকা বরাদ্দ হয়েছে। এটা নিশ্চয়ই অন্যায়। পশ্চিম বাংলার অধিকাংশ হচ্ছে এই ডিস্ট্রিক্ট বোর্ড এলাকা। আমি সেজন্যে বলতে চাইছি এই খাতে যে সমস্ত টাকা ধরা হয়েছে অন্ততঃ তার অর্ধেক কেটে দিয়ে যে টাকা বাঁচবে সেই টাকা ডিস্ট্রিক্ট বোর্ডগুলিকে দেওয়া হোক। তারপর ফেমিন একটা বাংলাদেশের পার্মানেন্ট ফীচার।

[6-45—6-55 p.m.]

ফেমিন বাংলাদেশের একটা পারমানেন্ট ফীচার; ডেফিসিট নয়, স্ক্যারসিটি নয়, ফেমিন লেগেই আছে, কিন্তু ফেমিন রিলিফের যে ব্যবস্থা ফেমিন কোডে আছে—সে ফেমিন কোড ইংরাজের আমলে তৈরী হয়েছিল এবং ইংরাজরা এদেশের লোককে মানুষ বলে মনে করত না। সেই ফেমিন কোড বদলায় নি। আর মমত্ব না দিয়ে যদি রিলিফের কাজ চালান হয় তাহলে

কোন স্বাধীন দেশে স্বাধীন গভর্নমেন্টের উপযুক্ত কাজ তার দ্বারা হয় বলে মনে হয় না। সেইজন্য বলতে চাই ফেমিন কোড যাতে পরিবর্তন হয় তার ব্যবস্থা করা দরকার এবং একটা ফেমিন-ফাইটিং পার্মানেন্ট অর্গানিজেশন গভর্নমেন্টের পক্ষ থেকে হওয়া দরকার এবং সেই পার্মানেন্ট অর্গানিজেশন ট্রেন্ড সোশ্যাল ওয়ার্কার দ্বারা—যারা ঠিক ব্যুরোক্র্যাট নয়, যাদের হিউম্যানিটেরিয়ান আউট্‌লুক্‌ আছে তাঁদের দিয়ে গঠিত হওয়া দরকার। তারপরে আনএম্‌প্লয়মেন্ট বলে একটা বড় সমস্যা রয়েছে। আনএমপ্লয়মেন্টের কথা ডাঃ রায় তাঁর বক্তৃতায় বলেছেন অধিকাংশ ছাত্র থার্ড ডিভিশনে পাশ করে এবং আনএমপ্লয়েড তাদের মধ্যেই সবচেয়ে বেশি। আচ্ছা—থার্ড ডিভিসনে পাশ করে কেন? এই পাশ করার কারণ অনুসন্ধান করলে দেখতে পাই যে, প্রাইমারী স্কুল থেকে শুরু করে সেকেন্ডারী স্কুল পর্যন্ত যেভাবে শেখান হয় তাতে অন্ততঃ কিছু ছেলে যে পাশ করে এইটাই আশ্চর্য, অথচ তাদের জন্য এডুকেশন খাতে টাকা বরাদ্দ হয়েছে বেশী। গতবারেও বেশী বরাদ্দ করা হয়েছিল, কিন্তু সেই বরাদ্দ তাঁরা খরচ করতে পারেন নি। আজকে এডুকেটেড আন্‌এমপ্লয়মেন্ট প্রবলেম সল্ভ যদি করতে হয় তাহলে সমস্ত স্কীম অব এডুকেশন ভালভাবে অর্গানাইজ করা দরকার। প্রাইমারী থেকে সুরু করে সেকেন্ডারী পর্যন্ত একটির পর একটিতে যাতে লিংক থাকে তার ব্যবস্থা হওয়া দরকার। এডুকেশন ডিপার্টমেন্ট থেকে যে চেষ্টা দেখা যায় সেই চেষ্টার মধ্যে তার কোন পরিচয় আমরা পাই না। সেইজন্য আজকে বলব যে, এডুকেশন ডিপার্টমেন্টের খাতে যে বৃদ্ধিটা বরাদ্দ করা হয়েছে সেই বৃদ্ধিটা বরং ডাইভার্ট করে যে ফেমিন ফাইটিং অরগানাইজেসনটা 'সাজেস্ট' করলাম সেই অর্গানিজেশনটাকে ডেভেলপ করার জন্য সেই উদ্দেশ্যে এটা ব্যবহার করা হউক।

তারপর ইন্ডাস্ট্রির কথা। যে ইন্ডাস্ট্রি ডেভেলপ করলে বাংলাদেশের কল্যাণ হবে আন-এমপ্লয়মেন্ট সলিউসন হবে সেই ইন্ডাস্ট্রি লার্জ-স্কেল ইন্ডাস্ট্রি নয়, সেই ইন্ডাস্ট্রি হচ্ছে কটেজ ইন্ডাস্ট্রি, এ্যান্ড স্মল ইন্ডাস্ট্রি এবং তাকে কো-অপারেটিভ মেথডে ডেভেলপ করতে হবে অর্থাৎ সেই ডেভেলপমেন্ট করবার জন্য মেথড অব কো-অপারেশন নিতে হবে। আমি বলতে চাই পুলিস খাতে যে টাকা নেওয়া হয়েছে সেই খাত থেকে টাকা কমিয়ে এই কটেজ ইন্ডাস্ট্রি এবং কো-অপারেশন খাতে সেই টাকা দেওয়া হউক। এবং এইভাবে যদি কটেজ ইন্ডাস্ট্রি এবং কো-অপারেটিভ ডিপার্টমেন্ট ইন্টিগ্রেটেড হয় তা হলে আমি মনে করব যে সত্যকারের দেশকে গড়া হবে এবং কিছু কাজ করা হবে। যে পুলিস শান্তি রক্ষা করতে পাচ্ছে না, ক্রাইম চেক করতে পাচ্ছে না, দিনের পর দিন ক্রাইম বেড়ে যাচ্ছে এইরকম একটা অকেজো পুলিস যেটা কাজের অনুপযুক্ত তাকে তাহলে উৎসাহ দেওয়া হবে না।

Sj. Ramanuj Haldar:

মাননীয় অধ্যক্ষ মহোদয়! মাননীয় ডাক্তার বিধান চন্দ্র রায় মহাশয় আমাদের সামনে যে বাজেট পেশ করেছেন সেটা একটা সুগার-কোটেড্‌ কুইনাইনএর মত রাখা হয়েছে। ডাক্তার হিসাবে তিনি এটা আমাদের সামনে রেখেছেন। বাংলার যে চিত্র তিনি বাজেটের মধ্যে এঁকেছেন তা বাংলার প্রকৃত চিত্র নয়। এটা তাঁর মন্ত্রীমণ্ডলীর এবং শহরের এবং তার আশপাশে ধনিককুল যাঁরা আছেন তাদের বাহিরে যে বিরাট বাংলার এক অংশ তাদের কোন চিত্র এর মধ্যে কিছুই আমরা পাই না। আজ হাজার হাজার মানুষ গ্রামের মধ্যে শ্রমহীন অবস্থায় দিন গুজরান করছে। আমরা দেখি যে দুটো শ্রেণীর লোক আমাদের গ্রামাঞ্চলে মধ্যে রয়েছে—সাধারণ চাষীবাসী লোক, যারা ভূমিহীন শ্রমিক, যারা সারা বৎসরের মধ্যে তিন-চার মাস মাত্র কাজ পায় এবং বাকী সময় পশ্চিমবঙ্গের বুকে যাযাবরের মত ঘুরে বেড়ায় কাজের সন্ধানে, সেইরকম লোকের সংখ্যা বাংলাদেশে কম নয়। তাদের যে সমস্যা সে চিরদিনের সমস্যা এবং সে সমস্যা সমাধানের কোন ব্যবস্থা রাখা হয় নি। গভর্নমেন্ট কোন কোন ক্ষেত্রে কোন কোন কাজ করলেও অধিকাংশ ক্ষেত্রে তাঁদের যে পলিসি সেই পলিসির যে ফেলিওর হয়েছে তা সারা দেশের দিকে চাইলেই দেখতে পাই। আমরা দেখছি ১০টা বছরের মধ্যে, দুটো বছর বাদ দিয়ে, ৮টা বছর খাদ্যের ঘাটতির দরুন দুর্ভিক্ষ লেগেই রয়েছে। এই লেগে থাকার কারণ হচ্ছে যে গভর্নমেন্ট যে পলিসি নিয়েছেন সে পলিসি ভুল। জনসাধারণের সঙ্গে সংযোগ রক্ষা কোরে দরদী মন নিয়ে মানুষের কল্যাণ, মানুষের মর্যাদাবোধ বৃদ্ধির যে প্রচেষ্টা তা এতাবৎকাল দেখি নি। তাই আমরা

দেখছি যে খাদ্যের যে অভাব এই অভাব কোন দিন ঘুচবে না যে পালিসির উপর গভর্নমেন্ট চলছে তার দ্বারা। দেশে যে ভূমি রয়েছে তাকে বাড়ান যাবে না তা জানি, কিন্তু সেটায় ফলন বাড়াবার যে প্রচেষ্টা সে প্রচেষ্টা সম্পূর্ণ ব্যর্থ হচ্ছে। আমাদের ঐ ভূমির উপর থেকে ফসল বৃদ্ধির জন্য ভূমিকে দোফসলী করবার যে ব্যবস্থার প্রয়োজন সে দিকে সরকার প্রচেষ্টা করেন নি। আমরা লক্ষ্য করলে দেখি যে গ্রামের মধ্যে বা সারা বাংলার মধ্যে আর এক শ্রেণীর লোক, যারা প্রচলিত শিল্পের মাধ্যমে দিন গুজরান করত, সেই শ্রমিক শ্রেণীর বা কৃষিমজুর লোক যাদের অল্প ভূমি আছে বা যারা ভূমিহীন, যারা ভাগচাষীর কাজ করে, তাদের সংখ্যাও কম নয়। গভর্নমেন্টের যে পরিসংখ্যান তা থেকে আমরা বুঝতে পারি যে সেখানে এই গ্রামশিল্প শ্রমিকের সংখ্যা ক্রমশ কমছে।

[6-55—7-2 p.m.]

এবং আর একদিক থেকে আর একটা অবহেলিত অঞ্চল পড়ে রয়েছে তার জনসংখ্যাও লক্ষ লক্ষ। আমরা দেখতে পাই যে ফসল উৎপাদনের পর অনিবার্য প্রয়োজনে, নিজের প্রয়োজনে যতটুকু শস্যের দরকার, তাও তাদের সস্তা দরে বিক্রয় করে দিতে হয় পৌষ মাসের পূর্বেই মহাজনদের দেনা শোধ করবার জন্য এবং জমির খাজনা শোধ ইত্যাদি দেবার জন্য। অধিকাংশ চাষীকে পৌষ মাঘের সময় যদি তাদের ফসল বিক্রয় করে দিতে হয়, তাহলে তাদের এমন অবস্থা থাকে না যা দিয়ে তারা দুর্দিনে নিজের প্রয়োজনমত খাদ্যের সংস্থান করতে পারে। এবং ভবিষ্যতে জিনিসপত্রের দাম যখন বাড়ে, খাদ্যের দাম বাড়ে তখন তাদের অবস্থা আরো খারাপ হয়ে পড়ে। আমরা কো-অপারেটিভএর ব্যবস্থা লক্ষ্য করে দেখেছি এমন সময় টাকা কড়ি লোন দেওয়া হয় যখন বাজার অত্যন্ত চড়া। কিন্তু সেটা এমন সময় করা উচিত যখন বাজার সস্তা থাকে। আমরা লক্ষ্য করে দেখেছি দুইটি বিপরীত জিনিস পাশাপাশি রাখা হচ্ছে। পলিসি হিসাবে যখন কুটির শিল্পের প্রবর্তন করা হচ্ছে তার পাশেই গ্রামাঞ্চলে হাজার হাজার হাস্কিং মেশিন চালিয়ে দেওয়া হচ্ছে, যার ফলে গ্রামের সাধারণ বিধবা যারা ধানভেনে খেত—কলিকাতার জনসাধারণ জানেন না- তারা আজ অত্যন্ত অসহায় অবস্থার মধ্যে পড়েছে। গ্রামের জনসাধারণ তারা রিলিফ চায় না, ভিক্ষা চায় না, কারো মর্জির উপর জীবনযাত্রা নির্বাহ করতে চায় না, তারা চায় ওয়ার্ক এান্ড এ্যাডিকোয়েট ওয়েজ। কিন্তু সরকারের এমন কোন ব্যবস্থা নেই, বাজেটের মধ্যে এমন কোন ইঙ্গিত নেই যাতে দেশের এই অগণিত মানুষ, ভূমিহীন কৃষক এই সমস্ত শিল্পের মাধ্যমে,- যে সমস্ত শিল্প দেশের মধ্যে মৃতপ্রায় হয়ে পড়ছে, সেগুলির মাধ্যমে জীবনযাত্রা নির্বাহ করতে পারে। মাননীয় আইনমন্ত্রী মহাশয় সেদিন আমাদের ব্রাহ্মণীর গল্প শুনিয়েছিলেন, এবং কো-অপারেশনএর প্রশ্ন তুলেছিলেন। কিন্তু আমরা লক্ষ্য করছি যে এখানে জম্বুক ও সারসের পরস্পরের নিমন্ত্রণের যে অবস্থা এটা সেই অবস্থায় এসে দাঁড়িয়েছে। আজকে এই বর্তমান কাঠামোর মধ্যে দেখতে পাচ্ছি যে সেখানে অর্থকৌলিণ্য বজায় রাখা হচ্ছে। অগণিত মানুষের আর্থিক কল্যাণ সাধনের দিকে সরকারের কোন প্রয়াস নেই। আমরা সাধারণভাবে দেখি শ্রমের প্রতি সরকারের পলিসি কিভাবে কাজ করে। আগেকার দিনে যে বাঁধগুলি বর্ষার পূর্বে মেরামত করা হত, এখন আমরা লক্ষ্য করে দেখেছি অধিকাংশ সময়ে বর্ষার দিনেই কন্ট্রাক্ট স্যাংকশন করা হয়। বর্ষার মধ্যে কাজ করলে সেগুলি নষ্ট হয় এবং বার বার বাঁধ ভেঙ্গে বন্যায় বাংলাদেশের ফসলহানি হয়। সাধারণত এদের পরিকল্পনার এই অবস্থা এসে দাঁড়িয়েছে। প্রকৃত সমস্যা সমাধানের কোন চেষ্টাই হয় নি। আমরা লক্ষ্য করে দেখেছি হাজার হাজার বস্তা সিমেন্টএর অপচয়, বাংলাদেশের একটা অঞ্চল লক্ষ্য করলেই অন্যান্য অঞ্চলের অনুরূপ ছবি ফুটে উঠবে- ডায়মন্ডহারবার অঞ্চলে আনা হাজার হাজার টাকার সিমেন্ট চলে যাচ্ছে এবং বাঁধগুলি মেরামত না হয়ে পড়ে আছে। সিমেন্টগুলি এমনভাবে পড়ে থাকে যার ফলে এই সিমেন্টগুলির মর্টার স্ট্রেংথ নষ্ট হয়ে যায়। তারপর হিউম পাইপগুলি বর্ষার সময় লাগানর ব্যবস্থা করা হয়, বর্ষার পূর্বে লাগান হয় না। আমরা লক্ষ্য করেছি যে মানুষের নৈতিক মর্যাদা অক্ষুণ্ণ রেখে নিপুণতা ও বুদ্ধি যাতে শিল্পে লাগাতে পারে দেশের কল্যাণের জন্য এবং সাধারণ মানুষ যাতে খেয়ে পরে সুখে থাকতে পারে সে দিকে সরকারের কোন দৃষ্টি নেই। এই বাজেটের মধ্যে এমন কোন জিনিস নেই যা সারা বাংলার সমস্যার সঙ্গে সম্পৃক্ত আছে। এই যে বাজেট উপস্থিত করা হয়েছে এটা আমরা সমর্থন করতে পারি না।

Mr. Speaker: The House stands adjourned till 3 p.m. tomorrow.

Adjournment

The House was then adjourned at 7-2 p.m. till 3 p.m. on Tuesday, the 11th June, 1957, at the Assembly House, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Assembly House, Calcutta, on Tuesday, the 11th June, 1957, at 3 p.m.

Present:

Mr. Speaker (the Hon'ble SANKARDAS BANERJI) in the Chair, 14 Hon'ble Ministers, 11 Deputy Ministers and 213 Members.

[3—3-10 p.m.]

Questions.

Sj. Jyoti Basu: Mr. Speaker, I find there are no questions today.

Mr. Speaker: There was some discussion between the Chief Whip and the whip of your party and it has been decided that no questions will be taken up.

General discussion of the Budget.

Mr. Speaker: Shri Panchugopal Bhaduri will begin today.

Sj. Jyoti Basu: Sir, he cannot speak standing.

Mr. Speaker: I am aware of his difficulty. He will address the House sitting.

Sj. Panchugopal Bhaduri:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার এই সভাতে একেবারে আনকোরা নূতন লোক হিসাবে আমার নিশ্চয়ই একটু বিনীত এবং মিঠে কথা বলা দরকার। আমি সাধ্যমত সেই চেষ্টা করবো।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি নিশ্চয়ই লক্ষ্য করেছেন যে এই সভাতে সরকার পক্ষ থেকে কতকগুলি এমন গুরুত্বপূর্ণ স্বীকৃতি দেওয়া হয়েছে যাতে বাজেট এবং বরাদ্দ, এই দুইয়েরই স্বল্পবিস্তর পরিবর্তন অনিবার্য। আপনি নিশ্চয়ই শুনেছেন যে খাদ্যমন্ত্রী শ্রীপ্রফুল্লচন্দ্র সেন, গভর্নরের ভাষণ সম্পর্কে যখন তিনি বলতে ওঠেন, তখন তিনি বলেছেন দুটো কথা। একটি কথা বলেছেন যে, এই বছর আউশের ফসল তাঁদের যা ধরা ছিল, যে পূর্বাভাষ ছিল বা পেয়েছিলেন সেইমত হবে না।

দ্বিতীয় আর একটা কথা জানিয়েছেন, যে হারে গ্রুয়েল কিচেন থেকে রিলিফ দেওয়া হচ্ছে, তাতে দুর্ভিক্ষ অবস্থা বলা চলে না। কাজে কাজেই এ-কথা মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনাকে আমার বিশ্বাস, স্বীকার করতে হবে যে বাজেটের আয়-ব্যয়ের খাতেতে যে বিভিন্ন অঙ্ক অর্থসচিব দেখিয়েছেন, সেখানে আরো ৪ কোটি ৪৪ লক্ষ টাকা ঘাটতির সঙ্গে যোগ করতে হবে।

এবার দুর্ভিক্ষের গভীরতা খুব বেশী। গত বছর বন্যার পরে যে অবস্থা হয়েছিল তার চেয়েও সাংঘাতিক। সেইজন্য এবার নূতন করে সেদিকে বরাদ্দ করাতে হবে। এ থেকে একটা জিনিষ আমার মনে হচ্ছে, আমি একটু অবাক হচ্ছি, অবাক হচ্ছি এই ভেবে যে অর্থ-সচিব এবং খাদ্য-সচিব কি পরস্পর পরামর্শ করে বাজেট তৈরী করেন না? সেই সঙ্গে আর একটা কথা আপনার কাছে বলছি। এই যে বাজেটের আমরা কয়েক দিন ধরে এখানে আলোচনা করছি, সে বাজেট তো রাজ্য-সরকারের বাজেট, পার্লামেন্টের বাজেট নয়। আমাদের

অর্থ-সচিব যেভাবে এই বাজেট আমাদের সামনে উপস্থিত করেছেন, সে হচ্ছে সেন্ট্রাল বাজেটের ছায়া, রাহু গ্রাসের মত আমাদের উপর এসে পড়েছে। আমাদের জীবন যাত্রার আমাদের যে আয়, তার থেকে প্রকাণ্ড একটা বড় অংশ সে গ্রাস করে নিয়েছে। অত্যন্ত স্বল্প-পরিসর জায়গায় আমাদের হাত-পা খোলবার-ছড়াবার সুযোগ-সুবিধা নাই। সে যে শ্বাসরোধ হবার মত অবস্থা হয়েছে। অথচ এ কথা যখন বিরোধী পক্ষের একের পর এক বক্তার জবাবে সরকার পক্ষের বক্তারা কংগ্রেস বেঞ্চ থেকে উঠে বলেছেন, তখন মাননীয় অধ্যক্ষ মহাশয়, এ-কথা আপনি নিশ্চয়ই লক্ষ্য করেছেন যে বিরোধী পক্ষ থেকে কয়েকটী গঠনমূলক কথা যা বলা হয়েছে, তা আমি সংক্ষেপে আপনার কাছে রাখবো এবং যে গঠনমূলক কথাগুলি আমার পরবর্তী আলোচনার পক্ষে অত্যন্ত গুরুত্বপূর্ণ। সেই গঠনমূলক কথাগুলি হচ্ছে—অর্থ-সচিব একদিকে দেখিয়েছেন প্রায় ৩ কোটি টাকার মত সেলস ট্যাক্স ফাঁকি বন্ধ করে তিনি আদায় করেছেন গত বছর। এবং এবার একটু পূর্বাভাষ দিয়েছেন এবং সে সম্পর্কে কালকে মাননীয় বঙ্কিম কর পর্যন্ত বলেছেন, এবার লোকের উপর খাজনা চাপিয়ে, নূতন কর চাপিয়ে কিছু করা হবে—তা নয়। হোক, সুখের কথা, আর নূতন কর চাপান হবে না। কিন্তু সেন্টার যা চাপিয়েছেন, তাতে দম বন্ধ হয়ে যাচ্ছে। তারপর বলা হচ্ছে যে, বাংলাদেশের উপর নূতন কর চাপান হবে না। ঘাটতি পূরণের টাকা কি করে পাওয়া যাবে তাহলে? এ সম্পর্কে বিরোধী পক্ষ থেকে আমি নিজে কিছু কিছু আপনার সামনে প্রস্তাব হিসাবে আপনাদের কল্পনার খোরাক-স্বরূপ উপস্থিত করছি। সেই জিনিষ হচ্ছে যে প্রথম সেলস ট্যাক্স-এর ফাঁকি বন্ধ করে সরকারের ৩ কোটি টাকা আয় হয়েছে। এতে আমার কি রকম সন্দেহ হয়! এই সন্দেহ সম্পর্কে আপনি যে কথাই বলুন না কেন আমার মনে হয় স্মল ফ্রাই যারা, মাঝারী যারা ফাঁকিবাজ ছিল—সেলস ট্যাক্স ফাঁকি দিত, তাদের ফাঁকি হয় ত বন্ধ করা হয়েছে। কিন্তু বড় ফাঁকিবাজরা আজও ধরা পড়ে নাই। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মারফত অর্থ-সচিব তথা মুখ্যমন্ত্রীর কাছে এই নিবেদন জানাতে চাই, তিনি সরকারী এবং বে-সরকারী প্রতিনিধি নিয়ে এবং এই হাউসের সভ্যদের নিয়ে এমন একটি কমিটি করুন, যারা পরীক্ষা ক'রে দেখবেন সেলস ট্যাক্স সম্বন্ধে ফ্যাক্টরী বাই ফ্যাক্টরী কোথায় কতখানি ফাঁক থাকা সম্ভব এবং আছে কি না তার ভিত্তিতে যদি আমরা অগ্রসর হতে পারি তাহলে নিশ্চয়ই যে সমস্ত রাঘব বোয়াল সেলস ট্যাক্স ফাঁকি দিয়ে পিছলে চলে যায়, তাদের আমরা আটকাতে পারবো।

[3-10—3-20 p.m.]

ফাইন্যান্স কমিশন-এর কাছে আমাদের যে আবেদন, সরকার পক্ষের যে আবেদন, সরকার পক্ষের যে স্মারকলিপি তার মধ্যে যে কথা আছে সে সম্পর্কে একটা কথা বলতে চাই। সেখানে বলা হয়েছে আয়করের একটা কংক্রিট অংশ পাবার জন্য। এখানে শ্রীযুক্ত বঙ্কিম মুখার্জী মহাশয় যে কথা বলেছেন সে কথাটা আরেকটু কংক্রিটভাবে, স্পষ্টভাবে, পরিস্কারভাবে আপনার সামনে রাখতে চাই। সে কথাটা হচ্ছে আয়করের অংশ আমরা চাই, কিন্তু কেন্দ্র থেকে আমাদের আয় করের প্রাপ্য অন্যান্য প্রদেশ থেকে কম হবে না—আমরা, আসুন, এই হাউসের সরকার পক্ষ এবং বিরোধী পক্ষ এই প্রতিশ্রুতি গ্রহণ করি যে, আমরা ধরিয়ে দেব, কি কি উপায়ে, কোথায় কোথায় আয়কর ফাঁকি দেওয়া হচ্ছে। তাহলেই আমাদের প্রয়োজনীয় কাজ, দুর্ভিক্ষ প্রতিরোধ কাজ, জাতি গঠন কাজ এবং শ্রমিকদের মঙ্গলজনক কাজে আমরা এগিয়ে যেতে পারব, আমরা তাদের দাবী পূরণ করতে পারব। এইভাবে আমি আপনাদের সাধারণ আলোচনার ক্ষেত্র থেকে একটা বিশেষ আলোচনার ক্ষেত্রে নিয়ে আসতে চাই। মাননীয় অধ্যক্ষ মহাশয়, গভর্নর মহাশয়ার বক্তৃতা থেকে নিশ্চয়ই লক্ষ্য করেছেন যে, আমাদের দেশের শিল্প সংগঠনের লক্ষ্যগুলি পূর্ণ করতে হ'লে মালিক-শ্রমিকের মধ্যে একটা ভাল সম্পর্ক যাতে গড়ে উঠে, সে ব্যবস্থা করা দরকার। এই কথা তিনি বলেছেন। এবং এ-কথা আমার পরিস্কার মনে আছে কংগ্রেস বেঞ্চ থেকে ১১৮ জন সদস্য চিৎকার করে "আই" ব'লে বোতাম টিপে এ-কথা মনেপ্রাণে সমর্থন করেছেন। আমি বিশ্বাস করি যে, তাঁরা আন্তরিকভাবেই সেই কথা সমর্থন করেছেন। যদি শ্রমিকদের মনে সন্তোষের ভাব সৃষ্টি করতে হয়, শ্রমিক-মালিকদের

মধ্যে ভাল সম্পর্ক গড়ে তুলতে হয় তাহলে চেষ্টা করা দরকার, এবং তাতে ক'রে এই কংগ্রেসী মন্ত্রীমণ্ডলীর উপর বিরাট দায়িত্ব এসে পড়ে। কংগ্রেসী এবং বিরোধী উভয় পক্ষের সদস্যদের উপর এই দায়িত্ব এসে পড়ে। এই দায়িত্ব কিভাবে পালিত হচ্ছে সে সম্পর্কে আমি আপনার কাছে দুই-একটা কথা বলতে চাই। যদি শ্রমিকদের মধ্যে সন্তোষের ভাব সৃষ্টি করতে হয় তাহলে প্রথমে বিচার করে তাদের সর্বপ্রকার ফেয়ার ডিল দিতে হবে। মুখ্যমন্ত্রী তাঁর বক্তৃতায় বলেছেন যে, প্রথম পঞ্চবার্ষিকী পরিকল্পনায় ১৯৫১ সাল থেকে ১৯৫৬ সাল পর্যন্ত বছরের পর বছর শিল্পোৎপাদনের অঙ্ক বেড়ে গিয়েছে। বন্ধুগণ—

Mr. Speaker: May I draw the attention of the honourable member that the word বন্ধুগণ is not the proper form of address.

Sj. Panchugopal Bhaduri: I stand corrected.

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের মুখ্যমন্ত্রী তথা অর্থমন্ত্রী বলেছেন, বছরের পর বছর দেশে শিল্পোৎপাদন বেড়ে গিয়েছে। এই শিল্পোৎপাদন বেড়ে যাওয়ার ব্যাখ্যাটি আমি আপনার কাছে রাখতে চাই। শিল্পোৎপাদন বৃদ্ধি হয়েছে মালিকদের জন্য কি? এ-কথা সত্য নয়। মালিকদের এর মধ্যে কোন কৃতিত্ব নাই। শিল্পোৎপাদন বেড়েছে মূলতঃ এবং প্রধানতঃ শ্রমিকদের জন্য। শ্রমিকদের মধ্যে যে দেশ-প্রেমের আবেদন ও প্রেরণা আছে তাই মূলতঃ এই শিল্প-সমৃদ্ধির প্রধান কারণ। কংগ্রেস থেকে পণ্ডিত নেহরু আবেদন করেছেন যে, আরো বেশী উৎপাদন করতে হবে, প্রডিউস অর পেরিস। শ্রমিকেরা এই আবেদনে সাড়া দিয়েছে, কিন্তু মালিকেরা নানাভাবে উৎপাদন কমিয়েছে। উদাহরণস্বরূপ চটকলের কথা বলা যায়। উৎপাদন বাড়লে চটজাত জিনিষের দাম কমে যায়, তাতে মালিকের মুনাফা কমে যায়, তাই তাঁরা উৎপাদন কমিয়ে দিলেন, তাঁরা আবার উল্টো শ্রমিক ছাটাই আরম্ভ করলেন। অল্পসংখ্যক শ্রমিকদের দিয়ে বেশী কাজ করাতে আরম্ভ করলেন। কংগ্রেস সরকার এটা সমর্থন করছেন এবং চটকলের মালিকেরা র‍্যাশনালাইজেসন করছেন। নূতন নূতন যন্ত্রপাতি করে তাতে উৎপাদন চলছে, তাতে অল্প শ্রমে বেশী জিনিষ তৈরী করা যায়। এবং তাতে কষ্ট অফ প্রডাকসনও কমে যায়। মাননীয় অধ্যক্ষ মহাশয়, সম্প্রতি এরকম একটা ঘটনা হয়েছে— আমি যে অঞ্চল থেকে এসেছি সেই শ্রীরামপুরে ইণ্ডিয়ান জুট মিল-এ গত ২ মাস ধরে জোড়া তাঁত চালাবার চেষ্টা হচ্ছে এবং মেঘনা জুট মিল-এ ৮।১০ মাস যাবত জোড়া তাঁত চালান হচ্ছে। সেই শ্রীরামপুরে এমন একটা অবস্থা চলছে, সেখানে একটা আভ্যন্তরীণ সংগ্রাম চলছে। বাইরে থেকে শ্রমিক এনে আলাদাভাবে জোড়া তাঁত চালাবার চেষ্টা হচ্ছে। এইভাবে শ্রমিকদের উপর নানারকম পীড়ন চলছে, তাতে শ্রমিকরা ফেয়ার ডিল পাচ্ছে না।

[3-20—3-30 p.m.]

এমন কি কমপেনসেসন পর্যন্ত ঠিকমত দেওয়া হয় না। এবং যে-সমস্ত সরকারী প্রতিষ্ঠান আছে সেখানেও সে কমপেনসেসন সহজে পাওয়া যায় না। স্যার, আমি দৃষ্টান্তস্বরূপ আপনাকে একটা দলিল দেখাতে পারি, আমার কাছে একটা এভিডেভিট করা কোর্টের ডকুমেন্ট আছে। শ্রীরামপুরের একটি ভদ্রলোক মারা গিয়েছেন। তিনি ছিলেন ষ্টেট বাসের একজন ড্রাইভার। তাঁর নাম তারাকৃষ্ণ রায়। তিনি কর্মরত অবস্থায় মারা গেছেন, ১৯৫৫তে। অনেক তত্ত্ব-তদারক করেও তাঁর বিধবা স্ত্রী আজ পর্যন্ত কমপেনসেসন পান নি। আবেদন-নিবেদন অনেক করা হয়েছে এবং তাঁর স্ত্রীর আবেদন-নিবেদন ডাঃ বিধানচন্দ্র রায়ের কাছে পর্যন্ত পৌঁছেছে, কিন্তু কোন প্রতিবিধান হয় নাই, তার দুটী ছেলে ষ্টেট বাসে কাজ করে, তাদের ডেকে নিয়ে ধমকে দেওয়া হয়েছে যে তোমাদের মা এরকমভাবে নালিশ করেছে কেন? এখানে সেই দলিলটা আমার কাছেই আছে, আপনি যদি দেখতে চান আমি আপনার কাছে সেটা পেশ করতে পারি।

এ ছাড়া, আমি আপনার কাছে কলকাতার এবং কলকাতার বাইরের অনেকগুলি ফ্যাক্টরীর নাম করতে পারি। ফ্যাক্টরী ইন্সপেক্টরের যে এ্যাডমিনিষ্ট্রেসন সে শ্রমিকদের রক্ষার জন্য নয়, মালিকেরা ওভার-টাইম কাজের জন্য যে মাইনে দেয় না, তা দেখে-শুনে জেনে এসে গোপন

করে যাবার চেষ্টা রয়েছে। আমি এখানে দুটি মাত্র কারখানার দৃষ্টান্ত দেব, কারণ সময় কম। এই হাউসের একজন সদস্য জগন্নাথ কোলের যে বিস্কুট কোম্পানী আছে, সেখানে ওভার-টাইম কাজ চলে। দ্বিতীয়টা হচ্ছে শ্রীরাম কটন ম্যানুফ্যাকচারিং কোম্পানী, রিসড়ার, সেখানেও প্রমাণিত দলিল পেশ করা হয়েছে, ফ্যাক্টরী ইন্সপেক্টারের কাছে এবং সে অভিযোগের কপি শ্রমমন্ত্রী এবং মুখ্যমন্ত্রীর কাছে পাঠান হয়েছে, কিন্তু কোন প্রতিকার হয় নাই, দলিল পাঠান সত্ত্বেও।

Mr. Speaker: Mr. Bhaduri, I am sorry I have given you some more time. No more time please.

Sj. Panchugopal Bhaduri:

আমি আর এক মিনিট সময় নিচ্ছি। তৃতীয় হচ্ছে, রেজিস্ট্রেশন। একটা ইউনিয়ন শ্রমিকেরা যখন রেজিষ্ট্রি করতে যান তখন রেজিষ্ট্রি অফিস থেকে নাম চলে যায় কোম্পানীর কাছে, এবং সেই নাম গেলে পর ছাটাই হয়ে যায়। শ্রীরাম সিল্ক ম্যানুফ্যাকচারিং কোম্পানীর এক নং ইউনিয়নে দরখাস্ত করায় ৭ জন শ্রমিকের ৪ জন ছাটাই হয়ে যায়, ৩ জন থাকে, আবার নূতন করে ৭ জন নিয়ে তারপর রেজিষ্ট্রি হয়ে যায়, তারপরে আবার ছাটাই হয়, এবং যত লোকের নাম রেজিষ্ট্রি অফিসে পেঁৗছেছে, তার দুজন ছাড়া আর সব ছাটাই হয়েছে, কেবল সভাপতি আর সেক্রেটারী ছাটাই হয় নাই; এই হচ্ছে যেখানে অবস্থা সেখানে দ্বিতীয় পঞ্চবার্ষিক পরিকল্পনাকে সফল করবার জন্য শিল্পের ক্ষেত্রে উন্নতি করবার যে দায়িত্ব রয়েছে সরকার কি করে সে দায়িত্ব পালন করবেন? সেইজন্য অধ্যক্ষ মহাশয়, আপনার কাছে আমি এইসব নিবেদন করলাম।

Sj. Jagannath Kolay: On a point of personal explantion, Sir.

পাঁচুবাবু যে বলেছেন যে, আমরা বিস্কুট ফ্যাক্টরিতে ওভারটাইম খাটাই, আমি দৃঢ়কণ্ঠে বলছি যে, আমরা সেখানে কোন ওভারটাইম খাটাই না।

Sj. Anandilall Poddar: Mr. Speaker, Sir, the budget placed before the House is a realistic representation of the stupendous task before the State and the paucity of its resources. It should make us all seriously think about what to do in the circumstances. When the situation is so serious I did not expect the kind of criticism of the budget that was made by the veteran Leaders of the Opposition, particularly when the biggest group in the Opposition is having an experiment of running the Government of a State with almost similar difficulties as we have here. I have not so far heard any constructive proposal which may contribute to meet any of basic maladies of the State which have been admirably depicted by the Chief Minister in his budget speech with so much courage of conviction and sense of realism. It would be in the fitness of things that the Shadow Cabinet in the Opposition would have emerged with alternative suggestions; and I am sure Dr. Roy would have no hesitation in accepting if they would have really improved our finances. But our friends in the Opposition seem to be completely devoid of any sense of reality in regard to the problems with which we, in West Bengal, are faced, and have indulged in stale arguments without any constructive suggestion. One can, perhaps, hardly expect anything better from those who must carry on a role of Opposition merely for the sake of opposition to Government. For, otherwise, on the backgroud of the widening net of high taxes imposed by the Union Government and by several State Governments, including the Communist Government of Kerala, those friends would at least have the decency to congratulate our Finance Minister for one thing that no fresh taxation has been proposed in this State for the time being in spite of urgency.

Sj. Provash Chandra Roy:

স্যার, উনি লেখা পড়ছেন।

Mr. Speaker: At one time I made it a rule that nobody should speak from manuscript note but I relax the rule in favour of new members. Finding that some members are in difficulty, I may inform the parties that I would permit reading from manuscript at least for the time being.

Sj. Anandilall Poddar: Sir, in budget discussion reading from manuscript has always been allowed.

Mr. Speaker: That does not matter. Proceed on with your speech, Mr. Poddar. Please read. Don't offer any explanation.

Sj. Anandilall Poddar: Sir, I may be pardoned if I remind the House that the maladies of West Bengal are not of recent growth. Ever since 1941 when the then stooge Government of the Muslim League in undivided Bengal permitted a "Denial Policy" to be pursued devastating a large part of fertile tracts and destroying the means of communicataion which led to the famine of 1943-44, Bengal has been facing one disaster after another. Natural calamities of cyclone, flood, drought, pests and famine had also almost ceaseless visitation in one or other area ever since the great Damodar floods and the Midnapore cyclone during the last fifteen years.

In such circumstances, unprecedented in the annals of any country in the world, the finances of West Bengal have had to bear enormous strain and when these facts are taken due note of, one cannot but feel overwhelmed with a sense of gratitude that we have not only survived but are also making a steady headway through progress and stability under the able leadership of Bengal's giant of men—Dr. B. C. Roy.

Sir, the woes of West Bengal have been mounting up mainly for two reasons—the high density of population accentuated by the loss of valuable and fertile territory with the partition of India and the continuous influx of displaced persons from East Bengal seeking food, shelter and employment within this truncated State. The efforts of the Government and the Congress Party in West Bengal to meet these challenges are well-known and if no substantial remedy could be provided so far, the blame is to be laid elsewhere, and not on the State Government and those at its helm. The failure of the authorities to appreciate the case of West Bengal for territorial expansion is too well-known and I do not wish to rake up the strong feelings that were given vent to when the reorganisation of the States was under examination. The reception and settlement of the streams of refugees from East Bengal has been bungled almost beyond cure, mainly due to the absence of any policy in respect to these helpless persons in the earlier years, when Dr. P. C. Ghosh, now a luminary in the Opposition Benches, was at the helm of the Government of West Bengal, and to the inadequate appreciation of the problems and hapazard efforts by the Government of India. After years of indecision and wastefulness in relief operations and distribution of doles and loans involving crores of rupess, some definite lines for temporary habitation in transit camps and more permanent rehabilitation in West Bengal and other States have been chalked out and are being pursued during recent years but the impatience of a section of hapless people, fanned by interested leaders and parties, is retarding progress.

[3-30—3-40 p.m.]

Forcible occupation of private land and houses, refusal to accept all reasonable proposals for alternative arrangements or payment of rent or compensation, denial of facilities to the owners to maintain and repair their houses or even to transfer the same to Government have been indulged in and encouraged and instances are not wanting of even older residents of West Bengal normally employed in Government and other offices or engaged in gainful professions or callings in Calcutta area from before the partition, swelling the ranks of squatters and forcible occupants of private property to the exclusion of *bona fide* refugees. A firmer dealing with such persons is called for both by the Government as also by those leaders of the Opposition who shed crocodile tears for the uprooted humanity from East Bengal.

Mr. Speaker, Sir, the failure to appreciate the needs of this problem State of West Bengal by the Centre is reflected in more directions than the two referred to. Members will notice from the papers circulated by the Government that as a result of the allocation of taxable heads between the Centre and the States generally after the adoption of the New Constitution the Union Government has command over most of the expanding resources and the States have been left with comparatively inelastic sources of revenue. The Constitutional pattern of development has been on federal lines in course of which taxes on agricluture and land have mainly been left to the States and taxes on industry and trade retained for the Centre. This is particularly unfair to such States as West Bengal that have poorer agricultural prospects and have to look for increasing industrial development for the sustenance of the people. West Bengal has the unenviable position of having large concentration of wealth but little power by which that wealth can be taxed for the benefit of the poorer people living in the midst of that wealth. This great disparity between wealth and taxability has been regarded as the biggest tragedy in this State and even after some consideration was shown by the last Finance Commission in the matter of allocations out of Income Tax and Central Excise Revenues, the State Government has too many functions with too little money, while the Union Government has a large revenue surplus after discharging the functions entrusted to it by the Constitution. The State Government has, as a result, been made to depend more and more on the grants and loans from the Union Government and the latter has been making direct excursion into the State fields interfering with the execution of State plans in the light of local needs and circumstances. Not unoften strings are attached to the grants and advances and a state of complete uncertainty exists regarding the availability of necessary funds during the greater part of the year for various welfare projects and development works. This lies at the root of most of the maladies from which the body politic of this State suffers and it is only the personality and persuasiveness of our Chief Minister that have so far enabled this State to tide over a difficult situation. Let us hope that the special and rightful claims of West Bengal will receive due consideration by the new Finance Commission and this unhappy state of affairs will not continue long.

Sir, I shall fail in my duty to my constituency and to the people of Calcutta, if I do not at this stage invite attention to an almost similar treatment accorded by the Government of West Bengal to the Corporation of Calcutta. Simultaneously with the increase in the pressure of population in the State generally the pressure on the city and suburbs of Calcutta has been increasing out of all proportions. Even according to the last census figures of 1951, Calcutta has the highest density in the whole world rising to above 370 persons per acre of built area. Since then yet another 3 to 4 lakhs of people have jostled into the city and one can see the terrific

strain as a result thereof on every aspect of our civic life—road trafic, housing, sanitation, drainage, water supply and education. It is regretted that the urban areas generally and Calcutta in particular did not receive due attention of the Planning and Development authorities during the First Five-Years Plan period nor did the State Government come to relief. It is high time that more vigorous steps be taken for saving the city and its thirty lakhs of population, who form the very core of West Bengal.

Among measures to improve the living condition in the city perhaps the most important is the plan to spread out the population over a wider area by developing a number of satellite towns in the Greater Calcutta region. For achieving this objective, early steps should be taken to open out new and wider roads radiating out in all directions—north, south east and west up to at least a distance of 50 to 60 miles.

As one representing the city of Calcutta, I would point to the appalling conditions of living that prevail at many places. There is almost a total failure of drinking water, majority of people dwell in bustees under the most unhygienic and distressing surroundings, drainage, roads, lighting, primary schools and opportunities for employment are all of the lowest order. Bold measures should be adopted to save the city and ample funds must be made available. Calcutta, at one time the Pride of India, the biggest city in the East, is today turned into a veritable slum and early steps must be taken to arrest further deterioration.

Talking about the amenities of Calcutta, one cannot help referring to the stalemate in the provision of the Sports Stadium, about which hopes were held out last year.

The implementation of the Greater Calcutta Drainage Scheme and additional sources of drinking water are urgently called for. If Bombay could do it, why not Calcutta? We are all anxious to do away with the slums. But a programme must be chalked out and implemented to end these plague-spots within the Second Plan period. We cannot afford to go slow like the Improvement Trust. I must also mention the reported recent decision of the Local Self-Government Department to close all tube-wells within a half-a-mile radius of the Howrah Bridge. I would urge for making some alternative arrangements for supply of drinking water in these areas before closing down the existing tube-wells.

Mr. Speaker, Sir, I do not propose to detain the House longer. My esteemed friend Sj. Bankim Mookerji in opening the onslaught on the budget on behalf of the Opposition covered a wide field and suggested the exercise of the right of pre-emption when a foreign concern changes hands. Sj. Mukherji knows very well that during recent years a good many foreign concerns have passed to Indian management. The private sector has an important role to play in the National Plans and Sj. Mukherji may rest assured that the private sector is capable of taking over such foreign concerns that may opt to wind up their business in India. The question of pre-emption does not arise, as Indian businessmen take over the management and control through purchase of shares very often at a great risk, by sinking their entire assets, and even by shouldering liabilities of such concerns which the Government would never think of taking over, partly due to paucity of finance and partly due to lack of experience in management. If our countrymen have managed to collect sufficient resources to stop a portion of the outflow of capital from this country, our friends in the Opposition should feel gratified. The private sector always has to take a great risk which Government cannot aford and an illustration of it can be noticed in the City Notes appearing in today's "Hindusthan Standard".

Sir, the City Editor writes: "The stock market finds itself in troubled water on account of a cheque issued to one of its members by a well-known industrial magnate returned unpaid by his bankers." Sir, you will find from this how cheques have been returned to a multi-millionaire businessman who himself is now facing the danger simply because of his zeal to bring back foreign concerns to India.

[3-40—3-50 p.m.]

As one interested in transport, I am often puzzled at the way these State Services are being undertaken, specially in running long distance passenger bus services in the rural area, such as the trunk service from Siliguri to Manickchuk *via* Kissenganj, Raiganj and Malda and nationalised goods service as reported between Manickchuk and Dhubri. The Planning Commission and the Government of India have advised State Governments not to rush into goods services at least for the next fifteen years and the representatives of the Government of West Bengal had at several meetings of the Transport Advisory Council been a party to such a decision. The running of goods vehicles under Government ownership and management is beset with numerous difficulties and problems and I would humbly request the Government to be cautious about the same.

Sir, I am glad that Sj. Bankim Mukherjee admits that the financial condition of the State is not so appalling as envisaged in the budget because according to him the deficit has been inflated to hoodwink the Centre and the people. On the other hand, it is strange that my esteemed friend, Sj Sudhir Chandra Ray Choudhuri, contends that the deficit would be running much more than what has been shown by the Government and that there was conspiracy to hide the real picture of the State and the people.

Mr. Speaker, Sir, may we on this side of the House expect to have a clarification whether according to the opinion of the Communist Party of India and the P.S.P., the budget deficit has been inflated or deflated or are we to take it that they hold contradictory opinions on the matter?

Sir, referring to the avenues of employment for the Bengalee population of the State whether in service or in business or in the matter of recruitment in non-Bengalee firms, I would suggest that let this problem be tackled on national basis giving the question top priority. Sentiments and party politics can hardly provide any clue to the necessary remedy. I would, in this connection, request the Chief Minister to convene a conference of all political parties and representatives of trade, commerce and industries to find ways and means for the solution of this stupendous problem.

Sir, as the question of linking of cottage and small-scale industries with heavy industries was raised and as Lala Sri Ram's name was mentioned in this House the other day and a charge has been levelled against non-Bengalee firms by members of the Opposition, I would like to draw the attention of the House as to what has been done in this State by Lala Sri Ram in employing Bengalee youths in his well-known concern, the Jay Engineering Works Ltd.

This concern employs 4,200 people in the factory, and over 90 per cent. of the employees are Bengalees. This includes over 1,500 refugees from East Pakistan. Over 1,100 Matriculate youths employed by this industry come from middle-class Bengalee families.

Sj. Somnath Lahiri: On a point of order, Sir——

Mr. Speaker: Order, order. I will explain to you if you wish to know more about written speeches. Let Mr. Poddar finish his speech.

Sj. Anandilall Poddar: Nearly 100 members of the technical staff are employed, majority of whom are from the Engineering Colleges of West Bengal. Besides giving them training at the Works, nearly 20 of them have been trained abroad by the Company. The top positions in the Works, viz., Production, Development, Research, Inspection, Maintenance, Tool Room, Personnel Manager, etc., are held by highly technically qualified and trained Bengalee personnel.

The average earning of a worker per month is over Rs. 220 per month. This does not include the staff whose average earnings are much higher. It has also been shown how an integrated scheme of co-ordinating household and cottage industry with factory production can be successfully worked on the Japanese Model providing employment to a large number of men and women scattered over wider habitation. During the past few years the Company has established in and around Calcutta about 100 small units where more than 2,000 people, mostly, refugees, are employed. In the next two years they hope to double their units and provide employment to at least 5,000 sons and daughters of Bengal. It may be news to many that the products of these integrated Works—the sewing machines and fans, are not only competing successfully with the products of large factories in India but are even finding markets in South East Asia, Ceylon, Autralia, New Zealand and the Middle East, etc., earning valuable foreign exchange.

The industrial and economic policy of India is based on "mixed economy" and so long as the services of the private sector in promoting the economic well-being of the people are recognised and the resources of the State can be more fruitfully employed in establishing new industries opening out additional avenues of employment, every right-thinking person should desist from pressing Government to take over existing industries and commerce from efficient hands, though run with private capital and the replacement of foreign capital must be welcome.

Essentially the budget of 1957-58 is to be studied as an integral part of the wider efforts of Government to work the Second Five-Year Plan without modification. I hope all sections of the House will join hands to save the Plan to save the people.

Mr. Speaker: I will draw the attention of the members that I do not like to take the time of the House on the question of reading speeches in the House. If honourable members are really interested, they can usefully consult May's Parliamentary Practice, page 424, 15th Edition.

Sj. Hemanta Kumar Ghosal:

স্যার, উনি তো আপনাকে মানছেন না।

Mr. Speaker: If you wish I shall make every honourable member feel that I do not allow any extra minute, but I do relax because I want that everybody should get a chance of finishing and not go back disappointed.

Dr. Suresh Chandra Banerjee:

মাননীয় সভাপাল মহোদয়, রাজ্যপালের ভাষণ পড়ে এবং আমাদের মুখ্যমন্ত্রী মহাশয়ের বাজেট বক্তৃতা পড়ে বেশ বোঝা যায় এই কয় বৎসরে দেশে অনেক কিছু কাজ করা হয়েছে। স্কুল-কলেজ করা হয়েছে, রাস্তাঘাট করা হয়েছে, হাসপাতাল করা হয়েছে, হেলথ ইউনিট স্থাপন করা হয়েছে—এ ধরণের অনেক কিছু কাজ করা হয়েছে। এসব যে মিথ্যা কথা, তাও বলবার জো নাই। কারণ এইসব কাজ দেশের বিভিন্ন অঞ্চলে ঘুরলে নজরে পড়ে। কিন্তু সঙ্গে সঙ্গে এ-কথাও সত্য যে এইসব কাজ সত্ত্বেও দেশে দুর্দশা কমে নি, বরং বেড়েছে।

দুর্ভিক্ষের অবস্থা দেশে প্রায় লেগেই রয়েছে, হাহাকারের অন্ত নাই, কেউই সন্তুষ্ট নয়। যাঁরা সত্যিকারের দেশের মঙ্গলাকাঙ্ক্ষী, তাঁদের গভীরভাবে ভেবে দেখা দরকার, এমনটা কেন হলো।

[3-50—4 p.m.]

একদিকে ভালভাবে কাজ চলছে, আর অন্যদিকে দেশের দুঃখদৈন্য বেড়ে যাচ্ছে। এদুটো জিনিষ কিভাবে একসঙ্গে চলছে, পরিসংখ্যান থেকে বোঝা কঠিন। আর এই পরিসংখ্যান ভুল না মিথ্যা তারই বা ঠিকানা কি? এই যে পাশাপাশি বিপরীতমুখী দুটো অবস্থা এতে আমার প্রাণে ব্যথা বাজে। নির্বাচনের পর আমি আমার নির্বাচনকেন্দ্রে ঘুরে এই জিনিষটা বোঝবার বিশেষ চেষ্টা করেছি। রাজ্যপালের ভাষণের উপর বক্তৃতার সময় আমি বলেছিলাম যে, দেশে যত রকম সমস্যা আছে তার মধ্যে সবচেয়ে বড় হচ্ছে বেকার সমস্যা। আজ দেশে নানারকম সমস্যা দেখা দিয়েছে। খাদ্য-সমস্যা থেকে আরম্ভ করে সবরকম সমস্যা দেশে তীব্রভাবে প্রকট হয়ে উঠছে। কিন্তু তার মধ্যেও সবচেয়ে তীব্র হচ্ছে বেকার সমস্যা। দেশে যদি বেকার সমস্যা না থাকত, সকলকে যদি কাজ দেওয়া যেত তাহলে বর্তমানে চাউলের দুর্মূল্যতা সত্ত্বেও লোকের এত কষ্ট হত না। বেকার সমস্যাই প্রবলতম সমস্যা। তাই একটা অঞ্চলের উন্নতি সাধন করতে হ'লে সেই অঞ্চলের বেকার সমস্যা দূর করার জন্য সর্বাগ্রে চেষ্টা করতে হবে। আমার নির্বাচনকেন্দ্রের প্রধান শহর চাকদহে প্রায় ৫০ হাজার লোকের বাস। ৪০ হাজার উদ্বাস্তু। প্রায় ১২॥ হাজার পরিবার। এদের মধ্যে সামান্য সংখ্যকের কাজকর্ম আছে, চাকরী-বাকরী আছে, ছোটখাট দোকান আছে, কেউ বা রিক্সা চালায়। উদ্বাস্তুদের মধ্যে শতকরা ৮০ জন বেকার। এদের বেকার সমস্যা দূর করার জন্য কয়েক বছর ধরে আমরা চেষ্টা করছি। ফলে ঠিক হয় চাকদহে একটা সূতাকল হবে। সেই কলে ২॥ হাজার লোক কাজ পাবে। সেই সূতার কলে উৎপন্ন সূতা আট হাজার তাঁতি নিজ নিজ ঘরে বসে তাঁত চালাবে। এভাবে কাজ হ'লে উদ্বাস্তুদের বেকার সমস্যা সহজেই সমাধান হ'ত। এভাবে হবার পথে কোন অন্তরায়ই ছিল না। চাকদহে জলের অভাব নাই, কাছেই গঙ্গা নদী। জায়গার অভাব নেই, টাকারও অভাব নেই, তবু কেন করা হ'ল না তা জানি না। আজ সেখানে একটি সূতার কল করা অত্যন্ত দরকার। প্রতিদিন আমার কাছে সংবাদ আসছে গলায় দড়ি দিয়ে অমুক উদ্বাস্তু মারা গিয়েছে। ট্রেনের নিচে পড়ে অমুকে প্রাণ দিয়েছে। এরকম খবর প্রতিদিনই আসছে। আমার নির্বাচনকেন্দ্রের অন্যতম শহর গয়েশপুর, সেখানে সকলেই উদ্বাস্তু। সেখানেও ঠিক করা হয় সূতা-কল করা হবে। সেখানে ২৭ শো পরিবার—উদ্বাস্তু পরিবার। সেখানে সূতার কল স্থাপনের পক্ষে প্রয়োজনীয় সব কিছুই আছে। এ-কারণে এ জায়গাটাই ছিল সূতা-কল স্থাপনের পক্ষে সব চাইতে প্রশস্ত। এখানে হ'লে অনেকেরই সুবিধা হ'ত। কিন্তু গভর্নমেন্ট হঠাৎ ঠিক করলেন সূতার কল গয়েশপুরে হবে না, গোপালপুর-কাটাগঞ্জে হবে। এখানে হবার কারণ গোপালপুরের লোকেরা গত নির্বাচনে কংগ্রেসের পক্ষে ভোট দিয়েছে বেশী। কাজেই তাদের সন্তুষ্ট করার জন্য ওটা গয়েশপুর থেকে সরিয়ে নেওয়া হ'ল। এঁরা সবসময় বলেন জনকল্যাণরাষ্ট্র তৈরী করবেন, অথচ সত্যিকার জনকল্যাণের দিকে লক্ষ্য নাই। এই তো গেল কলের কথা। তারপর, ডাঃ রায় তাঁর ভাষণে পাকা রাস্তার কথা বলেছেন। পাকা রাস্তা তাঁরা কিছু কিছু করেছেন সন্দেহ নেই। চাকদহে ছোটখাট কয়েকটা পাকা রাস্তা আছে। কিন্তু যে রাস্তা দিয়ে হাসপাতালে যেতে হয়, স্কুলে যেতে হয়, স্টেশনে যেতে হয়, বাজারে যেতে হয়, থানায় যেতে হয়, সে রাস্তাটি কাঁচা রয়ে গিয়েছে। বর্ষাকালে সেই রাস্তা দিয়ে কাদার জন্য চলাফেরা মুস্কিল হ'য়ে পড়ে। তাই বলছি মুখেই শুধু জনকল্যাণের কথা বলা হয়, কাজে বিশেষ কিছু করা হয় না। এতো গেল চাকদহ শহরের কথা। এখন কল্যাণী শহরের কথা বলব। কল্যাণী ডাঃ রায়ের মানসকন্যা। কল্যাণী থেকে একটি পাকা রাস্তা কলকাতা-রানাঘাট রাস্তা অবধি তৈরী হচ্ছে। কিন্তু যে অঞ্চল দিয়ে রাস্তাটি তৈরী হ'লে যাতায়াতের সুবিধা হ'ত, ধানচাল, শাকসবজী, ইত্যাদি সহজে কলকাতায় আসতে পারত সেদিক দিয়ে করা হয় নি। এই রাস্তা জনগণের মঙ্গলের দিকে লক্ষ্য রেখে করা হয় নি। যদি জনগণের মঙ্গলের দিকে লক্ষ্য রেখে

করা হ'ত তাহ'লে এই রাস্তাটি কল্যাণী থেকে রানাঘাটের রাস্তার দিকে না গিয়ে যেত মদনপুর হয়ে চাকদহ পর্য্যন্ত। এ-সম্বন্ধে প্রতিদিন আমাদের কাছে নানারকম অভিযোগ আসে। রাস্তা হচ্ছে, ভাল রাস্তাই হচ্ছে, প্রচুর টাকা খরচ হচ্ছে, অথচ যে পথ দিয়ে রাস্তা করলে জনগণের সত্যিকার মঙ্গল হ'ত সেখান দিয়ে করা হচ্ছে না। যা করা হচ্ছে তাতে জনসাধারণের বিশেষ কোন সুবিধা হবে না। যাতে সাধারণের, গরীব কৃষকের মঙ্গল হয়, তাদের অর্থনৈতিক উন্নতি হয় সেদিকে লক্ষ্য রেখে করা হচ্ছে না।

[4—4-10 p.m.]

ডাঃ রায় সেদিন উদাত্তকণ্ঠে বলেছিলেন, আমরা এত বিজলী করেছি, এত শহরে বিজলী দিয়েছি, ইত্যাদি। চাকদায় দু-বছর আগে বিজলী হয়েছে। ২৫ মাইল জুড়ে চাকদা শহরে রাস্তা। তার মধ্যে কেবল মাত্র সাড়ে তিন মাইল রাস্তায় বিজলী পেঁাছেছে। লোকে টাকা জমা দিয়ে বিজলী চাইছে, কিন্তু পাচ্ছে না। আমি একটা আফিস করেছি চাকদায়, সেখানে বিজলী চাই—এখনও দেওয়া হয় নি। আমি বিজলী অফিসের কর্তার কাছে গিয়েছিলাম। তিনি বল্লেন, "আমাদের জিনিষপত্র নেই"। ব্যাপার দেখে আমি অবাক হয়ে যাই। যে কাজটা করবে ভাল করেই কর। আধা-খেঁচরাভাবে করা কেন? ভাল করেই কর। নৈলে কারুরই সুবিধে হয় না।

কলেজের ব্যাপারেও ঐ রকম।

[At this stage the blue light was lit]

আমার তো ১৫ মিনিট সময় স্যার। চাকদা বেশ বড় শহর। ছোট ছোট শহরে কলেজ করা হচ্ছে অথচ চাকদায় করা হ'ল না। চাকদায় ৩টি স্কুলে প্রায় ২,৫০০ ছেলে-মেয়ে পড়ে। বছরে প্রায় ৫০০ ছেলে-মেয়ে স্কুল ফাইন্যাল পাশ করে। যেখানে এত ছেলে-মেয়ে পাশ করে সেখানে একটা কলেজ অনায়াসেই চলতে পারে অথচ সেখানে করা হয় নি, করা হয়েছে সব ছোট ছোট জায়গায়, যেসব জায়গায় কলেজ করলে গভর্নমেন্টের লোকসান হতে বাধ্য। সরকারের কোন সুচিন্তিত প্ল্যান নেই, খামখেয়ালমত ব্যক্তিবিশেষকে সন্তুষ্ট করবার জন্য সবকিছু করা হয়। যেমন, কল্যাণী শহরে, ডাঃ রায়ের মানসকন্যা কল্যাণী শহরে গেলে দুঃখ হয়। সেখানে রাত্রে গিয়ে দেখেছি অসংখ্য বিজলীর আলো জ্বলছে, টাকা খরচ হচ্ছে তার দরুন, কিন্তু থাকবার লোক নাই। এক রাত্রে কত টাকা খরচ হচ্ছে তার ইয়ত্তা নেই। গত বিশ্ব-যুদ্ধের সময় ঐ জায়গা জবর-দখল করা হয়। তখন যেসব লোকদের সেখান থেকে উঠিয়ে দেওয়া হয়, তাদের বলা হয়েছিল যুদ্ধ শেষ হবার পর ৬ মাসের মধ্যে তাদের জায়গা ফিরিয়ে দেওয়া হবে। সেখানকার সেই সব লোক, যারা একদা ভালভাবে ছিল, এখন তারা উদ্বাস্তুতে পরিণত হয়েছে। গভর্নমেন্ট পূর্ববঙ্গ হ'তে আগত উদ্বাস্তুদের পুনর্বাসনের ব্যবস্থা করতে পারছেন না, তার ওপর নূতন করে উদ্বাস্তু সৃষ্টি করছেন। আগে শুনেছিলাম যে কলকাতা বিশ্ববিদ্যালয়ের কতক অংশ কল্যাণীতে যাবে। কিন্তু বিশ্ববিদ্যালয়ের লোকেরা যেতে চান না। পরে শুনলাম যে রাইটার্স বিল্ডিংস-এর একটা অংশ সেখানে নেওয়া হবে। রাইটার্স বিল্ডিং-এর লোকেরাও রাজী হয় নি। এখন শুনছি কল্যাণীকে নাকি একটা শিল্প-শহরে পরিণত করা হবে!! বিরাট প্রান্তরের মধ্যে একটা শহর অনেক টাকা খরচ করে ডাঃ রায় করেছেন, সেখানে জলের কল করা হয়েছে, পাকা রাস্তা করা হয়েছে, বিজলী করা হয়েছে, অথচ থাকবার লোক নেই। যেখানে করলে সকলের সুবিধা হতে পারে সেখানে এসব করা হয় না। একদিন ডাঃ রায়কে বিভিন্ন কাজের কথা বলেছিলাম। তিনি বল্লেন, "হাঁ, সুরেশ, সবই বুঝি, কিন্তু টাকার যে দরকার. টাকা হ'লে সব করতে পারি।"। টাকার দরকার এ-কথা ঠিক। আমাদের ষ্টেটে মোট রেভিনিউ হ'ল বছরে ৬০ কোটি টাকা। যে খরচই হোক সেই টাকা থেকেই করতে হবে। আমি যা বলছি—চাকদা শহরের জন্য যে-সব দরকার, যেমন পাকা রাস্তা, বিজলী, কলেজ করা উচিত, সমস্ত বাংলাদেশের বিভিন্ন শহরের জন্যই তা করা উচিত। আমরা চাই বাঁকুড়া, বর্ধমান, মেদিনীপুর, সব জায়গারই উন্নতি হোক, শুধু এক জায়গার নয়।

এসব করতে হ'লে প্রচুর টাকা খরচ করা দরকার। জনগণের কাছ থেকে ট্যাক্স নিয়ে এসব করা সম্ভব হবে না। যেসব বড় বড় শিল্প পশ্চিম বাংলায় আছে সেইসব শিল্পকে রাষ্ট্রের আয়ত্তে অনতে হবে। কলকাতা কর্পোরেশন কর্তৃক বা সরকার কর্তৃক ট্রাম আয়ত্তে আনা হয় নি। সেটা রাষ্ট্রের আয়ত্তে আনতে হবে। পশ্চিম বাংলায় বড় বড় শিল্পের অভাব নেই, সেইসব শিল্পকে যদি ষ্টেটের অধীনে এনে সুষ্ঠুভাবে চালান যায়, তবে রাজ্যের আয় অনেক বাড়তে পারে। সময় কম, আর একটা কথা বলেই শেষ করব। ডাঃ রায় হয় ত বলবেন এসব রাষ্ট্রায়ত্ত করতে হ'লে যে ক্ষতিপূরণ দিতে হবে, সে টাকা পাব কোথায়? উনি সব জমিদারী নিয়েছেন এক সঙ্গে, কিন্তু টাকা দিচ্ছেন কিস্তিতে কিস্তিতে। বড় বড় শিল্পগুলিও তেমনি করে নিয়ে কমপেনসেসন কিস্তিতে কিস্তিতে দেবেন না কেন? মুষ্টিমেয় ধনীর দিকে লক্ষ্য না রেখে, যদি জনগণের মঙ্গলের দিকে, জনগণের কল্যাণের দিকে তাকিয়ে কাজ করা হয় তাহলে টাকার অভাব হবে না। এভাবে কাজ করলেই বাংলার জনগণ সুখী হতে পারবে নৈলে নয়।

[At this stage the honourable member having reached his time limit took his seat.]

Sj. Narendra Nath Sen: Mr. Speaker, Sir, however much one may desire to have a balanced budget, deficit financing often becomes unavoidable for a State which has to undertake development programmes for its progress and prosperity. We should not therefore fight shy of the deficit budget that has been presented before us by the Finance Minister. Sir, my esteemed friend Sj. Deven Sen has expressed grave concern over the large amount of debt incurred by this State and expressed his doubt with regard to the financial position of this State. These debts were incurred, and mostly incurred, for definite purposes and mostly for carrying out development projects. When these projects are successfully carried out and our objects are fulfilled, I am sure we will have no difficulty in paying off our debts. Sir, notwithstanding these heavy debts, the public loans floated by this State are subscribed to the fullest in the shortest possible time. It goes to prove the soundness of the financial position of the State.

My friend Sj. Sudhir Ray Chaudhuri blamed the Finance Minister that although more than 9 crores had been spent last year for famine relief, very scanty provision has been made for this year which threatens to be a dark year for us. The budget indicates the general line of undertakings that is proposed to be undertaken by the Government and to seek approval to spend a certain amount of money. It is not therefore necessary to make a large scale provision for unforeseen circumstances like flood, famine, etc.,—circumstances which may or may not happen. Sir, in the event of any such circumstances taking place the Government has full power to transfer adequate funds from some other surplus item and in the case of an emergency even to spend from the contingency fund where sufficient funds are always available.

[4-10—4-20 p.m.]

There is therefore no sufficient cause for alarm for us.

Sj. Bankim Mukherjee said that the budget has no relation with the condition of the people and it shows no real picture of the State of West Bengal. I am sorry I cannot agree to this proposition. Unless the budget is prepared in conformity with the requirements prevailing in the country it is not possible for any administration to function.

Sir, the post-Independence Governors were every year subjected to bitter criticism for their addresses delivered in this House, but nothing was heard all these years about the ghosts of the Governors of the British regime

which in the shape of statues have been haunting us still in and around the Maidan—I mean the statues of the Governors and of the British rulers in and around the Maidan which are the reminiscences of our slavery and exploitation, the very sight of which is objectionable to a free citizen. In free India there is no room, I think, for any public exhibition of these reminiscences. These should have been removed long ago and stored in the four corners of a museum to be utilised by students of historical research and sculpture. I think Government would have done well if, with the formation of the National Government, they had begun to function by removing all these reminiscences of the signs and symbols of our slavery and exploitation. I hope Government will take immediate steps for removal of the statues to a museum.

Another plague spot of the British regime that I would like to bring to the notice of the Government is the race course. Racing as a legalised gambling which was a luxurious pastime of British rulers and traders, has been a source of ruination of hundreds of families of this State. I know of a lawyer colleague who having staked the last farthing over a horse and having lost it died of heart failure on the spot and while the unfortunate mother of this gentleman was waiting at home for the return of her son the sad news had to be carried to her. This has been the lot with many others.

I am of opinion that the race courses of the Maidan and Tollygunge should be immediately closed and the areas should be utilised for hospitals and middle class housing purposes.

Sir, I am glad that the income from sales tax this year has considerably gone up. If the tax-dodgers, whoever they are, are firmly dealt with and if all the contrivances for evading the sales tax are properly checked and the officers who help in the evasion are found out and adequately punished, I am sure, there may be cent. per cent. improvement in the receipt on this account.

Sir, I am also glad that the State Transport which was a losing concern and which was a subject matter of bitter criticism all these years has been yielding a profitable revenue. If this department is more carefully handled, I am sure, we may have more revenue from this source.

I cannot understand why the Deep Sea Fishing Scheme is still a losing concern. This scheme should be activised to supply us with more fish at cheaper rates.

Sir, the food situation has been the main subject of discussion in this House all these days. It is no use gainsaying the fact that the price of food and all commodities has abnormally gone up beyond the capacity of the common people and the situation has grown very critical. It has been admitted by the Finance Minister in his financial statement that in spite of the heavy and unprecedented flood last year the production of cereals in this State has not been smaller than in the previous year. There must have been Government stock also to carry over. Why then is this unusual shortage in the midst of the year? This must have been due to large scale hoarding by large scale producers, millowners, greedy traders and speculators. Their stock, I submit, should be searched out from their hideouts and placed at the disposal of the Government. Central Government have recently given permission to the State to requisition food stocks wherever they are found. I hope Government will make the fullest use of this permission.

Government have opened a number of fair price shops in and around Calcutta and also in the muffasal. More shops, I submit, should be opened and the scheme should be extended not only to the bustee people but to all sections of middle class people as well. Steps should also be taken to reduce the rising price of commodities. The price of mustard oil seems to have been fixed as high as between Rs. 2 and Rs. 2-8 per seer and does not show any sign of coming down. Steps should be taken to bring the price down.

Sir, acute unemployment is another great problem that we have been faced with. The acuteness of the problem is admitted and has been discussed at length in this House. I do not intend to repeat the same. I only wish to mention some of the handicaps that the job-seekers are to face and invite the careful attention of the Government to them. Firstly, a candidate has, in many cases, to purchase an application form, the price of which varies from four annas to a rupee. For the purpose of submission of the same he has to obtain recommendations from some gazetted officers, or members of the Legislature, or Stipendiary Magistrates, certifying his acquaintance with him for a period to be stated therein, and containing a certificate of character. Even for a sweeper's post a candidate has to secure such recommendations. Sir, this is a great hurdle that a candidate has to pass through and in many cases he either fails to submit the application or has to secure the recommendation through some influence, as it is not possible for a candidate to be acquianted with the MLAs, MPs, MLCs, or gazetted officers, nor is it possible for the latter category of persons to know all candidates personally. Then again, if the application has to be submitted to any of the Public Service Commissions a candidate has to pay a fee varying between Rs. 5 and Rs. 10.

[4-20—4-30 p.m.]

Even after passing through all these hurdles and incurring all these expenses, it becomes hardly possible for him to obtain an interview. Sir, how long can unemployed persons undergo such operations and incur such expenses should better be imagined. I would like to invite the attention of Government, both Central and Provincial, to these difficulties with a request to simplify the process and also to see that all candidates with requisite qualifications may have the chance of submitting themselves to the test of their qualifications. The Employment Exchanges also are not very helpful to the job-seekers, most of whom find it very difficult to send their cases to the recruitment centres for years together. This difficulty should also be removed and I hope the Labour Minister under whom these Employment Exchanges work will kindly look into this matter.

[At this stage the red light was lit.]

I want another two minutes. The Five-Year Plans have received severe criticism from the Opposition. It has been said that the First Five-Year Plan has not achieved the desired result and the Second Plan is also not expected to bring much benefit to us. I do not object to any fair criticism being levelled against the Government but I would at the same time request the Opposition to be fair in their criticism and admit what Government has been able to achieve during these years. If we are determined to shut our eyes against things around us and not to admit anything, nobody can compel us to do so.

Malaria which had the largest toll of death in rural areas every year during the British rule is today a thing of the past. Almost every village has a Health Centre for medical treatment. Even in the remotest villages tube-wells have been sunk in large numbers for considerable help in remedying the scarcity of water in rural areas.

Community Projects and National Extension Blocks no doubt have been rendering useful benefit to the people of the rural areas. These are surely some of the many achievements which the Government may boast of. Sir, (1) the establishment of seven schools for training of farmers' sons, (2) school medical services for medical examination of school girls in Calcutta, (3) programme for development of village youth leadership, (4) literary pension to eminent scholars and poets, (5) model village scheme and (6) loans under the low income housing group scheme are some of the many development projects for which this Government can fairly be congratulated. Sir, for financing the Second Five-Year Plan this State, according to the Finance Minister's statement, may have to raise 14 crores by additional taxation during the Plan period and 1.5 crore in the current year. I would entreat him to follow the policy of taxing the rich to save the poor. Taxation whether direct or indirect is sure to tell upon the financial position of the common man to whom any further taxation is likely to be the last straw on the camel's back. Any further taxation, if required, should, therefore, be levied on luxury goods like motor cars, petrol, etc., which affect only the rich people.

With these words I support the motion.

[4-30—4-55 p.m.]

Sj. Pramatha Nath Dhibar:

মাননীয় স্পীকার মহোদয়, অর্থমন্ত্রী যে বাজেট পেশ করেছেন, তাহা বাস্তবতার পরিপন্থি। আসন্ন দুর্ভিক্ষের আশঙ্কা দেখা দিয়েছে তাহা প্রতিরোধ করার কোন উল্লেখ নাই। অপর পক্ষে দুর্ভিক্ষ খাত হতে ৪ কোটি ৪০ লক্ষ টাকা বাদ দেওয়া হয়েছে। কারণ দেখিয়েছেন এই বৎসরে ফসল ভাল হবে। আমন ধান ও বরো ধানের মরশুম শেষ হয়ে গেছে। প্রচন্ড খরতাপে মাটি শুষ্ক। এখনো পর্যান্ত বৃষ্টির সূচনা দেখা যাচ্ছে না (কলকাতা বাদে)। নদী, খাল, বিল ও পুস্করিনী শুষ্ক। জল সেচেরও কোন উপায় নেই। ইহাতেও কি দুর্ভিক্ষের সূচনা দেখা যাচ্ছে না? চারিদিকে হাহাকার দেখা যাচ্ছে, দেশে খাদ্যাভাব কি নাই, যদি খাদ্যাভাব না থাকে, তবে কোথায় কার কাছে খাদ্য লুক্কায়িত আছে? কেন খাদ্য-দ্রব্যের মূল্য বাড়ছে? ইহার কোন প্রতিকার কি সরকার করতে পারে না? দেশে শতকরা ৯০ জন আজ অর্দ্ধাহারে, অনাহারে দিন কাটাচ্ছে। বিশেষতঃ অনুন্নত শ্রেণীর মানুষ দিনের পর দিন অবহেলিত, নিষ্পেষিত। তাদেরও কি কোন সুরাহা করবার সরকারের দায়িত্ব নাই? দেশের অর্থনীতিক অবস্থায় দেখিয়েছেন স্বাধীনতার পর হতে মাথাপিছু আয় বেড়েছে। কত বড় নিলজ্জের মত ধাপ্পা জনসাধারণকে মাননীয় অর্থমন্ত্রী দিয়েছেন। শতকরা ৯০ জন লোকের পেটে ভাত জুটে না, পরণে কাপড় জুটে না, আর তিনি বলেছেন আয় বেড়েছে। নিশ্চয়ই বেড়েছে কাদের, যারা এই শতকরা ৯০ জন লোকের মাথায় কাঠাল ভেঙ্গে উত্তরোত্তর লাভের খতিয়ান বাড়াচ্ছে। তাদের লাভের গড়পড়তা সাধারণ মানুষের উপর চাপিয়ে ১৯৫১-৫২ সালে ২৭৪·০, ১৯৫২-৫৩ সালে ২৬৬·৪ এবং ১৯৫৩-৫৪ সালে ২৮১·০ দেখিয়েছেন। কতবড় ভুল সংখ্যা তথ্য পরিবেশন করেছেন। কোথায় প্রতিটি স্তরের আয় এখানে দেখিয়েছেন? কোথায় দেখিয়েছেন যারা শতকরা ৭০ জন লোক ৫ বিঘার কম জমি চাষ করেন, কোথায় দেখিয়েছেন ভূমিহীন কৃষক, মজুরদের আয়, যারা মজুর অভাবে অনাহারে, অর্দ্ধাহারে দিনাতিপাত করে? কোথায় দেখিয়েছেন ১০০ টাকার নিম্ন সরকারী ও বেসরকারী [illegible] আয়? ইহা দেখাতে পারেন না। দেখালে সকল তথ্য ফাঁস হয়ে যাবে। ইহাই জাতীয় আয়ের ফিরিস্তি।

শতকরা ৯০ জন লোক সরকারের খেয়াল-খুসীমত চাপান নিত্য নূতন করের বোঝা বহন করে যাবে। আর বাকি পুঁজিপতি ধনীক ও মুনাফাখোরের দল তাদের লাভের অঙ্ক বাড়িয়ে যাবে। ইহাতেও বলেন ত্যাগ করো। কি যুক্তি? তার উপর আবার বলেন কিনা ॥০ সের পরিমাণ ভাত খাও। লোকে মাথার ঘাম পায়ে ফেলে দিনরাত পরিশ্রম করে উৎপাদন করবে, আর দু-চার জন লোক উদর-পূর্ত্তি করবে ইহাতেও বলেন ত্যাগ করো। ইহাই বুঝি যুক্তি?

কেন আজ সরকারী কর্মচারী থেকে আরম্ভ করে সাধারণ কৃষক, মজুর, শ্রমিক, সরকারের খাম-খেয়ালী নীতিতে বিক্ষুব্ধ? কেন আজ দেশময় অনাচার ও অত্যাচার, ঘুষ রন্ধ্রে রন্ধ্রে সরকারী যন্ত্রে প্রবেশ করেছে? অভাব-অনটনে নয় কি? তারা যা পায় তাতে সংসার চলে না। কেন আজ লক্ষ লক্ষ বেকার যুবক কাজ পাচ্ছে না? কি উপায় তাদের জন্য করা হয়েছে? কোটি কোটি টাকা অপচয় করা হচ্ছে। অথচ দুর্গত জনসাধারণের কোন কল্যাণমূলক ব্যবস্থা করা হচ্ছে না। লক্ষ লক্ষ টাকা কর ফাঁকি দিচ্ছে। অথচ কিছু করা হচ্ছে না। যদি কোন সৎ-কর্মচারী করতে যায়, তার চাকরী যায়। কেন তারা ঝুঁকি নিয়ে নিজেদের অল্পবেতনের চাকরীটা হারাবে? ইহা কি সরকারের দুর্বল নীতির জন্য দায়ী নয়? কেন ডি, ভি, সি,র চেয়ারম্যান মিঃ রাও-এর উপর শাস্তিমূলক ব্যবস্থা অবলম্বন করা হ'ল না? ইহার জন্য কেন গরীব চাষীবৃন্দ একর প্রতি ৯ টাকা হারে খালি জমির জন্য এবং ১৫ টাকা হারে দোফলা জমির জন্য ক্যানেল কর দিতে বাধ্য থাকিবে? অপচয় ও লুণ্ঠন করার সুযোগ দেওয়ার জন্য নয় কি? ইহাই বুঝি কল্যাণ রাষ্ট্রের নমুনা? লুটেপুটে খাওয়ার জন্যই কি জনসাধারণ ত্যাগ স্বীকার করবে? কেন বর্ধমানের মেডিকেল স্কুল তুলে দেওয়া হ'ল, মফঃস্বলের ছেলেরা কি পড়বে না? কেন বর্ধমানে মেডিকেল কলেজ করা হবে না? বর্ধমান জেলা হতে কি কোন রেভিনিউ সরকার আদায় করে না? দোষ দিয়ে কোন লাভ নেই। জনসাধারণ আপনাদের যখন আবার গদীতে বসিয়েছেন, ইহার জন্য দায়ী তারাই, নিশ্চয়ই তাদের ট্যাক্সের বোঝা বহন করতে হবে। দুর্ভিক্ষে মরতে হবে, অশিক্ষায় থাকতে হবে। কেন তারা অন্ন, বস্ত্র, শিক্ষা ও স্বাস্থ্যের সুযোগ পাবে। যতদিন সাধারণ মানুষ বুঝতে না পারে, তাদের অধিকার সম্বন্ধে সচেতন না হতে পারে, ততদিন নিশ্চয়ই আপনারা শোষণ, শাসন করবেন, ট্যাক্সের বোঝা চাপাবেন।

স্বাধীনতার পূর্বে বড় বড় কথা বলে, জনসাধারণকে ধোকা দেওয়া হইয়াছিল। ইহার জন্যই কি বহু যুবক প্রাণ দিয়াছেন? এই স্বাধীনতার জন্যই কি অনেককে কারাবরণ করতে হয়েছে? সাধারণ লোকে বলে নাকি এর চেয়ে বৃটিশ ভাল ছিল। তারা তো দেশে বহু কল-কারখানা করেছে, বহু রেল-পথ তারা করেছিল। শোষণও যথেষ্ট করেছে, তবে এত অপচয় করে নাই। এত দুর্নীতিও ছিল না। এত অরাজকতাও ছিল না। দেশের লোক তবু সুখে ছিল। পুকুরে মাছ ছিল, গোলায় ধান ছিল, প্রচুর দুধ-ঘি ছিল। আর এখন কংগ্রেস আমলে পাওডার-মিল্ক, বনস্পতি, ভেজাল তেল, আরো কত কি নিতানূতন হচ্ছে। এই নিয়ে সুখী কল্যাণ রাষ্ট্রের স্বপ্নে কংগ্রেসী সরকার বিভোর। শতকরা ৯০ জন লোক পেট ভরে খেতে পায় না, ছেলেদের লেখা-পড়া শেখাতে পারে না। ছেলেদের পুষ্টিকর খাদ্য দিতে পারে না।

পাঠ্যতালিকার সম্পূর্ণ পুস্তক কিনে দিতে পারে না। প্রথম পঞ্চবার্ষিকী পরিকল্পনা শেষ হ'ল, আর দেশের এই চিত্র, দ্বিতীয় পরিকল্পনায় আরো কত কি অঘটন ঘটবে তার আভাস টি, টি, কৃষ্ণমাচারী বেশ ভালভাবেই দিয়াছেন। অনুন্নত শ্রেণীর দুর্গত ভূমিহীন, কৃষক-মজুরদের জন্য কি পরিকল্পনা সরকার করেছেন? কিছুই না। আজ ইহারাই সবচেয়ে বেশী নিষ্পেষিত, অবহেলিত ও নির্যাতীত। ইহাদের উন্নতি বিধানের না করেছেন কোন শিক্ষার ব্যবস্থা, না করেছেন পানীয় জলের ব্যবস্থা, না করেছেন উদ্বৃত্ত জমি দিবার ব্যবস্থা। গত বন্যায় ক্ষতিগ্রস্ত গৃহহীনদিগকে আজ পর্যন্ত ঋণ বা সাহায্য দেওয়া হয় নাই। কত বিঘা জমি জমিদারী উচ্ছেদের পর সরকারের হাতে এসেছে? বলতে গেলে, কিছুই আসে নাই। সব জমিই বেনামীতে দখলিকৃত। তবে কেন এত প্রহশন?

কোথায় নেমেছে আজ কংগ্রেস? ধোকা দেওয়ার জন্যই কি কংগ্রেসের এতদিনকার ইতিহাস? না প্রকৃত ইতিহাস অবলুপ্ত। সত্যই দুঃখ হয়, কেন জানেন, কংগ্রেস আজ ধনীদের করতলগত। আমার ভোট গণনার দিনে তার টের পাওয়া গেছে। ভোটপত্র চুরি করতে যেয়ে ধরাও পড়েছে। ইহা কি গদীকে করতলগত করার জন্য জঘন্যতম পথে নামে নাই? ইহাদের দ্বারা জনসাধারণ আর অধিক কি আশা করতে পারে? প্রকৃত কংগ্রেসের বহুদিন যবনিকাপাত হয়ে গেছে। তাই অর্থমন্ত্রীর বাজেটও এভাবে রচিত হয়েছে। এতে জনগণের কোন কল্যাণ আশা করা বৃথা।

[At this stage the House was adjourned for 15 minutes.]

[*After adjournment*]

[4-55—5-5 p.m.]

Sj. Hare Krishna Konar:

মাননীয় স্পীকার মহাশয়, আমি আপনার কাছে একটা ইনফরমেশন চাই। কিছুদিন আগে এই আইন সভা বসবার পূর্বে খবর বেরিয়েছিল যে, কলকাতার গোডাউন-এ ২ লক্ষ মণ চাল এসে জমে আছে। মুখ্যমন্ত্রী কেন্দ্রীয় সরকারের সঙ্গে আলোচনা করছেন কি করবেন। তারপর, সংবাদ বেরিয়েছে টেম্থ জুন বেলা ৫টার মধ্যে ক্লিয়ার না করা হ'লে রিকুইজিসন করা হবে—এরকম একটা টাইম লিমিট বেঁধে দেওয়া হয়েছে। প্রেজেন্ট পজিসনটা জানা যাবে না?

Mr. Speaker: I do not think you can raise that point.

Sj. Benoy Krishna Chowdhury:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, বাজেটের সাধারণ আলোচনায় সরকারী পরিকল্পনাগুলি যে নীতিতে চলছে তার আলোচনা আমি সংক্ষেপের মধ্যেই রাখব। বাজেটের আলোচনায় অর্থমন্ত্রী বলেছেন যে এই পরিকল্পনাগুলি তাঁরা সম্পূর্ণ রূপায়িত করেছেন। এটা তিনি প্রথম পঞ্চবার্ষিকী পরিকল্পনা সম্বন্ধে বলেছেন। গত ৫ বছরে আমাদের রাজ্য-পরিকল্পনায় ৬৭ কোটি ৭০ লক্ষ টাকা ব্যয় করেছেন। প্রথমে অসম্ভব মনে হ'লেও প্রথম পঞ্চবার্ষিকী পরিকল্পনা ব্যাপারে তাঁদের সাফল্যে বিশ্বাস আছে। মুখ্যমন্ত্রী অর্থমন্ত্রী হিসাবে বাজেট উপস্থিত করার সময় যা বলেছেন সেটা হচ্ছে করভারপ্রপীড়িত পশ্চিম বাংলার জনসাধারণকে নিংড়ে বরাদ্দ টাকা সংগ্রহ করতে পারা এবং সে টাকা খরচ করতে পারাটাই যেন পরিকল্পনার সার্থকতা। যেমন করেই হোক জনসাধারণের থেকে টাকা আদায় করার এই যে দৃষ্টিভঙ্গী এটা উন্নত অর্থনীতির দৃষ্টিভঙ্গী নয়। এর সঙ্গে সমাজতান্ত্রিক অর্থনীতি দূরের কথা, জাতীয় অর্থনীতিরও কোন সম্পর্ক নাই। সেই অর্থনীতি হচ্ছে মনীষী কেইনস-এর অর্থনীতি, যিনি হচ্ছেন সাম্রাজ্যবাদী অর্থনীতির প্রবর্তক। কিন্তু কথা হচ্ছে জনসাধারণ সেদিক থেকে দেখবে না। জনসাধারণ বিচার করবে এই সমস্ত পরিকল্পনার মাধ্যমে জনসাধারণের জীবনে কোন কল্যাণ হয়েছে কি না। এই কষ্টিপাথরেই তারা প্রত্যেকটা পরিকল্পনা বিচার করবে। সেদিক থেকে বিচার ক'রে আজকে আমাদের বাস্তব সত্যের সম্মুখীন হতে হবে। প্রথম পঞ্চবার্ষিকী পরিকল্পনায় সর্বাধিক গুরুত্ব দেওয়া হয়েছে কৃষির উপর, কিন্তু খাদ্যে স্বয়ংসম্পূর্ণতা আনবার ব্যাপারে সে পরিকল্পনা ব্যর্থ হয়েছে। এ সম্পর্কে মাননীয় সদস্য সুবোধ ব্যানার্জী বলেছেন যে, ১৯৫৩।৫৪ সালে প্রকৃতির দানে খাদ্যাবস্থার খানিকটা উন্নতি হয়েছিল। এই প্রকৃতির দানকে সরকারী কৃতিত্ব হিসাবে জাহির করে তাঁরা নির্লজ্জতারই পরিচয় দিচ্ছেন। হয় তো সেজন্যই প্রকৃতি কৃপিতা হয়ে সমস্ত সরকারী পরিকল্পনা ব্যর্থ করে দিয়েছে। এবং তার ফলে ১৯৫৬।৫৭ সালে পশ্চিম বাংলা ভীষণ দুর্ভিক্ষের সামনে এসে উপস্থিত হয়েছে। শুধু কৃষিই নয়, শিল্পের দিকে যদি তাকান

তাহ'লে দেখবেন ভয়াবহ বেকার সমস্যা পশ্চিম বাংলার জীবনে দিনের পর দিন ঘোরতর সঙ্কট সৃষ্টি করছে। এবং এই সমস্যার সমাধান হওয়া দূরের কথা, দিনের পর দিন তা জটিলতর হচ্ছে। পরিকল্পনা করতে গেলে প্রথমেই বোঝা দরকার পশ্চিম বাংলার অর্থনৈতিক জীবনে বিশিষ্ট দিকগুলি কি, তার সমস্যাগুলি কি, এবং তা সমাধান করতে গেলে পর আমাদের এ-বিষয়ে কি কি করনীয় আছে।

সমস্যা সমাধান ত দূরের কথা দিনের পর দিন এই সমস্যা জটিল থেকে জটিলতর হয়ে উঠেছে। পরিকল্পনা করতে গেলে প্রথমে বুঝা দরকার যে, পশ্চিম বাংলার অর্থনৈতিক দিকের বিশিষ্টতা কি, তার সমস্যাগুলি কি, এবং সমস্যাগুলির সমাধান করতে গেলে পর কি-কি জিনিষ আশু করনীয়; তা বুঝে নিয়ে সেই করনীয় কাজ যদি পরিকল্পিতভাবে করা যায় তাহলেই সত্যকার পরিকল্পনা সার্থক হ'তে পারে। সেইদিক থেকে বিবেচনা করলে দেখা যাবে যে, পশ্চিম বাংলা যখন অবিভক্ত ছিল তখন কৃষির উপর নির্ভরশীল লোক-সংখ্যা ছিল শতকরা ৭০ ভাগ কিন্তু বিভক্ত হওয়ার পরে সেটা কমে গিয়ে আজকে ৫৭·২১ দাঁড়িয়েছে অর্থাৎ আমাদের অর্থনৈতিক জীবনে কৃষির আপেক্ষিক গুরুত্ব কমেছে। অর্থাৎ কৃষির গুরুত্ব এখানে অন্যান্য অনেক রাজ্যের মত, আসাম বা উড়িষ্যার মত নহে কেন না এখন এখানে কৃষিক্ষেত্রের বিকাশের সম্ভাবনা সীমাবদ্ধ। বাংলায় আবাদযোগ্য চাষের জমি এবং যা আবাদ হয়ে আছে তার পরিমাণ অত্যন্ত বেশী—প্রায় ৮৫ ভাগ, আর আসামে আবাদযোগ্য জমি মাত্র শতকরা ১৫ ভাগ এবং উড়িষ্যায় মাত্র ২৩ ভাগ এবং তাতেই যা সেখানে আবাদ হয়। সেখানে আর আবাদযোগ্য ক্ষেত্র নাই এবং যেগুলি আবাদযোগ্য কেবল সেখানেই লোকে জীবিকার সন্ধান করতে পারে। অন্যদিকে মনে রাখতে হবে কৃষির উপর যারা নির্ভরশীল তাদের মধ্যে সেখানে উপার্জ্জনশীল লোকের সংখ্যা অত্যন্ত কম। হিসাব করে দেখা গেছে এক হাজার লোক যারা কৃষির উপর নির্ভরশীল তার ভিতর মাত্র ২৬০ জন উপার্জনশীল এবং স্বয়ংসম্পূর্ণ, আর ৯৮৯ জন উপার্জনশীল নয়, তারা সম্পূর্ণভাবে পরনির্ভরশীল। আর যারা পরিশ্রম করে তাদের সংখ্যা মাত্র ৪২ জন হাজারে। এই যে এখানে কৃষির অবস্থা সেখানে সেই কৃষিকে সমধিকভাবে তার বিকাশের পথ ক'রে দিতে গেলে পর যে সমস্ত জিনিষ করা উচিত ছিল তা মোটেই করা হয় নি। আজ শিল্পের দিকে যদি দেখা যায় তাহলে আমাদের মনে করা উচিত যে, কৃষির উপর পশ্চিম বাংলার বেশী গুরুত্ব না দিয়ে যদি শিল্পের উপর লক্ষ্য রাখা যেত তাহলেও একটু আশা করবার থাকত কিন্তু সেদিকে কোন গুরুত্ব দেওয়া হয় নি। সেই শিল্পের উৎপাদনের দিক থেকে মাননীয় সদস্য "সুবোধবাবু" আলোচনা করে গেছেন, আমি সেদিক থেকে আলোচনা না করে কর্ম-সংস্থানের দিক থেকে আলোচনা করতে চাই এবং সেইদিক থেকে কয়েকটা তথ্য অধ্যক্ষ মহাশয় আপনার মাধ্যমে আমি রাখতে চাই। সেটা এই যে, পশ্চিম বাংলায় ১৯৩৯ সালে যুদ্ধের ঠিক অব্যবহিত পূর্বে যেখানে যতগুলি রেজিষ্ট্রীকৃত ফ্যাক্টরী ছিল তাতে নিযুক্ত শ্রমিকের সংখ্যা ছিল ৫৩২,৮৩০। ১৯৪৫ সালে যুদ্ধের যখন বলা যেতে পারে পিক প্রডাকসন সেই সময় ফ্যাক্টরীতে নিযুক্ত শ্রমিকদের সংখ্যা বেড়ে হয় ৭০২,৮২১; ১৯৫১ সালে সেটা কমে হয় ৬৪৮,৩৮৩; তারপরে এই পাঁচ বছরের পরিকল্পনার মাধ্যমে সেটা প্রায় ৪৮ হাজার কমেছে। এটা আগেই অর্থমন্ত্রী মহাশয় তাঁর নিজের বিবৃতিতে স্বীকার করেছেন। এ ক্ষেত্রে আমি তুলনা করার জন্য বলছি, কোন প্রাদেশিকতার দিক থেকে নয়, অন্যান্য রাজ্যের সংগে তুলনা করব, বিশেষতঃ বোম্বাই ও মাদ্রাজের। বোম্বাইয়ে ফ্যাক্টরীতে নিযুক্ত শ্রমিকের সংখ্যা ছিল ৪৬৬,৪৪০, সেটা ১৯৪৫ সালে বেড়ে হয় ৭৩৫,৭৭৪; এবং ১৯৫১ সালে সেটা কমে নি বরং বেড়ে হয়েছে ৮০৮,০৯৩; মাদ্রাজে ১৯৩৯ সালে ছিল ১৯৭,২৬৬, ১৯৪৫ সালে সেটা বেড়ে হয়েছিল ২,৭৯,১৭৬, আর সেটা ১৯৫১ সালে বেড়ে হয়েছিল ৪,২০,২৯১; অর্থাৎ বোম্বাই এবং মাদ্রাজে ১৯৩৯ থেকে ১৯৫১ সাল পর্য্যন্ত কর্ম-সংস্থানের দিক থেকে তাদের দ্বিগুণ কর্ম-সংস্থানের ব্যবস্থা হয়েছে ঐ রেজিষ্টার্ড ফ্যাক্টরীর মারফতে কিন্তু পশ্চিম বাংলায় মাননীয় সদস্য সুবোধবাবু বলে গেলেন যে, ষ্ট্যাগনেসন-এর লক্ষণ দেখা

গিয়াছে। কিন্তু ষ্ট্যাগনেসন নয়, সেখানে কর্ম-সংস্থানের দিক থেকে সেখানে স্রিংকেজ-এর লক্ষণ রয়েছে, ঐ জিনিষটার বিষয় অবহিত হওয়া দরকার। এ-ক্ষেত্রে আমার মনে হয় ফ্যাক্টরী শিল্পের উপর গুরুত্ব না দিয়ে যেগুলি ছোট এবং মাঝারি শিল্প বা কুটির-শিল্প সেখানে কিছু কর্ম-সংস্থানের ব্যবস্থা হওয়া উচিত, কিন্তু তাও হয় নি, সেখানকার সংখ্যা যদি দেখি তাহলে দেখব যে, সেখানেও সেটা সঙ্কুচিত হয়ে এসেছে। পশ্চিম বাংলার মোটামুটি হিসাব পাওয়া যায় ঐ অর্গ্যানাইজড সেক্টর-এ। তাতে ১৪০,০৪৮ লোক কাজ করে, কিন্তু কটেজ ও স্মল ইন্ডাস্ট্রির উপর নির্ভরশীল লোকের সংখ্যা ৩৪০,০০০, আর এ-দুটোই উঠে যেতে বসেছে। এখানে মাননীয় সদস্য বিমলবাবু একটা একসেপসন নিয়েছেন। কোন কোন সদস্য বিহারের কথা তুলেছেন, আমি সে কথা বলছি না, আমি এমন একটা কথা বলছি না যে কথা সমাজতন্ত্রের সঙ্গে সঙ্গতিপূর্ণ নয়। আমি জাতীয় স্বার্থে এই প্রশ্ন তুলতে চাই এবং তার সঙ্গে সঙ্গতি আছে কিনা বিচার ক'রে আমি বলতে চাই, প্রসাধন শিল্পে, সাবান প্রভৃতিতে, এবং ক্যামিকেল ইন্ডাষ্ট্রিতে বাংলা অগ্রদূত ছিল। সেই জিনিষ আজকে টাটা, লিভার ব্রাদার্সের প্রতিযোগিতার ফলে ধ্বংস হতে বসেছে। তার জন্য তাদের এখানে রক্ষা করার যে দায়িত্ব এবং দাবী সেটা জাতীয়তাবাদের সঙ্গে সঙ্গতিপূর্ণ কি না? বিচার করুন, আজকে কলিকাতার আশেপাশে বহু রবার শিল্প রয়েছে, কিন্তু সেই রবার শিল্প দুটি অত্যন্ত প্রভাবশালী বিদেশী কোম্পানী—ডানলপ ও ফায়ার-ষ্টোন—তাদের প্রতিযোগিতায় ধ্বংস হতে চলেছে। তাদের রক্ষা করা এবং আমাদের এখানে যে, বেল্টিং ইন্ডাষ্ট্রি বা ঐরকম এখানকার যে কোম্পানী সেগুলিকে রক্ষা করা ত দূরের কথা, বরং সেখানে ২ কোটি টাকা মূলধন দিয়ে নূতন ফ্যাক্টরী খোলা হয়েছে। এ কেন—বেঙ্গল কেমিক্যাল ইত্যাদি ঔষধের কারখানাকে আজ বোম্বাইয়ে একটা বিরাট বিদেশী পুঁজির সঙ্গে প্রতিযোগিতায় একত্রিতভাবে তাকে নষ্ট করা হচ্ছে। এইরকম বিভিন্ন দিক থেকে দেশীয় জিনিষের কারখানা নষ্ট হচ্ছে। হাওড়ায় যে ইঞ্জিনীয়ারিং শিল্প রয়েছে তারও সমস্যা রয়েছে; সে সমস্যা সম্বন্ধে দেখবেন যে বাজেটে মাত্র ৪ লক্ষ টাকা বরাদ্দ ধরা হয়েছে, সেটা কিছুই নয়। আজ সেইজন্য তাদের সেন্ট্রাল ওয়ার্কসপের দাবী ছিল। সেই সেন্ট্রাল ওয়ার্কসপ-এর ভিতর দিয়ে তাদের সাহায্যের ব্যবস্থা যদি থাকত, তাদের মার্কেটিং ফেসিলিটিজ, তাদের র মেটিরিয়ালস পাওয়ার ব্যবস্থা যদি থাকত তাহলে বহু লোকের কর্ম-সংস্থানের ব্যবস্থা হত। প্রশ্ন উঠেছে বড় শিল্পের সাথে ছোট শিল্পের ইন্টিগ্রেসন-এর কথা। ইন্টিগ্রেসন একটা কথা আছে কিন্তু সেটা কি তা বোঝার কথা। মনে রাখতে হবে মূল যে দৃষ্টিভঙ্গী তা যদি এই হয় যে যেমন করেই হোক আমাদের যে সমস্ত সাম্রাজ্যবাদী স্বার্থ এ-দেশে রয়েছে, এ-দেশের যেসব একচেটিয়া পুঁজিপতির স্বার্থ রয়েছে তাদের মুনাফায় আঘাত করব না, তাদের স্বার্থে কণামাত্র হস্তক্ষেপ করা হবে না, অথচ আমাদের এখানে কুটির-শিল্প, ছোট ছোট শিল্প, মাঝারি শিল্প গ'ড়ে তুলব, তাহলে আমাদের খুঁজে বেড়াতে হয় কোন্ কোন্ জায়গায় ফাঁক আছে, সে হউক না হউক তার সম্বন্ধে অসম্ভব এক্সপেরিমেন্ট করতে হয়। এই করেই ইন্টিগ্রেসন হয় না। ইন্টিগ্রেসন-এর পথ হ'ল যেখানে শিল্পে অত্যন্ত প্রেসিসিয়ন ওয়ার্ক দরকার, যেখানে আধুনিক যন্ত্রের সাহায্য ছাড়া এই সমস্ত প্রেসিসিয়ন ওয়ার্ক হওয়া অসম্ভব, সেখানে যথাসম্ভব মাঝারি ও ছোট শিল্পকে দেওয়া যেতে পারে এবং তাদের দ্বারা সেই কাজগুলো করিয়ে নিয়ে বড় বড় ফ্যাক্টরীতে এ্যাসেমব্লেজ ওয়ার্ক করতে পারে। সেই রকম আবার বড় বড় ফ্যাক্টরীতে যারা হয়ত কতকগুলি জিনিষ তৈরী করছে সেগুলি কটেজ ইন্ডাষ্ট্রির ভিতর এ্যাসেম্বল্ড্ হতে পারে। আমি দুটো উদাহরণ দিচ্ছি, আমরা দেখেছি যুদ্ধের সময় দিল্লী প্রভৃতি অনেক জায়গায় অনেক ছোট ছোট পার্টস বিভিন্ন জিনিষের কম্পোনেন্টস সেখানকার যে সমস্ত ছোট এবং মাঝারি কোম্পানী তার মধ্য দিয়ে সেগুলি যোগান হত এবং বড় শিল্পে সেগুলি কাজে লাগান হত। আর একটা উদাহরণ দেওয়া যেতে পারে—সুইজারল্যান্ড প্রভৃতি জায়গায়, সেখানে ঘড়ির যে কম্পোনেন্টস তৈরী হয়, সূক্ষ্ম যন্ত্রপাতিতে উন্নত ধরনের লোক সেখানে সেগুলি তৈরী করে কিন্তু সেগুলি এ্যাসেম্বল্ড্ হয় ঘরের ভিতর। এই রকমভাবে যাতে ঐ দুটি প্রতিযোগী না হয়ে কম্পিটিটিভ না হয়ে কমপ্লিমেন্টারি হয়, প্রতিদ্বন্দ্বী না হয়ে পরিপূরক হয়, তাহলে তা করা যায়। তাহলে সেখানে সরকারকে

একটি নীতি নিতে হবে; কারণ, তাদের সামনে মার্কেটের সমস্যা গুরুতর সমস্যা; সেখানে নীতি হচ্ছে যে, সরকারী ও আধা-সরকারী যে-সমস্ত প্রতিষ্ঠান আছে, যে-সমস্ত 'লোক্যাল বডিজ' আছে—যেমন, হাসপাতাল প্রভৃতি, সরকারের আওতার ভিতর যেগুলি রয়েছে, তাদের সমস্ত স্টোরস পারচেজ-এর ক্ষেত্রে, সমস্ত কটেজ ইণ্ডাস্ট্রি, স্মল ইণ্ডাস্ট্রি, এবং মিডিয়াম ইণ্ডাস্ট্রির জিনিষপত্র নেওয়ার যথাসম্ভব চেষ্টা করতে হবে। আগেতে সাম্রাজ্যবাদীর যুগে ভারত গভর্নমেন্টের স্টোরস পারচেজ ভারতের স্বার্থের দিক থেকে হ'ত না, তাদের প্রয়োজনের দিক থেকে করা হ'ত। প্রয়োজন হউক বা না হউক ইঞ্জিনিয়ারিং ফার্মস থেকে সেই জিনিষ স্তূপীকৃত করা হ'ত রেলে এবং অন্যান্য বহু জায়গায়।

[5-5—5-15 p.m.]

সেই তথ্য আমি পরিবেশন করছি। সেখানে প্রাইমারি প্রডাকসন এগ্রিকালচার এ্যাণ্ড ইণ্ডাস্ট্রির ব্যাপারে যা এবারকার বাজেট ফিগারে আছে, সেটা আমি দেখাতে চাই। সেখানে এগ্রিকালচারে রেভিনিউ এ্যাকাউন্ট-এ টোটাল বরাদ্দ ধরা হয়েছে ৫ কোটি ৩৯ লক্ষ ৪৫ হাজার টাকা। এই টোটাল গ্র্যান্টের ভেতরে সেখানে ডেভেলপমেন্ট স্কিম-এর জন্য আছে ৪ কোটি ৩৯ লক্ষ ৩৭ হাজার টাকা। কিন্তু সেগুলিকে আপনি যদি সমস্ত আইটেম বাই আইটেম দেখেন তাহলে দেখবেন যে বিভিন্ন হেড-এ ঘরবাড়ী ইত্যাদি তৈরী করার ব্যাপারেও সেগুলি আছে। এমন কি এগ্রিকালচারাল হেড-এ ঐ ৪ কোটি টাকা বাদ দিলে প্রায় সেখানে ১ কোটি টাকার মতন টাকা থাকে। সেই ১ কোটির ভেতরে, অর্থাৎ ৫ কোটি ৩৯ লক্ষ ৪৫ হাজার টাকা থেকে ৪ কোটি ৩৯ লক্ষ ৩৭ হাজার টাকা সেটা ডেভেলপমেন্ট স্কিম-এ ধরা হয়েছে, সেটাকে যদি বাদ দেওয়া হয় তাহলে সেই ১ কোটি টাকা এগ্রিকালচারের জন্য খাস ডেভেলপমেন্ট স্কিম-এ খরচ করা হবে। আবার তার ভেতরেতেও ডাইরেকসন অ্যান্ড সুপারিন্টেন্ডেন্স-এর জন্য ৬২ লক্ষ ৭৯ হাজার টাকা খরচ করা হবে। অর্থাৎ মোট ডেভেলপমেন্ট স্কিম বাদ দিয়ে যে বরাদ্দ আছে তাতে ১ কোটি টাকার মতন বরাদ্দ এবং সেই এক কোটি টাকা বরাদ্দের ভেতরে ৬২ লক্ষ টাকা ডাইরেকসন এ্যাণ্ড সুপারিন্টেন্ডেন্স-এর জন্য যাচ্ছে। এইরকমভাবে দেখবেন ইণ্ডাস্ট্রিয়াল স্কিম-এ টাকা অত্যন্ত কম ধরা হয়েছে এবং সেখানে সেই বিষয়ে আমি প্রধানতঃ বলতে চাচ্ছি। এখানে কতকগুলি আবার কারচুপিও করা হয়েছে। যেমন ধরুন,

capital outlay on scheme of agriculture outside revenue account.

এ খরচ ধরা হয়েছে ১ কোটি ১৩ লক্ষ ৯৯ হাজার টাকা এবং তাতে গ্রেটার ক্যালকাটা মিল্ক সাপ্লাই-এ ৯২ লক্ষ ১৮ হাজার টাকা ধরা হয়েছে। এগ্রিকালচারের উন্নতির জন্য সেখানে ডেভেলপমেন্ট স্কিম-এ ধরা হয়েছে ১ কোটি ১৩ লক্ষ টাকা, কিন্তু তার মধ্যে ৯২ লক্ষ টাকা গ্রেটার ক্যালকাটা মিল্ক সাপ্লাই-তে চলে যাচ্ছে। অর্থাৎ তাতে এইটুকুন যোগ হচ্ছে যে গাভী থেকে দুধ হয় বলে সেই গাভীর সঙ্গে কৃষির সংযোগ। অর্থাৎ যেহেতু গাভীর দুগ্ধ সেহেতু সেখানে এটা করা হচ্ছে। কিন্তু সত্যিকারের কৃষির উন্নতির দিক থেকে কোন সংযোগ না থাকা সত্ত্বেও সেদিক থেকে ঐ জিনিষ দেখিয়ে দেখান হচ্ছে যে, তাঁরা কৃষির কি পরম উপকার করছেন। আবার ঠিক তেমনিভাবে ইণ্ডাস্ট্রিয়াল ডেভেলপমেন্ট-এর যে আউটলে আছে তাতে সেখানে তাঁরা মোট বরাদ্দ ধরেছেন ক্যাপিটাল এ্যাকাউন্ট-এ ১ কোটি ১৪ লক্ষ ১১ হাজার টাকা। সেখানে তাঁরা মাত্র যেটুকুন খরচ করছেন সেটা হচ্ছে ২০ লক্ষ টাকা ফর সেটিং আপ সাম স্পিনিং মিলস-এ, বাকী ৮৮ লক্ষ টাকা ইনভেষ্টমেন্ট ইন সেয়ারস অফ কো-অপারেটিভ অরগ্যানাইজেসন। সেই কো-অপারেটিভ অরগ্যানাইজেসন-এর লাল বইখানার তলায় ফুট-নোট পড়ে দেখবেন যে সেখানে আছে, ভিলেজে প্রাইমারী সেকেণ্ড ফাইভ ইয়ার স্কিম অনুযায়ী সেন্ট্রাল কো-অপারেটিভ ব্যাঙ্ক যে নূতন রি-অরগ্যানাইজেসন হচ্ছে এবং সেই ভিলেজ প্রাইমারী সোসাইটী-তে টাকা ইনভেষ্টমেন্ট করা হবে। অর্থাৎ ইনভেষ্টমেন্ট ইন কমার্স হবে। কিন্তু সেই কমার্স কোথায়? ইণ্ডাস্ট্রির মোট টাকার ভেতরে মাত্র ৮৮ লক্ষ টাকা ধরা হ'ল কমার্সিয়াল ইনভেষ্টমেন্ট-এ। সেই কমার্স কোথায়, না, যেখানে সেন্ট্রাল

কো-অপারেটিভ প্রাইমারী সোসাইটী আছে সেখানে। অর্থাৎ বলা যেতে পারে যে, পরিস্কারভাবে একটা প্রতারণা হচ্ছে। এইভাবে প্রত্যেকটি ক্ষেত্রে তাঁরা চলেছেন। কিন্তু এই জিনিষ দিয়ে [illegible] কোন উন্নতি হতে পারে না। এইরকমের অজস্র উদাহরণ আমার আছে।

তারপর, মাননীয় স্পীকার মহাশয়, কম্যুনিটি প্রজেক্ট সম্বন্ধে বহু লোকের বহু ধারণা আছে। কিন্তু এ সম্বন্ধে আমি একটা উদাহরণ দিচ্ছি শক্তিগড় সম্বন্ধে। সেখানে কম্যুনিটি প্রজেক্টের টাউনশিপ প্ল্যান ছিল এবং সেই টাউনশিপ প্ল্যানের টোটাল প্রজেক্টে ৪৪ লক্ষ টাকা ধরা হয়েছিল। সেই টাউনশিপ প্ল্যান অনুযায়ী সেখানে কাজ করা হয়েছে, অথচ আজ পর্যন্ত সেখানে কোন শিল্প গ'ড়ে ওঠে নি। অবশ্য কিছু মাদুর এবং সতরঞ্চি তৈরী করার একটা ব্যর্থ প্রচেষ্টা সেখানে চলেছে। ওখানে ঐ কম্যুনিটি প্রজেক্টের এ্যাডভাইসরি বোর্ড-এ আমি ছিলাম। সেখানে আমি প্রস্তাব দিয়েছিলাম যে এই ৪৪ লক্ষ টাকাতে সেখানে একটা চিনি-কল তৈরী করা যায় এবং সেটা তৈরী করলে পর অন্ততঃপক্ষে ১½ হাজার লোক সেটাতে কাজ করতে পারে। শুধু তাই নয়, তার যে বাই-প্রডাক্টস হবে তাতেও লাভ হ'তে পারে। জামালপুর থেকে আরম্ভ করে গলসী, রামগোপালপুর পর্যন্ত ২০ হাজার একর চাষের জমি সেখানে আছে। একজন বিখ্যাত এগ্রিকালচার বিশারদ, ডাঃ জ্ঞান মুখার্জি, তিনি নিজে এই স্কিমকে সাপোর্ট করেছিলেন এবং সেই স্কিমের কথা আমি ডাঃ রায়কেও বলেছিলাম। কিন্তু তবুও সেখানে তাঁরা সেটা করলেন না। মানুষ জীবিকার সন্ধানে দূর-দূরান্তে যায়, এবং সেখানে শহর গ'ড়ে ওঠে। এককালে ১৯১১ সালে যেখানে সিংভূমে মাত্র ৭টি গ্রাম ছিল, আজকে সেখানে ২ লক্ষ লোকের, টাটা শহর গ'ড়ে উঠেছে—শিল্পাঞ্চল বলেই সেটা উঠেছে। আজও মানুষ রুরকেল্লা, তিলাইয়া, সব জায়গাতেই যাচ্ছে। কিন্তু এদের শহর গ'ড়ার পরিকল্পনা হচ্ছে বাড়ী, রাস্তা, ইলেকট্রিসিটি ইত্যাদি ব্যবস্থা করা, তাও আবার সেখানে মানুষ থাকবার জন্য পাখীর মত খাঁচা তৈরী হয়। কিন্তু শিল্প হ'লেই লোক সেখানে আসবে। তাঁদের কম্যুনিটি প্রজেক্টে এই সবই প্রচেষ্টা চলছে। এ ছাড়া আমাদের দেশে যেখানে ব্যাপকভাবে রুরাল আনএমপ্লয়মেন্ট রয়েছে, সেখানে সেই গ্রামাঞ্চলে কেমন করে ফোর্ড ফার্গুসন ট্র্যাক্টর বিক্রি করা হবে তারই প্রচেষ্টা সেখানে চলছে। অথচ ইণ্ডিয়া গভর্নমেন্ট-এর এগ্রিকালচারাল মিনিস্ট্রি, ফুড মিনিস্ট্রির ঊর্ধ্বতন যে-সমস্ত কর্মচারী যারা চায়নায় গিয়েছিলেন, তাঁদের যে রিপোর্ট সেই রিপোর্টে তাঁরা বলেছেন, চায়নাতে দু'টি পরিকল্পনাতেই তাঁরা গ্রামে কৃষির উন্নতির জন্য প্রথম প্রথম কোনরূপ যন্ত্রের ব্যবহারের উপর বেশী জোর দিচ্ছে না। কারণ, তাঁরা বলছেন যে, ওটা করলে তাঁদের যে আনএমপ্লয়মেন্ট সমস্যা রয়েছে সেটা আরও বেড়ে যেতে পারে। সেখানে কৃষকদের সাহায্যের জন্য প্রচুর পরিমাণে ঋণের ব্যবস্থা করা হয়েছে। সেখানে নানাভাবে সেচের ব্যবস্থাও দেওয়া হচ্ছে। সেখানে নানাদিক থেকে তাদের প্রাইস সাপোর্ট দেওয়া হচ্ছে। আবার যাতে কৃষিজাত পণ্যের সংগে শিল্পজাত পণ্যের অসাম্যর জন্য কৃষকরা সর্বস্বান্ত না হ'তে পারে, তার জন্যও সেখানে ব্যবস্থা করা হয়েছে। এইরকম কার্যকরী পন্থার কোনটা আগে দরকার সেদিকে সেখানে তারা সেটার উপরেই আগে জোর দিয়েছেন। কিন্তু এখানে আমি হিসাব দেখাব যে গত বছর যেখানে এ্যাডভান্স টু কাল্টিভেটার্স ছিল ২ কোটি টাকা, সেখানে এবার সেটা কমিয়ে দিয়ে ৬২ লক্ষ টাকা করা হয়েছে। অথচ আমরা দেখছি যে ১৯৫০ সাল থেকে ১৯৫৫ সাল পর্যন্ত ৬ বছরে চায়নাতে ১৪৮ কোটি টাকার মত কৃষির ঋণ দেওয়া হয়েছে। যে ন্যাশনাল এক্সটেনসেন স্কিম বা কম্যুনিটি প্রজেক্ট-এর যে ধরণ, তাঁরা আমেরিকা থেকে ধার করেছেন, সেটা হচ্ছে অন্য জিনিষ। আমেরিকাতেও এইভাবে এই জিনিষ হয় না। অর্থাৎ তাঁরা কপি করতে গিয়ে অন্যভাবে কপি করেছেন। আমেরিকায় বড় বড় যে-সমস্ত কৃষিউৎপাদক ফ্যাক্টরী আছে তাঁরা এজেন্ট পাঠান। শ্রীসুধীর বোস, যিনি এককালে কংগ্রেসে ছিলেন, আমেরিকা ঘুরে এসে এ-সম্বন্ধে দু'টি প্রবন্ধ স্টেটসম্যান-এ লিখেছিলেন এবং তাতে তিনি পরিস্কারভাবেই সব জিনিষ লিখেছিলেন। সেখানে তাদের ধারণা হচ্ছে যে, মডার্ন ফার্মিং মেথড সম্বন্ধে যদি ব্যাপকভাবে গ্রামাঞ্চলে প্রচার করা হয়, তাহলে তাদের মার্কেট বাড়বে। সেজন্য মার্কেট

বাড়ানোর প্রয়োজনে তারা এজেন্ট পাঠান এবং সেই এজেন্টের মাধ্যমেই সমস্ত কাজ করান হয়। এ-ছাড়া সেখানে এজেন্টের আর অন্য কোন কাজ নেই।

[5-15—5-25 p.m.]

কিন্তু তাঁরা সেই কর্ম করছেন এবং তার সাথে সাথে তাঁরা আবার সেখানে অন্যান্য সেই-সমস্ত গ্রামাঞ্চলে বড় সরকারী যে প্রচেষ্টা রয়েছে, এই ডেভেলপমেন্ট প্রোজেক্টএ যারা ভারপ্রাপ্ত কর্মচারী. ডি,পি, অফিসার ইত্যাদি রয়েছে, তাদের সার্কল অফিসার-এর নিচে একটা কেডার হিসাবে তৈরি করতে চাচ্ছেন এবং তাদের মাধ্যমে সেগুলি করবার চেষ্টা করছেন। তার ফলে এটা হচ্ছে যে, গ্রামাঞ্চলে নিজস্ব ক্ষমতা রাখবার জন্য একটা ব্যাপক প্রচেষ্টা চলেছে। তার শাখাপ্রশাখাও বিস্তার করা হচ্ছে। সত্যিকার জনসাধারণের কল্যাণের দিক থেকে সেটা করা হচ্ছে না। আমি এই প্রসঙ্গে কয়েকটা সাজেসন দিতে চাই। আমি একথাও বলতে চাই—ডাঃ রায়ও স্বীকার করেছেন আমাদের অর্থনীতি অনগ্রসর—একটা অনগ্রসর অর্থনীতির যদি সেখানে উন্নতি করতে হয়, তা হ'লে সেই জিনিসের মূল ভিত্তি এখন পর্যন্ত কৃষি। এবং সেই কৃষির উন্নতি করবার জন্য প্রধানত সেখানে চেষ্টা করতে হবে এবং সেই চেষ্টা যদি করতে হয়, তা হ'লে সত্যিকার সেখানে ভূমিসংস্কার করা প্রয়োজন। সেখানে সত্যিকারের তাদের যে সাহায্য—যেগুলি বলছি—কৃষিঋণ, লং টার্ম ঋণ ইত্যাদি দেওয়ার চেষ্টা করা প্রয়োজন। রিক্লেমেসন অব ল্যান্ড যেখানে রয়েছে, সেখানে তা করা দরকার, ইরিগেশনএর ব্যবস্থা করা দরকার। বড় বড় স্কীম যা নেওয়া হয়েছে, সেই বড় বড় স্কীমগুলিতে প্রচুর টাকা খরচ হচ্ছে। ভবিষ্যতে কবে তার জল পাওয়া যাবে, তার ঠিক নাই। যেহেতু সেই জলের জন্য প্রচুর টাকা খরচ করা হয়েছে, সেইহেতু জলের কর অত্যন্ত বেশি ক'রে ধরা হয়েছে। সেইজন্য আমি বড় বড় স্কীমএর বিপক্ষে নই। কিন্তু পরে এগুলি নেওয়া যেতে পারত। আগে স্মল ইরিগেশন স্কীম নিয়ে সেই কৃষির ব্যবস্থা করা যেতে পারে, সেচের ব্যবস্থা করা যেতে পারে। এগুলিকে যদি পরে ভাল ক'রে তথ্য নিয়ে বড় করা হ'ত, তা হ'লে সেখানে ভাল কাজ হ'তে পারত। তা হ'লে আজকে আর এই ১০৮ কোটি টাকা ময়ুরাক্ষীর জন্য ব্যাপকভাবে খরচ করার পরেও এইরকম প্রবল বন্যা হ'ত না। সেই বন্যার কারণ সম্বন্ধে পরে বলব।

Dr. Radhakrishna Pal:

মাননীয় স্পীকার মহাশয়, আজ বক্তৃতা করতে উঠে বাজেট আলোচনা করবার পূর্বে যেভাবে আমাদের বড় বড় নেতারা আপনাকে অভিনন্দন, অভিবাদন ও ধন্যবাদ জানিয়েছেন, তাতে মনে হয় আজকে আবার হাউসের ডিগনিটি যেন ফিরে এসেছে। এর জন্য আপনাকে আমার অভিবাদন ও ধন্যবাদ জানাই। আজ আর আগের মত কোন গণ্ডগোল নাই—নির্বিঘ্নে নিশ্চিন্তে হাউস চ'লে যাচ্ছে। আমার মনে হয় ভারতবর্ষের সমস্ত স্টেটগুলির মধ্যে এটা একটা জাজ্বল্যমান দৃষ্টান্ত দেখাবে যে অ্যাসেম্বি কেমন সুন্দরভাবে চলে। যা হোক স্যার, বাজেট আলোচনা করবার পূর্বে আমার একটা কথা মনে পড়ল। যিনি বাজেট রচনা করেছেন তাঁর কর্মক্ষমতা সম্বন্ধে কালকে আর পরশু অনেক কথা শুনলাম। আমাদের মাননীয় বন্ধু সুবোধবাবুও অনেক কথা বললেন। আমি একটু জানাচ্ছি তাঁকে, যিনি এই বাজেট রচনা করেছেন তিনি পাক্কা ওস্তাদ লোক। কেন, জানেন? আমি জানিয়ে দেই—বাংলার পুরুষ-সিংহ স্যার আশুতোষ এশিয়া মহাদেশের মধ্যে সর্বোচ্চ বিশ্ববিদ্যালয়—শিক্ষাপ্রতিষ্ঠান—কলিকাতা বিশ্ববিদ্যালয়ের ফিনান্স কমিটিতে তাঁকে নিয়েছিলেন ১৯২৪ সালে। বাংলার দধীচি দেশবন্ধু চিত্তরঞ্জন দাশ মেয়র হয়ে তাঁকেই প্রথম বাজেট রচনা করতে দিয়েছিলেন। সুতরাং সেইসব মনীষীরা এই উপযুক্ত ব্যক্তিকে তাঁদের সহায়করূপে নিয়েছিলেন। কথায় বলে—রতনে রতন চেনে। তা ছাড়া ও'রা বোধ হয় ভুলে গেছেন যে, রাষ্ট্রগুরু সুরেন্দ্রনাথ, যিনি ফাদার অব ইন্ডিয়ান ন্যাশনালিজম্, সেই রাষ্ট্রগুরুকে ঐ গান্ধীঘাটের অপর পারে ব্যারাকপুরে ভাগীরথী তীরে বিসর্জন দিয়ে এই পাক্কা ওস্তাদটিকে দেশবন্ধু বাংলায় প্রতিষ্ঠা ক'রে গিয়েছিলেন। সুতরাং এ'কে সমালোচনা করা সহজ; কিন্তু এ'কে অনুসরণ করা কঠিন।

[এ ভয়েসঃ পরের বারে কি বলবেন?]

তার পরিচয় এবার পেয়ে গেছেন স্যার, আরামবাগে ও'দের মাজা ভেঙ্গে দিয়েছি। স্যার, ও'দের পাঁচজনের জামানত বাজেয়াপ্ত করেছি। [চীয়ার্স অ্যান্ড নয়েজ]

Mr. Speaker: I would request the honourable members not to interrupt him.

Dr. Radhakrishna Pal:
অবশ্য সুবোধবাবু কলিকাতা বিশ্ববিদ্যালয়ের কৃতী ছাত্র এবং শিক্ষাবিদ। তাঁর সত্যিই অ্যাসপিরেশন আছে আমি জানি। তিনি পর পর বড় হয়ে যান এ কামনা করি। কিন্তু এই প্রসঙ্গে তাঁর বেশি বড় কথার জন্য হেমবাবুর একটা কবিতা মনে পড়ছে—

"কত যুবা যৌবনেতে,
চড়ি আশার বিমানেতে,
ভাবে ছড়াইবে ভবে
যশোরবি আভা রে।
কোথা সে দয়ার্দ্র চিত্ত,
সংকল্প যাহার নিত্য,
পরদুঃখ বিমোচন—
এ দুঃখার্ত সংসারে॥"

তার তো একটা উদাহরণ ভাইকে দেখিয়ে দিচ্ছি। এখানে আমাদের ভূতপূর্ব মুখ্যমন্ত্রী প্রফুল্লদাও আছেন। তিনি ১৯৪৮ সালে সখেদে বলেছিলেন,

"সেক্রেটারিয়েট এমন ধাম
আগে কে জানিত রে!
হয়ে এত লালায়িত
কে ইহা যাচিত রে॥
আগে যদি জানিতাম,
সেক্রেটারিয়েট এমন ধাম,
তা হ'লে কি পড়িতাম
খানার মাঝারে?

Mr. Speaker: Dr. Pal, this is irrelevant.

[Noise—interruption].

Sj. Saroj Roy:
ওসব আবোলতাবোল উনি আগে অনেকবার বলেছেন।

Mr. Speaker: I would object to these remarks.

Dr. Radhakrishna Pal:
স্যার, আমি ও'দের জবাব দিচ্ছি বাজেট বক্তৃতার মধ্য দিয়ে।

Mr. Speaker: Let the business of the House proceed with all possible dignity. I do not want any controversy or any interruption.

Dr. Radhakrishna Pal:

ও'রা তো বাধা দিচ্ছেন। শ্রদ্ধেয় বঙ্কিমবাবু ৬৫ মিনিট ধ'রে আগে বাজেট আলোচনা ক'রে নানা কথা অর্থমন্ত্রীকে বলেছেন। ডেফিসিট বাজেটকে আমাদের, তিনি নানাভাবে বলেছেন—এটা একটা ভাঁওতা, গরীব জনসাধারণের কাছ থেকে ট্যাক্স আদায় করবার একটা চেষ্টা, কিংবা সেন্ট্রালএর কাছ থেকে কিছুটা টাকা আদায় করবার আর একটা প্রচেষ্টা। ৭ই জুন তারিখে অচ্যুৎ মেনন কেরলের বাজেটকে কেমন করে ক্যামোফ্লেজড্ সারপ্লাস বাজেট দেখিয়েছেন, সেটা আমরা দেখেছি। ওদের ঘাটতি বাজেট হচ্ছে ২ কোটি ২৫ লক্ষ ২৪ হাজার টাকা, অ্যাডিশনাল রেভিনিউ ২ কোটি ৩২ লক্ষ ৫৭ হাজার টাকা দেখিয়ে মাত্র ৭ লক্ষ ৩৩ হাজার টাকা ও'দের উদ্বৃত্ত বাজেট দেখিয়েছেন এবং কার কার উপর ট্যাক্স বসাবেন সেটা জানিয়েছেন—
Amongst the proposal announced tax on agricultural wealth.
আড়াইশো টাকা মাসে, অর্থাৎ তিন হাজার টাকা বছরে যাদের ইনকাম তাদের ট্যাক্স দিতে হবে—কৃষ্ণমাচারি বলেছেন। তার জন্য হরতাল করা হ'ল, কত রকম কি করা হ'ল। এখন আমরা কি করব! কেরালার দৃষ্টান্ত দেখে বাংলা কি বলবে? আবার বলেছেন সেই টাকা কিসে খরচ হবে? বেশ ভাল কথা। ৭৫ হাজার টাকা স্কুল মাস্টারদের দেওয়া হবে, নার্সদের দেওয়া হবে, আর ইনক্রিজড অ্যালাওন্সেস গ্র্যান্টেড টু দি পুলিশ দেওয়া হবে। স্যার, তবু আমাদের পুলিশ বাজেটে দেখবেন ও'রা তুবড়ি ছেড়ে দেবেন।

ইউনিয়ন টেক্সটাইল মিলএ সেদিন পুলিশ ইণ্টারভেন ক'রে পিটিয়েছে। সুতরাং আমরা যদি কিছু বলতে যাই তা হ'লেই বিপদ। স্যার, সেদিন শ্রদ্ধেয় বঙ্কিমদা অনেক কথাই বল্লেন—

Mr. Speaker: Dr. Pal, please do not use the expression "Bankimda" in this House.

[5-25—5-35 p.m.]

Dr. Radhakrishna Pal:

না, স্যার, আর আমি নাম করছি না। [লাফটার]। বন্ধুরা আমাদের বলেন এসবই ভাঁওতা, আসলে খরচ হবে না। কিন্তু, দেখুন, কেরালা সরকার কেন্দ্রীয় আইন অনুযায়ী রাজ্যশাসন করছে। দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় মাননীয় নাম্বুদ্রিপাদ ৮৭ কোটি টাকা পেয়েছেন, এবং আরও চেষ্টা করছেন যাতে ক'রে ২৩০ কোটি টাকা আদায় করা যায়। কিন্তু আমাদের বাজেটে মাননীয় ডাঃ রায় কোন একটা ভাবই প্রচ্ছন্ন রাখেন নি, সবই খোলাখুলিভাবে বলছেন। সবই নেকেড অবস্থায় দেখিয়েছেন। তাঁরা হয়তো ভাবছেন, সত্যং ব্রুয়াৎ, প্রিয়ং ব্রুয়াৎ, মা ব্রুয়াৎ সত্যমপ্রিয়ম্। বাজেটে আমরা দেখছি ১৯৫৩।৫৪ সালে ১১ লক্ষ ৮৭ হাজার টাকার, আয়ব্যয় ১২ লক্ষ ২৪ হাজার টাকা। ১৯৫৩-৫৪ সালে ২০ লক্ষ ৫৬ হাজার টাকা লোনস অ্যান্ড অ্যাডভান্স অ্যাকাউন্টএ ধরা হয়েছে। কৃষিখাতে ১৯৫৩।৫৪ সালে ৩ কোটি ৬৫ লক্ষ ৯৫ হাজার টাকা, আর এই বছর ব্যয় হবে ৫ কোটি ৩৯ লক্ষ ৪৫ হাজার টাকা। জনস্বাস্থ্য খাতে ১৯৫৩-৫৪ সালে ১ কোটি ৬ লক্ষ ৩৭ হাজার টাকা, আর চলতি বছরে ২ কোটি ৭৬ লক্ষ ১৯ হাজার টাকা। শিক্ষাখাতে একটা রিভলিউশন আনা হচ্ছে। ১৯৫৩-৫৪ সালে ৪ কোটি ৩৬ লক্ষ ৫৯ হাজার টাকা, এই বৎসরে ১২ কোটি ১৭ লক্ষ ৩০ হাজার টাকা। স্যার, ১৯৪৮ সালে এই খাতে মাত্র ২॥ কোটি টাকা ছিল। এখন যা ধরা হচ্ছে তা আমার দাদাদের রাজত্বের থেকেও ৫ গুণ বেশি। এই বাজেট একজন সর্বতোমুখী প্রতিভাসম্পন্ন লোক করেছেন। এবং রাজ্যের কল্যাণকামনায় তাঁর যে এই প্রচেষ্টা তা আমাদের সর্বতোভাবে

চালিয়ে যেতে হবে। আজকে রিফিউজিদের সম্বন্ধে কান্নার ধ্বনি উঠেছে। মাননীয় স্পীকার মহাশয়, আমি আর নাম ধরে বলব না, আমি আপনার অনুশাসন মেনে নিয়েছি। কিন্তু একটা কথা মনে পড়ে। কে পূর্ববাংলার লক্ষ লক্ষ ভাইবোনদের সর্বহারা করেছে? কে সেই মহামান্য ব্যক্তি যিনি হিন্দু অফিসারকে ও হিন্দু পুলিসকে টেনে নিয়ে এসেছেন! কে পূর্ব বাংলার হিন্দুদের মোরাল ব্রেকডাউন করেছিল! মাননীয় স্পীকার মহাশয়, সতীন সেন মহাশয়ের মৃত্যুর জন্য কে তিলে তিলে প্রায়শ্চিত্ত করবে? সুতরাং এই যে রিফিউজিদের জন্য কান্না, এটা ঠিক শোভন নয়। যদি সেই মহাপাপের প্রায়শ্চিত্ত করতে হয় তা হ'লে আজকে আমাদের সমবেত প্রচেষ্টা দিয়ে কো-অপারেটিভ মুড্ নিয়ে সকলকে এই বাজেট বাস্তবে রূপায়িত করা উচিত। মাননীয় স্পীকার মহাশয়, ১৯৪৮ সালে সিকিউরিটি অ্যাক্ট এই অ্যাসেম্বলি থেকে পাশ হবার সঙ্গে সঙ্গে আর, ডব্লিউ, এ, সি, প্রস্ফুটিত কুসুমকে কে—[ডিস্টার্ব্যান্স ফ্রম দি অপোজিসন]—গুলী করে এই অ্যাসেম্বলি পথকে রঞ্জিত করেছিল? কার বুকের রক্তে? যাই হোক, আমি আর বলব না, বলতে গেলে অনেক অবাঞ্ছিত কথা বলতে হয়। সেসব কথা আমি বলব না। আমার প্রথম কথা হ'ল, যদি পশ্চিম বাংলাকে আজকে বাঁচাতে হয় তা হ'লে সমবেত প্রচেষ্টা দিয়ে এই বাজেট সার্থক ক'রে তোলা দরকার। আমরা যদি সত্যিই সমবেত প্রচেষ্টা দিয়ে অগ্রসর হ'তে পারি—জ্যোতি বসু মহাশয়, ডাঃ ঘোষ, হেমন্তবাবু, এ'রা আছেন, এ'রা সকলে যদি কো-অপারেটিভ মুড নিয়ে অগ্রসর হন তা হ'লে নিশ্চয়ই সেই প্রচেষ্টা সার্থক হবে। সুতরাং আমি আবেদন করব এ'দের সকলের কাছে, এ'দের সমালোচনা যেন গঠনমূলক হয়। আমি কনস্ট্রাকটিভ ক্রিটিসিজম চাই, ডেস্ট্রাকটিভ ক্রিটিসিজম আমি চাই না। কনস্ট্রাকটিভ ক্রিটিসিজম আই ওআণ্ট স্যার, এই ব'লেই আমি শেষ করছি।

Sj. Jatindra Chandra Chakravorty:

মাননীয় স্পীকার মহাশয়, গত দুই দিন ধ'রে বাজেট বিতর্কের সময় আমার বিরোধীপক্ষের অনেক মাননীয় বন্ধু বলেছেন যে, অর্থমন্ত্রী ডাঃ রায় হিসাব জানেন না বা অর্থনীতি জানেন না। আমি তাঁদের সঙ্গে একদিকে বসলেও এ বিষয়ে তাঁদের সঙ্গে একমত নই। অর্থমন্ত্রী ডাঃ রায় বেশ ভাল হিসাব জানেন, কিন্তু একটা ক্ল্যাসিং বাঙ্কএর ম্যানেজিং ডাইরেক্টর যেমন করে শেয়ার-হোল্ডারদের সামনে ব্যালান্স সিট পেশ করবার সময় গলদ সবকিছু ঢেকে পেশ করেন, আমাদের অর্থমন্ত্রী হিসাব জানেন ব'লেই এমন একটা বাজেট জনসাধারণের সামনে পেশ করেছেন। তার মধ্যে যেসব ত্রুটিবিচ্যুতি রয়েছে তা রেখে ঢেকে হিসাবের কারচুপি ক'রে তা আমাদের সামনে পেশ করেছেন। [ডিস্টার্ব্যান্স ফ্রম দি গভর্নমেন্ট বেঞ্চেস] প্রথমে তিনি বলেছেন, দেশের লোকের গড়পড়তা আয় নাকি ক্রমাগতই বেড়ে যাচ্ছে। কিন্তু হিসাব দিতে গিয়ে এই বৃদ্ধির হার কিভাবে চলেছে সেকথা তিনি বলতে পারেন নি।

[5-35—5-45 p.m.]

তিনি যে হিসাব দিয়েছেন সেই হিসাব থেকে আমি দেখছি যে, গড়পড়তা আয় কমেছে। যদি তাঁর হিসাবমত আমরা চলি, এবং এই হিসাব যদি স্বীকার করতে হয় তা হ'লে শতকরা ৩ টাকা আমাদের গড়পড়তা আয় বেড়েছে। দু' বছর বেড়েছে এরকমও যদি হিসাব পাই তা হ'লেও তাতে জনসাধারণের সত্যকারের অবস্থা বোঝা যায় না। মুষ্টিমেয় কয়েকজনের যে বিরাট মুনাফা সেই মুনাফার হিসাবে সামগ্রিক আয় যদি বাড়ে তাতে জনসাধারণের গড় আয় সব সময় বাড়ে না, অনেক সময় ক'মে যায়। তাই বলছি ডাঃ রায় "অশ্বত্থামা হত ইতি গজঃ"—এই ধরণের কথা বলছেন। মাথাপিছু আয় যদি বেড়ে থাকে তবে তাতে মাথাপিছু ভোগ বাড়ে নি, কনজাম্পসন বাড়ে নি। কারণ দেখাচ্ছেন আয়ের একটা অংশ জমা হচ্ছে। মাননীয় স্পীকার মহাশয়, এতদবস্থায় দেশের লোকের পক্ষে আপনি বিচার ক'রে দেখুন যে, এটা সম্ভব কিনা, এবং যে আয় তাদের রয়েছে ও যে অনুপাতে মূল্যবৃদ্ধি হয়েছে তাতে সঞ্চয় করা দূরের কথা সে টাকা খাটানও সম্পূর্ণ সম্ভব নয়। এ গেল আয়ের চিত্র। খরচের দিকটা দেখা যাক। ডাঃ রায় নিজেই স্বীকার করেছেন যে, খাদ্যশস্যের দাম অত্যন্ত বেড়ে গেছে, ১৯৩৯ সালের দামকে যদি একশ' টাকা ধরি তা হ'লে হিসাবমত ১৯৫৭ সালের এপ্রিলে ৪১০·৭ দাঁড়িয়েছে। মোটামুটি গত দু' বছর শতকরা ৩ টাকা

ক'রে যদি ধরি এবং আয় যদি ৬ টাকা বৃদ্ধি পেয়েও থাকে খাদ্যশস্যের মূল্যবৃদ্ধি শতকরা ৫৩ টাকা হয়েছে। এ অবস্থায় লোক যদি আত্মহত্যা করে, বা এ অবস্থায় লোক যদি অনশনে মারা যায় বা না খেয়ে লোক যদি রেলের তলায় পড়ে আত্মহত্যা করতে যায় তা হ'লে তাদের দোষ দেওয়া যায় না। ডাঃ রায় বলেছেন, বন্যা হওয়া সত্ত্বেও গত বৎসরের তুলনায় এ বৎসর খাদ্যের মোট উৎপাদন কমে নি। তবে মূল্যবৃদ্ধি হ'ল কেন? খাদ্য যথেষ্ট হওয়া সত্ত্বেও যদি দাম বাড়ে তা হ'লে আমরা কি একথা বলতে পারি না যে, যারা মুনাফাখোর, যারা হাঙ্গর-কুমীর তারাই দর বাড়িয়েছে। মজুত ক'রে রেখে খাদ্যশস্যের দর বাড়িয়েছে। এখন জিজ্ঞাসা করতে পারি কি যে, ১০ বছর গদিতে থাকার পরও কংগ্রেস সরকার এবং ডাঃ রায় এই হাঙ্গর-কুমীরদের শায়েস্তা করতে পারেন না কেন? বরং দেখি তাদের প্রশ্রয় দিয়ে রেখেছেন। অন্যান্য দ্রব্যের দামও তিনি বলেছেন এই রকম অনুপাতে বেড়েছে। শিল্পজাত দ্রব্যের পাইকারী দর বেড়েছে। আমরা দেখছি শিল্পজাত দ্রব্যের উৎপাদন বহুলাংশে বেড়েছে। ১৯৫১ সালের তুলনায় ১৯৫৬ সালের জুলাই মাসে উৎপাদন শতকরা ৫২ ভাগ বেড়েছে; কিন্তু সে অনুপাতে কনজাম্পসন বা ভোগ বাড়ছে না। তিনি বলেছেন আয়ের একটা অংশ জমা হয়েছে। তা হ'লে এই যে শতকরা ৫২ ভাগ শিল্পজাত দ্রব্যের উৎপাদন বাড়ল এটা কি ক'রে কার কাছে আবদ্ধ করা হচ্ছে? এটা নিশ্চয়ই বাড়তি মাল হ'লে গুদামে জমা হচ্ছে। আমরা সংবাদপত্রে দেখি এবং রাস্তা চলতে চলতে দেখি ফিরিওয়ালারা আজ স্তূপীকৃত শিল্পজাত দ্রব্য নীলামে বিক্রি করছে। তা হ'লে আজ এই যে অবস্থার সৃষ্টি হয়েছে তাতে যে অর্থনৈতিক চিত্র দেখতে পাচ্ছি তাতে বোঝা যায় কি দুরবস্থার মধ্য দিয়ে দেশ চলেছে। জনসাধারণের গড়পড়তা আয় বাড়ে নি তা বাজেট থেকেই দেখছি। খাদ্যদ্রব্যের মূল্য শতকরা ৫২ ভাগ বেড়েছে, অন্য দ্রব্যের দামও বেড়েছে শিল্পজাত দ্রব্য গুদামে পচছে, কেনবার লোক নেই, নিত্যপ্রয়োজনীয় দ্রব্য বেশি দামে কিনতে হচ্ছে; বহু প্রতিষ্ঠান বন্ধ হবার মত, অথচ মাগ্‌গি ভাতা বাড়ে নি। এবং প্রথম পঞ্চবার্ষিকী পরিকল্পনার কল্যাণে যারা বহু টাকা মুনাফা করেছে যত হাঙ্গর-কুমীরের দল, তারা বাড়তি টাকা খাটাবার জায়গা পাচ্ছে না ব'লে আজকে খাদ্যশস্য নিয়ে মুনাফা করছে—এই হয়েছে অর্থনৈতিক অবস্থা। এই সাধারণ অবস্থার দিকে চেয়ে দেখলে আমরা দেখি যে, যারা চাষী এবং কৃষক পরিবার, যদি তাদের খাদ্যদ্রব্য উৎপন্ন করতে হয় তা হ'লে তাদের পরিবারপিছু ৫ একর জমি থাকা দরকার। কিন্তু আমরা জানি শতকরা ৭৫টা পরিবারের তা নাই এবং তারা নিজেদের নিতান্ত প্রয়োজনীয় খাদ্যশস্যও উৎপন্ন করতে পারে না। আবার অন্য কোন উপার্জনের পথও তাদের নেই। তারপর তাদের ভূমিরাজস্ব দিতে হচ্ছে এবং অন্য নানারকম করও দিতে হচ্ছে। কিন্তু মনে রাখতে হবে যে, তাদের ভাতের উপর একটু নুন খেতে হবে এবং মাথার উপর একটা চালাঘর দাঁড় করিয়ে রাখতে হবে। এইসমস্ত দরিদ্র লোক, এদের যদি একবেলা উপোস করতে হয়—ডাঃ রায়ের ১০ বৎসর শাসনতন্ত্র পরিচালনা করার পর তা হ'লে তাদের দোষ দেওয়া যায় না। ডাঃ রায় নিজেই স্বীকার করেছেন যে, তাদের অবস্থা অতি খারাপ এবং তাদের উপর আর ট্যাক্স বসান যায় না। তারপর তিনি বলেছেন কৃষির দিক থেকে যা হোক না কেন, আজ শিল্পের দিক থেকে পশ্চিমবঙ্গ খুব উন্নত। অথচ আমরা দেখছি যে, শিক্ষাপ্রতিষ্ঠানগুলিতে দক্ষ বা অদক্ষ, কুশলী বা অকুশলী কত বাঙ্গালী ছেলে—সন্স অব দি সয়েল—তারা চাকরী পাচ্ছে না। পাচ্ছে বেশির ভাগ অন্য প্রদেশ থেকে যারা আগত তারা। মনে রাখতে হবে আমাদের এই যে খাদ্যসঙ্কট, এই খাদ্যসঙ্কটের মধ্যে সেই যারা বহিরাগত তাদের জন্যও খাদ্যশস্য জোগাতে হচ্ছে। তার জন্যও খাদ্যসঙ্কট তীব্রতর হচ্ছে। কাজেই পশ্চিমবঙ্গে যে শিল্পোন্নতি ঘটেছে, তার ফল আমরা কি দেখছি? লাভের টাকা পাবে মাড়োয়ারী মালিকেরা, চাকরি পাবে অন্য রাজ্য থেকে যারা এসেছে তারা, কর পাবে কেন্দ্রীয় সরকার এবং তার যে ন্যায্য ভাগ, আমাদের ভাগ তা আমরা পাব না। আর আমাদের যে বুভুক্ষু জনসাধারণ রয়েছে, তাদের খাবার যে অন্ন, সেটা যারা অন্যথান থেকে এসেছে তাদের দিতে হবে। এ সম্বন্ধে একটা গল্প মনে পড়ল। সেটা এই—দু' ভাই একটা গরু ভাগ করতে চায়। বড় ভাই খুব চালাক, সে ছোট ভাইকে বললে, তুই নে আগের ভাগটা, আর পিছনের ভাগটা আমার। ছোট ভাইয়ের দায়িত্ব পড়ল গরুটাকে চিরকাল খাওয়ানোর এবং বড় ভাই চালাক ব'লে চিরকাল দুধ দোহন ক'রে খাবে। আমরা দেখছি আমাদের বাংলাদেশকে সেইভাবে দোহন করা হচ্ছে, বড় ভাই কৃষ্ণমাচারি ইত্যাদি যাঁরা দিল্লীতে বসে আছেন, বা পাঞ্জাবে বসে আছেন, তাঁরা বাংলাকে এমনভাবে শাসনতন্ত্রে নিষ্পেষিত করছেন যে, বাংলার পক্ষে দুঃসহ অবস্থা হয়ে

দাঁড়িয়েছে। তাই আমরা আজ চাই যে, এই শোষণের এবং লুণ্ঠনের অবসান হউক, এই ইকনমিক স্ট্যাংগুলেশন থেকে বাংলাদেশ মুক্তিলাভ করুক। আবার এই দোহন কেমন ক'রে করছে দেখুন। ধার করতে হচ্ছে, লং টার্ম লোন নিতে হচ্ছে—১৯৫৩-৫৪ সাল থেকে ১৯৫৭-৫৮ সাল পর্যন্ত ২৩ কোটি ৮০ লক্ষ ৪১ হাজার টাকা। কেন্দ্রীয় সরকারের কাছ থেকে ধার করতে হয়েছে ১০৯ কোটি ৯৭ লক্ষ ৭৫ হাজার টাকা। নানারকম পরিকল্পনার নামে এই ধার করতে হচ্ছে, এই দোহন আমাদের চলছে

[5-45—5-55 p.m.]

এবং কমিউনিটি প্রোজেক্টের নাম ক'রে ২৩ লক্ষ ৮৯ হাজার, মোট ১৬৩ কোটির বেশি টাকা কেন্দ্রীয় সরকারের কাছ থেকে আমরা ধার করছি। আজ ১০ বৎসর ধ'রে আমাদের এই অর্থমন্ত্রী মহাশয়, তিনি তাঁর শাসন বাংলাদেশে চালানোর ফলে আজকে বাংলাদেশ দেউলিয়া হ'তে চলেছে। ভবিষ্যৎ বংশধরদের উপর তিনি যাবার সময় এই দেনা চাপিয়ে দিয়ে যাবেন। তারপর দেখুন—শিল্পপ্রতিষ্ঠানগুলিতে বাঙ্গালীর চাকরি হয় না। তার কারণ সম্বন্ধে তিনি বলেছেন—তাদের মনোবৃত্তি নাকি অনুকূল নয় এবং শিক্ষাও তাদের নাই। মনোবৃত্তির কথা না তোলাই ভাল। বাঙ্গালী ছেলেদের যখনই সুযোগ দেওয়া হয়েছে—স্টেট ট্র্যান্সপোর্টএ শিক্ষিত বাঙ্গালী, মধ্যবিত্ত যুবক ড্রাইভারী করছে, কনডাক্টরী করছে। শিক্ষা যদি না পেয়ে থাকে, তার দোষ তাদের নয়। ১০ বৎসর যাবৎ তিনি শাসনতন্ত্র পরিচালনা করছেন। প্রথম পঞ্চবার্ষিকী পরিকল্পনা শেষ হয়ে গেল এবং দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনার অর্ধেক মেরে এনেছেন। অথচ বাঙ্গালী ছেলেদের কলকারখানায় কাজ করার উপযুক্ত শিক্ষার বন্দোবস্ত কেন করা হ'ল না—তার জন্য দায়ী কে? আসল কথা—ডাঃ রায় নিজেই জানেন, কোথায় দোষ, কোথায় ত্রুটি, কেন তারা শিক্ষা পাচ্ছে না, কেন তাদের চাকরি হয় না। শিল্পপ্রতিষ্ঠানগুলির বেশির ভাগই অবাঙ্গালীদের হাতে, তারা বাঙ্গালী মজুর বা কর্মচারী রাখতে চায় না। স্পীকার মহাশয়, আপনার কাছে, আমি কয়েকটা জায়গার নাম করছি। কিছুদিন আগে মুখ্যমন্ত্রী মহাশয়ের কাছে ১১ই অগাস্ট তারিখে সওদাগরী অফিসের কতকগুলি কর্মচারী তাদের যে কর্মচারী ইউনিয়ন আছে সেই ফেডারেশনএর সম্পাদক ১১ই অগাস্ট, ১৯৫৬ সালে মুখ্যমন্ত্রী মহাশয়ের কাছে যে তথ্য পেশ করেছিলেন, এখন পর্যন্ত মুখ্যমন্ত্রী মহাশয় তার প্রাপ্তি স্বীকার করেন নি। তাতে তিনি দেখিয়েছেন যে ডাঃ রায়ের বন্ধু, যারা তাঁর পক্ষপুট-আশ্রিত মাড়োয়ারী, যারা ইংরাজদের কাছ থেকে যে সমস্ত ইংরেজী ফার্ম কিনে নিয়েছে, সেখানকার কতকগুলি কনসার্নএর অবস্থা দেখাচ্ছি। কেটলওয়েল অ্যান্ড বুলেন, ম্যাকলাউড অ্যান্ড কোঃ, অ্যান্ডারসন রাইট—১৯৫৬ সালে তারা ২৬ জনকে রিক্রুট করেছে, নতুন লোক নিয়েছে, তার মধ্যে ২১ জনই নিয়েছে বাংলাদেশের বাইরের লোক। ম্যাকলাউড অ্যান্ড কোংতে ১৬ জন নিয়েছে, তার মধ্যে ১৫ জনই বাংলাদেশের বাইরের, একজন মাত্র বাঙ্গালী। অ্যান্ডারসন রাইটএ ৫ জন নিয়েছে, ৫ জনই বাংলাদেশের বাইরের লোক। বিড়লা ব্রাদার্স—তার সঙ্গে বন্ধুত্ব আছে বিধান বাবুর। সেখানে যে ১০ জনকে নিয়েছে তার মধ্যে একজনও বাঙ্গালী নেই। শুধুমাত্র তাই নয়—এ পর্যন্ত বিড়লা ব্রাদার্সএ কর্মচারীদের যে সংখ্যা তা প্রায় ৮০০ এবং তার মধ্যে শতকরা মাত্র ৫ জন বাঙ্গালী আছে। তাও যারা বহুদিন ধ'রে কাজ করছে ওল্ড এমপ্লয়িজ, কিছুদিন পরে তারাও রিটায়ার করবে। জে এস গ্রুপের যে কারখানা এখানে আমাদের ডালহৌসি স্কোয়ারএ আছে—তাতে একটি বাঙ্গালী অফিসারও সেখানে নেই। করমচাঁদ থাপার—১৯৫৬ সালে তারা ৮ জনকে নিয়েছে—৭ জনই অবাঙ্গালী। পোদ্দার অটোমোবাইলসএর কথা আমি খোঁজ করতে পারি নি—আশা করি আনন্দীলাল পোদ্দার মহাশয়, তিনি আমাদের জানাবেন, তাঁর ওখানে কয়জন বাঙ্গালী তিনি নিয়েছেন। শুধু তাই নয়—বাঙ্গালীদের লোয়ার স্কেলে রাখা হচ্ছে, যদিও তাদের হায়ার কোয়ালিফিকেশন। দিনের পর দিন পূর্ববঙ্গ থেকে যেমন সংখ্যালঘুদের আজকে স্কুইজ আউট ক'রে দেওয়া হচ্ছে, তেমনি ক'রে ডালহৌসি স্কোয়ার এলাকা থেকে মধ্যবিত্ত বাঙ্গালী কর্মচারীদের আজকে স্কুইজ আউট ক'রে দেবার ষড়যন্ত্র চলেছে। মাননীয় স্পীকার মহাশয়, এইবার আমি দেখাতে চাই, বাজেটে যে ডেফিসিট রয়েছে, ৪॥ কোটি টাকা ডেফিসিট, সেই ডেফিসিট আজকে পূরণ করা যায়। **আজকে নানাভাবে যদি ওয়েস্টেজ বন্ধ করা যায়—এবং যদি যে স্টাফ ১৯৪৭ সালে বা এন সি**

রায়, অ্যাসিস্ট্যান্ট কমিশনার, সেল্‌স ট্যাক্স—তিনি যে রেকমেন্ডেশন করেছেন যে ফার্স্ট-পয়েন্ট ট্যাক্স, সেটাকে এক্সটেন্ড করা হোক—এটা এম এম বাসু, যিনি এখন হোম সেক্রেটারি, তিনি তখন সেলস্‌ ট্যাক্স কমিশনার ছিলেন—তাঁর কাছে সেই রেকমেন্ডেশন দেওয়া হয়; সেই রেকমেন্ডেশন এখন যিনি ফাইন্যান্স সেক্রেটারি, তাঁর কাছে যায়। জানি না, তিনি সেটা চেপে রেখেছেন, না মন্ত্রীমণ্ডলীর কাছে দিয়েছেন। মন্ত্রীমণ্ডলীর কাছে যদি দিয়েই থাকেন, তা হ'লে কেন ফার্স্ট-পয়েন্ট ট্যাক্স এক্সটেন্ড্‌ করা হয় না—এই কথা জিজ্ঞাসা করতে পারি কি? বম্বে ও মাদ্রাজে ১৬ কোটি টাকা এখান থেকে আদায় হয়; কলিকাতায় যেখানে বেশি টার্ন-ওভার, সেখানে আমরা জানি যে, এই সেলস্‌ ট্যাক্স যদি ফার্স্ট পয়েন্টএ আজকে এক্সটেন্ড করা যায়, তা হ'লে আমাদের সহজেই এই ডেফিসিট বা ঘাটতি পূরণ হ'তে পারে। শুধু তাই নয়—আজকে এটাও দেখতে হবে—এই ফার্স্ট-পয়েন্ট ট্যাক্স হ'লে অডিটএর খরচ ক'মে যাবে এবং কলেকশনএর খরচও ক'মে যাবে। সঙ্গে সঙ্গে একথা বলতে চাই যে, এ্যাট দি সোর্স মাদ্রাজে যেটা করেছে এবং একথা বলতে পারি যে, কনস্টিটিউশনাল ডিফিকাল্টি থাকলেও মাদ্রাজে যেটা করেছে—এক্সপোর্টেবল্‌ কমোডিটির উপর তারা সেলস্‌ ট্যাক্স বসিয়ে দিয়েছে। আজকে বাংলাদেশের মুখ্যমন্ত্রীর কাছে বাংলার মানুষের পক্ষ থেকে আমরা কি দাবি করতে পারি না যে, আমাদের এখানে যেসমস্ত এক্সপোর্টেবল কমোডিটি আছে—তার উপর নূতন সেলস্‌ ট্যাক্স বসান। কনস্টিটিউশন অ্যামেন্ড করার কথা বলবেন। ভারত সরকারের কাছ থেকে, কেন্দ্রীয় সরকারের কাছ থেকে তাঁরা এই অনুমতি আজকে চান, যাতে তাঁরা এক্সপোর্টেবল কমোডিটির উপর সেলস্‌ ট্যাক্স বসাতে পারেন। এইভাবে আজকে আমাদের ঘাটতি পূরণ হতে পারে। কিন্তু তা ত' হবে না, কারণ পঞ্চবার্ষিকী পরিকল্পনার মত আর একটা পরিকল্পনা যা চলেছে, যে বাংলাদেশের মধ্যবিত্তের মেরুদণ্ড ভেঙ্গে দিতে হবে, বাংলাদেশকে পিষে মারতে হবে—সেই পরিকল্পনার অন্যতম পৃষ্ঠপোষক, আমাদের মুখ্যমন্ত্রী ডাঃ রায়। মাননীয় স্পীকার মহাশয়, আপনার কাছ থেকে আমি এক মিনিট সময় নেব একটা কথার উত্তর দেবার জন্য। মুখ্যমন্ত্রী মহাশয় তাঁর বাজেট স্টেটমেন্টের মধ্যে বলেছেন যে, মধ্যবিত্ত যেসমস্ত যুবক বেকার আছে তাদের মধ্যে শিক্ষিত যারা, ফার্স্ট ডিভিসনএ পাশ করেছে বা গ্র্যাজুয়েট হয়েছে, তারা নাকি সহজেই চাকরি পাচ্ছে। আমি আপনার সামনে ২।১টি তথ্য উপস্থিত করছি। আপনি জানেন যে, তিনি চোখ দিয়ে দেখেন না, কান দিয়ে দেখেন। মুখ্যমন্ত্রী মহাশয়ের কাছে যে রিপোর্ট গিয়েছে, তিনি সেই রিপোর্টএর উপর ভিত্তি ক'রে বলেছেন। কিন্তু তিনি যদি তাঁর শ্রমদপ্তরের যে ন্যাশনাল এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ আছে সেখান থেকে সংবাদ নিতেন, তা হ'লে দেখতে পেতেন বাংলাদেশের মধ্যবিত্ত বেকার-সমস্যার শোচনীয় চিত্র। ১৯৫২ সালে ১২,৯০০ জন ম্যাট্রিকুলেট—তাদের নাম রেজিস্টার্ড হয়েছিল। আর ১৯৫৬ সালে সেই জায়গায় ৩২,৬৪১ এবং ১৯৫৭ সালের ডিসেম্বর মাস পর্যন্ত, ১৯৪৭র প্রথম ৩ মাসে ২৭,৫৭২ জন বেকার রয়েছে। ইন্টারমিডিয়েট ১৯৫২ সালে ২,২৩১ জন, ১৯৫৬ সালে ৭,৫০২; ১৯৫৭ সালের প্রথম ৩ মাসে ৮,৮০৪। গ্র্যাজুয়েটএর কথা বলেছিলেন—ইঞ্জিনীয়ারিংএ ১৯৫২ সালে ৩১৭ এবং ১৯৫৬ সালে যদিও এটা একটু কমেছে কিন্তু মেডিক্যালএ দেখুন, ১৯৫২ সালে ৫২ জন; ১৯৫৬ সালে ৬২ জন হয়েছে, এবং অন্যান্য গ্র্যাজুয়েট আছে ২,৩৭৫ জন। এটা ১৯৫৬ সালে হয়েছে ৫,৩২৬ জন। এসব ফিগার ৩ মাসের ফিগার—বিশ্ববিদ্যালয়ের রেজাল্ট বের হবার পর এই ফিগার আরও শুট-আপ করবে এবং বেকার-সমস্যার চিত্র আরও শোচনীয়ভাবে দেখা দিবে।

Sj. Sagar Chandra Mahato:

মাননীয় স্পীকার মহাশয়, আজ কয়েকদিন ধ'রে যে বাজেট আলোচনা চলছে, তা শুনে এবং এই বাজেট পড়ে যা বুঝলাম তাতে এই বাজেট বরাবর গতানুগতিকভাবে যা হয়ে থাকে এও তাই; এর মধ্যে নূতন কিছু নাই। ভারত স্বাধীনতা লাভ করবার পর আমরা ভেবেছিলাম যে, ডেমোক্রেটিক শাসনব্যবস্থা কায়েম হবে এবং বাজেটও সেইভাবে তৈরি হবে। কিন্তু এই বাজেট থেকে সেইরকম কোন আভাস পাওয়া যায় না। আগেকার দিনে যেভাবে বাজেট তৈরি হ'ত সেইভাবেই এটা তৈরি করা হয়েছে এবং সেই পুরান মেসিনারি দ্বারাই এটা পাশ হয়ে যাবে। যে টাকা বরাদ্দ আছে, তা খরচ হয়ে যাবে।

[5-55—6-5 p.m.]

প্রথমত, এই যে টাকা খরচ করা হবে তা কয়েকজনের সুবিধার জন্য খরচ করা হবে কিন্তু শাসনধারার মাধ্যমে এই যে টাকা খরচ করা হবে, এটা কি অফিসারের মারফত খরচ করা হবে যেমন বরাবর হয়ে আসছে অথবা জনসাধারণের সংযোগে এই টাকা খরচ করা হবে? এই টাকা সদ্ব্যয় হচ্ছে কিনা সেটাও দেখবার জিনিস। বহুদিন বিহার সরকারের আন্ডারে থেকে বহু নিপীড়িত আমরা হয়েছি, বহু ক্ষতিগ্রস্ত হয়েছি, এবং তাতে যে তিক্ত অভিজ্ঞতা আমরা অর্জন করেছি তা থেকে বলছি, এখনও যদি সেইরকমভাবে চলে তা হ'লে আমাদের যে দুঃখ ছিল সেই দুঃখই থাকবে। উদাহরণস্বরূপ বলছি যে, তাঁরা যে টাকা খরচ করতেন, বাজেটে যে টাকা পাশ হ'ত, সেটা তাঁরা খরচ করতেন বিশেষ উদ্দেশ্য সাধনের জন্য। জনসাধারণের কল্যাণের জন্য সে টাকা খরচ হ'ত না। বিহার সরকারের আমলে আমরা দেখেছি যে, তাঁরা যেসব স্কুল করেছিলেন, সেইসব স্কুলের জন্য টাকা ব্যয় হয় নি, সেই টাকা ব্যয় করা হয়েছে নিজেদের বিশেষ উদ্দেশ্য সাধনের জন্য অথচ বাজেটে টাকা পাশ হ'ত জনসাধারণের নাম দিয়ে। উদাহরণস্বরূপ বলছি সেখানে এক জায়গায় স্কুলে হয়ত মাস্টার আছেন ৭ জন, ছাত্র আছে ৯ জন, আর এক জায়গাতে মাস্টার আছে ৩ জন, ছাত্র আছে ৫ জন। কিন্তু টাকা বরাবর যেমন পাচ্ছিল সেই পেয়ে আসছে। আবার যেখানে স্কুল আছে, মাস্টার আছে, সেখানে তারা আগেও টাকা পায় নি, এখনও টাকা বন্ধ আছে। এ গেল একদিকের কথা। আর একদিকের কথা হচ্ছে আমাদের মানভূমে চাষীদের মঙ্গলের জন্য তাঁরা ২।১টা বাঁধ তৈরি করেছিলেন কিন্তু সেই বাঁধ এমনভাবে তৈরি করা হয়েছে যে, কয়েকজনের সুবিধার জন্য সেখানে টাকা ব্যয় করা হয়েছে, চাষীর কোন কাজ দেয় নি। সেই বাঁধগুলি বড় বড় উচ্চ জমিতে তৈরি করেছিলেন, তাতে জল থামে না, জল না থামলে জমি আবাদ হয় না। বর্ষার জল বেরিয়ে আসতে পারে, নীচ থেকে জল বেরোয় না। কেবল কয়েকজনকে হাতে রাখবার জন্য এই টাকা খরচ করা হয়েছে, জনসাধারণের কোন কাজে আসে নি। এখনও যদি টাকা সেইভাবে ব্যয় করা হয় তা হ'লে আমাদের যে দুঃখ ছিল সেই দুঃখই থাকবে। এটার পরিবর্তনের কিছুই আমরা দেখতে পাচ্ছি না এবং এই বাজেটে আমাদের আনন্দিত হবার মত কোন কথা নেই।

আর একটা বিষয় বলব যে, সরকারী কাগজপত্রে দেখা যায় যে, মানভূমে চাল উদ্বৃত্ত রয়েছে কিন্তু আসল ব্যাপারটা ঠিক উল্টো। সেখানে গ্রামবাসীরা কয়েকমাস ধ'রে ভাত খেতে পায় না, তারা জোয়ার, বাজরা ইত্যাদি খায়। এর যদি একটা সুষ্ঠু ব্যবস্থা আমরা করতে পারি তা হ'লে একদিকে যেমন দুর্ভিক্ষ, বন্যা প্রভৃতি দূরীভূত হবে অন্যদিকে তেমন আমাদের বেকার সমস্যার সমাধান হয়ে যাবে। সেখানে তা হ'লে ময়ূরাক্ষী বা বড় বড় বাঁধ বাঁধার আবশ্যক হবে না, পুরানো যেসমস্ত বাঁধ আছে, সেই বাঁধগুলির পঙ্কোদ্ধার করলেই চলে যাবে এবং অধিক জমিতে ধান ফলবে।

আর একটা মানভূমের বড় সম্পদ হচ্ছে জঙ্গল। সেই জঙ্গলের যাঁরা অফিসার আছেন, তাঁদের টাকা আমরা দিই বটে কিন্তু জঙ্গলগুলি দিনের পর দিন বরবাদ হয়ে যাচ্ছে এবং তাতে আমাদের লোকসান হচ্ছে। আগে জঙ্গল থেকে দাম দিয়ে কাঠ নেওয়া হ'ত, এখনও দাম দিয়ে কাঠ নেওয়া হয় বটে, কিন্তু সেই জঙ্গলগুলি দিনকের দিন উজাড় হয়ে যাচ্ছে। ব্যাপারটা হচ্ছে এই যে, আগে নিয়মমত গাছ কাটা হ'ত ব'লে চারা ভাল হ'ত আর এখন অসময়ে গাছ কাটা হয় ব'লে চারাগুলি ভাল হচ্ছে না, এতে বনেরও যেমন ক্ষতি হচ্ছে, পয়সারও তেমন ক্ষতি হচ্ছে। সেদিক থেকে বাস্তবিক আমাদের দেখার দরকার আছে। যখন আমরা টাকা দিচ্ছি তখন সেই টাকা জনসাধারণের কোন কাজে আসছে কিনা, জনসাধারণের হিতার্থে ব্যয় হচ্ছে কিনা সেটা দেখবার দরকার আছে।

মানভূমের আর একটা বড় সমস্যা হচ্ছে কুষ্ঠরোগ। এই রোগ এমন বেড়ে গেছে যে, ভারতের মধ্যে এই জায়গাটা প্রথম স্থান অধিকার করেছে। মানভূমে এই রোগের প্রসার যদি আমরা বন্ধ করতে না পারি, এর সুচিকিৎসার ব্যবস্থা না করতে পারি তা হ'লে আগামী কয়েক বৎসরের মধ্যে যে কি অবস্থা হবে তা ভাবলে আতঙ্কিত হতে হয়। ২৫ বছর পূর্বে এখানে কুষ্ঠরোগী দেখতে পাওয়া যেত না আর এখন এমন গ্রাম নেই যেখানে কুষ্ঠরোগী দেখতে

পাওয়া যাবে না, কুষ্ঠরোগে কেউ আক্রান্ত না হয়েছে। আর মানভূমের ২০ মাইলের মধ্যে কোন হাসপাতাল নেই। বৃটিশ যুগ থেকে বিহার সরকারের আমল পর্যন্ত আমাদের এই দুর্ভোগ চলে আসছে। আশা করি এখন আমাদের এই দুঃখের অবসান হবে। এক একটি থানায় ৭০ হাজার থেকে ১ লক্ষ লোকের বাস, সেখানে মাত্র একটি ক'রে হাসপাতাল আছে এবং তা ২০ মাইল ব্যবধানের মধ্যে রয়েছে। বাঁকুড়ার সংলগ্ন হ'ল মানবাজার থানা, সেখানে একটি হাসপাতাল আছে এবং তার ২০ মাইল পূর্বে বড়বাজারে একটি আছে। এমনভাবে বড়বাজার হচ্ছে বলরামপুর থেকে ২০ মাইল দূরে। বলরামপুর এবং পুরুলিয়ার মধ্যে ২০ মাইলের ব্যবধানে একটি হাসপাতাল রয়েছে। সেখানে আরও হাসপাতাল যাতে হয় সে সম্বন্ধে সরকারের একটা ব্যবস্থা গ্রহণ করা একান্ত দরকার—এদিকে আমি সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। এই ব'লে আমি আমার বক্তব্য শেষ করছি।

Sj. Pramatha Ranjan Thakur:

মুখ্যমন্ত্রী যে বাজেট আমাদের সম্মুখে পেশ করেছেন আমি সেটাকে অভিনন্দন জানাচ্ছি। এই বাজেট সম্বন্ধে বিশেষ বলবার কোন প্রয়োজনীয়তা আমি মনে করি না। তবে কতকগুলো নিবেদন যা আমার করতে হয় সেটা আমি করব এবং সরকারের দৃষ্টি সেদিকে আকর্ষণ করব। গত ইলেকশনের পর থেকে বহু রিফিউজি, আমি নিজেও একজন রিফিউজি, হাজার হাজার রিফিউজি আমাদের বাংলায় এসেছে। তারা এই কথাই জিজ্ঞাসা করছে যে, আমাদের ভবিষ্যৎ কি, সরকার আমাদের কোন্ দিকে পরিচালিত করবেন এবং আমাদের ইকনমিক রিহ্যাবিলিটেশন হওয়ার কোন ব্যবস্থা সরকার কি করবেন? এবং তারা এও বলেছে যে, আমি যেন বিশেষ ক'রে এই বিষয় নিয়ে অ্যাসেম্ব্লিতে একটু বলি। আমি এ বিষয়ে অনেক কথাই মন্ত্রীদের সঙ্গে আলোচনা করেছি এবং অন্তত তাদের অনুরোধ রক্ষার্থে এই অ্যাসেম্বলি হলে তাদের পক্ষ থেকে ২।৪ কথা আমাকে বলতে হবে। স্পীকার মহোদয় আপনার বোধ হয় মনে আছে যে, যখন কনস্টিটিউয়েন্ট অ্যাসেম্বলি ছিল তখন আমিও তার সদস্য ছিলাম। তখন ডাঃ শ্যামাপ্রসাদ মুখার্জি আমাকে নিয়ে প্যাটেল সাহেবের কাছে গিয়েছিলেন এবং যখন বঙ্গভঙ্গ হয় তখন প্যাটেল সাহেব বলেছিলেন যে, পূর্ববঙ্গের যত হিন্দু পশ্চিমবঙ্গে আসতে চায় তাদের তা আসতে দিতে হবে। এযাবৎকাল পশ্চিম বাংলার সরকার যে সেই প্রতিশ্রুতি রক্ষা ক'রে এসেছে তাতে কোন সন্দেহ নেই।

[6-5—6-15 p.m.]

কিন্তু পশ্চিম পাকিস্থানের তুলনায় আমরা দেখতে পাচ্ছি যে, পূর্ব পাকিস্থান থেকে একযোগে সেরকমভাবে সব লোক চ'লে আসতে পারে নি বা আসে নি। পশ্চিম পাকিস্থান থেকে মাইনরিটি যারা তারা ভারতে চ'লে এসেছে এবং তাদের সমস্যাও অনেকটা সমাধান হয়ে গেছে। কিন্তু যেহেতু পূর্ববঙ্গ থেকে পশ্চিমবঙ্গে সব লোক আসে নি, সেহেতু আমাদের সরকার পূর্ববঙ্গের উদ্বাস্তুদের সমস্যা সমাধান এখনও করতে পারেন নি। আজ আমরা দেখতে পাচ্ছি যে, ১০ বছর ধ'রে পূর্ববঙ্গের হিন্দুদের আসার জন্য পশ্চিমবঙ্গের দ্বার আমরা উন্মুক্ত রেখেছি। কিন্তু এই ১০ বছরের ভেতরে যেরকমভাবে তারা জীবনযাপন করছে সেটা বড় দুঃখের বিষয়। মিঃ স্পীকার আপনি যদি সারা পশ্চিমবঙ্গের বিভিন্ন জেলা পরিভ্রমণ করেন বা আপনাকে আমি বলব আমার সঙ্গে আসতে, তা হ'লে দেখবেন যে, কি অবস্থায় তারা আছে। আপনার সঙ্গে আমি বিলেতে একসঙ্গে পড়েছিলাম, আপনাকে আমার ক্লাস-ফ্রেন্ড আমি বলতে পারি, এক সময় আমরা দুজনে বিলেতে ছিলাম। সেজন্য আপনি আমার কথা একটু মনোযোগ দিয়ে শুনুন। আমি আপনাকে বলতে চাই যে, আপনি আমার সঙ্গে বিভিন্ন জেলায় আসুন এবং উদ্বাস্তুদের যে কি দুর্দশা সেটা আপনি নিজে দেখুন। আজ দেখুন যে নানা স্থানে অনেক উদ্বাস্তু ক্যাম্প ক'রে বসে আছে। কিন্তু আপনি যদি সেই সমস্ত উদ্বাস্তুদের ক্যাম্পের ভেতরে ঘোরেন, তা হ'লে দেখবেন যে, তাদের দুর্দশার সীমা নেই বা তাদের যে কি ভবিষ্যৎ আছে তা কেউ বলতেও পারে না। আজ আপনি তাদের জন্য কি ব্যবস্থা করছেন বা কি আর করবেন তা কেউ জানে না। আজকে যখন উদ্বাস্তুরা এসে বলছে যে, বাবু, আমাদের নাকি বাংলার বাহিরে নিয়ে যাবে, তখন আমি তাদের বলি যে, বাংলার বাহিরে যদি সুবিধা হয় তা হ'লে তোমরা যাবে, তাতে বাধা কি আছে? উদ্বাস্তু-সমস্যা

যেরকমভাবে হচ্ছে তাতে এটা তাড়াতাড়ি মেটান দরকার। আজ যদি পশ্চিমবঙ্গে জায়গা না হয়, যা মিঃ খান্না বলেছেন যে, ওয়েস্ট বেঙ্গল হ্যাজ রিচড্ দি স্যাচুরেসন পয়েন্ট—পশ্চিম বাংলার আর পূর্ব বাংলার লোকেদের জায়গা দেবার স্থান নেই। তাই যদি হয়, তা হ'লে বাংলার বাহিরে কি ক'রে তাদের নেওয়া যেতে পারে, সেটা দেখতে হবে। সেখানে অবশ্য তাদের বাঙ্গালীর পরিবেশ সৃষ্টি ক'রে নিতে হবে। তা না হ'লে তারা সেখানে থাকতে চায় না। এই বেতিয়া ক্যাম্প সম্বন্ধে দেখুন না কেন, সেখানে বাঙ্গালীর পরিবেশ নেই। বেতিয়া ক্যাম্পের বহু লোক আমার কাছে এসেছিল বা আমার ঠাকুরনগর পর্যন্ত সেখানে পয়সা খরচ ক'রে গিয়েছিল, তারা আমার কাছে বলেছে যে, সেখানে যেসমস্ত বিহারী অফিসারস্ আছে তারা ওদের বেত্রাঘাত করে ও লাথি মারে। এইরকম অবস্থায় বাস্তবিকই আমরা আমাদের ভাইবোনকে কি ক'রে পশ্চিমবাংলার বাহিরে পাঠিয়ে দিতে পারি। সেজন্য আজ প্রয়োজন হয়ে পড়েছে সরকারের দৃষ্টি এইদিকে লওয়ার। আজ মুখ্যমন্ত্রী তাঁর বাজেটে বলেছেন যে, আমরা রিফিউজিদের জন্য ওভারবার্ডেন্ড হয়ে পড়েছি। অতএব এই ওভারবার্ডেন প্রবলেম সল্‌ভ্ না করলে আমি বলছি যে,

It will break down your administration, it will break down your West Bengal, it will tear West Bengal into pieces.

সেজন্য বলছি যে, বাস্তবিক যদি এই সমস্যার প্রাবল্য হয়ে থাকে তা হ'লে এটাকে সর্বাগ্রে বিবেচনা করা দরকার। তাই আমি একটা কথা সাজেস্ট করতে চাই। আজ আমরা যে নীতি পালন ক'রে আসছি, অর্থাৎ পশ্চিমবাংলায় পূর্ববাংলার যত লোক আছে তাদের আমরা নেব এবং ১০ বছর যাবৎ আমরা দরজাও খোলা রেখেছি—সেখানে আমরা কি প্রকারে বলি যে, তোমরা আর এস না। কারণ আমরা তোমাদের কোন সমস্যার সমাধান করতে পারছি না এবং পূর্ব বাংলা থেকে এনে তোমাদের অন্যত্র জায়গার ব্যবস্থা করতে হচ্ছে। এইরকম অবস্থার কথা সরকার কেন এখনও ঘোষণা করেন না যে, আজ পর্যন্ত যে কয় লক্ষ রিফিউজি এসেছে তাদের পুনর্বাসন না করিয়ে নিয়ে তোমাদের আমরা বসাতে পারি না। এই জিনিসটা সরকারের অবিলম্বে করা দরকার, তা না হ'লে লোক যদি অনবরত আসতে থাকে, তা হ'লে তাদের যে অবস্থা হচ্ছে তা আপনি বুঝতেই পারেন। যেরকম অবস্থায় তারা থাইসিসএ মরছে, তাদের ছেলেপিলে অর্ধেক মারা গেছে, রোগীরা বিনা চিকিৎসায় মরছে, এবং নানাপ্রকার ব্যাধিতে তাদের ধরছে। আমি বলতে চাই যে, এই ব্যাধি শুধু পূর্ববঙ্গের লোকেদের মধ্যেই থাকবে না এটা পশ্চিমবঙ্গকেও আক্রমণ করবে। তারা যেসমস্ত ডিজিজ ছড়াচ্ছে তাতে পশ্চিমবঙ্গকেও অ্যাফেক্ট করবে। অতএব এই প্রবলেমকে সর্বাগ্রে পশ্চিমবঙ্গ সরকারের গ্রহণ করা দরকার।

আর একটা জিনিস আমি শুনে অত্যন্ত সুখী হই যে, দণ্ডকারণ্যেও বাংলার মতন আর একটা প্রদেশ হ'তে পারে। এটা খুব ভাল কথা। ডাঃ বিধানচন্দ্র রায় এবং মিঃ খান্না প্রভৃতি সকলে মিলে এই যে পরিকল্পনা করেছেন এটাকে আমি খুব সমর্থন করি—হোক এটা বাংলার বাহিরে। কিন্তু সর্বাগ্রে আমাদের দেখতে হবে যে, সেখানে কি প্রকারে বাঙ্গালী পরিবেশ সৃষ্টি ক'রে নেওয়া যায়। সেখানে ইউনিভার্সিটি বাঙ্গালীর মতন ক'রে নেওয়া যেতে পারে, সেখানে শিক্ষাপ্রতিষ্ঠান প্রভৃতি অন্যান্য সকল বিষয় তাদের মত ক'রে নেওয়া যেতে পারে। এইরকম যদি ক'রে নেওয়া যায় তা হ'লে নিশ্চয় আমি বলব যে, বাঙ্গালীদের সেখানে নেওয়া যেতে পারে। আমি নদিয়া থেকে আসছি। সেই নদিয়ার ভেতরে ১৪ লক্ষ লোক যে বাস করে, তার মধ্যে ৭ লক্ষ লোক এদেশী, আর বাকি ৭ লক্ষ লোক রিফিউজি। তারা সেখানে গাঁতি জায়গায় যে কিরমভাবে বসে আছে, মিঃ স্পীকার, আপনার জেলা তা আপনি বিশেষভাবে জানেন এবং তার খবরও রাখেন। ইলেকশনের সময় আপনি এইসমস্ত জায়গা ঘুরেছেন সেটা আমি জানি এবং আপনার কনস্টিটিউয়েন্সিতেও আমি গিয়েছিলাম। এটা আপনারও একটা প্রবলেমস্বরূপ। আজ দেখুন নদিয়া জেলার কি অবস্থা। সেটা একটা ডেফিসিট ডিস্ট্রিক্ট। সেখানে ধান, চাল হয় নি, শুষ্ক মরুভূমি হয়ে গেছে এবং এখন এই গরমের সময় লু বওয়ার মতন হওয়াতে লোক সেখানে থাকতে পারছে না। এবার যে অবস্থা তাতে কেমিন যে সেখানে পা আঁকড়ে ধরেছে তা আপনারা জানেন। এই সামান্য একটা জেলা অল্প একটু যার পরিসর,

বছর যার অল্প সেখানে এই জিনিসটাকে কি ক'রে রক্ষা করতে পারেন সেটা আপনারা দেখুন, তা না হ'লে এই জেলা ভেঙ্গে পড়বে। আজকে তারকদা নেই যে, বারে বারে ঘুরে ভিক্ষা করে রিফিউজিদের খাওয়াবে। আজ সেই রিফিউজিদের বন্ধু কে এখানে আছে তা আমি দেখতে পাচ্ছি না, কারণ সকলেই যার যার স্বার্থ নিয়ে আমরা চলেছি। কিন্তু প্রকৃত দরদী সেই তারকদা আজ তিনি এখানে নেই। স্পীকার মহাশয়, আপনাকে বলব যে আপনি আজ সেই দরদী হন, আপনি এগিয়ে পড়ুন এবং আপনি আমাদের পেছনে থাকলে ভয় নাই। এই রিফিউজি সমস্যা এটা বাঙ্গালীর সমস্যা, সমগ্র বাংলাদেশের সমস্যা। এই রিফিউজিদের যদি পুনর্বসতি না করান যায় তা হ'লে নদিয়া জেলা ভেঙ্গে পড়বে, সমগ্র বাংলা ভেঙ্গে পড়বে। আজ তাই বলি যে, আজ আমাদের সরকারের প্রয়োজন হয়ে পড়েছে সর্বাগ্রে এদিকে মনোযোগ দেওয়া।

তারপর আর একটা কথা বেকারসমস্যা সম্পর্কে। বেকারসমস্যা সম্বন্ধে আমি প্রায় কাগজে দেখতে পাই যে, মধ্যবিত্তের মধ্যে বেকারসমস্যা তীব্র। কিন্তু আমি জিজ্ঞাসা করি যে, বাংলাদেশে ক'জন মধ্যবিত্ত আছে। এ বিষয়ে আমাদের ডেফিনিসন হচ্ছে কিনা যার একটু বিদ্যা আছে, মাথায় বুদ্ধি আছে, যিনি পণ্ডিতি ক'রে খান কোন জমি নেই বা যাঁর কোন কাজ নেই হোমিওপ্যাথি ডাক্তারি করেন, তিনি হচ্ছেন মধ্যবিত্ত, আবার অপরদিকে ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেটও মধ্যবিত্ত। কিন্তু আমি বলি যে, বাংলাদেশে মধ্যবিত্ত ব'লে কোন জিনিস নেই। এটা একটা ইন্ডাস্ট্রিয়াল ইকনমির কথা। যে দেশ হাইলি ইন্ডাস্ট্রিয়াল সেদেশে মধ্যবিত্ত থাকতে পারে, কিন্তু আমাদের এই কৃষিপ্রধান দেশে মধ্যবিত্ত কিসের। জমি যার আছে সে জমিদার আর বাকিগুলো সব একপদের লোক। আজ পল্লীতে যান সেখানে দেখবেন যে, লোকে তাকিয়ে আছে যে তারা কি করে বাঁচবে, কি করে খাবে। এইগুলিকে কি আপনারা বেকার-সমস্যা মনে করেন না। আজ ডাঃ রায় কলকাতাকে বলছেন যে, এখানে ওভার-পপুলেশন হয়েছে। এখানে রিফিউজি আসাতে লোকসংখ্যা এত বেড়ে গেছে যে, ওয়ার্লডএর ভেতরে আর কোথাও এইরকম ঘনবসতি স্থান নেই। এই ডেন্সিটি বেড়েছে কেন? এই ডেন্সিটি বেড়েছে পূর্ববঙ্গ থেকে লোক আগমন করার জন্য। আজ শিয়ালদা স্টেশনএর, ইট ইজ সিচুয়েটেড ইন দি হার্ট অব ক্যালকাটা, সেখানকার কি অবস্থা হয়েছে। আজ শেয়ালদা থেকে কতকগুলি রেলওয়ে লাইন ইলেকট্রিক ট্রেনের দ্বারা বার ক'রে দেওয়া হ'ত তা হ'লে বহু রিফিউজি কলকাতার বাইরে গিয়ে বাস করতে পারত এবং তাতে কলকাতার কনজেসনও অনেক ক'মে যেত। কিন্তু আমি এ বিষয়ে অনেক চেষ্টা ক'রেও সফলকাম হ'তে পারি নি। বনগাঁয় যে একটা লাইন রয়েছে সেই লাইন থেকে প্রতিদিন অজস্র লোক আসে। মিঃ স্পীকার, যদি আপনি কোনদিন আমার বাড়ি বেড়াতে যান তা হ'লে আপনি নিশ্চয় দেখবেন যে, কিরকমভাবে লোকে কত কষ্ট ক'রে এখানে আসা-যাওয়া করছে। কিন্তু যদি এখানে ইলেকট্রিক ট্রেন থাকত বা ফ্রিকোয়েন্ট ট্রেন যদি থাকত তা হ'লে কত সুন্দরভাবে লোকে এখানে বসবাস করতে পারত এবং কলকাতার কনজেশনও অনেক ক'মে যেত। আজ তাই এই ব্যবস্থার প্রয়োজন হয়ে পড়েছে, তা না হ'লে ক্যালকাটার কনজেসন কোনরকমভাবেই কমাতে পারবেন না। অতএব এইরকমভাবে ফ্রিকোয়েন্ট ট্রেন চলাচলের ব্যবস্থা যদি করতে না পারেন তা হ'লে এই সমস্যাও যেতে পারে না।

তারপর মিঃ স্পীকার, লাস্টলি আমি এক সংরক্ষিত আসন থেকে এসেছি—দুর্ভাগ্যক্রমে আজও সংরক্ষিত আসনের প্রয়োজন হয়। আজও আমাদের দেশে একদল লোক রয়েছে তারা ব্যাকওয়ার্ড ক্লাস, ইনফিরিয়রিটি কমপ্লেক্স ইজ রিটন্ লার্জ অন দেয়ার ফোরহেড। তারা এগিয়ে এসে কোন কথা বলতে পারে না। তাদের মনের মধ্যে এখনও এমন একটা অন্ধকার বিরাজ করছে যার ফলে তারা এগিয়ে এসে কথা বলতে পারে না। আজ গ্রামের নিভৃত অঞ্চলে চলে যান সেখানে গিয়ে সিডিউলড কাস্টদের ডেকে জিজ্ঞাসা করুন তা হ'লে দেখবেন যে, তারা বলতে পারে না যে, আমরা এই যে স্বাধীনতা লাভ করেছি কিন্তু এই স্বাধীনতার বিনিময়ে আমরা কি লাভ করেছি। মিঃ স্পীকার, স্যার, এই সিডিউলড কাস্টদের জন্য গভর্নমেন্ট অনেক টাকা ব্যয় করেন, কিন্তু সেই টাকা সম্পূর্ণভাবে তাদের জন্য ব্যয়িত হয় না। আজ সিডিউলড কাস্টদের মধ্যে দেখতে পাই যে, কতকগুলি ফ্যামিলি তারা মনোপলি ক'রে বসে আছেন।

অর্থাৎ তাঁরাই কেবল অ্যাসেমব্লিতে আসবেন, মন্ত্রী হবেন, তাঁদের আত্মীয়স্বজনই কেবল বড়বড় আই, এ, এস, বা আই, সি, এস-এর চাকরি পাবেন। কিন্তু এরা ছাড়া বাকি যারা বাহিরে রয়েছে, যারা কথা বলতে পারে না, যারা আপনাকে দেখলে ভয় করবে, সেইরকমভাবের লোক যাদের কোন কথা বলার শক্তি নেই তাদের শিক্ষার জন্য গভর্নমেন্টের যে কি চেষ্টা আছে তা শুধু ভগবানই জানেন, আমরা জানি না।

[6-15—6-25 p.m.]

তাই মিঃ স্পীকার স্যার আজ প্রয়োজন হয়ে পড়েছে এদের জাগান। আজ যদি এই অনুন্নত জাতিকে আপনারা জাগাতে না পারেন তাহলে তারা নীচে থেকেই সমাজকে নীচের দিকে টানবে এবং এতে ল অব গ্র্যাভিটেসন তাদের হেল্প করবে। এবং তাদের এই টানে সমাজ ভেঙ্গে পড়বে। তাই আজ প্রয়োজন হয়ে পড়ছে সম্পূর্ণভাবে তাদের দিকে মনোযোগ দেওয়া। আজ এই ১০ বৎসর পর্যন্ত যে কিরকম অবস্থায় রয়েছে তা আমি ঘুরে ঘুরে প্রতি ঘরে দেখি তাদের প্রকৃত অবস্থা কি। এক শ্রেণীর জাতি যেমন বাগদী জাতি ও অন্যান্য কতকগুলো কেওড়া ইত্যাদি যে জাতি আছে যাদের ভেতরে অশিক্ষা ও কুসংস্কার এত দূর পর্যন্ত রয়েছে যে তাতে কোনকালে যে তারা লেখাপড়া শিখে মানুষ হতে পারবে বা প্রকৃত নাগরিক হতে পারবে একথা আমি বিবেচনা করতে পারি না।

মিঃ স্পীকার, আর একটা কথা যেটা বলতে চাই সেটা না বলেও পারছি না। যখন আমি ইংলন্ডে ছাত্র ছিলাম, মিঃ স্পীকার, তখন আপনি সেখানে স্টুডেন্ট ছিলেন। আমি জানি আপনি বোধ হয় লিনকলন্স ইন-এর স্টুডেন্ট ছিলেন। আমরা জানি যে দোজ ডেজ ইন লিনকলন্‌এ আমরা মনে করতাম যে উই আর বর্ন টু রিজেনারেট দি ওয়ার্লড, যৌবনের উন্মাদনায় যে সময় এইসব কথা আমরা মনে করতাম সেই সময়কার একটা কথা বলছি। সেই সময় স্যার অস্টিন চেম্বারেলিন একটা কথা বলেছিলেন যে, আমাদের কনজারভেটিভ পার্টি কোনরকম কিছুই ভয় করে না এবং আমাদের অপোজিসান লেবার পার্টি যত স্ট্রং হবে ততই আমাদের ডিগনিটি য়্যান্ড স্ট্রেংথ বাড়বে। আজ আমি এই এসেম্বলীতে এসেছি ১০ বছর পরে, কিন্তু এর আগে ইংরাজ আমলের ফ্যাগএন্ডএ আমি এখানকার মেম্বার ছিলাম। অনেকে বলছেন যে আমাদের ওয়েস্ট বেঙ্গল লেজিসলেটিভ এসেম্বলীতে অপোজিসন পার্টি নাকি ভেরি স্ট্রং, কিন্তু আমার মনে হয় না যে তারা একটুও স্ট্রং। এখানে বিভিন্ন দল যেন একটা কবওয়েব বা একটা মাকড়সার জাল পেতে বসে আছে এবং তাদের কাজ কিনা কোন মন্ত্রী উইক বা কোন মন্ত্রী নতুন তাঁকে কি করে হেক্‌ল্ করা যায়, এটাই তাঁরা প্রমাণ করতে চাচ্ছেন। কিন্তু আসলে বস্তুতঃপক্ষে তাঁদের যে কি শক্তি তা কোন আর্গুমেন্টএর দ্বারা আমি বোঝাতে পারি না। অতএব মিঃ স্পীকার, আপনার মারফত আমি তাঁদের বলব তাঁরা যত সত্বর ভাল হতে পারবেন ততই আমাদের ডেমোক্রেসির কাজ হবে এবং তাঁরা যতই ভাল হবেন ততই আমাদের কংগ্রেসের ডিগনিটি ও পজিসন বাড়বে এবং আমাদের স্ট্রেংথও তত বাড়বে। উইথ দিজ ওয়ার্ডস, স্যার আই রিজিউম মাই সিট।

Dr. Pabitra Mohan Roy:

মাননীয় স্পীকার মহাশয়, কিছুদিন আগে সেভেন্থ জুন এখানে দাঁড়িয়ে ডাঃ বিধানচন্দ্র রায় যে জিনিসটা বলেছিলেন অর্থাৎ তিনি কি কি ভাল কাজ করেছেন তার মধ্যে বাগজোলা খালের কথাও উল্লেখ করেছিলেন যে, বাগজোলা খালের সংস্কার হয়েছে কিনা আমরা জানি, আমি ত দমদম থেকে এসেছি আমরা জানি নিশ্চয়ই বাগজোলা খাল হয়েছে, এবং সেই বাগজোলা খালের সংস্কার করতে এক কোটি চার লক্ষ টাকা খরচ করেছেন।

কিন্তু মিঃ স্পীকার, আপনার মারফতে আমরা এই কথা জানাতে চাই যে বাগজোলা খালের সংস্কার করে আজ দমদমের স্বাস্থ্য নষ্ট করা হয়েছে, মশক সৃষ্টি করা হয়েছে, আর সেখানে একটা বদ্ধ জলায় সৃষ্টি করা হয়েছে। যদি আপনি কখনো দমদম এয়ার পোর্টে যান, সেখানে যাবার রাস্তায় যশোর রোড দিয়ে গাড়ী চালিয়ে যেতে যেখানটায় পৌঁছলে নাকে রুমাল চেপে

ধরতে হবে সেইটে হচ্ছে বাগজোলা যা নিয়ে পশ্চিমবঙ্গ সরকারের এত গর্ব। আমি স্বাস্থ্যমন্ত্রী মহাশয়কে আপনার মারফত জানাচ্ছি বাগজোলা খালের যেন ভালভাবে সংস্কার করা হয়, এবং জল যাতে সেখানে না দাঁড়ায় সেই ব্যবস্থা যেন সরকার করেন।

তারপরে, কলকাতার এত পাশে যে দমদম, শ্রমিক ও মধ্যবিত্তদের সেটা এলেকা এবং বিশেষ করে উদ্বাস্তুদের এলেকা, সেখানে উদ্বাস্তুদের প্রায় ৬৫-৭৫টা স্কোয়াটার্স কলোনি রয়েছে, তা ছাড়া রয়েছে ক্যাম্প কলোনি, নব ব্যারাকপুর, কোদালিয়া প্রভৃতি জায়গায় রয়েছে ক্যাম্প কলোনি, সেখানে গত ৭ বছর আগে যারা গিয়েছে তারা আশা করেছিল কিছুদিন পরই তাদের একটা কিছু ব্যবস্থা হবে। সে সমস্ত ক্যাম্পের তাঁবু ছিড়ে গিয়েছে. ঘর ভেঙ্গে গিয়েছে, লাউ কুমড়ার গাছ তার ভিতর দিয়ে গজাচ্ছে, আজও কিন্তু তাদের কোন ব্যবস্থা হয় নাই। তাদের একমাত্র সান্ত্বনা ছিল যে কিছু কিছু ডোল ভিক্ষা পাবে, তাও কেউ কেউ পায় নি।

মিঃ স্পীকার স্যার, আমার ত মনে হয় না যে, কোন লোক সংঘকে বা কোন জাতিকে শুধু ডোল দিয়ে বাঁচানো যেতে পারে, আমাদের সরকার ডোল দিয়ে একটা নতুন জাতি সৃষ্টি করবার জন্য চেষ্টা করছেন, গত সাত বছর ধরে যে ডোল দেওয়া হচ্ছে, তাতে যে টাকা ও'রা খরচ করেছেন তা দ্বারা অনেকগুলি ফ্যামিলিকে ভালভাবে পুনর্বাসন করানো যায়। কিন্তু সেটা আমাদের সরকার করেন নি। তা ছাড়া যে কথা প্রথমে বলেছি যে প্রায় ৬৫টার উপর স্কোয়াটার্স কলোনী রয়েছে যে দমদমে সে স্কোয়ার্টারস কলোনীব বেশীর ভাগই রেগুলারাইজ করা হয় নি। মাত্র যে কয়েকটিকে করা হয়েছে, তার ভিতর কাউকে কাউকে বেছে বেছে অর্পণপত্র দেওয়া হয়েছে। কিন্তু তার পরে আর কারো কোন ব্যবস্থা হচ্ছে না। তার পরে সেগুলি ডেভেলাপ করার জন্য যা কিছু করা দরকার তার জন্য যে অর্থ ব্যয় করতে হবে তার কোন ব্যবস্থা বাজেটে দেখছি না। সেগুলিকে যদি সিস্টেমেটিক্যালি রেগুলারাইজ করতে হয় তাহলে স্থানীয় পৌরসভার সঙ্গে পরামর্শ করা দরকার। কিন্তু আমাদের মন্ত্রীসভা সে চিন্তা করেন না। পৌরসভাগুলি স্বতঃপ্রবৃত্ত হয়ে এগিয়ে এসে অনেকবার মন্ত্রিসভা তথা সরকারেব কাছে এবিষয়ে বলেছে কিন্তু কারো কাছ থেকেই কোন সহানুভূতি পাওয়া যায় নাই। এই সমস্ত স্কোয়াটার্স কলোনিতে শিক্ষা বা স্বাস্থ্য প্রভৃতি কোনদিক দিয়েই উন্নতি কিছু দেখি না। অথচ সেখানে একটা বিরাট জনসংঘ রয়েছে, যাদের জন্য কোন ব্যবস্থাই হচ্ছে না। শিক্ষার দিক থেকে আমরা বলব স্কোয়াটার্স কলোনি বাদ দিয়ে ও অন্য যে সমস্ত লোক রয়েছে প্রাইমারী শিক্ষার দিক দিয়ে ঐ সমস্ত জায়গার মিউনিসিপ্যালিটি যে অর্থব্যয় করে একদা কথা ছিল যে সে খরচের অর্ধেক পৌর সভাগুলি দেবে আর বাকি অর্ধেক সরকার দেবেন। এ হচ্ছে ২০-২৫ বছর আগের কথা। আমি একটা পৌরসভার মধ্যে ১৫ বছর ছিলাম—দক্ষিণ দমদম পৌরসভা. আগে সেখানে লোকসংখ্যা ছিল কম, এখন সেখানে পপুলেসন দাঁড়িয়েছে ৮০ হাজার। তারা এখন প্রাইমারী শিক্ষার জন্য খরচ করেছে ৩০ হাজার টাকা। কিন্তু আগে যখন লোকসংখ্যা কম ছিল তখন তাদের খরচ হয়েছিল ২২শো টাকা। সেই ২২শোর অর্ধেক ১১শো টাকা হচ্ছে সরকারী হিসেবে তাদের পাওনা। কারণ ভদ্রলোকের এক কথা। তাঁরা কথার নড়চড় করেন না। আমাদের সরকার ভদ্রলোক তাই তাঁরা কথার নড়চড় করছেন না। সেইভাবেই আমাদের পশ্চিমবঙ্গ সরকার তাঁদের বাজেটে কোথাও নড়চড় করছেন না। আমরা এবার আশা করেছিলাম—এই বাজেটে উল্লিখিত এলেকাগুলির কিছু কিছু ভালরকম কাজের ব্যবস্থা করা হবে. কিন্তু এখন দেখছি আমরা যেখানে ছিলাম সেইখানেই রয়ে গেছি। আমি সরকারের কাছে অনুরোধ করব—সেই সমস্ত রিফিউজি এলেকাগুলির যাতে উন্নতি হয়ে ভালভাবে চলতে পারে তার ব্যবস্থা করুন।

আর একটা কথা টালা ট্যাঙ্কের পাশেই রয়েছে দমদম। কিন্তু আমরা শুধু সেটার দিকে চেয়েই দেখি, ফার্স্ট-ফাইভ ইয়ার প্ল্যানএ সরকার যে টাকা পৌরসভার জন্য ধরেছিলেন সে টাকা তারা পায় নাই।

[6-25—6-35 p.m.]

Sj. Krishna Kumar Shukla:

माननीय सभापाल महोदय, पश्चिम बंगाल के अर्थ मंत्री ने १९५७-५८ के लिए जो बजेट आपके सामने पेश किया है मैं उसको समर्थन करने के लिए खड़ा हुआ हूँ। आज

तीन दिनों से आलोचनायें हो रही हैं और नानाप्रकार की आलोचनायें हुई हैं और होना भी चाहिए, देश का बजेट है, बहुत बड़ी बात है। लेकिन पिछले ६ साल से मुझे इस Assembly में रहने का सौभाग्य मिला है। मैं देखता हूं कि एक ही तरह की आलोचना होती है, जिससे मुल्क तरक्की नहीं करता है, शासन ठीक नहीं होता है, Police Budget में खर्चा बहुत ज्यादा होता है, लेकिन Education, Medical, Public Health, Agriculture, Co-operation and Industries में करोड़ों रुपया बढ़ गया है, वृद्धि हो गई है। इसके अलावा और भी सारे मदें हैं जो हमारे जीवन के हर पहलू के लिए बहुत जरूरी है, जिसमें काफी वृद्धि हुई है इसको स्वीकार नहीं किया। जो जो मदें जोड़ दी गई हैं उसकी तारीफ किसी ने नहीं किया, जब सुना तो यही सुना कि Dr. Roy ने धप्पाबाजी किया है, धोखा दिया है, गलत तस्वीर देश का हमारे सामने पेश किया है। लेकिन यह भी तो कहा है कि basic problem of the country is its backwardness. इसके बाद उन्होंने यह कहा कि we are highly under-developed और यह भी कहा कि we require a lot of development और साथ साथ यह भी कहा कि our resources available for development are very meagre. अगर इन लाईनों पर ध्यान दें तो हमको पता लगेगा कि बंगाल की जो सही तस्वीर आज है वही Dr. Roy ने House के सामने उपस्थित किया है, किसीको धोखा देने की कोशिश नही की है, बल्कि House के सामने देश का सही नक्शा खिंचा कर आपकी राय जानने की कोशिश की है। Education में 1954 में ८ करोड़ ६३ लाख ६९ हजार खर्चा था और अब ११ करोड़ १३ लाख ३७ हजार है। इसी तरह Medical में ४ करोड ८८ लाख ७ हजार है। क्या हमारे देश में अस्पताल नहीं बने, स्कूल नही बने, रास्ता नही बने, मुल्क तरक्की न करे? मैं उनसे निवेदन करूंगा कि कांग्रेस के राज्य में जो उन्नति हुई है इसको देखें और जो लोग नही देखते हैं मैं उनसे कहूंगा कि वह अपनी आंखों का इलाज कराए या पागलखाने में जायें। Planning के बारे में आलोचना करते हुए कहते हैं कि Plan बहुत बड़ा है, इसको cut करना चाहिए और इसमें curtailment होना चाहिए। भारतवर्ष को आगे बढ़ना है। हम चीन के इतिहास को दुहराना नही चाहते हैं। हम उसको पश्चिम बंगाल में दुहराने के लिए तैयार नहीं हैं। Subodh Babu ने जो कहा कि unemployment problem चीन में solve हो गया है, उन्होंने Governor's speech के ऊपर अपने speech में यह कहा है। 1957 में सबसे बड़ा* कहा है। चीन में unemployment problem solve नहीं हुआ है। मैं उनको बतलाता हूं कि Peking Planned Economy Monthly के April issue में क्या कहा है।

"It reveals that in spite of the fulfilment, and in some cases overfulfilment, of the targets of the 1953-57 Five-Year Plan in the industrial field, the economic position of the country was not markedly stronger at the end of 1957."

और फिर उन्होंने कहा है कि cut short करने के बाद चीन की हालत क्या है।

"The cutback, says Mr. Chia, has brought numerous difficulties. The main ones are stated to be: the loss suffered from bringing certain construction projects to a standstill; the effect of the cuts of investment on the production level of the Five-Year Plan; unemployment for a part of the working personnel; and the idleness of some installations".

*Expunged by order of Mr. Speaker.

Chia ने और भी कहा है कि,

"an extremely large portion of the consumer materials required by the people to maintain their living standards depends on the increase of agricultural production, and the agriculture of our country is still very backward."

फिर Mr. Chia ने कहा

"Mr. Chia warns that after four years of implementing the Five-Year Plan, a state of unbalance has appeared in the development of our national economy."

Mr. Chia को कबूल करना पड़ा कि

"We should evaluate the financial and material power of the nation as a whole and select a method that will bring the least loss to us."

पता नहीं Subodh Babu इसके बाद क्या कहेंगे, क्योंकि Mr. Chiang को यह भी कबूल करना पड़ा कि "Therefore the people's livelihood can only be improved gradually on a small scale."

Dr. Roy और Chia में कोई अंतर नहीं है। Chia ने भी वही कहा है। Dr. Roy ने कहा है कि low speed में planning होना चाहिए। मैं यह कहना चाहता हूं कि हमारा जो planning है वह planning through democracy के ऊपर है और चीन का जो planning है वह planning through totalitarianism पर है। Stalin episode के बाद हमारी Communist Party रूस का कसम नहीं खाती है बल्कि चीन का कसम खाती है। अब Mr. Chia यह कहते हैं कि Five-Year Plan जो fail हुआ वह cut करने की वजह से हुआ। मैंने Mr. Chia को quote कर के बता दिया कि वहां क्या हो रहा है। मैं उनको कहता हूं कि एक देश की तरक्की के लिए जितनी चीजों की जरूरत है उसपर पूरा पूरा ध्यान देना चाहिए, चाहे वह राजनीतिक हो, आर्थिक हो या सामाजिक हो। अगर cut कर दिया जाएगा तो हमारा देश गुलाम रहेगा और इसका प्रमाण हमारे सामने चीन है। हमारे मित्र Dr. Radhakrishto Pal ने जब कहा कि जो budget यहां पेश किया गया है उसी तरह का budget Kerala में भी पेश हुआ है तो हमारे Communist Party के लोग शांत हो गए। हमको सबसे ज्यादा ताअज्जुब हुआ जब हमारे Jatin Chakervorty ने बड़ा दर्द दिखलाया कि Dalhousie Square में मारवाड़ी लोग हमारे बंगालियों को purge कर रहे हैं। मैं इसका समर्थन नहीं करता हूं। आज जो वह कर रहे हैं वही सब पूंजीवाद करते हैं। मगर मारवाड़ी हत्या नहीं करते हैं। Jatin Chakervorty के आदमियों ने ५ March के election में २४-परगना के Gosaba के इलाका में जो अत्याचार किया है इसका जवाब बीसवीं शताब्दी के इतिहास में नहीं मिल सकता है। जिन लोगों ने कांग्रेस को vote दिया था उन बंगालियों के घरों को लूटा गया। उनकी बहू बेटियों को बेइज्जत किया गया।

(A voice—Question)

Sj. Shukla: Question क्या, यह सच है मैं इसका प्रमाण दे सकता हूं, मैं सारी responsibility अपने कंधे पर लेकर कह रहा हूं। उनको बांध कर रास्ते पर गड्ढे में Subash Babu, Nehruji और महात्मा गांधी के तस्वीरों पर पेशाब करने पर बाध्य किया गया। कितना बड़ा जुल्म है। मानवता के साथ गद्दारी की गई है।

Mr. Speaker: Mr. Shukla, when you mention any honourable member please be good enough to say Shri Jatin Chakravarty and you are not to point out with your finger this person, that person. Be a little more restrained.

Sj. Bankim Mukherjee: On a point of order. He spoke about Shri Subodh Banerjee "jhuta hai". That is unparliamentary.

Mr. Speaker: Perhaps we cannot keep pace with his Hindi. Mr. Shukla, please be a little more restrained in your language. You can bring in all the adverse criticism but you will do so in a restrained language.

Sj. Bijoy Singh Nahar: Shri Shukla has not used any language which is unparliamentary or provocative.

Mr. Speaker: I have told you quite plainly that sometimes I find it difficult to follow—I do not follow every word of what he says. I am requesting Mr. Shukla not to use any strong language. I accept Mr. Nahar's statement that "jhut" has not been said. If it has been said I shall see that is expunged.

Sj. Krishna Kumar Shukla :

मे यह कह रहा था। इसके बाद यह कह रहा था कि मैंने बहुत श्रद्धा के साथ सुना हमारे माननीय सदस्य Dr. Suresh Banerji को, वह पश्चिम बंगाल के भूतपूर्व मन्त्री थे, मजदूर मंत्री थे। मुझे उनके साथ काम करने का सौभाग्य हुआ था। लेबर मंत्री होकर मुझको मल्लाह दिया था

[Great uproar, cries from opposition benches.]

Mr. Speaker: Mr. Shukla, as far as I could understand you, you used very strong language which you should not do.

Sj. Bejoy Singh Nahar: I have been following him and I do not think he has used strong language.

Sj. Bankim Mukherjee: Before you accept Mr. Nahar's statement, may I say that he said "Subodh Banerjee झूठ कहा है"।

Mr. Speaker: I was pointing out that he had used strong language. He cannot do that.

Sj. Bijoy Singh Nahar: He has not used that expression, Sir.

Sj. Bankim Mukherjee: I have distinctly heard him say "Subodh Babu ने झूठ कहा है"।

That expression is unparliamentary.

Sj. Bijoy Singh Nahar: He has not said that, Sir.

Mr. Speaker: I shall look into the proceedings and find out.

Sj. Krishna Kumar Shukla :

इसमें संदेह नहीं है कि बंगाल क्या बल्कि भारतवर्ष में खाद्य का मसला बहुत जटील है। खास करके जिस इलाके से में आया हूं वह एक मजदूर इलाका है। में budget के समर्थन के साथ साथ हमारे अर्थ मंत्री और खाद्य मंत्री को बधाई देता हूं कि उन्होंने कम से कम मजदूर इलाकों को इस मुसीबत से बचा कर रखा है। हम जिस इलाके से

आए हैं वहां हमारे मंत्री महोदय के योग्य शासन की वजह से खाद्य की कोई तकलीफ नहीं है। बहुत जगह से दुर्भिक्ष की खबरें आ रही हैं। मैं खाद्य मंत्री को बधाई देता हूं कि मजदूर इलाकों को इससे बचा लिया है। मैं जिस इलाके से आ रहा हूं वहां बहुत refugees रहते हैं, उनकी बड़ी बड़ी colonies हैं और हम लोगों से बहुत दिनों से लगाव है, उठना बैठना है। मैं कहता हूं कि refugees का समस्या पहले ही हल हो जाता, मगर बहुत लोग इसको हल करना नहीं चाहते हैं बल्कि उनकी नीयत है कि यह समस्या जिन्दा रहे। इसकी वजह यह है कि अगर यह समस्या का हल हो जाए तो हमारे विरोधी दल को सरकार के खिलाफ बोलने का कुछ नहीं रहेगा। यह समस्या जिन्दा रहने से Assembly में बैठ कर हंगामा और चित्कार करने का मौका मिलेगा। Bettiah की कहानी हमारे सामने है। इससे कोई इन्कार नहीं कर सकता। वहां की जो हालत है इससे कोई इन्कार नहीं कर सकता है। हमलोग सब आफिस में बैठ कर बातें कर रहे थे कि Romoni Mandal एक बुढ़िया Haripada Mandal की स्त्री भीख मांगती हुई आई। मैंने पूछा कि Bettiah से काहे चली आई, मगर उसने जो कहा वह बहुत लज्जाजनक है। उसने कहा कि हमारी पार्टी ने कहा कि कलकत्ता, बंगाल वापिस चलो, Jogen Mondal को मंत्री बनाना है, election आ रहा है। Jogen Mondal को ४ मन बतासा में वजन किया गया था। इस तरह से refugees को लेकर Howrah Maidan में खड़ा कर दिया।

Sj. Satyendra Narayan Mazumdar: On a point of order, Sir. He said something that Dr. Banerjee had told him something in private. Is it proper to raise that here? [Loud interruptions and counter interruptions from both sides.]

Mr. Speaker: I would request both sides to maintain discipline and observe decorum and dignity of this House. I would request all honourable members not to mar the proceedings with shouting and jeering and all that.

[6-35—6-45 p.m.]

Sj. Krishna Kumar Shukla:

मैं यह सवाल पश्चिम बंगाल की सरकार से करना चाहता हूं कि यह एक National crisis है इसको National basis पर हल करना होगा। इसमें कोई शक नहीं है कि इस मसला का हल करना बहुत मुश्किल है मगर इस problem को हल करना ही होगा। कल हमारे मित्र Bankim Kar ने कहा कि refugees के लिए West Bengal को बहुत नुकसान उठाना पड़ता है। यह ठीक है कि Constitution के मुताबिक जब वह सरहद पार होकर आ गए तो वह हमारे नागरिक हो गए। लेकिन मैं यह कहना चाहता हूं कि आप इसको सारे देश का, सारे भारत का problem समझ कर इसका हल करें। अगर बटवारे की जिम्मेदारी सारे देश पर है तो इसका हल भी सारे देश को करना होगा। और इसकी पूर्ण जिम्मेदारी सारे देश को लेनी पड़ेगी।

स्पीकर महोदय, मैं यह कहता हूं कि अगर इसका जल्द हल नहीं हुआ तो हमारे West Bengal के नौजवान खुद refugees हो जाएंगे; आप उनकी जिन्दगी को खत्म नहीं कर सकते हैं। Babu Bankim Kar ने service में percentage के बारे में कहा है मगर मै कहता हूं कि competitive examination होना चाहिए। आप refugees को weightage

देकर पश्चिम बंगाल तथा पश्चिम बंगाल के नौजवानों को तबाह और बेटवामेट कर रहे हैं। इसलिये मैं कहता हूं कि इसको एक अलग समस्या नहीं बल्कि सामग्रिक समस्या समझना होगा और इसको हिम्मत से हल करने की चेष्टा करनी होगी। हमारे दिमाग में तो Dacoa, Faridpur और Mymensingh की राजनिति घूम रही है मगर Dacca, Faridpur और Mymensingh की राजनिति पश्चिम बंगाल में नहीं चलेगी। यह गरीब लोग सारे देश में मारे मारे फिरते हैं और इनको बुला कर चाय की पियाली में एक तूफान उठाया जाता है। हम १० साल से इस समस्या का मुकाबिला कर रहे हैं।

[At this stage the time limit was reached.]

Sj. Krishna Kr. Shukla: I want only two minutes.

Mr. Speaker: I am afraid, I have given you enough time. All right, go on.

Sj. Krishna Kumar Shukla :

मैं Governor की speech को समर्थन करते हुए कहना चाहता हूं कि इस तरह इनको घेरे में रखने से नहीं होगा, colony करने से नहीं होगा, हम १० वर्ष colonism के चाप में दबे हुए थे। इसलिए अगर इस मसले को हल करना चाहते हैं तो सामग्रिक तौर से हल की जाय।

With these words I support the budget.

[6-45—6-55 p.m.]

Point of Privilege

Sj. Deben Sen: On a point of privilege, Sir. Really we have been shocked to hear the speech and where the point of privilege comes in I am just pointing out now. My friend Shri Shukla has said that a particular party has molested women somewhere in West Bengal and that that very party has desecreted the portraits of Pandit Nehru. These are statements, Sir, which must be expunged or proof must be asked for from him before this House to substantiate those charges. Otherwise all the statements must be expunged from the proceedings of the House. We are not prepared to hear such allegations. Therefore, this is my point of privilege. Sir, either you please give order that he should come forward and produce proof before the House to substantiate all those charges or that all those things be expunged from the proceedings.

Sj. Jatindra Chandra Chakravorty:

মাননীয় স্পীকার মহাশয়, যে দলের নামকরা হয়েছে আমি সেই দলের একজন সভ্য। দুর্ভাগ্যবশতঃ আমি সেসময় বাইরে ছিলাম। মাননীয় সদস্য দেবেন সেন মহাশয় যে কথা বলেছেন আমি সেকথাই বলছি। তাঁর যদি সাধ্য থাকে, আজকে এ্যাসেম্বলীতে দাঁড়িয়ে যে কথা বলেছেন সে কথা তিনি বাইরে গিয়ে বল্লে আমি তাঁর জিভ টেনে ছিঁড়ে দেব। [আপরোর ইন দি হাউস।]

Mr. Speaker: Order, order. I think I am entitled to speak in this House. Mr. Chakravorty, you asked me for liberty to give personal explanation. Having regard to the charges made I readily agreed that you should do so. So far as Mr. Deben Sen is concerned, he was perfectly entitled to make a complaint and I had expected that you would show the same restraint which Mr. Deben Sen had shown. I take it for granted that as an old parliamentarian you know—if you are not an old parliamentarian, then I may point it out to you—that such strong words are not

permissible in this House. You cannot threaten people. Perhaps you are aware—and in the event you are not aware, I may tell you—that this House has a Committee of Privileges. I would have personally gone into the proceedings and referred the matter to the Committee of Privileges and adequate steps would have been taken in that behalf. You have got to withdraw what you have said just now without demur.

Sj. Jatindra Chandra Chakravorty: Sir, I am bound to comply with your order so long as I am in this House but at the same time—

Mr. Speaker: I am not interested to hear what you do outside the House. Inside the House I ask you to withdraw what you have said. Will you withdraw it or will you disobey the Chair?

Sj. Jatindra Chaandra Chakravorty: Sir, in a moment of excitement I did so. I am sorry for that. ......

Mr. Speaker: That is enough for me. Thank you that you have expressed your regret. Now I will only tell Mr. Sen this. I shall go through the proceedings myself and I shall come to a decision because it is a grave charge and a grave allegation and before such charges are made before this House I would expect that the honourable member would give particulars so that the truth or otherwise of the charges made can be substantiated. I entirely agree and if I find after perusing the proceedings that a *prima facie* case has been made out, I shall surely send it to the Committee of Privileges but meanwhile the matter is closed.

The next speaker Sj. Brindabon Behari Basu will address the House

[There were cross-talks and noise in the House.]

Mr. Speaker: Honourable members will not whisper in a fashion so that it becomes audible for me.

General discussion of the Budget.

Sj. Brindabon Behari Basu:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের মাননীয় অর্থমন্ত্রী মহাশয় আমাদের যে বাজেট পেশ করেছেন তাতে আমরা কোন নতুন দৃষ্টিভঙ্গী দেখতে পাই না। এটা মামুলি ধরণের এবং গতানুগতিক প্রথায় এই বাজেট প্রণয়ন করা হয়েছে। এর মধ্যে বাংলাদেশে অর্থাৎ পশ্চিম বাংলার মত সমস্যাসংকুল ও জটিল সমস্যাগুলির সমাধান করবার কোন ইঙ্গিতই আমরা দেখতে পাই না। সেইজন্য এই বাজেটের মধ্যে পশ্চিম বাংলার সাধারণ মানুষ কোন আশার আলোক দেখতে পাচ্ছে না। সাধারণ বাজেটের মধ্যে আমি প্রথমে রুরাল পাবলিক হেল্থ সম্বন্ধে আলোচনা করব। প্রথম পঞ্চবার্ষিকী পরিকল্পনার মধ্যে যতটা ইউনিয়ন হেল্থ ইউনিট গঠন করবার ব্যবস্থা করেছিলেন আমরা এখন যা দেখতে পাচ্ছি তার মধ্যে ফিফটি পারসেন্ট এখন পর্যন্ত গঠন করা হয়েছে। অথচ প্রথম পঞ্চবার্ষিকী পরিকল্পনা শেষ হয়ে গিয়ে এখন দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনার দ্বিতীয় বৎসর চলছে। পশ্চিমবঙ্গের স্বাস্থ্য সম্বন্ধে পশ্চিম বাংলার সরকার বলে থাকেন যে তাঁরা ম্যালেরিয়া থেকে পশ্চিম বাংলাকে মুক্ত করেছেন। কিন্তু আমরা দেখছি পশ্চিম বাংলার ম্যালেরিয়ার স্থান ধীরে ধীরে টি, বি, এবং আন্ত্রিক রোগ দখল করছে। মাননীয় স্পীকার মহাশয় পশ্চিমবাংলার হেল্থ [illegible] একটা চিত্র আপনার সামনে রাখছি। প্রতিটা হেল্থ সেন্টারএ যা স্টাফ রাখা হয় তা এত অল্প যে স্থানীয় রোগীদের তারা নিয়মিতভাবে চিকিৎসা করতে পারেন না। এবং প্রয়োজনীয় ঔষধপত্র সেই সমস্ত হেল্থ সেন্টার থেকে সরবরাহ করা হয় না। অধিকাংশ রোগীকে বাহিরে থেকে ঔষধ কিনতে পরামর্শ দেওয়া হয়। হেল্থ সেন্টারএ কোন বিশেষজ্ঞ না থাকায় জটিল রোগীদের শহরের হাসপাতালে প্রেরণ করা

হয়। মাননীয় অধ্যক্ষ মহাশয় আপনি জানেন ইদানীং কলকাতা শহরের হাসপাতালগুলি নানারকম দুর্নীতিতে ভরা। সেখানকার হাসপাতালে আউটডোর এবং ইনডোরএ এত রোগীর ভীড় হয় যে, পল্লী অঞ্চলের রোগীদের কোন রকমে এ্যাকোমোডেসন করা যায় না। পল্লীর স্বাস্থ্য সম্বন্ধে রুরাল পাবলিক হেল্থ বাজেটে মাত্র ৬ লক্ষ ৪৫ হাজার টাকা বরাদ্দ করা হয়েছে, যেটা অতি সামান্য। এবং টিউবারকুলোসিস প্রতিরোধের জন্য মাত্র ২২ হাজার ৯ শত টাকা বাজেটে দেওয়া হয়েছে। এত অল্প টাকা ধরায় বাংলাদেশে ধীরে ধীরে যেভাবে টি, বি, রোগ প্রসারলাভ করছে তাতে এদের অদূরদর্শিতারই প্রমাণ পাওয়া যাচ্ছে।

[6-55—7-2 p.m.]

অত্যন্ত দুঃখের কথা যে, বাজেটে 'মেটারনিটি' এবং 'চাইল্ড ওয়েলফেয়ার'এর জন্য বরাদ্দ কিছু হয় নি। বাংলাদেশের পল্লীগ্রামে 'মেটারনিটি' এবং 'চাইল্ড ওয়েলফেয়ার' অতি নিম্নস্তরে রয়েছে। শহরে যে মেটারনিটি ব্যবস্থা রয়েছে সেখানে স্থানীয় হেল্থ সেন্টারএর পক্ষ থেকে রোগী পাঠান হয়; ফলে শহরের হাসপাতাল-গুলোতে অধিকাংশ রোগীরা স্থান পায় না। ফলে বহু 'মেটারনিটি' রোগীকে অকালে মৃত্যুবরণ করতে হয়। প্রথম পঞ্চবার্ষিকী পরিকল্পনার মধ্যে দূর পল্লীগ্রামে যে সমস্ত হেল্থ ইউনিট খোলার কথা ছিল, তার ৫০ ভাগ মাত্র খোলা হয়েছে, এবং বাকি ৫০ ভাগ খোলার এখনও চেষ্টা হয় নি। বর্তমানে পশ্চিমবঙ্গ সরকার দূর পল্লী অঞ্চলে হেল্থ ইউনিটএর জন্য যে সমস্ত শর্ত আরোপ করেন, সেই শর্তে হেল্থ ইউনিট খোলার পক্ষে অসুবিধা। সরকারের তরফ থেকে শর্ত দেওয়া হয় যে ছয় বিঘা জমি এবং ৪,০০০ টাকার প্রতিশ্রুতি না দিলে সেখানে হাসপাতাল করা হয় না। সরকারী ডিপার্টমেন্ট থেকেই স্কীম করে দেওয়া হয়। এই কথা বলতে পারি পল্লীগ্রামের দরিদ্র লোকদের নানারকম রোগের চিকিৎসার ব্যবস্থা হয় না। হাওড়া জেলার কয়েকটা জায়গায় এইরকম শর্ত আরোপ করায় সেখানে নানারকম দুরারোগ্য রোগ দেখা দিয়েছে। এখনও পর্যন্ত তাদের উপর সেই শর্ত আরোপ করা হচ্ছে। মাননীয় অধ্যক্ষ মহাশয় আমাদের পূর্ববর্তী গভর্নরের তরফ থেকে টি, বি, রোগীদের জন্য কিছু কিছু ঔষধের বরাদ্দ আছে। কিন্তু সেই ঔষধ দেবার পদ্ধতি অত্যন্ত জটিল। অধিকাংশ ক্ষেত্রেই দূর পল্লীগ্রামের লোকেরা সেই সমস্ত ঔষধের সুবিধা থেকে বঞ্চিত হয়। পল্লীগ্রামের দরিদ্র লোক নিজের খরচে 'এক্স রে' এবং ক্লিনিক্যাল রিপোর্ট সাবমিট না করলে ঔষধ দেওয়া হয় না। দূর পল্লীগ্রামের লোককে তিন-চার মাইল দূর থেকে এসে ইনজেকশন নিতে হয়। আমাদের স্বাস্থ্যমন্ত্রী মহাশয় দূর পল্লীগ্রামের অভিজ্ঞ চিকিৎসক, তিনি নিশ্চয়ই জানেন যে টি, বি, রোগীদের তিন-চার মাইল দূর থেকে আউটডোরে এসে চিকিৎসা নেওয়া সম্ভব নয়। সেইজন্য স্বাস্থ্যমন্ত্রীকে অনুরোধ করি যে পল্লীগ্রামে যেন বিশেষ ক'রে 'চেস্ট ক্লিনিক', 'চাইল্ড ওয়েলফেয়ার' এবং 'মেটারনিটি'র ব্যবস্থা থাকে এবং সঙ্গে সঙ্গে রোগ নির্ণয়ের ব্যবস্থাও যেন রাখা হয়।

তারপর হাওড়া জেলার কয়েকটা থানায় ডোমজুড় ও জগৎবল্লভপুরে গত বৎসর বন্যা হয়। সেখানে সরকারের তরফ থেকে 'মডেল হাউস' করে দেবার প্রতিশ্রুতি দেওয়া হয়েছিল, কিন্তু সেই মডেল হাউস স্কিম কাজে করা আজ পর্যন্ত সম্ভব হয় নি। অথচ বর্ষা আগত প্রায়। সেখানে বর্ষা আরম্ভ হলে বন্যার আশংকা করা হচ্ছে। রিলিফ ও রিহ্যাবিলিটেশন সম্বন্ধে বহু কোটি কোটি টাকা খরচ হয়েছে কিন্তু এই দুটি থানার বন্যার্ত এলাকায় আজ পর্যন্ত একটিও মডেল হাউস করা হয় নি। তারপর গত পরশুদিন এখানে আমাদের খাদ্যমন্ত্রী বললেন যে ৪ হাজার ফেয়ার প্রাইস ফুডগ্রেনস সপ খোলা হয়েছে। কিন্তু আমাদের হাওড়া জেলার ডোমজুর, জগৎবল্লভপুর ও আমতা এই তিনটি জায়গা বন্যা বিধ্বস্ত হয়েছে, তবু এই তিন জায়গায় কোন 'ফেয়ার প্রাইস শপ' খোলা হয় নি। গতকাল ঐ এলাকার সাধারণ চাষী কৃষকেরা সভাসমিতি করে সিদ্ধান্ত করেছে যে আগামী কাল শোভাযাত্রা সহকারে তারা হাওড়া জেলাশাসকের কাছে অভিযান করবে তাঁর কাছে খাদ্যের দাবী জানাবে এবং সেখানে ফল না হলে কয়েক দিন পরে বিধানসভায় অভিযান করতে পারে আপনাদের দৃষ্টি আকর্ষণ করবার জন্য। মাননীয় অধ্যক্ষ মহাশয়ের মারফত আমি পুনরায় মন্ত্রীমহাশয়ের কাছে অনুরোধ করব যে ঐ সমস্ত এলাকায়

বর্ষা যখন আগতপ্রায় তখন নতুন ফসল না হওয়া পর্যন্ত তাদের গৃহ নির্মাণের ব্যবস্থা ক'রে দেওয়া এবং অচিরেই সেখানে সস্তায় চালের দোকান খুলে দেবার ব্যবস্থা করা দরকার।

স্বাস্থ্যমন্ত্রী মহাশয়ের কাছেও শেষ অনুরোধ বাংলাদেশের পল্লীগ্রাম থেকে তাঁরা ম্যালেরিয়া বিতাড়ন করেছেন সত্য, কিন্তু পশ্চিমবঙ্গের পল্লীগ্রামে টি, বি, রোগ ম্যালেরিয়ার স্থান ধীরে ধীরে দখল করছে। এ বিষয়ে তাঁর দৃষ্টি আকর্ষণ করছি এবং যেন পল্লী হেল্থ সেন্টারের মধ্যে একটি ক'রে এ্যান্টি টি, বি, সেন্টার খোলা হয়। ঐ এ্যান্টি টি, বি, সেন্টারের জন্য মাত্র ২২,৯০০ টাকা বরাদ্দ করা হয়েছে। সেই কারণে বাজেট অতিমাত্রায় ত্রুটিপূর্ণ এবং তা সমর্থন করা যায় না।

Mr. Speaker: The House Stands adjourned till 3 p.m. tomorrow.

Adjournment

The House was then adjourned at 7-2 p.m. till 3 p.m. on Wednesday, the 12th June, 1957, at the Assembly House, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

THE ASSEMBLY met in the Assembly House, Calcutta, on Wednesday, the 12th June, 1957, at 3 p.m.

Present:

Mr. Speaker (the Hon'ble SANKARDAS BANERJI) in the Chair, 14 Hon'ble Ministers, 9 Deputy Ministers and 217 Members.

[3—3-10 p.m.]

Incident at Barrackpore Court

Sj. Jyoti Basu: Mr. Speaker, with your permission I would——

Mr. Speaker: Let the Chief Minister come.

[At this stage the Hon'ble Chief Minister entered the Chamber.]

Yes, the Chief Minister has come and you may begin.

Sj. Jyoti Bosu: Sir, I would like to mention a very serious and unusual incident which took place yesterday in the Barrackpore court where a Deputy Magistrate—a Mr. Singh—turned out from the court a very very eminent lawyer of Barrackpore and in doing so he asked the constable of the court to turn him out physically just because the lawyer was five minutes late with regard to a case. Thereafter all the lawyers of the Barrackpore court met together and passed a resolution. It seems a copy of this resolution about the resentment has been also sent to the Judicial Minister, Government of West Bengal, as well as to the other officers concerned. They have also decided at this meeting, as the resolution states, that until some action is taken or this gentleman expresses regret they will not attend his court. Now justice demands that we should know immediately as to what the Government is going to do in the matter, because it does not concern one lawyer but the entire lot of lawyers and so I mention this at the earliest possible opportunity so that we might have a reply from the Judicial Minister or from the Chief Minister.

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: I have not heard anything about the incident. I will make enquiries and let him know.

Influenza epidemic in Calcutta

Sj. Hemanta Kumar Basu:

ইনফ্লুয়েঞ্জা যেভাবে বেড়ে চলেছে—অলরেডি এক লক্ষ লোক অ্যাফেকটেড হয়েছে এবং ৭ জন লোক মারা গিয়েছে—এতে আমি গভর্নমেন্টএর কাছে জানতে চাই, তাঁরা এই রোগের তিকারের জন্য কি কি ব্যবস্থা অবলম্বন করেছেন?

The Hon'ble Dr. Anath Bandhu Roy: Sir, we got the information of this epidemic of influenza just over a month from Malaya that the infection would spread to India. We have made all arrangements through the Public Health Department just to take all precautionary measures as far as possible and since then the Government is watching the progress of the disease and further remedies that can be adopted are under consideration. Today I have got an experimental report from a doctor that serological use of the convalescent serum has been found to be very effective and can be adopted by the practitioners. I think it is worth giving a trial. One of

the eminent physicians attached to the R. G. Kar Medical Hospital is giving a trial on his patients both in his practice and also in the Hospital and he has got very good results. He has sent us his literature and leaflets which I have circulated this morning. I think it is worth giving a trial.

Sj. Hemanta Kumar Basu: Director of Public Health

থেকে কি কি

precautionary measure

নেওয়া হয়েছে সেটাই আমি জানতে চাই।

The Hon'ble Dr. Anath Bandhu Roy: The Director was informed about it and free medicines are distributed wherever needed. Mobile units have been taken away from some other centres and placed where the epidemic is raging. In fact there is no precautionary measure which can be adopted except some personal sanitary and hygienic measures because you know there is no precautionary measure which can be adopted in this influenza except vaccination. Now this vaccination is not available and moreover there is controversy regarding the efficacy of vaccination in the case of virus infection. In Australia vaccines are being prepared and I am afraid it will take time to reach India.

Sj. Ganesh Ghosh: Has any arrangement been made to distribute free Sulpha drugs and other drugs to the different practising doctors in and around Calcutta? (Dr. NARAYAN CHANDRA RAY: In sufficient quantity also).

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: We do not know really any definite measure of prevention of influenza. None of the great cities that have been affected, none of the big places that have been affected, none of the observers that have taken note of the new influenza epidemic have been able to find any definite method of prevention.

In the first place, they are not quite sure whether this influenza epidemic is due to the same influenza bacilli or the virus which used to be operative some years ago. There is definite doubt as to the identity of the two. It appears also in every place—Delhi and Calcutta—that the epidemic gradually sinks. In Delhi and Bombay it has gone down. The only question is whether we should, from the administrative point of view, stop people from congregating in crowded places like cinema houses. At one time we thought that we would make this suggestion but later on we felt it might create panic and consternation more than what it deserves. Today the news has appeared in the press that a particular gentleman who happens to be connected with a municipality, I think Dr. Roy Choudhury, I do not know wherefrom he has got the statistics that he has computed as to how many patients suffering from influenza have been admitted into the hospitals. It seems that not very many have been admitted but there must be 40 to 45 thousand people affected with influenza. I do not think we have any method by which we can tell the people to protect themselves save and except to ask them to live as healthily as possible.

[3-10—3-20 p.m.]

Mr. Speaker: I think there has been enough discussion on the subject. Let the general discussion on the Budget begin.

Dr. Hirendra Kumar Chattopadhyay: I am flattered when the Minister of Health spoke about the doctor in the R. G. Kar Medical College, but has anything been done by the Health Directorate regarding the serological test because there is a Serological Department of the Government and I

would like to know what that department is doing. My second query is on the question of relapse—we hear also from doctors that there have been many cases of relapse. Therefore the question of serological test with reference to reconcilling it with the question of relapse comes in. My third question is—Dr. Roy has said about the closure of cinema and consternation and panic—I would like to know which one is more desirable—whether we would have influenza or we would have panic.

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: At least don't have both.

Mr. Speaker: The debate begins.

General Discussion of the budget

Sj. Khagendra Kumar Roy Choudhury:

স্পীকার মহাশয়, আমাদের মাননীয় অর্থমন্ত্রী বিবৃতি প্রসংগে দেশের যে চিত্র উপস্থাপিত করেছেন তার সংগে বাস্তব অবস্থার কোন সম্পর্ক নাই। আর বাজেট সমর্থন করতে গিয়ে আমাদের বিরোধী দলের জনৈক মাননীয় সদস্য বারবার ক'রে বলেছেন, "সোনার বাংলা", রবীন্দ্রনাথের বাংলা ইত্যাদি। আমাদের বক্তব্য হচ্ছে, সোনার বাংলাকে তাঁরা তো দশ বছরের মধ্যেই বারটা বাজিয়ে ছেড়েছেন। এখন সোনার বাংলায় সোনার ধান পাওয়া দূরের কথা, এখন বজরা পেতেই কালঘাম ছুটে যাচ্ছে। যা হউক, অর্থমন্ত্রী মহাশয় তাঁর বিবৃতিতে এক জায়গায় বলেছেন যে আমাদের দেশে বেকার সমস্যা খুব উদ্বেগের কারণ হয়ে পড়েছে। শুধু বেকার সমস্যার কথা স্বীকার করা বা সেই কারণে উদ্বিগ্ন হওয়া এবং অন্য সমস্ত সমস্যাকে অস্বীকার করা অর্থহীন হয়ে পড়ে। কেন না, বেকার সমস্যার সংগে জড়িত আছে আভ্যন্তরীণ বাজার সংকুচিত হওয়ার প্রশ্ন, ছাঁটাইএর প্রশ্ন আর শোষণ তীব্র হওয়ার প্রশ্ন এবং খুব অল্প গুটি-কয়েক লোকের হাতে সমস্ত সম্পদ কেন্দ্রীভূত হওয়ার প্রশ্ন। এই মূল সমস্যার কথা উড়িয়ে দিয়ে যদি বেকার সমস্যার কথা বলি, তা হ'লে সেটা আনুপাতিকভাবে স্বীকার করা হবে কিন্তু কখনও এর সমাধান করা যাবে না। এই দশ বৎসরের মধ্য দিয়েই তার প্রমাণ পাওয়া যায়। এই দশ বছরের মধ্যে দেশের অগ্রগতি কি হয়েছে?

সত্যকার দেশের লোকের কাজের দিকে এমন কিছুই উন্নতি হয় নি। বরঞ্চ অবনতিই হয়েছে। গোড়ায় গলদ রেখে সত্যিকার উন্নতি যে করা যায় না সেইটাই আমি বিশেষ ক'রে এখানে রাখতে চাই। হয়তো একটা খাত থেকে আর একটা খাতে পাঁচ কোটির জায়গায় দশ কোটি টাকা করা যেতে পারে, কিন্তু তাতে মূল সমস্যার সমাধান হবে না। এ করা অগ্রগতির লক্ষণ নয়। সংকট যখন ব্যাপক, সেই ব্যাপকতায় কিছু কিছু করা যেতে পারে, কিন্তু তার দ্বারা মূল সমস্যার সমাধান বা অগ্রগতির দিকে তা কার্যকরী হবে না। সেই দিকে লক্ষ্য রেখে আজকে বাহিরের যে অবস্থা সেই অবস্থার কথা মনে রেখে বাজেট প্রভিশনএর বা বিভিন্ন খাতের যে খরচ সেই খাতের খরচের সংগে যদি মেলানো যায় তা হ'লে সঙ্গতি পাওয়া যায় না। এজন্য আমি দুটি বিষয়ের প্রতি এ সভার দৃষ্টি আকর্ষণ করছি। তার একটা হচ্ছে, রিলিফের খাতে যে ব্যয় করা হচ্ছে এবং কৃষিঋণ খাতে যে ব্যয় করা হচ্ছে। সকলেই জানেন যে আজকে বিশেষ ক'রে এই সংকটের মধ্যে যারা আঘাত প্রাপ্ত হচ্ছে তার মধ্যে বাংলাদেশের কৃষকেরাই সবচেয়ে বেশি। যদিও সরকারের তরফ থেকে বলা হচ্ছে—সব ঠিক আছে, কোন অসুবিধা নাই, উৎপাদন যথেষ্ট বেড়ে গেছে, কিন্তু তা সত্ত্বেও খবরের কাগজ খুললে দেখা যাবে যে প্রতিদিন বুভুক্ষু মানুষ দুটি অন্নের জন্য চারিদিকে ছুটোছুটি করছে। সেখানে দেখা যাচ্ছে যে রিলিফের খাতে ৪ কোটি ৪০ লক্ষ টাকা কমিয়ে দেওয়া হয়েছে। এবং কৃষিঋণ ৯০ লক্ষ কমিয়ে দেওয়া হয়েছে। ঐ সংকটের অনুপাতে যা কৃষিঋণ দেওয়া হচ্ছে তাতে সেটা মাথাপিছু দেড় টাকা থেকে দু' টাকা মাত্র পড়বে। এই খাতে অল্প ব্যয় ক'রে আজ গ্রামের যারা মুনাফাখোর, যারা মহাজন তাদের হাত শক্তিশালী করা হচ্ছে। আজ সরকার এই দুটো খাতে যে টাকা কমিয়ে দিয়েছেন, এই ব্যয় কমানোর মধ্য দিয়ে দেখব যে আজ কৃষকের হাতের যে জমি সে জমি

তাদের হাত ছাড়া হয়ে যাবে। অভাব হেতু পেটের জ্বালায় এই সমস্ত জমি সে বিক্রি করতে বাধ্য হবে, এবং এই যে ব্যবস্থা, এই ব্যবস্থায় আগামী বছরেও খাদ্যসঙ্কটকে আরও তীব্র ক'রে তুলবে। আজ সরকারের তরফ থেকে বলা হয়েছে যে দেশের লোকের অনেক ক্রয়ক্ষমতা বেড়েছে। তাঁদের যুক্তিটা এই যে, যখন দেশের লোকের ক্রয়ক্ষমতা বাড়ে তখন জিনিসপত্রের দর বাড়ে; সুতরাং যখন জিনিসপত্রের দর বেড়েছে তখন বুঝতে হবে ক্রয়ক্ষমতা বেড়েছে। অর্থাৎ যুক্তিটা এই রকম যে হাসলে দন্ত বিকশিত হয়, সুতরাং যখন দন্ত বিকশিত হচ্ছে তখন বুঝতে হবে যে কেউ হাসছে। প্রত্যেক দিন দেখছি লোক না খেয়ে মরছে, অথচ এ সম্পর্কে অস্বীকার করার যে চেষ্টা চলছে তা রিলিফ খাতে এবং কৃষিঋণ খাতে কম টাকা দেওয়া থেকেই বোঝা যাচ্ছে। সেইজন্য আমি বিশেষ অনুরোধ জানাচ্ছি যে, এই খাতে আরও বেশি টাকা খরচ করুন। তা হ'লেও সবচেয়ে বড় কথা হচ্ছে যে, এইভাবে সমস্যার সমাধান করা যাবে না। সকলেই জানেন যে সরকারের তরফ থেকে দু'টি আইন পাস করা হয়েছে। একটা এস্টেট অ্যাকুইজিশন অ্যাক্ট, আর একটা ভূমি সংস্কার আইন। এই দুটো আইনের মূল লক্ষ্য ছিল যে এর দ্বারা গ্রামের অর্থনৈতিক ভিত্তিকে পালটে দেওয়া হবে এবং গ্রামের ভিতর উৎপাদনের উৎসমুখে যে বাধা আছে তা দূর করা হবে। সরকারের তরফ থেকে যে ঘোষণা করা হয়েছিল যে, আমরা এর ভিতর দিয়ে গ্রামের মধ্যে নিঃশব্দে বিপ্লব ঘটাব এবং কৃষকের হাতে জমি দেবার ব্যবস্থা করব। বিরোধীপক্ষ থেকে অনেক রকম প্রস্তাব দেওয়া হয়েছিল, কিন্তু সরকার সে সমস্ত সাজেশন বা পরামর্শ গ্রহণ করেন নি। তাঁরা তখন বলেছিলেন যে, ছ' লক্ষ একর বা আঠার লক্ষ বিঘা জমি ভূমিহীন চাষীরা পাবে। আজ জিজ্ঞাসা করতে চাই যে সেই আঠার লক্ষ বিঘা জমির কত বিঘা সরকারের হাতে এসেছে। বরং আমরা দেখছি যে গ্রামের ভিতর কৃষকের হাতে বা খেত মজুরের হাতে বা ভাগচাষীর হাতে জমি আসার পরিবর্তে তাদের হাত থেকে জমি চ'লে গেছে। জমিদারী উচ্ছেদের সঙ্গে সঙ্গে দেখতে পাচ্ছি বর্গাদার উচ্ছেদ হচ্ছে। জমিদারী প্রথা উচ্ছেদ হওয়ার আগে কিভাবে জমিদারেরা ফাঁকি দিয়েছে তার দু'-একটা তথ্য আমি দেব। সরকারের তরফ থেকে ট্যাঙ্ক ফিশারির নামে হাজার হাজার বিঘা জমি ফাঁকি দেবার ব্যবস্থা করা হয়েছে। আমরা জানি সোনারপুর থানায় বানতলা ব'লে একটা জায়গা আছে। সেখানে কর্পোরেশনের ময়লা জল দিয়ে হাজার হাজার বিঘা জমি ভাসিয়ে দেওয়া হয়েছে। মাননীয় মৎস্যমন্ত্রী মহাশয় বোধ হয় সে খোঁজ রাখেন, কেন না, তিনি সেই দেশের লোক। এই রকমভাবে চাষীর হাজার হাজার বিঘা জমি ডুবিয়ে দেওয়া হয়েছে। তা ছাড়া বেনামায় যা বন্দোবস্ত করা হয়েছে তা খোঁজ করলে বুঝতে পারবেন। আর হাজার হাজার বিঘা জমি—৭৫ বিঘা সিলিংএর মধ্যে আসবে না ব'লে—ভাইপো-ভাগনে ইত্যাদি যত রকম সম্পর্কীয় লোক আছে তাদের নামে বেনামা করা হয়েছে। অনেক জমি পুত্র, পুত্রবধূদের নামে দলিল ক'রে দেওয়া হয়েছে। কাজেই সরকারের হাতে এক ছটাক জমি আসবে কিনা সন্দেহ। আর সরকারের তরফ থেকে কোন ভূমিহীন চাষীদের যে জমি বিলি করা হয়েছে, এ খবরও আমরা পাই নি। বরং উলটোটাই আমরা দেখতে পাচ্ছি যে হাজার হাজার বর্গাদার তাদের জমি থেকে উচ্ছেদ হয়ে যাচ্ছে।

[3-20—3-30 p.m.]

এবং সরকারের তরফ থেকে যে কোন ভূমিহীন চাষীকে জমি বিলি করা হয়েছে এ খবর আমরা পাই নি। কিন্তু উলটোটা দেখতে পাচ্ছি। সেটা হচ্ছে, হাজার হাজার বর্গাদার জমি থেকে উচ্ছেদ হয়ে যাচ্ছে। আপনারা জানেন যে বর্গাদার আইনে যে সুযোগ-সুবিধা ছিল সে সুযোগ-সুবিধাও পর্যন্ত এখন নেই। তাদের যখন উচ্ছেদ করা হয়, তাদের আইনের আশ্রয় পর্যন্তও নেবার কোন সুযোগ নেই। কোর্টে এক রকমের নিয়ম চালু হয়েছে—সকলে জানেন কিনা জানি না—মাননীয় অধ্যক্ষ মহাশয়, সে এক রসুন ফী চালু হয়েছে। পেঁয়াজ নয়, রসুন ফী। সেই রসুন ফী হচ্ছে টাইটেল সুটএর মামলা করতে-গেলে দশ ভাগের এক ভাগ টাকা জমা দিয়ে জমির ভ্যালুয়েশনের মামলা করতে হয়। অর্থাৎ ভাগচাষী যে জমি চাষ করবে তার দশ ভাগের এক ভাগ উৎপন্নফসলের দাম জমা দিয়ে তাকে কোর্টে হাজির হ'তে হবে। তাতে দেখা যায় যদি ভাগচাষী পাঁচ বিঘা জমি চাষ করে, তা হ'লে ৩৫ থেকে ৪০ টাকা ফী কোর্টে জমা দিয়ে তবে তাকে কোর্টে হাজির হ'তে হবে। সুতরাং তার কোন সুযোগ এখানে নেই।

The Hon'ble Bimal Chandra Sinha: May I interrupt, Mr. Speaker, for a moment? For his information I can say that that rule has been done away with and only a nominal fee of rupee one has been charged.

Sj. Khagendra Kumar Roy Choudhury:

না, আমি অ্যাপিল কেসএর কথা বলছি।

The Hon'ble Bimal Chandra Sinha: That is all right in appeal cases.

Sj. Khagendra Kumar Roy Choudhury:

আমি আপনার কাছে, অধ্যক্ষ মহাশয়, কতকগুলি তথ্য দিচ্ছি। সন্দেশখালি থানাতে এক মাস আগে বার শত কেস হাজির হয়েছে এবং তার মধ্যে এক মাস আগে ২০০ কেস এভিকটেড হয়েছে। নন্দীগ্রাম থানায় বেশির ভাগ জায়গায় যে সমস্ত ভাগচাষীর বিরুদ্ধে কেস করা হয়েছিল, সে সমস্ত জায়গায় ভাগচাষীদের উচ্ছেদ করা হয়েছে। এমন কি যে সমস্ত সাজা চাষী, যাদের নাম রেকর্ড ছিল, তাদের পর্যন্ত উচ্ছেদ করা হয়েছে। এই বিধানসভায় দাঁড়িয়ে আমাদের মাননীয় মন্ত্রী শ্রীপ্রফুল্লচন্দ্র সেন মহাশয় বলেছেন—আমরা কৃষির উপর নূতন কোন খাজনা ধরি নি। এর আগে যে খাজনা ছিল সেই খাজনাই নিচ্ছি। সুতরাং কৃষকদের ক্রয়ক্ষমতা কমার কোন কারণ নেই। কিন্তু এ তথ্যও আমাদের কাছে আছে। নূতন খাজনা তাঁরা ধরেন নি এটা ঠিক। কিন্তু আজকে যদি আপনারা খোঁজ রাখেন, তা হ'লে দেখবেন বহু জমি, যে সমস্ত নিষ্কর ছিল, সেই জমির উপর অসম্ভব রকমের কর ষার্য করা হয়েছে। একটা তথ্য আপনার সামনে উপস্থিত করছি। বর্ধমান জেলার সদর থানার কুর্মন 'গ্রামে যে চাষীর এক একরের সামান্য একটু বেশি জমি আছে এবং যার চাকরান স্বত্ব ছিল, সেখানে ৮৪ টাকা খাজনা ধার্য করা হয়েছে। এই থেকে বুঝতে পারেন যে সাধারণভাবে এক দিকে কৃষকের যেখানে আয় বাড়ে নি সেখানে বর্গাদার উচ্ছেদ করা হচ্ছে—সেটাই উলটো দিকে দেখা যাচ্ছে। তাদের উপর খাজনার হার, যে সমস্ত জমিতে খাজনা ছিল না, সেখানে খাজনা আরও বাড়িয়ে দেওয়া হয়েছে। এবং যে সমস্ত জিনিস সাধারণভাবে চাষীরা কেনে সে সমস্ত জিনিসপত্রের দর বেড়ে গিয়েছে। অর্থাৎ এইটা বলতে চাই যে, সাধারণভাবে চাষীর ক্রয়ক্ষমতা বাড়ে নি, তার উপর তাকে আরও জমি থেকে উচ্ছেদ করার বন্দোবস্ত হচ্ছে। বিশেষ ক'রে এই যে সেটলমেন্ট চলছে, এই সেটলমেন্টএর মধ্যে দিয়ে বর্গাদারকে আরও বেশি উচ্ছেদ করার বন্দোবস্ত করা হচ্ছে। প্রথম দিকে হয়তো মাঠ জরিপ করার সময় বর্গাদাররা কিছু কিছু তাদের জমি রেকর্ড করাবার সুযোগ পেয়েছিল, কিন্তু যত উপরের দিকে যাওয়া গিয়েছে ততই দেখা গিয়েছে যে শেষ পর্যন্ত সমস্ত বর্গাদার উচ্ছেদ হয়ে গিয়েছে। সরকারের কাছে আমার বক্তব্য হচ্ছে, অবিলম্বে দেশের খাদ্যসংকটকে যদি ঠেকাতে চান আগামী বৎসরের জন্য, কিংবা কিছু কম করতে চান, তা হ'লে অবিলম্বে যাতে এই বর্গাদার উচ্ছেদ বন্ধ হয় তার বন্দোবস্ত করা দরকার। তা না হ'লে আগামী দিনেও আমাদের এটা শুনতে হবে যে প্রত্যেকটি জায়গায় যারা ভূমিহীন চাষী তারা দুর্ভিক্ষের কবলে পড়েছে। অর্থমন্ত্রী মহাশয় বিবৃতি প্রসংগে তাঁর বক্তব্যের এক জায়গায় দিয়েছেন যে, বাংলা-দেশের শতকরা ৭০ জন যারা কৃষির উপর নির্ভরশীল, তাদের পাঁচ একরের বেশি জমি নেই এবং তাদের খুব বেশি উদ্বৃত্ত থাকে না এবং মাত্র ৩০ জনের উদ্বৃত্ত থাকে। কিন্তু একটা কথা তিনি স্বীকার করেন নি। সেটা হচ্ছে, তাঁর এই বিবৃতির মধ্যে কোন জায়গায় নেই বাংলা-দেশে যে ৩০ লক্ষ বর্গাদার আছে, যাদের ফ্যামিলি সংখ্যা হচ্ছে ৩০ লক্ষ, এবং যে ৩০ লক্ষ ক্ষেতমজুর আছে—এই ৬০ লক্ষের উদ্বৃত্তের কোন প্রশ্ন নেই। এবং তাদের তিন-চার মাসের বেশি খোরাকেরও বন্দোবস্ত নেই। তারাই আজ দুর্ভিক্ষের কবলে পড়েছে। এই যে অবস্থা বাংলাদেশে বিশেষ ক'রে আমাদের অর্থমন্ত্রীর বিবৃতির মধ্যে দিয়ে তার ছবি আমরা পাই না। প্রথমত, সেইটাই আমরা বিশেষ ক'রে বলতে চাই—সত্যিকার খাদ্যসঙ্কট যদি দূর করতে চান তা হ'লে গ্রামে যে উৎপাদন হয় সেই উৎপাদনের উপর সাধারণ মানুষের মালিকানা যদি বসাতে না পারেন অর্থাৎ উৎপন্ন ফসলের উপর তাদের অধিকার বৃদ্ধি না করতে পারেন এবং ভূমিহীন চাষীদের হাতে যদি জমি দেবার বন্দোবস্ত না করতে পারেন, তা হ'লে দুর্ভিক্ষ ঠেকানোর অন্য

কোন পথ নেই। দুর্ভিক্ষ খাতে কিংবা কৃষিঋণের খাতে কিছু টাকা বেশি বরাদ্দ করতে পারেন ; যাতে সংকটের ব্যাপকতা কিছুটা কম হ'তে পারে, কিন্তু দুর্ভিক্ষ তাতে ঠেকানো যায় না। বিশেষ ক'রে এইটাই সরকারের কাছে আমার বক্তব্য। তাঁরা সহযোগিতার আবেদন করেন এবং সেই সহযোগিতা করতে আমরা প্রস্তুত যদি সাধারণ মানুষের স্বার্থে সেই সহযোগিতা হয়।

বিশেষ ক'রে আমি আর একটা বিষয়ের প্রতি সরকারের দৃষ্টি আকর্ষণ করব। মাননীয় অধ্যক্ষ মহাশয়, সেটা হচ্ছে এই রিফিউজি ব্যাপারে। পুনর্বাসন ব্যাপারে সরকার বহু কোটি টাকা খরচ করেন। আমি এমন একটা এলাকা থেকে এসেছি যে এলাকায় এই সমস্যাটা অত্যন্ত তীব্র। উদ্বাস্তুর পুনর্বাসনের নামে হাজার হাজার বিঘা জমি সাধারণ চাষীদের দখল ক'রে নিয়েছে। সহযোগিতার কথা অনেকেই বলেন। সরকার বলেন, অনেক মাননীয়া সদস্যা, তাঁরাও বলেছেন। কিন্তু আমাদের বক্তব্য হচ্ছে যে, সহযোগিতার নামে এই যে সমস্ত চাষী, যাদের জমি খুব অল্প, তাদের জমি নিয়ে নেওয়া হচ্ছে কেন, তাদের উদ্বাস্তু করা হচ্ছে কেন? এক উদ্বাস্তু পুনর্বাসনের নামে আর এক দল উদ্বাস্তুর সৃষ্টি করা হচ্ছে কেন? তখনকার যিনি পুনর্বাসন মন্ত্রী ছিলেন—শ্রীযুক্তা রেণুকা রায়—তাঁর কাছে আমরা দরখাস্ত দিয়েছিলাম এবং তার মধ্যে দশ হাজার বিঘা জমির দাগ নম্বর, মৌজা নম্বর দিয়ে দিয়েছিলাম যে এই সমস্ত জমি আপনারা দখল করুন, আমাদের সহযোগিতা আপনারা পাবেন। কিন্তু সেই জমি তাঁরা দখল করেন নি, দখল করলেন সাধারণ চাষীর জমি। এই কালকের খবর আমি দিতে পারি, কিছু চাষীর জমি দখল করা হয়েছে। কালিকাপুর ইউনিয়নের মুড়াগাছ গ্রামে ঠিক একইভাবে চাষীর জমি দখল করা হচ্ছে পুলিস পাঠিয়ে দিয়ে। আজকে সেখানে পুলিস গিয়েছে। এই সকালবেলার খবর এবং সাধারণ চাষীর জমি দখল করার জন্য সেখানে যদি কোন গোলমাল হয় তা হ'লে তার সমস্ত দায়িত্ব সরকারের। আমি রিহ্যাবিলিটেশন মিনিস্টারএর সঙ্গে দেখা করার চেষ্টা করেছিলাম তিন বার ক'রে, কিন্তু কোন ফল পাই নি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এইটে আপনার মাধ্যমে জানতে চাই, উদ্বাস্তুর পুনর্বাসনের নামে যেভাবে সাধারণ চাষীদের জমি কেড়ে নেওয়া হচ্ছে তাতে উদ্বাস্তু পুনর্বাসন হয় না। নির্বাচনের সময় দেখেছিলাম যে সমস্ত চাষীদের উপর নোটিস পড়েছে—তোমাদের বাস্তুভিটে ছেড়ে দিতে হবে, তোমাদের চাষের জমি ছেড়ে দিতে হবে। আর তারাই তাদের বাড়িতে ইলেকশনএর পোস্টার মেরে দিয়েছিল—চাষীভাই, এগিয়ে চল। আমরা জিজ্ঞাসা করেছিলাম—চাষীভাই এগিয়ে যাবে কোন্ দিকে? সাত পুরুষের ভিটা ছেড়ে, জমি ছেড়ে কোন্ দিকে এগিয়ে যাবে? রিফিউজি হবার দিকে? সেই রিফিউজি হবার ব্যবস্থা তাঁরা করেছেন এবং রিফিউজি পুনর্বাসনের নামে উদ্বাস্তুদের নিজেদের স্বার্থ-সিদ্ধির কাজে ব্যবহার করছেন। এ ছাড়া আমরা দেখছি যে বৈষম্যমূলক ব্যবহার করা হয়। যে সমস্ত উদ্বাস্তু ভাইরা আজ এগিয়ে এসেছে নিজেদের শক্তির জোরে এবং পশ্চিমবঙ্গের মানুষের সহযোগিতায় পুনর্বাসনের কিছু কাছে যারা এগিয়ে গিয়েছেন তারা খানিকটা বসবাসের ব্যবস্থা করেছেন। যেমন আপনারা জানেন, বাঘা যতীন কলোনি, চিত্তরঞ্জন নগর থেকে আরম্ভ ক'রে এই সমস্ত কলোনিতে এখন পর্যন্ত অর্পণপত্র দেওয়া হয় নি। না দেবার কারণটা কি? না দেবার কারণ হচ্ছে, সেখানে তাদের নাকি মাইগ্রেশন সার্টিফিকেট নেই, রেজিস্ট্রেশন সার্টিফিকেট নেই। ঐ সময়ের লাইফ ইনসিওরেন্স সার্টিফিকেট আছে কিনা দেখবার কথা বলা হয়েছে। এবং অনেক জায়গায় অর্পণপত্র ডিপার্টমেন্ট দিচ্ছে না এবং ডিপার্টমেন্ট থেকে উচ্ছেদের নোটিস দিচ্ছে। এ ছাড়া সেখানে রিফিউজি পুনর্বাসনের যে সমস্ত লোন দেওয়া হয় কিংবা গৃহনির্মাণের জন্য যে সমস্ত টাকা দেওয়া হয় তা তারা পাচ্ছে না। এই বৈষম্যমূলক ব্যবস্থা কেন? আচরণ কেন? আজকে তারা যে সমস্ত জমি দখল করেছে, যেখানে বড় বড় জমিদারদের জমি পড়েছে তারা বাধ্য হয়ে স্বীকৃতিদান করেছেন, কিন্তু তা সত্ত্বেও সরকার তাদের বাধা দেবার চেষ্টা করছেন। অতএব তাদের কাছে আমাদের বক্তব্য—অবিলম্বে এই বৈষম্যমূলক আচরণ বন্ধ করুন। আমি আগেও বলেছি, আবার বলছি—বিশেষ ক'রে খাদ্যসংকটের কথা—যে ভূমিসংস্কার আইনের মধ্যে দিয়ে সত্যিকার দেশের অগ্রগতি অন্তত কৃষকদের জীবনে কোন অগ্রগতি সূচিত হয় নি। একদিকে তারা জমি পাচ্ছে না, অন্য দিকে বেনামীতে জমি রাখার বন্দোবস্ত হয়ে গিয়েছে।

[3-30—3-40 p.m.]

তাঁরা বলেছিলেন যে অবস্থাটা একেবারে পালটে দেবেন। কিন্তু তা তাঁরা পালটাতে পারেন নি। তাঁরা যেটা করেছেন সেটা শুধু ফরম বদলেছেন, কনটেন্টস পালটাতে পারেন নি। সেজন্য আমরা দেখতে পাচ্ছি জমিদারী প্রথা আছে, উচ্ছেদ হয় নি। শুধু আগে ছিল ব্যক্তিগত নামে, এখন আছে সমবায়ের নামে। আশা হচ্ছে, এইভাবে তাঁরা সমাজতান্ত্রিক রাস্তায় যেতে পারেন! অন্য জায়গায় দেখছি মজুর-কৃষকদের কো-অপারেটিভ না ক'রে আমাদের জমিদারদের কো-অপারেটিভ করছেন। এই হচ্ছে তাঁদের সমাজতন্ত্রের দিকে যাবার রাস্তা! তাঁরা জমিদারদের কো-অপারেটিভ করছেন—সেটা নাকি সত্যিকারের রাস্তা! সরকার যদি সত্যিকার ভূমি সংস্কার করতে চান, ভূমিহীন চাষীদের হাতে জমি দিতে চান, তা হ'লে তাঁদের প্রধান কাজ হবে এটা,—যেখানে যেখানে সমস্ত জমি বেনামীতে রাখার বন্দোবস্ত হয়েছে, অবিলম্বে সেই সমস্ত বেনামী ধরার বন্দোবস্ত করুন। বর্গাদারদের যেভাবে উচ্ছেদ করা হচ্ছে, সেই উচ্ছেদ অবিলম্বে বন্ধ করুন।

তৃতীয় হচ্ছে, শিল্পক্ষেত্রে আমরা দেখছি বর্তমানে আয়ের উপর একটা ট্যাক্স ধার্য করেছেন। অথচ কৃষকদের বেলায় সেটা করা হয় না। অর্থাৎ পনের বিঘা জমি পর্যন্ত নিষ্কর রাখার বন্দোবস্ত করুন। যদি ভূমিহীন চাষী জমি পায়, যদি জিনিসপত্রের দাম কমে ও উৎপাদিত পণ্যের উপর তাদের অধিকার কিছুটা বর্তায়, তা হ'লে দেশের গ্রামের দিকে যে অবস্থা রয়েছে তার অনেকখানি উন্নতি হ'তে পারে। আমরা যেটাকে বলি মৌলিক নীতি, সেই নীতিটা না বদলালে কিছু হবে না। মৌলিক নীতি না বদলালে সংকটের তীব্রতাও খানিকটা কমানো যাবে না। সরকার এই সমস্ত বন্দোবস্ত করুন। তা না হ'লে এই সমস্ত বড় বড় কথা ব'লে খাদ্য-সংকট দূর করা যাবে না, দেশের কোন উন্নতি করা যাবে না, সমাজতন্ত্রের দিকে যাওয়া তো দূরের কথা।

Incident in Barrackpore Court

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: Sir, I wanted to make one announcement. I made enquiries and I found that the District Magistrate went to the Court today at 10-30 and met three lawyers and the lawyers having been assured that the complaint would be looked into, have agreed to attend the Court and resume normal work.

General discussion of the budget

Coming to education I would like to make some observations. There is greater provision—so far so good. From the Governor's speech we understand that there would be 3 more universities. Does the Finance Minister want to create 3 more factories to produce more unmarketable commodities? It must not be understood that I am against new universities. But universities must be of the proper type. It has been said that there is no difficulty about provision of graduates and first and second class M.A.s. and M.Sc.s. Universities should be meant for only meritorious students but no meritorious students should go without education on financial grounds. The Government should give stipends to poor but meritorious students. I am definitely of opinion that education should be free and compulsory for all boys and girls up to 14 But none but the meritorious should be allowed to enter the university. We have our limited resources and we cannot afford to fritter them away. I am not enamoured of numbers at the higher stage. We have so many colleges. So many students do not impress me. I am told a College in Calcutta has more students than the University of Oxford or Cambridge. It would be bad logic to say on that ground that that College is better than the University of Oxford or Cambridge. I am sure, the Finance Minister will agree with me in this. Our educational standard is low. I feel that every graduate should take up honours course. The general complaint is that our teachers are not well paid. That is true as far as the lower grade is concerned but at the higher stage even our scientists get much more than the scientists of Europe. Eminent scientists like Warburg, Otto Hahn or a Heissenberg get less salary than the

Directors of our National Laboratories, Tata Research Institute, etc. But those countries are much richer and the difference between the lower and the higher grade is not as much as we have here. Remove that difference. The teachers should be recruited on the basis of maximum qualification.

Coming to the Second Plan, Sir, I say that the fruition of the Second Plan is dependent on three factors—(1) the Foreign Exchange, (2) Steel and Cement and (3) Technical Personnel. According to the report of the Government of India we shall not get sufficient foreign exchange. We cannot get sufficient steel and cement and technical personnel. So the Second Five-Year Plan, even if we get all the money, will never come to fruition. Under the circumstances what would be the justification for this taxation? I would say, Sir, we have no moral right to tax the people if every bit of money is not properly utilised and people do not feel that we are economising our expenditure in all spheres. Therefore I will make the following suggestions to the Government for their consideration:—

Abolish the institution of Governorship. It is not in the power of this House to do so. But you can recommend to the Government of India for the abolition of the posts of Governors, Divisional Commissioners and the Upper House, the Legislative Council. Reduce the salaries of officers getting more than Rs. 2,000. No one should today get more than Rs. 2,000 if not less. All pomp and grandeur should be abandoned and all corruptions should be checked. It is said that there was a Committee of Enquiry for the D. V. C. but Government have not yet published any enquiry report. If you do all these necessaries atmosphere will be created and co-operation will be forthcoming.

Sir, the present order of society is based on——

[At this stage the red light was lit and the honourable member having reached his time-limit resumed his seat.]

Sj. Shankar Narayan Singha Deo:

মাননীয় অধ্যক্ষ মহোদয়, পুরুলিয়া জেলা হইতে পশ্চিমবঙ্গ বিধানসভায় আমি একজন নবনির্বাচিত সদস্য। সেখানকার জনসাধারণের সুখদুঃখের কথা, আশা আকাঙ্ক্ষার কথা এই বিধানসভায় বলবার সুযোগ পেয়ে আমি নিজেকে ধন্য মনে করছি। বাংলার সাথে যুক্ত হয়ে আজ প্রতিটি পুরুলিয়াবাসী আশা বিজড়িত চক্ষে চেয়ে আছে পশ্চিমবঙ্গ সরকারের প্রতি কিভাবে তাদের বহু প্রত্যাশিত আশা ও আকাঙ্খা পূরণ হবে তা দেখবার জন্য। আমি বলবো তাঁদের এই বহু প্রত্যাশিত আশা ও আকাঙ্খা পূর্ণ হতে চলেছে তার প্রমাণ আমরা পেয়েছি প্রধানমন্ত্রী ডাক্তার রায়ের বাজেট বক্তৃতা থেকে। তিনি বলেছেন রাজ্য পুনর্গঠনের ফলে পুরুলিয়ার ২,৪০৭ বর্গমাইল নতুন অঞ্চল এই রাজ্যে যোগ করা হয়েছে। এই অঞ্চলে পুরুলিয়ায় ১,১৬৯,০৯৭ জন অধিবাসী আমাদের সঙ্গে যোগদান করেছেন। আমাদের নিকটাত্মীয় এই সকল ব্যক্তিকে এই রাজ্যে স্বাগত জানাচ্ছি। এখন হতে তাঁরা আমাদের সুখদুঃখের অংশভোগী হবেন এবং আমরাও তাঁদের সুখদুঃখের অংশভোগী হব। সংযুক্ত অঞ্চলসহ এই রাজ্যের উন্নতির কাজে আমরা কাঁধে কাঁধ মিলাইব।

তাঁর এই উক্তি পুরুলিয়াবাসীর অন্তরকে গভীরভাবে স্পর্শ করেছে। আমি পুরুলিয়া [illegible] তরফ থেকে তাঁকে এই উক্তির জন্য অভিনন্দন জানাচ্ছি। আমার পূর্ণ বিশ্বাস তাঁর পরিচালনায় পুরুলিয়াবাসী উত্তরোত্তর শ্রীবৃদ্ধি লাভ করবে।

মাননীয় স্পীকার মহোদয়, আমরা লক্ষ্য করেছি বিরোধীপক্ষের লোকসেবক সঙ্ঘের সদস্যরা মাননীয় রাজ্যপালিকার অভিভাষণ ও বাজেট আলোচনাকালে বারবার এই কথাগুলিই বলেছেন যে পশ্চিমবঙ্গ সরকার পুরুলিয়া জেলার প্রতি সম্পূর্ণ উদাসীন, সেখানে কোন জনহিতকর ও উন্নতিমূলক পরিকল্পনা এই সরকারের নেই। তাঁরা আবার বলেছেন সেখানে শাসনযন্ত্রের

নানান গলদ এখনও রয়ে গেছে এবং তা অকর্মণ্য বা মোটেই কার্যকরী নয়। তারপর সেখানে রাজ্যপুনর্গঠন কালের পূর্বের আইন এখনও কেন চালু রাখা হয়েছে। ডি, ভি, সি, বড় বড় পরিকল্পনা, কারখানা ইত্যাদির কাজে কোটি কোটি টাকা ব্যয় করা হচ্ছে বটে কিন্তু সেইসব পরিকল্পনা থেকে পুরুলিয়া জেলার পল্লী অঞ্চলের কোনই উপকার হচ্ছে না, ইত্যাদি। আমি বলব তাঁদের এইসব অভিযোগ অসত্য ও ভিত্তিহীন। সরকারী নীতি ও কার্যক্রম আলোচনা করলে বুঝতে পারা যাবে যে সরকার পুরুলিয়ার উন্নতির জন্য বিশেষ উদ্গ্রীব ও তৎপর। কিভাবে পুরুলিয়াকে অল্প সময়ের মধ্যে গড়ে তুলতে পারা যায় এবং পুরুলিয়ার উন্নতি করবার জন্য সরকার কি কি পরিকল্পনা গ্রহণ করেছেন তার একটা মোটামুটি নকশা আমি এখানে দিতে চাই।

প্রথমে কৃষির বিষয়ে গভর্নমেন্ট কি কি করবেন তা আমি বলছি।

কৃষি

১। পশ্চিমবঙ্গ সরকারের পরিকল্পনানুযায়ী কৃষির উন্নতিকল্পে পাঁচটি থানা ফার্ম হবে যার প্রত্যেকটি ২৫ একর জমির উপর অবস্থিত হবে। এখানে ডিমনস্ট্রেসন ছাড়াও কৃষকদিগকে উন্নত ধরনের সার, বীজ এবং কৃষিযন্ত্রাদি সরবরাহ করা হবে।

২। কৃষি বিভাগ চাষের জমি সেচনের জন্য বহু সংখ্যক সেচ পরিকল্পনা গ্রহণ করবেন যাকে আমি মাইনর এ্যান্ড মিডিয়াম ইরিগেসন ওয়ার্কস বলবো।

৩। অকৃষি জমি কর্ষণযোগ্য করে তোলা ও ভূমি-সংরক্ষণ ব্যবস্থাও গ্রহণ করা হবে।

পশু চিকিৎসার ব্যবস্থা

পুরুলিয়ার পশুচিকিৎসালয়সহ অন্য যে তিনটি পশুচিকিৎসালয় আছে, তার উন্নতি-সাধন করা এবং বাংলার অন্যান্য জেলার মত করে স্বয়ংসম্পূর্ণ হাঁসপাতালে পরিণত করার ব্যবস্থাও পশ্চিমবঙ্গ সরকার গ্রহণ করেছেন।

বন

এই জেলায় জঙ্গলের দিকে সরকার দৃষ্টি দিয়েছেন। এই জেলায় জঙ্গলের বিশেষ ক্ষতি সাধিত হওয়ায় দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনার মধ্যে এখানে ৭,০০০ একর জমিতে পুনরায় জঙ্গল লাগাইবার পরিকল্পনা করা হয়েছে। এই জেলায় জঙ্গল খাতে উন্নয়নের জন্য মোট ১৪ লক্ষ ৬ হাজার টাকার আনুমানিক পরিকল্পনার গ্রহণ করা হয়েছে।

ভূমিসংরক্ষণ পরিকল্পনা

এই জেলায় ভূমিসংরক্ষণ বাবদ পঞ্চবার্ষিকী পরিকল্পনায় মোট প্রায় ১৮ লক্ষ টাকা বরাদ্দ করা হয়েছে।

[5-15—5-25 p.m.]

তারপর এন, ই, এস, অ্যান্ড সি, ডি, প্রোগ্রাম। পুরুলিয়া জেলা পশ্চিমবঙ্গে আসবার পূর্বে সেখানে এন, ই, এস, এবং সি, ডি, প্রোগ্রাম অনুযায়ী চারটি ব্লকএর কাজ চালু ছিল। তার মধ্যে ২য় সি, ডি, ব্লকএর কাজ ঐ অঞ্চল পশ্চিমবঙ্গে আসবার পূর্বেই আরম্ভ হয়েছিল। এবং দ্বিতীয় পরিকল্পনায় ৬৭টি শিল্পের মধ্যে ১৬টির ব্লকের কাজ পুরুলিয়া জেলার গভর্নমেন্ট করতে রাজী হয়েছেন। এর মধ্যে দুটি ব্লক রঘুনাথপুর এক নম্বর এবং রঘুনাথপুর ২নং নামে ১৯৫৭ সালের এপ্রিল হতে খোলা হয়েছে। এসব এন, ই, এস, ব্লকগুলির মধ্যে ৬টি ক্রমে ক্রমে সি, ডি, ব্লকএ পরিবর্তিত হবে। প্রতিটি এন, ই, এস, ব্লকএর জন্য ৪ লক্ষ এবং সি, ডি, ব্লকএর জন্য ১২ লক্ষ টাকা মঞ্জুর হয়েছে। সর্বশুদ্ধ পঞ্চবার্ষিকী পরিকল্পনায় পুরুলিয়া জেলায় এন, ই, এস, এবং সি, ডি ব্লকএর জন্য ৪৮ লক্ষ ৯৫ হাজার টাকা বরাদ্দ করা হয়েছে।

পুরুলিয়া জেলা পশ্চিমবঙ্গে আসবার পূর্বে সেচের কোন নির্দিষ্ট পরিকল্পনা পাওয়া যায় নি। এজন্য নতুন পরিকল্পনা গ্রহণ করতে হবে। আপনারা জানেন পুরুলিয়া জেলা বাংলা দেশের অন্যান্য অঞ্চল থেকে বিভিন্ন। সেখানে অধিকাংশ জমি উঁচু নীচু। সেচপরিকল্পনার মধ্যে কংসাবতী নদী পরিকল্পনা অন্যতম। এতদ্দ্বারা মানবাজার এবং পুঞ্চা অঞ্চল যথেষ্ট পরিমাণে সেচের সুযোগসুবিধা পাবে। ১ লক্ষ ৫০ হাজার একর জমিতে সেচ ব্যবস্থা হবে। এই পরিকল্পনার জন্য ৫ কোটি টাকা খরচ হবে। বরাভূম সেচ পরিকল্পনা গৃহীত হলে এক হাজার একর জমি সেচ পাইবে। বাগবণ্ডী সেচ পরিকল্পনা গৃহীত হইলে তুরগণ্ডী নদীতে বাঁধ দ্বারা সেচের ব্যবস্থা করা হবে। কিষ্টোবাজার পরিকল্পনা গৃহীত হলে দুই-তিন হাজার একর জমি সেচ পাইবে। মালদা সেচ পরিকল্পনার দ্বারা এক হাজার একর জমি সেচ পাবে। সাহাজোড় নদীতে বাঁধ দিয়ে মুরগামী সেচ পরিকল্পনা গৃহীত হলে তিন হাজার একর জমিতে সেচের ব্যবস্থা হবে। তারা রিক্লেমেসন স্কিম গৃহীত হলে তারাজোড় হতে সেচের ব্যবস্থা করে উঁচু জমিতে জল দিয়ে চাষের ব্যবস্থা করা যেতে পারে।

এই জেলা বিহারে থাকাকালীন আদ্রা, রঘুনাথপুর, কাশীপুর, দুবরা প্রভৃতি অঞ্চলে বিদ্যুৎ সরবরাহ করা হয়েছিল। বর্তমানে পশ্চিমবঙ্গ ইলেকট্রিসিটি বোর্ড চার বছরে অর্থাৎ ১৯৫৭-৫৮ হইতে ১৯৬০-৬১তে বিদ্যুৎ সরবরাহের জন্য ৪১ লক্ষ ৫০ হাজার টাকা বরাদ্দ করেছে। পুরুলিয়া হতে বিদ্যুৎ ঝালদা, বলরামপুর, মানবাজার এবং অন্যত্র সরবরাহ করা হবে। এর দ্বারা লাক্ষা কারখানাগুলি এবং অন্যান্য শিল্পগুলি উপকৃত হবে। রঘুনাথপুর তসর বিতরণকেন্দ্র—এই কেন্দ্রের পরিচালনা ভার বিহার গভর্নমেন্টের কাছ থেকে ১৯৫৬ সালের ১লা নভেম্বর হতে নেওয়ার পর থেকে চালু অবস্থায় রাখা হয়েছে। এর জন্য বছরে ৩৩,০০০ হাজার টাকা করে দেওয়া হচ্ছে। এ ছাড়া এখানে তসর চাষের জন্য একটি স্বয়ংসম্পূর্ণ সিড ফার্ম আরম্ভ করবার পরিকল্পনা আছে। তসরের কাতাই বুনাই এবং ফিনিসিংএর কাজ উন্নতভাবে শিক্ষা দেবার জন্য উন্নত শিক্ষাপ্রাপ্ত এক্সপার্ট নিয়োগের ব্যবস্থা করা হবে এবং তৈরি মাল গভর্নমেন্ট এম্পোরিয়ামএর মাধ্যমে বিক্রয় করবার ব্যবস্থা করা হবে। এর সঙ্গে সঙ্গে মালবারী সিল্কের চাষ করারও পরিকল্পনা আছে।

১৯৫৬-৫৭ সালে পুরুলিয়া জেলার উইভার্সদের ১৩,৬০০ টাকা মূলধন হিসাবে ধার দেওয়া হয়েছে। পুরুলিয়া সহরে হ্যান্ডলুম ও কুটিরশিল্পের জিনিসপত্রের বিক্রয়ের জন্য একটি সেলস এম্পোরিয়াম খোলা হয়েছে।

Dr. Golam Yazdani:

মাননীয় স্পীকার মহাশয়, পশ্চিমবঙ্গের বাজেট সম্বন্ধে বলতে গিয়ে আমি দেখতে পাচ্ছি যে এর সমালোচনা করবার জন্য বিশেষজ্ঞের প্রয়োজন হয় না। আমি কোন বিশেষজ্ঞই নই। এই বাজেট দেখে প্রথমেই যে কথা মনে হয় তা হল এই যে, এই বাজেটে এত বেশী ত্রুটিবিচ্যুতি আছে যে, আমরা হতাশ হয়ে যাই। এই বাজেট পাবার পর যে সময়টা পাওয়া গিয়েছে তা এত কম যে বিশেষভাবে বিশ্লেষণ করার অবকাশ পাওয়া যায় নি। এর ত্রুটিবিচ্যুতি সম্বন্ধে প্রথমেই যা মনে হয়েছে সেগুলি আমি আপনাদের সামনে বলব। প্রথমেই দেখতে পাই ১৯৫৩-৫৪ সালে পুলিস খাতে যে টাকা দেওয়া হয়েছিল এবার তারচেয়ে অনেক বেশী টাকা মঞ্জুর করা হয়েছে। এই টাকার অঙ্ক এত বেশী যে, আমরা বিস্মিত হয়ে যাই কি কারণে এত টাকা পুলিস খাতে খরচ করা হচ্ছে। অবিভক্ত বাংলায় ৪ কোটি ৭০ লক্ষ টাকা খরচ হত। কিন্তু বিভক্ত বাংলায় দেখি যে ৭ কোটি ৩৭ লক্ষ ৮৯ হাজার টাকা বরাদ্দ করা হয়েছে। এই বিপুল পুলিসবাহিনী পোষার জন্য যে খরচ তা অপব্যয় বলেই আমি মনে করি। কারণ, আমাদের দেশের জাতিগঠন কাজের জন্য যে টাকা দরকার সেই পরিমাণ টাকা পাওয়া যায় না। অন্যান্য গুরুত্বপূর্ণ খাতে যেখানে আরো বেশী দেওয়া উচিত ছিল তা দেওয়া হয় নি। আমাদের দেশে যেখানে শতকরা ৮০ ভাগ কৃষিজীবী, এবং যেখানে কৃষকদের অবস্থার উন্নতি করার যথেষ্ট সুযোগ ও দরকার আছে সেই কৃষিব্যবস্থায় কোনপ্রকার বৈজ্ঞানিক পদ্ধতি প্রয়োগ করা হয় না। অনেক বড় বড় পরিকল্পনা গ্রহণ করা হয়েছে, অথচ এই পরিকল্পনাগুলি কার্যে রূপায়িত করার জন্য যে টাকা বরাদ্দ করা হয়েছে তাতে কুলান সম্ভব নয়। আমরা দেখি যে, যে টাকা এগ্রিকালচারএর জন্য

থাকে সেই টাকা সম্পূর্ণভাবে কাজে লাগে না, কেন না যে আইন আছে তাতে পাবলিককে শতকরা ৫০ ভাগ দিতে হয় এবং একটা পরিকল্পনা করতে গেলে পর এত টাকা দরকার হয় যা জনসাধারণের পক্ষে দেওয়া সম্ভব হয় না। সুতরাং কোন পরিকল্পনাই কার্যে রূপায়িত হয় না, যার ফলে আমাদের দেশের কৃষির উন্নতি হয় না। এবং এই কৃষির উন্নতি না হওয়ার জনাই আজকে আমরা দেখছি দেশময় দুর্ভিক্ষের করাল ছায়া এসে পড়েছে। এমন কোন জায়গা নাই যেখানে খাদ্যাভাব দেখা দেয় নি, সব জায়গা থেকেই আজকে হাহাকার উঠেছে। একটা দৃষ্টান্ত দিলেই অনুধাবন করতে পারবেন কি দারুণ সংকট দেখা দিয়েছে। ব্যারাকপুর সার্বডিভিসনে ১০ লক্ষ লোকের বাস। গত ৮ই জুন তারিখে কয়েকজন এম. এল. এ. এস. ডি. ও. সঙ্গে ডেপুটেশনএ দেখা করতে গিয়ে শুনলেন সেখানে ৩ হাজার মণ চাল ও এক হাজার মণ গম দেওয়া হবে। খড়দহ থানায় একটা ইউনিয়নে যেখানে ৪০ হাজার লোকের বাস, সেখানে ৫০ মণ চাল এবং ৫০ মণ গম বরাদ্দ করা হয়েছে। আমার জেলা মালদহ জেলা সম্বন্ধে বলতে পারি যে সেখানে এমন খাদ্যসংকট দেখা দিয়েছে যা মালদহের ইতিহাসে কখনো হয় নি। মালদহ জেলার মধ্যে কালিয়াচক ও মাণিকচক এই দুইটি এলেকাতেই খাদ্যসঙ্কট সবচেয়ে বেশী, কিন্তু অন্যান্য এলেকাতেও খাদ্যসঙ্কট বর্তমান। আমার নিজের নির্বাচন এলেকা খরবা থানায় আজ চরম খাদ্যসঙ্কট দেখা দিয়েছে, যা ইতিপূর্বে কোনদিন হয় নি, এমন কি ১৯৫৬ সালের সারা বাংলাব্যাপী দুর্ভিক্ষের সময়ও এত খাদ্যসঙ্কট দেখা যায় নি। খরবা থানায় বিভিন্ন অংশ থেকে বুভুক্ষু লোকেরা খাদ্যের দাবিতে কর্তৃপক্ষের কাছে ধর্ণা দিচ্ছে। খাদ্যসঙ্কটের প্রমাণস্বরূপ বলা

[5-25—5-35 p.m.]

যেতে পারি—মহানন্দপুর ইউনিয়নের জয়নুদ্দিনের স্ত্রী আয়েসা না খেতে পেয়ে গলায় দড়ি লাগিয়েছিল সে কথা সে সময় ম্যাজিস্ট্রেট সাহেবকে জানিয়ে দিয়েছি। তা ছাড়া মহানন্দপুর গ্রামে এবং অন্যান্য গ্রামের থেকে খবর পাওয়া গেছে যে লোকেরা না খেতে পেয়ে ফাঁসী লাগাতে গিয়েছিল প্রতিবেশীরা দেখতে পেয়ে তাদের নিবৃত্ত করছে এই হচ্ছে আমাদের সমস্ত মালদা জেলার অবস্থা। এবং সরকারকে যে সে খবর জানিয়ে না এসেছি তা নয়। তারপর সেখানে টেস্ট রিলিফের কাজ আজ প্রায় বন্ধ। আগে টাকা দেওয়া হত এখন নাকি গম দেওয়া হবে, কিন্তু সে গম এখনো পর্যন্ত সেখানে যায় নি। সেইজন্য টেস্ট রিলিফের কাজ প্রায় বন্ধ আছে। তা ছাড়া যে সমস্ত দুস্থ রোগগ্রস্ত, অন্ধ, খঞ্জ ও বিধবা প্রভৃতি রয়েছে তাদের সংখ্যাও হাজার হাজার তাদের অবস্থা কি? আমাদের থানায়, আমি ১০ দিন আগে যে দিন কলকাতায় আসি সেদিন শুনতে পাই যে তার পরের দিন থেকেই খয়রাতি দান আরম্ভ করা হবে তারপরে চিঠি পেয়েছি এবং অনেক দিন হয়ে গেল, সে খয়রাতি দান আরম্ভ হয় নাই। অতএব সেখানকার লোকগুলোর কি অবস্থা হয়েছে তা কল্পনা করতে পারেন।

মালদা জেলা আমের জন্য বিখ্যাত, আম এবার সেখানে একেবারেই হয় নাই তা হয়ত সকলেই জানেন। এ সময় যদি আম হত তাহলে সেখানে এত তীব্র খাদ্যসঙ্কট দেখা দিত না। হাইড্রোজেন বোমা যে ফাটছে তার ফলে এমনকি কলকাতায় পর্যন্ত এটমিক ডাস্ট পাওয়া গেছে। সেই এটমিক ডাস্ট মালদার আমের উপর কাজ করেছে কিনা তা যদি সরকার বৈজ্ঞানিকদের দ্বারা পরীক্ষা করান তাহলে আমরা কৃতার্থ হব। তারপর সেখানে দুস্থ লোকদের সরকার যে সাহায্য দেন তাও অতি নগণ্য। কৃষকদের কৃষিঋণ দেওয়া হয় নি। বলদ খরিদের জন্য যে পরিমাণ ঋণ বরাদ্দ হয়েছে তা প্রহসনের মত। একটা ইউনিয়নে যেখানে লোকসংখ্যা হাজার সেখানে মাত্র ৫০০ টাকা বলদ কিনবার ঋণ দেওয়া হয়েছে। টাকা যেভাবে দেওয়া হচ্ছে তাতে আমাদের যতটা অভাব ততটা অভাব মেটাবার চেষ্টা সরকার করছেন না। তারপর অন্যান্য খাতে আমরা যা দেখছি—শিক্ষা এবং মেডিক্যাল, সেখানেও আমরা হতাশ হচ্ছি এই বাজেট দেখে। হাসপাতাল এবং বিদ্যালয়ের সংখ্যা দেশে খুব বাড়ে নাই, এমন ত হয় নি যে, লোকের স্বাস্থ্যের উন্নতি হয়েছে, অথচ সেইসব খাতেও বাজেটে টাকা কম দেওয়া হয়েছে।

তারপর, উত্তরবঙ্গে যোগাযোগ ব্যবস্থার যে অভাব সেটা কারো অবিদিত নয়, সেটা অত্যন্ত প্রয়োজনীয় ব্যাপার। এই বাংলাদেশ যখন ভাগ হয়ে যায় তখন মালদা জেলা ও দিনাজপুর জেলার অবশিষ্ট ও উত্তর অঞ্চল বাংলা দেশ থেকে বিচ্ছিন্ন হয়ে পড়ে। সরকার নিশ্চয়ই জানেন যে

কেন্দ্রীয় মন্ত্রী শ্রীলালবাহাদুর শাস্ত্রী যখন এসেছিলেন তখন গঙ্গা বারাজ ও 'ফারাক্কা বাঁধ' করবার মতন আশ্বাস আমরা তাঁর কাছে পেয়েছিলাম, কিন্তু সেই গঙ্গা বারাজ ও 'ফারাক্কা বাঁধে'র কোন পরিকল্পনা ২য় পঞ্চবার্ষিক পরিকল্পনায় দেখতে পাচ্ছি না। তা না হবার ফলে আজও পর্যন্ত মালদা জেলার সমস্ত এবং উত্তর অঞ্চল সহ দিনাজপুর জেলার অবশিষ্ট অংশ বাংলা দেশ থেকে বিচ্ছিন্ন হয়ে রয়েছে। আর সেখানকার লোকেরও অবস্থার কোন উন্নতি হচ্ছে না যোগাযোগের কোন ব্যবস্থা না হওয়ার দরুন। তা ছাড়া সেখানকার ট্রাইবাল লোক, যারা অনুন্নত-শ্রেণী তাদের শিক্ষাদীক্ষারও কোন ব্যবস্থা হচ্ছে না। মালদায় একটা এরোড্রাম হবার কথা ছিল, প্রাথমিক কাজ আরম্ভ হয়ে বন্ধ হয়ে গেছে, আজ পর্যন্ত কেন তা সম্পন্ন করা হচ্ছে না তা জানি না। হলে আম রপ্তানির সুবিধা হত। পরিশেষে, আমি রিফিউজি সম্বন্ধে বলব,—এদের জন্য ভারত সরকার বিরাট টাকার অঙ্ক খরচ করেছেন। কিন্তু রিফিউজিদের অর্থনৈতিক পুনর্বাসন হচ্ছে না বলেই টাকাটা অপব্যয় হচ্ছে বলে মনে হয়। আর, আমাদের দেশের যারা নাগরিক—যারা আমাদেরই দেশে ডিসপ্লেসড হয়ে আছে, তাদের কথা বলতে গেলে অনেকে মনে করেন সাম্প্রদায়িকতার কথা বলা হয়, যারা নিজ দেশেই আজ বহু দুঃখে রয়েছে তাদের কথা বলায় সাম্প্রদায়িকতার প্রশ্রয় দেওয়া হয় না। আমি আশা করি সেই সমস্ত মাইনরিটি হতভাগ্য ডিসপ্লেসড লোকদের সম্বন্ধে সরকার কি ব্যবস্থা করছেন, সেটা পরিষ্কার করে বলবেন।

পরিশেষে আমি বলব—জনসাধারণের স্বার্থের দিকে লক্ষ্য রেখে এ বাজেট তৈরি করা হয় নি সেইজন্য এ বাজেটকে আমি প্রশংসা করতে পারি না।

Sj. Satyendra Narayan Mazumdar:

মাননীয় স্পীকার মহাশয়, বাজেটের উপর সাধারণ আলোচনার এই শেষ মুহূর্তে যে সময়টুকু আমাকে দিয়েছেন তার জন্য আমি আপনাকে ধন্যবাদ দিচ্ছি। এই অল্প সময়ের মধ্যে প্রায় কিছুই বলা যায় না, সেইজন্য আমি বিশেষ দু একটা জিনিস নিয়ে আলোচনা করব। আমি দেখতে পাচ্ছি বাজেট নিয়ে যখন আলোচনা হচ্ছে তখন অর্থমন্ত্রী মহাশয় এখানে নাই। (এ ভয়েস: তিনি ঘরে থেকেই শুনছেন।) তিনি এখানে হাজির থাকলেই ভাল হত, আমি পরোক্ষ শোনাবার জন্য উৎসুক নই। কারণ আমি তাঁকে কতকগুলি প্রশ্ন করতে চাই।

মাননীয় স্পীকার মহাশয়, এই বাজেট সম্বন্ধে বলতে গিয়ে আমাদের বিরোধীপক্ষ থেকে কতকগুলি সুস্পষ্ট পরামর্শ দেওয়া হয়েছে, তার মধ্যে আছে—চা-শিল্প ও পাট-শিল্প প্রভৃতি আমাদের যেসব গুরুত্বপূর্ণ শিল্পের উপর যেসব বৃটিশ মালিকদের পূর্ণ দখল রয়েছে সেগুলি জাতীয়করণ এবং ঐ জাতীয়করণ সাপেক্ষে সেইসব শিল্পের মুনাফা বিদেশে পাঠান স্থগিত রাখা। এই দুইটি শিল্প সম্পর্কে অনেক ধূম্রজাল সরকারপক্ষ থেকে সৃষ্টি করা হয়েছে। কিন্তু এখন আর সে ধূম্রজালের অবকাশ নাই। আমি আগে দুটি জিনিস বলতে চাই, চা-বাগানের যে আয় তার শতকরা ৬০ ভাগ কৃষি আয় করের মধ্যে পড়ে। আসামে যে কৃষি আয়কর ধরা হয় তা বাংলাদেশে যা ধরা হয় তার চেয়ে ঢের বেশী। সুতরাং আসামের সম পরিমাণ কেন বাংলাদেশেও ধরা হবে না? দ্বিতীয় কথা হচ্ছে, চা-বাগানে অতিরিক্ত জমি ও জঙ্গল যখন নেওয়া হয়েছিল, তখন সেগুলির ক্ষতিপূরণ দেবার বেলায়, বিশেষ করে ইংরেজের আমলে অনেক কম করে সেই ক্ষতিপূরণ দেওয়া চলত। তার কারণ তখন তারা দিয়েছিল তখন একর প্রতি এক টাকা লীজ। যার জন্য সেগুলি তারা ফেলে রেখেছিল, আর এরজন্য আজকে চড়া হারে ক্ষতিপূরণ আদায়ের কোন কারণ নাই। মাননীয় সদস্য সুবোধ ব্যানার্জি একটা দৃষ্টান্ত দিয়েছেন যে, চাকরেরা কত মুনাফা পাচ্ছে। সে দৃষ্টান্তের আরো অনেক জিনিস রয়েছে সে সমস্তগুলি বলবার এখন আমার সুযোগ নাই, ভবিষ্যতে বলবার ইচ্ছা রইল। এটা সর্বজনবিদিত যে চা-শিল্পের প্রায় সমস্তগুলিই কয়েকটি য়ুরোপীয়ান এজেন্সী হাউসের দখলে রয়েছে, এবং তাঁরা বিভিন্ন ক্ষেত্রে মুনাফা এমনভাবে দেন যার ফলে আজ চায়ের উৎপাদনের ক্ষতি হচ্ছে। প্রথম থেকে দেখলে চায়ের উৎপাদনের ক্ষতি করে এমনভাবে মুনাফা নিতে পারত না। এখন সময় এসেছে সেগুলি আমাদের এখনি বন্ধ করার প্রয়োজন। তা ছাড়া অনেকগুলি গুরুতর প্রশ্ন এসে পড়েছে। আমাদের সরকার একটা তদন্ত কমিশন বসাতে বাধ্য হয়েছিলেন, যখন

চা-শিল্পের সঙ্কটের ভিতর শ্রমিকদের উপর একটা হামলা সুরু হয়। এবং আইন সভার ভিতর, বিশেষ করে পার্লামেন্টে যেসব শ্রমিক প্রতিনিধি রয়েছেন তাঁদের দাবীর ফলে চা-বাগিচা তদন্ত কমিশন বসেছিল। এবং আমি এটা বলতে সঙ্কোচ বোধ করব না যে, পার্লামেন্টের আই, এন, টি, ইউ, সি, এ্যান্ড এ, আই, টি, ইউ, সি, ঐক্যবদ্ধভাবে দাবী করার ফলেই ঐ কমিশন গঠিত হয়। সেই তদন্ত কমিশন কতকগুলি তথ্য উপস্থিত করেছেন, এবং এমনভাবে উপস্থিত করেছেন যে তার ফলে এমন একটা অবস্থা দাঁড়িয়েছে যে, আজ কংগ্রেস সরকারকে 'হ্যাঁ' অথবা 'না' বলতে হবে যে, বিদেশী মালিকদের পরিচালনায় যে চা-বাগানগুলি রয়েছে জাতির স্বার্থে সেগুলির রাষ্ট্রীয়করণ করবেন না, দেশের স্বার্থের জলাঞ্জলি দিয়ে তাদের তোষণ করবেন। এখন চা-বাগিচা তদন্ত কমিশনের যে তথ্য তা আমি বলছি আমরা এতদিন শুনে এসেছি, যে য়ুরোপীয়ান মালিকদের দ্বারা শিল্পের উন্নতি হতে পারে, এবং অর্থমন্ত্রী কৃষ্ণমাচারীর একটা আত্মতুষ্টি ছিল যে সাহেব কোম্পানিগুলি আর যা করুক না করুক তারা শিল্পের উন্নতি করছে। কিন্তু বাগিচা তদন্ত কমিশন তাদের রিপোর্টএ বলেছে যে ইউরোপীয়ান চা মালিকরা এতদিন যে মুনাফা করেছে সেই মুনাফা শিল্পের উন্নতির জন্য ত নিযুক্ত করেনই নাই, আনফেয়ার রিপ্যাট্রিয়েসন অব ক্যাপিট্যাল করেছেন কিভাবে?

[5-35—5-45 p.m.]

না, চা-শিল্পের যে মূল জিনিস, চাগাছ, সে চাগাছ তাঁরা লাগান নি। একটা চাগাছের অর্থনৈতিক জীবন হচ্ছে ৬০ বছর। বাগিচা তদন্ত কমিশন-এর রিপোর্ট অনুযায়ী বেশীর ভাগ সাহেব মালিকদের চা-বাগানগুলিতে ১৯০০ সালের আগে বেশীর ভাগ চাগাছ লাগান হয়েছিল। অর্থাৎ সেই চাগাছগুলির বয়স বর্তমানে ৫৬½ বছর এসে দাঁড়িয়েছে। তারা চাগাছ লাগান নি। এবং বাগিচা তদন্ত কমিশন যে তথ্য দিয়েছেন, তাতে যত ইয়ুরোপীয়ান মালিকদের অধীনে যে এলাকা আছে, তার মধ্যে শতকরা ৪৪ ভাগ এলাকায় যদি এখনই চাগাছ নতুন করে লাগানর ব্যবস্থা না হয়, তাহলে সে অঞ্চলের চাশিল্পের অস্তিত্ব বিলুপ্ত হয়ে যাবে অতি অল্প দিনের ভিতর। এই চাগাছগুলি কার্যকরী হতে সময় লাগে—সমতলভূমিতে লাগে পাঁচ বৎসর বড় হতে। কাছাড়ে আরও বেশী সময় লাগে। কাজেই আপনারা ভেবে দেখুন কি অবস্থায় এসে দাঁড়িয়েছে চাষী। সাহেব মালিকদের অধীনে পাঁচ লক্ষ ২৮ হাজার একরএর ভিতর দুই লক্ষ বার হাজার একরএর যদি অবিলম্বে চাগাছ লাগান না হয়, তাহলে তার অবস্থা অত্যন্ত কঠিন হবে। এবং এই চাগাছগুলির অবস্থা কি হয়েছে? আজকে আমার বন্ধুবর শ্রী হামাল এখানে বসে আছেন, তার ভাষায় বলতে হয়, চাগাছের টি, বি, হয়েছে এবং এটা সবচেয়ে বেশী হয়েছে দার্জিলিংএ। কারণ সেখানে শতকরা ৭৯·১৬ ভাগ চাগাছের বয়স হচ্ছে, ১৯০০ সালের আগে লাগান। এবং যদি ১৯১০ থেকে ১৯৩০ ধরি, তাহলে তা থেকে অনেক বেশী। আমাদের এই চাশিল্পকে এই সংকটের মুখে দিয়ে তারা শুধু সন্তুষ্ট হয় নি, যখন চাগাছ নতুন করে লাগাবার সময় হচ্ছে, ঠেক সেই মুহূর্তে তারা চাগাছগুলি বিক্রি করে চলে যাচ্ছেন, কারণ ইস্ট এ্যাফ্রিকাতে তারা চা-বাগান চালু করবার চেষ্টা করবেন। এবং কিনছেন কারা? বিশেষ এক সম্প্রদায়ের ফাটকাবাজেরা। তারা দুই-এক বৎসর বাগানটাকে চালিয়ে তারপর সেটাকে বন্ধ করে দিচ্ছেন। এবং দার্জিলিংএ এটা একটা ঘটনা হয়ে দাঁড়িয়েছে। প্রত্যেক বৎসর এই শ্রমিকরা যখন দাবী করে, তখন ঐ মালিকরা, তারা বলেন যে যদি তোমরা গোলমাল কর, বাগান বন্ধ হয়ে যাবে। বাগানের পর বাগান তারা এইভাবে বন্ধ করতে যাচ্ছেন। চাবাগিচা তদন্ত কমিশন এই ব্যাপারে যে সুপারিশ করেছেন সেই সুপারিশ বড় কঠিন সুপারিশ। আমি দেখতে চাই, কি করছেন কংগ্রেস সরকার। কেননা চা-বাগানের রিপোর্ট বেরুনোর পরে মাননীয় কৃষ্ণমাচারীও চুপ করে গিয়েছেন ও নতুন বাণিজ্যমন্ত্রী যিনি হয়েছেন শ্রীমুরারজী দেশাই তিনিও এ ব্যাপারে কিছু বলছেন না। আমি শুধু জানতে চাই, আমাদের রাজ্যসরকার এ ব্যাপারে কি করছেন। বাগিচা তদন্ত কমিশনের সুপারিশ হচ্ছে যে, প্রত্যেক চাবাগানকে একর প্রতি ৫০ টাকা নতুন চাগাছ লাগানর জন্য টি বোর্ডএর কাছে জমা রাখতে হবে। তার আগে তারা কোনরকম মুনাফা বিদেশে পাঠাতে পারবে না বা বাগান বিক্রী করতে পারবে না। এবং এই বাগিচা তদন্ত কমিশনের অন্য একজন সদস্য যিনি ছিলেন, তিনি হিসাব করে দেখিয়েছেন যে, রিপ্ল্যান্টিংএর যে খরচ, সেই খরচটা কত বেশী। অর্থাৎ আজকে প্রশ্ন এসেছে, আমাদের

কাছে চাশিল্পের ব্রিটিশ সেক্টরকে জাতীয়করণ করা, ক্ষতিপূরণ দিয়ে নয়, ক্ষতিপূরণ আদায় করে। তার কারণ হিসাব করে দেখা গিয়েছে—১৯০০ সালের আগে যেসব চাগাছ লাগান হয়েছে, তাকে আজ নতুন করে লাগাতে গেলে প্রায় ৬০ কোটি টাকা লাগে। এবং ১৯১০ থেকে ১৯৩০এর ভিতর যেসব চাগাছ লাগান হয়েছে, সেগুলি যদি ধরি, তাহলে আরও ৪৩ কোটি টাকা লাগবে। তার মানে দাঁড়াছে, ১০৩ কোটি টাকা। চাশিল্পের মোট লগ্নি হচ্ছে—১১৩ কোটি টাকা; তার মধ্যে সাহেবদের হচ্ছে ৭২ কোটি টাকা। কাজেই দেখুন, তারা যে টাকা এখানে লাগিয়ে ছিল, তার অনেক বেশী নিয়ে গিয়েছেন, আমাদের চাশিল্পকে সর্বনাশের পথে এনে উপস্থিত করেছেন, যাকে বলে, ব্রিন্‌ক্‌ অব ডিসাসটার। প্রশ্ন উঠেছে তাদের কাছ থেকেই ক্ষতিপূরণ আদায় করা। কাজেই আমি এখানে মুখ্য মন্ত্রীকে প্রশ্ন করতে চাই এবং তাঁর বকলমে যারা, তারা প্রশ্নটা মনের মধ্যে গ্রহণ করুন যে আজকে কি করবেন। আমাদের জাতীয় স্বার্থের ধ্বংসকারী যারা; তাদের আজকে রোধ করবেন, না সেই জাতিকে তারা তোষণ করে চলবেন? এ সম্বন্ধে অন্য কিছু বলবার স্কোপ নেই। আমি সেইজন্য চা শ্রমিকদের প্রতি রাজ্যসরকারের শ্রমনীতির কথা শুধু উল্লেখ করছি। ১৯৫৫ সালে যখন চা-শ্রমিকরা বোনাস দাবী করে ছিল এবং দার্জিলিংএ তারা মজুরি বাড়াবার দাবী করেছিল—দার্জিলিংএ মজুরি কম, কারণ সেখানে ফলন কম, কেন চায়ের ফলন কম, সেটা আজকে পরিষ্কার হয়েছে। সাহেব মালিকদের বাগানে শতকরা ৭৯ ভাগ চাগাছের বয়স ৫৬ বৎসরের বেশী হয়ে গিয়েছে। সেই জিনিস না দেখেই এখানকার সরকার কি নীতি নিয়েছিলেন? না বোনাসএর দাবী অগ্রাহ্য, বোনাসএর দাবীকে সমর্থন করা যেতে পারে না। সেই সময় বিভিন্ন চা-শ্রমিক সংগঠন থেকে প্রস্তাব পাঠান হয়েছিল আমি নিজে তদানীন্তন শ্রমমন্ত্রী, কালীপদ মুখার্জিকে চিঠি লিখেছিলাম যে বোনাসএর ব্যাপারে একটা ত্রি-দলীয় সম্মেলন ডাকুন। মাননীয় কালীপদবাবু আমার অন্যান্য চিঠির জবাব খুব তাড়াতাড়ি দিতেন, কিন্তু বোনাসএর প্রশ্নে তিনি মৌনভাব অবলম্বন করলেন। ফলে দার্জিলিংএ ধর্মঘট হল এবং একটা ছুতো ধরে বেআইনী করে গুলী চালালেন। তারপর তখনও বলেছিলাম—একটা ত্রিদলীয় সম্মেলন ডাকুন। কিন্তু তা সত্ত্বেও তিনি স্বীকার করলেন না। তারপর যখন ডুয়ার্স এবং তরাই এই দুই জায়গা থেকে ধর্মঘটের নোটিস দেওয়া হল, তখন তারা এক ত্রি-দলীয় সম্মেলন ডাকলেন এবং বললেন যে দিল্লীতে একটা ইন্ডাস্ট্রিয়েল কমিটির মিটিং হবে এবং সেখানে এটার আলোচনা হবে। এই বোনাস দেওয়া যেতে পারে না, দিলে মালিকদের ক্ষতি হবে। এই তাদের যুক্তি ছিল কিন্তু মালিকরা বোনাস দিয়েছিল, শ্রমিক আন্দোলনের চাপে। কাজেই আমি বলছি যে বাগিচা তদন্ত কমিশনের সুপারিশ আমরা কাজে পরিণত করতে বাধ্য করব, শ্রমিকদের ঐক্যবদ্ধ আন্দোলনের চাপে। ডাঃ মৈত্রয়ী বোস থাকলে আমি সেটা বলতাম। ডাঃ মৈত্রী বোস, ধর্মঘটের নোটিস পাবার পরে যে ত্রি-দলীয় সম্মেম্লন হয়—তিনি সেখানে তখন লেবার কমিশনকে বলতে বাধ্য হয়েছিলেন যে ধর্মঘটের নোটিস না দিলে আপনারা আমাদের সম্মেলন ডাকেন না। কাজেই চা-শ্রমিকদের সম্মেলন থেকে ধর্মঘটের নোটিস দিতে আমরা বাধ্য হয়েছি। এবং তারপর বোনাস তারা দিলেন। এটা আমি বিশেষভাবে বলছি—এইজন্য যে মাননীয় নতুন শ্রমমন্ত্রী সত্তার সাহেবের এটা শোনা উচিত। এবারও বোনাস চুক্তির নামে একটা জিনিস চালিয়ে দেওয়া হয়েছে, কিন্তু শ্রমিকরা সেটা মেনে নেবে না। বাগিচা তদন্ত কমিশনের রিপোর্ট অনুযায়ী যদি আপনারা ব্যবস্থা না করেন, তাহলে আমরা তা করব। কেন না, ভবিষ্যতে বাংলাদেশে চাশিল্পের গুরুত্ব আছে—উত্তরবঙ্গে অর্থনীতি এর উপর নির্ভরশীল। তিনি বোনাসএর ব্যাপারে ত্রি-দলীয় সম্মিলন যদি না ডাকেন, তাহলে শ্রমিক আন্দোলনের জোরে আমরা সেটা ডাকাতে বাধ্য করব। এই সঙ্গে একটা কথা আমি বলছি—মাননীয় স্পীকার মহাশয় —যে মাননীয় সাত্তার সাহেবকে আমি সহানুভূতি জানাব কিনা ভাবছি। কেননা কংগ্রেস গভর্নমেন্টের শ্রমমন্ত্রীর উভয় সংকট থাকে। যদি তিনি সত্যই শ্রমিকদের কল্যাণের জন্য কিছু করতে চেষ্টা করেন, তাহলে তাকে প্রতি পদে তার ক্যাবিনেটএর সহযোগীদের বাধার সম্মুখীন হয়ে শেষপর্যন্ত "গিরি"র মত পদ ত্যাগ করতে হয় অথবা তিনি যদি গদী আঁকড়ে ধরে থাকতে চান, তাহলে শেষপর্যন্ত শ্রীযুক্ত খান্দুভাই দেশাইর মত নির্বাচনে পরাজয় স্বীকার করতে হবে। এর মধ্যে সাত্তার সাহেব কোন্‌টা বেছে নেবেন জানি না। তবে শ্রমিকদের কল্যাণের জন্য সত্যই

যদি তিনি কিছু করবার চেষ্টা করেন, তাহলে আমরা সম্পূর্ণভাবে তাঁকে জানাব যে ট্রেড ইউনিয়ন আন্দোলনের সমর্থন তিনি পাবেন। আমার টাইম নেই যদিও আমার অনেক কিছু বলবার ছিল। আমি এই কথা বলেই শেষ করছি।

[5-45—5-55 p.m.]

The Hon'ble Tarun Kanti Ghosh:

মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি কিছু বলবার আগে আপনার মাধ্যমে এখানে যেসমস্ত সহকর্মী বন্ধুরা দলনির্বিচারে নির্বাচিত হয়ে এসেছেন, তাঁদের প্রত্যেককে আমার শুভেচ্ছা এবং শ্রদ্ধা জানাচ্ছি।

গত চারদিন ধরে আমাদের অর্থমন্ত্রীর বাজেটের উপর যে আলোচনা হয়েছে এবং তার আগে রাজ্যপালিকার ভাষণের উপর তিনদিন ধরে যে আলোচনা চলেছে, তা আমি মনোযোগ-সহকারে শোনবার চেষ্টা করেছি। এখানে যেসমস্ত প্রতিনিধিরা এসে উপস্থিত হয়েছেন তাঁরা তাঁদের নির্বাচিত এলাকা সম্বন্ধে, সমগ্র দেশের, সমগ্র জাতির বর্তমান পরিস্থিতি সম্বন্ধে বক্তৃতা করবেন, তাঁদের দুঃখদুর্দশার কথা এখানে জানাবেন এটা খুবই স্বাভাবিক। কিন্তু তাঁদের এই বক্তৃতা সাতদিন ধরে শুনতে শুনতে একটা কথা বারবার আমার মনে এসেছে—সেটা হচ্ছে এই যে জনসাধারণের দুঃখদুর্দশার কথা ওদিগের যেসমস্ত নির্বাচিত প্রতিনিধি আছেন তাঁরা যেমন জানেন, আমরাও তেমন জানি। আমরাও নির্বাচনের সময়ে জনগণের মাঝে গিয়ে তাঁদের সংগে ঘনিষ্ঠভাবে মিশবার চেষ্টা করেছি, তাঁদের সমস্যার কথা জানবার চেষ্টা করেছি, তাঁদের বর্তমান পরিস্থিতি বুঝবার চেষ্টা করেছি। অতএব আমাদের বিরোধী পক্ষের বন্ধুদের বারবার নতুন করে তাঁদের দুঃখকষ্টের কথা বুঝাবার দরকার নেই। তাঁদের বক্তৃতা শুনতে শুনতে জনসাধারণের দুঃখকষ্টের কথা জানাবার মধ্য দিয়ে যে একটিমাত্র কথা আজকে আমার মনে ভেসে এসেছে সেটা হচ্ছে রাজনীতি। এই বাংলাদেশে সাধারণ মানুষের মধ্যে আজকে যে দুঃখ রয়েছে, কষ্ট রয়েছে, আজকে গরীব জনসাধারণের মধ্যে দীনদুঃখী কাঙ্গালের মধ্যে যে অভাব অনটন রয়েছে তা আমার বাঁ পাশের যেসমস্ত সদস্যারা বসে রয়েছেন তাঁরা যেমন জানেন, তাঁরা যেমন উপলব্ধি করেন, তাঁরা যেমন বারবার সে কথা এখানে এনে তার হয়ত প্রতিকার করবার চেষ্টা করেন, তেমন আমি জানাচ্ছি যে আমার ডান পাশে যেসমস্ত কংগ্রেস সদস্যারা রয়েছেন, তাঁরাও ঠিক সমানভাবে তা উপলব্ধি করেন এবং তা প্রতিকার করবার চেষ্টা করেন। (শ্রীযুক্ত হেমন্ত কুমার ঘোষাল: কোয়েশ্চেন) তফাত হচ্ছে এই যে সেটা উপলব্ধি করে তার প্রতিকার করবার চেষ্টা করা এক জিনিস এবং সেই দুঃখকষ্টকে সামনে ধরে শুধু কংগ্রেস বিরোধী প্রচার কার্য করা আর এক জিনিস। আজকের দিনে আমি আমার বিরোধীপক্ষের কোন দলের বা বিরোধীপক্ষের কোন সদস্যের সমালোচনা করতে চাই না, আমি ধরে নিতে চাই যে তাঁদের বক্তৃতার মাধ্যমে তাঁরা সত্যই দেশের ও দশের দুঃখের কথা তুলে ধরবার চেষ্টা করেছেন, কিন্তু তাদের যেসমস্ত বক্তৃতা এখানে শুনেছি সেই সমস্ত বক্তৃতা যদি আজকে পর্যালোচনা করে দেখা যায়, তাহলে দেখতে পাবো যে সেগুলি স্ববিরোধী। বক্তৃতার মাধ্যমে তাঁরা একদিক দিয়ে তুলে ধরেছেন উদ্বাস্তু সমস্যার কথা, খাদ্যসমস্যার কথা, খাদ্যদ্রব্যের মূল্য বৃদ্ধির কথা, বেকার সমস্যার কথা আর অন্যদিক দিয়ে তাঁরা তুলে ধরেছেন কর বৃদ্ধির কথা বা ট্যাক্সেশনের কথা। একদিক দিয়ে তাঁরা দাবী করেছেন যে, জমি নেওয়া চলবে না—একটু আগে আমার বন্ধু নস্কর মহাশয় বক্তৃতা করতে উঠে বলেন যে কৃষকদের যে জমি নেওয়া হচ্ছে সেটা অন্যায়, আমি তাঁর সংগে একমত হতে রাজী আছি, কিন্তু আবার অন্যদিক দিয়ে ফরোয়ার্ড ব্লকের একজন সদস্য বক্তৃতা দিয়ে বল্লেন যে, কেন বেতিয়ায় রেফিউজিদের ফিরে যেতে হবে, আমাদের এখানকার জমি কেন তাদের দেওয়া চলবে না? একদিক দিয়ে আমরা শুনেছি যে, আমাদের দেশে চালের দর কমিয়ে আনতে হবে, আবার সংগে সংগে গ্রামে গিয়ে শুনতে পাই যে, কৃষকরা যেসমস্ত ধান উৎপাদন করে তাদের সেই ধানের দর কেন বাড়বে না? আমার যেসমস্ত বন্ধুরা এখানে উপস্থিত হয়েছেন—যাঁরা আমাদের সাহায্য করতে চান, সমস্ত দেশের ও দশের উন্নতি করতে চান—তাঁদের আমি অনুরোধ করব যে, তাঁরা একটা আদর্শ বা নীতি নিয়ে চলুন। রেফিউজি এলাকায় গিয়ে, ট্রানজিট ক্যাম্পে গিয়ে তাঁরা ঘোষণা করবেন যে পশ্চিমবঙ্গে তোমাদের জায়গা আমরা করে দেব,

আর স্থানীয় হিন্দু-মুসলমান ভাইদের মধ্যে গিয়ে ঘোষণা করবেন যে, তোমাদের জমি কংগ্রেস সরকার জোর করে কেড়ে নিচ্ছে। এই নীতি যদি তারা চালনা করেন তাহলে আমি বলবো তাতে আমাদের দেশের বা আমাদের এই কংগ্রেস গভর্নমেন্টের কোন উপকার হতে পারে না, হওয়া সম্ভবও নয়। একদিক দিয়ে তাঁরা আমাদের দেশে সহর এলাকায় এসে ঘোষণা করবেন যে, আমাদের দেশে চালের দর ১৫ টাকা করতে হবে, আর সঙ্গে সঙ্গে গ্রামে গিয়ে ঘোষণা করবেন সে ধানের দর ১৪-১৫ টাকা কেন হবে না? আমি বলতে চাই ১২-১৪ টাকায় ধান কিনে সেই ধান চাল করে ১২ টাকায় বিক্রী করা সম্ভব নয়—যদি তা ১২ টাকায় বিক্রী করতে হয় এবং প্রতিমণ ধানে সরকারকে যদি ১০-১২ টাকা করে সার্বসিডি দিতে হয়, তাহলে সেখানে ট্যাক্সেসনের প্রশ্ন আসবে। একদিক দিয়ে তাঁরা ঘোষণা করবেন যে আমাদের দেশে রাস্তা দরকার, আমাদের দেশে স্কুল দরকার, হাসপাতাল দরকার, আমাদের দেশে যা'কিছু সমস্যা রয়েছে তার সমাধান করা দরকার, অন্যদিকে সঙ্গে সঙ্গে তাঁরা ঘোষণা করবেন যে, এক পয়সা যদি ট্যাক্স বাড়ে, সেই ট্যাক্স আমরা দেব না। এখানে দুটি জিনিস আমাদের পরিষ্কার বুঝিয়ে দিতে হবে যে, আমাদের দেশ দুইশো বছর ধরে পরাধীন ছিল, দুশো বছর ধরে আমাদের দেশে যে সরকার ছিল সেই সরকার মানুষের ইচ্ছা, শুভেচ্ছার উপর নির্ভর করতো না। তারা নির্ভর করতো গুলী, বন্দুকের উপর [কমিউনিস্ট পার্টির বেঞ্চ হইতে তুমুল হট্টগোল]। সেই সরকার দুশো বছর ধরে দেশের ও দশের উন্নতির কথা চিন্তা করেনি। সেজন্য যখন ভারতবর্ষ স্বাধীন হয়, ভারতবর্ষের জনগণ যখন স্বাধীনতা সংগ্রামে জয়ী হন, তখন আমরা দেখতে পাই যে আমাদের দেশে শতকরা ৯০ জন লোক নিরক্ষর, আমাদের দেশে পথচলার রাস্তা নেই, পানীয় জলের বন্দোবস্ত নেই, আমাদের দেশে শিক্ষা দেওয়ার কোন বন্দোবস্ত নেই, আমাদের দেশে শিল্প নেই, আমাদের দেশে সাধারণ কৃষকেরা চরম দুর্দশার মধ্যে গিয়ে পড়েছে। কাজেই আমাদের দেশের উন্নতি করতে হবে অথচ ট্যাক্স করা চলবে না। তাহলে কি করে দেশের উন্নতি হবে? প্রকৃতির নিয়ম যদি দেখেন তাহলে দেখতে পারেন যে, বৃষ্টির জল নেমে এসে সমগ্র দেশের মাটিকে যখন ভিজিয়ে দেয় তখন তার উপর ফসল ফলে উঠে, সেই জলের প্রতিটি ফোঁটা সেখান থেকে বাষ্প হয়ে উঠে যায় আকাশে এবং তারপর সেটা বৃষ্টির জল হয়ে অমৃত হয়ে নেমে আসে [কমিউনিস্ট বেঞ্চ হইতে তুমুল হট্টগোল।]

Mr. Speaker: I would request honourable members to my left not to interrupt.

Sj. Khagendra Kumar Roy Choudhury:

স্যার, উনি আমাকে গঙ্গাধর নস্কর বানিয়ে ছেড়েছেন।

Mr. Speaker: I think he ought to correct himself if he has made the mistake.

The Hon'ble Tarun Kanti Ghosh:

আমরা এখানে নতুন এসেছি তাই নামটা ভুল হয়ে গেছে। আমি এখানে আমার এক বন্ধুকে জিজ্ঞাসা করেছিলাম, তিনি বল্লেন আপনার নাম নস্কর। যা'হোক ক্ষমা চাচ্ছি, আশা করি দুই-এক মাস পর আর নাম ভুল হবে না। আমি যে কথা বলছিলাম, বৃষ্টির জল আকাশে বাষ্পাকারে উঠে যায় এবং তার প্রতিটি ফোঁটা আবার জল হয়ে নেমে আসে। আজকের দিনে যদি আমাদের উন্নয়নমূলক কার্য করতে হয়, আজকের দিনে আমাদের দেশে বিভিন্ন যেসমস্ত সমস্যা রয়েছে তার যদি সমাধান করতে হয়, মানুষকে যদি শিক্ষিত করে তুলতে হয়, আমাদের দেশকে শিল্পে সমৃদ্ধ করে তুলতে হয়, আজকের দিনে যাতে কৃষকভায়েদের শুধু আকাশের দিকে চেয়ে বসে থাকতে না হয়, তার জন্য সেচের বন্দোবস্ত যদি করতে হয়, তাহলে জনসাধারণের কাছ থেকে টাকা নিয়েই তা করা দরকার। নিশ্চয়ই এটা আমাদের দেখা দরকার যে দরিদ্র জনসাধারণ যে জিনিস দিতে পারে না, সেই জিনিস চাওয়া আমাদের কর্তব্য নয়। সেন্ট্রাল গভর্নমেন্টের যে ট্যাক্সেসন, টি টি কৃষ্ণমাচারী সেটা ঘোষণা করেছিলেন—যার উপর এত বড় একটা বিরাট আন্দোলন, এত বড় একটা হরতাল হয়ে গেল—আমি তার একটা হিসাব করে দেখছিলাম যে ইনডাইরেক্ট ট্যাক্সেসন যেটা হয়েছে, ৫১ কোটি টাকা তা যদি দেশের সমস্ত মানুষের মধ্যে

ভাগ করে দিই, তাহলে মাথাপিছু ১১·৯ নয়া পয়সা তাঁদের মাসে লাগবে। আজকে আমি হিসাব করে দেখছিলাম, সে সমস্ত মানুষ ৪,২০০ টাকা পর্যন্ত রোজগার করেন, তাঁদের যদি দুটি সন্তান থাকে তাহলে তাঁদের মাসে দেড় টাকা করে ট্যাক্স লাগবে। আমাদের দেশে শতকরা একজন মানুষও ট্যাক্স দেয় না। আমাদের দেশের ৩৫ কোটি মানুষের যদি উন্নতি করতে হয়, তাহলে শতকরা একজন লোকের দ্বারা এই ৩৫ কোটি মানুষের উন্নতি করা সম্ভব নয়। বিড়লা, ডালমিয়া, প্রভৃতি আমাদের দেশে যে সমস্ত ধনী আছেন, তাঁদের সমস্ত সম্পত্তিও যদি বাজেয়াপ্ত করা যায় তাহলে তার দ্বারা আমাদের দেশের উন্নতি হওয়া সম্ভব নয়। আমাদের ৩৫ কোটি মানুষের যদি উন্নতি করতে হয় তাহলে ৩৫ কোটি মানুষকেই তার জন্য চেষ্টা করতে হবে। নিশ্চয়ই যাদের পক্ষে বেশী ভার বহন করা সম্ভব তাঁদের কাছ থেকে বেশী আদায় করা হবে—এ সম্বন্ধে ওঁদের সঙ্গে আমি একমত। আজকের দিনে আমাদের দেশের যদি উন্নতি করতে হয় তাহলে প্রত্যককেই তাদের শ্রম দিয়ে হোক, যে দুটো পয়সা দিতে পারে সেই দুটো পয়সা দিয়েই হোক তা করতে হবে--আজকে দেশের সমস্যা সমাধান করবার জন্য প্রত্যেককেই এগিয়ে আসতে হবে।

আর একটা কথা এখানে আমি উল্লেখ করতে চাই যে ৫১ কোটি টাকা সেটা ইনডাইরেক্ট ট্যাক্সেসন—যা ৩৫ কোটি মানুষের কাছ থেকে তুলতে হবে—তার মধ্যে ২৫ কোটি টাকা ধার্য করা হয়েছে ফুড সার্বসিডির জন্য। এই যে মডিফায়েড রেশন করে চাল ২৩ টাকায় কিনে সাড়ে সতের টাকায় বিক্রী করা হচ্ছে, আটা বিক্রী করা হচ্ছে, এই যে সাবসিডি—এই সাবসিডি কোথা থেকে আসছে?

[5-55—6-5 p.m.]

অতএব সাধারণ যে দীনদরিদ্র, সেই দীনদরিদ্রের জন্য ৫১ কোটি টাকা থেকে ২৫ কোটি টাকা আপনাদের জেনে রাখা দরকার, সার্বসিডি ধরা হয়েছে। আমাদের এখানে যে বিভিন্ন বক্তা রয়েছেন তাঁদের বক্তৃতার মধ্যে মোটামুটিভাবে চারটি বিষয়ের উল্লেখ দেখতে পাই। খাদ্যসমস্যা, বেকারসমস্যা, উদ্বাস্তুসমস্যা এবং কর ট্যাক্সেসনএর কথা। উদ্বাস্তুসমস্যা সম্বন্ধে উল্লেখ করতে গিয়ে আমি একথাই বলব যে যদিও আমি এই বিভাগে সবেমাত্র জড়িত হয়েছি তবুও আমি একটি উদ্বাস্তু এলেকা থেকে নির্বাচিত হয়ে এসেছি, যেখানে বাংলাদেশের মধ্যে সবচেয়ে বেশী উদ্বাস্তু অধ্যুষিত অঞ্চল ব'লে আমি দাবী করতে পারি। আজ কয়দিনে আমি এ কথা নিশ্চয়ই ঘোষণা করব উদ্বাস্তুসমস্যা সমাধান হয় নি একথা এঁদের জানাবার দরকার নাই, সে কথা আমরা পুরোপুরিভাবেই উপলব্ধি করি যে উদ্বাস্তুসমস্যার সমাধান হয় নি। উদ্বাস্তু সমস্যার সমাধান হয় নি বলা একটা জিনিস আর উদ্বাস্তুসমস্যার সমাধান হয় নি বলে সরকারকে দাবী করা, কংগ্রেসকে দায়ী করা অন্য কথা। আজকের দিনে যে হিসাব আমরা দেখতে পাই তাতে আমরা জানি যে ৩১ লক্ষ উদ্বাস্তু পশ্চিমবঙ্গে এসে বসবাস করছে। এই ৩১ লক্ষের মধ্যে ১৯ লক্ষ উদ্বাস্তুকে আমরা রিহ্যাবিলি-টেসনএর বেনিফিট দিতে পেরেছি। পার্সিয়াল রিহ্যাবিলিটেসন হয়তো হয়েছে। ৪০ কোটি টাকা খরচ করে ১৯ লক্ষ লোককে পুনর্বাসন দেওয়া সম্ভবপর কিনা সেটা আপনারাই বলুন। একজন মানুষের পিছনে ২১৮ টাকা খরচ তাকে সারা জীবনের জন্য দাঁড় করান সম্ভব কিনা আপনারাই বলুন। আজকের দিনে ভারত সরকার পশ্চিম পাকিস্তান থেকে যে সমস্ত উদ্বাস্তু এসেছেন ৪৭ লক্ষ উদ্বাস্তুর জন্য তাঁরা খরচ করেছেন ৯০ কোটি টাকা, এবং তার সঙ্গে তাঁরা ২৪০ কোটি টাকা ইভাকুই প্রপার্টি পেয়েছেন। আমাদের বাংলাদেশে আমি অত্যন্ত গর্বের সঙ্গে বলব, আনন্দের সঙ্গে বলব, সাম্প্রদায়িক বিষ ছিল না, যার জন্য মুসলমান ভাইদের চলে যেতে হয়েছে—তার জন্য আমরা আনন্দিত। যারা চলে গিয়েছিলেন সেই মুসলমান ভাইদের মধ্যে ৭ লক্ষ ফিরে এসেছেন—তার জন্য আমি আনন্দিত। কিন্তু আজকে এই সমস্যাটা উল্লেখ করছি এইজন্য যেখানে সরকার ৪৭ লক্ষ উদ্বাস্তুর পুনর্বসতির জন্য ৩৪০ কোটি টাকা খরচ করেছেন সেখানে আমাদের এখানে খরচ হয়েছে ৪০ কোটি টাকা ১৯ লক্ষ উদ্বাস্তুর জন্য। এবং আজকে আমাদের যে উদ্বাস্তু সমস্যা এবং পশ্চিমবঙ্গে জমির উপর যে চাপ পশ্চিম পাকিস্তান থেকে যে উদ্বাস্তু এসেছেন তাদের জন্য জমির অসঙ্কুলানের সমস্যায় পড়তে হয় নি, তার কারণ এই

৪৭ লক্ষ উদ্বাস্তুর মধ্যে ২২ লক্ষ সারা ভারতে ছড়িয়ে পড়েছে, কিন্তু আমাদের বাংলাদেশেই, এই সবচেয়ে ঘনবসতিপূর্ণ বাংলাদেশে উদ্বাস্তু [illegible] এসে উপস্থিত হয়েছে। আপনি জানেন, স্যার, আমাদের যেসমস্ত বন্ধুরা—বারবার করে ঘোষণা করেন যে উদ্বাস্তুদের বাংলাদেশেই বসবাসের ব্যবস্থা করতে হবে, তারা কেন বাংলাদেশে থাকবে না, তাঁরা যদি এই ব্যাপারটার দিকে দৃষ্টি দেন তাহলেই বুঝতে পারবেন, এই জিনিস সম্ভব কিনা। বাংলাদেশ যেমন একদিন স্বাধীনতার পূর্ব যুগে সমগ্র ভারতবর্ষকে স্বাধীনতার পথ দেখিয়েছে, যারা [illegible] জন্য সর্বপ্রকার স্বার্থত্যাগ করতে প্রস্তুত ছিল, সেই উদ্বাস্তুদের ও পুনর্বাসতির সমস্যা শুধু পশ্চিমবঙ্গের নয়, এই সমস্যা সমগ্র ভারতবর্ষের। যারা স্বাধীনতা উপভোগ করছে, যারা আজকে গণতান্ত্রিক ভোটাধিকার পেয়েছে, যারা সাধারণ নির্বাচনে নির্বাচিত হয়ে সরকার পরিচালনা করছেন তাদের প্রত্যেকের সম্মুখেই দায়িত্ব হচ্ছে এই উদ্বাস্তু সমস্যা সমাধানের। আমাদের বাংলাদেশে আমরা দেখতে পাচ্ছি ২৮ লক্ষ ৯৬ হাজার কৃষক পরিবারের মধ্যে ৩৪ পারসেন্ট কৃষক পরিবারের দুই একরের কম জমি আছে। ৬ বিঘা জমি না থাকলে ইকনমিক হোল্ডিং ধরা হয় না। ৩৪·৫ পারসেন্টএর বেশী যেখানে আনইকনমিক হোল্ডিং, যেখানে আমরা দেখতে পাই ৬ লক্ষ ৮ হাজার কৃষক পরিবার আছে যারা হয়ত নিজেদের কিছু জমি চাষ করেন, আর বাকি লোকদের বর্গাদারী করতে হয়, যেখানে আমরা দেখতে পাই ৬ লক্ষ ২৪ হাজার ভূমিহীন কৃষক রয়েছে, সেখানে জমি আছে বলে যাঁরা দাবী করেন আমি তাঁদের বলব তাঁরা দশের এবং দেশের এবং বাংলার উপকার চান না। আমাদের দেশে দুই কোটি ৯০ লক্ষ হিন্দু-মুসলমান এবং ৩৯ লক্ষ উদ্বাস্তু ভাইবোনেরা এসে বসবাস করছেন, আগে তাদের সমস্যা আমাদের পুরোপুরি সমাধান করতে হবে ; তারপর আরো উদ্বাস্তু নেওয়া যায় কিনা চিন্তা করতে হবে। বিহার, উড়িষ্যা ও আসামকে তাদের যদি জায়গা দিতে না হয়, তাদের তো কোন ক্ষতি হবে না, সেই সমস্ত প্রদেশের কোন ক্ষতি হবে না। কিন্তু আজকের দিনের এত বড় একটা বিরাট সমস্যাকে যদি শুধু পশ্চিমবাংলার ঘাড়ে এনে ফেলা হয় পশ্চিমবাংলা বাঁচতে পারে না, পশ্চিম-বাংলার জনসাধারণ বাঁচতে পারে না এবং উদ্বাস্তু সমস্যার সমাধান হতে পারে না। তাই আজকে আমি উদ্বাস্তু পুনর্বাসন সম্বন্ধে আগ্রহশীল যাঁরা তাঁদের বলব যদি বাংলাদেশে সত্যিকারের উদ্বাস্তু পুনর্বাসন চান তাহলে আসুন আমরা এমনভাবে চেষ্টা করি যাতে তাদের পুনর্বাসন হতে পারে। তাদের আজকে ১০-১৫ বিঘা করে জমি দেবার ব্যবস্থা করতে হবে, ইন্ডাস্ট্রি তৈরি করতে হবে,—একটা ইন্ডাস্ট্রি করব বললেই হয় না, একটা ইন্ডাস্ট্রি তৈরি করবার জন্য অর্ডার প্লেস করলাম, তিন-চার বছর পরে হয়তো সেই অর্ডারএর ফলে মেসিনারি আসবে, যেখানে মেসিনারী আসবে সেখানে হয়তো ইলেকট্রিসিটি নিয়ে যেতে, রাস্তা তৈরি করতে, এবং সেখানে যে শিল্পপণ্য উৎপন্ন হয় তা যাতে বাজারে বিক্রি হয় তার ব্যবস্থা করতে হবে, তবেই সেই ইন্ডাস্ট্রি চলতে পারে। সুতরাং এক কথায় ইন্ডাস্ট্রি তৈরি কর, আর ইন্ডাস্ট্রি করলেই উদ্বাস্তু সমস্যার সমাধান হবে, এ কথা বলতে এক সেকেন্ড বা দুই সেকেন্ড লাগে, কিন্তু কাজ করতে পাঁচ-ছয় বছর লাগে। তাই আমি আজকে আপনাদের কাছে এই ঘোষণাই করব বাঙ্গালী হিসাবে এই দাবি করব, আপনারা আমাদের সঙ্গে এসে দাঁড়ান। আজকে আমরা ভারত সরকারের কাছে নতুন করে অনুরোধ করেছি এই ১৯ লক্ষ লোক পুনর্বসতি পেয়েছে বলে যে আমরা বলে থাকি, ৫০০ টাকার একটা কুঁড়ে ঘর হয়, কিন্তু তাতে মানুষের বাঁচা সম্ভব নয়, তাই আমরা দাবী করেছি ভারত সরকারের কাছে আর বেশী টাকার জন্য যাতে এই ১৯ লক্ষ লোক মানুষের মত বাঁচতে পারে তার ব্যবস্থা করা যেতে পারে। আপনারাও যদি কৃষ্ণমাচারীর মত বলেন ৪০ কোটি টাকা তোমরা অন্যায় করে নষ্ট করে দিয়েছ তাহলে আপনারা ভারত সরকারকে সমর্থন করতে পারেন বা বিভিন্ন বক্তা যাঁরা এই নিয়ে ক্রিটিসিজম করতে চান তাঁরা কটু কথা বলতে পারেন, কিন্তু তাতে আসল সমস্যার সমাধান হবে না। আজকে আমি একথা বলব আসুন আমরা এক সঙ্গে দাঁড়িয়ে বলি আমাদের যে এই সমস্ত দুর্ভাগা ভাইবোন যারা সর্বস্বহারা হয়ে এখানে এসেছেন তার জন্য তারা দায়ী নন। ভারতের স্বাধীনতার জন্য, ৩৫ কোটি লোক যাতে স্বাধীনভাবে বাস করতে পারে তার জন্য তারা আত্মদান করেছে, অতএব আমাদের পশ্চিমবাংলার মানুষের যেমন তাদের প্রতি দায়িত্ব রয়েছে, তেমনি, সমগ্র ভারতেরও তাদের প্রতি দায়িত্ব এদের পুনর্বাসনের জন্য। যদি আজকে বিহারে, ইউ, পি,তে সি, পি,তে যেখানে জমি পাব, যেখানে তাদের পুনর্বাসন দিতে পারব, যেখানে এরা মানুষের মত বাঁচতে পারবে, খেতে পারবে, যেখানে

তারা সুখেস্বচ্ছন্দে বাস করতে পারবে, সেখানে তাদের পুনর্বাসন করাতে হবে। এবং সেই কাজ যদি আপনারা করতে চান তাহলে আমি বলব সমালোচনা বন্ধ করুন, ট্রানজিট ক্যাম্পে যেসমস্ত উদ্বাস্তু ভাইবোনেরা রয়েছে তাদের নিয়ে রাজনীতি করা বন্ধ করে দিন, আসুন একসঙ্গে চেষ্টা করি নিশ্চয়ই আমরা সমস্যা সমাধান করতে পারব। রিফিউজি ভাইরা কি শুধু আপনারাই ভাই, তারা কি আমারও ভাই নয়? অতএব আমি বলব, শুধু নিজেদের মধ্যে ঝগড়া করে সময় ক্ষেপ করবেন না, তিক্ততা সৃষ্টি করে উদ্বাস্তু সমস্যার সমাধানকে বিলম্বিত করবেন না। বেতিয়ায় যে একটা ঘটনা দুমাস ধরে চলেছে তা আমি এখানে উল্লেখ করতে চাই না, কারণ উল্লেখ করলে নানারকম কথা উঠতে পারে। কিন্তু যেসমস্ত নেতৃবৃন্দ এই অসহায় উদ্বাস্তু ভাইবোনদের দিয়ে ১৪৪ ধারা ভঙ্গ করিয়া হাওড়া ময়দানে আটকে রাখছেন, আমি তাদের কাছে এই অনুরোধ করব তাঁরা একটু চিন্তা করে দেখবেন বেতিয়া ক্যাম্পে তারা যে উন্নতিবিধানের চেষ্টা করছেন তা কি বেতিয়ায় তাদের রেখে হত না? এরজন্য কি এই ১০ হাজার মানুষকে এনে হাওড়া ময়দানে দিনের পর দিন ফেলে রাখার দরকার ছিল? আমি কারুর বিরুদ্ধে অভিযোগ করতে চাই না, আমি শুধু এটা চিন্তা করে দেখবার জন্য অনুরোধ করব।

[6-5—6-15 p.m.]

উদ্বাস্তু সমস্যার ব্যাপারে যে কথা তাঁরা বার বার উল্লেখ করেছেন সেটা বেকার সমস্যা। আমাদের ১৯৫৩ সালের যে স্ট্যাটিসটিক্‌স্‌ রয়েছে তাতে দেখি ১০-১১ লক্ষ বেকার আমাদের দেশে রয়েছে। যেকোন রাষ্ট্রের, যেকোন সরকারের, যেকোন গণতান্ত্রিক দেশের পক্ষে যারা দুহাত নিয়ে দাঁড়িয়ে আছে, কাজের উপযুক্ত অথচ তাদের কাজ দিতে পারছি না—এটা সত্যই লজ্জার কথা। কিন্তু এই যে বেকার সমস্যার সৃষ্টি হয়েছে এই বেকার সমস্যার জন্য যদি আজ দায়ী করেন সরকারকে তাহলে ভুল করবেন, কেননা, আমাদের দেশে যে বেকার সমস্যার সৃষ্টি হয়েছে সেটা জন বৃদ্ধির দ্বারাই প্রধানত হয়েছে। আমরা হিসাব করে দেখেছি বছরে শতকরা দেড় জন হিসাবে জনসংখ্যা বৃদ্ধি হয়, কিন্তু আমাদের দেশে কোন শিশু জন্মগ্রহণ করলে ২০ বছর যখন তার বয়স হবে তখন তার উপযুক্ত কাজ তৈরি হওয়া উচিত। কিন্তু আমাদের দেশে কি হয়েছে? ১৯৪৭ সালের পর আজ পর্যন্ত আমরা দেখতে পাচ্ছি আমাদের দেশে ৩১ লক্ষের বেশী উদ্বাস্তু ভাইবোন এসেছে। আর যেসমস্ত উদ্বাস্তু এসে সরকারী সাহায্য চায় নি তাদের যোগ করলে দেখতে পাব যে ৪০ লক্ষ উদ্বাস্তু ভাইবোন পশ্চিমবঙ্গে উপস্থিত হয়েছে। তার মধ্যে ২০ লক্ষ নারী রয়েছেন; তাদের বাদ দিলে দেখব যে ২০ লক্ষ পুরুষ আছে। তার মধ্যে শিশু ও বৃদ্ধদের বাদ দিলে দেখতে পাব ১৩-১৪ লক্ষ কর্মঠ পুরুষ এই যে এত কর্মঠ পুরুষ হঠাৎ পশ্চিম বাংলায় এসে হাজির হয়েছে, এই হতভাগ্য, ভাইবোনদের যদি আসতে না হত তাহলে পশ্চিম বাংলায় বেকার সমস্যা থাকত না। আজকের দিনে পরিষ্কার কোরে আমাদের একথা মনে রাখতে হবে যে, তিন মাস কি ছয় মাস বিভিন্ন উন্নয়নমূলক পরিকল্পনা গ্রহণ করে আমরা যে কর্মসংস্থানের বন্দোবস্ত করতে পারব, এক সপ্তাহের উদ্বাস্তু আগমনে তার চেয়ে বেশী বেকারী বাড়িয়ে দেবে। এ সঙ্গে একথা ভুললে চলবে না যে, এই বেকার সমস্যা যাতে দূর হয় তার জন্য সরকার আপ্রাণ চেষ্টা করছেন।

Mr. Speaker: I beg of you "Let the Speech go on uninterrupted" Go on Mr. Ghosh:

The Hon'ble Tarun Kanti Ghosh:

সেই বেকার সমস্যা কোন্‌ পথে গেলে দূর হবে সে চিন্তা না কোরে এটাকে [illegible] অস্ত্ররূপে শুধু এই সরকারের উপর ব্যবহার করতে চেষ্টা করছেন। আজকে আমি সকলের সামনে একটা তথ্য তুলে ধরতে চাই—অসাম্প্রদায়িক হিসাবে এবং প্রভিন্সিয়ালিজম-এর কোন প্রশ্ন না তুলে বলতে চাই যে, কলিকাতা এবং তার আশেপাশে যে শিল্প আছে সেই শিল্প থেকে যে বেতন এবং ডিভিডেন্ড হিসাবে বছরে দেওয়া হয় তার পরিমাণ হচ্ছে ১২৪ কোটি টাকা। এই ১২৪ কোটি টাকার মধ্যে আমি হিসাবে দেখতে পাচ্ছি ২৮.৪ কোটি টাকা বাঙ্গালী এবং ৯৫·৬ কোটি টাকা অবাঙ্গালীরা পেয়ে থাকে (শ্রীযুক্ত সুবোধ ব্যানার্জী: এটা কিসের হিসাব দিলেন? মাহিনার?) মাহিনা এবং অন্যান্য যে টাকা পাচ্ছে অর্থাৎ টোটাল যে টাকা পাচ্ছে। এই যে

অবস্থা আজকে হয়েছে এটার ইতিহাস আগেকার দিন থেকে টেনে আনলে দেখতে পাব যে একদিনে এটা হয় নি, দিনের পর দিন চলতে চলতে এইরকম অবস্থার সৃষ্টি হয়েছে। এটা একদিনে দূর করা অসম্ভব। কেননা আমাদের মনে রাখতে হবে এটা একটা গোটা দেশ ভারতবর্ষ। আজ বাইরে থেকে এসে যারা কাজ করছে—যেমন বিহারীরা—তাদের আমরা বলতে পারি না তোমরা তোমাদের দেশে ফিরে যাও, তেমনি তাদের দেশে যে বাঙ্গালীরা কাজ করছে তারাও তাদের বলতে পারে না যে তোমরা বাংলায় ফিরে যাও। এ জন্য চেষ্টা করতে হবে যাতে এই জিনিসটা বদলাতে পারে। অতএব আমাদের সমবেত প্রচেষ্টা হওয়া উচিত যে কিভাবে আমাদের ভবিষ্যৎ বংশধর আমাদের যুবকসম্প্রদায় যারা রয়েছে, যাদের একদিন অর্গানাইজড দেখেছিলাম স্বাধীনতা সংগ্রামে, যারা একদিন দেখিয়েছিল যে বাঙ্গালী যুবকসম্প্রদায় কারও চেয়ে এই ভারতবর্ষে কম নয়, যারা কারও চেয়ে পিছিয়ে ছিল না, বরং এগিয়ে ছিল, আজ তাদের আবার সেইভাবে উদ্বুদ্ধ করতে হবে। আজ যখন স্বাধীনতা লাভ হয়ে গেছে, তখন এর পরে অর্থনৈতিক স্বাধীনতার দিকে প্রতিযোগিতার মধ্য দিয়ে এগিয়ে যেতে হবে, এবং এই সরকারের যে বিভিন্ন পরিকল্পনা রয়েছে তারও সেই উদ্দেশ্য। আপনারা জানেন দুর্গাপুরে সমস্ত বাঙ্গালী মধ্যবিত্ত সমাজের ছেলেদের নিয়ে কি কোরে ইট তৈয়ার করতে হয়, ইট তৈয়ারির মেশিনারী কি কোরে করতে হয়, টিউবওয়েল কি করে করতে হয়, সেইসব শেখাবার জন্য চেষ্টা করছি এবং তার মধ্য দিয়ে বাঙ্গালী যুবকদের টেনে তোলবার চেষ্টা করছি যাতে তারা বাহিরের অন্যান্য শ্রমিকদের সঙ্গে প্রতিযোগিতায় জয়ী হতে পারে। (জনৈক সদস্যঃ ছাঁটাইটা বন্ধ করেন না কেন?) সে চেষ্টাও হচ্ছে।

এখন আমি মাননীয় স্পীকার মহাশয়ের মাধ্যমে বন্ধুদের কাছে একটা কথা বলব। সেটা এই যে আজকে আমাদের দেশে চালের যে দর বৃদ্ধি হয়েছে, আজকে বাঙ্গালী যে দুঃখ কষ্ট পাচ্ছে তাতে সন্দেহ নেই, সেই দুঃখ কষ্ট দূর করবার জন্য সরকার যে আপ্রাণ চেষ্টা করছেন তাতেও সন্দেহ নেই। আমি এ কথা আরও বলব যে, বার বার এদেশে দুর্ভিক্ষ দেখা দিয়েছে, কিন্তু আজ এই অন্নকষ্টের দিনে আমরা পরিপূর্ণভাবে একেবারে প্রাচুর্যের মধ্যে তাদের স্থাপিত করতে পারি নি, কিন্তু কংগ্রেস সরকার অন্ততঃ এক মুঠো চালও লোকের কাছে পৌঁছে দিয়েছেন, তাঁরা একটা মানুষকেও অন্নাভাবে মরতে দেন নি এই দশ বৎসরের মধ্যে। পৃথিবীর ইতিহাস খুলে দেখলে দেখবেন স্বাধীনতা হওয়ার পর ১০ বৎসরের মধ্যে ভারতবর্ষ তার খাদ্য-সমস্যার সমাধান অনেক পরিমাণে করতে পেরেছে, এবং অন্য যে কাজ করেছে তাও সামান্য নয়। আমি বলব অন্য কোন রাষ্ট্র এতরকম জিনিস এত অল্প সময়ে করতে পারে নি। এ কথা অবশ্য যখন বলি তখন তার মানে এমন নয় যে আমাদের করবার আর নেই, বরং আমরা যা করেছি তার ১০ গুণ আমাদের করতে হবে। আমি বাঙ্গালী হিসাবে এবং ভারতবাসী হিসাবে বলব যে এত অল্প সময়ে এত উন্নতি করতে পেরেছি, এ কথা আত্মতৃপ্তির জন্য বলব না। আমরা যা করতে পেরেছি তা ভবিষ্যতে এগিয়ে যাবার পথে একটা ইনসপিরেসনএর মত হয়ে থাকবে এ কথা দেশের মানুষের কাছে বার বার ঘোষণা করব। আমাদের দেশ যে এগিয়েছে এ কথা কেউ অস্বীকার করতে পারেন না। আজ আমাদের দেশে ২,১১৯,৭১৩ জন বিনা বেতনে শিক্ষা পাচ্ছে ; আমাদের দেশ স্বাধীন হওয়ার সময় যেখানে ১৪ পারসেন্ট জমির সেচের বন্দোবস্ত ছিল, সেখানে ৩১ পারসেন্ট জমিতে সেচের বন্দোবস্ত হয়েছে ; আজ ২১৮টা হেল্থ সেন্টার দেশে হয়েছে ; আগে যেখানে এক হাজার মাইলের বেশী সরকারী রাস্তা ছিল না সেখানে আজ হাজার হাজার মাইল রাস্তা হয়েছে। এ জিনিসগুলো আপনারা কেউ অস্বীকার করতে পারেন না। তা সত্ত্বেও বলব যা করেছি তার দশ গুণ আমাদের করতে হবে। আমাদের কাজ তখনই শেষ হবে যখন প্রত্যেকটি মানুষকে মানুষের মত মর্যাদা দিতে পারব, প্রত্যেকটি মানুষকে মানুষের মত বাঁচবার অধিকার দিতে পারব। তাই আজকের দিনে যে যে কাজ করতে পেরেছি সেইটাই তুলে ধরবার চেষ্টা করেছি, দুঃখ দারিদ্রের মধ্য দিয়ে যেটুকু উন্নতি করতে পেরেছি তাই তুলে ধরতে চেষ্টা করেছি। এতটা যে সম্ভব হয়েছে সে আমাদের মুখ্যমন্ত্রীর এবং প্রধানমন্ত্রী নেহরুজীর বলিষ্ঠ নেতৃত্বে। এজন্য আমরা বাঙ্গালী এবং ভারতবাসী সকলেই আনন্দিত এবং আমরা এজন্য গর্ব বোধ করি। আমি তাই আপনাদের কাছে এই কথা বলব যে আজকের দিনে আপনারা বিভিন্ন বাজেটের সমালোচনা করতে পারেন, দুঃখ দারিদ্রের কথা জানাতে পারেন,

সমস্ত সমস্যার কথা উল্লেখ করতে পারেন, কিন্তু সেটা ক'রে থেমে গেলে চলবে না। আপনারা জনগণের প্রতিনিধি। আমি আশা করব যে সেই সমস্ত প্রশ্ন এবং সমস্যার কথা তোলার সংগে সংগে তার সুষ্ঠু সমাধান কি কোরে হতে পারে সেজন্য দায়িত্ব নিয়ে এবং হৃদয় দিয়ে সাহায্য করবেন। গণতান্ত্রিক নিয়মে প্রতিষ্ঠিত ও পরিচালিত যে সরকার সে কখনও সমালোচনা এবং নিন্দাকে ভয় করে না, কিন্তু সেই সমালোচনা কনসট্রাকটিভ হওয়া দরকার, ডেসট্রাকটিভ সমালোচনা হলে তাতে কাজ হবে না, সরকারের উন্নতি হবে না, জাতিরও উন্নতি হবে না।

আমার বক্তব্য শেষ করবার আগে আমি এখানে বলতে চাই আমাদের শ্রদ্ধেয় ডাঃ ঘোষ, মাননীয় সিদ্ধার্থ রায় কংগ্রেস কেন বেশী ভোট পেয়েছে সেই সম্বন্ধে যা বলেছিলেন তার উল্লেখ করতে গিয়ে হিটলারের সংগে তুলনা করেছেন। তিনি আমার চেয়ে বিদ্যাবুদ্ধির দিক দিয়ে গরীয়ান, তাঁকে আমি উপদেশ দেবার উপযুক্ত নিজেকে মনে করি না। তবে আমি তাঁকে মনে করিয়ে দেব যে হিটলারের সংগে তিনি যে তুলনা দিলেন এটা হিটলারের রাজত্ব হলে তাঁর তুলনা দেবার অধিকার থাকত না। শতকরা ৫১ ভোটের গণতান্ত্রিক রাজত্ব আর শতকরা ৯৮ ভাগ ভোটপ্রাপ্ত হিটলারের রাজত্ব এক নয়। হিটলারের রাজত্বে ওদিককার বেঞ্চে থাকলে তাঁকে জেলে থাকতে হত। কাজেই হিটলারের সংগে তুলনা করা ঠিক হয় নি।

[6-15—6-25 p.m.]

